পুরাণপ্রকাশ।

বিষ্ণুপুরাণ।

শ্রীধরস্বামি-কৃত টীকা ও বিষ্ণুর্থ-বৈদ্যনাথ নামক

বাঙ্গালা অনুবাদ সমেত।

ষষ্ঠ অংশ।

শ্রীবরদাপ্রসাদ বসাক কর্ত্তৃক

প্রকাশিত।

কলিকাতা

মাণিকতলা ষ্ট্রীট্ ৭৯ সংখ্যক ভবনে

পুরাণপ্রকাশ যন্ত্রে

শ্রীগোপালচন্দ্র দে কর্ত্তৃক মুদ্রিত।

সন ১২৮০ সাল।

অবতরণিকা।

চারি সহস্র বৎসর অপেক্ষাও অধিক দিন পূর্ব্বে মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন পুরাণ প্রণয়ন করিয়াছিলেন। পুরাণ চতুর্দ্দশ বিদ্যার অন্তর্গত *। ইহাতে বাহুল্যরূপে প্রাচীন বৃত্তান্ত বর্ণিত থাকাতে ইহা পুরাণ নামে বিখ্যাত হইয়াছে। সর্গ, প্রতিসর্গ ,বংশ, মন্বন্তর, বংশানুচরিত এই পাঁচটী লক্ষণ পুরাণে থাকা নিতান্ত আবশ্যক †। এই পাঁচটী লক্ষণ যেরূপ বিষ্ণু পুরাণে লক্ষিত হয় সেরূপ আর কোন পুরাণেই দেখা যায় না। এই কারণে অনেকে অনুমান করেন যে, বিষ্ণুপুরাণ অতি প্রাচীন ও প্রকৃত। অন্যান্য পুরাণ যদিও প্রাচীন হয়, তথাপি কাল সহকারে

---

* অঙ্গানি বেদাশ্চত্বারো মীমাংসা ন্যায়বিস্তরঃ।
ধর্ম্মশাস্ত্রং পুরাণঞ্চ বিদ্যা হ্যেতাশ্চতুর্দ্দশ ॥
শিক্ষাকল্পৌ ব্যাকরণং নিরুক্তং জ্যোতিষাং গণঃ।
ছন্দসাং বিচিতিশ্চেতি ষড়ঙ্গো বেদ উচ্যতে ॥
সর্গশ্চ প্রতিসর্গশ্চ বংশো মন্বন্তরাণি চ।
বংশানুচরিতঞ্চৈব পুরাণং পঞ্চলক্ষণম্ ॥

† সর্গ, প্রতিসর্গ, বংশ, মন্বন্তর, বংশানুচরিত, এই পঞ্চ লক্ষণ যে রূপ বেদব্যাস প্রণীত পুরাণ সংহিতায় ছিল, সেই রূপ অষ্টাদশ পুরাণেও প্রায় আছে। সর্গ অর্থাৎ সৃষ্টি। প্রতিসর্গ অর্থাৎ প্রলয়। বংশ অর্থাৎ সূর্য্যবংশ চন্দ্রবংশ প্রভৃতি। মন্বন্তর অর্থাৎ মনুদিগের অধিকার। বংশানুচরিত অর্থাৎ নানা বংশীয় ব্যক্তিদিগের চরিত বর্ণন।

সে সকলের অনেক অংশ লুপ্ত, রূপান্তরিত বা নূতন যোজিত হইয়াছে, সন্দেহ নাই।

মৎস্যগন্ধার কন্যাবস্থায় মহর্ষি পরাশর হইতে ভগবান্ বেদব্যাসের জন্ম হয়। তাঁহার প্রকৃত নাম কৃষ্ণ। দ্বীপে তাঁহার জন্ম হওয়াতে তিনি দ্বৈপায়ন নামে বিখ্যাত হইয়াছেন। তিনি চতুর্ব্বেদ বিভাগ করিয়া বেদব্যাস ও ব্যাস নাম প্রাপ্ত হন। মহাভারতে বর্ণিত আছে যে, ভগবান্ বেদব্যাস জন্ম পরিগ্রহ করিয়াই। মাতার নিকট বিদায় লইয়া তপস্যার্থ তপোবনে গমন করেন।

একদা ভগবান্ বেদব্যাস পর্য্যালোচনা করিয়া দেখিলেন যে, কলির প্রাদুর্ভাবে ব্রাহ্মণগণ অল্পবীর্য্য হইয়া আসিতেছেন। তাঁহাদের ধারণাশক্তি ক্রমশই হীন হইয়া আসিতেছে। পূর্ব্বকার ব্রাহ্মণেরা যেরূপ চতুর্ব্বেদ কণ্ঠস্থ করিয়া রাখিতে সমর্থ হইতেন, এক্ষণে আর সেরূপ পারেন না। পরে তিনি স্থির করিলেন যে, এক এক শিষ্য বেদের এক এক অংশ কণ্ঠস্থ করিয়া রাখিলে সমুদায় বেদ রক্ষা হইতে পারে। অনন্তর তিনি একলক্ষ শ্লোকাত্মক অর্থাৎ যাহাতে ৩২ দ্বাত্রিংশৎ লক্ষ অক্ষর আছে তাদৃশ সম্পূর্ণ বেদ চারি ভাগে বিভক্ত করিলেন। পরে তিনি চারিজন শিষ্য গ্রহণ করিয়া প্রথম শিষ্য পৈলকে ঋক্‌বেদ, বৈশম্পায়নকে যজুর্ব্বেদ, জৈমিনিকে সামবেদ, সুমন্তুকে অথর্ব্ববেদ অধ্যয়ন করাইলেন। ভগবান্ বেদব্যাসের পঞ্চম শিষ্যের নাম লোমহর্ষণ। লোমহর্ষণ সূতজাতীয় ও তাঁহার বুদ্ধি

অতিশয় তীক্ষ্ণ ছিল।* তিনি বেদব্যাসের নিকট ইতিহাস ও পুরাণ অধ্যয়ন করেন।

বেদব্যাসের প্রথম শিষ্য পৈল, বেদরূপ বৃক্ষের ঋক্‌-বেদরূপ শাখা দুই ভাগে বিভক্ত করিয়া ইন্দ্রপ্রমতি ও বাস্কল নামক শিষ্যকে এক এক সংহিতা অধ্যয়ন করাইলেন। বাস্কলও অধীত সংহিতাকে চারি ভাগে বিভক্ত করিয়া বৌধ্য, অগ্নিমাঠর, যাজ্ঞবল্ক্য ও পরাশর নামক শিষ্য চতুষ্টয়কে দিলেন।

পরে তিনি অবলম্বিত ঋক্‌বেদের অংশ হইতে অপর তিন খানি সংহিতা প্রণয়ন করিয়া কালায়নি, গার্গ্য ও কথাজব নামক শিষ্যত্রয়কে অধ্যয়ন করাইলেন।

ইন্দ্রপ্রমতি ঋক্‌বেদের যে অংশ অধ্যয়ন করিয়াছিলেন, তাহা দুই ভাগে বিভক্ত করিয়া শাকপূর্ণি ও স্বীয়পুত্র মাণ্ডুকেয়কে অধ্যয়ন করাইলেন। বেদমিত্র সাকল্প, মাণ্ডুকেয়ের শিষ্য হইলেন। তিনি ঐ সংহিতা পাঁচ ভাগে বিভক্ত করিয়া মুদ্গল, গালব, বাৎস্য, শালীয় ও শিশির নামক পঞ্চ শিষ্যকে অধ্যয়ন করাইলেন।

---

* বায়ু পুরাণে সূত জাতির উৎপত্তি বিবরণ কথিত হইয়াছে। বেণ পুত্র পৃথু রাজার যজ্ঞে ইন্দ্রের আহবনীয় ঘৃতের সহিত বৃহস্পতির ঘৃত মিলিত হইয়া বর্ণসঙ্কর সূত জাতির উৎপত্তি হয়। মহর্ষি যাজ্ঞবল্ক্য বলেন যে, ব্রাহ্মণীর গর্ভে ক্ষত্রিয়ের ঔরসে সূত জাতির উৎপত্তি।

শাকপূর্ণি অধীত ঋক্ বিভাগ করিয়া তিন খানি সংহিতা করেন। ক্রৌঞ্চ, বৈতালিক, এবং বলাক, এই তিন জন মহর্ষি ঐ সংহিতাত্রয় অধ্যয়ন করিয়াছিলেন। অনন্তর শাকপূর্ণি একখানি বেদের নিরুক্ত অর্থাৎ যাহাতে বৈদিক শব্দের অর্থ আছে তাহা প্রণয়ন করিয়া যে শিষ্যকে অধ্যয়ন করাইলেন, তিনি নিরুক্তকৃৎ নামে বিখ্যাত হন। এইরূপে ঋগ্‌বেদের শাখা প্রশাখা প্রভৃতি হইয়াছে।

বৈশম্পায়ন যজুর্বেদ রূপ বৃক্ষকে সপ্তবিংশতি ভাগে বিভক্ত করিয়া এক এক শিষ্যকে এক এক শাখা অধ্যয়ন করাইয়াছিলেন। ব্রহ্মরাততনয় পরমধার্ম্মিক যাজ্ঞবল্ক্য তাঁহার শিষ্য হইয়া সর্ব্বদা শুশ্রূষা করেন।

একদা মহামেরু নামক স্থানে সমুদায় মহর্ষিগণের একটী মহাসভাধিবেশনের আবশ্যক হওয়াতে, সকলেই প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষর করিয়াছিলেন যে, যে ঋষি যথাসময়ে এই সভায় উপস্থিত না হইবেন, সপ্ত রাত্রির মধ্যে তাঁহাকে ব্রহ্মহত্যা পাতক স্পর্শ করিবে। অনন্তর সমুদায় মহর্ষিই সেই মহর্ষি সভায় উপস্থিত হইয়াছিলেন, কেবল একাকী বৈশম্পায়নই উপস্থিত হইতে পারেন নাই। পরে তিনি ঐ শাপ বশত দৈবগত্যা স্বীয় শিশু ভাগিনেয়কে মাড়াইয়া মারেন। পরে তিনি সপ্তবিংশতি শিষ্যকে কহিলেন, তোমরা আমার এই ব্রহ্মহত্যা পাতকের প্রায়শ্চিত্ত কর। এতৎশ্রবণে যাজ্ঞবল্ক্য কহিলেন, এই সকল ব্রাহ্মণ তাদৃশ তেজস্বী নহেন, অতএব ইহাদিগকে

বৃথা ক্লেশ দিবার আবশ্যক নাই, একাকী আমিই এই ব্রতা-নুষ্ঠান করিতেছি।

বৈশম্পায়ন ইহা শুনিবামাত্র ক্রোধাভিভূত হইয়া কহিলেন, রে দুরাচার! ব্রাহ্মণাবমাননাকারিন্, তুই আমার নিকট যাহা অধ্যয়ন করিয়াছিস্, তাহা ফিরাইয়া দে। তোর এতদূর আস্পর্দ্ধা যে, তুই এই সকল ব্রাহ্মণকে নিস্তেজ বলিতেছিস্! যে শিষ্য আমার আজ্ঞা লঙ্ঘন করে, তাদৃশ শিষ্যে আমার আবশ্যক নাই। যাজ্ঞবল্ক্য কহিলেন, আপ-নকার প্রতি ভক্তিবশতই আমি এরূপ কহিয়াছিলাম, কিন্তু ঈদৃশ অবিবেচক গুরুতে আমারও প্রয়োজন নাই। আমি যাহা অধ্যয়ন করিয়াছি, এই লউন।

কথিত আছে, মহর্ষি যাজ্ঞবল্ক্য এই কথা বলিয়াই রুধিরলিপ্ত সাকার যজুর্বেদ উদ্গিরণ করিয়া দিলেন। এই সময় কতকগুলি ব্রাহ্মণ তিত্তিরপক্ষী হইয়া ঐ যজুর্বেদ গ্রহণ করেন। এই জন্য যজুর্বেদের ঐ শাখা তৈত্তিরীয় শাখা নামে বিখ্যাত হইয়াছে। যাঁহারা গুরুর আজ্ঞানু-সারে ব্রহ্মহত্যা পাতকের প্রায়শ্চিত্ত করিয়া ছিলেন, তাঁহাদের পঠিত শাখা চরকাধ্বর্য্যু নামে বিখ্যাত হইল।

অনন্তর যাজ্ঞবল্ক্য সূর্য্যের আরাধনা করিয়া এরূপ প্রার্থনা করিলেন যে, আমার গুরুও যাহা জ্ঞাত নহেন, ও জগতে যাহার প্রচার নাই, তাদৃশ যজুর্বেদ আমাকে দান কর। সূর্য্য যাজ্ঞবল্ক্যকে যে যজুর্বেদ দান করিলেন, তাহার নাম অযাতযাম অর্থাৎ পূর্ব্বে অপ্রচারিত। সূর্য্য বাজিরূপ

ধারণ পূর্ব্বক বেদ দান করিয়া ছিলেন বলিয়া ঐ সংহিতা বাজিসংহিতা নামেও বিখ্যাত। এই বাজি সংহিতায় কাণ্ব প্রভৃতি পঞ্চদশ শাখা আছে।

এ দিকে ব্যাসশিষ্য জৈমিনি, সামবেদ দুই ভাগে বিভক্ত করিয়া স্বীয় পুত্র সুমন্তুকে এবং পৌত্র সুকর্ম্মাকে অধ্যয়ন করাইলেন। সুকর্ম্মা পঠিত সামবেদ দুই ভাগে বিভক্ত করিয়া হিরণ্যনাভ ও পৌষ্পিঞ্জি নামক শিষ্যদ্বয়কে— অধ্যয়ন করান। হিরণ্যনাভের প্রথম পঞ্চদশ শিষ্য ছিল। তিনি পঠিত সামের অর্দ্ধাংশ পঞ্চদশ ভাগে বিভক্ত করিয়া ঐ পঞ্চদশ শিষ্যকে শিক্ষা দেন। ইঁহারা উদীচ্য সামগ নামে বিখ্যাত। তাঁহার পঠিত সামবেদের অপর অর্দ্ধাংশ অপর পঞ্চদশ শিষ্যকে অধ্যয়ন করাইয়াছিলেন। ইহাঁরা প্রাচ্য সামগ নামে বিখ্যাত। পৌষ্পিঞ্জি, পঠিত সংহিতা চারি ভাগে বিভক্ত করিয়া লোকাক্ষি, কুথুমি, কুসীদি ও লাঙ্গলি, এই চারি জন শিষ্যকে দিলেন। ইহাঁদের শিষ্য প্রশিষ্য হইতে বহুসংখ্য শাখা প্রশাখা হইয়াছে। হিরণ্যনাভের কৃতি নামক আর এক শিষ্যও চতুর্বিংশতি সংহিতা করেন। এইরূপে সামবেদের সহস্র শাখা হইয়াছে।

ব্যাসশিষ্য সুমন্তু, কবন্ধ নামক শিষ্যকে অথর্ব্ববেদ অধ্যয়ন করাইয়া ছিলেন। কবন্ধ, অথর্ব্ববেদ দুইভাগ করিয়া দেবদর্শকে একভাগ ও একভাগ পথ্যকে অধ্যয়ন করাইলেন। দেবদর্শ পঠিত অথর্ব্ববেদ চারি ভাগ করিয়া মৌদগ, ব্রহ্মবলি, শৌক্তায়নি এবং পিপ্পলাদ,এই চারি শিষ্যকে দিলেন।

মহর্ষি পথ্য, অবলম্বিত অথর্ব্ব বেদ তিন শাখায় বিভক্ত করিয়া জাজলি, কুমুদাদি ও শৌনককে দিলেন। শৌনকও অধীত শাখা দুই ভাগ করিয়া বভ্রু ও সৈন্ধবায়নকে অধ্যয়ন করাইলেন। বভ্রুর শিষ্য মুঞ্জকেশ ও সৈন্ধবায়নের শিষ্য সৈন্ধব, স্বস্ব অবলম্বিত শাখা দুই দুই অংশে বিভক্ত করেন। এই রূপে অথর্ব্ব বেদও নানা শাখায় বিভক্ত হইয়াছে। অথর্ব্ববেদের মধ্যে নক্ষত্রকল্প, বেদকল্প, সংহিতাকল্প, আঙ্গিরসকল্প ও শান্তিকল্প, এই পাঁচ অংশই শ্রেষ্ঠ।

অনন্তর মহামতি বেদব্যাস, বেদ চারি ভাগ করিয়া মনে মনে বিবেচনা করিলেন যে, কলিযুগের ব্রাহ্মণদিগের যেমন ধারণা শক্তি, সেইরূপ প্রতিভাও ন্যূন হইয়া আসিতেছে। তাহারা বেদরূপ কঠিনশৈল ভেদ করিয়া ধর্ম্ম ও অর্থরূপ মহারত্ন সংগ্রহ করিতে সমর্থ হইবেন না। অতএব সুললিত ভাষায় উপাখ্যানাদির সহিত বেদের অর্থ হৃদয়ঙ্গম করিয়া দেওয়া অতীব কর্ত্তব্য। তিনি এই রূপ সঙ্কল্প করিয়া আখ্যান, উপাখ্যান, গাথা ও কল্পশুদ্ধির* সহিত এক খানি পুরাণ সংহিতা প্রণয়ন করিলেন। সূতজাতীয় লোমহর্ষণ, বেদব্যাসের নিকট পুরাণসংহিতা অধ্যয়ন করেন। লোম-

---

* আখ্যান অর্থাৎ প্রধান বর্ণনীয় রাজাদির বৃত্তান্ত। উপাখ্যান অর্থাৎ প্রসঙ্গ ক্রমে উপস্থিত ব্যক্তিবিশেষের বিবরণ। গাথা অর্থাৎ যমগীতা, পিতৃগীতা, পৃথ্বীগীতা প্রভৃতি। কল্পশুদ্ধি অর্থাৎ বারাহকল্প প্রভৃতি কল্প বিনির্ণয়।

হর্ষণের ছয় জন শিষ্য ছিলেন। তাঁহাদের নাম সুমতি, অগ্নিবর্চ্চা, মিত্রয়ু, শাংশপায়ন, অকৃতব্রণ ও সাবর্ণি। অকৃতব্রণ, সাবর্ণি ও শাংশপায়ন, ইহাঁরা লোমহর্ষণের নিকট প্রাপ্ত মহর্ষি বেদব্যাস-প্রণীত পুরাণসংহিতা অবলম্বন পূর্ব্বক প্রত্যেকে এক এক খানি পুরাণসংহিতা প্রণয়ন করেন। ঐ তিন খানি পুরাণসংহিতার নাম অকৃতব্রণ সংহিতা সাবর্ণি সংহিতা ও শাংশপায়ন সংহিতা। এই চারি খানি মূল পুরাণ সংহিতা এক্ষণে লুপ্ত হইয়াছে। এক্ষণে যে সমুদায় পুরাণ ও উপপুরাণ প্রাপ্ত হওয়া যাইতেছে, তাহা ঐ পুরাণচতুষ্টয়ের সংগ্রহ। বেদব্যাসের শিষ্য প্রশিষ্যগণ সময়ে সময়ে ঐ সংহিতা চতুষ্টয় অবলম্বন করিয়া নানাবিধ পুরাণ প্রণয়ন করিয়াছেন। পরন্তু ঋষিগণের ঈদৃশ গুরুভক্তি যে, তাঁহারা নিজ নাম প্রকাশ না করিয়া আদি গুরু বেদব্যাসের নামেই সমুদায় পুরাণ প্রচার করেন। এক্ষণকার প্রচলিত অষ্টাদশ পুরাণেই বেদব্যাস-প্রণীত মহাপুরাণ সংহিতার পঞ্চ লক্ষণ প্রায় বিদ্যমান আছে।

পরন্তু পুরাণ সমুদায়ের পরস্পর বিশেষ এই যে, কোন পুরাণে কোন উপাখ্যান বিস্তারিত রূপে বর্ণিত হইয়াছে, কোন পুরাণে কোন উপাখ্যান সংক্ষিপ্ত আছে, কোন পুরাণে কোন উপাখ্যান পরিত্যক্ত বা নূতন সন্নিবেশিত হইয়াছে, কোন কোন অংশে সমুদায় পুরাণেই আদি পুরাণ সংহিতার শ্লোক অবিকল আছে। পরন্তু বিষ্ণু পুরাণে যে রূপ পঞ্চ লক্ষণ অব্যাহত রূপে লক্ষিত হয়, অন্য কোন

পুরাণে সে রূপ লক্ষিত হয় না। ইহাতে কেহ কেহ অনুমান করেন, বিষ্ণু পুরাণ ব্যতীত অন্যান্য পুরাণের কোন কোন অংশ কাল সহকারে রূপান্তরিত হইয়াছে।

কোন্ পুরাণ কোন্ সময় সংকলিত হইয়াছে, তাহা যদিও অসন্দিগ্ধ রূপে নিরূপণ করা দুঃসাধ্য তথাপি কোন্ পুরাণের পর কোন্ পুরাণ হইয়াছে, তাহা বলা যাইতে পারে।

প্রথম ব্রহ্ম পুরাণ, দ্বিতীয় পদ্ম পুরাণ, তৃতীয় বিষ্ণু পুরাণ, চতুর্থ শিব পুরাণ, পঞ্চম ভাগবত পুরাণ, ষষ্ঠ নারদীয় পুরাণ, সপ্তম মার্কণ্ডেয় পুরাণ, অষ্টম অগ্নি পুরাণ, নবম ভবিষ্য পুরাণ, দশম ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ, একাদশ লিঙ্গ পুরাণ, দ্বাদশ বরাহ পুরাণ, ত্রয়োদশ স্কন্দ পুরাণ, চতুর্দ্দশ বামন পুরাণ, পঞ্চদশ কূর্ম্ম পুরাণ, ষোড়শ মৎস্য পুরাণ, সপ্তদশ গরুড় পুরাণ, অষ্টাদশ ব্রহ্মাণ্ড পুরাণ।

নারদীয় পুরাণে কথিত আছে, পূর্ব্বকালে শতকোটি শ্লোকাত্মক একমাত্র পুরাণ ছিল। তাহা হইতেই চতুর্ব্বর্গ ফল প্রাপ্ত হওয়া যাইত। পরে এই পুরাণ হইতেই সমুদয় শাস্ত্রের উৎপত্তি হয়। অনন্তর বিষ্ণু যখন দেখিলেন যে, কালানুসারে নানাশাস্ত্রের উৎপত্তি হওয়াতে কেহ আর পুরাণ অধ্যয়ন করেন না, তখন তিনি বেদব্যাস রূপে অবতীর্ণ হইয়া চতুর্লক্ষ শ্লোকে পুরাণসংহিতা প্রণয়ন করিলেন। এই বেদব্যাসপ্রণীত মহাপুরাণসংহিতা অষ্টাদশ অংশে বিভক্ত হইয়া মর্ত্ত্যলোকে প্রতিষ্ঠিত আছে, পরন্তু দেবলোকে

অদ্যাপি শতকোটি-শ্লোকাত্মক মহাপুরাণ পঠিত হইয়া থাকে। ভূলোকে প্রচারিত চতুর্লক্ষ শ্লোকাত্মক পুরাণ, দেব লোকে প্রচারিত মহাপুরাণেরই সারাংশ মাত্র। ভূলোকে প্রচারিত অষ্টাদশ পুরাণের নাম ও শ্লোক সংখ্যা যথা।

সংখ্যা	নাম	শ্লোক সংখ্যা
১	ব্রহ্ম পুরাণ	১০০০০
২	পদ্ম পুরাণ	৫৫০০০
৩	বিষ্ণু পুরাণ	২৩০০০
৪	বায়ু পুরাণ	২৪০০০
৫	ভাগবত পুরাণ	১৮০০০
৬	নারদীয় পুরাণ	২৫০০০
৭	মার্কণ্ডেয় পুরাণ	৯০০০
৮	অগ্নি পুরাণ	১৫০০০
৯	ভবিষ্য পুরাণ	১৪০০০
১০	ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ	১৮০০০
১১	লিঙ্গ পুরাণ	১১০০০
১২	বরাহ পুরাণ	২৪০০০
১৩	স্কন্দ পুরাণ	৮১০০০
১৪	বামন পুরাণ	১০০০০
১৫	কূর্ম্ম পুরাণ	১৭০০০
১৬	মৎস্য পুরাণ	১৪০০০
১৭	গরুড় পুরাণ	১৯০০০
১৮	ব্রহ্মাণ্ডপুরাণ	১২০০০
		৩৯৯০০০
	সমুদায় পুরাণ অতিরিক্ত	১০০০
		৪,০০,০০০

প্রথম ব্রহ্মপুরাণ বিবরণ।

মহর্ষি বেদব্যাস সর্ব্বলোকের হিতসাধনের নিমিত্ত প্রথমত ব্রহ্মপুরাণ কীর্ত্তন করিয়াছিলেন। ইহা সমুদায় পুরাণের মধ্যে শ্রেষ্ঠ এই পুরাণ হইতে ধর্ম্ম অর্থ কাম মোক্ষ এই চতুর্ব্বর্গ প্রাপ্ত হওয়া যায়, ইহাতে দশ সহস্র শ্লোক দ্বারা বিবিধ ইতিহাস ও বিবিধ উপাখ্যান কীর্ত্তিত হইয়াছে।

ব্রহ্মপুরাণ পূর্ব্বভাগ।

ইহার প্রথমত দেবগণ অসুরগণ এবং দক্ষ প্রভৃতি প্রজাপতিগণের উৎপত্তি কীর্ত্তিত হইয়াছে। তৎপরে সর্ব্বলোকের ঈশ্বর সূর্য্যদেবের বংশাবলি বর্ণন আছে। তৎ-পরে মূর্ত্তি চতুষ্টয়ে অবতীর্ণ পরমানন্দস্বরূপ শ্রীরামচন্দ্রের চরিত বর্ণিত হইয়াছে। তৎপরে চন্দ্রবংশ কীর্ত্তন,পাপনাশক জগদীশ্বর শ্রীকৃষ্ণের চরিত, দ্বীপ নদ নদী ও বর্ষ সমুদায়ের বর্ণন, স্বর্গ ও পাতালের বর্ণন, নরক সমুদায়ের বর্ণন এবং সূর্য্যদেবের স্তব আছে। তৎপরে পার্ব্বতীর জন্ম, পার্ব্বতীর বিবাহ ও দক্ষ প্রজাপতির বৃত্তান্ত বর্ণিত হইয়াছে। ইহার সর্ব্বশেষে একাম্র তীর্থের বর্ণনা আছে।

ব্রহ্মপুরাণ উত্তর ভাগ।

ব্রহ্মপুরাণের উত্তর ভাগে প্রথমত তীর্থ যাত্রা বিবরণ-প্রসঙ্গে বিস্তারিত রূপে পুরুষোত্তম বিবরণ আছে। তৎপরে বিস্তারিত রূপে শ্রীকৃষ্ণ চরিতও বর্ণিত হইয়াছে। তৎপরে যমলোক বর্ণন, পিতৃশ্রাদ্ধ বিধি, বর্ণচতুষ্টয়ের ধর্ম্ম, আশ্রম

চতুষ্টয়ের ধর্ম্ম বিস্তারিত রূপে বর্ণিত আছে। অনন্তর বিষ্ণু-ধর্ম্ম, যুগ নিরূপণ, প্রলয় বিবরণ, যোগশাস্ত্র, সাংখ্য দর্শন, ব্রহ্মবাদ, পুরাণের বিবরণ, এতৎসমুদায় ক্রমশ বর্ণিত হইয়াছে। ব্রহ্মপুরাণের ভাগদ্বয়ের বিবরণ এই কথিত হইল। এতৎ শ্রবণে সমুদায় পাপ ধ্বংস হয় ও সর্ব্ববিধ সুখ প্রাপ্ত হইতে পারা যায়।

ব্রহ্মপুরাণের ফলশ্রুতি।

ব্রহ্মপুরাণে সূত ও শৌনকের কথোপকথন শ্রবণ করিলে সুখ সৌভাগ্য ও মুক্তি লাভ হয়। যিনি এই পুস্তক লিখাইবেন [মুদ্রিত করাইবেন অথবা ক্রয় করিবেন] এবং বৈশাখ মাসে বস্ত্র ভোজ্য ও বিভূষণ দ্বারা পৌরাণিক ব্রাহ্মণকে অর্চ্চিত করিয়া পশ্চাৎ সুবর্ণ জল ও ধেনুর সহিত ঐ পুরাণ ভক্তি পূর্ব্বক তাঁহাকে প্রদান করিবেন, তিনি চন্দ্র সূর্য্যের অবস্থিতি সময় পর্য্যন্ত ব্রহ্মলোকে বাস করিতে থাকিবেন। যিনি ব্রহ্মপুরাণের অনুক্রমণিকা পাঠ বা শ্রবণ করিবেন, তিনিও সমুদায় পুরাণ-শ্রোতা ও সমুদায় পুরাণবক্তার লভ্য সমস্ত ফল লাভ করিতে পারিবেন। যিনি হবিষ্যাশী ও জিতেন্দ্রিয় হইয়া নিয়ম পূর্ব্বক সমুদায় ব্রহ্মপুরাণ শ্রবণ করেন, তিনি ব্রহ্মপদ লাভ করিতে পারেন। অধিক কি বলিব, যিনি যে রূপ কামনা করিয়া এই ব্রহ্মপুরাণ শ্রবণ বা কীর্ত্তন করেন, তাঁহার সেই কামনাই পূর্ণ হয়।

দ্বিতীয় পদ্মপুরাণ।

পদ্মপুরাণের বিবরণ বলিতেছি। যিনি ইহা শ্রবণ করেন বা পাঠ করেন, তাঁহার অসীম পুণ্য সঞ্চিত হয়। জীবের যেমন পাঁচটী ইন্দ্রিয় আছে, তাহার ন্যায় এই "পদ্ম-পুরাণেও পাঁচটী খণ্ড কীর্ত্তিত হইয়াছে।"

পদ্মপুরাণ ১ সৃষ্টি খণ্ড।

পদ্মপুরাণের সৃষ্টি খণ্ডে প্রথমত পুলস্ত্য, ভীষ্মের নিকট সৃষ্ট্যাদি ক্রমে নানাবিধ আখ্যান ও বিবিধ ইতিহাসাদির সহিত বিবিধ ধর্ম্ম বিস্তারিত রূপে কীর্ত্তন করিয়াছেন। পরে সবিস্তর পুষ্করমাহাত্ম্য, ব্রহ্মযজ্ঞবিধান, বেদ পাঠাদি-লক্ষণ, নানা চরিত কথন, পার্ব্বতী বিবাহ, তারকাসুরের উপাখ্যান, গবাদির মাহাত্ম্য, কালকেয় প্রভৃতি দৈত্যগণের বধ, গ্রহগণের পূজা, গ্রহোদ্দেশে দান, সৃষ্টি খণ্ডের মাহাত্ম্য, বেদব্যাস এই সমুদায় কীর্ত্তন করিয়াছেন।

দ্বিতীয় ভূমিখণ্ড।

পিতা মাতার পূজ্যতা, শিবশর্ম্মার উপাখ্যান, বৃত্রাসুর বধ, বেণ রাজা ও পৃথু রাজার উপাখ্যান, ধর্ম্মের আখ্যান, পিতৃশুশ্রূষা কথন, নহুষের উপাখ্যান, যযাতি চরিত, গুরু এবং তীর্থ নিরূপণ, রাজার সহিত জৈমিনির সংবাদ, নানা-বিধ আশ্চর্য্য কথা, অশোকসুন্দরীর উপাখ্যান, হুণ্ড নামক দৈত্য বধ, কামোদার আখ্যান, বিহুণ্ড বধ বৃত্তান্ত, চ্যবনের সহিত কুঞ্জলের সংবাদ, সিদ্ধাখ্যান, ভূমিখণ্ড শ্রবণের

ফল কীর্ত্তন, সূতের সহিত শৌনকের কথোপকথন, এই সমুদয় ভূমিখণ্ডে বর্ণিত হইয়াছে।

তৃতীয় স্বর্গ খণ্ড।

মহর্ষিগণের সহিত উগ্রশ্রবার কথোপকথন, ব্রহ্মাণ্ডোৎপত্তি বিবরণ, ভূলোকের সংস্থান, তীর্থ বিবরণ, নর্মদা নদীর উৎপত্তি বিবরণ, নর্মদা তীর্থ সমুদায়ের সবিশেষ বৃত্তান্ত, কুরুক্ষেত্র প্রভৃতি পবিত্র তীর্থ সমুদায়ের বিবরণ, কালিন্দীর পবিত্রতা কীর্ত্তন, কাশীমাহাত্ম্য, গয়ামাহাত্ম্য, প্রয়াগমাহাত্ম্য, বর্ণাশ্রমকীর্ত্তন প্রসঙ্গে কর্ম্মফল নিরূপণ, ব্যাস ও জৈমিনির কথোপকথন, পুণ্যকর্ম্ম বিবরণ, সমুদ্র মন্থনবৃত্তান্ত, ব্রত কীর্ত্তন, উর্জ্জপঞ্চাহ মাহাত্ম্য, (অর্থাৎ কার্ত্তিকমাসীয় বকপঞ্চক মাহাত্ম্য) সর্ব্বদোষ নাশক স্তব, এই সমুদায় বিষয় স্বর্গখণ্ডে বর্ণিত হইয়াছে। এতৎ শ্রবণে সমুদায় পাপ ধ্বংস হয়।

চতুর্থ পাতালখণ্ড।

প্রথমতঃ রামাশ্বমেধের মধ্যে রামের রাজ্যাভিষেক, অগস্ত্য প্রভৃতি ঋষিগণের আগমন, রাবণবৃত্তান্ত কথন, অশ্বমেধ যজ্ঞের উপদেশ, হয়চর্য্যা, বহুবিধ রাজগণের কথা, জগন্নাথ মাহাত্ম্য বর্ণন, সর্ব্বপাপনাশক বৃন্দাবন মাহাত্ম্য, কৃষ্ণের নিত্যলীলা কথন, বৈশাখ স্নান মাহাত্ম্য, স্নান দান ও অর্চ্চনের ফল, পৃথিবী ও বরাহের সংবাদ, যম ও ব্রাহ্মণের কথা, রাজদূতদিগের সংবাদ, শ্রীকৃষ্ণের স্তব, শিবসংবাদ,

দধীচির আখ্যান, ভস্মমাহাত্ম্য, শিবমাহাত্ম্য, দেবরাত তনয়ের উপাখ্যান, পুরাণজ্ঞ ব্যক্তির প্রশংসা, গৌতমের আখ্যান, শিবগীতা, কল্পান্তরীয় রামের বৃত্তান্ত, এই সমুদায় পাতালখণ্ডে বর্ণিত হইয়াছে।" যে সমুদায় জ্ঞানী ব্যক্তি এই পাতালখণ্ড শ্রবণ করেন তাঁহাদের সমুদায় পাপ ধ্বংস হয়, সমুদয় অভীষ্ট সিদ্ধি হইয়া থাকে।

পঞ্চম উত্তর খণ্ড।

শিব কর্ত্তৃক গৌরীর নিকট পর্ব্বতের উপাখ্যান কথন, জালন্ধর বিবরণ, শ্রীশৈল প্রভৃতির বিবরণ, সগর রাজার পবিত্র কথা, গঙ্গা প্রয়াগ কাশী ও গয়ার অধিক পুণ্যজনকতা কথন, আম্রাদি দান মাহাত্ম্য, মহাদ্বাদশীব্রত, চতুর্ব্বিংশতি একাদশীর মাহাত্ম্য, বিষ্ণুধর্ম্ম কথন, বিষ্ণুর সহস্র নাম, কার্ত্তিক ব্রত মাহাত্ম্য, মাঘস্নান ফল, জম্বুদ্বীপস্থ পবিত্র তীর্থ সমুদায়ের মাহাত্ম্য, সাভ্রমতীর মাহাত্ম্য, নৃসিংহোৎপত্তি বর্ণন, দেবশর্ম্ম প্রভৃতির উপাখ্যান, গীতা মাহাত্ম্য, ভক্তির আখ্যান ও মাহাত্ম্য, শ্রীমদ্ভাগবত মাহাত্ম্য, ইন্দ্রপ্রস্থ মাহাত্ম্য, বহুবিধ তীর্থ বিবরণ, মন্ত্ররত্ন কথন, পাদত্রয়ের উৎপত্তি কথন, মৎস্যাদি অবতারের বিবরণ, দিব্য রাম নাম শতক, রামনামশত মাহাত্ম্য, ভৃগু কর্ত্তৃক বিষ্ণু ও বৈভবের পরীক্ষা, এই সমুদায় বিষয় পদ্মপুরাণের উত্তর খণ্ডে বর্ণিত আছে।

ফলশ্রুতি।

যিনি এই পদ্মপুরাণের পঞ্চখণ্ড শ্রবণ করেন, তিনি

ইহলোকে বহুবিধ ঐশ্বর্য্য ভোগ করিয়া পরিশেষে বিষ্ণুলোক লাভ করেন। যিনি পঞ্চপঞ্চাশৎ সহস্র শ্লোকাত্মক এই পদ্মপুরাণ লেখাইয়া জ্যৈষ্ঠমাসে পূর্ণিমাতে পুরাণজ্ঞ ব্রাহ্মণকে স্বুবর্ণ ও ঘৃতের সহিত দান করেন, তিনি দেবকর্ত্তৃক নমস্কৃত হইয়া বিষ্ণুধামে গমন করিয়া থাকেন। যিনি পদ্মপুরাণের অনুক্রমণিকা পাঠ বা শ্রবণ করিবেন, তিনিও সমুদায় পদ্মপুরাণ শ্রবণের ফল লাভ করিতে পারিবেন।

তৃতীয় বিষ্ণুপুরাণ।

এক্ষণে বিষ্ণুপুরাণের সংক্ষিপ্ত বিবরণ কথিত হইতেছে। ইহাতে ত্রয়োবিংশতি সহস্র শ্লোক আছে। ইহা শ্রবণ করিলে সমুদায় পাপ ধ্বংস হয়। ইহার পূর্ব্বভাগে ছয় অংশ। ইহার প্রথমে পরাশর ও মৈত্রেয়ের সংবাদ এবং পুরাণের অবতরণিকা আছে।

প্রথম ভাগ প্রথম অংশ।

প্রথমত আদি স্বষ্টি, দেবাদির উৎপত্তি, সমুদ্রমন্থন, দক্ষাদির উৎপত্তি, ধ্রুব চরিত, পৃথু রাজার চরিত, দশপ্রচেতার উপাখ্যান, প্রহ্লাদ চরিত, পৃথক্ পৃথক্ রাজ্যাধিকার, প্রথমাংশে এই সমুদায় কীর্ত্তিত হইয়াছে।

দ্বিতীয় অংশ।

প্রিয়ব্রতাদির উপাখ্যান, দ্বীপ বর্ণন, বর্ষ নিরূপণ, পাতাল বর্ণন, নরক বর্ণন, সপ্ত স্বর্গ নিরূপণ, সূর্য্যাদির গতি নিরূপণ, মুক্তিপথ প্রদর্শক ভরত চরিত, নিদাঘ ও ঋভুর সংবাদ, দ্বিতীয় অংশে এই সমুদায় বৃত্তান্ত কথিত হইয়াছে।

তৃতীয় অংশ।

প্রথমত মন্বন্তর কথন, বেদব্যাসাবতার কথন, নরকোদ্ধারের উপায় কথন, সগর ও ঔর্ব্ব সংবাদে সর্ব্বধর্ম্ম কথন, শ্রাদ্ধকল্প, বর্ণাশ্রম ও সদাচার কথন, মায়ামোহ বিবরণ, এই সমুদায় তৃতীয় অংশে বর্ণিত হইয়াছে।

চতুর্থ অংশ।

সূর্য্যবংশ বিবরণ, চন্দ্রবংশ বিবরণ, বহুবিধ রাজগণের বিবরণ এই সমুদায় চতুর্থ অংশে কথিত হইয়াছে।

পঞ্চম অংশ।

কৃষ্ণাবতার-বিষয়ক প্রশ্ন, কৃষ্ণের গোকুল-চরিত, শৈশবাবস্থায় পূতনাদি বধ, কৌমারাবস্থায় অঘাসুর বধ, কৈশোর অবস্থায় কংস বধ ও মথুরাচরিত, যৌবন কালে দ্বারকা লীলা, সমুদায় দৈত্য বধ, পৃথক্ পৃথক্ বিবাহ, পঞ্চমাংশে এই সমুদায় বর্ণিত আছে। ইহাতে যোগেশ্বর জগন্নাথ কৃষ্ণ দ্বারকায় থাকিয়া শত্রু বিনাশ দ্বারা ভূমণ্ডলের ভার মোচন করিয়াছিলেন। ইহার শেষে অষ্টাবক্রীয় উপাখ্যান আছে।

ষষ্ঠ অংশ।

প্রথমত কলিচরিত, চতুর্ব্বিধ লয়ের বিবরণ, কেশিধ্বজ-কর্ত্তৃক খাণ্ডিক্যের নিকট ব্রহ্মজ্ঞান কথন, এই সমুদায় ষষ্ঠ অংশে কীর্ত্তিত হইয়াছে।

বিষ্ণুপুরাণ।

দ্বিতীয় ভাগ।

অনন্তর শৌনক প্রভৃতি মহর্ষিগণ জিজ্ঞাসা করাতে উগ্রশ্রবা বিষ্ণুধর্ম্মোত্তর নামে বিষ্ণুপুরাণের উত্তর ভাগ কীর্ত্তন করিয়াছিলেন। ইহার প্রথমে নানাবিধ ধর্ম্ম কথন, পবিত্র ব্রত, যম, নিয়ম, ধর্ম্মশাস্ত্র, অর্থশাস্ত্র, বেদান্ত, জ্যোতিষ, প্রকরণ বশত বংশ কথন, নানা বিদ্যা বিষয়ক কথা, মন্ত্র সমুদায়, স্তোত্র সমুদায়, এই সকল উত্তর খণ্ডে কথিত হইয়াছে। সমুদায় শাস্ত্রের অর্থ সংগ্রহ স্বরূপ এই বিষ্ণুপুরাণ সংক্ষেপে কীর্ত্তিত হইল।

ফল শ্রুতি।

এই বিষ্ণুপুরাণে বারাহ কল্পের বৃত্তান্ত কীর্ত্তিত হইয়াছে। যে ব্যক্তি ভক্তি পূর্ব্বক ইহা পাঠ বা শ্রবণ করেন, তিনি ইহ লোকে বহুবিধ ভোগ্য বস্তু ভোগ করিয়া বিষ্ণুলোকে গমন করেন। যিনি আষাঢ় মাসে ঘৃত ও ধেনুর সহিত এই বিষ্ণুপুরাণ পুরাণজ্ঞ ব্যক্তিকে সম্প্রদান করেন, তিনি সূর্য্যের ন্যায় তেজঃপুঞ্জসম্পন্ন বিমান দ্বারা বিষ্ণুলোকে গমন করিয়া থাকেন। যিনি বিষ্ণুপুরাণের অনুক্রমণিকা পাঠ বা শ্রবণ করেন, তিনি পুরাণ পাঠের ফল লাভ করিয়া থাকেন।

চতুর্থ বায়ুপুরাণ।

এক্ষণে বায়বীয় পুরাণ বিবরণ কথিত হইতেছে। এই পুরাণ শ্রবণ করিলে পরম ধাম রুদ্রলোক প্রাপ্তি হয়। ইহাতে

চতুর্বিংশতিসহস্র শ্লোক আছে। "ভগবান্ বায়ু শ্বেত-কল্প প্রসঙ্গে যে সমুদায় ধর্ম্ম কীর্ত্তন করিয়াছেন, তাহাই বায়বীয়পুরাণ নামে কথিত হইয়া থাকে। বায়বীয় পুরাণ দুই ভাগে বিভক্ত।

বায়ুপুরাণ—পূর্ব্বভাগ।

ইহার প্রথমত সর্গাদি লক্ষণ বিস্তারিত রূপে কথিত হইয়াছে। পরে মন্বন্তর, রাজগণের বংশ, গয়াসুর বধ, দ্বাদশ মাস মাহাত্ম্য, মাঘমাসের ফলাধিক্য, দানধর্ম্ম, সবিস্তার রাজধর্ম্ম, পৃথিবী পাতাল দিক্ ও ব্যোমচারীদিকের নিরূপণ, ব্রতাদি নিরূপণ, এই সমুদায় পূর্ব্বভাগে নির্দ্দিষ্ট হইয়াছে।

বায়ুপুরাণ—উত্তরভাগ।

বায়ুপুরাণে উত্তর ভাগে নর্ম্মদা তীর্থ বর্ণন ও শিব-সংহিতা বিস্তারিতরূপে বর্ণিত হইয়াছে। সনাতন বিষ্ণু সমুদায় দেবগণেরও দুর্জ্জেয়, তিনি সর্ব্বতোভাবে যাহার তীরে বাস করিতেছেন, সেই নর্ম্মদার জল সাক্ষাৎ ব্রহ্মা বিষ্ণু ও হর স্বরূপ।

মহাদেব লোকের হিতসাধনের নিমিত্ত স্বশরীর হইতে শক্তি অবতারিত করাতে রেবা নদীর উৎপত্তি হইয়াছে। যাঁহারা ইহার উত্তর কূলে বাস করেন, তাঁহারা রুদ্রের অনুচর হন। যাঁহারা ইহার দক্ষিণ কূলে বাস করেন, তাঁহারা বিষ্ণুলোকে গমন করেন। ওঁকারেশ্বর হইতে পশ্চিম-

সাগরপর্য্যন্ত পাপনাশক পঞ্চত্রিংশৎ নদীসঙ্গম আছে। ইহার মধ্যে উত্তর তীরে একাদশ, দক্ষিণ তীরে ত্রয়োবিংশতি। রেবাসঙ্গমের সহিত গণনায় পঞ্চত্রিংশৎ হইতেছে। এই রেবার উভয় তীরের সঙ্গমের সহিত চারি শত প্রসিদ্ধ তীর্থ আছে। এতদ্ভিন্ন অন্যও রেবার উভয় তীরে স্থানে স্থানে ষষ্টি কোটি ষষ্টি সহস্র তীর্থ আছে। ইহাতে বায়ু কর্ত্তৃক নর্ম্মদা চরিত এবং মহা পবিত্র শিব সংহিতা কথিত হইয়াছে।

ফল শ্রুতি।

যিনি এই পুরাণ লেখাইয়া (বা মুদ্রিত করিয়া) তিল-ধেনুর সহিত শ্রাবণী পূর্ণিমাতে গৃহী ব্রাহ্মণকে দান করেন, তিনি চতুর্দ্দশ ইন্দ্রের শাসন কাল পর্য্যন্ত রুদ্র লোকে বাস করেন। যিনি নিয়ম পূর্ব্বক হবিষ্যান্ন ভোজন করিয়া এই বায়ুপুরাণ শ্রবণ করান বা শ্রবণ করেন, তিনি সাক্ষাৎ রুদ্র হন। যিনি এই অনুক্রমণিকা শ্রবণ করেন বা শ্রবণ করান, তিনি সমুদায় পুরাণ শ্রবণের ফল লাভ করেন।

পঞ্চম শ্রীমদ্ভাগবত।

শ্রীমদ্ভাগবত নামক পুরাণ বিবরণ কথিত হইতেছে। ইহা অষ্টাদশসহস্র-শ্লোকাত্মক ও দ্বাদশস্কন্ধে বিভক্ত কল্প-বৃক্ষ স্বরূপ, ইহাসাক্ষাৎ বিশ্বরূপী ভগবানের অবয়ব।

শ্রীমদ্ভাগবত—-প্রথম স্কন্ধ।

ইহার প্রথম স্কন্ধে সূতের সহিত শৌনকাদি ঋষির

মিলন, পরে পবিত্র ব্যাসের উপাখ্যান, পাণ্ডবদিগের চরিত, পরীক্ষিতের উপাখ্যান, এই কএকটী বিষয় প্রথম স্কন্ধে কথিত আছে।

দ্বিতীয় স্কন্ধ।

পরীক্ষিৎ ও শুকের সংবাদে যোগস্থিতিদ্বয় নিরূপণ, ব্রহ্মনারদ সংবাদ, অবতার কথা, পুরাণ লক্ষণ, সৃষ্টির কারণ এবং সম্ভব, এই গুলি দ্বিতীয় স্কন্ধে বর্ণিত আছে।

তৃতীয় স্কন্ধ।

প্রথম বিদুরের চরিত, বিদুরের সহিত মৈত্রেয়ের মিলন, পরমাত্মা ব্রহ্মের সৃষ্টি প্রকরণ, কপিলপ্রণীত সাংখ্য যোগ, এই সকল কথা তৃতীয় স্কন্ধে কথিত হইয়াছে।

চতুর্থ স্কন্ধ।

ইহার প্রথমে সতীর উপাখ্যান, ধ্রুবের চরিত, পৃথুর কথা, প্রাচীনবর্হির উপাখ্যান, এই গুলি চতুর্থ স্কন্ধে আছে।

পঞ্চম স্কন্ধ।

ইহার প্রথমে প্রিয়ব্রত চরিত, প্রিয়ব্রতের বংশ কথা, ব্রহ্মাণ্ডান্তর্গত স্থান সকলের কথা, নরক স্থান কথন, পঞ্চম স্কন্ধে এই সমুদায় বর্ণিত হইয়াছে।

ষষ্ঠ স্কন্ধ।

ইহার প্রথমে অজামিলোপাখ্যান দক্ষসৃষ্টি নিরূপণ, বৃত্রাসুরের চরিত, পুণ্যপ্রদ বায়ুগণের জন্ম কথা, এই গুলি ষষ্ঠ স্কন্ধে আছে।

সপ্তম স্কন্ধ।

ইহার প্রথমে প্রহ্লাদের পবিত্র কথা, বর্ণাশ্রম নিরূপণ, সপ্তম স্কন্ধে সকাম কর্ম্মবিষয়ে ইহা কথিত হইয়াছে।

অষ্টম স্কন্ধ।

ইহার প্রথমে গজেন্দ্রমোক্ষণ, মন্বন্তরনিরূপণ, সমুদ্র-মথন, বলি রাজার বৈভব ও বন্ধন, মৎস্যাবতার চরিত, এই সমুদায় অষ্টম স্কন্ধে বর্ণিত হইয়াছে।

নবম স্কন্ধ।

ইহাতে সূর্য্য বংশ পরে চন্দ্র বংশ, এইরূপ বংশ কীর্ত্তন দ্বারা এই নবম স্কন্ধ শেষ হইয়াছে।

দশম স্কন্ধ।

ইহার প্রথমে কৃষ্ণের বালচরিত, কৌমার চরিত, ব্রজ-বিহার। কৈশোর চরিত, মথুরাবাস। যৌবন চরিত, দ্বারকা-বাস। ভূভার হরণ, দশমে নিরোধ বিষয়ে এই সকল কথা আছে।

একাদশ স্কন্ধ।

ইহার প্রথমে নারদের সহিত বসুদেবের সংবাদ, দত্তা-ত্রেয়ের সহিত যদুর কথা, কৃষ্ণের সহিত উদ্ধবের কথন, যাদবদিগের পরস্পর কর্ত্তৃক পরস্পরের নাশ একাদশে মুক্তি বিষয়ে এই সকল বর্ণিত আছে।

দ্বাদশ স্কন্ধ।

ইহার প্রথমে কলির ভবিষ্যদ্ বৃত্তান্ত, রাজা পরীক্ষিতের

মুক্তি, বেদশাখা প্রণয়ন, মার্কণ্ডেয়ের তপস্যা, সূর্য্যের বিভূতি কথন, ভগবানের বিভূতি, পুরাণ সংখ্যা কথন, দ্বাদশ স্কন্ধে আশ্রয় বিষয়ে এই সকল কথা কথিত হইয়াছে।

ফলশ্রুতি।

এই শ্রীমদ্ভাগবত, বক্তা, শ্রোতা, উপদেষ্টা, অনুমোদিতা এবং সাহায্যকর্ত্তার ভোগ ও মোক্ষ প্রদান করেন। যিনি ভগবানে ভক্তি ইচ্ছা করেন, তিনি ভাদ্রী পূর্ণিমাতে বিষ্ণুভক্ত ব্রাহ্মণকে বস্ত্র স্নুবর্ণদ্বারা পূজা করিয়া প্রীতি পূর্ব্বক হেম-সিংহের সহিত এই শ্রীমদ্ভাগবত দান করিবেন। যিনি এই অনুক্রমণিকা শ্রবণ করান বা শ্রবণ করেন, তিনি এই পুরাণ শ্রবণের ফল লাভ করেন।

ষষ্ঠ নারদীয়পুরাণ।

এক্ষণে নারদীয় পুরাণের বৃহদুপাখ্যান কথিত হই-তেছে। ইহাতে পঞ্চবিংশতিসহস্র শ্লোক আছে। ইহার পূর্ব্বভাগে প্রথমপাদে, সূতশৌনক সংবাদ, সংক্ষেপে সৃষ্টি বিবরণ, নানাবিধ পবিত্র ধর্ম্মকথা, সনক কর্ত্তৃক কথিত হইয়াছে।

মোক্ষধর্ম্ম নামক দ্বিতীয়পাদে, মোক্ষোপায় নিরূপণ, বেদানভিজ্ঞের বিবরণ, শুকদেবের উৎপত্তি সনন্দন কর্ত্তৃক নারদের নিকট এই সমুদায় কথিত হইয়াছে।

মহাতন্ত্র নামক তৃতীয়পাদে, পশুপাশবিমোক্ষণ,

মন্ত্রশোধন, দীক্ষা, মন্ত্রোদ্ধার, পূজাপ্রয়োগ, কবচ, গণেশ সূর্য্য বিষ্ণু শিব ও শক্তির সহস্রনাম ও স্তোত্র, এই সমুদায় সনৎকুমার নারদের নিকট কহিয়াছেন। চতুর্থপাদে, পুরাণের লক্ষণ, প্রমাণ ও দান, প্রতিপদাদি তিথিতে ব্রত, এই সমস্ত সনাতন মুনি নারদের নিকট কীর্ত্তন করিয়াছেন।

উত্তর ভাগ।

ইহার উত্তরভাগে একাদশী বিষয়ক প্রশ্ন, বশিষ্ঠের সহিত মান্ধাতার সংবাদ, রুক্মাঙ্গদের উপাখ্যান, মোহিনীর উৎপত্তি, মোহিনীর প্রতি বসুগণের শাপ ও উদ্ধার, গঙ্গার কথা, গয়াযাত্রা কীর্ত্তন, কাশী মাহাত্ম্য' পুরুষোত্তম বর্ণন, বহুবিধ আখ্যানসমেত পুরুষোত্তমযাত্রা বিধান, প্রয়াগ-মাহাত্ম্য, কুরুক্ষেত্র মাহাত্ম্য, হরিদ্বারের উপাখ্যান, কামোদার উপাখ্যান, বদরীতীর্থ মাহাত্ম্য, কামাখ্যা মাহাত্ম্য, প্রভাস মাহাত্ম্য, পুরাণ বিবরণ, গৌতমের উপাখ্যান, বেদপাদ স্তব, গোকর্ণক্ষেত্র মাহাত্ম্য, লক্ষ্মণার আখ্যান, সেতু মাহাত্ম্য, নর্ম্মদাতীর্থ বর্ণন, অবন্তি মাহাত্ম্য, মথুরা মাহাত্ম্য, বৃন্দাবন মাহাত্ম্য, ব্রহ্মার নিকট বসুর গমন, মোহিনী চরিত, নারদ চরিত, উত্তরভাগে এই সমুদায় কথা বর্ণিত আছে।

ফলশ্রুতি।

যিনি ভক্তিপূর্ব্বক সমাহিত হইয়া এই নারদীয় পুরাণ শ্রবণ করিবেন বা করাইবেন, তিনি ব্রহ্মলোকে গমন করিবেন। তাহার আর সন্দেহ নাই। যিনি আশ্বিনমাসের পূর্ণিমা

তিথিতে ব্রাহ্মণকে সপ্তধেনুর সহিত এই নারদীয়পুরাণ পুস্তক প্রদান করিবেন, তিনি মুক্তি প্রাপ্ত হইবেন। যিনি নারদীয়পুরাণের অনুক্রমণিকা পাঠ করেন, কিম্বা শ্রবণ করেন, তিনি স্বর্গলাভ করিতে পারেন।

সপ্তম মার্কণ্ডেয় পুরাণ।

এক্ষণে মার্কণ্ডেয় পুরাণের বিবরণ বলিতেছি, ইহা পাঠ বা শ্রবণ করিলে সুমহৎ পুণ্য সঞ্চয় হয়। ইহাতে পক্ষিশাবকদ্বারা সর্ব্বপ্রকার ধর্ম্ম নিরূপিত হইয়াছে। মহর্ষি মার্কণ্ডেয় প্রথমত ইহা জৈমিনির নিকট কীর্ত্তন করিয়াছিলেন। প্রথমত ধর্ম্মপক্ষিচতুষ্টয়ের জন্ম, তাঁহাদিগের পূর্ব্বজন্মবিবরণ, দেবরাজ হইতে তাঁহাদিগের বিকৃতি, বলদেবের তীর্থযাত্রা, দ্রৌপদীতনয়গণের বিবরণ, হরিশ্চন্দ্রের উপাখ্যান, আড়ীবকের যুদ্ধ, পিতাপুত্রের উপাখ্যান, দত্তাত্রেয়ের কথা, মহদুপাখ্যানযুক্ত হৈহয়চরিত, মদালসার উপাখ্যান, অলর্কচরিত, নবধা সৃষ্টি কীর্ত্তন, প্রলয়কাল নির্দ্দেশ, যক্ষ্মার সৃষ্টি, রুদ্রাদিসৃষ্টি, দ্বীপ ও বর্ষনিরূপণ, মনুগণের বিবরণ, অষ্টমমন্বন্তরে দুর্গার কথা, প্রণবের উৎপত্তি, ত্রয়ীতেজের উৎপত্তি, মার্ত্তণ্ডের জন্ম, মার্ত্তণ্ডের মাহাত্ম্য, বৈবস্বত বংশ, বৎসপ্রীর (বৎসধ্রীর) চরিত, খনিত্র কথা, অবিক্ষিৎ চরিত, কিমিচ্ছব্রত কীর্ত্তন, নরিষ্যন্ত চরিত, ইক্ষ্বাকু চরিত, তুলসী চরিত, রামচন্দ্রের উপাখ্যান, কুশবংশের বিবরণ, চন্দ্রবংশ কীর্ত্তন, পুরূরবার বৃত্তান্ত, নহুষ বৃত্তান্ত, যযাতি চরিত, যদুবংশ কীর্ত্তন, শ্রীকৃষ্ণের বালচরিত, মাথুর

চরিত, দ্বারকা চরিত, সর্ব্ববিধ অবতারের কথা, সাংখ্যশাস্ত্র, জগৎপ্রপঞ্চের অনিত্যতা কথন, মার্কণ্ডেয় চরিত, মার্কণ্ডেয় পুরাণে এই সমস্ত কথা আছে।

ফলশ্রুতি।

যিনি ভক্তিপূর্ব্বক এই মার্কণ্ডেয় পুরাণ শ্রবণ করিবেন, তাঁহার পরমগতি লাভ হইবে। যিনি ইহা ব্যাখ্যা করিবেন, তিনি শৈবপদ লাভ করিতে পারিবেন। যিনি কার্ত্তিকমাসে ব্রাহ্মণকে স্বুবর্ণনির্ম্মিত হস্তীর সহিত এই পুস্তক দান করিবেন, তাঁহার ব্রহ্মপদ লাভ হইবে। যিনি এই মার্কণ্ডেয় পুরাণের অনুক্রমণিকা শ্রবণ করিবেন বা শ্রবণ করাইবেন, তিনি বাঞ্ছিত ফল লাভ করিতে পারিবেন।

অষ্টম অগ্নিপুরাণ।

অতঃপর অগ্নিপুরাণের বিবরণ বলিতেছি। অগ্নি বশিষ্ঠের নিকট যে ঈশানকল্পবৃত্তান্ত বলিয়াছিলেন, তাহাই অগ্নিপুরাণ নামে বিখ্যাত। ইহাতে দশসহস্রশ্লোক আছে। ইহাতে নানাপ্রকার অদ্ভুত চরিত বর্ণিত হইয়াছে। যিনি ইহা পাঠ বা শ্রবণ করেন, তাঁহার সমুদয় পাপ ধ্বংস হয়।

ইঁহার প্রথমে পুরাণশ্রবণবিষয়ক প্রশ্ন আছে। তৎপরে সমুদয় অবতারের কথা, সৃষ্টিপ্রকরণ, বিষ্ণুপূজা, অগ্নিকার্য্য, মন্ত্র ও মুদ্রাদিলক্ষণ, সর্ব্বপ্রকার দীক্ষাবিধান, অভিষেক নিরূপণ, মণ্ডল লক্ষণ, কুশমার্জ্জন, পবিত্রারোপণবিধি, দেবালয়বিধি, শালগ্রামাদি পূজা, পৃথক্ পৃথক্ মূর্ত্তির লক্ষণ, বিনায়ক প্রভৃতির পূজা, নানাপ্রকার দীক্ষা বিধান,

সর্ব্বদেবপ্রতিষ্ঠা, ব্রহ্মাণ্ডনিরূপণ, গঙ্গাপ্রভৃতি তীর্থের বিবরণ, ষট্‌কর্ম্ম, মন্ত্রনিরূপণ, যন্ত্রনিরূপণ, ওষধিনিরূপণ, কুব্জিকাদির পূজা, ষোঢ়ান্যাসবিধি, কোটিহোমবিধান, মন্বন্তর নিরূপণ, ব্রহ্মচর্য্যপ্রভৃতি ধর্ম্ম, শ্রাদ্ধকল্পবিধি, গ্রহযজ্ঞ, বৈদিককর্ম্ম, স্মার্ত্তকর্ম্ম, প্রায়শ্চিত্তকথন, তিথিকৃত্য, ব্রতাদি, বারব্রত কথন, নক্ষত্রব্রত কীর্ত্তন, মাসিক ব্রত নির্দ্দেশ, দীপদানবিধি, নবব্যূহার্চ্চন, নরক সমুদায় নিরূপণ, ব্রত নিরূপণ, দান নিরূপণ, নাড়ীচক্র, সন্ধ্যাবিধি, গায়ত্রীর অর্থ নিরূপণ, লিঙ্গস্তোত্র, রাজ্যাভিষেক মন্ত্র, রাজধর্ম্ম, রাজকৃত্য, স্বপ্নাধ্যায়, শকুনাদি নিরূপণ, মন্ত্রাদিনির্দ্দেশ, রণদীক্ষাবিধি, রামোক্ত নীতি নির্দ্দেশ, রত্ন লক্ষণ, ধনুর্ব্বিদ্যা, ব্যবহারপ্রদর্শন, দেবাসুরযুদ্ধকথন, আয়ুর্ব্বেদ নিরূপণ, হস্তিপ্রভৃতির চিকিৎসা, হস্তিপ্রভৃতির শান্তি, গোপ্রভৃতির চিকিৎসা, নানাপ্রকার পূজা, নানাপ্রকার শান্তি, ছন্দঃশাস্ত্র, সাহিত্য শাস্ত্র, একার্ণাদি বিচার, সিদ্ধশিষ্টানুশাসন, স্বর্গবর্গপ্রভৃতিযুক্ত কোষ, প্রলয় লক্ষণ, শারীরক নিরূপণ, নরকবর্ণন, যোগশাস্ত্র, ব্রহ্মজ্ঞান ও পুরাণ শ্রবণের ফল, কীর্ত্তিত হইয়াছে। এই অগ্নিপুরাণের বিবরণ কথিত হইল।

ফলশ্রুতি।

যিনি এই পুস্তক লিখাইয়া অগ্রহায়ণ মাসে স্বুবর্ণপদ্মের ও তিলধেনুর সহিত পুরাণজ্ঞ ব্রাহ্মণকে যথাবিধানে দান করেন, তিনি স্বর্গলোকে দেবগণের নিকট পূজিত হন।

ইহার অনুক্রমণিকা শ্রবণ বা পাঠ করিলে সুখ সৌভাগ্য লাভ হয়।

নবম ভবিষ্য পুরাণ।

অতঃপর সর্ব্বলোকের অভীষ্টদায়ক সর্ব্বসিদ্ধিপ্রদ ভবিষ্য পুরাণের বিবরণ, কীর্ত্তন করিতেছি। ইহাতে প্রথমতঃ দেবগণের সৃষ্টি কীর্ত্তিত হইয়াছে। অনন্তর স্বায়ম্ভুব মনুর উৎপত্তি আছে। তিনি ব্রহ্মাকে প্রণাম করিয়া জিজ্ঞাসা করেন যে, কি রূপ ধর্ম্মদ্বারা সমুদায় অর্থসিদ্ধি হয়? ব্রহ্মা প্রীত হইয়া তাঁহার নিকট ধর্ম্মসংহিতা কীর্ত্তন করিয়াছিলেন। যখন মহামতি বেদব্যাস সমুদায় পুরাণ বিভাগ করেন, তৎকালে তিনি এই সংহিতা পাঁচ অংশে বিভাগ করিয়াছিলেন। ইহাতে বিবিধ আশ্চর্য্যকথাসমন্বিত অঘোরকল্পবৃত্তান্ত বর্ণিত হইয়াছে। ইহার প্রথমে ব্রাহ্মপর্বে উপক্রমণিকা আছে, পরে সূত শৌনক সংবাদে পুরাণ বিষয়ক প্রশ্ন, বিবিধ উপাখ্যান সমেত আদিত্য চরিত, সৃষ্টি প্রভৃতির লক্ষণ বর্ণিত হইয়াছে। ইহা সমুদায় শাস্ত্রের সারস্বরূপ, ইহাতে পুস্তক লেখকের ও লেখার লক্ষণ, প্রতিপৎপ্রভৃতি তিথির লক্ষণ, সপ্তকল্প, অষ্টমীপ্রভৃতি শেষকল্প, বৈষ্ণবপর্ব, শৈবপর্ব্ব, সৌরপর্ব, নানাউপাখ্যানযুক্ত প্রতিসর্গ, পুরাণের উপসংহার এই সমুদায় পঞ্চপর্বে বর্ণিত হইয়াছে। এই পঞ্চপর্বের মধ্যে প্রথমপর্বে ব্রহ্মার মাহাত্ম্য সমধিকরূপে বর্ণিত আছে। ইহার দ্বিতীয় ও তৃতীয়পর্বে ধর্ম্ম,কাম ও মোক্ষবিষয়ে বিষ্ণু ও

শিবের মহিমাধিক্য বর্ণিত হইয়াছে। ইহার চতুর্থপর্বে সূর্য্যের মহিমা বর্ণিত আছে। ইহাতে নানাবিধ উপাখ্যানযুক্ত প্রতিসর্গ বর্ণন করা হইয়াছে। বেদব্যাসপ্রণীত এই ভবিষ্য পুরাণে চতুর্দ্দশসহস্রশ্লোক আছে। ইহাতে সমুদায় দেবগণের ঐক্য ও গুণত্রয়ের তারতম্যে সকলের সহিত ব্রহ্মের ঐক্য বর্ণিত হইয়াছে।

ফলশ্রুতি।

যিনি পৌষমাসের পূর্ণিমাতে এই ভবিষ্যপুরাণ লেখাইয়া মাৎসর্য্যশূন্যহৃদয়ে গুড়ধেনু, সুবর্ণ, বস্ত্র মাল্য ও বিভূষণের সহিত দান করিবেন, (তিনি সমুদায় ঘোরপাতক হইতে বিনির্মুক্ত হইয়া ব্রহ্মপদ প্রাপ্ত হইবেন।)

যিনি ভবিষ্যপুরাণ পুস্তক এবং ভবিষ্যপুরাণ পাঠককে যথাবিধানে গন্ধাদিদ্বারা ও ভক্ষ্য ভোজ্যাদিদ্বারা পূজা করিয়া *নীরাজনাদি করিবেন, (তাঁহারও ঐরূপ সদ্গতি হইবে), যিনি জিতেন্দ্রিয় ও সমাহিত হইয়া উপবাস পূর্ব্বক অথবা একবারমাত্র হবিষ্য করিয়া এই ভবিষ্যপুরাণ পাঠ বা শ্রবণ করিবেন, তিনি সমুদায় পাতক হইতে বিনির্মুক্ত হইয়া ব্রহ্মপদ প্রাপ্ত হইবেন। যিনি এই ভবিষ্যপুরাণের এই অনুক্রমণিকা পাঠ করিবেন বা শ্রবণ করিবেন, তিনি স্বর্গ ও অপবর্গ লাভ করিতে পারিবেন।

দশম ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ।

এক্ষণে ব্রহ্মবৈবর্ত্ত নামক দশম পুরাণের বিবরণ কীর্ত্তিত হইতেছে। ইহা বেদের অনুযায়ী, ইহাতে ভগবান্

সাবর্ণি মনু দেবর্ষি নারদের নিকট সমুদায় অলৌকিক পুরা-
ণার্থ প্রকাশ করিয়াছেন। ইহাতে ধর্ম্ম অর্থ কাম মোক্ষের
সার আছে। ইহা পাঠ করিলে শিবভক্তি ও বিষ্ণুভক্তি লাভ
করিতে পারাযায়। শিব ও বিষ্ণুর অভেদসিদ্ধির নিমিত্তই
এই ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ প্রচারিত হইয়াছে। ভগবান্ বেদব্যাস
শতকোটিশ্লোকাত্মিক পুরাণ সংহিতাকে সংক্ষেপ করিয়া
এই ব্রহ্মবৈবর্ত্ত পুরাণে অষ্টাদশ সহস্র শ্লোকে রথন্তর কল্পের
বিবরণ কীর্ত্তন করিয়াছেন। ইহার প্রথমে সূত ও ঋষিগণের
সংবাদ দ্বারা পুরাণের আরম্ভ হইয়াছে। পরে প্রথমতঃ সৃষ্টি
প্রকরণ, পরে নারদ ও ব্রহ্মার বিবাদ এবং উভয়েরই
পরাভব, উভয়েরই শিবলোকে গমন, উভয়ের জ্ঞানলাভ,
ত্রৈলোক্যের মধ্যে অদ্ভুত অতীব পবিত্র সিদ্ধসেবননামক
আশ্রমে জ্ঞানলাভের নিমিত্ত সাবর্ণি মনুর গমন, এই
সমুদায় ব্রহ্মখণ্ডে বর্ণিত হইয়াছে। ইহা শ্রবণ করিলে সমু-
দায় পাপ ধ্বংস হয়।

প্রকৃতি খণ্ড।

সাবর্ণি মনু ও নারদের সংবাদ, বহুবিধ উপাখ্যান সমেত
কৃষ্ণমাহাত্ম্য, প্রকৃতির অংশ কলা স্বরূপ জগৎপ্রপঞ্চের
বর্ণন, প্রকৃতির মাহাত্ম্য ও পূজাদি, এই সমুদয় প্রকৃতি খণ্ডে
বর্ণিত হইয়াছে।

গণেশ খণ্ড।

গণেশের জন্মবিষয়ক প্রশ্ন, মহাব্রত বিবরণ, গণেশ
ও কার্ত্তিকের জন্ম, কার্ত্তবীর্য্য ও জামদগ্ন্যের অদ্ভুত

চরিত, গণেশ ও জামদগ্ন্যের বিবাদ, গণেশ খণ্ডে এই সমুদায় বর্ণিত হইয়াছে। ইহা শ্রবণ করিলে সমুদায় বিঘ্ন দূর হয়।

শ্রীকৃষ্ণের জন্ম খণ্ড।

শ্রীকৃষ্ণের জন্মবিষয়ক প্রশ্ন, শ্রীকৃষ্ণের জন্ম কীর্ত্তন, শ্রীকৃষ্ণের গোকুলে গমন, পূতনাপ্রভৃতির বধ, শ্রীকৃষ্ণের বাল্যলীলা, বহুবিধ কৌমার লীলা, গোপীগণের সহিত শরৎকালে রাসলীলা, গোপনে রাধার সহিত বহুবিধ ক্রীড়া, অক্রূরের সহিত মথুরায় গমন, কংস বধ, কৃষ্ণের দ্বিজসংস্কার, কাশ্যসান্দীপনির নিকট বিদ্যাশিক্ষা, কালযবন বধ, দ্বারকায় গমন, নরকাদি বধ, শ্রীকৃষ্ণের জন্ম খণ্ডে এই সমুদায় কীর্ত্তিত হইয়াছে, এই জন্মখণ্ড পাঠ, শ্রবণ, ধ্যান, পূজা বা অভিবাদন করিলে মুক্তি লাভ হয়।

ফল শ্রুতি।

বেদব্যাসকথিত অলৌকিক এই ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ পাঠ বা শ্রবণ করিলে মোক্ষ পদ লাভ হয়। যিনি এই পুরাণ লেখাইয়া ধেনুর সহিত মাঘী পূর্ণিমাতে দান করিবেন, তিনি ব্রহ্মলোকে গমন পূর্ব্বক অজ্ঞানবন্ধন হইতে মুক্ত হইবেন। যিনি এই অনুক্রমণিকা পাঠ বা শ্রবণ করিবেন, তিনিও শ্রীকৃষ্ণপ্রসাদে অভিলষিত ফল লাভ করিতে পারিবেন।

একাদশ লিঙ্গ পুরাণ।

এক্ষণে লিঙ্গপুরাণ বিবরণ কীর্ত্তিত হইতেছে। ইহা পাঠ বা শ্রবণ করিলে স্বর্গধাম ও মোক্ষপদ লাভ হয়। মহেশ্বর অগ্নিশরীরে অধিষ্ঠান পূর্ব্বক ধর্ম্ম অর্থ কাম মোক্ষ সাধনের

নিমিত্ত অগ্নিকল্প-কথা-বিষয়ক এই লিঙ্গপুরাণ কীর্ত্তন করিয়াছিলেন॥ বেদব্যাস এই লিঙ্গপুরাণ দুইভাগে বিভক্ত করিয়া কীর্ত্তন করিয়াছেন। ইহাতে নানাবিধ উপাখ্যান আছে, এই পুরাণ একাদশ সহস্র শ্লোকাত্মক। ইহাতে শঙ্করের মাহাত্ম্য সূচিত হইয়াছে, ত্রিলোকের মধ্যে যে সকল পুরাণ প্রচলিত আছে, ইহা তৎসমুদায়ের সারস্বরূপ। ইহার প্রথমত পুরাণ বিষয়ক প্রশ্ন, তৎপরে সংক্ষেপ সৃষ্টি, যোগাখ্যান, কল্পাখ্যান, লিঙ্গোৎপত্তি, লিঙ্গপূজা, সনৎকুমার ও শৈলগণের সংবাদ, দধীচি চরিত, যুগধর্ম্ম নিরূপণ, ভুবনকোষ, সূর্য্যবংশ, চন্দ্রবংশ, বিস্তৃত সর্গ, ত্রিপুরাখ্যান, লিঙ্গপ্রতিষ্ঠা, পশুপাশ-বিমোক্ষণ, শিবব্রত, সদাচার নিরূপণ, অরিষ্ট নিরূপণ, প্রায়শ্চিত্ত নিরূপণ, কাশী বর্ণন, শ্রীশৈল বর্ণন, অশ্বকের উপাখ্যান, বরাহ চরিত, নৃসিংহ চরিত, জলন্ধর বধ, শিবসহস্রনাম, দক্ষযজ্ঞ ধ্বংস, কন্দর্প দহন, পার্ব্বতীর পাণিগ্রহণ, বিনায়কের উপাখ্যান, এই সমুদায় পূর্ব্বভাগে কীর্ত্তিত হইয়াছে।

লিঙ্গপুরাণ উত্তরভাগ।

বিষ্ণু মাহাত্ম্য কথন, অম্বরীষের উপাখ্যান, সনৎকুমার ও নন্দীশের পুনর্ব্বার সংবাদ, শিবমাহাত্ম্য, স্নান ও যাগাদির বিবরণ, সূর্য্যপূজা বিধি, মুক্তিদায়িনী শিবপূজা, বহুবিধ দানের বিবরণ, শ্রাদ্ধ-প্রকরণ, প্রতিষ্ঠা তন্ত্র, ঘোরাখ্যান, বজ্রেশ্বরী মাহাত্ম্য, অন্ধক মাহাত্ম্য, পুরাণ শ্রবণ মাহাত্ম্য, এই সমুদয় লিঙ্গপুরাণের উত্তর ভাগে বেদব্যাস কীর্ত্তন

করিয়াছেন। ইহাতে বিশেষ রূপে রুদ্রের মাহাত্ম্য সূচিত হইয়াছে।

ফল শ্রুতি।

যিনি এই লিঙ্গ পুরাণ লেখাইয়া (বা মুদ্রিত করিয়া) তিলধেনুর সহিত ফাল্‌গুনী পূর্ণিমাতে ভক্তি পূর্ব্বক ব্রাহ্মণকে দান করিবেন, তিনি শিবসাযুজ্য লাভ করিয়া জরা ও মরণ রহিত হইবেন। যিনি পাপনাশক এই লিঙ্গপুরাণ পাঠ বা শ্রবণ করিবেন, তিনি ইহলোকে সমুদায় ভোগ্য বস্তু ভোগ করিয়া অন্তে শিবলোকে গমন করিবেন। যিনি এই লিঙ্গপুরাণের অনুক্রমণিকা পাঠ বা শ্রবণ করিবেন, সেই শিবভক্ত ব্যক্তি শিবের প্রসাদে ইহলোকে ও দেবলোকে বিবিধ ভোগ্য বস্তু ভোগ করিতে পারিবেন, তাহাতে সন্দেহ নাই।

দ্বাদশ বরাহ পুরাণ।

অতঃপর বরাহ পুরাণের বিবরণ কথিত হইতেছে, এই বরাহ পুরাণে বিষ্ণুর মাহাত্ম্য বর্ণিত হইয়াছে। ইহা দুই ভাগে বিভক্ত। সাক্ষাৎ নারায়ণ বুধশ্রেষ্ঠ বেদব্যাস, চতুর্ব্বিংশতিসহস্রশ্লোকাত্মক এই পুরাণে মানবকল্পের বৃত্তান্ত সংগ্রহ করিয়াছেন। ইহাতে ভূমি ও বরাহের শুভ সংবাদ আছে। পরে আদি বৃত্তান্তে, রভ্য চরিত, দুর্জয় চরিত, শ্রাদ্ধকল্প, মহাতপার আখ্যান, গৌরীর উৎপত্তি, বিনায়কের আখ্যান, নাগগণের আখ্যান, সেনানীর আখ্যান, আদিত্যগণের আখ্যান গণদিগের আখ্যান, দেবীর আখ্যান,

ধনদের আখ্যান, বৃষের আখ্যান, সত্যতপার আখ্যান, ব্রত বিবরণ, অগস্ত্য গীতা, রুদ্র গীতা, মহিষাসুর বধ মাহাত্ম্য, পর্ব্বাধ্যায়, শ্বেতোপাখ্যান, গোপ্রদান এই সমুদায় আদি-বৃত্তান্ত প্রথম উদ্দেশে বর্ণিত হইয়াছে। অনন্তর ভগবদ্ধর্ম্ম প্রসঙ্গে ব্রত বিবরণ ও তীর্থ বিবরণ, দ্বাত্রিংশৎ অপরাধের শারীরিক প্রায়শ্চিত্ত, পৃথক্ পৃথক্ সমুদায় তীর্থের মাহাত্ম্য, বিশেষত মথুরা মাহাত্ম্য, শ্রাদ্ধাদি বিধি, ঋষিপুত্র প্রসঙ্গে যমলোক বর্ণন, কর্ম্ম বিপাক, বিষ্ণুব্রত নিরূপণ, পাপনাশক গোকর্ণমাহাত্ম্য, বরাহপুরাণে পূর্ব্বভাগে এই সকল নিরূপিত হইয়াছে।

বরাহ পুরাণ উত্তর ভাগ।

উত্তর ভাগে পুলস্ত্য ও কুরুরাজের সংবাদে বিস্তাররূপে পৃথক্ পৃথক্ সমুদায় তীর্থ মাহাত্ম্য, বিবিধ ধর্ম্ম কথন, পুস্কর বিবরণ কীর্ত্তন, পুণ্য পর্ব্ব, এই সকল বরাহ পুরাণে উত্তর ভাগে বর্ণিত হইয়াছে।

ফল শ্রুতি।

এই বরাহ পুরাণ পাঠ বা শ্রবণ করিলে সমুদায় পাপ ধ্বংস ও ভগবদ্ভক্তি বৃদ্ধি হয়। যিনি চৈত্রী পূর্ণিমাতে স্বুবর্ণ-ময় গরুড় এবং তিলধেনুর সহিত এই বরাহ পুরাণ ব্রাহ্মণকে সম্প্রদান করেন, তিনি দেবগণ ও ঋষিগণ কর্ত্তৃক পূজিত হইয়া বিষ্ণুলোক প্রাপ্ত হন। যিনি ইহার অনুক্রমণিকা পাঠ বা শ্রবণ করেন, তিনি বিষ্ণুতে ঈদৃশ ভক্তিলাভ করিতে পারেন যে, তদ্দ্বারা সংসার বন্ধন চ্ছেদ হয়।

ত্রয়োদশ স্কন্দ পুরাণ।

কথিত আছে স্কন্দ পুরাণের প্রত্যেক পদে সাক্ষাৎ মহাদেব অবস্থান করিতেছেন। শতকোটি শ্লোকাত্মক মহাপুরাণে যে শিবমহিমা বর্ণিত হইয়াছে, বেদব্যাস তাহার সার উদ্ধার করিয়া এই স্কন্দপুরাণ প্রণয়ন করেন। ইহা সপ্তখণ্ডে বিভক্ত, ইহাতে একাশীতি সহস্র শ্লোক আছে। যিনি ইহা পাঠ বা শ্রবণ করেন, তাঁহার সমুদায় পাপ ধ্বংস হয় ও তিনি সাক্ষাৎ শিবস্বরূপ হন।

প্রথম মাহেশ্বর খণ্ড।

ইহার প্রথমে মাহেশ্বর খণ্ড আছে তাহাতে স্কন্দ-মাহাত্ম্যসূচক পৌরুষকল্পের আখ্যান দ্বাদশ সহস্র শ্লোক দ্বারা নিবদ্ধ হইয়াছে। ইহাতে কেদারমাহাত্ম্য দ্বারা পুরাণের উপক্রম হইয়াছে। তৎপরে দক্ষযজ্ঞ কথা শিবলিঙ্গপূজার ফল, সমুদ্র মথন, দেবরাজচরিত, পার্ব্বতীর উপাখ্যান, পার্ব্বতীর বিবাহ, কুমারের উৎপত্তি, তারকাসুরের যুদ্ধ, পাশুপতাখ্যান, চণ্ডাখ্যান, দ্যূত প্রবর্ত্তনাখ্যান, নারদ ও শিবের সমাগম, কুমারমাহাত্ম্য প্রসঙ্গে পঞ্চ তীর্থের কথা, ধর্ম্মবর্ম্ম নৃপতির আখ্যান, সাগর ও নদীর বিবরণ, ইন্দ্রদ্যুম্ন-কথা, নাড়ীজঙ্ঘ কথা, মহীর প্রাদুর্ভাব, দমনকের কথা, মহী ও সাগরের সংযোগ, কুমার ও শঙ্করের কথা, বিবিধ উপাখ্যানসমেত তারকযুদ্ধ বিবরণ, তারকবধ, পঞ্চলিঙ্গ-নিবেশন, দ্বীপাখ্যান, ঊর্দ্ধলোকের অবস্থান, ব্রহ্মাণ্ডস্থিতি-নিরূপণ, বর্করেশ কথা, মহাকালের উৎপত্তি, মহাকালের

অদ্ভুত কথা, বাসুদেবের মাহাত্ম্য, কোটি তীর্থ বিবরণ, গুপ্ত ক্ষেত্রে নানা তীর্থের উপাখ্যান, পাণ্ডবদিগের পবিত্র কথা, মহাবিদ্যা প্রসাধন, তীর্থযাত্রা সমাপ্তি, স্কন্দমাহাত্ম্য শেষ, অরুণাচলমাহাত্ম্যে সনক ও ব্রহ্মার কথোপকথন, গৌরীর তপস্যা, গৌরীতীর্থ নিরূপণ, মহিষাসুরের আখ্যান, মহিষাসুর বধ, শোণাচলে শিবার অবস্থান, স্কন্দপুরাণে মাহেশ্বর-খণ্ডে এই সমুদায় নিরূপিত হইয়াছে।

দ্বিতীয় বিষ্ণুখণ্ড।

বিষ্ণুখণ্ডের প্রথমে ভূমি ও বরাহের উপাখ্যান, ইহাতে ককুদ্রের মাহাত্ম্য কীর্ত্তিত হইয়াছে। অনন্তর লক্ষ্মীর পবিত্র কথাও নিবাস স্থান, কুলালের আখ্যান, সুবর্ণমুখরীর কথা, নানা উপাখ্যান্ যুক্ত ভারদ্বাজকথা, মতঙ্গাঞ্জনসংবাদ, এই সমুদয় বৈষ্ণবখণ্ডে বর্ণিত আছে।

বিষ্ণুখণ্ডের অন্তর্গত উৎকল খণ্ড।

উৎকলখণ্ডে প্রথমত পুরুষোত্তমমাহাত্ম্য, মার্কণ্ডেয়ের উপাখ্যান, অম্বরীষ ভূপতির উপাখ্যান, ইন্দ্রদ্যুম্নের উপাখ্যান, বিদ্যাপতিকথা, জৈমিনির উপাখ্যান, নারদের উপাখ্যান; নীলকণ্ঠের উপাখ্যান, নরসিংহবর্ণন, অশ্বমেধকথা, ইন্দ্রদ্যুম্নের ব্রহ্মলোকে গমন, রথযাত্রাবিধি, স্নানযাত্রাবিধি, দক্ষিণামূর্ত্তির উপাখ্যান, গুণ্ডিচাকথন, রথরক্ষা বিধান, শয়নোৎসব কীর্ত্তন, শ্বেতরাজার উপাখ্যান, বহ্ন্যুৎসব নিরূপণ, ভগবানের দোলযাত্রোৎসব, সাংবৎসরব্রত, বিষ্ণুর কাম্য পূজা, উদ্দালকনিয়োগ, মোক্ষসাধক নানাযোগ নিরূপণ,

দশাবতারের কথা, স্নানাদি কথন, এই সমুদায় উৎকল খণ্ডে বর্ণিত হইয়াছে।

বিষ্ণুখণ্ডের অন্তর্গত বদরিকাখণ্ড।

ইহার প্রথমে বদরিকামাহাত্ম্য, অগ্ন্যাদি তীর্থমাহাত্ম্য, পরে বৈনতেয় শিলার উৎপত্তি, ভগবানের অধিষ্ঠানের কারণ নিরূপণ, কপালমোচন তীর্থ, পঞ্চনদ তীর্থ, সুমেরুর সংস্থিতি, কার্ত্তিক মাহাত্ম্য প্রসঙ্গে মদালসের মাহাত্ম্য, ধূম্রকেশ বিবরণ, কার্ত্তিক মাসের তিথি কৃত্য, কীর্ত্তি ভোগ ও মোক্ষপ্রদ ভীষ্মপঞ্চক ব্রত কীর্ত্তন, স্নানবিধান, পুণ্ড্রাদিধারণবিধি, মালাধারণমাহাত্ম্য, পঞ্চামৃতস্নানবিধি, ঘণ্টাবাদন ফল, উচ্চাবচপুষ্পদান, তুলসীদলের মাহাত্ম্য, নৈবেদ্য মাহাত্ম্য, হরিবাসর কথন, অখণ্ড একাদশীর পুণ্য কথন, একাদশীর জাগরণফল, মৎস্যোৎসববিধান, নামমাহাত্ম্য কথন, ধান্যাদির ফল, মথুরাতীর্থমাহাত্ম্য, দ্বাদশ বনের মাহাত্ম্য, শ্রীমদ্ভাগবত মাহাত্ম্য, বজ্র- ও শাণ্ডিল্যের গুহ্য লীলাবিষয়ক সংবাদ, মাঘমাহাত্ম্য, নানা আখ্যানের সহিত মাঘ মাসে স্নান দান ও জপের মাহাত্ম্য, কথিত হইয়াছে। অতঃপর বৈশাখ মাহাত্ম্যে শয্যা প্রভৃতির দান, জলদানাদির বিধি, কামনা কথন, শ্রুতদেবের চরিত, ব্যাধোপাখ্যান, অক্ষয় তৃতীয়া প্রভৃতির বিশেষ পবিত্রতা কথন, অযোধ্যামাহাত্ম্যে চক্র ও ব্রহ্ম তীর্থ কথন, ঋণপাপ বিশোধন প্রস্তাবে আধার সহস্র কীর্ত্তন, স্বর্গদ্বার কথন, চন্দ্রহরির উপাখ্যান, ধর্ম্মহরির বর্ণন, স্বর্ণ-

বৃষ্টির কথা, তিলোদা সরযুযুতি সীতাকুণ্ড গুপ্তহরি সরযূ ঘর্ঘরা গোপ্রচার দুগ্ধোদ ও গুরুকুণ্ড প্রভৃতি পঞ্চ তীর্থের মাহাত্ম্য, ঘোষার্ক প্রভৃতি ত্রয়োদশ তীর্থের মাহাত্ম্য, সর্ব্ব-পাপনাশক গয়াকূপের মাহাত্ম্য, মাণ্ডব্যাশ্রম প্রভৃতি তীর্থের মাহাত্ম্য, অজিত মানস প্রভৃতি তীর্থের কথা, এই গুলি দ্বিতীয় বৈষ্ণব খণ্ডে কথিত আছে।

তৃতীয় ব্রহ্ম খণ্ড।

ইহাতে সেতুমাহাত্ম্যে স্নান ও দর্শনের ফল কথিত হইয়াছে, পরে গালবের তপস্যা, রাক্ষসের উপাখ্যান, চক্র তীর্থের মাহাত্ম্য, দেবীপতন কথা, বেতাল তীর্থের মহিমা, পাপ-ধ্বংসের কথা, মঙ্গলাদির মাহাত্ম্য, ব্রহ্মকুণ্ড প্রভৃতির বর্ণন, হনূমৎকুণ্ডের মহিমা, অগস্ত্য তীর্থের ফল, রামতীর্থ প্রভৃ-তির কথা, লক্ষ্মীতীর্থ নিরূপণ, শঙ্খ প্রভৃতি তীর্থের মহিমা, সাধ্যামৃতের ফল, ধনুষ্কোটির মাহাত্ম্য, ক্ষীরকুণ্ডের মহিমা, গায়ত্রী প্রভৃতি তীর্থের মহিমা, রামনাথের মহিমা, যে তত্ত্ব-জ্ঞানের উপদেশ, যাত্রাবিধান কথন, সেতু বন্ধের মুক্তি-দাতৃতা, ধর্ম্মারণ্যের মাহাত্ম্য, ভগবান্ শিব কার্ত্তিককে তত্ত্ব উপদেশ করেন তাহার কথা, কর্ম্মসিদ্ধির কথা, ঋষিবংশ নিরূপণ, অপ্সরা তীর্থের মাহাত্ম্য, ব্রাহ্মণাদি চাতুর্ব্বর্ণ ধর্ম্ম, চতুরাশ্রম ধর্ম্ম, ধর্ম্মতত্ত্ব দেবস্থানের বিভাগ, বকুলার্কের কথা, ইহাতে ছত্রা, নন্দা, শান্তা, শ্রীমাতা, মতঙ্গিনী এই কয় জন পুণ্যদায়িনী দেবীর উপাখ্যান আছে। পরে ইন্দ্রেশ্বর প্রভৃতির মাহাত্ম্য, দ্বারকা প্রভৃতির নিরূপণ, লোহাসুরের কথা, গঙ্গা-

কূপ নিরূপণ, শ্রীরামচরিত, সত্যমন্দিরের বর্ণনা, জীর্ণোদ্ধার কথা, শাসন প্রতিপাদন, জাতিভেদ কথন, স্মৃতিধর্ম্ম নিরূপণ, নানা উপাখ্যান দ্বারা বৈষ্ণব ধর্ম্ম কীর্ত্তন, পবিত্র-চাতুর্ম্মাস্যোপলক্ষে ধর্ম্ম সমুদায় নিরূপণ, দানের প্রশংসা, ব্রতের মহিমা, তপস্যা ও পূজার ছিদ্র কথন, প্রকৃতিদিগের ভেদ কথন, শালগ্রাম লক্ষণ, তারকাসুরের বধের উপায়, শিব পূজার মহিমা, বিষ্ণুর শাপ ও বৃক্ষত্ব প্রাপ্তি, পার্ব্বতীর অনুনয়, মহাদেবের নৃত্য, রাম নাম নিরূপণ, জবনের বাক্যে হরের লিঙ্গপতন, পার্ব্বতীর জন্মবৃত্তান্ত, তারকাসুরের বধ, প্রণবের মাহাত্ম্য, তারকাসুরের চরিত্র, দক্ষ যজ্ঞ সমাপ্তি, দ্বাদশাক্ষর নিরূপণ, জ্ঞানযোগ কীর্ত্তন, দ্বাদশাক্ষরের মহিমা, সুখপ্রদ শ্রবণ প্রভৃতির ফল কথন, এই সকল কথা পূর্ব্বভাগে কথিত হইয়াছে।

ব্রহ্মখণ্ড উত্তর ভাগ।

ব্রহ্মোত্তর নামক ইহার উত্তর ভাগে শিবের অদ্ভুত মহিমা কীর্ত্তিত হইয়াছে। অতঃপর পঞ্চাক্ষরের মহিমা, গোকর্ণের মহিমা, শিবরাত্রির মাহাত্ম্য, প্রদোষব্রত কথন, সোমবার ব্রত, সীমন্তিনীর কথা, ভদ্রায়ুর উৎপত্তি কথন, সদাচার নিরূপণ; শিববর্ম্মের সমুদ্দেশে ভদ্রায়ুর বিবাহ বর্ণন, ভদ্রায়ুর মহিমা, ভস্মমাহাত্ম্য কথন, শবরের কথা, উমামাহেশ্বর ব্রত, রুদ্রাক্ষের মাহাত্ম্য, রুদ্রাধ্যায়ের ফল, এই সমুদায় কথা ব্রহ্মখণ্ডের উত্তরভাগে কথিত হইয়াছে।

চতুর্থ কাশী খণ্ড।

ইহার পর অতি উৎকৃষ্ট কাশীখণ্ড। ইহার প্রথমে বিন্ধ্যগিরি ও নারদের সংবাদ আছে। পরে সত্য লোকের প্রভাব, অগস্ত্যের নিবাসে দেবতাদিগের আগমন, পতিব্রতার চরিত, তীর্থভ্রমণের প্রশংসা, সপ্তপুরী আখ্যান, সংযমিনীর নিরূপণ, শিবশর্ম্মার সূর্য্য, ইন্দ্র এবং অগ্নি প্রভৃতির লোক প্রাপ্তি, অগ্নি লোকের উৎপত্তি, ক্রব্যাদ এবং বরুণ লোকের জন্ম, গন্ধবতী, অলকা, ঈশ্বরী প্রভৃতি পুরীর সৃষ্টি, চন্দ্র লোক, নক্ষত্র লোক, বুধ লোক, মঙ্গল লোক, বৃহস্পতি লোক, সূর্য্য লোক প্রভৃতির সৃষ্টি, সপ্তর্ষি লোক, ধ্রুবলোক ও তপোলোকের বর্ণন, ধ্রুবলোকের পুণ্যকথা, সত্যলোক দর্শন, স্কন্দ এবং অগস্ত্যের আলাপ, মণিকর্ণিকার উৎপত্তি, গঙ্গার প্রভাব, গঙ্গার সহস্র নাম, কাশীর প্রশংসা, ভৈরবের আবির্ভাব, দণ্ডপাণি এবং জ্ঞানবাপীর উৎপত্তি, কলাবতীর কথা, সদাচার নির্ণয়, ব্রহ্মচারিলক্ষণ, স্ত্রীলক্ষণ, কর্ত্তব্যাকর্ত্তব্য নির্ণয়, অবিমুক্তেশ্বর বর্ণনা, গৃহীর ও যোগীর ধর্ম্ম কথন, কালনির্ণয়, দিবোদাসের পবিত্র কথা, কাশী বর্ণনা, যোগিদিগের চর্চ্চা, লোলার্কের কথা, শাম্ব ও সূর্য্যের সংবাদ, দ্রুপদার্কের কথা, তার্ক্ষ্যের উপাখ্যান, অরুণার্কের জন্ম, দশাশ্বমেধ তীর্থের কথা, মন্দর হইতে শিবগণের আগমন, পিশাচমোচনের উপাখ্যান, গণেশকে কাশীতে প্রেরণ, মায়াগণপতির প্রাদুর্ভাব, বিষ্ণুমায়া প্রপঞ্চ, দিবোদাসের বিমুক্তি, পঞ্চনদের উৎপত্তি, বিন্দুমাধবের স্থাপন, বৈষ্ণব

তীর্থ কথন, শিবের কাশীতে আগমন, জৈগীষব্যের সহিত সংবাদ, জ্যেষ্ঠেশ কথা, শিবক্ষেত্র কথন, কন্দুকেশ্বর এবং ব্যাঘ্রেশ্বরের উৎপত্তি, শৈলেশ্বর রত্নেশ্বর এবং কৃত্তিবাসের উৎপত্তি, দেবতাদিগের অধিষ্ঠান, দুর্গাসুরের পরাক্রম, দুর্গার জয়, ওঙ্কারেশ্বর বর্ণন, ওঙ্কারেশ্বর মাহাত্ম্য, ত্রিলোচনের উৎপত্তি, কেদার কথা, ধর্ম্মেশ কথা, বিশ্বভুজের উৎপত্তি, বীরেশ্বরের উপাখ্যান, গঙ্গামাহাত্ম্য কথন, বিশ্বকর্ম্মেশ্বরের মহিমা, দক্ষযজ্ঞের উৎপত্তি, সতীশ ও অমৃতেশ প্রভৃতির কথা, ব্যাসের ভুজস্তম্ভ, ক্ষেত্রস্থ তীর্থ সমূহের কথা, মুক্তিমণ্ডপ কথন, বিশ্বেশ্বরের বিভব, কাশীযাত্রা ও পরিক্রমের কথা এই সমুদায় কথা কাশীখণ্ডে কথিত হইয়াছে।

পঞ্চম অবন্তী খণ্ড।

ইহার পর অবন্তীখণ্ডের বৃত্তান্ত কথিত হইতেছে। ইহার প্রথমে মহাকাল বনের উপাখ্যান, পরে ব্রহ্মার শিরশ্ছেদ, প্রায়শ্চিত্ত বিধান, অগ্নির উৎপত্তি, দেবতাদিগের আগমন, দেবদীক্ষা, নানা পাপনাশক শিবের স্তব, কপালমোচনেশ্বরের কথা, মহাকাল বনের সংস্থান, সর্ব্বপাপনাশক কলকলেশ তীর্থ, অপ্সরসংজ্ঞক তীর্থের কথা, সৃষ্টিবিষয়ে রুদ্রের পবিত্র উপাখ্যান, কুটুম্বেশ তীর্থ, বিদ্যাধর তীর্থ, মর্কটেশ্বর তীর্থ, স্বর্গদ্বার বৃত্তান্ত, চতুঃসিন্ধু তীর্থ, শঙ্করবাপিকা, পাপনাশক সকরার্ক তীর্থ এবং গন্ধবতী তীর্থ, দশাশ্বমেধ তীর্থ, একানংশা তীর্থ, হরিসিদ্ধিদ তীর্থ, পিশাচক প্রভৃতি যাত্রা, হনূমত্তীর্থ, যমেশ্বর তীর্থ, মহাকালেশ

যাত্রা, বাল্মীকেশ্বর তীর্থ, শুক্রেশ্বর তীর্থ, নক্ষত্রেশ্বরের উপাখ্যান, কুশস্থলী প্রদক্ষিণ, অক্রূর মন্দাকিনী অঙ্কপাদ চন্দ্রার্ক ইহাদিগের বৈভব, করভেশ কুক্কুটেশ, লড্ডুকেশ প্রভৃতি তীর্থ, মার্কণ্ডেশ্বর কথা, যজ্ঞবাপী কথা, সোমেশ্বর, নরকান্তক, কেদারেশ্বর, রামেশ্বর সৌভাগ্যেশ্বর, নরার্কক, কেশার্ক, শক্তিভেদ, স্বর্ণক্ষর প্রভৃতির কথা, ওঙ্কারেশ্বর প্রভৃতি তীর্থ, অন্ধক কর্তৃক স্তব, কালারণ্যের লিঙ্গগণনা, স্বর্ণশৃঙ্গ সংজ্ঞা নিরূপণ, কুশস্থলী অবন্তী উজ্জয়নী ইহাদের নাম কথন, পদ্মাবতী কুমুদ্বতী অমরাবতীদিগের সংজ্ঞা কথন, বিশালার প্রতিকল্পীয় নাম কথনে জ্বরশান্তি কথন, শিপ্রাস্নানাদির ফল, নাগোদ্মীতা, শিবস্তব, হিরণ্যাক্ষবধ কীর্ত্তন, সুন্দর কুণ্ড তীর্থ, নীলগঙ্গা তীর্থ, পুষ্কর তীর্থ, বিন্ধ্য-বাসন তীর্থ, পুরুষোত্তমে অধিমাসীয় কর্ত্তব্যতা, পাপনাশক পুরুষোত্তম তীর্থের কথা, গোমতী কুণ্ড, বামন কুণ্ড, বিষ্ণুর সহস্র নাম, বীরেশ্বর সরোবর, কালভৈরব তীর্থ, নাগপঞ্চমীর মহিমা, নৃসিংহদেবের জয়ন্তিকা কথন, কুঠুরেশ্বর যাত্রা কীর্ত্তন, দেবসাধন কীর্ত্তন, কর্করাজ নামক তীর্থ কথন, বিঘ্নেশ প্রভৃতি কথন, রুদ্রকুণ্ড প্রভৃতিতে বহু তীর্থ নিরূপণ, পবিত্র অষ্ট তীর্থ যাত্রা, রেবা মাহাত্ম্য, ধর্ম্মপুত্রের বৈরাগ্য ও মার্কণ্ডেয়ের সহিত সমাগম, পূর্ব্ব প্রলয়ের অবস্থা কথন অমৃতা বিবরণ, প্রতিকল্পে নর্ম্মদার পৃথক্২ নাম, ঋষিগণকৃত নর্মদার স্তব, কালরাত্রি কথা, নানাকল্পে মহাদেবের স্তব, বিশল্যাখ্যান, জালেশ্বর কথা, গৌরীব্রত কথন, ত্রিপুরদাহ;

দেহপাত বিধান, কাবেরী সঙ্গম, ব্রাহ্মণশূন্য দারুতীর্থ কথন, দারুতীর্থেশ্বর কথা, অগ্নিতীর্থ, রবিতীর্থ, মেঘনাদ তীর্থ, দ্বিদারুক তীর্থ, দেবতীর্থ, নর্মদেশ বিবরণ, কপিলাখ্যান, করঞ্জক বিবরণ, কুণ্ডলেশ বিবরণ, পিপ্পলাদ বিবরণ, বিমলেশ বিবরণ, শূলভেদ বিবরণ, শচীহরণ, অন্ধকবধ, শূলভেদের ফল, বিবিধ দানধর্ম্ম, দীর্ঘতপার আখ্যান, ঋষ্যশৃঙ্গের কথা, চিত্রসেন কথা, কাশীরাজের মুক্তি, দেবশিলা কথন, শবরী চরিত, ব্যাধের পবিত্র কথা, পুষ্করিণী তীর্থ, অর্ক তীর্থ, আপিত্যেশ্বর তীর্থ. শক্র তীর্থ, করোটিক তীর্থ, কুমারেশ্বর কথা, অগস্ত্যেশ কথন, চ্যবনেশ কীর্ত্তন, মাতৃতীর্থ কথন, লোকেশ্বর কথা, ধনদেশ্বর কীর্ত্তন, মঙ্গলেশ্বর কথন, কামজ তীর্থ, নাগেশ তীর্থ, গোপার তীর্থ, গোতম তীর্থ, শঙ্খচূড় তীর্থ, নারদেশ্বব তীর্থ, নন্দিকেশ্বর তীর্থ, বরুণেশ্বর তীর্থ. দধিস্কন্দ প্রভৃতি তীর্থ, হনূমন্তেশ্বর তীর্থ, রামেশ্বর প্রভৃতি তীর্থ, সোমেশ্বর তীর্থ, পিঙ্গলেশ্বর তীর্থ, ঋণমোক্ষণ তীর্থ, কপিলেশ্বর, পূতিকেশ্বর ও জলেশয় কথা, চণ্ডার্ক তীর্থ, যমতীর্থ, কহ্লোড়ীশ তীর্থ, নান্দিক তীর্থ নারায়ণ তীর্থ, কোটীশ্বর তীর্থ, ব্যাসতীর্থ, প্রভাস কথন, নাগেশ্বর তীর্থ, সঙ্কর্ষণ তীর্থ, মন্মথেশ্বর তীর্থ, পবিত্র এরণ্ডী সঙ্গম, সুবর্ণাশিল তীর্থ, কামঘ্ন করঞ্জতীর্থ, ভাণ্ডীর তীর্থ, রোহিণীতীর্থ, চক্রতীর্থ, পাপক্ষালন স্কান্দতীর্থ, আঙ্গিরস তীর্থ, অযোনিসংজ্ঞক কোটি তীর্থ, অঙ্গারনামক ত্রিলোচনের কথা, ইন্দ্রেশ্বর কথন, কম্বুকেশ্বর কীর্ত্তন, সোমেশ্বর কথন,

কোহনেশ্বর বৃত্তান্ত, নর্ম্মদা তীর্থ, অর্কতীর্থ, অগ্নিতীর্থ, ভার্গবেশ্বর তীর্থ, ব্রাহ্মতীর্থ, দৈবতীর্থ, আদিবারাহণ তীর্থ, রামেশ্বর তীর্থ, সিদ্ধেশ্বর তীর্থ, আহল্যতীর্থ, কঙ্কটেশ্বরতীর্থ, শক্রতীর্থ, সোমতীর্থ নন্দেশ্বর তীর্থ, তাপেশ্বর তীর্থ, রুক্মিণী-তীর্থ, যোজনেশ্বর তীর্থ, বরাহেশ্বর তীর্থ, দ্বাদশী তীর্থ, শিব তীর্থ, সিদ্ধিপ্রদ মঙ্গলেশ্বর তীর্থ, লিঙ্গবরাহ তীর্থ, কুণ্ডেশ্বর তীর্থ, শ্বেতবারাহতীর্থ, ভর্গবেশ্বর তীর্থ. রবীশ্বর তীর্থ, শুক্ল প্রভৃতি তীর্থ, হুঁঙ্কারস্বামি তীর্থ, সঙ্গমেশ্বরতীর্থ. নারকেশ্বর তীর্থ, মোক্ষতীর্থ, সর্পতীর্থ, গোপতীর্থ, নাগতীর্থ সিদ্ধিপ্রদ শাম্বতীর্থ; মার্কণ্ডতীর্থ, অক্রূরতীর্থ, কামোদতীর্থ. শূলারোপ তীর্থ, মাণ্ডব্যতীর্থ, গোপেশ্বর তীর্থ, কপিলেশতীর্থ, পিঙ্গলেশতীর্থ, ভূতেশ্বর তীর্থ, গাঙ্গতীর্থ, গোতমতীর্থ, অশ্বমেধ তীর্থ, ভৃগুকচ্ছতীর্থ, পাপনাশক কেদারেশ্বর তীর্থ, কনখলেশ্বর তীর্থ, জলেশ্বর তীর্থ, শালগ্রাম তীর্থ, বারাহতীর্থ চন্দ্রপ্রভাসতীর্থ, আদিত্যতীর্থ. শ্রীপতি তীর্থ, হংস তীর্থ. মূলস্থানের কথা, শূলেশ্বর তীর্থ, আগ্নেয় প্রভৃতি তীর্থ, চিত্রদৈবক তীর্থ, শিখীশ্বর তীর্থ, কোটি তীর্থ, দশ-কন্যা তীর্থ, স্থবর্ণ তীর্থ, ঋণমোক্ষণ, ভারভূতি এবং তন্মধ্যস্থ পুংখমুণ্ডিম তীর্থ, আমলেশতীর্থ, কপালেশ্বর তীর্থ, শৃঙ্গেরণ্ডী তীর্থ, কোটিতীর্থ, লোটনেশ্বর তীর্থ, ফল প্রশংসা কথন, দৃমিজঙ্গলের মাহাত্ম্য মধ্যে রোহিতাশ্বের কথা, ধুন্ধুমারের কথা এবং ধুন্ধুমারের বধের উপায়, ধুন্ধুমারের বধ. চিত্রবহের উৎপত্তি, চিত্রবহের মহিমা, চণ্ডীশ্বর প্রভাব

কথন, রতীশ্বর কীর্ত্তন, কেদারেশ্বর কথা, গঙ্গোৎপন্ন লক্ষ তীর্থের কথা, মুখারতীর্থ, চ্যবনান্ধতীর্থ, ব্রহ্মসরোবরের কথা, চক্রতীর্থ, ললিত তীর্থ, বহুগোমন্থন তীর্থ, রুদ্রাবর্ত্ত তীর্থ, পাপপ্রণাশক মার্কণ্ডতীর্থ, রাবণেশ্বর তীর্থ, শুদ্ধপট তীর্থ, দেবান্ধু তীর্থ, প্রেততীর্থ, জিহ্বোদ তীর্থের উদ্ভব, শিবোদ্ভেদ তীর্থ, ফল প্রশংসা, অবন্তীখণ্ডে এই সকল কথা আছে, ইহা শুনিলে সকল পাপ নষ্ট হয়।

ষষ্ঠ নাগর খণ্ড।

ইহার পর ষষ্ঠ নাগরখণ্ড বলিতেছি। লিঙ্গোৎপত্তির কথা, হরিশ্চন্দ্রের বৃত্তান্ত, বিশ্বামিত্রের মাহাত্ম্য ত্রিশঙ্কু রাজার স্বর্গ গমন, হাটকেশ্বরমাহাত্ম্য মধ্যে বৃত্রাসুরের বধ কথন, নাগবিলের কথা, শঙ্খতীর্থ, অচলেশ্বরের বর্ণনা, চমৎকার পুরের কথা, ইহা শুনিলে চমৎকৃত হইতে হয়। বালশ নামক গয়শীর্ষের কথা মৃগসংজ্ঞক বালমণ্ড, বিষ্ণুপাদ এবং গোকর্ণের কথা, যুগ নিরূপণ, আশ্রয় কথন, সিদ্ধিপ্রদ নাগসরোবরের কথা, সপ্তর্ষিদিগের আখ্যান, অগস্ত্যের কথা, ভ্রূণগর্ত্তের কথা, নলেশ্বরের কথা, ভীষ্মের আখ্যান, দুর্বৈরের আখ্যান, অর্কের আখ্যান, শর্মিষ্ঠার আখ্যান, শোভনাথের কথা, দুর্গার কথা, অনর্জকেশ্বর কথন, জমদগ্নির বধ কথন, নিঃক্ষত্রিয় কথন, রামহ্রদের কথা, নাগপুরের বর্ণন, জড়লিঙ্গ কথা, জজ্ঞভূমির কথা, মুণ্ডীর প্রভৃতি আর্ক তীর্থ এয়, সতী পরিণয়ের কথা, যাগেশ বালিখিল্য ও গারুড় বালিখিল্য কথা, লক্ষ্মীর শাপ, চন্দ্রের প্রসন্নতা, অম্বাবৃদ্ধ তীর্থ, পাদুকা তীর্থ,

যজ্ঞপতি বিষ্ণুর অর্চ্চনা করিবে না।[৪৮] কলিকালের মনুষ্যগণ কতকগুলি পাষণ্ডের উপদেশানুসারে এইরূপ কথা বলিয়া বেড়াইবে যে, বেদবিধিতে কি হইতে পারে? ব্রাহ্মণগণ ও দেবগণ কি জন্য পূজ্য হইবেন? এবং জল দ্বারা শুচি হইবার কি ফল?[৪৯] ব্রহ্মন্! কলিকাল উপস্থিত হইলে মেঘসমূহে অল্প জল ও অল্প বৃষ্টি হইবে। শস্যসমূহে অল্প-মাত্র ফল উৎপন্ন হইতে থাকিবে। ফল সমূহের আস্বাদ বা তেজ তাদৃশ উত্তম থাকিবে না।[৫০] কলিকাল উপস্থিত হইলে, মানবগণ শণসূত্রের ন্যায় সূক্ষ্ম সূত্রের বস্ত্র পরিধান করিবে। বৃক্ষসমূহ প্রায়ই শমীবৃক্ষের ন্যায় নিষ্ফল হইবে এবং ব্রাহ্মণ প্রভৃতি সমস্ত বর্ণই (সন্ধ্যা বন্দনাদি বিবর্জ্জিত হইয়া) শূদ্রের ন্যায় ব্যবহারে রত থাকিবে।[৫১] কলিকাল উপস্থিত হইলে, ধান্য সকল প্রায়ই সূক্ষ্ম হইবে। (গাভীর অসদ্ভাবহেতু) প্রায়ই ছাগদুগ্ধ ব্যবহৃত হইতে থাকিবে। তৎকালে অনুলেপনের

শ্বশ্রুশ্বশুরভূয়িষ্ঠা গুরবশ্চ নৃণাং কলৌ।
শ্যালাদ্যা হারিভার্য্যাশ্চ সুহৃদো মুনিসত্তম ! ॥৫৩॥
কস্য মাতা পিতা কস্য যদা কর্ম্মাত্মকঃ পুমান্।
ইতি চোদাহরিষ্যন্তি শ্বশুরানুগতা নরাঃ ॥৫৪॥
বাঙ্মনঃকায়িকৈর্দ্দোষৈরভিভূতাঃ পুনঃ পুনঃ।
নরাঃ পাপান্যনুদিনং করিষ্যন্ত্যল্পমেধসঃ ॥৫৫॥
নিঃসত্ত্বানামশৌচানাং নিশ্রীকাণাং তথা নৃণাম্।
যদযদ্দুঃখায় তৎ সর্ব্বং কলিকালে ভবিষ্যতি ॥৫৬॥
নিঃস্বাধ্যায়বষট্কারে স্বধাস্বাহাবিবর্জ্জিতে।
তদা প্রবিরলো বিপ্র! ক্বচিল্লোকো নিবৎস্যতি ॥৫৭॥

জন্য উশীরমাত্র ব্যবহৃত হইবে।[৫২] কলিকালের মানবগণের শ্বশ্রু ও শ্বশুরই গুরু বলিয়া মান্য হইবেন। মহর্ষে! তৎকালে যাহার ভার্য্যা সুন্দরী, সেই ব্যক্তি এবং শ্যালক পরম মিত্র হইবে।[৫৩] কলিকালে শ্বশুরের অনুগত মানবগণ এইরূপ বাক্য বলিতে থাকিবে যে, মনুষ্য যখন কর্ম্মাধীন তখন কে কার মাতা ও কে কার পিতা, অর্থাৎ কেহই কাহার নহে।[৫৪] কলিকালোৎপন্ন অল্পবুদ্ধি জনগণ শারীরিক মানসিক ও বাচনিক দোষে পুনঃ পুনঃ অভিভূত হইয়া দিন দিন পাপকর্ম্মে প্রবৃত্ত হইবে।[৫৫] কলিকালের মানবগণ সত্বহীন, শৌচহীন ও শ্রীহীন হইবে, সুতরাং যে যে কার্য্য দুঃখদায়ক তৎ সমুদায়ই তাহাদের ঘটিতে থাকিবে।[৫৬] ব্রহ্মন্! এইরূপে যখন বেদাধ্যয়ন বষট্কার, স্বধা, স্বাহা প্রভৃতি রহিত হইয়া যাইবে, তখন কোন এক পবিত্র স্থানে অল্প লোক বাস করিবে।[৫৭] সত্যযুগে দুষ্কর

তত্রাল্পেনৈব যত্নেন পুণ্যস্কন্ধমনুত্তমম্ ।
করোতি যং কৃতযুগে ক্রিয়তে তপসা হি সঃ ॥৫৮॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে ষষ্ঠেঽংশে
প্রথমোঽধ্যায়ঃ ।

তপস্যা দ্বারা অতি কষ্টে যেরূপ পুণ্য সঞ্চয় হইত, উক্ত পবিত্র-স্থানে অল্পমাত্র যত্নদ্বারা সেইরূপ উত্তম পুণ্য সঞ্চিত হইতে পারিবে । ৫৮

বিষ্ণুপুরাণ, ষষ্ঠ অংশ, প্রথম অধ্যায়
সমাপ্ত ।

বিষ্ণুপুরাণম্।

ষষ্ঠোঽংশঃ।

দ্বিতীয়োঽধ্যায়ঃ

পরাশর উবাচ।

ব্যাসশ্চাহ মহাবুদ্ধির্যদত্রৈব হি বস্তুনি।
তৎ শ্রূয়তাং মহাভাগ! গদতো মম তত্ত্বতঃ ॥১॥
কস্মিন্ কালেঽল্পকো ধর্ম্মো দদাতি সুমহৎ ফলম্।
মুনীনামিত্যভূদ্বাদঃ কৈশ্চাসৌ ক্রিয়তে সুখম্ ॥২॥
সন্দেহনির্ণয়ার্থায় বেদব্যাসং মহামুনিম্।
যযুস্তে সংশয়ং প্রষ্টুং মৈত্রেয়! মুনিপুঙ্গবাঃ ॥৩॥

পরাশর কহিলেন। মহাভাগ! এ বিষয়ে মহাবুদ্ধি বেদব্যাস যেরূপ বলিয়াছিলেন, তাহা আনুপূর্ব্বিক তোমার নিকট কহিতেছি; শ্রবণ কর।[১] একদা মুনিগণ একত্র হইয়া এইরূপ বাদানুবাদ করিতে লাগিলেন যে, কোন্ সময় অল্প ধর্ম্ম করিলে মানবগণ মহৎ ফল প্রাপ্ত হইতে পারে এবং কীদৃশ ব্যক্তিই বা তাদৃশ পুণ্যজনিত সুখের অধিকারী হয়।[২] মৈত্রেয়! মহর্ষিগণ এই বিষয়ে সংশয়ারূঢ় হইয়া সন্দেহ ভঞ্জনের নিমিত্ত মহর্ষি বেদব্যাসের নিকট জিজ্ঞাসা করিতে গমন করিলেন।[৩] ব্রহ্মন্! তাঁহারা দেখিলেন, মহাভাগ মহামতি

দদৃশুস্তে মুনিং তত্র জাহ্নবীসলিলে দ্বিজ!।
বেদব্যাসং মহাভাগমর্দ্ধস্নাতং মহামতিম্ ॥৪॥
স্নানাবসানং তত্তস্য প্রতীক্ষন্তো মহর্ষয়ঃ।
তস্থুস্তটে মহানদ্যাস্তরুষণ্ডমুপাশ্রিতাঃ ॥৫॥
মগ্নোঽথ জাহ্নবীতোয়াদুত্থায়াহ সুতো মম।
ব্যাসঃ সাধুঃ কলিঃ সাধুরিত্যেবং শৃণ্বতাং ততঃ ॥৬॥
তেষাং মুনীনাং ভূয়শ্চ মমজ্জ স নদীজলে।
উত্থায় সাধু সাধ্বিতি শূদ্র ধন্যোঽসি চাব্রবীৎ ॥৭॥
স নিমগ্নঃ সমুত্থায় পুনঃপ্রাহ মহামুনিঃ।
যোষিতঃ সাধু ধন্যাস্তাস্তাভ্যো ধন্যতরোঽস্তি কঃ ॥৮॥

ভগবান্ বেদব্যাস জাহ্নবী সলিলে স্নান করিতেছেন। তখন তাঁহার স্নান অর্দ্ধমাত্র সম্পন্ন হইয়াছে।[৪] অনন্তর মহর্ষিগণ বেদব্যাসের স্নানাবসান প্রতীক্ষা করিয়া, গঙ্গাতটস্থিত তরু-সমূহের ছায়া আশ্রয় পূর্ব্বক অবস্থান করিতে লাগিলেন।[৫] পরে আমার পুত্র উক্ত বেদব্যাস মজ্জন পূর্ব্বক জাহ্নবী জল হইতে উত্থিত হইয়া মুনিগণকে শুনাইয়া বলিতে লাগিলেন, কলিযুগই সাধু, কলিযুগই অতি উৎকৃষ্ট।[৬] তিনি পুনর্ব্বার মুনিগণের সমক্ষেই নদীজলে অবগাহন করিলেন, এবং পুনর্ব্বার উত্থিত হইয়া বলিলেন, কলিকালের শূদ্রগণ! তোমরাই ধন্য![৭] পরে ঐ মহর্ষি পুনর্ব্বার জলে নিমগ্ন হইয়া উত্থান পূর্ব্বক কহিলেন। কলিকালের রমণীরাই ধন্য! তাহাদের অপেক্ষা ধন্য আর কেহই নাই।[৮]

ততঃ স্নাত্বা যথান্যায়মায়ান্তং কৃতসৎক্রিয়ম্ ।
উপতস্থুর্ম্মহাভাগং মুনয়স্তে সুতং মম ॥৯॥
কৃতসংবন্দনাংশ্চাহ কৃতাসনপরিগ্রহান্ ।
কিমর্থমাগতা যূয়মিতি সত্যবতীসুতঃ ॥১০॥
তমূচুঃ সংশয়ং প্রষ্টুং ভবন্তং বয়মাগতাঃ ।
অলং তেনাস্তু তাবন্নঃ কথ্যতামপরং ত্বয়া ॥১১॥
কলিঃ সাধ্বিতি যৎ প্রোক্তং শূদ্রঃ সাধ্বিতি যোষিতঃ ।
যদাহ ভগবান্ সাধু ধন্যাশ্চেতি পুনঃ পুনঃ ॥১২॥
তৎ সর্ব্বং শ্রোতুমিচ্ছামো ন চেদ্গুহ্যং মহামুনে ! ।
তৎ কথ্যতাং ততো হৃৎস্থং প্রক্ষ্যামস্ত্বাং প্রয়োজনম্ ॥১৩

অনন্তর মহাত্মা বেদব্যাস যথারীতি স্নান করিয়া যখন আশ্রমে গমন করেন, তখন মহর্ষিগণ তাঁহার অর্চনা করিয়া সমীপবর্ত্তী হইলেন। [৯] তাঁহারা নমস্কার পূর্ব্বক আসন পরিগ্রহ করিলে সত্যবতীনন্দন কহিলেন, আপনারা কি জন্য আগমন করিয়াছেন ? । [১০] ঋষিগণ কহিলেন, আমাদের এক বিষয়ে সন্দেহ উপস্থিত হওয়াতে, আমরা সন্দেহ ভঞ্জনের নিমিত্ত আপনকার নিকট আসিয়াছি। একণে সে কথা দূরে থাকুক, আর একটী কথা জিজ্ঞাসা করিতেছি, অনুগ্রহ করিয়া বলুন। [১১] আপনি বলিয়াছেন, কলিকালই সাধু। কলিকালের শূদ্রেরাই ধন্য। কলিকালের নারীগণই ধন্য, এবং তাহারাই সাধু। আপনি পুনঃপুনঃ এই রূপ উল্লেখ করিয়াছেন। [১২] মহর্ষে ! যদি ইহা গোপনীয় না হয়, তাহা হইলে অনুগ্রহ পূর্ব্বক ইহার কারণ বলুন। আমরা ইহা শ্রবণ করিতে নিতান্ত উৎসুক হইয়াছি। আমরা যে কার্য্যের নিমিত্ত

ইত্যুক্তো মুনিভির্ব্যাসঃ প্রহস্যেদমথাব্রবীৎ।
শ্রূয়তাং ভো মুনিশ্রেষ্ঠা! যদুক্তং সাধু সাধ্বিতি ॥১৪॥
যৎ কৃতে দশভির্বর্ষৈস্ত্রেতায়াং হায়নেন যৎ।
দ্বাপরে যচ্চ মাসেন অহোরাত্রেণ তৎ কলৌ ॥১৫॥
তপসো ব্রহ্মচর্য্যস্য জপাদেশ্চ ফলং দ্বিজাঃ।
প্রাপ্নোতি পুরুষস্তেন কলিঃ সাধ্বিতি ভাষিতম্ ॥১৬॥
ধ্যায়ন্ কৃতে যজন্ যজ্ঞৈস্ত্রেতায়াং দ্বাপরেঽর্চ্চয়ন্।
যদাপ্নোতি তদাপ্নোতি কলৌ সংকীর্ত্ত্য কেশবম্ ॥১৭॥
ধর্ম্মোৎকর্ষমতীবাত্র প্রাপ্নোতি পুরুষঃ কলৌ।
অল্পায়াসেন ধর্ম্মজ্ঞাস্তেন তুষ্টোঽস্ম্যহং কলেঃ ॥১৮॥

আসিয়াছি, আমাদের অন্তঃকরণে যে সন্দেহ আছে, তাহা পরে ব্যক্ত করিব। [১৩] মহর্ষিগণের এই বাক্য শ্রবণ করিয়া বেদব্যাস ঈষৎ হাস্য পূর্ব্বক কহিলেন, মহর্ষিগণ! আমি যে জন্য সাধুবাদ প্রদান করিয়াছি, তাহা শ্রবণ করুন। [১৪] সত্য-যুগে দশ বৎসরে যে কার্য্য সিদ্ধ হয়, তাহা ত্রেতা যুগে এক বৎসরে, দ্বাপরযুগে এক মাসে এবং কলিযুগে এক দিবারাত্রে সিদ্ধ হইয়া থাকে। [১৫] মনুষ্যগণ তপস্যার ফল, ব্রহ্মচর্য্যার ফল ও জপহোমাদির ফল উক্ত যুগচতুষ্টয়ে উক্ত কালের মধ্যে প্রাপ্ত হয়, এই জন্য আমি কলিকে সাধুবাদ প্রদান করিলাম। [১৬] সত্যযুগে একাগ্রহৃদয়ে ধ্যান করিয়া, ত্রেতাযুগে যজ্ঞানুষ্ঠান করিয়া, দ্বাপরযুগে অর্চনা করিয়া যে ফল প্রাপ্ত হওয়া যায়, কলিযুগে কেবল বিষ্ণুর নাম উচ্চারণ করিয়াই সেই ফল প্রাপ্ত হওয়া যাইতে পারে। [১৭] ধর্ম্মজ্ঞ মহর্ষিগণ! কলিযুগের মনুষ্যেরা অল্পায়াসেই উৎকৃষ্ট ধর্ম্মোপার্জ্জন করিতে পারেন, এই জন্যই

ব্রতচর্য্যাপরৈর্গ্রাহ্যো বেদঃ পূর্ব্বং দ্বিজাতিভিঃ।
ততঃ স্বধর্ম্মসম্প্রাপ্তৈর্যষ্টব্যং বিধিনাধ্বরৈঃ ॥১৯॥
বৃথা কথা বৃথা ভোজ্যং বৃথেজ্যা চ দ্বিজন্মনাম্।
পতনায় তথা ভাব্যং তৈস্তুসংযমিভিঃ সদা ॥২০॥
অসম্যক্‌করণে দোষস্তেষাং সর্ব্বেষু কর্ম্মসু।
ভোজ্যপেয়াদিকঞ্চৈষাং নেচ্ছাপ্রাপ্তিকরং দ্বিজাঃ ॥২১॥
পারতন্ত্র্যং সমস্তেষু তেষাং কার্য্যেষু বৈ ততঃ।
জয়ন্তি তে নিজান্ লোকান্ ক্লেশেন মহতা দ্বিজাঃ ॥২২॥
দ্বিজশুশ্রূষয়ৈবৈষ পাকযজ্ঞাধিকারবান্।

আমি কলিকালের প্রশংসা করিতেছি। [১৮] ব্রাহ্মণগণ ব্রতচর্য্যা-পরায়ণ হইয়া প্রথমত বেদ গ্রহণ করিবেন। পরে তাঁহাদিগকে স্বধর্ম্মানুসারে যথাবিধি যাগাদির অনুষ্ঠান করিতে হইবে। [১৯] বৃথা কথা অর্থাৎ কৃষ্ণনাম ব্যতীত কেবল বৈষয়িক কথা, বৃথা ভোজ্য অর্থাৎ বিষ্ণুর অনিবেদিত বস্তু ভোজন, বৃথা যাগ অর্থাৎ হরিসংকীর্ত্তন রহিত যজ্ঞানুষ্ঠান, এবং ইন্দ্রিয়সমুদায়ের অসংযম, এই সমুদায় দ্বারা দ্বিজগণ পতিত হন। [২০] দ্বিজগণ যে কোন কার্য্যের অনুষ্ঠান করুন, যথাবিধি অনুষ্ঠিত না হইলে, তাঁহারা পাপী হইয়া থাকেন। তাঁহাদের ভোজন পান বিষয়ে কিছুমাত্র স্বাধীনতা নাই। অর্থাৎ তৎসমুদায়ও বেদবিধানানুসারে সাধন করিতে হয়। [২১] দ্বিজগণ কোন বিষয়েই স্বাধীন নহেন। তাঁহারা বহু ক্লেশে পুণ্যলোক প্রাপ্ত হইয়া থাকেন। [২২] কলিকালের শূদ্রেরা একমাত্র দ্বিজশুশ্রূষা দ্বারা পাকযজ্ঞাদির ফলভোগী হইয়া

নিজান্ জয়তি বৈ লোকান্ শূদ্রো ধন্যতরস্ততঃ ॥২৩॥
ভক্ষ্যাভক্ষ্যেষু নাস্যাস্তি পেয়াপেয়েষু বৈ যতঃ।
নিয়মো মুনিশার্দূলাস্তেনাসৌ সাধ্বিতীরিতম্ ॥২৪॥
স্বধর্ম্মস্যাবিরোধেন নরৈর্লব্ধং ধনং সদা।
প্রতিপাদনীয়ং পাত্রেষু যষ্টব্যঞ্চ যথাবিধি ॥২৫॥
তস্যার্জ্জনে মহাক্লেশঃ পালনে চ দ্বিজোত্তমাঃ।
তথা সদ্বিনিযোগায় বিজ্ঞেয়ং গহনং নৃণাম্ ॥২৬॥
এভিরন্যৈস্তথাক্লেশৈঃ পুরুষা দ্বিজসত্তমাঃ।
নিজান্ জয়ন্তি বৈ লোকান্ প্রাজাপত্যাদিকান্ ক্রমাৎ ॥২৭
যোষিৎ শুশ্রূষণং ভর্ত্তুঃ কর্ম্মণা মনসা গিরা।

স্বর্গলোক প্রাপ্ত হইয়া থাকে। এই জন্য আমি কলিকালের শূদ্রগণকে ধন্যবাদ প্রদান করিতেছিলাম।[২৩] মুনিশ্রেষ্ঠগণ! খাদ্যাখাদ্য বিষয়ে বা পেয়াপেয় বিষয়ে কলিকালের শূদ্রগণের প্রতি কিছুমাত্র নিয়ম নাই। এই জন্য আমি কলিকালের শূদ্রগণকে সাধুবাদ প্রদান করিতেছিলাম।[২৪]

পুরুষদিগের কর্ত্তব্য এই যে, স্বধর্ম্মের অবিরোধে ধনোপার্জ্জন করিবে। ধন উপার্জ্জিত হইলে, তাহা যথাবিধানে সৎপাত্রে বিতরণ, এবং বিধি অনুসারে যাগ করিবে।[২৫] দ্বিজগণ! ধন উপার্জ্জন করিতে যেরূপ ক্লেশ, ধন রক্ষা করিতেও সেইরূপ ক্লেশ হইয়া থাকে। এইরূপ ধর্ম্মানুসারে ও যথারীতি ব্যয় করাও মনুষ্যের পক্ষে সামান্য কঠিন নহে।[২৬] ব্রাহ্মণগণ! পুরুষেরা এই সকল ক্লেশ ও অন্যান্য বিবিধ ক্লেশদ্বারা ক্রমশঃ ব্রহ্মলোক প্রভৃতি পবিত্র লোকে গমন করেন।[২৭] যদি নারীগণ বাক্যদ্বারা, মনোদ্বারা, ও কর্ম্মদ্বারা পতিশুশ্রূষা করে, তাহা

কুর্ব্বতী সমবাপ্নোতি তৎসালোক্যং যতো দ্বিজাঃ ॥ ২৮
নাতিক্লেশেন মহতা তানেব পুরুষো যথা।
তৃতীয়ং ব্যাহৃতং তেন ময়া সাধ্বিতি যোষিতঃ ॥২৯॥
এতদ্ বঃ কথিতং বিপ্রা যন্নিমিত্তমিহাগতাঃ।
তৎ পৃচ্ছধ্বং যথাকামং সর্ব্বং বক্ষ্যামি বঃ স্ফুটম্ ॥৩০॥
পরাশর উবাচ।
ততস্তে মুনয়ঃ প্রোচুর্যৎ প্রষ্টব্যং মহামুনে।
অন্যস্মিন্নেব তৎ পৃষ্টে যথাবৎ কথিতং ত্বয়া ॥৩১॥
ততঃ প্রহস্য তান্ প্রাহ কৃষ্ণদ্বৈপায়নো মুনিঃ।
বিস্ময়োৎফুল্লনয়নাংস্তাপসাংস্তানুপাগতান্ ॥৩২॥

হইলে সে পতির সহিত পবিত্র লোক প্রাপ্ত হয়।[২৮] পুরুষগণ যেমন মহাক্লেশে পবিত্রলোকে গমন করেন, সেইরূপ স্ত্রীগণ অল্প ক্লেশেই পতির সহিত পুণ্যলোক প্রাপ্ত হইয়া থাকেন। এই জন্য আমি তৃতীয়বার কলিকালের স্ত্রীগণকে সাধুবাদ প্রদান করিয়াছি।[২৯] ব্রাহ্মণগণ! আমি এই আপনাদের নিকট সমুদায়ই কহিলাম। আপনারা যে নিমিত্ত এখানে আসিয়াছেন, তাহা জিজ্ঞাসা করুন, আমি স্পষ্ট করিয়া তাহার উত্তর আপনাদের নিকট কহিতেছি।[৩০]

পরাশর কহিলেন। অনন্তর মহর্ষিগণ কহিলেন, মহর্ষে! আমাদিগের যাহা জিজ্ঞাস্য, তাহার উত্তর আপনি অন্য কথা প্রসঙ্গে কহিয়াছেন।[৩১] তখন মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন, উপস্থিত তাপসগণকে বিস্মিত দেখিয়া ঈষৎ হাস্য পূর্ব্বক কহিলেন[৩২] আমি দিব্য চক্ষুদ্বারা আপনাদের প্রশ্ন জ্ঞাত

ময়ৈষ ভবতাং প্রশ্নো জ্ঞাতো দিব্যেন চক্ষুষা ।
ততো হি বঃ প্রসঙ্গেন সাধু সাধ্বিতি ভাষিতম্ ॥৩৩॥
স্বল্পেনৈব প্রযত্নেন ধর্ম্মঃ সিধ্যতি বৈ কলৌ ।
নরৈরাত্মগুণাম্ভোভিঃ ক্ষালিতাখিলকিল্বিষৈঃ ॥৩৪॥
শূদ্রৈশ্চ দ্বিজশুশ্রূষাতৎপরৈর্মুনিসত্তমাঃ ।
তথা স্ত্রীভিরনায়াসাৎ পতিশুশ্রূষয়ৈব হি ॥৩৫॥
ততস্ত্রিতয়মপ্যেতন্মম ধন্যতমং মতম্ ।
ধর্ম্মসংসাধনে ক্লেশো দ্বিজাতীনাং কৃতাদিষু ॥৩৬॥
ভবদ্ভির্যদভিপ্রেতং তদেতৎ কথিতং ময়া ।
অপৃষ্টেনাপি ধর্ম্মজ্ঞাঃ কিমন্যৎ কথ্যতাং দ্বিজাঃ ॥৩৭॥

হইয়াছিলাম, সেই জন্যই আমি আপনাদের নিকট প্রসঙ্গক্রমে কলিপ্রভৃতির সাধুবাদ প্রদান করিয়াছি। [৩৩] কলিকালে হরিগুণরূপ সলিলসমূহ দ্বারা মানবগণের সমুদায় পাপ ক্ষালিত হওয়াতে, তাহারা অল্প প্রযত্নেই ধর্ম্মোপার্জ্জন করিতে পারিবে। [৩৪] মহর্ষিগণ! তৎকালে দ্বিজশুশ্রূষা-পরায়ণ শূদ্রগণ, ও পতিশুশ্রূষাপরায়ণ রমণীগণ একমাত্র শুশ্রূষা দ্বারা অনায়াসে পরম ধর্ম্ম উপার্জ্জন করিতে পারিবে। [৩৫] এই কারণে আমার বিবেচনায় উক্ত তিন ব্যক্তিই ধন্য। সত্য, ত্রেতা ও দ্বাপর যুগে ধর্ম্মোপার্জ্জনের নিমিত্ত ব্রাহ্মণদিগের যাদৃশ ক্লেশ হয়, (ইহাদিগকে তাদৃশ ক্লেশ অনুভব করিতে হয় না।)[৩৬] ধর্ম্মজ্ঞ মহর্ষিগণ! আপ-নারা কোন প্রশ্ন না করিতেই, আপনাদিগের যাহা অভিপ্রেত তাহা আমি ব্যক্ত করিয়াছি; এক্ষণে আর কি বলিতে হইবে বলুন। [৩৭]

পরাশর উবাচ।

ততঃ সংপূজ্য তে ব্যাসং প্রশস্য চ পুনঃপুনঃ।
যথাগতং দ্বিজা জগ্মু র্ব্যাসোক্তিক্ষতসংশয়াঃ ॥৩৮॥
ভবতোঽপি মহাভাগ! রহস্যং কথিতং ময়া।
অত্যন্তদুষ্টস্য কলেরয়মেকো মহান্‌ গুণঃ।
কীর্ত্তনাদেব কৃষ্ণস্য মুক্তবন্ধঃ পরং ব্রজেৎ ॥৩৯॥
যচ্চাহং ভবতা পৃষ্টো জগতামুপসংহৃতিম্‌।
প্রাকৃতামান্তরালাঞ্চ তামপ্যেষ বদামি তে ॥৪০॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে ষষ্ঠেঽংশে
দ্বিতীয়োঽধ্যায়ঃ।

পরাশর কহিলেন। অনন্তর ব্যাসবাক্য দ্বারা ব্রাহ্মণগণের সংশয় দূর হইলে, তাঁহারা পুনঃপুনঃ বেদব্যাসের অর্চনা ও প্রশংসা করিয়া যথাস্থানে গমন করিলেন। [৩৮] মহাভাগ! আমিও তোমার নিকটে এই একটী গুপ্ত বিষয় প্রকাশ করিলাম। কলি যদিও সাতিশয় দোষে দূষিত, তথাপি তাহার এই একটী মহাগুণ আছে যে, কৃষ্ণের নাম সংকীর্ত্তন করিবামাত্র সংসার বন্ধন হইতে মুক্ত হইয়া পরম গতি লাভ করে। [৩৯] তুমি আমার নিকট জগতের উপসংহার অর্থাৎ প্রাকৃত প্রলয় ও ব্রহ্মার দিনাবসান নিবন্ধন মহাপ্রলয়ের বিষয় জিজ্ঞাসা করিয়াছ, তাহাও তোমার নিকট বলিতেছি, শ্রবণ কর। [৪০]

বিষ্ণুপুরাণ, ষষ্ঠ অংশ, দ্বিতীয় অধ্যায়
সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

ষষ্ঠোঽংশঃ।

তৃতীয়োঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

সর্ব্বেষামেব ভূতানাং ত্রিবিধঃ প্রতিসঞ্চরঃ।
নৈমিত্তিকঃ প্রাকৃতিকস্তথৈবাত্যন্তিকো মতঃ ॥১॥
ব্রাহ্মো নৈমিত্তিকস্তেষাং কল্পান্তে প্রতিসঞ্চরঃ।
আত্যন্তিকশ্চ মোক্ষাখ্যঃ প্রাকৃতো দ্বিপরার্দ্ধিকঃ ॥২॥

মৈত্রেয় উবাচ।

পরার্দ্ধসংখ্যাং ভগবন্! মমাচক্ষ্ব যয়া তু সঃ।

পরাশর কহিলেন। সমুদায় জীবগণের প্রলয় তিন প্রকার। সেই তিন প্রকার প্রলয়ের নাম, নৈমিত্তিক, প্রাকৃতিক, ও আত্যন্তিক।[১] ব্রহ্মার দিনাবসান নিবন্ধন কল্পান্তে যে প্রলয় হয়, তাহার নাম নৈমিত্তিক ও ব্রাহ্ম প্রলয়। ব্রহ্মার দ্বিপরার্দ্ধ অর্থাৎ একশত বৎসর পরমায়ু শেষ হইলে যে মহাপ্রলয় হয়, তাহার নাম প্রাকৃত প্রলয়। মোক্ষের নাম আত্যন্তিক প্রলয়।[২]

দ্বিগুণীকৃতয়া জ্ঞেয়ঃ প্রাকৃতঃ প্রতিসঞ্চরঃ ॥৩॥
পরাশর উবাচ।
স্থানাৎ স্থানং দশগুণমেকস্মাদ্গণ্যতে দ্বিজ!।
ততোঽষ্টাদশমে স্থানে পরার্দ্ধমভিধীয়তে ॥৪॥
পরার্দ্ধং দ্বিগুণং যত্তু প্রাকৃতঃ প্রলয়ো দ্বিজ!।
তদাব্যক্তেঽখিলং ব্যক্তং স্বহেতৌ লয়মেতি বৈ ॥৫॥
নিমেষো মানুষো যোঽয়ং মাত্রামাত্রপ্রমাণতঃ।
তৈঃ পঞ্চদশভিঃ কাষ্ঠা ত্রিংশৎ কাষ্ঠাস্তথা কলা ॥৬॥
নাড়িকা তু প্রমাণেন কলা দশ চ পঞ্চ চ।
উন্মানেনাম্ভসঃ সা তু পলান্যর্দ্ধত্রয়োদশ ॥৭॥

মৈত্রেয় কহিলেন। ভগবন্! ব্রহ্মার এক পরার্দ্ধের পরিমাণ কত, তাহা আমার নিকট বলুন। এই পরার্দ্ধ সংখ্যা দ্বিগুণীকৃত হইলে প্রাকৃত প্রলয় হইয়া থাকে।[৩]

পরাশর কহিলেন। একক স্থান হইতে ক্রমশঃ দশগুণ করিলে অষ্টাদশ স্থানে পরার্দ্ধ সংখ্যা অভিহিত হইয়া থাকে।[৪] এই দ্বিগুণিত পরার্দ্ধ বৎসরে প্রাকৃত প্রলয় উপস্থিত হইয়া থাকে। এই প্রাকৃত প্রলয়ের সময় ব্যক্ত অর্থাৎ নিখিল ব্রহ্মাণ্ডের কারণ অব্যক্ত অর্থাৎ প্রকৃতিতে সমুদায় পদার্থ লীন হয়।[৫] একটী লঘু বর্ণ উচ্চারণ করিতে যে সময় অতিবাহিত হয়, তৎপরিমিত কালে মনুষ্যের এক নিমেষ হইয়া থাকে। পনের নিমেষে এক কাষ্ঠা হয়। ত্রিশ কাষ্ঠাতে এক কলা হয়।[৬] পঞ্চদশ কলাতে এক নাড়ী হইয়া থাকে। জলযন্ত্র দ্বারা যে সময় নিরূপিত হইয়া থাকে, তাহাতে অঙ্কিত সার্দ্ধ দ্বাদশ পলে এক নাড়িকা হয়।[৭]

হেমমাষৈঃ কৃতচ্ছিদ্রশ্চতুরর্ভিশ্চতুরঙ্গুলৈঃ ।
মাগধেন প্রমাণেন জলপ্রস্থস্তু স স্মৃতঃ ॥৮॥
নাড়িকাভ্যামথ দ্বাভ্যাং মুহূর্ত্তো দ্বিজসত্তম ।
অহোরাত্রং মুহূর্ত্তাস্তু ত্রিংশন্মাসো দিনৈস্তথা ॥৯॥
মাসৈর্দ্বাদশভির্বর্ষমহোরাত্রন্তু তদ্দিবি ।
ত্রিভির্বর্ষশতৈর্বর্ষং ষষ্ট্যা চৈবাসুরদ্বিষাম্ ॥১০॥
তৈস্তু দ্বাদশসাহস্রং চতুর্যুগমুদাহৃতম্ ।
চতুর্যুগসহস্রন্তু কথ্যতে ব্রহ্মণো দিনম্ ॥১১॥

চারি মাষা অর্থাৎ চারি আনা সুবর্ণ চারি অঙ্গুলি দীর্ঘ করিয়া যতটুকু ছিদ্রে প্রবিষ্ট হইতে পারে মগধ দেশ প্রচলিত জল প্রস্থের সমুদায় জল ঐ ছিদ্রদ্বারা যত সময়ে নিঃসৃত হয়, তাহাকেই এক নাড়িকা (এক দণ্ড বলা যায়)[৮]।*

ব্রহ্মন্! দুই নাড়িকায় এক মুহূর্ত্ত। ত্রিশ মুহূর্ত্তে এক অহোরাত্র। ত্রিশ অহোরাত্রে এক মাস হইয়া থাকে। [৯] বার মাসে এক বৎসর হয়। ঐ এক বৎসরে দেবগণের এক দিবারাত্র হইয়া থাকে। এইরূপ মনুষ্যের তিন শত ষাট বৎসরে দেবতাদিগের এক বৎসর হয়।[১০] এইরূপ দেবতাদিগের দ্বাদশ সহস্র বৎসরে সত্য, ত্রেতা, দ্বাপর, কলি, এই চারি যুগ ইয়া থাকে। চারি সহস্র যুগে ব্রহ্মার এক দিন হয়।[১১]

*ত উচ্চ, একহাত দীর্ঘ, একহাত প্রস্থ যে চতুষ্কোণ পাত্র ধ দেশীয় খারিকা। এক খারিকার ষোড়শ অংশকে এক াণের চারি অংশের একংাশ আঢ়ক শব্দে অভিহিত ব চারি অংশের একাংশকে প্রস্থ বলা যায়। এই প্রভৃতি সমুদায়ই মাপা হইত। যখন ইহাদ্বারা জলপ্রস্থ শব্দে কথিত হইয়া থাকে।

স কল্পোঽপ্যত্র মনবশ্চতুর্দ্দশ মহামুনে ।
তদন্তে চৈব মৈত্রেয় ব্রাহ্মো নৈমিত্তিকো লয়ঃ ॥১২॥
তস্য স্বরূপমত্যুগ্রং মৈত্রেয় গদতো মম ।
শৃণুষ্ব প্রাকৃতং ভূয়স্তব বক্ষ্যাম্যহং লয়ম্ ॥১৩॥
চতুর্যুগসহস্রান্তে ক্ষীণপ্রায়ে মহীতলে ।
অনাবৃষ্টিরতীবোগ্রা জায়তে শতবার্ষিকী ॥১৪॥
ততো যান্যল্পসারাণি তানি সত্বান্যশেষতঃ ।
ক্ষয়ং যান্তি মুনিশ্রেষ্ঠ পার্থিবান্যত্র পীড়নাৎ ॥১৫॥
ততঃ স ভগবান্ বিষ্ণু-রুদ্ররূপধরোঽব্যয়ঃ ।
ক্ষয়ায় যততে কর্ত্তুমাত্মস্থাঃ সকলাঃ প্রজাঃ ॥১৬॥

মহর্ষে ! ব্রহ্মার এক দিবসে এক কল্প হয় । এক কল্পের মধ্যে চতুর্দ্দশ মন্বন্তর হইয়া থাকে । মৈত্রেয় ! এই চতুর্দ্দশ মন্বন্তরের অবসানে ব্রাহ্ম ও নৈমিত্তিক লয় হয় ।[১২] মৈত্রেয় ! এই নৈমিত্তিক প্রলয়ের স্বরূপ অতীব ভয়ানক । আমি তাহা তোমার নিকট বলিতেছি, শ্রবণ কর । পরে পুনর্ব্বার প্রাকৃত প্রলয়ের বিষয় বলিব ।[১৩]

চারি সহস্র যুগের অবসান হইলে যখন ভূমণ্ডল দুর্ভিক্ষাদি দ্বারা ক্ষীণপ্রায় হয় ; তখন একশত বৎসর পর্য্যন্ত অতীব উগ্র অনাবৃষ্টি উপস্থিত হইয়া থাকে ।[১৪] মুনিশ্রেষ্ঠ ! একশত বৎসর অনাবৃষ্টি হওয়াতে পৃথিবীতে আর কোন বস্তুই উৎপন্ন হয় না, সুতরাং তখন অতীব ক্ষীণ প্রাণিগণ প্রায় সকলেই ক্ষয় প্রাপ্ত হয় ।[১৫] অনন্তর রুদ্ররূপধারী অব্যয় ভগবান্ বিষ্ণু, জগৎ সংহার করিবার নিমিত্ত ও সমুদায় প্রজাকে আপনাতে লীন করিবার নিমিত্ত যত্নবান্ হইয়া থাকেন ।[১৬] মুনিশ্রেষ্ঠ ! পরে

ততঃ স ভগবান্ বিষ্ণুর্ভানোঃ সপ্তসু রশ্মিষু।
স্থিতঃ পিবত্যশেষাণি জলানি মুনিসত্তম ॥১৭॥
পীত্বাম্ভাংসি সমস্তানি প্রাণিভূমিগতানি বৈ।
শোষয়ন্নতিমৈত্রেয় সমস্তং পৃথিবীতলম্ ॥১৮॥
সরিৎসমুদ্রশৈলেষু শৈলপ্রস্রবণেষু চ।
পাতালেষু চ যত্তোয়ং তৎ সর্ব্বং নয়তি ক্ষয়ম্ ॥১৯॥
ততস্তস্যানুভাবেন তোয়াহারোপবৃংহিতাঃ।
ত এব রশ্ময়ঃ সপ্ত জায়ন্তে সপ্ত ভাস্করাঃ ॥২০॥
অধশ্চোর্দ্ধঞ্চ তে দীপ্তাস্ততঃ সপ্ত দিবাকরাঃ।
দহন্ত্যশেষং ত্রৈলোক্যং সপাতালতলং দ্বিজ ॥২১॥
দহ্যমানস্তু তৈর্দীপ্তৈ-স্ত্রৈলোক্যং দ্বিজ! ভাস্করৈঃ।
সাদ্রিনদ্যর্ণবাভোগং নিস্নেহমতি জায়তে ॥২২॥

সেই ভগবান্, সূর্য্যের সপ্ত রশ্মিতে অধিষ্ঠান পূর্ব্বক জগতের সমুদায় জল পান করিতে থাকেন।[১৭] মৈত্রেয়! তিনি ভূমিগত ও প্রাণিগত সমুদায় সলিল পান করিয়া সমুদায় ভূমণ্ডল পরিশুষ্ক করেন।[১৮] তিনি নদী সমুদায়ের, সমুদ্র সমুদায়ের শৈল-সমুদায়ের শৈলপ্রস্রবণ সমুদায়ের ও পাতালের সমুদায় জল এইরূপে শোষিত করেন।[১৯] অনন্তর ভগবানের মাহাত্ম্যে [illegible] সপ্ত কিরণ জল দ্বারা পরিপুষ্ট হইয়া সপ্ত সূর্য্যরূপে [illegible] থাকে।[২০] ব্রহ্মন্! সেই সপ্তসংখ্য প্রচণ্ড [illegible] দিকে এক কালে উদিত হইয়া ত্রিলোক [illegible] থাকেন।[২১] ব্রহ্মন্! প্রদীপ্ত [illegible] মান হওয়াতে পর্ব্বত, নদী,

ততো নির্দগ্ধবৃক্ষাম্বু ত্রৈলোক্যমখিলং দ্বিজ।
ভবত্যেকা চ বসুধা কূর্ম্মপৃষ্ঠোপমাকৃতিঃ ॥২৩॥
ততঃ কালাগ্নিরুদ্রোঽসৌ ভূত্বা সর্ব্বহরো হরিঃ।
শেষনিশ্বাসসংভূতঃ পাতালানি বভস্ত্যধঃ ॥২৪॥
পাতালানি সমস্তানি স দগ্ধ্বা জ্বলনো মহান্‌।
ভূমিমভ্যেত্য সকলং বভস্তি বসুধাতলম্‌ ॥২৫॥
ভুবর্লোকং ততঃ সর্ব্বং স্বর্লোকঞ্চ সুদারুণঃ।
জ্বালামালামহাবর্ত্তস্তত্রৈব পরিবর্ত্ততে ॥২৬॥
অম্বরীষমিবাভাতি ত্রৈলোক্যমখিলং তদা।
জ্বালাবর্ত্তপরীবারমুপক্ষীণচরাচরম্‌ ॥২৭॥

সমুদ্র প্রভৃতি সমুদয় স্থান জলকণাশূন্য ও পরিশুষ্ক হইয়া যায়। [২২] দ্বিজ! এইরূপে ত্রিলোকের বৃক্ষ জল প্রভৃতি সমুদায় বস্তু দগ্ধ ও নিঃশেষিত হইলে কেবল একমাত্র পৃথিবী কূর্ম্মপৃষ্ঠের ন্যায় আকৃতি ধারণ করিয়া থাকে। [২৩] এই সময় সর্ব্বসংহারক ভগবান্‌ হরি, শেষ নাগের নিশ্বাস বায়ু হইতে কালাগ্নিরুদ্ররূপে উৎপন্ন হইয়া সমুদায় পাতালতল দগ্ধ ও ভস্মসাৎ করেন। [২৪] সেই প্রচণ্ড অগ্নি সমুদায় পাতাল দগ্ধ করিয়া ভূতলে উপস্থিত হইয়া সমুদায় ভূমণ্ডলও ভস্মসাৎ করিতে থাকে। [২৫] ঐ সুদারুণ মহাগ্নির জ্বালামালারূপ মহান্‌ আবর্ত্ত, চতুর্দিকে ভ্রমণ করিয়া প্রথমতঃ ভুবর্লোক পরিশেষে স্বর্লোকও দগ্ধ করিয়া ফেলে। [২৬] তৎকালে অগ্নিশিখার আবর্ত্ত দ্বারা সমুদায় স্থাবর জঙ্গম বিলয় প্রাপ্ত হওয়াতে সমুদায় ত্রিলোক ভর্জ্জন পাত্রের ন্যায় লক্ষিত হইতে থাকে। [২৭]

ততস্তাপপরীতাস্তু লোকদ্বয়নিবাসিনঃ।
কৃতাধিকারা গচ্ছন্তি মহর্লোকং মহামুনে ॥২৮॥
তস্মাদপি মহাতাপতপ্তা লোকাস্ততঃ পরম্।
গচ্ছন্তি জনলোকং তে দশাবৃত্ত্যা পরৈষিণঃ ॥২৯॥
ততো দগ্ধ্বা জগৎ সর্ব্বং রুদ্ররূপী জনার্দ্দনঃ।
মুখনিশ্বাসজান্ মেঘান্ করোতি মুনিসত্তম ॥৩০॥
ততো গজকুলপ্রখ্যাস্তড়িত্বন্তো নিনাদিনঃ।
উত্তিষ্ঠন্তি তদা ব্যোম্নি ঘোরাঃ সংবর্ত্তকা ঘনাঃ ॥৩১॥
কেচিন্নীলোৎপলশ্যামাঃ কেচিৎ কুমুদসন্নিভাঃ।
ধূম্রবর্ণা ঘনাঃ কেচিৎ কেচিৎ পীতাঃ পয়োধরাঃ ॥৩২॥

মহর্ষে! তৎকালে ভুবর্লোক ও স্বর্লোক বাসী দেবগণ ও মহর্ষিগণ অত্যন্ত তাপযুক্ত হইয়া স্ব স্ব কর্ত্তব্য কর্ম্ম সম্পাদন পূর্ব্বক মহর্লোকে গমন করেন। [২৮] যাঁহারা পরম ব্রহ্ম প্রাপ্ত হইতে অভিলাষী, তাঁহারা সেই মহর্লোকে অবস্থিতি করিয়াও প্রলয় তাপ দ্বারা পরিতপ্ত হওয়াতে জনর্লোকে গমন করেন। [২৯]

মহর্ষে! রুদ্ররূপী জনার্দ্দন এইরূপে সমুদায় জগৎ দগ্ধ করিয়া মুখ বায়ু দ্বারা মহামেঘের সৃষ্টি করেন। [৩০] অনন্তর গজসমূহের ন্যায় ঘোরদর্শন বিদ্যুৎ-সুশোভিত সংবর্ত্তক নামক ঘোর জলধরগণ গর্জ্জন করিতে করিতে আকাশ পথে উত্থিত হইতে থাকে। [৩১] এই সমুদায় মেঘগণের মধ্যে কতক-গুলি নীলোৎপলের ন্যায় শ্যাম বর্ণ, কতকগুলি কুমুদের ন্যায় বর্ণ বিশিষ্ট, কতকগুলি ধূমের ন্যায় ধূম্রবর্ণ ও কতকগুলি পীত

কেচিদ্রাসভবর্ণাভা লাক্ষারসনিভাস্তথা ।
কেচিদ্বৈদূর্য্যসঙ্কাশা ইন্দ্রনীলনিভাঃ পরে ॥৩৩॥
শঙ্খকুন্দনিভাশ্চান্যে জাত্যঞ্জননিভাস্তথা ।
ইন্দ্রগোপনিভাঃ কেচিৎ মনঃশিলনিভাস্তথা ॥৩৪॥
চাষপত্রনিভাঃ কেচিদুত্তিষ্ঠন্তি ঘনা ঘনাঃ ।
কেচিৎ পুরবরাকারাঃ কেচিৎ পর্ব্বতসন্নিভাঃ ॥৩৫॥
কূটাগারনিভাশ্চান্যে কেচিৎ স্থূলনিভা ঘনাঃ ।
মহারাবা মহাকায়াঃ পূরয়ন্তি নভস্তলম্ ॥৩৬॥
বর্ষন্তস্তে মহাসারৈস্তমগ্নিমতিভৈরবম্ ।
শময়ন্ত্যখিলং বিপ্র ত্রৈলোক্যান্তরবিস্তৃতম্ ॥৩৭॥

বর্ণ ।[৩২] কতকগুলির বর্ণ রাসভের ন্যায়, কতকগুলির বর্ণ লাক্ষারসের ন্যায়, কতকগুলির বর্ণ বৈদূর্য্য মণিসমূহের ন্যায়, কতকগুলির বর্ণ ইন্দ্রনীল মণিসমূহের ন্যায় ।[৩৩]

কতকগুলি মেঘের বর্ণ শঙ্খের ন্যায়, কতকগুলি মেঘের বর্ণ কুন্দপুষ্পের ন্যায়, কতকগুলি মেঘের বর্ণ জাতি পুষ্পের ন্যায়, কতকগুলির বর্ণ অঞ্জনের ন্যায়, কতকগুলির বর্ণ ইন্দ্রগোপ নামক কীটের ন্যায়, কতকগুলির বর্ণ মনঃশিলার ন্যায় ।[৩৪] কতকগুলি মেঘের বর্ণ চাষ অর্থাৎ নীলপক্ষ শকুনে[illegible] কতকগুলির আকার নগরের ন্যায়, কতকগুলি[illegible] পর্ব্বত-শ্রেণীর ন্যায় ।[৩৫] কতকগুলি মেঘে[illegible] গারের ন্যায়, কতকগুলি মেঘের অ[illegible] সমুদায় মহাকায় মহামেঘগণ [illegible] পূরিত করিতে থাকে ।[৩৬]

বিপ্র ! এই সমুদায় মহা[illegible] [illegible]রা

নষ্টে চাগ্নৌ শতং তেঽপি বর্ষাণামনিবারিতাঃ।
প্লাবয়ন্তো জগৎ সর্ব্বং বর্ষন্তি মুনিসত্তম ॥৩৮॥
ধারাভিরক্ষমাত্রাভিঃ প্লাবয়িত্বাখিলং ভুবম্।
ভুবর্লোকং তথৈবোর্দ্ধং প্লাবয়ন্তি দিবং দ্বিজ ॥৩৯॥
অন্ধকারীকৃতে লোকে নষ্টে স্থাবরজঙ্গমে।
বর্ষন্তি তে মহামেঘা বর্ষাণামধিকং শতম্ ॥৪০॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে ষষ্ঠেঽংশে
তৃতীয়োঽধ্যায়ঃ।

বর্ষণ দ্বারা ত্রিলোকব্যাপী অতিভীষণ সেই প্রলয়াগ্নি সমুদায় নির্ব্বাপিত করে।[৩৭] মহর্ষে! এইরূপে যখন সমুদায় প্রলয়াগ্নি নির্ব্বাপিত হয় তখন ঐ মহামেঘগণ সমুদায় জগৎ প্লাবিত করিয়া একশত বৎসর পর্য্যন্ত অনবরত জল বর্ষণ করিতে থাকে।[৩৮] দ্বিজ! ঐ মহামেঘগণ চক্রের ন্যায় চতুর্দিকে জলধারা নিক্ষেপ পূর্ব্বক সমুদায় ভূমণ্ডল প্লাবিত করিয়া ভূবর্লোক ও তদুপরিস্থ লোকও প্লাবিত করিতে থাকে।[৩৯] এইরূপে সমুদায় লোক অন্ধকারাচ্ছন্ন হইলে ও স্থাবর জঙ্গম সমুদায় বিনষ্ট হইলে ঐ মহামেঘগণ একশত বৎসর অপেক্ষাও অধিক কাল জল বর্ষণ করিতে থাকে।[৪০]

বিষ্ণুপুরাণ ষষ্ঠ অংশ তৃতীয় অধ্যায় সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

ষষ্ঠোঽংশঃ।

চতুর্থোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

সপ্তর্ষিস্থানমাক্রম্য স্থিতেঽম্ভসি মহামুনে।
একার্ণবং ভবত্যেব ত্রৈলোক্যমখিলং ততঃ ॥১॥
মুখনিশ্বাসজো বিষ্ণোর্বায়ুস্থান্ জলদাংস্ততঃ।
নাশয়িত্বা তু মৈত্রেয় বর্ষাণামধিকং শতম্ ॥২॥
সর্ব্বভূতময়োঽচিন্ত্যো ভগবান্ ভূতভাবনঃ।
অনাদিরাদির্ব্বিশ্বস্য পীত্বা বায়ুমশেষতঃ ॥৩॥

পরাশর কহিলেন। মহর্ষে! এইরূপে সপ্তর্ষি স্থান পর্য্যন্ত জল উত্থিত হইলে পর, সমুদায় ত্রিলোক একার্ণব হইয়া যায়। মৈত্রেয়! অনন্তর বিষ্ণুর মুখবায়ু হইতে মহাবায়ু উত্থিত হইয়া, ঐ সমুদায় মহামেঘ সংহার পূর্ব্বক এক শত বৎ অপেক্ষাও অধিক কাল (প্রবাহিত হইতে থাকে)। ন্তর সর্ব্বভূতময় অচিন্ত্য, অনাদি, ভূতভাবন দেব বিষ্ণু ঐ সমুদায় বায়ু পান করিয়া পূর্ব্বক ঐ একার্ণবে শেষশয্যায় [illegible]

একার্ণবে ততস্তস্মিন্ শেষশয্যাস্থিতঃ প্রভুঃ।
ব্রহ্মরূপধরঃ শেতে ভগবানাদিকৃদ্ধরিঃ ॥৪॥
জনলোকগতৈঃ সিদ্ধৈঃ সনকাদ্যৈরভিষ্টুতঃ।
ব্রহ্মলোকগতৈশ্চৈব চিন্ত্যমানো মুমুক্ষুভিঃ ॥৫॥
আত্মমায়াময়ীং দিব্যাং যোগনিদ্রাং সমাস্থিতঃ।
আত্মানং বাসুদেবাখ্যং চিন্তয়ন্ পরমেশ্বরঃ ॥৬॥
এষ নৈমিত্তিকো নাম মৈত্রেয়! প্রতিসঞ্চরঃ।
নিমিত্তং তত্র যচ্ছেতে ব্রহ্মরূপধরো হরিঃ ॥৭॥
যদা জাগর্ত্তি বিশ্বাত্মা স তদা চেষ্টতে জগৎ।
নিমীলত্যেতদখিলং যোগশয্যাশয়েহচ্যুতে ॥৮॥

তৎকালে জনলোকবাসী সনক, সনন্দ প্রভৃতি সিদ্ধ মহর্ষিগণ তাঁহার স্তব করিতে থাকেন। ব্রহ্মলোকবাসী মুমুক্ষু মহর্ষিগণও তাঁহাকে ধ্যান করেন।[৫] পরমেশ্বর বিষ্ণু নিজ মায়াস্বরূপা দিব্যা যোগনিদ্রা আশ্রয় করিয়া তৎকালে বাসুদেবাখ্য আত্মাকে চিন্তা করিতে থাকেন।[৬] মৈত্রেয়! ইহার নাম নৈমিত্তিক প্রলয়। এই সময় হরি ব্রহ্মরূপ ধারণ করিয়া শয়ন করেন। এই নিমিত্ত ইহা নৈমিত্তিক প্রলয় শব্দে অভিহিত হইয়া থাকে।[৭] বিশ্বাত্মা ভগবান্ হরি যে সময় জাগরিত থাকেন, তৎকালে সমুদায় জগৎ সৃষ্ট হইতে থাকে। তিনি যখন যোগনিদ্রা অবলম্বন করেন, তখন সমুদায় জগৎ নিমীলিত হয়।[৮] চারি সহস্র যুগে যে ব্রহ্মার এক দিন হয়, জগৎ একার্ণব হইলে, তৎকালপরিমিত রাত্রি

পদ্মযোনের্দ্দিনং যত্তু চতুর্যুগসহস্রবৎ ।
একার্ণবে প্লুতে লোকে তাবতী রাত্রিরিষ্যতে ॥৯॥
ততঃ প্রবুদ্ধো রাত্র্যন্তে পুনঃ সৃষ্টিং করোত্যজঃ ।
ব্রহ্মস্বরূপধৃক্ বিষ্ণুর্যথা তে কথিতং পুরা ॥১০॥
ইত্যেষ কল্পসংহারশ্চান্তরঃ প্রলয়ো দ্বিজ ।
নৈমিত্তিকস্তে কথিতঃ প্রাকৃতঃ শৃণ্বতঃ পরম্ ॥১১॥
অনাবৃষ্ট্যাগ্নিসম্পর্কাৎ কৃতে সংক্ষালনে মুনে ! ।
সমস্তেষ্বেব লোকেষু পাতালেষ্বখিলেষু চ ॥১২॥
মহদাদের্বিকারস্য বিশেষান্তস্য সংক্ষয়ে ।
কৃষ্ণেচ্ছাকারিতে তস্মিন্ প্রবৃত্তে প্রতিসঞ্চরে ॥১৩॥
আপো গ্রসন্তি বৈ পূর্ব্বং ভূমের্গন্ধাত্মকং গুণম্ ।

হইয়া থাকে, অর্থাৎ যতকালে চারি সহস্র যুগ হইতে পারে[৯] তত কাল গত না হইলে, ব্রহ্মার রাত্রির অবসান হয় না। অনন্তর, আমি পুর্ব্বে তোমাকে যে রূপ বলিয়াছি, তদনুরূপ ব্রহ্মরূপধারী অজ বিষ্ণু রাত্রির অবসানে প্রবুদ্ধ হইয়া পুনর্ব্বার সৃষ্টি করিতে প্রবৃত্ত হন।[১০] ইহার নাম কল্প সংহার, অন্তর প্রলয় ও নৈমিত্তিক প্রলয়। ইহা তোমার নিকট কথিত হইল। এক্ষণে প্রাকৃত প্রলয় বর্ণন করিতেছি, শ্রবণ কর।[১১] মহর্ষে! অনাবৃষ্টি দ্বারা ও প্রলয়াগ্নি সম্পর্ক দ্বারা সপ্ত লোক ও সপ্ত পাতাল বিধ্বস্ত হইলে[১২] মহত্তত্ত্ব প্রভৃতি পৃথিব্যাদি বিশেষ পদার্থ পর্য্যন্ত সমুদায় পদার্থ যখন ক্ষয় প্রাপ্ত হয়, তখন বিষ্ণুর ইচ্ছানুসারে মহাপ্রলয় উপস্থিত হইয়া থাকে।[১৩] তৎকালে প্রথমতঃ জল সমুদায় ভূমির গন্ধাত্মক গুণ আকর্ষণ

আত্তগন্ধা ততো ভূমিঃ প্রলয়ত্বায় কল্পতে ॥১৪॥
প্রনষ্টে গন্ধতন্মাত্রেঽভবৎ পৃথ্বী জলাত্মিকা।
রসাজ্জলং সমুদ্ভূতং তস্মাজ্জাতং রসাত্মকম্ ॥১৫॥
আপস্তদা প্রবৃদ্ধাস্তু বেগবত্যো মহাস্বনাঃ।
সর্ব্বমাপূরয়ন্তীদং তিষ্ঠন্তি বিচরন্তি চ।
সলিলেনৈবোর্ম্মিমতা লোকা ব্যাপ্তাঃ সমন্ততঃ ॥১৬॥
অপামপি গুণো যস্তু জ্যোতিষা পীয়তে তু সঃ।
নশ্যন্ত্যাপস্ততস্তাশ্চ রসতন্মাত্রসংক্ষয়াৎ ॥১৭॥
ততশ্চাপো হৃতরসা জ্যোতিষ্ট্বং প্রাপ্নুবন্তি বৈ।
অগ্ন্যবস্থে তু সলিলে তেজসা সর্ব্বতো বৃতে ॥১৮॥
স চাগ্নিঃ সর্ব্বতো ব্যাপ্য আদত্তে তজ্জলং তদা।

করে। ভূমিও গন্ধহীন হইয়া বিলয় প্রাপ্ত হয়। [১৪] এইরূপে গন্ধতন্মাত্র বিনষ্ট হইলে, পৃথিবী জলময়ী হইয়া থাকে। সৃষ্টিকালে যেমন রসতন্মাত্র হইতে জল উৎপন্ন হইয়াছিল, সেই রূপ প্রলয়কালে জলও রসতন্মাত্র রূপে পরিণত হয়। [১৫] এই সময় জল বেগবান্ ও প্রবৃদ্ধ হইয়া মহাশব্দে সমুদায়, স্থান পরিপূরিত করে। ঐ জল কোথায়ও স্থিত, কোথায়ও বিচলিত হইতে থাকে। ঐ জলের ঊর্ম্মিমালা দ্বারা সমুদায় স্থান পরিব্যাপ্ত হয়। [১৬] অনন্তর তেজোদ্বারা জলের গুণ আকৃষ্ট হইলে রসতন্মাত্রের বিনাশ হেতু জলও তৎক্ষণাৎ বিলয় প্রাপ্ত হয়। [১৭] পরে জল রসতন্মাত্রহীন হইয়া জ্যোতিঃস্বরূপে পরিণত হয়। পরে ঐ তেজোদ্বারা সকল দিক্ পরিব্যাপ্ত হইয়া থাকে। [১৮] ঐ অগ্নি তেজোদ্বারা সর্ব্বব্যাপী

সর্ব্বমাপূর্য্য তেজোভিস্তদা জগদিদং শনৈঃ ॥১৯॥
অর্চ্চির্ভিঃ সংবৃতে তস্মিন্ তির্য্যগূর্দ্ধমধস্তথা ।
জ্যোতিষোঽপি পরং রূপং বায়ুরত্তি প্রভাকরম্ ॥২০॥
প্রলীনে চ ততস্তস্মিন্ বায়ুভূতেঽখিলাত্মনি ।
প্রনষ্টে রূপতন্মাত্রে হৃতরূপো বিভাবসুঃ ॥২১॥
প্রশাম্যতি তদা জ্যোতির্বায়ুর্দ্দোধূয়তে মহান্ ।
নিরালোকে তদা লোকে বায়ববস্থে চ তেজসি ॥২২॥
ততস্তু মূলমাসাদ্য বায়ুঃ সম্ভবমাত্মনঃ ।
ঊর্দ্ধঞ্চাধশ্চ তির্য্যক্ চ দোধবীতি দিশো দশ ॥২৩॥
বায়োরপি গুণং স্পর্শমাকাশো গ্রসতে পুনঃ ।
প্রশাম্যতি ততো বায়ুঃ খং তু তিষ্ঠত্যনাবৃতম্ ॥২৪॥

হইয়া সকল স্থানের জল গ্রাস করিতে থাকে। [১৯] এইরূপে যখন তেজোদ্বারা নিম্ন, ঊর্দ্ধ ও চতুর্দ্দিক সমাচ্ছাদিত হয়, তৎকালে বায়ু প্রভার আকর ঐ জ্যোতিঃপদার্থ গ্রাস করিতে আরম্ভ করে। [২০] এইরূপে রূপতন্মাত্র বায়ুরূপে প্রলীন ও প্রনষ্ট হইলে তেজঃপদার্থ রূপহীন হইয়া লয় প্রাপ্ত হয়। [২১] এইরূপে যখন জগৎ তেজোহীন হয়, এবং তেজঃপদার্থ বায়ুতে লীন হইয়া যায়, তখন ঘোর অন্ধকারময় জগতে কেবল বায়ুই প্রবাহিত হইতে থাকে। [২২] অনন্তর বায়ু আপনার উৎপত্তি স্থান অনন্ত আকাশ প্রাপ্ত হইয়া তুমুল শব্দে ঊর্দ্ধ অধঃ ও চতুর্দ্দিকে ধাবমান হইতে থাকে। [২৩] অনন্তর আকাশ বায়ুর স্পর্শগুণকে গ্রাস করিলে, বায়ু বিধ্বস্ত হয় এবং একমাত্র আকাশ বিদ্যমান থাকে। [২৪] তৎকালে রূপ, রস,

অরূপমরসস্পর্শমগন্ধং ন চ মূর্ত্তিমৎ।
সর্ব্বমাপূরয়চ্চৈতৎ সুমহৎ সংপ্রকাশতে ॥২৫॥
পরিমণ্ডলং তচ্ছুষিরমাকাশং শব্দলক্ষণম্।
শব্দমাত্রং তদাকাশং সর্ব্বমাবৃত্য তিষ্ঠতি ॥২৬॥
ততঃ শব্দং গুণং তস্য ভূতাদিগ্রসতে পুনঃ।
ভূতেন্দ্রিয়েষু যুগপদ্ভূতাদৌ সংস্থিতেষু বৈ ॥২৭॥
অভিমানাত্মকো হ্যেষ ভূতাদিস্তামসঃ স্মৃতঃ।
ভূতাদিং গ্রসতে চাপি মহান্ বৈ বুদ্ধিলক্ষণঃ ॥২৮॥
উর্বী মহাংশ্চ জগতঃ প্রান্তেঽন্তর্বাহ্যতস্তথা।
এবং সপ্ত মহাবুদ্ধে ক্রমাৎ প্রকৃতয়স্তু বৈ ॥২৯॥

গন্ধ, স্পর্শ, এই কএকটী গুণ, অথবা কোন মূর্ত্তিমান্ পদার্থ কিছুই দৃষ্ট হয় না। একমাত্র আকাশ সমুদায় স্থান পরিপূরিত করিয়া অবস্থান করে।[২৫] তৎকালে চতুর্দ্দিকে গোলাকার মহাগহ্বরসদৃশ শব্দায়মান শব্দতন্মাত্রস্বরূপ আকাশ সমুদায় স্থান ব্যাপিয়া অবস্থান করে।[২৬] অনন্তর একাদশ ইন্দ্রিয় অহঙ্কারে লীন হইলে, ঐ অহঙ্কার আকাশের শব্দগুণ গ্রাস করিতে থাকে।[২৭] এই সময় অভিমানাত্মক তমোগুণময় অহঙ্কারে জগৎ পরিব্যাপ্ত হয়। অনন্তর বুদ্ধিস্বরূপ মহত্তত্ত্ব অহঙ্কার তত্ত্বকে গ্রাস করে।[২৮]

এই জগতের মধ্যস্থলে পৃথিবী ও সর্ব্বপ্রান্তভাগে মহত্তত্ত্বের আবরণ আছে। এই সমুদায় সপ্ত প্রকৃতি শব্দে উল্লিখিত হইয়া থাকে। অর্থাৎ মধ্য স্থলে পৃথিবী, তাহার চতুর্দ্দিকে জলের আবরণ, তাহার চতুর্দ্দিকে তেজের আবরণ,

প্রত্যাহারে তু তাঃ সর্ব্বাঃ প্রবিশন্তি পরস্পরম্।
যেনেদমাবৃতং সর্ব্বমণ্ডমপ্সু প্রলীয়তে ॥৩০॥
সপ্তদ্বীপসমুদ্রান্তং সপ্তলোকং সপর্ব্বতম্।
উদকাবরণং যত্তু জ্যোতিষা পীয়তে তু তৎ ॥৩১॥
জ্যোতির্বায়ৌ লয়ং যাতি যাত্যাকাশে সমীরণঃ।
আকাশঞ্চৈব ভূতাদির্গ্রসতে তং তদা মহান্ ॥৩২॥
মহান্তমেভিঃ সহিতং প্রকৃতির্গ্রসতে দ্বিজ।
গুণসাম্যমনুদ্রিক্তমন্যূনঞ্চ মহামুনে ॥৩৩॥
প্রোচ্যতে প্রকৃতির্হেতুঃ প্রধানং কারণং পরম্।
ইত্যেষা প্রকৃতিঃ সর্ব্বা ব্যক্তাব্যক্তস্বরূপিণী ॥৩৪॥

তাহার চতুর্দ্দিকে বায়ুর আবরণ, তাহার চতুর্দ্দিকে আকাশের আবরণ, তাহার চতুর্দ্দিকে অহঙ্কারের আবরণ, তাহার চতুর্দ্দিকে মহত্তত্ত্বের আবরণ আছে। এই সপ্ত পদার্থকে সপ্ত প্রকৃতি বলে।[২৯] যে সময় মহাপ্রলয়কাল উপস্থিত হয়, তৎকালে এই সপ্ত প্রকৃতি স্বস্ব কারণ স্বরূপ পর পর আবরণে প্রবিষ্ট হইতে থাকে। প্রথমত ভূমণ্ডল জলে প্রলীন হয়।[৩০] সপ্ত দ্বীপ, সপ্ত সমুদ্র, সপ্ত লোক, সপ্ত পর্ব্বত, এতৎসমবেত জলাবরণ, তেজঃপদার্থের আবরণে লীন হইয়া যায়।[৩১] পরে তেজঃপদার্থ, স্বীয় কারণ ও আবরণ স্বরূপ বায়ুতে লয় প্রাপ্ত হইয়া থাকে। পরে ঐ বায়ু আকাশে লীন হয়। পরে আকাশের আবরণ অহঙ্কার আকাশকে গ্রাস করে। অহঙ্কারও স্বীয় আবরণ স্বরূপ মহত্তত্ত্বে লীন হয়।[৩২] অনন্তর প্রকৃতি এতৎসহকৃত মহত্তত্ত্বকে গ্রাস করে। মহর্ষে! এই

ব্যক্তস্বরূপমব্যক্তে তস্মিন্ মৈত্রেয় ! লীয়তে।
একঃ শুদ্ধাক্ষরো নিত্যঃ সর্ব্বব্যাপী তথা পুমান্।
সোঽপ্যংশঃ সর্ব্বভূতস্য মৈত্রেয় ! পরমাত্মনঃ ॥৩৫॥
ন সন্তি যত্র সর্ব্বেশে নামজাত্যাদিকল্পনাঃ।
সত্তামাত্রাত্মকে জ্ঞেয়ে জ্ঞানাত্মন্যাত্মনঃ পরে ॥৩৬॥
স ব্রহ্ম তৎ পরং ধাম পরমাত্মা স চেশ্বরঃ।
স বিষ্ণুঃ সর্ব্বমেবেদং যতো নাবর্ত্ততে যতিঃ ॥৩৭॥
প্রকৃতির্যা ময়া খ্যাতা ব্যক্তাব্যক্তস্বরূপিণী।
পুরুষশ্চাপ্যুভাবেতৌ লীয়েতে পরমাত্মনি ॥৩৮॥

প্রকৃতি গুণত্রয়ের সাম্যাবস্থা স্বরূপ চেষ্টাশূন্য ও ক্ষয়শূন্য। [৩৩] এই প্রকৃতি সকলের হেতু ও সমুদায় সৃষ্টির প্রধান কারণ। ইহা হইতে সমুদায় উৎপন্ন হইয়াছে। এই সর্ব্বমূল প্রকৃতি দুই প্রকার। কার্য্যস্বরূপা ও কারণস্বরূপা। [৩৪] মৈত্রেয় ! প্রকৃতির কার্য্যস্বরূপ কারণস্বরূপে লয় প্রাপ্ত হয়। মৈত্রেয় ! [এই প্রকৃতি হইতে পৃথক এক পুরুষ আছেন,] তিনি শুদ্ধ, অব্যয়, নিত্য ও সর্ব্বব্যাপী। এই পুরুষও সর্ব্বভূতময় পরমাত্মার অংশ।[৩৫] সেই পরমাত্মা সকলের ঈশ্বর। তাঁহাতে নাম জাতি প্রভৃতির কল্পনা হইতে পারে না। তিনি সৎস্বরূপ, সত্তামাত্র দ্বারা পরিজ্ঞেয়। তিনি জ্ঞানাত্মক, তিনি আত্মা হইতেও শ্রেষ্ঠ। [৩৬] তিনি ব্রহ্ম, তিনি পরম ধন, তিনি বিষ্ণু, তিনি পরমাত্মা, তিনি ঈশ্বর, এই জগৎপ্রপঞ্চ তাঁহারই রূপভেদ হইতেছে ! মুমুক্ষু যোগিগণ তাঁহাতে লয় প্রাপ্ত হইলে, পুনর্ব্বার আর প্রতিনিবৃত্ত হয় না। [৩৭]

পরমাত্মা চ সর্ব্বেষামাধারঃ পরমেশ্বরঃ।
বিষ্ণুর্নাম্না স বেদেষু বেদান্তেষু চ গীয়তে ॥৩৯॥
প্রবৃত্তঞ্চ নিবৃত্তঞ্চ দ্বিবিধং কর্ম্ম বৈদিকম্।
তাভ্যামুভাভ্যাং পুরুষৈঃ সর্ব্বমূর্ত্তিঃ স ইজ্যতে ॥৪০॥
ঋগ্‌যজুঃসামভির্ম্মার্গৈঃ প্রবৃত্তৈরিজ্যতে হ্যসৌ।
যজ্ঞেশ্বরো যজ্ঞপুমান্ পুরুষৈঃ পুরুষোত্তমঃ ॥৪১॥
জ্ঞানাত্মা জ্ঞানযোগেন জ্ঞানমূর্ত্তিঃ স চেজ্যতে।
নিবৃত্তৈর্যোগিভির্ম্মার্গৈর্বিষ্ণুর্মুক্তিফলপ্রদঃ ॥৪২॥
হ্রস্বদীর্ঘপ্লুতৈর্যত্তু কিঞ্চিদ্বস্ত্বভিযুজ্যতে।

আমি যে তোমার নিকট ব্যক্তস্বরূপা ও অব্যক্তস্বরূপা প্রকৃতির বিষয় কহিলাম, এই প্রকৃতি এবং পুরুষ উভয়ই পরমাত্মাতেই লীন হয়। [৩৮] পরমাত্মা সকলের আধার, তিনি বেদে ও বেদান্তে পরমেশ্বর ও বিষ্ণু নামে স্তূয়মান হইয়া থাকেন। [৩৯] বৈদিক কর্ম্ম দুই প্রকার, প্রবৃত্তিমূলক অর্থাৎ স্বর্গাদি সুখসাধক, নিবৃত্তিমূলক অর্থাৎ মোক্ষসাধক। পুরুষগণ এই প্রবৃত্তিরূপ ও নিবৃত্তিরূপ বৈদিক ক্রিয়াকলাপ দ্বারা সেই সর্ব্বমূর্ত্তিময় বিষ্ণুর অর্চ্চনা করিয়া থাকে। [৪০] যে সকল পুরুষ প্রবৃত্তি মার্গে দণ্ডায়মান থাকে, তাহারা ঋক্‌বেদ, যজুর্ব্বেদ ও সামবেদ দ্বারা সেই যজ্ঞেশ্বর যজ্ঞপুরুষ পুরুষোত্তমের অর্চ্চনা করে। [৪১] যে সকল যোগী নিবৃত্তিমার্গে অর্থাৎ মোক্ষপথে ধাবমান হন, তাঁহারা জ্ঞানযোগ

যচ্চ বাচামবিষয়ে তৎসর্ব্বং বিষ্ণুরব্যয়ঃ ॥৪৩॥
ব্যক্তং স এব চাব্যক্তং স এব পুরুষোহব্যয়ঃ।
পরমাত্মা স বিশ্বাত্মা বিশ্বরূপধরো হরিঃ ॥৪৪॥
ব্যক্তাব্যক্তাত্মিকা তস্মিন্ প্রকৃতিঃ সংপ্রলীয়তে।
পুরুষশ্চাপি মৈত্রেয়! ব্যাপিন্যব্যাহতাত্মনি ॥৪৫॥
দ্বিপরার্দ্ধাত্মকঃ কালঃ কথিতো যো মযা তব।
তদহস্তস্য মৈত্রেয়! বিষ্ণোরীশস্য কথ্যতে ॥৪৬॥
ব্যক্তে চ প্রকৃতৌ লীনে প্রকৃত্যাং পুরুষে তথা।
তত্র স্থিতে নিশা চান্যা তৎপ্রমাণা মহামুনে ॥৪৭॥

দ্বারা সেই জ্ঞানাত্মা জ্ঞানমূর্ত্তি মুক্তিফলদায়ক বিষ্ণুর অর্চ্চনা করিয়া থাকেন।[৪২] যে সকল বস্তু হ্রস্ব, দীর্ঘ ও প্লুত শব্দে ব্যবহৃত হয়, যে সকল বস্তু বাক্যেরও অগোচর, তাহাও সেই অব্যয় বিষ্ণু হইতে পৃথক্ নহে।[৪৩] সেই হরি ব্যক্তস্বরূপ ও অব্যক্তস্বরূপ। তিনি অব্যয় পুরুষ ও পরমাত্মা। তিনি বিশ্বরূপধারী ও বিশ্বের আত্মাস্বরূপ।[৪৪] মৈত্রেয়! তাঁহার পরিণাম নাই, তিনি সর্ব্বব্যাপী ব্যক্তস্বরূপ ও অব্যক্তস্বরূপ। প্রকৃতি এবং পুরুষ তাঁহাতেই লয়প্রাপ্ত হয়।[৪৫]

মৈত্রেয়! আমি তোমার নিকট যে দ্বিপরার্দ্ধাত্মক কালের পরিমাণ কহিলাম, তাহাতে জগদীশ্বর বিষ্ণুর এক দিবস হইয়া থাকে।[৪৬] মহর্ষে! যৎকালে ব্যক্ত সমুদায় জগৎ প্রকৃতিতে লয়-প্রাপ্ত হয় এবং প্রকৃতি ও পুরুষ সেই বাসুদেবে লীন হইয়া যায়, তখন তাদৃশ দিবস পরিমিত দীর্ঘ রাত্রি হইয়া থাকে।[৪৭] দ্বিজ! সেই নিত্য পরমাত্মা বিষ্ণুর সম্বন্ধে যদিও প্রকৃত প্রস্তাবে দিবা-

নৈবাহস্তস্য ন নিশা নিত্যস্য পরমাত্মনঃ ।
উপচারস্তথাপ্যেষ তস্যেশস্য দ্বিজোচ্যতে ॥৪৮॥
ইত্যেষ তব মৈত্রেয় কথিতঃ প্রাকৃতো লয়ঃ ।
আত্যন্তিকমিতো ব্রহ্মন্নিবোধ প্রতিসঞ্চরম্ ॥৪৯॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে ষষ্ঠেঽংশে
চতুর্থোঽধ্যায়ঃ ।

রাত্রি কিছুই নাই, তথাপি সর্ব্বোৎকর্ষ প্রতিপাদনের নিমিত্ত সেই পরমেশ্বরের সম্বন্ধে দিবা ও রাত্রি ব্যবহৃত হইয়া থাকে।[৪৮] মৈত্রেয়! এই আমি তোমার নিকট প্রাকৃত প্রলয়ের স্বরূপ বর্ণন করিলাম। ব্রহ্মন্! এক্ষণে আত্যন্তিক প্রলয়ের বিবরণ বলিতেছি, শ্রবণ কর।[৪৯]

বিষ্ণুপুরাণ ষষ্ঠাংশ চতুর্থ অধ্যায়।
সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

ষষ্ঠোঽংশঃ।

পঞ্চমোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

আধ্যাত্মিকাদি মৈত্রেয় জ্ঞাত্বা তাপত্রয়ং বুধঃ।
উৎপন্নজ্ঞানবৈরাগ্যঃ প্রাপ্নোত্যাত্যন্তিকং লয়ম্ ॥১॥
আধ্যাত্মিকো বৈ দ্বিবিধঃ শারীরো মানসস্তথা।
শারীরো বহুভির্ভেদৈর্ভিদ্যতে শ্রূয়তাঞ্চ সঃ ॥২॥
শিরোরোগপ্রতিশ্যায়জ্বরশূলভগন্দরৈঃ।
গুল্মার্শঃ শ্বাসশ্বপথুচ্ছর্দ্দ্যাদিভিরনেকধা ॥৩॥

পরাশর কহিলেন। পণ্ডিতগণ আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক তাপত্রয়ে অভিভূত হইলে, যৎকালে তাঁহাদের বৈরাগ্য ও তত্ত্বজ্ঞানের উদয় হয়, তখন তাঁহারা আত্যন্তিক লয় অর্থাৎ মুক্তিলাভ করিয়া থাকেন।[১] আধ্যাত্মিক দুঃখ দুই প্রকার, শারীরিক ও মানসিক। শারীরিক দুঃখও নানাভেদে বিভক্ত। তাহার বিবরণ বলিতেছি, শ্রবণ কর।[২] শিরোরোগ, প্রতিশ্যায় অর্থাৎ পীনস রোগ, জ্বররোগ, শূলরোগ, ভগন্দর রোগ, গুল্মরোগ, অর্শরোগ, শ্বাসরোগ, শোথরোগ, ছর্দিরোগ,[৩] নেত্ররোগ, অতীসার রোগ, কুষ্ঠরোগ, অঙ্গাময়

তথাক্ষিরোগাতীসারকুষ্ঠাঙ্গাময়সংজ্ঞকৈঃ।
ভিদ্যতে দেহজস্তাপো মানসং শ্রোতুমর্হসি ॥৪॥
কামক্রোধভয়দ্বেষলোভমোহবিষাদজঃ।
শোকাসূয়াবমানের্ষ্যামাৎসর্য্যাদিভবস্তথা ॥৫॥
মানসোঽপি দ্বিজশ্রেষ্ঠ! তাপো ভবতি নৈকধা।
ইত্যেবমাদিভির্ভেদৈস্তাপো হ্যাধ্যাত্মিকঃ স্মৃতঃ ॥৬॥
মৃগপক্ষিমনুষ্যাদ্যৈঃ পিশাচোরগরাক্ষসৈঃ।
সরীসৃপাদ্যৈশ্চ নৃণাং জন্যতে চাধিভৌতিকঃ ॥৭॥
শীতোষ্ণবাতবর্ষাম্বুবিদ্যুদাদিসমুদ্ভবঃ।
তাপো দ্বিজবরশ্রেষ্ঠ কথ্যতে চাধিদৈবিকঃ ॥৮॥
গর্ভজন্মজরাজ্ঞানমৃত্যুনারকজং তথা।

অর্থাৎ বাত, জলোদর প্রভৃতি রোগ, ইত্যাদি নানাপ্রকার শারীরিক তাপ আছে। এক্ষণে মানসিক তাপ বলিতেছি, শ্রবণ কর।[৪] কাম, ক্রোধ, ভয়, দ্বেষ, লোভ, মোহ, বিষাদ, শোক, অসূয়া, অবমান, ঈর্ষ্যা, মাৎসর্য্য ইত্যাদি নানা কারণে মানসিক তাপ নানাপ্রকার হইয়া থাকে। দ্বিজশ্রেষ্ঠ! এইরূপে আধ্যাত্মিক তাপ অনেক প্রকারে উৎপন্ন হয়।[৬]

মৃগ, পক্ষী, মনুষ্য, পিশাচ, উরগ, রাক্ষস, সরীসৃপ প্রভৃতি নানাপ্রকার প্রাণী হইতে আধিভৌতিক তাপের উৎপত্তি হইয়া থাকে।[৭] দ্বিজশ্রেষ্ঠ! শীত, গ্রীষ্ম, বায়ু, বর্ষা, বিদ্যুৎ, এতৎপ্রভৃতি হইতে আধিদৈবিক তাপের উদ্ভব হয়।[৮] মহর্ষে! গর্ব্ভজনিত ক্লেশ, জন্মজনিত ক্লেশ, জরাজনিত ক্লেশ, মৃত্যুজনিত ক্লেশ, নরকসম্ভূত ক্লেশ ইত্যাদি নানারূপে পূর্ব্বোক্ত

দুঃখং সহস্রশো ভেদৈর্ভিদ্যতে মুনিসত্তম ॥৯॥
সুকুমারতনুর্গর্ভে জন্তুর্বহুমলাবৃতে।
উল্বসংবেষ্টিতো ভুগ্নপৃষ্ঠগ্রীবাস্থিসংহতিঃ ॥১০॥
অত্যম্লকটুতীক্ষ্ণোষ্ণলবণৈর্ম্মাতৃভোজনৈঃ।
অতিতাপিভিরত্যর্থং বর্দ্ধমানাতিবেদনঃ ॥১১॥
প্রসারণাকুঞ্চনাদের্নাঙ্গানাং প্রভুরাত্মনঃ।
শকৃন্মূত্রমহাপঙ্কশায়ী সর্ব্বত্র পীড়িতঃ ॥১২॥
নিরুচ্ছ্বাসঃ সচৈতন্যঃ স্মরন্ জন্মশতান্যথ।
আস্তে গর্ভেঽতিদুঃখেন নিজকর্ম্মনিবন্ধনঃ ॥১৩॥
জায়মানঃ পুরীষাসৃক্‌মূত্রশুক্রাবিলাননঃ।
প্রাজাপত্যেন বাতেন পীড্যমানাস্থিবন্ধনঃ ॥১৪॥

দুঃখত্রয় নানা ভেদে বিভক্ত হইয়া থাকে।[৯] সুকুমারশরীর প্রাণিগণ বহুবিধ মলযুক্ত জরায়ুবেষ্টিত গর্ব্ভে একরূপে অবস্থিতি করে যে, তাহাদের পৃষ্ঠ, গ্রীবা, অস্থি প্রভৃতি ভুগ্ন অর্থাৎ বক্র হইয়া থাকে।[১০] সেই গর্ব্ভাবস্থায় যদি মাতা অম্ল, কটু, তীক্ষ্ণ, উষ্ণ, লবণ প্রভৃতি ক্লেশদায়ক বস্তু অধিক পরিমাণে ভক্ষণ করেন, তাহা হইলে ঐ গর্ব্ভস্থ বালকের ক্লেশের পরিসীমা থাকে না।[১১] গর্ব্ভস্থ শিশুগণ আপনার অঙ্গ প্রসারিত বা আকুঞ্চিত করিতে সমর্থ হয় না। তৎকালে তাহারা বিষ্ঠা ও মূত্ররূপ মহাপঙ্কে শয়ন করিয়া সর্ব্বতোভাবে পীড়িত হইতে থাকে।[১২] তৎকালে তাহাদের চৈতন্য থাকে বটে, কিন্তু নিশ্বাস প্রশ্বাস ত্যাগ করিতে সমর্থ হয় না। তৎকালে জীব নিজ নিজ কর্ম্ম-দ্বারা অতিদুঃখে গর্ব্ভে অবস্থান পূর্ব্বক শত জন্মের বৃত্তান্ত

অধোমুখো বৈ ক্রিয়তে প্রবলৈঃ সূতিমারুতৈঃ।
ক্লেশৈর্ন্নিস্ক্রান্তিমাপ্নোতি জঠরান্মাতুরাতুরঃ ॥১৫॥
মূর্চ্ছামবাপ্য মহতীং সংস্পৃষ্টো বাহ্যবায়ুনা।
বিজ্ঞানভ্রংশমাপ্নোতি জাতশ্চ মুনিসত্তম! ॥১৬॥
কণ্টকৈরিব তুন্নাঙ্গঃ ক্রকচৈরিব দারিতঃ।
পূতিব্রণান্নিপতিতো ধরণ্যাং ক্রিমিকো যথা ॥১৭॥
কণ্ডুয়নে চাপ্যশক্তঃ পরিবর্ত্তেঽপ্যনীশ্বরঃ।
স্তন্যপানাদিকাহারমবাপ্নোতি পরেচ্ছয়া ॥১৮॥
অশুচিঃ প্রস্তরে সুপ্তঃ কীটদংশাদিভিস্তথা।

স্মরণ করিতে থাকে।[১৩] জীব যখন পুরীষ, শোণিত, মূত্র, শুক্র, প্রভৃতি দ্বারা লিপ্তশরীর হইয়া, জন্ম পরিগ্রহ করে, তৎকালে প্রজাপতিবিনিযুক্ত গর্ত্তসংকোচক বায়ুদ্বারা অস্থিবন্ধন সমুদায় নিপীড়িত হওয়াতে সাতিশয় ক্লিশ্যমান হইতে থাকে।[১৪] তৎকালে প্রসূতিবায়ু দ্বারা জীব অধোমুখ হইয়া মাতৃজঠর হইতে অতিক্লেশে নিষ্ক্রান্ত হয়।[১৫] মহর্ষে! যৎকালে জীব ভূমিষ্ঠ হয়, তৎকালে বাহ্য বায়ু কর্ত্তৃক স্পৃষ্ট হওয়াতে মূর্চ্ছান্বিত হইয়া জ্ঞান ও স্মৃতিশক্তিহীন হইয়া পড়ে।[১৬] জীব যখন দুর্গন্ধময় ব্রণবৎ পদার্থ হইতে ক্রিমির ন্যায় পৃথিবীতে নিপতিত হয়, তখন তাহার বোধ হইতে থাকে যেন শরীর কণ্টক অর্থাৎ অস্ত্রবিশেষ দ্বারা খণ্ড খণ্ড হইতেছে, ক্রকচ দ্বারা বিদারিত হইয়া যাইতেছে।[১৭] তৎকালে সে নিজ শরীর কণ্ডূয়নে সমর্থ হয় না, পার্শ্ব পরিবর্ত্ত করিতেও পারে না। পরের ইচ্ছানুসারে স্তন্যপানরূপ আহার প্রাপ্ত হইয়া থাকে।[১৮] তৎকালে জীব অশুচি হইয়া প্রস্তর খণ্ডে

ভক্ষ্যমাণোঽপি নৈবেষাং সমর্থো বিনিবারণে ॥১৯॥
জন্মদুঃখান্যনেকানি জন্মনোঽনন্তরাণি বৈ।
বালভাবে যদাপ্নোতি আধিভৌতাদিকানি চ ॥২০॥
অজ্ঞানতমসাচ্ছন্নো মূঢ়ান্তঃকরণো নরঃ।
ন জানাতি কুতঃ কোঽহং ক্কাহং গন্তা কিমাত্মকঃ ॥২১॥
কেন বন্ধেন বদ্ধোঽহং কারণং কিমকারণম্।
কিং কার্য্যং কিমকার্য্যং বা কিং বাচ্যং কিন্ন বোচ্যতে ॥২২
কোঽধর্ম্মঃ কশ্চ বৈ ধর্ম্মঃ কস্মিন্ বর্ত্তেত বা কথম্।
কিং কর্ত্তব্যমকর্ত্তব্যং কিংবা কিং গুণদোষবৎ ॥২৩॥

শয়ন করে। কীট, দংশ প্রভৃতি দংশন করিলেও তাহাদিগকে নিবারণ করিতে সমর্থ হয় না।[১৯] এইরূপে এক জন্মের -পর জন্মান্তর পরিগ্রহ কালে বহুবিধ দুঃখ ভোগ করিয়া বাল্যকালেও নানাবিধ আধিভৌতিক দুঃখ ভোগ করিয়া থাকে।[২০] তৎকালে সে এত দূর অজ্ঞান-তমসাচ্ছন্ন ও মুগ্ধান্তঃকরণ হইয়া পড়ে যে, আমি কে, কোথা হইতে আসিয়াছি, কোথায় আছি ও কোথায় গমন করিব, এবং আমার স্বরূপ কি? ইহা জানিতে পারে না।[২১]

তৎকালে তাহার এরূপ জ্ঞানও থাকে না যে, আমি কিরূপ বন্ধনে বদ্ধ হইয়াছি। কোন্‌টী কারণ, কোন্‌টী অকারণ, কোন্‌টী কার্য্য, কোন্‌টী অকার্য্য, কোন্‌টী বক্তব্য, কোন্‌টী অবক্তব্য, [২২] কোন্‌টী ধর্ম্ম, কোন্‌টী অধর্ম্ম, কোন্ পথে কিরূপে দণ্ডায়মান থাকা উচিত, কোন্ কার্য্য কর্ত্তব্য, কোন্ কার্য্য অকর্ত্তব্য, কাহার কি গুণ, কাহার কি দোষ,

এবং পশুসমৈর্মূঢ়ৈরজ্ঞানপ্রভবং মহৎ।
অবাপ্যতে নরৈর্দুঃখং শিশ্নোদরপরায়ণৈঃ ॥২৪॥
অজ্ঞানং তামসো ভাবঃ কার্য্যারম্ভাঃ প্রবৃত্তয়ঃ।
অজ্ঞানিনাং প্রবর্ত্তন্তে কর্ম্মলোপাস্ততো দ্বিজ! ॥২৫॥
নরকং কর্ম্মণাং লোপাৎ ফলমাহুর্ম্মহর্ষয়ঃ।
তস্মাদজ্ঞানিনাং দুঃখমিহ চামুত্র চোত্তমম্ ॥২৬॥
জরাজর্জ্জরদেহশ্চ শিথিলাবয়বঃ ক্রমাৎ।
বিগলচ্ছীর্ণদশনো বলী স্নায়ুশিরাবৃতঃ ॥২৭॥
দূরপ্রনষ্টনয়নো ব্যোমান্তর্গততারকঃ।
নাসাবিবরনির্যাতলোমপুঞ্জশ্চলদ্বপুঃ ॥২৮॥

[ইহাও জাত হইতে সমর্থ হয় না।][২৩] জীবগণ এইরূপে পশুসদৃশ মূঢ় ও শিশ্নোদর-পরায়ণ হইয়া অজ্ঞান জনিত মহাদুঃখ ভোগ করিতে থাকে।[২৪] দ্বিজ! অজ্ঞান তমোগুণের কার্য্য। অজ্ঞানতা নিবন্ধন ধর্ম্ম কর্ম্মে প্রবৃত্তি থাকে না, এই কারণে অজ্ঞান ব্যক্তিদিগের বেদবিহিত কর্ম্ম সমুদায় লুপ্ত হয়।[২৫] মহর্ষিগণ বলিয়াছেন যে, বেদবিহিত কর্ম্মের লোপ করিলে নরক প্রাপ্ত হইতে হয়। এই কারণে অজ্ঞান ব্যক্তিরা ইহলোকে ও পরলোকে যার পর নাই দুঃখ ভোগ করে।[২৬]

মানবগণ যখন বার্দ্ধক্য দশা প্রাপ্ত হয়, তৎকালে তাহাদের সমুদায় অবয়ব শিথিল হইয়া যায়। শরীর জরা দ্বারা জর্জ্জর হইয়া পড়ে। বৃদ্ধদিগের দন্ত শীর্ণ হইয়া বিগলিত হইতে থাকে। তাহাদের শরীর বলি, স্নায়ু ও শিরা দ্বারা আবৃত হয়।[২৭] তাহাদের চক্ষু এরূপ তেজোহীন হয় যে,

প্রকটীকৃতসর্ব্বাস্থির্নতপৃষ্ঠাস্থিসংহতিঃ।
উৎসন্নজঠরাগ্নিত্বাদল্পাহারোঽল্পচেষ্টিতঃ॥২৯॥
কৃচ্ছ্রচংক্রমণোত্থানশয়নাসনচেষ্টিতঃ।
মন্দীভবচ্ছ্রোত্রনেত্রঃ স্রবল্লালাবিলাননঃ॥৩০॥
অনায়ত্তৈঃ সমস্তৈশ্চ করণৈর্ম্মরণোন্মুখঃ।
তৎক্ষণেঽপ্যনুভূতানামস্মর্ত্তাখিলবস্তুনাম্* ॥৩১॥
সকৃদুচ্চরিতে বাক্যে সমুদ্ভূতমহাশ্রমঃ।
শ্বাসকাশমহায়াসসমুদ্ভূতপ্রজাগরঃ॥৩২॥
অন্যোনোত্থাপ্যতেঽন্যেন তথা সংবেশ্যতে জরী।

ক্ষুদ্র বস্তু কিছুই দেখিতে পায় না। চক্ষুর তারা নিম্নগত হয়। তাহাদিগের নাসাবিবর হইতে লোমপুঞ্জ নির্গত হইয়া পড়ে। শরীর সর্ব্বদা কম্পিত হইতে থাকে।[২৮] তাহাদিগের সমুদায় অস্থি প্রকটিত হয়। পৃষ্ঠাস্থির সমুদায় সন্ধিস্থল বক্রভাব ধারণ করে। তাহাদিগের জঠরাগ্নি বিধ্বস্ত হওয়াতে যথোপযুক্ত আহার বা কার্য্য করিতে সমর্থ হয় না।[২৯] বৃদ্ধগণ অতিকষ্টে গমন উত্থান শয়ন উপবেশন প্রভৃতি কার্য্য করিতে সমর্থ হয়। তাহাদের শ্রবণশক্তি ও দর্শনশক্তি অতীব ক্ষীণ হইয়া পড়ে। তাহাদিগের মুখে লাল নির্গত হওয়াতে, তাহারা সর্ব্বদা অপরিষ্কৃত অবস্থায় অবস্থান করে।[৩০] তাহাদের কোন ইন্দ্রিয়ই আয়ত্ত থাকে না। তাহারা মৃত্যুর সম্মুখবর্ত্তী হইয়া অবস্থান করে। তাহারা কিঞ্চিৎ পূর্ব্বে যে বস্তু দেখিয়াছে বা যাহা শুনিয়াছে, তাহাও তাহাদের স্মৃতিপথে আরূঢ় হয় না।[৩১] একটীমাত্র কথা উচ্চারণ করি-

* বস্তুনাম্ ইতি বহুষু পুস্তকেষু দৃশ্যতে।৩১

ভৃত্যাত্মপুত্রদারাণামবমানাস্পদীকৃতঃ ॥৩৩॥
প্রক্ষীণাখিলশৌচশ্চ বিহারাহারসস্পৃহঃ।
হাস্যঃ পরিজনস্যাপি নির্ব্বিণ্ণাশেষবান্ধবঃ ॥৩৪॥
অনুভূতমিবান্যস্মিন্ জন্মন্যাত্মবিচেষ্টিতম্।
সংস্মরন্ যৌবনে দীর্ঘং নিশ্বসিত্যতিতাপিতঃ ॥৩৫॥
এবমাদীনি দুঃখানি জরায়ামনুভূয় বৈ।
মরণে যানি দুঃখানি প্রাপ্নোতি শৃণু তান্যপি ॥৩৬॥
শ্লথগ্রীবাংঘ্রিহস্তোঽথ ব্যাপ্তো বেপথুনা ভৃশম্।
মুহুগ্লানিপরবশো মুহুর্জ্ঞানলবান্বিতঃ ॥৩৭॥

তেও তাহারা অত্যন্ত শ্রান্ত হইয়া পড়ে। শ্বাস কাশ প্রভৃতি দ্বারা মহা আয়াস হওয়াতে রাত্রিকালে তাহাদের নিদ্রা হয় না।[৩২] জরাগ্রস্ত ব্যক্তিকে অন্য ব্যক্তি উত্থাপিত করে, এবং অন্য ব্যক্তি উপবেশন করাইয়া দেয়। আপনার পুত্র, স্ত্রী, ভৃত্য, ইহারা সকলেই বৃদ্ধের প্রতি অবমাননা করিয়া থাকে।[৩৩] বৃদ্ধ ব্যক্তি শৌচ কর্ম্মের অনুষ্ঠান করিতে সমর্থ হয় না। তাহারা আহার বিহারে স্পৃহাবান্ হয়। তাহাদের পূর্ব্বকার বন্ধু বান্ধব সকলেই প্রায় নিঃশেষিত হয়। পরিজনগণও তাহাদিগকে পরিত্যাগ করে।[৩৪] তাহারা জন্মান্তরে অনুভূত বিষয়ের ন্যায় যৌবন কালের বিষয় সমুদায় স্মরণ করিয়া সাতিশয় পরিতপ্ত হৃদয়ে দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিতে থাকে।[৩৫] মানবগণ বার্দ্ধক্যাবস্থায় এতৎপ্রভৃতি নানাবিধ দুঃখ সমুদায় ভোগ করিয়া মরণকালে যে সমুদায় দুঃখ অনুভব করে, তাহার বিবরণ বলিতেছি, শ্রবণ কর।[৩৬]

হিরণ্যধান্যতনয়ভার্য্যাভৃত্যগৃহাদিষু।
এতে কথং ভবিষ্যন্তি মমেতি মমতাকুলঃ ॥৩৮॥
মর্ম্মভিদ্ভির্মহারোগৈঃ ক্রকচৈরিব দারুণৈঃ।
শরৈরিবান্তকস্যোগ্রৈশ্ছিদ্যমানাস্থিবন্ধনঃ ॥৩৯॥
বিবর্ত্তমানতারাক্ষিহস্তপাদং মুহুঃ ক্ষিপন্।
সংশুষ্যমাণতাল্বোষ্ঠকণ্ঠো ঘুরঘুরায়তে ॥৪০॥
নিরুদ্ধকণ্ঠো দোষৌঘৈরুদানশ্বাসপীড়িতঃ।
তাপেন মহতা ব্যাপ্তস্তৃষা চার্ত্তস্তথা ক্ষুধা ॥৪১॥

মৃত্যুকালে প্রাণিগণের গ্রীবা, পদ, হস্ত এতৎসমুদায় শ্লথ হইয়া পড়ে, এবং ভীষণ কম্প উপস্থিত হইতে থাকে। কখন কখন অল্পমাত্র জ্ঞানের উদয় হয়, কখন বা শারীরিক গ্লানির অধীন হইয়া পড়ে।[৩৭] আমার স্বুবর্ণ, ধান্য, তনয়, ভার্য্যা, ভৃত্য, গৃহ, এ সমুদায়ের উপায় কি হইবে, এইরূপ মমতার বশবর্ত্তী হইয়া যায় পর নাই আকুল হইয়া পড়ে।[৩৮] তৎকালে ক্রকচের ন্যায়, দারুণ যমরাজের শরসমূহের ন্যায় উগ্র, মর্ম্মভেদক মহারোগদ্বারা তাহাদিগের অস্থিবন্ধন সমুদায় ছিদ্যমান হইতে থাকে।[৩৯] তৎকালে তাহাদের চক্ষু বিবর্ত্তিত হইয়া যায়। তাহারা পুনঃপুনঃ হস্ত পদ বিক্ষিপ্ত করিতে থাকে। তালু ও ওষ্ঠ পরিশুষ্ক হয়। কণ্ঠদেশে ঘর্ঘর শব্দ উত্থিত হইতে থাকে।[৪০] মৃত্যুকালে শ্লেষ্মাদি দোষে মনুষ্য-দিগের কণ্ঠ নিরুদ্ধ হইয়া যায়। তৎকালে তাহারা উদান শ্বাস দ্বারা নিপীড়িত হইতে থাকে। তৎকালে তাহারা মহা-তাপে অভিভূত হয়, এবং ক্ষুধা ও তৃষ্ণা দ্বারা অতীব কাতর হইতে থাকে।[৪১] অনন্তর অতিক্লেশে যখন প্রাণ বহির্গত

ক্লেশাদুৎক্রান্তিমাপ্নোতি যাম্যকিঙ্করপীড়িতঃ।
ততশ্চ যাতনাদেহং ক্লেশেন প্রতিপদ্যতে ॥৪২॥
এতান্যন্যানি চোগ্রাণি দুঃখানি মরণে নৃণাম্।
শৃণুষ্ব নরকে যানি প্রাপ্যন্তে পুরুষৈর্ম্মৃতৈঃ ॥৪৩॥
যাম্যকিঙ্করপাশাদিগ্রহণং দণ্ডতাড়নম্।
যমস্য দর্শনঞ্চোগ্রমুগ্রমার্গবিলোকনম্ ॥৪৪॥
করম্ভবালুকাবহ্নিযন্ত্রশস্ত্রাদিভীষণে।
প্রত্যেকং নরকে যাশ্চ যাতনা দ্বিজ! দুঃসহাঃ ॥৪৫॥
ক্রকচৈঃ পীড্যমানানাম্ ঊষায়াঞ্চাপি ধম্যতাম্।
কুঠারৈঃ কৃত্যমানানাং ভূমৌ চাপি নিখন্যতাম্ ॥৪৬॥

হয়, তখন যমকিঙ্করগণ তাহার উপর বিলক্ষণ পীড়ন করিতে থাকে। অনন্তর অনেক যাতনা ও অনেক ক্লেশে অন্য শরীর পরিগ্রহ করে। [৪২]

মানবগণ মৃত্যুসময়ে এই সমুদায় ও অন্যান্য অতীব উগ্র দুঃখ ভোগ করিয়া থাকে। তাহারা মৃত্যুর পর নরকগামী হইয়া যে সমুদায় দুঃখ ভোগ করিতে থাকে, তাহার বিবরণ বলিতেছি, শ্রবণ কর। [৪৩]

যমকিঙ্করগণ প্রথমতঃ রজ্জু দ্বারা বন্ধন করিয়া লইয়া যায়, এবং দণ্ডদ্বারা তাড়না করে। উগ্র পথ দর্শন দ্বারা, যম-দর্শন দ্বারা। [৪৪] নরকমধ্যে অত্যুষ্ণ বালুকারাশি দ্বারা, বহ্নি-যন্ত্রদ্বারা এবং অন্যান্য ভয়ঙ্কর বস্তুদ্বারা প্রত্যেক নরকে যে যাতনা উপস্থিত হয়, তাহা অতীব দুঃসহ। [৪৫] নরকমধ্যে কোন কোন পাপী ক্রকচদ্বারা কর্ত্তিত, এবং লবণময় ভূমিতে ঘর্ষিত হইতেছে। কোন কোন পাপী কুঠার দ্বারা ছেদিত

শূলেষ্বারোপ্যমাণানাং ব্যাঘ্রবক্ত্রে প্রবিশ্যতাম্।
গৃধ্রৈঃ সংভক্ষ্যমাণানাং দ্বীপিভিশ্চোপভুজ্যতাম্ ॥৪৭॥
ক্বাথ্যতাং তৈলমধ্যে চ ক্লিশ্যতাং ক্ষারকর্দমৈঃ।
উচ্চান্নিপাত্যমানানাং ক্ষিপ্যতাং ক্ষেপযন্ত্রকৈঃ ॥৪৮॥।
নরকে যানি দুঃখানি পাপহেতূদ্ভবানি বৈ।
প্রাপ্যন্তে নারকৈর্ব্বিপ্র! তেষাং সংখ্যা ন বিদ্যতে ॥৪৯॥
ন কেবলং দ্বিজশ্রেষ্ঠ! নরকে দুঃখপদ্ধতিঃ।
স্বর্গেঽপি পাতভীতস্য ক্ষয়িষ্ণোর্নাস্তি নির্বৃতিঃ ॥৫০॥
পুনশ্চ গর্ভে ভবতি জায়তে চ পুনর্নরঃ।
গর্ভে বিলীয়তে ভূয়ো জায়মানোঽস্তমেতি চ ॥৫১॥

হইতেছে, কোন কোন পাপীকে ভূগর্ত্তে নিখাত করিতেছে, [৪৬] কোন কোন পাপীকে শূলে আরোপিত করিতেছে, কোন কোন পাপী ব্যাঘ্রমুখে নিক্ষিপ্ত হইতেছে, গৃধ্রগণ ও ব্যাঘ্রগণ কোন কোন পাপীকে চর্ব্বণ ও ভক্ষণ করিতেছে, কোন কোন পাপী উষ্ণ তৈলে ভর্জ্জিত হইতেছে, [৪৭] কোন কোন পাপী ক্ষার মৃত্তিকায় ক্লিশ্যমান হইতেছে, কোন কোন পাপীকে উচ্চ স্থান হইতে অধঃপাতিত করিতেছে, কোন কোন পাপী ক্ষেপযন্ত্র দ্বারা নিক্ষিপ্ত হইতেছে।[৪৮] পাপিগণ পাপনিবন্ধন নরকে যে সমুদায় দুঃখ ভোগ করে, তাহার সংখ্যা করা যায় না।[৪৯]

দ্বিজশ্রেষ্ঠ! কেবল নরকেই যে এই সমুদায় কষ্ট ভোগ হয়, এরূপ নহে। কারণ স্বর্গও ক্ষয়শীল; তাহাতে পতনের আশঙ্কা আছে, সুতরাং স্বর্গে বাস করিয়া কেহ নির্বৃতি লাভ

ম্রিয়তে জাতমাত্রশ্চ বালভাবেঽথ যৌবনে ।
মধ্যমং বা বয়ঃ প্রাপ্য বার্দ্ধকে বা ধ্রুবা মৃতিঃ ॥৫২॥
যাবজ্জীবতি তাবচ্চ দুঃখৈর্নানাবিধৈঃ প্লুতঃ ।
তন্তুকারণপক্ষ্মৌঘৈরাস্তে কার্পাসবীজবৎ ॥৫৩॥
দ্রব্যনাশে তথোৎপত্তৌ পালনে চ তথা নৃণাম্ ।
ভবন্ত্যনেকদুঃখানি তথৈবেষ্টবিপত্তিষু ॥৫৪॥
যদ্ যৎ প্রীতিকরং পুংসাং বস্তু মৈত্রেয়! জায়তে ।
তদেব দুঃখবৃক্ষস্য বীজত্বমুপগচ্ছতি ॥৫৫॥
কলত্রপুত্রভৃত্যাদিগৃহক্ষেত্রধনাদিকৈঃ ।
ক্রিয়তে ন তথা ভূরি সুখং পুংসাং যথাসুখম্ ॥৫৬॥

করিতে পারে না।[৫০] জীবগণ স্বর্গভোগ বা নরক ভোগের পর পুনর্ব্বার গর্ভস্থ হইয়া জন্ম পরিগ্রহ করে। কেহ কেহ জন্মমাত্রেই কালগ্রাসে পতিত হয়। [৫১] এইরূপে কেহ জন্মমাত্র, কেহ বাল্যকালে, কেহ যৌবন কালে, কেহ প্রৌঢ়াবস্থায়, কেহ বা বার্দ্ধক্যাবস্থায় মৃত্যুমুখে পতিত হয়। কিছুতেই তাহার অন্যথা হয় না।[৫২]কার্পাসবীজসমূহ যেমন তন্তুসমূহদ্বারা আবৃত থাকে, তাহার ন্যায় জীব যত কাল জীবন ধারণ করে, তত কাল নানাবিধ দুঃখে ব্যাপ্ত হইয়া অবস্থান করিতে থাকে।[৫৩] ধন উপার্জ্জন কালে, ধন রক্ষা কালে এবং ধন নাশ কালে ও প্রিয়জন বিয়োগ সময়ে মনুষ্যের অশেষ দুঃখ উপস্থিত হইয়া থাকে। [৫৪] মৈত্রেয়! এই সংসার মধ্যে যে যে বস্তু মনুষ্যের প্রীতিদায়ক হয়, সেই সেই বস্তুই দুঃখরূপ মহাবৃক্ষের বীজস্বরূপ হইয়া থাকে। [৫৫] স্ত্রী, পুত্র, ভৃত্য, গৃহ, ক্ষেত্র, ধন প্রভৃতি

ইতি সংসারদুঃখার্কতাপতাপিতচেতসাম্।
বিমুক্তিপাদপচ্ছায়ামৃতে কুত্র সুখং নৃণাম্ ॥৫৭॥
তদস্য ত্রিবিধস্যাপি দুঃখজাতস্য পণ্ডিতৈঃ।
গর্ভজন্মজরাদ্যেষু স্থানেষু প্রভবিষ্যতঃ ॥৫৮॥
নিরস্তাতিশয়াহ্লাদসুখভাবৈকলক্ষণা।
ভৈষজ্যং ভগবৎপ্রাপ্তিরেকান্তাত্যন্তিকী মতা ॥৫৯॥
তস্মাত্তৎপ্রাপ্তয়ে যত্নঃ কর্ত্তব্যঃ পণ্ডিতৈর্নরৈঃ।
তৎপ্রাপ্তিহেতুর্জ্ঞানঞ্চ কর্ম্ম চোক্তং মহামুনে! ॥৬০॥
আগমোত্থং বিবেকোত্থং দ্বিধা জ্ঞানং তথোচ্যতে।
শব্দব্রহ্মাগমময়ং পরং ব্রহ্ম বিবেকজম্ ॥৬১॥

দ্বারা মনুষ্যের যে পরিমাণে অসুখ হয়, সে পরিমাণে সুখ-সঞ্চার হয় না।[৫৬] এইরূপে যাহাদের অন্তঃকরণ সাংসারিক দুঃখরূপ সূর্য্যতাপে তাপিত হইতেছে; তাহাদের পক্ষে মুক্তি-রূপ বৃক্ষচ্ছায়া ব্যতিরেকে আর কোথায় সুখ আছে? [৫৭]

গর্ভাবস্থায় জন্মকালে বার্দ্ধক্যাদি অবস্থায় এইরূপে যে সমু-দায় ত্রিবিধ দুঃখের উৎপত্তি হয়।[৫৮] তাহার একমাত্র ঔষধ ভগ-বৎপ্রাপ্তি। তৎকালে সাংসারিক বিষয়ে আহ্লাদ বা সুখভাব থাকে না। তৎকালে ভগবানের প্রতি নিত্য ও ঐকান্তিক নিষ্ঠা জন্মায়।[৫৯] মহর্ষে! এই কারণে পণ্ডিতগণের কর্ত্তব্য এই যে, ভগবৎ প্রাপ্তিবিষয়ে সর্ব্বতোভাবে যত্নবান্ হন। কথিত আছে, কর্ম্মদ্বারা ও জ্ঞানদ্বারা ভগবান্‌কে লাভ করিতে পারা [illegible] অব-জ্ঞান দুই প্রকার, আগমজনিত ও বিবেক[illegible] পরম জ্ঞান।[৬০] জ্ঞানমনন্তং ব্রহ্ম" ইত্যাদি উপদে[illegible] অগোচর, তথাপি তাঁহার

অন্ধন্তম ইবাজ্ঞানং দীপবচ্চেন্দ্রিয়োদ্ভবম্।
যথা সূর্য্যস্তথা জ্ঞানং যদ্বিপ্রর্ষে! বিবেকজম্ ॥৬২॥
মনুরপ্যাহ বেদার্থং স্মৃত্বা যৎ মুনিসত্তম!।
তদেতৎ শ্রূয়তামত্র সংবন্ধে গদতো মম ॥৬৩॥
দ্বে ব্রহ্মণী বেদিতব্যে শব্দব্রহ্ম পরঞ্চ যৎ।
শব্দব্রহ্মণি নিষ্ণাতঃ পরং ব্রহ্মাধিগচ্ছতি ॥৬৪॥
দ্বে বিদ্যে বেদিতব্যে বৈ ইতি চাথর্ব্বণী শ্রুতিঃ।
পরয়া ত্বক্ষরপ্রাপ্তিঋর্গ্বেদাদিময়াপরা ॥৬৫॥
যত্তদব্যক্তমজরমচিন্ত্যমজমব্যয়ম্।
অনির্দ্দেশ্যমরূপঞ্চ পাণিপাদাদ্যসংযুতম্ ॥৬৬॥

উদয় হয়, তাহার নাম আগম জনিত জ্ঞান। ধ্যান দ্বারা ও বিবেক দ্বারা অন্তঃকরণ মধ্যে যে পরমাত্মার উদয় হয়, তাহার নাম বিবেকজনিত জ্ঞান। [৬১] অজ্ঞান গাঢ় অন্ধকার স্বরূপ। শব্দজ্ঞান অর্থাৎ উপদেশজনিত তত্ত্বজ্ঞান প্রদীপ সদৃশ। তাহা দ্বারা সম্পূর্ণরূপে, অজ্ঞানান্ধকার নিরাকৃত হইতে পারে না। [৬২] বিপ্রর্ষে! বিবেকজনিত জ্ঞান সূর্য্যস্বরূপ। তাহা দ্বারা সর্ব্বতোভাবে সমুদয় অজ্ঞানান্ধকার নিরাকৃত হয়। মুনিশ্রেষ্ঠ! মহর্ষি মনু বেদার্থ স্মরণ করিয়া এতৎসম্বন্ধে যাহা বলিয়াছেন, তাহা আমি কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর। [৬৩] ব্রহ্ম দুই প্রকার, শব্দব্রহ্ম ও পরমব্রহ্ম। শব্দব্রহ্ম পরিজ্ঞাত হইয়া [৬৪] পরমব্রহ্ম লাভ করিতে পারা যায়। [৬৫] অথর্ব্ববেদে থাকে। প্রীতিদায়ক হয়, বিদ্যা দুই প্রকার। পরা ও অপরা। অপরা স্বরূপ হইয়া থাকে। [৫৫] স্ত্রী, অর্থাৎ কর্ম্মবিদ্যা। পরা বিদ্যাদ্বারা

বিভুং সর্ব্বগতং নিত্যং ভূতযোনিমকারণম্।
ব্যাপ্যব্যাপ্তং যতঃ সর্ব্বং তদ্বৈ পশ্যন্তি সূরয়ঃ ॥৬৭॥
তদ্‌ব্রহ্ম পরমং ধাম তৎ ধ্যেয়ং মোক্ষকাঙ্ক্ষিণা।
শ্রুতিবাক্যোদিতং সূক্ষ্মং তদ্বিষ্ণোঃ পরমং পদম্ ॥৬৮॥
তদেব ভগবদ্বাচ্যং স্বরূপং পরমাত্মনঃ।
বাচকো ভগবচ্ছব্দস্তস্যাদ্যস্যাক্ষয়াত্মনঃ ॥৬৯॥
এবং নিগদিতার্থস্য সতত্ত্বং তস্য তত্ত্বতঃ।
জ্ঞায়তে যেন তজ্‌জ্ঞানং পরমং যত্রয়ীময়ম্ ॥৭০॥

ব্রহ্ম অবগত হওয়া যায়। ঐ উভয়বিধ বিদ্যাই জ্ঞাত হওয়া আবশ্যক।[৬৫] যিনি অব্যক্ত স্বরূপ, যিনি অজর, অজ, অচিন্ত্য, অব্যয়, যাঁহার রূপ কল্পনা করা যায় না, যাঁহার হস্ত পাদাদি নাই,[৬৬] যিনি সর্ব্ব স্থানে অবস্থান করিতেছেন, যিনি নিত্য, বিভু, যাঁহার আদি নাই, যিনি সমুদায় সৃষ্টি করিয়াছেন, যিনি সর্ব্বব্যাপক, যাঁহার ব্যাপক কেহই হইতে পারে না, যাঁহা হইতে সকল জীবের উৎপত্তি হইয়াছে, পণ্ডিতগণ তাঁহার চিন্তা করিয়া থাকেন।[৬৭] তিনি পরম ব্রহ্ম, তিনি পরম ধাম, যাঁহারা মোক্ষ কামনা করেন, তাঁহারা তাঁহারই ধ্যান করিয়া থাকেন। তিনি শ্রুতিপ্রতিপাদিত অতিগূঢ় পদার্থ। তিনি পরম পদ।[৬৮] তিনি ভগবৎপদবাচ্য, তিনি পরমাত্মস্বরূপ। ভগবান্ এই শব্দ তাঁহারই বাচক। তিনি সকলের আদি, তিনি অক্ষয়।[৬৯] যাহা হইতে উক্তপ্রকার বিষয়ের তত্ত্ব অবগত হইতে পারা যায়, তাহাই বেদরূপ পরম জ্ঞান।[৭০] ব্রহ্মন্! যদিও পরম ব্রহ্ম, শব্দের অগোচর, তথাপি তাঁহার

অশব্দগোচরস্যাপি তস্য বৈ ব্রহ্মণো দ্বিজ !।
পূজায়াং ভগবচ্ছব্দঃ ক্রিয়তে হ্যৌপচারিকঃ ॥৭১॥
শুদ্ধে মহাবিভূত্যাখ্যে পরব্রহ্মণি বর্ত্ততে।
মৈত্রেয় ! ভগবচ্ছব্দঃ সর্ব্বকারণকারণে ॥৭২॥
সংভর্ত্তেতি তথা ভর্ত্তা ভকারোঽর্থদ্বয়ান্বিতঃ।
নেতা গময়িতা স্রষ্টা গকারার্থস্তথা মুনে ! ॥৭৩॥
ঐশ্বর্য্যস্য সমগ্রস্য ধর্ম্মস্য যশসঃ শ্রিয়ঃ।
জ্ঞানবৈরাগ্যয়োশ্চৈব ষণ্ণাং ভগ ইতীঙ্গনা ॥৭৪॥
বসন্তি যত্র ভূতানি ভূতাত্মন্যখিলাত্মনি।

পূজার নিমিত্ত তাঁহাতে ভগবান্ এই শব্দ আরোপ করা হইয়া থাকে।[৭১] মৈত্রেয়! পরম ব্রহ্মের ঐশ্বর্য্য অচিন্ত্য, তিনি শুদ্ধস্বরূপ। তিনি সমুদায় কারণের কারণ, তাঁহাতেই ভগবান্ এই শব্দ ব্যবহৃত হয়।[৭২] মহর্ষে! তিনি সকলের ভর্ত্তা অর্থাৎ প্রতিপালক। তিনি সকলের আধার। ভগবানের ভ এই শব্দ দ্বারা এই দুই প্রকার অর্থ প্রতিপাদিত হইতেছে। তিনি নেতা অর্থাৎ কর্ম্মফল ও জ্ঞানফল প্রদায়ক। তিনি গময়িতা অর্থাৎ প্রলয় কালে কার্য্য সমুদায়ের আদি কারণ। তিনি স্রষ্টা অর্থাৎ সমুদায়ের সৃষ্টিকর্ত্তা। গকার দ্বারা এই তিন প্রকার অর্থ প্রতিপাদিত হইয়া থাকে।[৭৩] সমুদায় ঐশ্বর্য্য অর্থাৎ অনিমা লঘিমা প্রভৃতি, সমুদায় ধর্ম্ম, সমুদায় যশ, সমুদায় শ্রী, সমুদায় জ্ঞান, সমুদায় বৈরাগ্য, ভগ শব্দে এই ছয়টী বিষয় অভিহিত হইয়া থাকে।[৭৪] যাঁহাতে সমুদায় ভূত অবস্থান করে, যিনি ভূতময় ও অখিল ব্রহ্মাণ্ডময়, যিনি সমু-

সর্ব্বভূতেষ্বশেষেষু বকারার্থস্ততোঽব্যয়ঃ ॥৭৫॥
এবমেষ মহাশব্দো ভগবানিতি সত্তম ! ।
পরমব্রহ্মভূতস্য বাসুদেবস্য নান্যতঃ ॥৭৬॥
তত্র পূজ্যপদার্থোক্তিপরিভাষাসমন্বিতঃ ।
শব্দোঽয়ং নোপচারেণ অন্যত্র হ্যুপচারতঃ ॥৭৭॥
উৎপত্তিং প্রলয়ঞ্চৈব ভূতানামাগতিং গতিম্ ।
বেত্তি বিদ্যামবিদ্যাঞ্চ স বাচ্যো ভগবানিতি ॥৭৮॥
জ্ঞানশক্তিবলৈশ্বর্য্যবীর্য্যতেজাংস্যশেষতঃ ।
ভগবচ্ছব্দবাচ্যানি বিনা হেয়ৈর্গুণাদিভিঃ ॥৭৯॥

দায় পদার্থের মধ্যে অব্যয়, বকার দ্বারা তিনিই অভিহিত হইয়া থাকেন।[৭৫] সাধুশ্রেষ্ঠ ! ভগবান্ এই মহাশব্দটী পরম ব্রহ্মস্বরূপ বাসুদেবেরই বাচক। ইহা অন্যের প্রতি ব্যবহার করা যাইতে পারে না। ভগবান্ এই শব্দটী পরম ব্রহ্মের প্রতি পারিভাষিক হইতেছে।[৭৬] তিনি যে, সকলের পূজ্য, এই শব্দ দ্বারা তাহা প্রতিপাদিত হইয়া থাকে। ভগবান্ এই শব্দ পরম ব্রহ্মের প্রতি মুখ্যরূপে ব্যবহৃত হয়। এই শব্দ যখন অন্যের প্রতি ব্যবহৃত হয়, তখন গৌণরূপেই হইয়া থাকে।[৭৭] যিনি প্রাণিগণের উৎপত্তি, প্রলয়, আগম, গতি এবং বিদ্যা ও অবিদ্যা, এ সমুদায় অবগত আছেন,[৭৮] তাঁহার প্রতি ভগবান্ এই শব্দ গৌণরূপে ব্যবহৃত হইয়া থাকে। যাঁহাতে জ্ঞান, শক্তি, বল, ঐশ্বর্য্য, বীর্য্য, তেজ, এই ছয়টী গুণ আছে এবং যাঁহাতে ইহার বিপরীত হেয় ছয়টী গুণ নাই অর্থাৎ যাঁহাতে অজ্ঞান, অশক্তি, অবল, অনৈশ্বর্য্য, অবীর্য্য,

সর্ব্বাণি তত্র ভূতানি বসন্তি পরমাত্মনি।
ভূতেষু চ স সর্ব্বাত্মা বাসুদেবস্ততঃ স্মৃতঃ ॥৮০॥
খাণ্ডিক্যজনকায়াহ পৃষ্টঃ কেশিধ্বজঃ পুরা।
নামব্যাখ্যামনন্তস্য বাসুদেবস্য তত্ত্বতঃ ॥৮১॥
ভূতেষু বসতে সোঽন্তর্ব্বসন্ত্যত্র চ তানি যৎ।
ধাতা বিধাতা জগতাং বাসুদেবস্ততঃ প্রভুঃ ॥৮২॥
স সর্ব্বভূতপ্রকৃতিং বিকারান্
গুণাংশ্চ দোষাংশ্চ মুনে! ব্যতীতঃ।
অতীতসর্ব্বাবরণোঽখিলাত্মা
তেনাস্তৃতং যদ্ভুবনান্তরালে ॥৮৩॥

অতেজ এই ছয়টী গুণের ঐকান্তিক অভাব, তিনিও ভগবান্ এই শব্দের বাচ্য।[৭৯]

যে পরমাত্মাতে সমুদায় ভূত অবস্থান করে, যিনি সমুদায় ভূতেই অধিষ্ঠান করিয়া থাকেন, সেই সর্ব্বময় পরমাত্মা বাসুদেব এই শব্দ দ্বারা অভিহিত হইয়া থাকেন।[৮০]

পূর্ব্বকালে একদা খাণ্ডিক্য জনক কেশিধ্বজকে জিজ্ঞাসা করাতে, তিনি অনন্ত বাসুদেবের নামের ব্যাখ্যা করিয়াছিলেন।[৮১] যিনি সর্ব্বভূতের অন্তরে বাস করেন এবং সর্ব্বভূত যাঁহাতে বাস করিয়া থাকে, যিনি দেব অর্থাৎ জগতের ধাতা ও বিধাতা সেই প্রভু, বাসুদেব শব্দে অভিহিত হইয়া থাকেন।[৮২] মহর্ষে! তিনি পদার্থ সমুদায় ও প্রকৃতির অধীন নহেন। তাঁহাতে বিকার বা অন্য কোন প্রাকৃতিক দোষ গুণ নাই। তিনি ব্রহ্মাণ্ডের সপ্তাবরণ অতিক্রম করিয়া আছেন।

সমস্তকল্যাণগুণাত্মকো হি
স্বশক্তিলেশাবৃতভূতবর্গঃ।
ইচ্ছাগৃহীতাভিমতোরুদেহঃ
সংসাধিতাশেষজগদ্ধিতোহসৌ ॥৮৪॥
তেজোবলৈশ্বর্য্যমহাববোধঃ
স্ববীর্য্যশক্ত্যাদিগুণৈকরাশিঃ।
পরঃ পরাণাং সকলা ন যত্র
ক্লেশাদয়ঃ সন্তি পরাপরেশে ॥৮৫॥
স ঈশ্বরো ব্যষ্টিসমষ্টিরূপো
ব্যক্তস্বরূপোহপ্রকটস্বরূপঃ।
সর্ব্বেশ্বরঃ সর্ব্বগসর্ব্ববেত্তা
সমস্তশক্তিঃ পরমেশ্বরাখ্যঃ ॥৮৬॥

ভুবন অতিক্রম করিয়া যে স্থান আছে, তিনি তাহাও ব্যাপিয়া আছেন।[৮৩] তিনি সমুদায় মঙ্গলের আধার, তিনি আত্মশক্তি-দ্বারা সমুদায় ভূত আবৃত করিয়া আছেন। তিনি আপনার ইচ্ছানুসারে অভিমত মহৎ দেহ ধারণ করিয়া নানা প্রকারে জগতের হিতসাধন করিয়া থাকেন।[৮৪] তাঁহাতে তেজ, বল ঐশ্বর্য্য, জ্ঞান, বীর্য্য, শক্তি প্রভৃতি অশেষবিধ গুণ আছে। তিনি শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ। তাঁহাতে ক্লেশাদির লেষমাত্রও নাই। তিনি পরাৎপর পরমেশ্বর।[৮৫] তিনি ব্যষ্টি অর্থাৎ সঙ্কর্ষণাদিরূপ, সমষ্টি অর্থাৎ বাসুদেবাদিরূপ ঈশ্বর। তিনি ব্যক্ত স্বরূপ ও অব্যক্তস্বরূপ। তিনি সর্ব্বেশ্বর, সর্ব্বগামী, সর্ব্বজ্ঞ ও সর্ব্বশক্তিমান্ পরমেশ্বর।[৮৬] যাহা দ্বারা সেই বাসুদেবকে

সংজ্ঞায়তে যেন তদস্তদোষং
শুদ্ধং পরং নির্ম্মলমেকরূপম্ ।
সংদৃশ্যতে বাপ্যধিগম্যতে বা
তজ্‌জ্ঞানমজ্ঞানমতোঽন্যদুক্তম্ ॥৮৭॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে ষষ্ঠেঽংশে
পঞ্চমোঽধ্যায়ঃ ।

জানিতে পারা যায়, তাহা নির্দ্দোষ পরিশুদ্ধ, পরম নির্ম্মল * এক প্রকার জ্ঞান। ইহা পরা বিদ্যা শব্দে অভিহিত হইয়া থাকে। ইহা দ্বারা ঈশ্বর-সাক্ষাৎকার ও ঈশ্বর প্রাপ্তি হয়। অন্য প্রকার জ্ঞান অজ্ঞান পদ বাচ্য।[৮৭]

বিষ্ণুপুরাণ ষষ্ঠ অংশ পঞ্চম অধ্যায়
সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

ষষ্ঠোঽংশঃ।

ষষ্ঠোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

স্বাধ্যায়সংযমাভ্যাং স দৃশ্যতে পুরুষোত্তমঃ।
তৎপ্রাপ্তিকারণং ব্রহ্ম তদেতদিতি চোচ্যতে ॥১॥
স্বাধ্যায়াদ্যোগমাসীত যোগাৎ স্বাধ্যায়মেব চ।
স্বাধ্যায়যোগসম্পত্ত্যা পরমাত্মা প্রকাশতে ॥২॥
তদীক্ষণায় স্বাধ্যায়ঃ চক্ষুর্যোগস্তথাপরম্।
ন মাংসচক্ষুষা দ্রষ্টুং ব্রহ্মভূতঃ স শক্যতে ॥৩॥

পরাশর কহিলেন। স্বাধ্যায় অর্থাৎ জপ, সংযম অর্থাৎ যোগ এতদুভয় দ্বারা সেই পুরুষোত্তম বিষ্ণুর উপলব্ধি হয়। জপ ও ধ্যান এই দুইটী ব্রহ্ম প্রাপ্তির কারণ বলিয়া তাদাত্ম্যরূপে ব্রহ্মশব্দে অভিহিত হইয়া থাকে।[১] স্বাধ্যায়ের পর যোগ আশ্রয় করিবে, এবং যোগের পরক্ষণে পুনর্ব্বার স্বাধ্যায় অবলম্বন করিবে। এইরূপে নিরন্তর জপ ও ধ্যান দ্বারা পরমাত্মা বাসুদেব প্রকাশমান হন।[২] [বাসুদেব বলিয়াছেন,] জপ দ্বারা, চক্ষু দ্বারা ও ধ্যান দ্বারা আমার উপলব্ধি হয়, কিন্তু সংপূর্ণ ব্রহ্মজ্ঞানী ব্যক্তি মাংসময় চক্ষুদ্বারা আমাকে দেখিতে পান না। তিনি ধ্যান বলেই আমায় দর্শন করেন।[৩]

মৈত্রেয় উবাচ।

ভগবন্! তমহং যোগং জ্ঞাতুমিচ্ছামি তং বদ।
জ্ঞাতে যত্রাখিলাধারং পশ্যেয়ং পরমেশ্বরম্ ॥৪॥

পরাশর উবাচ।

যথা কেশিধ্বজঃ প্রাহ খাণ্ডিক্যায় মহাত্মনে।
জনকায় পুরা যোগং তথাহং কথয়ামি তে ॥৫॥

মৈত্রেয় উবাচ।

খাণ্ডিক্যঃ কোঽভবদ্‌ব্রহ্মন্! কো বা কেশিধ্বজোঽভবৎ।
কথং তয়োশ্চ সংবাদো যোগসংবন্ধবানভূৎ ॥৬॥

পরাশর উবাচ।

ধর্ম্মধ্বজো বৈ জনকস্তস্য পুত্রো মিতধ্বজঃ।
কৃতধ্বজশ্চ নাম্না স সদাধ্যাত্মরতির্নৃপঃ ॥৭॥

মৈত্রেয় কহিলেন। ভগবন্! যাহা দ্বারা সকলের আধার পরমেশ্বরের উপলব্ধি হয়, সেই যোগ জ্ঞাত হইতে আমার ইচ্ছা হইয়াছে, আপনি বলুন। [৪]

পরাশর কহিলেন। পূর্ব্বকালে কেশিধ্বজ, মহাত্মা খাণ্ডিক্য জনককে যে প্রকার যোগের বিষয় বলিয়াছিলেন, সেই প্রকার আমি তোমার নিকট বলিতেছি, শ্রবণ কর। [৫]

মৈত্রেয় কহিলেন, ব্রহ্মন্! খাণ্ডিক্য কে? এবং কেশিধ্বজই বা কে ছিলেন? কি নিমিত্তই বা যোগ সম্বন্ধে তাঁহাদের পরস্পর কথোপকথন হইয়াছিল? [৬]

পরাশর কহিলেন। ধর্ম্মধ্বজ জনক নামে এক রাজা ছিলেন। তাঁহার পুত্রের নাম মিতধ্বজ ও কৃতধ্বজ। রাজা

কৃতধ্বজস্য পুত্ত্রোঽভূৎ খ্যাতঃ কেশিধ্বজো দ্বিজ ।
পুত্ত্রো মিতধ্বজস্যাপি খাণ্ডিক্যো জনকোঽভবৎ ॥৮॥
কর্ম্মমার্গেঽতি খাণ্ডিক্যঃ পৃথিব্যামভবৎ কৃতী ।
কেশিধ্বজোঽপ্যতীবাসীদাত্মবিদ্যাবিশারদঃ ॥৯॥
তাবুভাবপি চৈবাস্তাং বিজিগীষূ পরস্পরম্ ।
কেশিধ্বজেন খাণ্ডিক্যঃ স্বরাষ্ট্রাদবরোপিতঃ ॥১০॥
পুরোধসা মন্ত্রিভিশ্চ সমবেতোঽল্পসাধনঃ ।
রাজ্যান্নিরাকৃতঃ সোঽথ দুর্গারণ্যচরোঽভবৎ ॥১১॥
ইয়াজ সোঽপি সুবহূন্ যজ্ঞান্ জ্ঞানব্যপাশ্রয়ঃ ।
ব্রহ্মবিদ্যামধিষ্ঠায় তর্ত্তুং মৃত্যুমবিদ্যয়া ॥১২॥

কৃতধ্বজ সর্ব্বদা অধ্যাত্মবিদ্যায় রত থাকিতেন।[৭] ব্রহ্মন্! কৃতধ্বজের এক পুত্র হইয়াছিল। এই রাজকুমারের নাম কেশিধ্বজ। মিতধ্বজের একটী পুত্র হইয়াছিল। ঐ পুত্রের নাম খাণ্ডিক্য জনক।[৮] খাণ্ডিক্য কর্ম্মমার্গে অবস্থান করিয়া পৃথিবীর মধ্যে অদ্বিতীয় ছিলেন। কেশিধ্বজও অধ্যাত্ম বিদ্যায় পারদর্শী ছিলেন।[৯] এই খাণ্ডিক্য ও কেশিধ্বজ উভয়ে পরস্পর বিজিগীষু ছিলেন। কিছু দিন পরে কেশিধ্বজ খাণ্ডিক্যকে রাজ্যচ্যুত করিলেন।[১০] খাণ্ডিক্য পুরোহিত ও মন্ত্রিগণের সহিত সমবেত হইয়া অল্প পরিবার সহিত রাজ্য হইতে নিরাকৃত হওয়াতে পর্ব্বতে ও অরণ্যে ভ্রমণ করিয়া বেড়াইতে লাগিলেন।[১১] অনন্তর রাজা কেশিধ্বজ জ্ঞানমার্গে অবস্থান পূর্ব্বক ব্রহ্মবিদ্যা আশ্রয় করিয়া অবিদ্যা-জনিত রাগাদি অতিক্রম করিবার অভিপ্রায়ে বহুবিধ যজ্ঞের অনুষ্ঠান

একদা বর্ত্তমানস্য যোগে যোগবিদাংবর ।
ধর্ম্মধেনুং জঘানোগ্রশার্দ্দূলো বিজনে বনে ॥১৩॥
ততো রাজা হতাং জ্ঞাত্বা ধেনুং ব্যাঘ্রেণ ঋত্বিজঃ ।
প্রায়শ্চিত্তং স পপ্রচ্ছ কিমত্রেতি বিধীয়তে ॥১৪॥
তে চোচুর্ন বয়ং বিদ্মঃ কশেরুঃ পৃচ্ছ্যতামিতি ।
কশেরুরপি তেনোক্তস্তথৈব প্রাহ ভার্গবম্ ॥১৫॥
শুনকং পৃচ্ছ রাজেন্দ্র! নাহং বেদ্মি স বেৎস্যতি ।
স গত্বা তমপৃচ্ছচ্চ সোঽপ্যাহ শৃণু যন্মুনে! ॥১৬॥

করিতে আরম্ভ করিলেন।[১২] একদা সেই পরমযোগী কেশিধ্বজ বিজন বনে ধ্যান করিতেছেন, ঈদৃশ সময়ে একটা ব্যাঘ্র আসিয়া তাঁহার হোম ধেনুকে বিনাশ করিল।[১৩] অনন্তর রাজা কেশিধ্বজ যখন দেখিলেন যে, হোমধেনু ব্যাঘ্র কর্ত্তৃক ঘাতিত হইয়াছে, তখন তিনি পুরোহিতগণকে জিজ্ঞাসা করিলেন, এ স্থলে কিরূপ প্রায়শ্চিত্ত করা বিধেয়?[১৪] পুরোহিতগণ কহিলেন। এ বিষয়ে কিরূপ প্রায়শ্চিত্ত করিতে হইবে, তাহা আমরা অবগত নহি। তুমি কশেরু নামক মহর্ষির নিকট এতদ্বিষয়ক প্রায়শ্চিত্তের ব্যবস্থা জিজ্ঞাসা কর। অনন্তর রাজা, কশেরুর নিকট ব্যবস্থা জিজ্ঞাসা করিলে, তিনিও সেইরূপে কহিলেন যে, আমি এ বিষয়ে ব্যবস্থা প্রদান করিতে সমর্থ নহি। তুমি ভৃগুবংশীয়[১৫] শুনককে জিজ্ঞাসা কর। রাজেন্দ্র! আমি এবিষয়ের ব্যবস্থা অবগত নহি, তিনি সমুদায় জ্ঞাত আছেন। অনন্তর রাজা শুনকের নিকট গমন করিয়া জিজ্ঞাসা করাতে, তিনি যে রূপ উত্তর করিয়া

ন কশেরুর্ন চৈবাহং ন চান্যঃ সাংপ্রতং ভুবি।
বেত্ত্যেক এব ত্বচ্ছত্রুঃ খাণ্ডিক্যো যো জিতস্ত্বয়া ॥১৭॥
স চাহং তং প্রয়াম্যেষ প্রষ্টুমাত্মরিপুং মুনে!।
প্রাপ্ত এব ময়া যজ্ঞো যদি মাং স হনিষ্যতি ॥১৮॥
প্রায়শ্চিত্তমশেষেণ যদি পৃষ্টো বদিষ্যতি।
ততশ্চাবিকলো যাগো মুনিশ্রেষ্ঠ! ভবিষ্যতি ॥১৯॥

পরাশর উবাচ।

ইত্যুক্ত্বা রথমারুহ্য কৃষ্ণাজিনধরো নৃপঃ।
বনং জগাম যত্রাস্তে খাণ্ডিক্যঃ স মহামতিঃ ॥২০॥

ছিলেন, তাহা বলিতেছি, শ্রবণ কর। [১৬] এক্ষণে কশেরু বা আমি অথবা পৃথিবীর মধ্যে অন্য কেহ, এতদ্বিষয়ক ব্যবস্থা প্রদান করিতে সমর্থ হইবে না। তুমি যাঁহাকে পরাজয় করিয়াছ, ত্বদীয় শত্রু সেই খাণ্ডিক্যই এবিষয়ের ব্যবস্থা প্রদান করিবেন। [১৭] কেশিধ্বজ কহিলেন, মহর্ষে! আমি ব্যবস্থা জিজ্ঞাসা করিবার নিমিত্ত আমার শত্রুর নিকট গমন করিতেছি, যদি সে আমাকে সংহার করে, তাহা হইলেও সমুদায় যজ্ঞের ফল প্রাপ্ত হইব। [১৮] মহর্ষে! আর যদি আমার প্রশ্ন অনুসারে খাণ্ডিক্য সমুদায় প্রায়শ্চিত্তের ব্যবস্থা প্রদান করে, তাহা হইলেও আমার যজ্ঞ সম্পন্ন হইবে। [১৯]

পরাশর কহিলেন। রাজা এই বাক্য বলিয়া কৃষ্ণাজিন ধারণ পূর্ব্বক রথে আরোহণ করিয়া যে স্থলে মহামুনি খাণ্ডিক্য অবস্থান করিতেছেন, সেই অরণ্য মধ্যে প্রবিষ্ট হইলেন। [২০] খাণ্ডিক্য আপনার শত্রুকে আগমন করিতে

তমায়ান্তং সমালোক্য খাণ্ডিক্যো রিপুমাত্মনঃ ।
প্রোবাচ ক্রোধতাম্রাক্ষঃ সমারোপিতকার্ম্মুকঃ ॥২১॥
খাণ্ডিক্য উবাচ ।
কৃষ্ণাজিনং ত্বং কবচমাবধ্যাস্মান্নিহংস্যসি ।
কৃষ্ণাজিনধরে বেৎসি ন ময়ি প্রহরিষ্যতি ॥২২॥
মৃগাণাং বত পৃষ্ঠেষু মূঢ় ! কৃষ্ণাজিনং ন কিম্ ।
যেষাং ত্বয়া ময়া চোগ্রাঃ প্রহিতাঃ শিতসায়কাঃ ॥২৩॥
স ত্বামহং হনিষ্যামি ন মে জীবন্ বিমোক্ষ্যসে ।
আততায্যসি দুর্ব্বুদ্ধে ! মম রাষ্ট্রহরো রিপুঃ ॥২৪॥
কেশিধ্বজ উবাচ ।
খাণ্ডিক্য ! সংশয়ং প্রষ্টুং ভবন্তমহমাগতঃ ।

দেখিয়া শরাসনে জ্যারোপণ পূর্ব্বক ক্রোধলোহিত লোচনে কহিতে লাগিলেন। [২১] তুমি কৃষ্ণাজিন ও কবচ ধারণ করিয়া আমাদিগকে বিনাশ করিতে আসিয়াছ? তুমি মনে করিয়াছ যে, আমাকে কৃষ্ণাজিনধারী দেখিয়া প্রহার করিবে না। [২২] মূঢ়! মৃগগণের পৃষ্ঠে কি কৃষ্ণাজিন দৃষ্ট হয় না? আমি সেই সকল মৃগের ন্যায় তোমার পৃষ্ঠে তীক্ষ্ণ শর নিক্ষেপ করিতে কুণ্ঠিত হইব না। [২৩] অতএব আমি অদ্য তোমাকে সংহার করিব। তুমি জীবন সত্ত্বে আমার হস্ত হইতে মুক্ত হইবে না। দুর্বুদ্ধে! তুমি আততায়ী. তুমি আমার রাজ্যাপহারক পরম শত্রু। [২৪]

কেশিধ্বজ কহিলেন। খাণ্ডিক্য! আমি একটী সন্দেহ ভঞ্জনের নিমিত্ত তোমার নিকট আগমন করিয়াছি। আমি

ন ত্বাং হন্তুং বিচার্য্যৈতৎ কোপং বাণঞ্চ মুঞ্চ চ ॥২৫॥

পরাশর উবাচ।

ততঃ স মন্ত্রিভিঃ সার্দ্ধমেকান্তে সপুরোহিতঃ।
মন্ত্রয়ামাস খাণ্ডিক্যঃ সর্ব্বৈরেব মহামতিঃ ॥২৬॥
তমূচুর্ম্মন্ত্রিণো বধ্যো রিপুরেষ বশংগতঃ।
হতে তু পৃথিবী সর্ব্বা তব বশ্যা ভবিষ্যতি ॥২৭॥
খাণ্ডিক্যশ্চাহ তান্ সর্ব্বানেতদেবং ন সংশয়ঃ।
হতে তু পৃথিবী সর্ব্বা মম বশ্যা ভবিষ্যতি ॥২৮॥
পরলোকজয়স্তস্য পৃথিবী সকলা মম।
ন হন্মি চেল্লোকজয়ো মম তস্য বসুন্ধরা।
নাহং মন্যে লোকজয়াদধিকা স্যাদ্বসুন্ধরা ॥২৯॥

তোমাকে বিনাশ করিতে আসি নাই। তুমি ইহা বিবেচনা করিয়া ক্রোধ ও বাণ পরিত্যাগ কর। [২৫]

পরাশর কহিলেন। অনন্তর মহামতি খাণ্ডিক্য সমুদায় মন্ত্রীও পুরোহিতগণের সহিত নির্জ্জন স্থানে গমন করিয়া পরামর্শ করিতে লাগিলেন। [২৬] মন্ত্রিগণ তাঁহাকে কহিলেন, তোমার শত্রু যখন তোমার বশতাপন্ন হইয়াছে, তখন ইহাকে বিনাশ করাই তোমার উচিত। এই ব্যক্তি বিনষ্ট হইলে সমুদায় পৃথিবী তোমার বশতাপন্ন হইবে। [২৭] অনন্তর খাণ্ডিক্য মন্ত্রিগণকে কহিলেন, আপনারা যেরূপ বলিতেছেন, তাহাতে আমার কিছুমাত্র সন্দেহ নাই। এই ব্যক্তিকে বিনাশ করিলে সমুদায় ভূমণ্ডল আমার অধীন হইবে। [২৮] এই রূপ হইলে, আমার সমুদায় পৃথিবী জয় ও কেশিধ্বজের

পরলোকজয়োঽনন্তঃ স্বল্পকালো মহীজয়ঃ।
তস্মাদেনং ন হিংসিষ্যে যৎ পৃচ্ছতি বদামি তৎ ॥৩০॥

পরাশর উবাচ।

ততস্তমভ্যুপেত্যাহ খাণ্ডিক্যজনকো রিপুম্।
প্রষ্টব্যং যত্ত্বয়া সর্ব্বং তৎ পৃচ্ছস্ব বদাম্যহম্ ॥৩১॥

পরাশর উবাচ।

ততঃ সর্ব্বং যথাবৃত্তং ধর্ম্মধেনুবধং দ্বিজ!।
কথয়িত্বা স পপ্রচ্ছ প্রায়শ্চিত্তং হি তদ্গতম্ ॥৩২॥
স চাচষ্ট যথান্যায়ং দ্বিজ! কেশিধ্বজায় তৎ।
প্রায়শ্চিত্তমশেষেণ যদ্বৈ তত্র বিধীয়তে ॥৩৩॥

পরলোক জয় হইবে। যদি আমি ইহাকে বিনষ্ট না করি, তাহা হইলে আমার পরলোক জয় ও তাহার পৃথিবী জয় হইবে।[২৯] আমি বিবেচনা করি, পরলোক জয় অপেক্ষা পৃথিবী জয় করা প্রশংসনীয় নহে। পৃথিবী জয় স্বল্পকাল স্থায়ী ও পরলোক জয় অনন্ত কাল স্থায়ী। অতএব আমি ইহাকে বিনাশ করিব না। যাহা জিজ্ঞাসা করিতেছে, তাহার উত্তর প্রদান করি।[৩০]

পরাশর কহিলেন। অনন্তর খাণ্ডিক্য কেশিধ্বজের নিকট আগমন করিয়া কহিলেন। তোমার যাহা জিজ্ঞাস্য থাকে সমুদায় জিজ্ঞাসা কর, আমি উত্তর প্রদান করিতেছি।[৩১] ব্রহ্মন্! অনন্তর কেশিধ্বজ ধর্ম্মধেনুবধ প্রভৃতির বৃত্তান্ত নিবেদন করিয়া তদ্বিষয়ক প্রায়শ্চিত্তের ব্যবস্থা জিজ্ঞাসা করিলেন।[৩২] ব্রহ্মন্! খাণ্ডিক্যও কেশিধ্বজের নিকট ন্যায়ানুসারে যথাবিহিত প্রায়শ্চিত্ত সমুদায় কহিলেন।[৩৩]

বিদিতার্থঃ স তেনৈবং সোঽনুজ্ঞাতো মহাত্মনা ।
যাগভূমিমুপাশ্রিত্য চক্রে সর্ব্বাঃ ক্রিয়াঃ ক্রমাৎ ॥৩৪॥
ক্রমেণ বিধিবৎ যাগং নীত্বা সোঽবভৃতাপ্লুতঃ ।
কৃতকৃত্যস্ততো ভূত্বা চিন্তয়ামাস পার্থিবঃ ॥৩৫॥
পূজিতা ঋত্বিজঃ সর্ব্বে সদস্যা মানিতা ময়া ।
তথৈবার্থিজনোঽপ্যর্থৈর্যোজিতোঽভিমতৈর্যথা ॥৩৬॥
যথার্হমস্য লোকস্য ময়া সর্ব্বং বিচেষ্টিতম্ ।
অনিষ্পন্নক্রিয়ং চেতস্তথাপি মম কিং যথা ॥৩৭॥
ইতি সঞ্চিন্ত্য যত্নেন সস্মার স মহীপতিঃ ।
খাণ্ডিক্যায় ন দত্তেতি ময়া বৈ গুরুদক্ষিণা ॥৩৮॥

কেশিধ্বজ ও সমুদায় প্রায়শ্চিত্ত বিবরণ অবগত হইয়া মহাত্মা খাণ্ডিক্যের আনুজ্ঞানুসারে যজ্ঞভূমিতে গমনপূর্ব্বক প্রায়শ্চিত্ত বিধির অনুষ্ঠান করিলেন।[৩৪] অনন্তর তিনি ক্রমশঃ যথা-বিধানে যজ্ঞ সমাধান করিয়া যজ্ঞাবশান কালীন স্নান পূর্ব্বক আপনাকে কৃতকৃত্য বোধ করিলেন, এবং চিন্তা করিতে লাগিলেন,[৩৫] আমি ঋত্বিকগণের পূজা করিলাম, সদস্য-গণেরও যথোপযুক্ত সম্মান রক্ষা করিয়াছি। যে সকল যাচক যজ্ঞস্থলে উপস্থিত হইয়াছিল, তাহাদিগকেও যথাবিধানে ধনদান করিয়াছি।[৩৬] আমি যেরূপ উপযুক্ত এবং ইহলোকে আমার যে রূপ করা কর্ত্তব্য, আমি তৎসমুদায় সম্পাদন করি-য়াছি। আমি অনুসন্ধান করিয়া বুঝিতে পারিতেছি না যে, ঈদৃশ কার্য্য করিয়াও কি নিমিত্ত আমার অন্তঃকরণ প্রসন্ন হইতেছে না।[৩৭] রাজা এইরূপ চিন্তা করিতেছেন, এমত সময়

স জগাম ততো ভূয়ো রথমারুহ্য পার্থিবঃ ।
মৈত্রেয় ! দুর্গগহনং খাণ্ডিক্যো যত্র সংস্থিতঃ ॥৩৯॥
খাণ্ডিক্যোঽপি তথায়ান্তং পুনর্দৃষ্ট্বা ধৃতায়ুধঃ ।
তস্থৌ হন্তুং কৃতমতিস্তথাহ স পুনর্নৃপঃ ॥৪০॥
ভো নাহং তেঽপকারায় প্রাপ্তঃ খাণ্ডিক্য মা ক্রুধঃ ।
গুরোর্নিষ্ক্রয়দানায় মামবেহি ত্বমাগতম্ ॥৪১॥
নিষ্পাদিতো ময়া যাগঃ সম্যক্ ত্বদুপদেশতঃ ।
সোঽহং তে দাতুমিচ্ছামি বৃণুষ্ব গুরুদক্ষিণাম্ ॥৪২॥

পরাশর উবাচ ।

ভূয়ঃ স মন্ত্রিভিঃ সার্দ্ধং মন্ত্রয়ামাস পার্থিবঃ ।

তাঁহার স্মরণ হইল যে, খাণ্ডিক্যকে গুরুদক্ষিণা প্রদান করা হয় নাই। [৩৮]

মৈত্রেয় ! অনন্তর রাজা রথে আরোহণ করিয়া যেখানে খাণ্ডিক্য অবস্থান করিতেছেন, সেই দুর্গম অরণ্যে পুনর্ব্বার গমন করিলেন। [৩৯] খাণ্ডিক্য তাঁহাকে সমীপস্থ হইতে দেখিয়া তাঁহার বিনাশ বিষয়ে কৃতসংকল্প হইয়া অস্ত্রধারণ করিয়া দণ্ডায়মান হইলেন। তখন কেশিধ্বজ কহিলেন, [৪০] খাণ্ডিক্য ! আমি তোমার অপকার করিবার নিমিত্ত আগমন করি নাই। তুমি ক্রুদ্ধ হইও না। আমি তোমাকে গুরুদক্ষিণা প্রদান করিতে আসিয়াছি। [৪১] আমি তোমার উপদেশ অনুসারে যজ্ঞ সমাধান করিয়াছি। এক্ষণে তোমাকে গুরুদক্ষিণা প্রদান করিতে ইচ্ছা করি। তুমি তোমার যেরূপ অভিলাষ প্রার্থনা কর। [৪২]

পরাশর কহিলেন। অনন্তর খাণ্ডিক্য পুনর্ব্বার মন্ত্রিগণের

গুরুর্নিষ্কৃতিকামোঽত্র কিময়ং প্রার্থ্যতামিতি ॥৪৩॥
তমূচুর্ম্মন্ত্রিণো রাজ্যমশেষং প্রার্থ্যতামিতি।
কৃতিভিঃ প্রার্থ্যতে রাজ্যমনায়াসিতসৈনিকৈঃ ॥৪৪॥
প্রহস্য তানাহ নৃপঃ স খাণ্ডিক্যো মহামতিঃ।
স্বল্পকালং মহীরাজ্যং মাদৃশৈঃ প্রার্থ্যতে কথম্ ॥৪৫॥
এবমেতদ্ভবন্তোঽত্র সর্ব্বসাধনমন্ত্রিণঃ।
পরমার্থঃ কথং কোঽত্র য়ূয়ং নাত্র বিচক্ষণাঃ ॥৪৬॥

পরাশর উবাচ।

ইত্যুক্ত্বা সমুপেত্যৈনং স তু কেশিধ্বজং নৃপম্।
উবাচ কিমবশ্যম্বং দদাসি গুরুদক্ষিণাম্ ॥৪৭॥

সহিত সমবেত হইয়া মন্ত্রণা করিতে লাগিলেন যে, এই কেশিধ্বজ গুরুদক্ষিণা প্রদানে উদ্যত হইয়াছে, ইহার নিকট কি প্রার্থনা করা কর্ত্তব্য? [৪৩] মন্ত্রিগণ তাঁহাকে কহিলেন; আপনি সমুদায় রাজ্য প্রার্থনা করুন। যাঁহারা কৃতী তাঁহারা ঈদৃশ স্থলে রাজ্যই প্রার্থনা করিয়া থাকেন, ইহাতে সেনাগণকে ক্লেশ দেওয়া হয় না। [৪৪] মহামতি খাণ্ডিক্য ঈষৎ হাস্য পূর্ব্বক তাঁহাদিগকে কহিলেন, পৃথিবীর রাজ্য স্বল্পকাল স্থায়ী, অতএব পৃথিবীর রাজ্য প্রার্থনা করা মাদৃশ ব্যক্তির উপযুক্ত নহে। [৪৫] তোমরা আমাকে সকল বিষয়েই মন্ত্রণা দান করিয়াথাক, কিন্তু কোন্ কার্য্যে পারমার্থিক মঙ্গল হয়, তদ্বিষয়ক জ্ঞানে তোমরা বিচক্ষণ নহ। [৪৬]

পরাশর কহিলেন। খাণ্ডিক্য এই কথা বলিয়া কেশিধ্বজের

পরাশর উবাচ ।

বাঢ়মিত্যেব তেনোক্তঃ খাণ্ডিক্যস্তমথাব্রবীৎ ।
ভবানধ্যাত্মবিজ্ঞান-পরমার্থবিচক্ষণঃ ॥৪৮॥
যদি চেদ্দীয়তে মহ্যং ভবতা গুরুনিষ্ক্রয়ঃ ।
তৎ ক্লেশপ্রশমায়ালং যৎ কর্ম্ম তদুদীরয় ॥৪৯॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে ষষ্ঠেঽংশে
ষষ্ঠোঽধ্যায়ঃ ।

নিকট আগমন পূর্ব্বক কহিলেন, তুমি কি নিশ্চয়ই গুরু-দক্ষিণা প্রদান করিবে? [৪৭] কেশিধ্বজ কহিলেন, হাঁ, আমি নিশ্চয়ই গুরুদক্ষিণা প্রদান করিব। তখন খাণ্ডিক্য কহিলেন, তুমি অধ্যাত্ম বিজ্ঞান ও পারমার্থিক বিষয়ে অতীব বিচক্ষণ।[৪৮] যদি আমাকে গুরুদক্ষিণা দেওয়া তোমার কর্ত্তব্য কর্ম্ম হয়, তাহা হইলে কি রূপ কার্য্য করিলে দুঃখনিবৃত্তি হইতে পারে তাহা তুমি বল।

বিষ্ণুপুরাণ ষষ্ঠ অংশ ষষ্ঠ অধ্যায়
সমাপ্ত ।

সপ্তমাধ্যায়ঃ।

কেশিধ্বজ উবাচ।

ন প্রার্থিতং ত্বয়া কস্মাৎ মম রাজ্যমকণ্টকম্।
রাজ্যলাভাদ্বিনা নান্যৎ ক্ষত্রিয়াণামতিপ্রিয়ম্ ॥১॥

খাণ্ডিক্য উবাচ।

কেশিধ্বজ! নিবোধ ত্বং ময়া ন প্রার্থিতং যতঃ।
রাজ্যমেতদশেষং তে যত্র গৃধ্যন্ত্যপণ্ডিতাঃ ॥২॥
ক্ষত্রিয়াণাময়ং ধর্ম্মো যৎ প্রজাপরিপালনম্।

কেশিধ্বজ কহিলেন, তুমি মনে করিলে নিষ্কণ্টক রাজ্য প্রার্থনা করিতে পারিতে, তাহা তুমি কি জন্য করিলে না? ক্ষত্রিয়গণের পক্ষে রাজ্য লাভ ব্যতীত আর ত কোন প্রিয়তর বস্তু নাই।

খাণ্ডিক্য কহিলেন, কেশিধ্বজ! আমি যে কারণে তোমার সমুদায় রাজ্য প্রার্থনা করি নাই, তাহা শ্রবণ কর। যাহারা ভোগাভিলাষী অবিবেকী, তাহারাই রাজ্যের মুখাপেক্ষা করে। ২ ক্ষত্রিয়দিগের ধর্ম্ম এবং কর্ত্তব্য কর্ম্ম এই যে, প্রজাপালন করেন এবং যাহারা রাজ্যের পরিপন্থী তাহা-

বধশ্চ ধর্ম্মযুদ্ধেন স্বরাজ্যপরিপন্থিনাম্ ॥৩॥
যত্রাশক্তস্য মে দোষো নৈবাস্ত্যপহৃতে ত্বয়া।
বন্ধায়ৈব ভবত্যেষা অবিদ্যাপ্যক্রমোজ্ঝিতা ॥৪॥
জন্মোপভোগলিপ্সার্থমিয়ং রাজ্যস্পৃহা মম।
অন্যেষাং দোষজা নৈষা ধর্ম্মমেবানুরুধ্যতে ॥৫॥
ন যাচ্ঞা ক্ষত্রবন্ধূনাং ধর্ম্মো হ্যেতৎ সতাং মতম্।
অতো ন যাচিতং রাজ্যমবিদ্যান্তর্গতং তব ॥৬॥

দিগকে ধর্ম্মযুদ্ধে সংহার করেন।[৩] তুমি আমার রাজ্য হরণ করিয়াছ, আমি তাহার প্রত্যুদ্ধারে সমর্থ হই নাই, সুতরাং প্রজাপালন প্রভৃতি না করাতে যে অধর্ম্ম হয় তাহা আমার হইবার সম্ভাবনা নাই, কারণ যদি ক্রমবিপর্য্যয় করিয়া কর্ম্মকাণ্ড পরিত্যাগ করা যায়, তাহা হইলে তাহা পাপজনক হইয়া থাকে।[৪] (যদি আমি তোমার নিকট রাজ্য প্রার্থনা করি, তাহা হইলে আমার সেই প্রার্থনা কেবল) রাজবংশে জন্ম নিবন্ধন ছত্র চামর প্রভৃতি উপভোগ করিবার জন্যই হইতেছে। এই রাজ্য প্রার্থনা অন্যের পক্ষে দোষজনক নহে, কারণ তাহারা কর্ত্তব্য কর্ম্ম ও ধর্ম্মের অনুরোধেই তৎকার্য্যে প্রবৃত্ত হইয়া থাকে।[৫] বিশেষত সাধুগণ বলিয়া থাকেন যে যাচ্ঞা ক্ষত্রিয়দিগের ধর্ম্ম নহে। আমি এই কারণে সংসারবন্ধনকারণ ত্বদীয় রাজ্য প্রার্থনা করি নাই।[৬] যাঁহাদের হৃদয় মমতা দ্বারা আকৃষ্ট, যাঁহারা অহঙ্কার ও অভিমান রূপ অপরিমিত সুরাপানে মত্ত, তাদৃশ অজ্ঞানান্ধ

রাজ্যে গৃধ্যন্ত্যবিদ্বাংসো মমত্বাহতচেতসঃ।
অহংমানমহাপান-মদমত্তা ন মাদৃশঃ ॥৭॥

পরাশর উবাচ।

তং প্রহৃষ্টঃ সাধ্বিতি প্রাহ কেশিধ্বজো নৃপঃ।
খাণ্ডিক্যজনকং প্রীত্যা শ্রূয়তাং বচনং মম ॥৮॥
অহন্ত্ববিদ্যয়া মৃত্যুং চ ভর্তুকামঃ করোমি বৈ।
রাজ্যং যাগাংশ্চ বিবিধান্ ভোগৈঃ পুণ্যক্ষয়ং তথা ॥৯॥
তদিদং তে মনো দিষ্ট্যা বিবেকৈশ্বর্য্যতাং গতম্।
শ্রূয়তাং চাপ্যবিদ্যায়াঃ স্বরূপং কুলনন্দন ॥১০॥
অনাত্মন্যাত্মবুদ্ধির্যা অস্বে স্বমিতি যা মতিঃ।

ব্যক্তিরাই রাজ্যের মুখাপেক্ষা করিয়া থাকেন। মাদৃশ ব্যক্তি কখন সেরূপ করে না। [৭]

পরাশর কহিলেন, অনন্তর রাজা কেশিধ্বজ প্রহৃষ্ট হৃদয়ে সাধুবাদ প্রদান করিয়া খাণ্ডিক্যকে প্রীতি পূর্ব্বক কহিলেন, আমি যাহা বলিতেছি, শ্রবণ কর। [৮] (তুমি যাহা কহিলে সকলই সত্য।) আমিও প্রজাপালন প্রভৃতি অবিদ্যা দ্বারা মৃত্যুজয় করিতে অভিলাষী হইয়া বিবিধ ভোগ দ্বারা পুণ্যক্ষয় ও বিবিধ যোগ দ্বারা পাপক্ষয় করিবার জন্য রাজ্যশাসন করিতেছি। [৯] কুলভূষণ! এক্ষণে ভাগ্যক্রমে তোমার মন বিবেকের অনুগত হইয়াছে। আমি তোমার নিকট অবিদ্যার স্বরূপ বলিতেছি, শ্রবণ কর। [১০]

অনাত্মা অর্থাৎ শরীরাদি জড়ি পদার্থে আত্মজ্ঞান, যাহা

অবিদ্যাতরুসংভূতেবীজমেতদ্দ্বিধা স্থিতম্ ॥১১॥
পঞ্চভূতাত্মকে দেহে দেহী মোহতমোবৃতঃ।
অহমেতদিতীত্যুচ্চৈঃ কুরুতে কুমতির্ম্মতিম্ ॥১২॥
আকাশবায্বগ্নিজল-পৃথিবীভ্যঃ পৃথক্ স্থিতে।
আত্মন্যাত্মময়ং ভাবং কঃ করোতি কলেবরে ॥১৩॥
কলেবরোপভোগ্যং হি গৃহক্ষেত্রাদিকঞ্চ কঃ।
অদেহে হ্যাত্মনি প্রাজ্ঞো মমেদমিতি মন্যতে ॥১৪॥
ইত্থঞ্চ পুত্রপৌত্রেষু তদ্দেহোৎপাদিতেষু কঃ।

আপনার নহে, তাদৃশ গৃহ ক্ষেত্র প্রভৃতিতে আপনার বলিয়া বোধ, অবিদ্যা এই দুই প্রকার। ইহা বৃক্ষের বীজের ন্যায় দুই খণ্ডে মিলিত হইয়া আছে।[১১] দুর্ম্মতি জীবগণ, পাঞ্চভৌতিক দেহে অবস্থান পূর্ব্বক মোহপাশে আবদ্ধ হইয়া (আমি যাইতেছি, আমি খাইতেছি, আমার পুষ্টি হইয়াছে, আমি ক্ষীণ হইয়া পড়িয়াছি, ইত্যাদি প্রকারে) দুর্ম্মতি প্রকাশ করিয়া থাকে।[১২] আকাশ, বায়ু, অগ্নি, জল, পৃথিবী, এই পাঞ্চভৌতিক পদার্থ হইতে অতিরিক্ত আত্মা থাকিতে কোন্ ব্যক্তি শরীরকে আত্মা জ্ঞান করিতে পারে।[১৩] গৃহ ক্ষেত্র প্রভৃতি বিষয় সমুদায়ই শরীরের ভোগ্য। আত্মা শরীর হইতে ভিন্ন। কোন্ বিজ্ঞ ব্যক্তি ঐ সমুদায় গৃহ ক্ষেত্রাদি আমার অর্থাৎ আত্মার বলিয়া অভিমান করিতে পারে।[১৪] এই রূপ যখন শরীর, আত্মা হইতে পৃথক্ তখন কোন্ পণ্ডিত ব্যক্তি শরীর দ্বারা উৎপাদিত পুত্র পৌত্র প্রভৃতিতে প্রভুত্ব করিতে

করোতি পণ্ডিতঃ স্বাম্যমনাত্মনি কলেবরে ॥১৫॥
সর্ব্বং দেহোপভোগায় কুরুতে কর্ম্ম মানবঃ।
দেহশ্চান্যো যদা পুংসস্তদা বন্ধায় তৎ পরম্ ॥১৬॥
মৃণ্ময়ং চ যথা গেহং লিপ্যতে চ মৃদম্ভসা।
পার্থিবোহয়ং তথা দেহো মৃদম্বালেপনস্থিতঃ ॥১৭॥
পঞ্চভূতাত্মকৈর্ভোগৈঃ পঞ্চভূতাত্মকং বপুঃ।
আপ্যায়তে যদি ততঃ পুংসো গর্ব্বোহত্র কিং ততঃ ॥১৮॥
অনেকজন্মসাহস্রীং সংসারপদবীং ব্রজন্।
মোহশ্রমং প্রয়াতোহসৌ বাসনারেণুগুণ্ঠিতঃ ॥১৯॥
প্রক্ষাল্যতে যদা সোহস্য রেণুর্জ্ঞানোষ্ণবারিণা।

পারে।[১৫] মানবগণ শরীরের ভোগের নিমিত্ত সমুদায় কর্ম্ম-কাণ্ড করিয়া থাকে। পুরুষ যখন শরীর হইতে ভিন্ন, তখন ঐ সমুদায় কর্ম্ম কেবল বন্ধের কারণই হইয়া থাকে।[১৬] যেমন মৃণ্ময় গৃহ মৃত্তিকা লেপন দ্বারা রক্ষিত হয়, তাহার ন্যায় মৃত্তিকা লেপন দ্বারাই এই পার্থিব দেহ রক্ষিত হইতেছে।[১৭] পঞ্চভূত-ময় ভোগ দ্বারা যদি পঞ্চভূতময় দেহ পরিতৃপ্ত হয়, তাহা হইলে পুরুষ তাহাতে কি জন্য অহঙ্কার করিবে?[১৮] যাহাতে সহস্র সহস্র জন্ম যাতায়াত করিতে হয়, তাদৃশ সংসার পথে ধাবমান হইয়া মানবগণ, কর্ত্তৃত্ব ভোক্তৃত্বাভিনিবেশাদিরূপ মোহভ্রমে অভিভূত ও মিথ্যাজ্ঞান সংস্কার রূপ ধূলিসমূহে ধূষরিত হইয়া থাকে।[১৯] যে সময় জ্ঞান রূপ উষ্ণবারি দ্বারা উক্ত বাসনারেণু প্রক্ষালিত হইয়া যায়, তৎকালে সংসার

তদা সংসারপান্থস্য যাতি মোহশ্রমঃ শমম্ ॥২০॥
মোহশ্রমে শমং যাতে স্বস্থান্তঃকরণঃ পুমান্।
অনন্যাতিশয়াবাধং পরং নির্ব্বাণমৃচ্ছতি ॥২১॥
নির্ব্বাণময়এবায়মাত্মা জ্ঞানময়োঽমলঃ।
দুঃখাজ্ঞানমলা ধর্ম্মাঃ প্রকৃতেস্তে তু নাত্মনঃ ॥২২॥
জলস্য নাগ্নিসংসর্গঃ স্থালীসঙ্গাত্তথাপি হি।
শব্দোদ্রেকাদিকান্ ধর্ম্মাংস্তৎ করোতি যথা মুনে! ॥২৩॥
তথাত্মা প্রকৃতেঃ সঙ্গাদহং মানাদিদূষিতঃ।

পথের পথিকদিগের সমুদায় মোহভ্রম অপনীত হইয়া থাকে।[২০] এই রূপে মোহ ভ্রম অপনীত হইলে পুরুষ সুস্থান্তঃকরণ হইয়া নিরুপদ্রব নিরতিশয় পরম নির্ব্বাণমুক্তি লাভ করে।[২১]

আত্মা নির্ব্বাণময় জ্ঞানময় ও নির্ম্মল। দুঃখ অজ্ঞান ও পাপ, এতৎসমুদায় আত্মার ধর্ম্ম নহে, ইহারা প্রকৃতির ধর্ম্ম।[২২] মুনে! যেমন অগ্নি সম্পর্কে প্রতপ্ত স্থাল্যাদির সংযোগে জলের শব্দোদ্রেক প্রভৃতি ধর্ম্ম লক্ষিত হয়, বস্তুগত্যা অগ্নির সহিত জলের সংযোগ থাকে না, তাহার ন্যায় (প্রাকৃত শরীরে আত্মাভিমান থাকাতে দুঃখ অজ্ঞান প্রভৃতি শরীরস্থিত প্রাকৃতিক ধর্ম্ম সমুদায় নির্ম্মল জ্ঞানময় আত্মাতে আরোপিত হইয়া থাকে।)[২৩] প্রকৃতির সংসর্গ হেতু এবং প্রকৃতিতে আত্মাভিমান হেতু আত্মা দূষিত হইয়া প্রাকৃত ধর্ম্ম সমুদায় ভজনা করে। ফলত আত্মা তাদৃশ ভাবাপন্ন

ভজতে প্রাকৃতান্ ধর্ম্মানভ্যস্তেভ্যো হি সোঽব্যয়ঃ॥২৪॥
তদেতৎ কথিতং বীজমবিদ্যায়াস্তব প্রভো!।
ক্লেশানাং চ ক্ষয়করং যোগাদন্যন্ন বিদ্যতে॥২৫॥

খাণ্ডিক্য উবাচ।

তন্তু ব্রূহি মহাভাগ! যোগং যোগবিদুত্তম!।
বিজ্ঞাতযোগশাস্ত্রার্থস্ত্বমস্যাং নিমিসংততৌ॥২৬॥

কেশিধ্বজ উবাচ।

যোগস্বরূপং খাণ্ডিক্য! শ্রূয়তাং গদতো মম।
যত্র স্থিতো ন চ্যবতে প্রাপ্য ব্রহ্মলয়ং মুনিঃ॥২৭॥
মন এব মনুষ্যাণাং কারণং বন্ধমোক্ষয়োঃ।
বন্ধস্য বিষয়াসঙ্গি মুক্তের্নির্ব্বিষয়ং তথা॥২৮॥

নহেন। তিনি (স্বভাবতই জ্ঞানময় নির্ম্মল এবং) অব্যয় পুরুষ।[২৪] প্রভো! এই আমি তোমার নিকট অবিদ্যার মূল ও বীজ কহিলাম। যোগ আশ্রয় ব্যতিরেকে অন্য কোন উপায় দ্বারা কোন মতেই তাপত্রয় অর্থাৎ সাংসারিক ক্লেশরাশি শান্তি হইতে পারে না।[২৫]

খাণ্ডিক্য কহিলেন, মহাভাগ! তুমি যোগশাস্ত্রজ্ঞ পণ্ডিতদিগের মধ্যে শ্রেষ্ঠ। এই নিমিবংশের মধ্যে তুমিই যোগশাস্ত্রের মর্ম্ম সমুদায় অবগত আছ, অতএব তুমি আমার নিকট যোগশাস্ত্র কীর্ত্তন কর।[২৬]

কেশিধ্বজ কহিলেন, খাণ্ডিক্য! আমি যোগের স্বরূপকীর্ত্তন করিতেছি, শ্রবণ কর। মুনিগণ এই যোগ অবলম্বন করিয়াই মুক্তি লাভ করেন, সংসারে আর পুনর্ব্বার নিপতিত হন না।[২৭] মনই মনুষ্যের বন্ধ ও মোক্ষের অসাধারণ কারণ, কারণ মন

বিষয়েভ্যঃ সমাহৃত্য বিজ্ঞানাত্মা মনো মুনিঃ।
চিন্তয়েন্মুক্তয়ে তেন ব্রহ্মভূতং পরেশ্বরম্ ॥২৯॥
আত্মভাবং নয়ত্যেবং তদ্ব্রহ্মধ্যায়িনং মুনে!।
বিকার্য্যমাত্মনঃ শক্ত্যা লোহমাকর্ষকো যথা ॥৩০॥
আত্মপ্রযত্নসাপেক্ষা বিশিষ্টা যা মনোগতিঃ।
তস্যা ব্রহ্মণি সংযোগো যোগ ইত্যভিধীয়তে ॥৩১॥
এবমত্যন্তবৈশিষ্ট্য-যুক্তধর্ম্মোপলক্ষণঃ।
যস্য যোগঃ স বৈ যোগী মুমুক্ষুরভিধীয়তে ॥৩২॥
যোগযুক্ প্রথমং যোগী যুঞ্জমানো বিধীয়তে।
বিনিষ্পন্নসমাধিস্তু পরং ব্রহ্মোপলব্ধিমান্ ॥৩৩॥

যখন বিষয়ে আসক্ত হয় তাহা সংসার বন্ধনের কারণ এবং যখন বিষয় বাসনা পরিশূন্য হয় তখন মুক্তির কারণ হইয়া থাকে।[২৮] তত্ত্বজ্ঞানসম্পন্ন মুনি, মনকে বিষয় বাসনা হইতে আকর্ষণ করিয়া মুক্তির নিমিত্ত তদ্দ্বারা ব্রহ্মরূপ পরমেশ্বরের চিন্তা করিবে।[২৯] মহর্ষে! চুম্বক যেমন আত্মশক্তি দ্বারা বিকারী লৌহকে আকর্ষণ করে তাহার ন্যায় পরমব্রহ্ম, ধ্যান-পরায়ণ ব্যক্তিকে আপনার সহিত একীভূত করেন।[৩০] আত্ম-প্রযত্ন অর্থাৎ যম নিয়ম প্রভৃতির অধীন যে বিশিষ্ট সত্ত্বময়ী মনোবৃত্তি, তাহাদ্বারা পরম ব্রহ্মের সংযোগ হইলে তাহা যোগ শব্দে অভিহিত হইয়া থাকে।[৩১] এইরূপ বিশিষ্ট ধর্ম্মা-ক্রান্ত যোগ যাঁহাতে আছে, তিনিই যোগী ও মুমুক্ষু শব্দে অভিহিত হইয়া থাকেন।[৩২] যিনি প্রথমত যোগ অভ্যাস করেন শিক্ষার পূর্ব্বে তাঁহাকে যোগযুক্ বলা যায়। যোগ যাঁহার অনেক অংশে অভ্যাস্ত হইয়াছে, তিনি যুঞ্জান শব্দে

যদ্যন্তরায়দোষেণ দূষ্যতে নাস্য মানসম্ ।
জন্মান্তরৈরভ্যসতো মুক্তিঃ পূর্ব্বস্য জায়তে ॥৩৭॥
বিনিষ্পন্নসমাধিস্তু মুক্তিং তত্রৈব জন্মনি ।
প্রাপ্নোতি যোগী যোগাগ্নিদগ্ধকর্ম্মচয়োঽচিরাৎ ॥৩৫॥
ব্রহ্মচর্য্যমহিংসা চ সত্যাস্তেয়াপরিগ্রহান্ ।
সেবেত যোগানিষ্কামো যোগ্যতাং স্বমনোনয়ন্ ॥৩৬॥
স্বাধ্যায়শৌচসন্তোষতপাংসি নিয়তাত্মবান্ ।
কুর্ব্বীত ব্রহ্মণি তথা পরস্মিন্ প্রবণং মনঃ ॥৩৭॥
এতে যমাঃ সনিয়মাঃ পঞ্চ পঞ্চ প্রকীর্ত্তিতাঃ ।

অভিহিত হইয়া থাকেন। যিনি পরম ব্রহ্মের সাক্ষাৎকার লাভ করিয়াছেন, তাঁহার নাম বিনিষ্পন্ন সমাধি।[৩৩] যদি (আলস্য, তীব্র ব্যাধি, প্রমাদ, স্থানসংশয়, অনবস্থিতচিত্ততা, অশ্রদ্ধা, ভ্রান্তিদর্শন, দুঃখ, দৌর্ম্মনস্য, বিষয়-লোলতা প্রভৃতি) অন্তরায় দ্বারা মন সমধিক দূষিত না হয়, তাহা হইলে যোগযুক্ ব্যক্তি যোগাভ্যাস করিতে করিতে জন্মান্তরে মুক্তি লাভ করিতে পারে।[৩৪] বিনিষ্পন্ন-সমাধি যোগী সেই জন্মেই মুক্তি লাভ করেন। তাঁহার কর্ম্ম সমুদায় যোগাগ্নি দ্বারা দগ্ধ হইয়া যায়। (যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান, সমাধি, এই অষ্টবিধ যোগাঙ্গের মধ্যে যম ও নিয়মের অন্তর্গত) ব্রহ্মচর্য্য, অহিংসা, সত্য, অস্তেয়, এই কএকটী ধর্ম্ম নিরন্তর অবলম্বন করা বিষয়বাসনা পরিহার করা এবং মনকে ব্রহ্ম-প্রবণতার উপযুক্ত করা যোগী ব্যক্তির কর্ত্তব্য।[৩৬] বেদাধ্যয়ন শৌচ, সন্তোষ, তপস্যা, এই সমুদয় অবলম্বন পূর্ব্বক জিতেন্দ্রিয় হইয়া যোগী মনকে পরম ব্রহ্মে আসক্ত করিবেন।[৩৭]

বিশিষ্টফলদা ; কাম্যা নিষ্কামানাং বিমুক্তিদাঃ ॥৩৮॥
একং ভদ্রাসনাদীনাং সমাস্থায় গুণৈর্য়ুতঃ ।
যমাখ্যৈর্নিয়মাখ্যৈশ্চ যুঞ্জীত নিয়তো যতিঃ ॥৩৯॥
প্রাণাখ্যমনিলং বশ্যমভ্যাসাৎ কুরুতে তু যৎ ।
প্রাণায়ামঃ স বিজ্ঞেয়ঃ সবীজো হবীজ এব চ ॥৪০॥
পরস্পরেণাভিভবং প্রাণাপানৌ যদানিলৌ ।
কুরুতঃ সদ্বিধানেন তৃতীয়ঃ সংযমাত্তয়োঃ ॥৪১॥

এই আমি তোমার নিকট পাঁচ প্রকার যম ও পাঁচ প্রকার নিয়ম কীর্ত্তন করিলাম, যাঁহারা সকাম হইয়া এইরূপ যম নিয়ম অবলম্বন করেন, তাঁহারা বিশিষ্ট ফললাভ করিয়া থাকেন, যাঁহারা নিষ্কাম হইয়া ঐ সমুদয় অবলম্বন করেন তাঁহারা মুক্তির অধিকারী হন।[৩৮] যোগী এইরূপ যমনিয়মাদি বিশিষ্ট হইয়া ভদ্রাসন প্রভৃতি আসন সমুদায়ের মধ্যে যে কোন আসন অবলম্বন পূর্ব্বক নিয়মানুসারে যোগ করিবেন।[৩৯] অভ্যাসদ্বারা প্রাণবায়ুকে যে বশতাপন্ন করা যায়, তাহার নাম প্রাণায়াম। এই প্রাণায়াম দুই প্রকার, সবীজ ও অবীজ। সবীজ অর্থাৎ ভগবন্-মূর্ত্তি ধ্যান ও মন্ত্র জপ সহিত, অবীজ অর্থাৎ উক্ত প্রকার ধ্যান ও মন্ত্র রহিত।[৪০] মুখনাসিকাদ্বারা যে বায়ু নির্গত হয়, তাহার নাম প্রাণবায়ু, যে বায়ু নিশ্বাসদ্বারা অভ্যন্তরে প্রবিষ্ট হয় তাহার নাম অপান। যখন প্রাণবৃত্তি দ্বারা অপানবৃত্তির নিরোধ হয়, তখন তাহাকে রেচকাখ্য প্রাণায়াম বলা হইয়া থাকে। এইরূপ যখন অপান বৃত্তিদ্বারা প্রাণবৃত্তির নিরোধ হয় তখন তাহা পূরকাখ্য প্রাণায়াম শব্দে নির্দ্দিষ্ট হইয়া থাকে।) এইরূপে প্রাণবায়ু ও অপান বায়ু পরস্পর পরস্পরকে অভিভব করাতে উক্ত

তস্য চালম্বনবতঃ স্থূলং রূপং দ্বিজোত্তম!।
আলম্বনমনন্তস্য যোগিনোঽভ্যসতঃ স্মৃতম্॥৪২॥
শব্দাদিষ্বনুরক্তানি নিগৃহ্যাক্ষাণি যোগবিৎ।
কুর্য্যাৎ চিত্তানুচারীণি প্রত্যাহারপরায়ণঃ॥৪৩॥
বশ্যতা পরমা তেন জায়তেঽতিচলাত্মনাম্।
ইন্দ্রিয়াণামবশ্যৈস্তৈর্ন যোগী যোগসাধকঃ॥৪৪॥
প্রাণায়ামেন পবনৈঃ প্রত্যাহারেণ চেন্দ্রিয়ৈঃ।
বশীকৃতৈস্ততঃ কুর্য্যাৎ স্থিরঞ্চেতঃ শুভাশ্রয়ে॥৪৫॥

খাণ্ডিক্য উবাচ।

কথ্যতাং মে মহাভাগ! চেতসো যঃ শুভাশ্রয়ঃ।

প্রাণায়াম দুই প্রকার হইয়া থাকে যৎকালে এই উভয় বায়ুর এককালীন নিরোধ হয় তখন তাহা (কুম্ভক নামে) তৃতীয় প্রাণায়াম শব্দে অভিহিত হয়। [৪১] যোগী প্রথমতঃ স্থূল রূপ অবলম্বন পূর্ব্বক (ধ্যান ও জপ করিবে।) পরে অভ্যাসদ্বারা অনন্ত অর্থাৎ নিরাকার পরমব্রহ্মই তাঁহার অবলম্বন হইবে। [৪২] যোগী প্রথমতঃ মনকে বিষয়বাসনা হইতে বিনিবর্ত্তিত করিবে, পরে শব্দ স্পর্শ রূপ রস প্রভৃতি বিষয় ভোগে অনুরক্ত ইন্দ্রিয়সমুদায়কে নিগৃহীত করিয়া চিত্তানুবর্ত্তী করিবে। [৪৩] ইন্দ্রিয় সমুদায় যদিও সাতিশয় চঞ্চল তথাপি ঈদৃশ ব্যবহার করিলে তাহারা অবশ্যই দৃঢ়রূপে বশীভূত হয়। পরন্তু ইন্দ্রিয় বশীভূত না হইলে যোগী কখনই যোগ সাধনে সমর্থ হন না। [৪৪] প্রাণায়াম দ্বারা, বায়ু নিরোধ দ্বারা প্রত্যাহার অর্থাৎ বিষয়বাসনা পরিহার দ্বারা, ইন্দ্রিয় বশীকরণ দ্বারা মঙ্গলালয় পরমেশ্বরে দৃঢ়রূপে মন স্থিরীকৃত করিবে। [৪৫]

সদাধারমশেষন্তৎ হন্তি দোষসমুদ্ভবম্ ॥৪৬॥

কেশিধ্বজ উবাচ।

আশ্রয়শ্চেতসো ব্রহ্ম দ্বিধা তচ্চ স্বভাবতঃ।
ভূপ মূর্ত্তমমূর্ত্তঞ্চ পরঞ্চাপরমেব চ ॥৪৭॥
ত্রিবিধা ভাবনা ভূপ! বিশ্বমেতন্নিবোধ মে।
ব্রহ্মাখ্যা কর্ম্মসংজ্ঞা চ তথা চৈবোভয়াত্মিকা ॥৪৮॥
ব্রহ্মভাবাত্মিকা হ্যেকা কর্ম্মভাবাত্মিকা পরা।
উভয়াত্মিকা তথৈবান্যা ত্রিবিধা ভাবভাবনা ॥৪৯॥
সনন্দনাদয়ো ব্রহ্মন্! ব্রহ্মভাবনয়া যুতাঃ।
কর্ম্মভাবনয়া চান্যে দেবাদ্যাঃ স্থাবরাশ্চরাঃ ॥৫০॥

খাণ্ডিক্য কহিলেন। মহাভাগ! যাহা অবলম্বন করিলে মনের সমুদায় দোষ অর্থাৎ মুক্তিপথের সমুদায় অন্তরায় নিরাকৃত হয়, তাদৃশ উৎকৃষ্ট মনের অবলম্বন কি তাহা আমার নিকট বল। [৪৬]

কেশিধ্বজ কহিলেন। রাজন্! মনের আশ্রয় ব্রহ্ম, (অধিকারিভেদে) এই ব্রহ্ম প্রথমত দুই প্রকার মূর্ত্ত ও অমূর্ত্ত। এই দ্বিবিধ ব্রহ্মও পর ও অপর রূপে পুনর্ব্বার দুই প্রকার কল্পিত হইয়া থাকেন। [৪৭] রাজন্! ভাবনা অর্থাৎ জ্ঞানবিশেষ-জনিত বাসনা তিন প্রকার, ব্রহ্মভাবনা কর্ম্মভাবনা ও উভয়াত্মিকা। [৪৮] ভাবভাবনা অর্থাৎ বস্তুবিষয়িণী ভাবনা তিন প্রকার, ব্রহ্মভাবাত্মিকা কর্ম্মভাবাত্মিকাও উভয়াত্মিকা। [৪৯] ব্রহ্মন্! সনন্দ প্রভৃতি মহর্ষিগণ ব্রহ্মভাবনায় নিযুক্ত আছেন। এতদ্ব্যতীত দেবগণ ও স্থাবর জঙ্গম প্রাণিগণ প্রায় সকলেই কর্ম্ম ভাবনা নিরত। [৫০] বোধ অর্থাৎ স্বরূপ অধিকার অর্থাৎ

হিরণ্যগর্ভাদিষু চ ব্রহ্মকর্ম্মাত্মিকা দ্বিধা ।
বোধাধিকারযুক্তেষু বিদ্যতে ভাবভাবনা ॥৫১॥
অক্ষীণেষু সমস্তেষু বিশেষজ্ঞানকর্ম্মসু ।
বিশ্বমেতৎ পরং চান্যদ্ভেদভিন্নদৃশাং নৃপ ! ॥৫২॥
প্রত্যস্তমিতভেদং যৎ সত্তামাত্রমগোচরম্ ।
বচসামাত্মসংবেদ্যং তজ্জ্ঞানং ব্রহ্মসংজ্ঞিতম্ ॥৫৩॥
তচ্চ বিষ্ণোঃ পরং রূপমরূপস্যাজমক্ষরম্ ।
বিশ্বরূপাচ্চ বৈরূপ্যলক্ষণং পরমাত্মনঃ ॥৫৪॥
ন তদ্যোগযুজা শক্যং নৃপ! চিন্তয়িতুং যতঃ ।
ততঃ স্থূলং হরেরূপং চিন্তয়েদ্বিশ্বগোচরম্ ॥৫৫॥
হিরণ্যগর্ভো ভগবান্ বাসবোঽথ প্রজাপতিঃ ।

সৃষ্টি প্রভৃতি, এতদ্বিশিষ্ট হিরণ্যগর্ত্ত প্রভৃতিতে ব্রহ্মাত্মিকা ও কর্ম্মাত্মিকা বুদ্ধি হওয়াতে ভাবভাবনা দুইপ্রকার হইতেছে।[৫১] যে পর্য্যন্ত বিশেষ জ্ঞানের হেতুভূত কর্ম্ম সমুদায় অর্থাৎ পাপ-পুণ্য ক্ষয় না হয়, সে পর্য্যন্ত এই জগৎ পরম ব্রহ্ম হইতে ভিন্ন বোধ হইতে থাকে এবং সে পর্য্যন্ত ভেদবুদ্ধি নিরাকৃত হয় না।[৫২] যে সময় পদার্থ সমুদায়ের ভেদ জ্ঞান তিরোহিত হয়, যৎকালে সকল স্থানেই এক মাত্র পরমব্রহ্মের সত্তা উপলব্ধি হইতে থাকে, সেই বাক্যের অগোচর স্বসংবেদ্য জ্ঞানের নাম ব্রহ্মজ্ঞান।[৫৩] তাহাই অরূপ অজ অক্ষয় পরমাত্মা বিষ্ণুর পরম রূপ, এইরূপ, বিশ্বরূপ হইতে বিভিন্ন।[৫৪] রাজন্! যোগযুক্ত ব্যক্তিরা এই রূপ চিন্তা করিতে সমর্থ হন না, এই জন্য তাঁহারা বিষ্ণুর সর্ব্বসম্বেদ্য স্থূল রূপেরই চিন্তা করিয়া থাকেন।[৫৫] ভগবান্ হিরণ্যগর্ভ ইন্দ্র প্রজাপতি মরুদ্গণ

মরুতো বসবো রুদ্রা ভাস্করাস্তারকা গ্রহাঃ ॥৫৬॥
গন্ধর্ব্বযক্ষা দৈত্যাদ্যাঃ সকলা দেবযোনয়ঃ।
মনুষ্যাঃ পশবঃ শৈলাঃ সমুদ্রাঃ সরিতো দ্রুমাঃ ॥৫৭॥
ভূপ ! ভূতান্যশেষাণি ভূতানাং যে চ হেতবঃ।
প্রধানাদিবিশেষান্তং চেতনাচেতনাত্মকম্ ॥৫৮॥
একপাদং দ্বিপাদঞ্চ বহুপাদমপাদকম্।
মূর্ত্তমেতৎ হরেরূপং ভাবনাত্রিতয়াত্মকম্ ॥৫৯॥
এতৎ সর্ব্বমিদং বিশ্বং জগদেতচ্চরাচরম্।
পরব্রহ্মস্বরূপস্য বিষ্ণোঃ শক্তিসমন্বিতম্ ॥৬০॥
বিষ্ণুশক্তিঃ পরা প্রোক্তা ক্ষেত্রজ্ঞাখ্যা তথাপরা।
অবিদ্যা কর্ম্মসংজ্ঞান্যা তৃতীয়া শক্তিরিষ্যতে ॥৬১॥
যয়া ক্ষেত্রজ্ঞশক্তিঃ সা বেষ্টিতা নৃপ সর্ব্বগা।

বসুগণ রুদ্রগণ আদিত্যগণ নক্ষত্রগণ গ্রহগণ, [৫৬] গন্ধর্ব্বগণ যক্ষগণ এবং অন্যান্য সমুদায় দেবযোনি, মনুষ্যগণ পশুগণ শৈলগণ সমুদ্রগণ নদনদীগণ বৃক্ষগণ, [৫৭] এবং অন্যান্য সমুদায় প্রাণিগণ প্রাণিগণের কারণ স্বরূপ পদার্থসমূহ, মূল প্রকৃতি অবধি বিশেষ পর্য্যন্ত সমুদায় চেতনাত্মক পদার্থ। [৫৮] একপাদ দ্বিপাদ বহুপাদ পদহীন, মূর্ত্তিযুক্ত এই সমুদয় পদার্থই বিশ্বরূপ বিষ্ণুর রূপ বিশেষ, সুতরাং এতৎ সমুদয়ই কায়মনোবাক্যে আরাধ্য। [৫৯] এই সমুদায় বিশ্ব—এই সমুদায় স্থাবরজঙ্গমাত্মক জগৎ পরমব্রহ্মস্বরূপ বিষ্ণুর শক্তির দ্বারা সমুদ্ভাসিত রহিয়াছে। [৬০] এই বিষ্ণুশক্তি পরা ও চিৎশক্তিস্বরূপা বলিয়া কথিত হইয়া থাকে। এতদ্ভিন্ন শক্তির নাম অপরা ও অবিদ্যা. কর্ম্ম তৃতীয়া শক্তি শব্দে অভিহিত হইয়া থাকে। [৬১]

সংসারতাপানখিলানবাপ্নোত্যনুসন্ততান্ ॥৬২॥
তয়া তিরোহিতত্বাচ্চ শক্তিঃ ক্ষেত্রজ্ঞসংজ্ঞিতা ।
সর্ব্বভূতেষু ভূপাল ! তারতম্যেন লক্ষ্যতে ॥৬৩॥
অপ্রাণবৎসু স্বল্পাল্পা স্থাবরেষু ততোঽধিকা ।
সরীসৃপেষু তেভ্যোঽন্যাপ্যতিশক্ত্যা পতত্রিষু ॥৬৪॥
পতত্রিভ্যো মৃগাস্তেভ্যঃ স্বশক্ত্যা পশবোঽধিকাঃ ।
পশুভ্যো মনুজাশ্চাতিশক্ত্যা পুংসঃ প্রভাবিতাঃ ॥৬৫॥
তেভ্যোঽপি নাগগন্ধর্ব্বযক্ষাদ্যা দেবতা নৃপ ! ।
শক্রঃ সমস্তদেবেভ্যস্ততশ্চাতি প্রজাপতিঃ ॥৬৬॥
হিরণ্যগর্ভোঽতি ততঃ পুংসঃ শক্ত্যুপলক্ষিতঃ ।

রাজন্ ! সর্ব্বগামিনী বিষ্ণুশক্তিদ্বারা পরিবেষ্টিত থাকাতে জীবগণ নিরন্তর নিরবচ্ছিন্ন সংসারতাপ ভোগ করিয়া থাকে। [৬২]

রাজন্ ! এই চিৎশক্তি কর্ম্মশক্তিদ্বারা তিরোহিত থাকাতে সর্ব্বজীবে ন্যূনাধিক্য রূপে লক্ষিত হয়। [৬৩] যাহারা জীবনহীন তাহাদিগের চিৎশক্তি অতি অল্প, উদ্ভিজ্জ প্রভৃতি স্থাবরসমুদায়ে তাহা অপেক্ষা কিঞ্চিৎ অধিক, সরীসৃপসমূহে ঐ চিৎশক্তি উহা অপেক্ষা কিঞ্চিৎ অধিক পরিমাণে লক্ষিত হইয়া থাকে, পক্ষিগণে তাহা অপেক্ষা কিয়ৎ পরিমাণে অধিক দৃষ্ট হয়। [৬৪] এইরূপে চিৎশক্তিবিষয়ে পক্ষিসমূহ হইতে মৃগগণ, মৃগগণ হইতে পশুগণ, পশুগণ হইতে মনুষ্যগণ সমধিক শ্রেষ্ঠ হইতেছে। [৬৫] রাজন্ ! মনুষ্যগণ হইতে নাগগণ গন্ধর্ব্বগণ যক্ষগণ ও অন্যান্য দেবযোনিগণ, দেবতাগণ ক্রমশ সমধিক চিৎশক্তি সম্পন্ন। প্রজাপতি ব্রহ্মা দেবগণ হইতেও সমধিক চিৎশক্তিযুক্ত। [৬৬] যিনি হিরণ্যগর্ভ, প্রজাপতি হইতেও তাঁহার

এতান্যশেষরূপস্য তস্য রূপাণি পার্থিব ! ॥৬৭॥
যতস্তচ্ছক্তিযোগেন ব্যাপ্তানি নভসা যথা।
দ্বিতীয়ং বিষ্ণুসংজ্ঞস্য যোগিধ্যেয়ং মহামতে ! ॥৬৮॥
অমূর্ত্তং ব্রহ্মণো রূপং যৎ সদিত্যুচ্যতে বুধৈঃ।
সমস্তাঃ শক্তয়শ্চৈতা নৃপ ! যত্র প্রতিষ্ঠিতাঃ ॥৬৯॥
তদ্বিশ্বরূপরূপং বৈ রূপমন্যদ্ধরের্মহৎ।
সমস্তশক্তিরূপাণি তৎ করোতি জনেশ্বর ! ॥৭০॥
দেবতির্য্যঙ্‌মনুষ্যাদি-চেষ্টাবন্তি স্বলীলয়া।
জগতামুপকারায় ন সা কর্ম্মনিমিত্তজা।
চেষ্টা তস্যাপ্রমেয়স্য ব্যাপিন্যব্যাহতাত্মিকা ॥৭১॥

সমধিক চিংশক্তি আছে। রাজন্ ! ইঁহারা সকলেই সেই বিশ্বরূপ বিষ্ণুর রূপবিশেষ। [৬৭] মহামতে। আকাশ যেমন সমুদায় স্থল ব্যাপিয়া রহিয়াছে, তাহার ন্যায় সমুদায় স্থাবর জঙ্গম বিশ্ব, চিৎশক্তি নাম্নী বিষ্ণুশক্তি দ্বারা পরিব্যাপ্ত। যাহা বিষ্ণুর অমূর্ত্ত রূপ, তাহাই যোগীদিগের ধ্যেয়। [৬৮] ব্রহ্মের ঐ অমূর্ত্ত রূপ সংশব্দে কথিত হইয়া থাকে। রাজন্ ! পূর্ব্বোক্ত সমুদায় বিষ্ণুশক্তিই এই সংস্বরূপে প্রতিষ্ঠিত আছে। [৬৯] নরনাথ ! বিষ্ণুর এই অমূর্ত্ত রূপ হইতে তাঁহার বিশ্বরূপ মহদ্রূপ ও তদীয় সমস্তশক্তিসম্পন্ন বহুবিধ রূপ প্রকাশিত হয়। [৭০]

বিষ্ণু জগতের হিতসাধনের নিমিত্ত লীলাক্রমে কখন দেব, কখন তির্য্যক্, কখন মনুষ্য ইত্যাদি নানাপ্রকার রূপ ধারণ করেন। তিনি কর্ম্মের অধীন হইয়া কখন জন্ম পরিগ্রহ করেন না। তিনি অপ্রমেয় স্বরূপ, তাঁহার চেষ্টা সর্ব্বব্যাপিনী, তাহা কুত্রাপি প্রতিহতা হয় না। [৭১] রাজন্ ! যাঁহারা যোগী

তদ্রূপং বিশ্বরূপস্য তস্য যোগযুজা নৃপ!।
চিন্ত্যমাত্মবিশুদ্ধ্যর্থং সর্ব্বকিল্বিষনাশনম্ ॥৭২॥
যথাগ্নিরুদ্ধতশিখঃ কক্ষং দহতি সানিলঃ।
তথা চিত্তস্থিতো বিষ্ণুর্যোগিনাং সর্ব্বকিল্বিষম্ ॥৭৩॥
তস্মাৎ সমস্তশক্তীনামাধারে তত্র চেতসঃ।
কুর্ব্বীত সংস্থিতিং সা তু বিজ্ঞেয়া শুদ্ধধারণা ॥৭৪॥
শুভাশ্রয়ঃ স্বচিত্তস্য সর্ব্বগস্য তথাত্মনঃ।
ত্রিভাবভাবনাতীতো মুক্তয়ে যোগিনাং নৃপ!॥৭৫॥
অন্যে চ পরুষব্যাঘ্র! চেতসো যে ব্যপাশ্রয়াঃ।
অশুদ্ধাস্তে সমস্তাস্তু দেবাদ্যাঃ কর্ম্মযোনয়ঃ ॥৭৬॥

তাঁহারা আত্মশুদ্ধির নিমিত্ত বিশ্বরূপ বিষ্ণুর ঐ প্রকার রূপ চিন্তা করিবেন, এইরূপ চিন্তাদ্বারা সমুদায় পাপ ধ্বংস হয়।[৭২] অগ্নি যেমন বায়ুর সহিত মিলিত হইয়া উন্নত শিখা দ্বারা সমুদায় তৃণদগ্ধ করে, তাহার ন্যায় বিষ্ণুর ঐরূপ, যোগীদিগের হৃদয়স্থিত হইয়া সমুদায় পাপ ধ্বংস করিয়া থাকে।[৭৩] অতএব সমস্ত শক্তির আধার সেই বিষ্ণুতে মনোনিবেশ করা অতীব কর্ত্তব্য, এইরূপ মনোনিবেশের নাম শুভধারণা।[৭৪] সেই বিষ্ণু সমুদায় মঙ্গলের আধার। তিনি যোগীদিগের চিত্তের এবং সর্ব্বব্যাপী আত্মার আশ্রয়। তিনি যোগীদের মুক্তির কারণ। তিনি ত্রিভাবভাবনা অর্থাৎ জন্ম মৃত্যু জরা-বিষয়ক চিন্তা অতিক্রম করিয়াছেন।[৭৫] পুরুষশ্রেষ্ঠ! দেবতা প্রভৃতি অন্য যাঁহারা হৃদয়ে অবস্থান করেন, তাঁহারা সকলেই অবিশুদ্ধ ও কর্ম্মের অধীন।[৭৬] মূর্ত্ত ভগবানের রূপে সর্ব্ববিষয়-নিস্পৃহ চিত্তকে ধারণ করা যায়, এই নিমিত্ত তাহা

মূর্ত্তং ভগবতো রূপং সর্ব্বাপশ্রয়নিস্পৃহম্ ।
এষাং বৈ ধারণা জ্ঞেয়া যচ্চিত্তং তত্র ধার্য্যতে ॥৭৭॥
তচ্চ মূর্ত্তং হরেরূপং যাদৃক্ চিন্ত্যং নরাধিপ ! ।
তৎশ্রূয়তামনাধারে ধারণা নোপপদ্যতে ॥৭৮॥
প্রসন্নচারুবদনং পদ্মপত্রোপমেক্ষণম্ ।
সুকপোলং সুবিস্তীর্ণললাটফলকোজ্জ্বলম্ ॥৭৯॥
সমকর্ণান্তবিন্যস্তচারুকর্ণবিভূষণম্ ।
কম্বুগ্রাবং সুবিস্তীর্ণ-শ্রীবৎসাঙ্কিতবক্ষসম্ ॥৮০॥
বলীত্রিভঙ্গিনা মগ্নাভিনা চোদরেণ বৈ ।
প্রলম্বাষ্টভুজং বিষ্ণুমথবাপি চতুর্ভুজম্ ॥৮১॥
সমস্থিতোরুজঙ্ঘঞ্চ সুস্থিরাঙ্ঘ্রিকরাম্বুজম্ ।

ধারণা শব্দে কথিত হইয়া থাকে।[৭৭] নরনাথ! বিষ্ণুর মূর্ত্তরূপ যে রূপে চিন্তা করিতে হইবে, তাহা বলিতেছি, শ্রবণ কর। প্রথমত অনাধারে অর্থাৎ অমূর্ত্ত রূপে কখনই ধারণা হইতে পারে না।[৭৮]

যাঁহার বদন মনোহর ও প্রসন্ন, যাঁহার নয়ন উৎপলদলসদৃশ, যাঁহার ললাটফলক সুবিস্তীর্ণ ও উজ্জ্বল, যাঁহার কপোলদেশ অতীব রমণীয়,[৭৯] যাঁহার মনোহর শ্রবণযুগল রমণীয় কর্ণভূষণে ভূষিত রহিয়াছে, যাঁহার গ্রীবা কম্বুর ন্যায়, যাঁহার সুবিস্তীর্ণ বক্ষঃস্থলে শ্রীবৎস শোভা পাইতেছে।[৮০] যাঁহার উদরদেশে বলিত্রয়ের ভঙ্গ ও নাভির গভীরতা শোভা পাইতেছে, যিনি অষ্টভুজদ্বারা অথবা চতুর্ভুজ দ্বারা সুশোভিত আছেন,[৮১] যাঁহার উরুদেশ ও জঙ্ঘাদেশ সম ও বর্ত্তুল, যাঁহার পদদ্বয় ও করকমল সুদৃঢ় ও সুগঠিত,

চিন্তয়েদ্ব্রহ্মমূর্ত্তিঞ্চ পীতনির্ম্মলবাসসম্ ॥৮২॥
কিরীটচারুকেয়ূর-কটকাদিবিভূষিতম্।
শার্ঙ্গশঙ্খগদাখড়্গচক্রাক্ষবলয়ান্বিতম্ ॥৮৩॥
চিন্তয়েত্তন্মনা যোগী সমাধায়াত্মমানসম্।
তাবদ্যাবদ্দৃঢ়ীভূতা তত্রৈব নৃপধারণা ॥৮৪॥
ব্রজতস্তিষ্ঠতোঽন্যদ্বা স্বেচ্ছয়া কর্ম্ম কুর্ব্বতঃ।
নাপযাতি যদা চিত্তাৎ সিদ্ধাং মন্যেত তাং তদা ॥৮৫॥
ততঃ শঙ্খগদাচক্রশার্ঙ্গাদিরহিতং বুধঃ।
চিন্তয়েদ্ভগবদ্রূপং প্রশান্তং সাক্ষসূত্রকম্ ॥৮৬॥
সা যদা ধারণা তদ্বদবস্থানবতী ততঃ।
কিরীটকেয়ূরমুখৈর্ভূষণৈরহিতং স্মরেৎ ॥৮৭॥

যাঁহার বসন নির্ম্মল ও পীতবর্ণ, তাদৃশ ব্রহ্মমূর্ত্তি বিষ্ণুকে চিন্তা করিবে। [৮২] যিনি কিরীট দ্বারা মনোহর এবং কেয়ূর দ্বারা ও কটক দ্বারা বিভূষিত আছেন, যিনি শার্ঙ্গধনু শঙ্খ গদা খড়্গ চক্র ও অক্ষমালা দ্বারা শোভা পান, [৮৩] রাজন্! যোগী তন্মনা হইয়া তাঁহাতেই আত্মহৃদয় সংস্থাপন পূর্ব্বক যে পর্য্যন্ত ধারণা দৃঢ়ীভূত না হয়, সে পর্য্যন্ত সেই ভাবে চিন্তা করিবে। [৮৪] গমন কালে স্থিতি কালে অথবা অন্য কোন কর্ম্মে ব্যাপৃত হইলেও যখন বিষ্ণু হৃদয় হইতে অন্তরিত না হন, তখন যোগী বিবেচনা করিবেন যে তাঁহার ধারণা সিদ্ধ হইয়াছে। [৮৫]

অনন্তর শঙ্খ গদা চক্র ও শার্ঙ্গ প্রভৃতি রহিত অক্ষসূত্র যুক্ত প্রশান্ত ভগবন্মূর্ত্তি চিন্তা করিবে। [৮৬] পরে যখন এইরূপ ধারণা স্থিরতরা হইবে, তখন কিরীট কেয়ূর প্রভৃতি ভূষণ-রহিত ভগবন্মূর্ত্তি ধ্যান করিতে প্রবৃত্ত হইবে। [৮৭] এই যোগী

তদেকাবয়বং দেবং চেতসা হি পুনর্ব্বুধঃ।
কুর্য্যাত্ততোঽবয়বিনি প্রণিধানপরো ভবেৎ ॥৮৮॥
তদ্রূপপ্রত্যয়ায়ৈকা সন্ততিশ্চান্যনিস্পৃহা।
তদ্ধ্যানং প্রথমৈরঙ্গৈঃ ষড়্ভির্নিষ্পাদ্যতে নৃপ ! ॥৮৯॥
তস্যৈব কল্পনাহীনং স্বরূপগ্রহণং হি যৎ।
মনসা ধ্যাননিষ্পাদ্যঃ সমাধিঃ সোঽভিধীয়তে ॥৯০॥
বিজ্ঞানং প্রাপকং প্রাপ্যে পরে ব্রহ্মণি পার্থিব !।
প্রাপণীয়স্তথৈবাত্মা প্রক্ষীণাশেষভাবনঃ ॥৯১॥
ক্ষেত্রজ্ঞঃ কারণং জ্ঞানং করণং তেন তস্য তৎ।
নিষ্পাদ্যং মুক্তিকার্য্যং বৈ কৃতকৃত্যো নিবর্ত্ততে ॥৯২॥

ক্রমশঃ ভগবানের একটী মাত্র অঙ্গধ্যান করিয়া পশ্চাৎ অবয়ব পরিত্যাগ পূর্ব্বক পরমাত্মার ধ্যানে নিমগ্ন হইবেন। [৮৮] এইরূপে যখন নিরবচ্ছিন্ন একমাত্র পরমাত্মবিষয়ক জ্ঞান প্রবাহিত হইতে থাকিবে এবং মন বিষয়ান্তরে ধাবমান হইবে না, তখন তাহাকে ধ্যান শব্দে নির্দ্দেশ করা যাইতে পারে। এই ধ্যান পূর্ব্বোক্ত ষড়্বিধ যম নিয়মাদিদ্বারা নির্ব্বাহিত হয়। [৮৯]

এই ধ্যান যখন কল্পনা হীন হয়, অর্থাৎ ধ্যাতা ধ্যেয় ও ধ্যান বিষয়ক ভেদ জ্ঞান না থাকে, ও যে সময় স্বরূপ গ্রহণ হয় অর্থাৎ সমুদায় একাকার বলিয়া প্রতীয়মান হইতে থাকে, তখন তাহাকে সমাধি বলা যায়। এই সমাধি মানসিক ধ্যান দ্বারা নিষ্পাদ্য। [৯০] রাজন্! পরমব্রহ্মপ্রাপ্য, বিজ্ঞান প্রাপক, পূর্ব্বোক্ত ত্রিবিধ ভাবনা বিবর্জ্জিত আত্মা প্রাপণীয় অর্থাৎ বিজ্ঞানই ঈদৃশ আত্মাকে পরম ব্রহ্মের নিকট লইয়া যায়। [৯১] জীব মুক্তির কারণ, জ্ঞান মুক্তির সাধন, মুক্তি সাধ্য, জ্ঞান যখন

তদ্ভাবভাবনাপন্নস্ততোঽসৌ পরমাত্মনা।
ভবত্যভেদী ভেদশ্চ তস্যাজ্ঞানকৃতো ভবেৎ ॥৯৩॥
বিভেদজনকে জ্ঞানে নাশমাত্যন্তিকং গতে।
আত্মনো ব্রহ্মণো ভেদমসন্তং কঃ করিষ্যতি ॥৯৪॥
ইত্যুক্তস্তে মহাযোগঃ খাণ্ডিক্য! পরিপৃচ্ছতঃ।
সংক্ষেপবিস্তরাভ্যান্তু কিমন্যৎ ক্রিয়তাং তব ॥৯৫॥

খাণ্ডিক্য উবাচ।

কথিতে যোগসদ্ভাবে সর্ব্বমেব কৃতং মম।
তবোপদেশেনাশেষো নষ্টশ্চিত্তমলো যতঃ ॥৯৬॥
মমেতি যন্ময়া প্রোক্তমসদেতন্ন চান্যথা।
নরেন্দ্র! গদিতুং শক্যমপি বিজ্ঞেয়ভেদিভিঃ ॥৯৭॥

কৃতকৃত্য হয় তখন নিবৃত্ত হইয়া থাকে। [৯২] জীব নিরন্তর পরম ব্রহ্ম ভাবনা করিতে করিতে পর ব্রহ্মের সহিত অভেদ হইয়া পড়েন, পরন্তু তাঁহার অজ্ঞান জনিত ভেদজ্ঞান কিছু দিন প্রবাহিত হয়। [৯৩] যৎকালে আত্মা ও ব্রহ্ম এতদুভয়ের পরস্পর ভেদ জনক জ্ঞান এককালে তিরোহিত হয়, তখন কিরূপে বিনষ্ট ভেদজ্ঞানের আবির্ভাব হইতে পারে। [৯৪]

খাণ্ডিক্য! তুমি জিজ্ঞাসা করাতে এই আমি তোমার নিকট সংক্ষেপে ও বিস্তারিত রূপে মহাযোগ কীর্ত্তন করিলাম। এক্ষণে কি করিতে হইবে বল।

খাণ্ডিক্য কহিলেন, তুমি আমার নিকট যোগের কথা ব্যক্ত করাতে আমি সম্পূর্ণ উপকৃত হইলাম, এক্ষণে তোমার উপদেশ অনুসারে আমার সমুদায় চিত্তমালিন্য নিরাকৃত হইল। [৯৬] নরেন্দ্র! আমি যে "আমার" এই শব্দ প্রয়োগ করিলাম, তাহা মিথ্যা ও

অহং মমেত্যবিদ্যেয়ং ব্যবহারস্তথানয়া ।
পরমার্থস্ত্বসংলাপ্যো গোচরো বচসাং ন সঃ ॥৯৮॥
তদ্গচ্ছ শ্রেয়সে সর্ব্বং মমৈতদ্ভবতা কৃতম্ ।
যদ্বিমুক্তিপ্রদো যোগঃ প্রোক্তঃ কেশিধ্বজাব্যয়ঃ ॥৯৯॥

পরাশর উবাচ ।

যথার্হপূজয়া তেন খাণ্ডিক্যেন স পূজিতঃ ।
আজগাম পুরং ব্রহ্মংস্ততঃ কেশিধ্বজো নৃপঃ ॥১০০॥
খাণ্ডিক্যোঽপি সুতং কৃত্বা রাজানং যোগসিদ্ধয়ে ।
বনং জগাম গোবিন্দে বিনিবেশিতমানসঃ ॥১০১॥
তত্রৈকান্তরতির্ভূত্বা যমাদিগুণশোধিতঃ ।

ভ্রান্তিমূলক। যাঁহারা পরমার্থতত্ত্ব অবগত আছেন, তাঁহারাও ঈদৃশ ভেদজ্ঞান-সূচক বাক্য প্রয়োগ ব্যতীত মানসিক ভাব প্রকাশ করিতে পারেন না। ৯৭ আমি আমার ইত্যাকার ব্যবহার অজ্ঞান-মূলক। পরমার্থ বাক্যের অগোচর, সুতরাং তাহা ইহাদ্বারা ব্যক্ত করা যায় না। ৯৮ কেশিধ্বজ! এক্ষণে তুমি গমন কর, তোমার মঙ্গল হউক, তোমা হইতে আমার যথেষ্ট উপকার হইয়াছে। তুমি আমার নিকটে অক্ষয় যোগের বিষয় কীর্ত্তন করিয়াছ। ৯৯

পরাশর কহিলেন। অনন্তর কেশিধ্বজ রাজা খাণ্ডিক্য কর্ত্তৃক যথাযোগ্য সংকৃত হইয়া নিজ পুরীতে গমন করিলেন। ১০০

ব্রহ্মন্! খাণ্ডিক্যও পুত্রের প্রতি রাজ্যভার সমর্পণ করিয়া যোগসিদ্ধির নিমিত্ত বনগমন পূর্ব্বক ভগবান্ গোবিন্দে মনঃসমাধান করিলেন। ১০১ অনন্তর তিনি সেই স্থানে অনন্যাসক্ত-

বিষ্ণ্বাখ্যে নির্ম্মলে ব্রহ্মণ্যবাপ নৃপতির্লয়ম্ ॥১০২॥
কেশিধ্বজোঽপি মুক্ত্যর্থং স্বকর্ম্মক্ষয়ণোন্মুখঃ।
বুভুজে বিষয়ান্ কর্ম্ম চক্রে চানভিসন্ধিতম্ ॥১০৩॥
স কল্পনোপভোগৈশ্চ ক্ষীণপাপোঽমলস্ততঃ।
অবাপ সিদ্ধিমত্যন্তং তাপক্ষয়ফলাং দ্বিজ! ॥১০৪॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে ষষ্ঠেঽংশে

সপ্তমোঽধ্যায়ঃ।

চিত্ত ও যমাদিগুণ-বিশোধিত হইয়া বিষ্ণু নামক নির্ম্মল ব্রহ্মে লয় প্রাপ্ত হইলেন। [১০২] রাজা কেশিধ্বজও মুক্তিলাভের নিমিত্ত পাপ পুণ্য রূপ কর্ম্মক্ষয়ে উন্মুখ হইয়া বিষয় ভোগ করিতে লাগিলেন এবং ফলানুসন্ধান ব্যতিরেকে কর্ম্মকরিতে প্রবৃত্ত হইলেন। [১০৩] তিনি কল্যাণ উপভোগ দ্বারা পাপ পুণ্য ক্ষয় করিয়া যাহাতে আধ্যাত্মিক আধিভৌতিক আধিদৈবিক, এই তাপত্রয় নিবৃত্তি হয়, তাদৃশ সিদ্ধি অর্থাৎ মুক্তি লাভ করিলেন। [১০৪]

বিষ্ণুপুরাণ, ষষ্ঠ অংশ, সপ্তম অধ্যায়

সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

ষষ্ঠাংশঃ।

অষ্টমোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

ইত্যেষ কথিতঃ সম্যক্ তৃতীয়ঃ প্রতিসঞ্চরঃ।
আত্যন্তিকো বিমুক্তির্যা লয়ো ব্রহ্মণি শাশ্বতে ॥১॥
সর্গশ্চ প্রতিসর্গশ্চ বংশো মন্বন্তরাণি চ।
বংশানুচরিতং চৈব ভবতো গদিতং ময়া ॥২॥
পুরাণং বৈষ্ণবঞ্চৈতং সর্ব্বকিল্বিষনাশনম্।
বিশিষ্টং সর্ব্বশাস্ত্রেভ্যঃ পুরুষার্থোপপাদকম্ ॥৩॥

পরাশর কহিলেন, এই আমি তোমার নিকট তৃতীয় প্রতিসঞ্চর কহিলাম। ইহা শাশ্বতব্রহ্মে আত্যন্তিক লয় ও মুক্তি শব্দে নির্দ্দিষ্ট হইয়া থাকে। সর্গ অর্থাৎ সৃষ্টি, প্রতিসর্গ অর্থাৎ প্রলয়, বংশ অর্থাৎ দেব মনুষ্যপ্রভৃতির বংশাবলি কথন মন্বন্তর অর্থাৎ অতীত ও ভবিষ্য মনুগণের অধিকার-বিবরণ, বংশানুচরিত অর্থাৎ সূর্য্যবংশীয় চন্দ্রবংশীয় প্রভৃতির নানাবিধ কার্য্যবিবরণ, এই পঞ্চবিধ বিষয় আমি তোমার নিকট কীর্ত্তন করিলাম।[২] এই বিষ্ণুপুরাণ হইতে সমুদায় পাপ ধ্বংস হয়। ইহা সমুদয় শাস্ত্রের মধ্যে শ্রেষ্ঠ। ইহা দ্বারা

তুভ্যং যথাবন্মৈত্রেয় ! প্রোক্তং শুশ্রূষবেঽব্যয়ম্।
যদন্যদপি বক্তব্যং তৎ পৃচ্ছাদ্য বদামি তে ॥৪॥

মৈত্রেয় উবাচ।

ভগবন্ কথিতং সর্ব্বং যৎ পৃষ্ঠোঽসি ময়া মুনে ! ।
শ্রুতঞ্চৈতন্ময়া ভক্ত্যা নান্যৎ প্রষ্টব্যমস্তি তে ॥৫॥
বিচ্ছিন্নাঃ সর্ব্বসংদেহা বৈমল্যং মনসঃ কৃতম্।
ত্বৎপ্রসাদাৎ ময়া জ্ঞাতা উৎপত্তিস্থিতিসংযমাঃ ॥৬॥
জ্ঞাতশ্চতুর্ব্বিধো রাশিঃ শক্তিশ্চ ত্রিবিধা গুরো ! ।
বিজ্ঞাতা চাপি কাৎর্স্নেন ত্রিবিধা ভাবভাবনা ॥৭॥
ত্বৎপ্রসাদান্ময়া জ্ঞাতং জ্ঞেয়ৈরন্যৈরলং দ্বিজ ! ।

পুরুষার্থ অর্থাৎ ধর্ম্ম অর্থ কাম মোক্ষ লাভ করা যাইতে পারে।[৪] মৈত্রেয়! তুমি শ্রবণাভিলাষ প্রকাশ করাতে আমি তোমার নিকট এই সমুদায় যথানিয়মে কীর্ত্তন করিলাম। ইহা দ্বারা অক্ষয় ফল লাভ হইবে। এক্ষণে আর কি বলিতে হইবে, তুমি জিজ্ঞাসা কর, বলিতেছি।[৫]

মৈত্রেয় কহিলেন, ভগবন্! আমি আপনকার নিকট যাহা যাহা জিজ্ঞাসা করিয়াছি, তৎসমুদায় কীর্ত্তন করিলেন। আমিও তাহা ভক্তিপূর্ব্বক শ্রবণ করিয়াছি। মহর্ষে! এক্ষণে আমার সমুদায় সন্দেহ দূর করিয়াছেন। আমার অন্তঃকরণ নির্ম্মল হইয়াছে। আমি আপনকার অনুগ্রহে সৃষ্টি স্থিতি প্রলয় বিবরণ অবগত হইলাম।[৬] গুরো! আপনকার নিকট ঈশ্বরের চতুর্ব্বিধ রূপ অর্থাৎ পরমব্রহ্ম, ঈশ্বর, বিশ্বরূপ ও লীলামূর্ত্তি অবগত হইলাম এবং ত্রিবিধ বিষ্ণু শক্তি অর্থাৎ চিৎ শক্তি, ক্ষেত্রজ্ঞ শক্তি ও অবিদ্যা শক্তি এই শক্তিত্রয়ও

যথৈতদখিলং বিষ্ণোর্জগন্ন ব্যতিরিচ্যতে।৮॥
কৃতার্থোঽস্ম্যপসন্দেহস্ত্বৎপ্রসাদান্মহামুনে!।
বর্ণধর্ম্মাদয়ো ধর্ম্মা বিদিতা যদশেষতঃ॥৯॥
প্রবৃত্তঞ্চ নিবৃত্তঞ্চ জ্ঞাতং কর্ম্ম ময়াখিলম্।
প্রসীদ বিপ্রপ্রবর! নান্যৎ প্রষ্টব্যমস্তি মে॥১০॥
যদস্য কথনায়াসৈর্যোজিতোঽসি ময়া গুরো!।
তৎ ক্ষম্যতাং বিশেষোঽস্তি ন সতাং পুত্রশিষ্যয়োঃ॥১১

পরাশর উবাচ।

এতত্তে যন্ময়াখ্যাতং পুরাণং বেদসম্মিতম্।

জ্ঞাত হইয়াছি। বিশেষত ত্রিবিধ ভাবনা অর্থাৎ ব্রহ্ম-ভাবাত্মিকা ভাবনা, কর্ম্মভাবাত্মিকা ভাবনা ও উভয়াত্মিকা ভাবনা, ইহাও আমার বিদিত হইয়াছে।[৭] ব্রহ্মন্! আপনকার প্রসাদে আমি অবগত হইলাম যে, এই জগৎ ও জগৎস্থিত নিখিল জ্ঞেয় পদার্থ বিষ্ণু হইতে পৃথক্ নহে।[৮] মহর্ষে! এক্ষণে আপনকার অনুগ্রহে আমার সন্দেহ দূর হওয়াতে, আমি কৃতার্থম্মন্য হইয়াছি। বিশেষত আমি আপনকার নিকট ব্রাহ্মণ ক্ষত্রিয় প্রভৃতির সমুদয় ধর্ম্ম অবগত হইলাম।[৯] ব্রাহ্মণশ্রেষ্ঠ! যে সমুদায় কার্য্য প্রবৃত্ত হইয়াছে ও যে সকল কার্য্য নিবৃত্ত হইয়াছে, তৎসমুদায় আপনকার নিকট অবগত হইলাম, এক্ষণে আপনি প্রসন্ন হউন। এক্ষণে আমার অন্য আর কিছুই জিজ্ঞাস্য নাই।[১০] গুরো! আমার প্রার্থনানুসারে আপনি যে এই সমুদয় কথনজন্য পরিশ্রম স্বীকার করিলেন, তাহা আমাকে ক্ষমা করুন। সাধুদিগের পক্ষে শিষ্য ও পুত্রে কিছুমাত্র ইতর বিশেষ নাই।[১১]

শ্রুতেঽস্মিন্ সর্ব্বদোষোত্থ-পাপরাশিঃ প্রশাম্যতি ॥১২॥
সর্গশ্চ প্রতিসর্গশ্চ বংশো মন্বন্তরাণি চ।
বংশানুচরিতং কৃৎস্নং ময়াত্র তব কীর্ত্তিতম্ ॥১৩॥
অত্র দেবাস্তথা দৈত্যা গন্ধর্ব্বোরগরাক্ষসাঃ।
যক্ষাঃ বিদ্যাধরাঃ সিদ্ধাঃ কথ্যন্তেঽপ্সরসস্তথা ॥১৪॥
মুনয়ো ভাবিতাত্মানঃ কথ্যন্তে তপসান্বিতাঃ।
চাতুর্ব্বর্ণ্যং তথা পুংসাং বিশিষ্টচরিতা নরাঃ ॥১৫॥
পুণ্যাঃ প্রদেশা মেদিন্যাঃ পুণ্যা নদ্যোঽথ সাগরাঃ।
পর্ব্বতাশ্চ মহাপুণ্যাশ্চরিতানি চ ধীমতাম্ ॥১৬॥
বর্ণধর্ম্মাদয়ো ধর্ম্মা বেদধর্ম্মাশ্চ কৃৎস্নশঃ।

পরাশর কহিলেন, আমি যে তোমার নিকট এই বেদ-সদৃশ বিষ্ণুপুরাণ কীর্ত্তন করিলাম, ইহা একবার শ্রবণ করিলে সমুদায় কারণজনিত সমুদায় পাপরাশি নিরাকৃত হয়।[১২] এই পুরাণে আমি তোমার নিকট সর্গ প্রতিসর্গ বংশ মন্বন্তর ও বংশানুচরিত আনুপূর্ব্বিক কীর্ত্তন করিয়াছি।[১৩] ইহাতে দেবগণ, দৈত্যগণ, গন্ধর্ব্বগণ, উরগগণ, রাক্ষসগণ, যক্ষগণ, বিদ্যাধরগণ, সিদ্ধগণ ও অপ্সরোগণের বিবরণ কীর্ত্তিত হইয়াছে।[১৪] তত্ত্বজ্ঞানসম্পন্ন তপোনিষ্ঠ মহর্ষিগণের ও সুচরিত জনগণের এবং চতুর্ব্বর্ণের বিবরণ ইহাতে কীর্ত্তিত হইয়াছে।[১৫] পৃথিবী মধ্যে যে সমস্ত প্রদেশ আছে, যেখানে যে সমস্ত পুণ্য নদ নদী সাগর ও পর্ব্বত রহিয়াছে, যেখানে যে সমুদায় সুচরিত ব্যক্তি জন্ম পরিগ্রহ করিয়াছিলেন, তৎসমুদায় এই বিষ্ণুপুরাণে বর্ণিত হইয়াছে।[১৬] এই বিষ্ণুপুরাণে বর্ণধর্ম্ম প্রভৃতি সমুদায় ধর্ম্ম, সমুদায় বৈদিক ধর্ম্ম, বর্ণিত থাকাতে ইহা

যেষাং সংশ্রবণাৎ সদ্যঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥১৭॥
উৎপত্তিস্থিতিনাশানাং হেতুর্যো জগতোঽব্যয়ঃ।
স সর্ব্বভূতঃ সর্ব্বাত্মা কথ্যতে ভগবান্ হরিঃ ॥১৮॥
অবশেনাপি যন্নাম্নি কীর্ত্তিতে সর্ব্বপাতকৈঃ।
পুমান্ বিমুচ্যতে সদ্যঃ সিংহত্রস্তৈর্বৃকৈরিব ॥১৯॥
যন্নাম কীর্ত্তিতং ভক্ত্যা বিলাপনমনুত্তমম্।
মৈত্রেয়াশেষপাপানাং ধাতূনামিব পাবকঃ ॥২০॥
কলিকল্মষমত্যুগ্রনরকার্ত্তিপ্রদং নৃণাম্।
প্রয়াতি বিলয়ং সদ্যঃ সকৃদ্যত্রানুসংস্মৃতে ॥২১॥
হিরণ্যগর্ভদেবেন্দ্ররুদ্রাদিত্যাশ্বিবায়ুভিঃ।

শ্রবণমাত্র সমুদায় পাপ হইতে বিনির্ম্মুক্ত হওয়া যায়।[১৭] যিনি জগতের সৃষ্টিস্থিতি প্রলয়কর্ত্তা, সেই সর্ব্বভূতময় সর্ব্বাত্মা অব্যয় ভগবান্ হরি এই বিষ্ণুপুরাণে কীর্ত্তিত হইয়াছেন।[১৮] যেমন হরিণের প্রতি ধাবমান বৃক, সিংহ দর্শনে মৃগ পরিত্যাগ পূর্ব্বক পলায়ন করে তাহার ন্যায় যদৃচ্ছাক্রমে বিষ্ণুর নাম কীর্ত্তন করিলেও মানব তৎক্ষণাৎ সমুদায় পাপ হইতে মুক্ত হয়।[১৯] মৈত্রেয়! অগ্নিতে যেমন সমুদায় ধাতু দ্রবীভূত হয়, তাহার ন্যায় ভক্তিপূর্ব্বক হরিনাম কীর্ত্তন করিলে সমুদায় পাপই দ্রবীভূত হইয়া থাকে।[২০] একবারমাত্র হরিকে স্মরণ করিলে কলিকাল-জনিত অত্যুগ্র পাপ সমুদায় ধ্বংস হয় ও কীর্ত্তি বর্দ্ধিত হইতে থাকে।[২১] হিরণ্যগর্ভ, ইন্দ্র, রুদ্রগণ, আদিত্যগণ অশ্বিনীকুমারযুগল, মরুদ্গণ, কিন্নরগণ, বসুগণ, বিশ্বদেবগণ ও অন্যান্য দেবগণ,[২২] যক্ষগণ, সিদ্ধগণ, দৈত্যগণ, [illegible]গণ, দানবগণ, অপ্সরোগণ, তারাগণ, নক্ষত্রগণ, গ্রহ

কিন্নরৈর্ব্বসুভিঃ সাধ্যৈর্বিশ্বেদেবাদিভিঃ সুরৈঃ ॥২২॥
যক্ষরক্ষোগণৈঃ সিদ্ধৈর্দ্দৈত্যগন্ধর্ব্বদানবৈঃ।
অপ্সরোহভিস্তথা তারানক্ষত্রৈঃ সকলৈগ্রহৈঃ ॥২৩॥
সপ্তর্ষিভিস্তথা ধিষ্ণ্যৈর্ধিষ্ণ্যাধিপতিভিস্তথা।
ব্রাহ্মণাদ্যৈর্ম্মনুষ্যৈশ্চ তথৈব পশুভির্মৃগৈঃ ॥২৪॥
সরীসৃপৈর্বিহঙ্গৈশ্চ প্রেতাদ্যৈঃ সমহীরুহৈঃ।
বনাদ্রিসাগরসরিৎপাতালৈঃ সধরাদিভিঃ ॥২৫॥
শব্দাদিভিশ্চ সহিতং ব্রহ্মাণ্ডমখিলং দ্বিজ!।
মেরোরিবাণুর্যস্যৈতদ্যন্ময়ঞ্চ দ্বিজোত্তম! ॥২৬॥
স সর্ব্বঃ সর্ব্ববিৎ সর্ব্বস্বরূপো রূপবর্জ্জিতঃ।
কীর্ত্ত্যতে ভগবান্ বিষ্ণুরত্র পাপপ্রনাশনঃ ॥২৭॥

যথৈব দেবাপি মরূ সাম্প্রতং সমবস্থিতৌ ॥৪৮॥

কীর্ত্তন করিতে হইলে অনেক বাহুল্য হয় ও অনেক পুনরুক্তি হইয়া পড়ে, এই জন্য আমি তৎসমুদায় কীর্ত্তন করিলাম না। [৪৪]

পুরু বংশীয় রাজা দেবাপি এবং ইক্ষ্বাকু বংশীয় রাজা মরু, ইহাঁরা দুইজন মহাযোগ বলে কলাপ গ্রামে অবস্থান করিতে-ছেন। [৪৫] যখন সত্যযুগ আরম্ভ হইবে, তখন তাঁহারা নগরীতে আসিয়া ক্ষত্রিয়বংশের প্রবর্ত্তক হইবেন। এই দুই জন রাজা, ভাবী মনুবংশের বীজস্বরূপ রহিয়াছেন। [৪৬] মনুপুত্রগণ, এইরূপ ক্রম অনুসারে সত্য ত্রেতা দ্বাপর, এই তিন যুগেই পৃথিবী ভোগ করিয়া আসিতেছেন। [৪৭] সম্প্রতি যেমন দেবাপি ও মরু যোগ অবলম্বন করিয়া অবস্থান করিতেছেন, সেইরূপে এতদ্বংশীয় কোন কোন রাজা কলিকালে (ভাবী সত্যযুগের) বীজ স্বরূপ হইয়া ভূতলে অবস্থান করেন। [৪৮]

এই তোমার নিকট রাজগণের বংশ সংক্ষেপে কীর্ত্তন করিলাম।

* মায়াযোগবলোপেতৌ ইতি পাঠান্তরম্

এষ তূদ্দেশতো * বংশস্তবোক্তো ভূভুজাং ময়া।
নিখিলো গদিতুং শক্যো নৈব জন্মশতৈরপি ॥৪৯॥
এতে চান্যে চ ভূপালা যৈরত্র ক্ষিতিমণ্ডলে ॥
কৃতং মমত্বং মোহান্ধৈর্নিত্যেঽনিত্যকলেবরৈঃ ॥৫০
কথং মমেয়মচলা মৎপুত্রস্য কথং মহী।
মদ্বংশস্যেতি চিন্তার্ত্তা জগ্মুরন্তমিমে নৃপাঃ ॥৫১॥
তেভ্যঃ পূর্ব্বতরাশ্চান্যে তেভ্যস্তেভ্যস্তথাপরে।
ভবিষ্যাশ্চৈব যাস্যন্তি তেষামন্যে চ যেঽপ্যনু ॥৫২॥
বিলোক্যাত্মজয়োদ্যোগ-যাত্রাব্যগ্রান্ নরাধিপান্।

সমুদায় বিস্তারিত রূপে কীর্ত্তন করিতে হইলে শত জন্মেও সমাপ্তি হয় না। [৪৯] উল্লিখিত সমুদায় ভূপতিগণ ও অনুল্লিখিত অন্যান্য সমুদায় ভূপতিগণ, স্বয়ং ক্ষণধ্বংসী দেহ ধারণ করিয়াও মোহান্ধ হইয়া কল্পান্তস্থায়ী এই পৃথিবীমণ্ডলে অতীব মমতা প্রকাশ করিয়া গিয়াছেন। [৫০] এই পৃথিবী কিরূপে আমার, আমার পুত্রের ও আমার বংশীয়দিগের সম্বন্ধে অচলা হইয়া থাকিবে, এইরূপ চিন্তা করিতে করিতেই এই সমস্ত রাজা বিলয় প্রাপ্ত হইয়াছেন। [৫১] যে সকল রাজা ইঁহাদের পূর্বে রাজ্য ভোগ করিয়াছেন, যাঁহারা তাঁহাদের ও তাঁহাদের পূর্ব্বেও রাজা হইয়াছিলেন, এবং যে সকল রাজা ভবিষ্যৎ কালে পৃথিবী শাসন করিবেন, যে সকল রাজা উক্ত ভবিষ্য রাজগণের পরেও রাজা হইবেন, তাঁহারাও ঐরূপ চিন্তা করিতে করিতে মানবলীলা সংবরণ করিবেন। [৫২]

বসুন্ধরা শরৎকালে ভূপালগণকে আপন আপন জয়ের নিমিত্ত

* এষাং তূদ্দেশত ইতি বা পঠনীয়ম্।

পুষ্পপ্রহাসৈঃ শরদি হসতীব বসুন্ধরা ॥৫৩॥
মৈত্রেয় পৃথিবী-গীতা-শ্লোকাশ্চাত্র নিবোধ তান্।
যানাহ ধর্ম্মধ্বজিনে জনকায়াসিতো মুনিঃ ॥৫৪॥

পৃথিব্যুবাচ।

কথমেষ নরেন্দ্রাণাং মোহো বুদ্ধিমতামপি।
যেন ফেনসধর্ম্মাণোঽপ্যতিবিশ্বস্তচেতসঃ ॥৫৫॥
পূর্ব্বমাত্মজয়ং কৃত্বা জেতুমিচ্ছন্তি মন্ত্রিণঃ।
ততো ভৃত্যাংশ্চ পৌরাংশ্চ জিগীষন্তে তথা রিপূন্ ॥৫৬॥
ক্রমেণানেন জেষ্যামো বয়ং পৃথ্বীং সসাগরাম্।
ইত্যাসক্তধিয়ো মৃত্যুং ন পশ্যন্ত্যবিদূরগম্ ॥ ৫৭॥

উদ্যোগ ও যুদ্ধযাত্রায় ব্যগ্র দেখিয়া পুষ্পবিকাস দ্বারা যেন হাস্যই করিয়া থাকে।[৫৩] মৈত্রেয়! এ স্থলে পৃথিবী-গীতার কএটী শ্লোক বলিতেছি, শ্রবণ কর। মহর্ষি অসিত, ধর্ম্মপরায়ণ জনকের নিকট এই সমস্ত শ্লোক কীর্ত্তন করিয়াছিলেন।[৫৪]

পৃথিবী কহিলেন। রাজগণ বুদ্ধিমান্ হইয়াও কিজন্য ঈদৃশ মোহে অভিভূত হন যে, তাঁহারা জল-বুদ্বুদের ন্যায় ক্ষণধ্বংসী হইয়াও (আপনাদিগকে চিরজীবীর ন্যায়) বিশ্বাস করেন।[৫৫] তাঁহারা প্রথমতঃ আত্মজয় করিয়া মন্ত্রিগণকে জয় করিতে ইচ্ছা করেন। পরে ক্রমশঃ ভৃত্যগণকে পৌরগণকে ও পরিশেষে শত্রুগণকে জয় করিতে অভিলাষ করিয়া থাকেন।[৫৬] তাঁহারা বিবেচনা করেন, আমরা এই রীতিক্রমে ক্রমে ক্রমে সসাগরা বসুন্ধরা পরাজয় করিব। তাঁহাদের অন্তঃকরণ নিরন্তর এইরূপ চিন্তায় আসক্ত থাকাতে তাঁহারা জানিতে পারেন না যে, মৃত্যু

সমুদ্রাবরণং যাতি মন্মণ্ডলমথো বশম্।
কিয়দাত্মজয়াদেতন্মুক্তিরাত্মজয়ে ফলম্ ॥ ৫৮ ॥
উৎসৃজ্য পূর্ব্বজা যাতা যাং নাদায় গতঃ পিতা* ।
তাং মমেতি বিমূঢ়ত্বাৎ জেতুমিচ্ছন্তি পার্থিবাঃ ॥৫৯॥
মৎকৃতে পিতৃপুত্রাণাং ভ্রাতৃণাঞ্চাপি বিগ্রহাঃ † ।
জায়ন্তেঽত্যন্তমোহেন মমতাধৃতচেতসাম্ ‡ ॥৬০॥
পৃথ্বী মমেয়ং সকলা মমৈষ।
মমান্বয়স্যাপি চ সাশ্বতেয়ম্।

তাঁহাদের নিকটবর্ত্তী হইতেছে।[৫৭] আত্মজয় হইতে যদি ক্রমশ সমুদ্রাবরণা পৃথিবী বশতাপন্ন হয়, তাহা হইলে ত ইহা সামান্য ফল লাভ হইল, কারণ আত্মজয়ের অপর ফল পরম-পুরুষার্থ মুক্তি। (যোগীর ন্যায় আত্মজয় করিয়া অনিত্য বিষয় স্পৃহা থাকাতে আত্মজয়ের প্রধান ফল পরম পুরুষার্থ মুক্তিতে বঞ্চিত হওয়া সামান্য নির্ব্বোধের কর্ম্ম নহে।)[৫৮]

পূর্ব্বপুরুষগণ যে পৃথিবী পরিত্যাগ করিয়া গিয়াছেন, পিতাও যাহা লইয়া যাইতে সমর্থ হন নাই, রাজগণ মূঢ়তা হেতু সেই পৃথিবীকেই জয় করিতে ইচ্ছা করেন ও আমার আমার বলিয়া অভিমান করিয়া থাকেন।[৫৯] আমার অর্থাৎ এই পৃথিবীর নিমিত্ত পিতার সহিত, পুত্রের সহিত ও ভ্রাতৃগণের সহিত মহাবিরোধ উপস্থিত হয়। ইহার কারণ সাতিশয় মোহ ও মমতা ভিন্ন আর কিছুই লক্ষিত হয় না।[৬০]

যে যে রাজা এই পৃথিবীতে কিছুকাল রাজ্য ভোগ করিয়া

* উৎসৃজ্য পূর্ব্বজাতা যাং যাং নাদায় গতঃ পিতা ইত্যপি পাঠঃ।
† ভ্রাতৃণাং চাতিবিগ্রহাঃ, ইতি বা পাঠঃ।
‡ মমত্বাদৃতচেতসাম্ ইতি পঠনীয়ম্।

যো যো হ্যতো হ্যত্র বভূব রাজা
কুবুদ্ধিরাসীদিতি তস্য তস্য ॥ ৬১ ॥
দৃষ্ট্বা মমত্বাদৃতচিত্তমেকং*
বিহায় মাং মৃত্যুপথং ব্রজন্তম্।
তস্যান্বয়স্থস্য কথং মমত্বং
হৃদ্যাস্পদং মৎপ্রভবং করোতি ॥ ৬২ ॥
পৃথ্বী মমৈষাশু পরিত্যজৈনাং
বদন্তি যে দূতমুখৈঃ স্বশত্রুম্।
নরাধিপাস্তেষু মমাতিহাসঃ
পুনশ্চ মূঢ়েষু দয়াভ্যুপৈতি ॥৬৩॥

পশ্চাৎ কাল কবলে পতিত হইয়াছেন, তাঁহাদের সকলেরই এই-রূপ দুর্বুদ্ধি হইয়াছিল যে, এই পৃথিবী আমারই অধিকৃত, ইহাতে অন্য কাহারো অধিকার নাই এবং ইহা আমারই বংশীয়-দিগের হস্তে স্থিরতর রূপে নিহিত থাকিবে।[৬১] এক ব্যক্তি আমার জন্য মমতাকৃষ্ট-হৃদয় হইয়া পশ্চাৎ আমাকে (পৃথিবীকে) পরিত্যাগ পূর্ব্বক মৃত্যুমুখে পতিত হইতেছে, ইহা দেখিয়াও তদ্বংশীয় অপর ব্যক্তির হৃদয়ে অস্মৎসম্বন্ধীয় মমতা কিপ্রকারে স্থানপ্রাপ্ত হয়, (বুঝিতে পারি না।)[৬২] যে সকল মূঢ় ভূপতি, দূত-মুখদ্বারা বিপক্ষ ভূপতিকে এই কথা বলে যে, 'এই পৃথিবী আমারই অধিকৃত, তুমি শীঘ্র ইহা পরিত্যাগ কর, তাহাদের কথায় আমার হাস্যের উদয় হয় এবং তাহাদের প্রতি দয়াও উদিত হইয়া থাকে।[৬৩]

* মমত্বাদৃত চিত্তমেকম্ ইতি বা পাঠনীয়ম্।

পরাশর উবাচ।

ইত্যেতে ধরণীগীতা-শ্লোকা মৈত্রেয়! যৈঃ শ্রুতৈঃ।
মমত্বং বিলয়ং যাতি তাপন্যস্তং যথা হিমম্ ॥৬৪॥
ইত্যেষ কথিতঃ সম্যঙ্ মনোর্ব্বংশো ময়া তব।
যত্র স্থিতিপ্রবৃত্তস্য বিষ্ণোরংশাংশকা নৃপাঃ ॥৬৫॥
শৃণুয়াদ্য ইমং ভক্ত্যা মনুবংশমনুক্রমাৎ।
তস্য পাপমশেষং বৈ প্রণশ্যত্যমলাত্মনঃ। ৬৬॥
ধনধান্যর্দ্ধিমতুলাং প্রাপ্নোত্যব্যাহতেন্দ্রিয়ঃ।
শ্রুত্বৈবমখিলং বংশং প্রশস্তং শশিসূর্য্যয়োঃ ॥৬৭॥
ইক্ষ্বাকুজহ্নুমান্ধাতৃ-সগরাবিক্ষিতান্ রঘূন্।
যযাতি-নহুষাদ্যাংশ্চ জ্ঞাত্বা নিষ্ঠামুপাগতান্।

পরাশর কহিলেন। মৈত্রেয়! এই সমুদায় ধরণী-গীতার শ্লোক (তোমার নিকট কীর্ত্তন করিলাম।) ইহা শ্রবণ করিলে, উষ্ণ বস্তুর উপর নিহিত হিমের ন্যায়, সমুদায় মমতা দূর হইয়া যায়।[৬৪] এই আমি তোমার নিকট সমুদায় মনুবংশ কীর্ত্তন করিলাম। এই বংশে যে সকল রাজা জন্মপরিগ্রহ করিয়াছিলেন, তাঁহারা পালন কার্য্যে প্রবৃত্ত বিষ্ণুর অংশ স্বরূপ।[৬৫]

যিনি ভক্তিপূর্ব্বক আনুপূর্ব্বিক এই মনুবংশ শ্রবণ করেন, তাঁহার অন্তঃকরণ নির্ম্মল হয় ও তাঁহার সমুদায় পাপপুঞ্জ ক্ষয় হইয়া থাকে।[৬৬] প্রশস্ত সূর্য্যবংশ ও চন্দ্রবংশ সমুদায় শ্রবণ করিলে মানবগণ অব্যাহতেন্দ্রিয় হইয়া ধন ধান্য প্রভৃতি অতুল ঐশ্বর্য্যের অধীশ্বর হয়।[৬৭]

ইক্ষ্বাকু, জহ্নু, মান্ধাতা, সগর, অবিক্ষিত, রঘু, যযাতি, নহুষ প্রভৃতি রাজগণ সকলেই কালকবলে পতিত হইয়াছেন। এই

মহাবলান্ মহাবীর্য্যাননন্তধনসঞ্চয়ান্।
কৃতান্ কালেন বলিনা কথাশেষান্ নরাধিপান্।
শ্রুত্বা ন পুত্রদারাদৌ গৃহক্ষেত্রাদিকে তথা
দ্রব্যাদৌ চ কৃতপ্রজ্ঞো মমত্বং কুরুতে নরঃ ॥৬৯॥
তপ্তং তপো যৈঃ পুরুষপ্রবীরৈ-
রুদ্বাহুভির্ব্বর্ষগণাননেকান্।
ইষ্টাশ্চ যজ্ঞা বলিনোঽতিবীর্য্যাঃ
কৃতাস্তু কালেন কথাবশেষাঃ ॥৭০॥
পৃথুঃ সমস্তান্ প্রচচার লোকান্
অব্যাহতো যোঽরিবিদারি-চক্রঃ।
সকালবাতাভিহতো বিনষ্টঃ
ক্ষিপ্তং যথা শাল্মলিতূলমগ্নৌ ॥৭১॥

সকল রাজা মহাবল ও মহাবীর্য্য ছিলেন। ইঁহারা অসংখ্য ধন-সঞ্চয় করেন। বলবান্ কাল, এই সকল রাজাকেও নামমাত্রাব-শেষ করিয়াছে। জ্ঞানবান্ ব্যক্তি এই সকল রাজার বিবরণ শ্রবণ করিয়া ও জ্ঞাত হইয়া স্ত্রী পুত্র প্রভৃতিতে, পরিজনবর্গে এবং ক্ষেত্র প্রভৃতি দ্রব্য সমুদায়ে মমতা করেন না।[৬৯]

যে কল মহাপুরুষ, ঊর্দ্ধবাহু হইয়া বহুবৎসর পর্য্যন্ত তপোনু-ষ্ঠান করিয়াছিলেন, যাঁহারা বহুসংখ্য যজ্ঞের অনুষ্ঠান করিয়া-ছেন, অতিশয় বলবান্ অতিশয় বীর্য্যশালী সেই সমস্ত ব্যক্তিও কালক্রমে নাম-মাত্রাবশেষ হইয়াছেন।[৭০] যাঁহার চক্র শত্রুগণকে বিদারিত করিত, যিনি অব্যাঘাতে সমুদায় লোকে বিচরণ করিতেন, সেই পৃথুও, যেমন অগ্নিতে নিক্ষিপ্ত

যঃ কার্ত্তবীর্য্যো বুভুজে সমস্তান্
দ্বীপান্ সমাক্রম্য হতারিচক্রঃ।
কথাপ্রসঙ্গে ত্বভিধীয়মানঃ
স এব সঙ্কল্প-বিকল্পহেতুঃ ॥ ১২ ॥
দশাননাবিক্ষিতরাঘবাণা-
মৈশ্বর্য্যমুদ্ভাসিতদিঙ্মুখানাম্।
ভস্মাপি জাতং ন কথং ক্ষণেন
ভ্রূভঙ্গপাতেন ধিগন্তকস্য ॥ ৩॥
কথাশরীরত্বমবাপ যদ্বৈ
মান্ধাতৃনামা ভুবি চক্রবর্ত্তী।

শাল্মলি-তুলা নষ্ট হয়, তাহার ন্যায় কালরূপ পবনদ্বারা অভিহত হইয়া বিনষ্ট হইয়াছেন।[১১]

যে কার্ত্তবীর্য্য অর্জ্জুন, সমুদায় দ্বীপ আক্রমণ পূর্ব্বক শত্রু-মণ্ডলী সংহার করিয়া রাজ্য ভোগ করিয়াছিলেন, এক্ষণে কথা প্রসঙ্গে তাঁহার নাম কীর্ত্তিত হইলে তিনি সঙ্কল্প ও বিকল্পের হেতু হন অর্থাৎ কেহ কেহ প্রত্যয় করেন যে, কার্ত্তবীর্য্য নামে একজন রাজা ছিলেন, কেহ বা বলেন যে, কার্ত্তবীর্য্য নামে কোন ভূপতি ছিলেন কি না? সন্দেহস্থল।[১২] দশানন, রাঘব, অবিক্ষিত প্রভৃতি ভূপালগণ, যে অতুল ঐশ্বর্য্যদ্বারা দিঙ্মণ্ডল উদ্ভাসিত করিয়াছিলেন, সেই ঐশ্বর্য্যও, কালের ভ্রূভঙ্গদ্বারা অল্পকালমধ্যেই ভস্মীভূত হইয়া গিয়াছে অতএব (ক্ষণবিধ্বংসী ঈদৃশ) ঐশ্বর্য্যে ধিক্।[১৩] এই পৃথিবীতে মান্ধাতা নামে যে সম্রাট্ ছিলেন, এক্ষণে তাঁহার কেবল কথামাত্র অবশিষ্ট রহিয়াছে। পরন্তু কোন্

শ্রুত্বাপি তং কোঽপি করোতি সাধু-
র্মমত্বমাত্মন্যপি মন্দচেতাঃ ॥৭৪॥
ভগীরথাদ্যাঃ সগরঃ ককুৎস্থো
দশাননো রাঘবলক্ষ্মণৌ চ ।
যুধিষ্ঠিরাদ্যাশ্চ বভূবুরেতে
সত্যং ন মিথ্যা ক্ব নু তে ন বিদ্মঃ ॥৭৫॥
যে সাম্প্রতং যে চ নৃপা ভবিষ্যাঃ
প্রোক্তা ময়া বিপ্রবরোগ্রবীর্য্যাঃ ।
যে তে তথান্যে চ তথাভিধেয়াঃ
সর্ব্বে ভবিষ্যন্তি যথৈব পূর্ব্বে ॥৭৬॥
এতদ্বিদিত্বা ন নরেণ কার্য্যং
মমত্বমাত্মন্যপি পণ্ডিতেন ।

সাধু ব্যক্তি এক্ষণে ঈদৃশ মন্দমতি আছেন যে, ঐ মান্ধাতার উপাখ্যান শ্রবণ করিয়া স্ত্রীপুত্রাদির প্রতি, এমন কি আপনারও প্রতি, মমতা প্রকাশ করিতে পারেন ।[৭৪]

ভগীরথ, সগর, ককুৎস্থ, দশানন, রাম, লক্ষ্মণ, যুধিষ্ঠির প্রভৃতি অনেকেই মহীপতি হইয়াছিলেন, সত্য, এ কথা মিথ্যা নহে, কিন্তু তাঁহারা যে এক্ষণে কোথায়, তাহা আমরা কিছুই জানি না ।[৭৫] ব্রাহ্মণশ্রেষ্ঠ! যে সকল রাজা এক্ষণে রাজ্য শাসন করিতেছেন, যাঁহারা পরে পৃথিবীর রাজা হইবেন, এবং যে সকল রাজার নাম উল্লিখিত হয় নাই, সেই সকল মহাবীর্য্য ভূপতিগণও সকলেই কালক্রমে পূর্ব্ব পূর্ব্ব ভূপতিগণের ন্যায় নামমাত্রাবশেষ হইবেন ।[৭৬] এই সমুদায় বিষয় জ্ঞাত হইলে পণ্ডিত ব্যক্তি, পুত্র কন্যা ক্ষেত্র

তিষ্ঠন্তু তাবত্তনয়াত্মজাদ্যাঃ
ক্ষেত্রাদয়ো যে তু শরীরতোঽন্যে ॥৭৭॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে চতুর্থেঽংশে
চতুর্ব্বিংশোঽধ্যায়ঃ ॥

সমাপ্তশ্চায়ং চতুর্থোঽংশঃ।

প্রভৃতি বাহ্য বস্তুর প্রতি মমতা প্রকাশ করা দূরে থাকুক, আপনার প্রতিও মমতা করেন না।৭৭

বিষ্ণুপুরাণ চতুর্থ অংশ চতুর্ব্বিংশ অধ্যায় সমাপ্ত।

চতুর্থ অংশ সমাপ্ত।

ইত্যস্যায়ং ভাবঃ। মদাজ্ঞালঙ্ঘনফলমেতাত্তৃশমেব। তস্য চা-পুত্রস্য তন্মণিরত্নং সত্যভামায়া এবেতি মম মদ্বিষয়িণী অবহাসনা। সত্রাজিতস্য বধে কথং ভগবতোঽবহাসনেত্যত আহ, অনুল্লঙ্ঘ্যোতি। অত্র পাদপস্থানে ভগবান্‌, পক্ষিস্থানে সত্রাজিতঃ ॥৩৯॥ আবাভ্যামাবয়োঃ ॥৪০॥ ভগবতা চক্রিণা কৃষ্ণেন, সীরিণা বলভদ্রেণ চ সহামরবরাণাং মধ্যে কশ্চিদ্‌যোদ্ধুং ন সমর্থঃ, ইত্যন্বয়ঃ। ত্রিবিক্রমাবতারে পাদপ্রহারেণ পরিকম্পিতং জগত্রয়ং যেন। প্রবলরিপুচক্রেষু শক্রসৈন্যেষ্বপ্রতিহতং চক্রং যস্য তেন চক্রিণা, সীরিণা চ কিম্ভূতেন? মদমুদিতনয়নাভ্যাং বিলোকিতেনৈব অরিবলং বিনাশয়তীতি তথা তেন, অতিগুরবো মহান্তো বৈরিণ এব বারণাঃ তেষামাকর্ষণেনাবিষ্কৃতো মহিমা যেন তথাবিধঃ উরুর্মহান্‌ সীরো হলমস্যাস্তীতি তথাভূতেন ॥ ৪১ ॥ স্যমন্তকমণিন্যাসে বিদিতে ভগবান্‌ জ্ঞাস্যতি, সত্রাজিতবধে অক্রূরস্যাপি সাহায্যমস্তীতি, তস্মাভ্রূদিত্যুক্তং, যদ্যস্তায়ামপীতি ॥ ৪২ ॥ অতুলবেগাম্‌ অতিশায়ুগামিনীং শতযোজনবাহিনীং তাবদ্বত্ম' একেনাহ্না গন্তুং সমর্থাম্‌ ॥ ৪৩ ॥ বাহ্যমানা বহনায় প্রের্য্যমাণা ॥ ৪৪ ॥ লোকে হি নরস্য সর্ব্বত্র ধনার্থমবিশ্বাস ইতি দর্শয়িতুং সর্ব্বজ্ঞোঽপি ভগবান্‌ বলদেবং প্রতি পুনরাহ, অত্রৈবেতি ॥ ৪৫ ॥ তং শ্রীকৃষ্ণমাক্ষিপ্য তিরস্কৃত্য ॥৪৬॥ প্রাসঙ্গিকমাহ, যাবচ্চেতি। অশিক্ষত শিক্ষাম্‌ অকরোৎ ॥৪৭॥ তদেবং সর্ব্বজ্ঞয়োঃ শ্রীকৃষ্ণবলভদ্রয়োঃ মণ্যর্থে শপথাদিকং ভক্তস্যাক্রূরস্য চ জ্ঞাত্বা কৃষ্ণায় মণ্যপ্রদানং ধনদোষপ্রদর্শনার্থমেবোক্তম্‌। বলভদ্রাগমনমাহ, বর্ষত্রয়েতি। সংপ্রত্যায্য শপথাদিনা বিশ্বাস্য ॥৪৮॥ সুবর্ণধ্যানপরঃ এতাবদ্ভিঃ সুবর্ণৈঃ কিং ক্রিয়ত ইতি বিচারপরঃ ॥ ৪৯ ॥ সবনগতৌ দীক্ষিতৌ ॥৫০॥ মরকো জনমারী ॥ ৫১ ॥ অথ রামাদীনাং কৃষ্ণে স্যমন্তকাপহারশঙ্কানিরাসং বক্তুমাহ, অথাক্রূরেত্যাদিনা যাবদধ্যায়সমাপ্তি ॥ ৫২ ॥ উরগারিকেতনো গরুড়ধ্বজঃ। যদ্‌যত ইদং

প্রচুরোপদ্রবাগমনম্ এতন্নিমিত্তমালোচ্যতামিত্যর্থঃ ॥ ৫৩ ॥ শ্বফল্কগান্দিন্যোর্ম্মাহাত্ম্যোক্তিস্তৎপুত্রাক্রূরমহিমজ্ঞাপনার্থা ॥৫৪॥ গর্ভে কন্যা পূর্ব্বমাসীদিতি নিশ্চয়ো জ্যোতিঃশাস্ত্রাদিনা ॥৫৫॥ এবং পূর্ব্বোক্তা গুণা যস্য মিথুনস্য তস্মাৎ ॥ ৫৬ ॥ ইতি পূর্ব্বোক্ত-প্রকারেণাতিগুণবত্যক্রূরে ইতো নিষ্ক্রান্ততয়া নিমিত্তে সতি অপর-নিমিত্তানুসরণেনালং ব্যর্থমিত্যর্থঃ ॥ ৫৭ ॥ কৃষ্ণশ্চিন্তয়ামাসেত্যতো ভগবতস্তস্য সর্ব্বজ্ঞস্য তৎপরামর্ষেণ মণিসম্ভাবনং লোকবৃত্তানুসরণ-মাত্রং ন তত্ত্বতঃ, অন্যথা সমস্তমঙ্গলমূর্ত্তৌ ভগবতি কৃষ্ণে সতি তদরিষ্টদর্শনমপি দুর্ঘটমিতি। তথাহ শুকঃ "ইত্যঙ্গোপদিশন্ত্যেকে বিস্মৃত্য প্রাগুদাহৃতম্। মুনিবাসনিবাসে কিং ঘটেতারিষ্টদর্শনম্॥" ইতি। তস্মাদেতল্লোকানুসরণং পরপ্রত্যয়েন স্বাপবাদপরিহার-পরমেবেতি ॥৫৮ ॥

অল্পোপাদানং স্বল্পজীবিকাদ্রব্যম্। অন্যৎ প্রয়োজনং বিবা-হাদিকমুদ্দিশ্য সমাজং সমুদায়মচীকরৎ কারয়ামাস ॥ ৫৮ ॥ যদর্থং যাদবাঃ সমাহৃতাস্তদুপন্যস্য যুক্তমযুক্তং বেতি পৃষ্ট্বা ॥৫৯॥ দান-পতে! ইতি সম্বোধনং সাকূতম্ ॥৬০॥ ধারণোপক্লেশেন ক্লেশহেতু-নিয়মেন। ভোগেষু অসঙ্গি মানসং যস্য সোঽহং স্বসুখস্য কলাং লেশমপি ন বেদ্মি ॥৬১॥ তর্হি কিমিতি ময়ি নোক্তং? তত্রাহ, এতা-বম্মাত্রং স্বল্পমপি অশেষরাষ্ট্রোপকারকমপি অয়ং ধারয়িতুং ন শক্নোতীত্যশক্তং মাং ভবান্ মংস্যতে ইতি ভিয়া আত্মনা ময়া তুভ্যং নোদিতঞ্চ। অস্যাশেষরাষ্ট্রেতি পাঠেঽস্য রাজ্ঞঃ উগ্রসেন-স্যেত্যর্থঃ ॥ ৬২ ॥ কনকসমুদ্গকং সুবর্ণসংপুটকম্ ॥ ৬৩ ॥ আস্থানং সভা ॥ ৬৪ ॥

মম বলভদ্রস্যাত্মনা সহ অয়ং মণিঃ সামান্যঃ সাধারণ ইতি অচ্যু-তেন কৃষ্ণেনৈব সমন্বিচ্ছিতঃ স্বীকৃত ইতি হেতোঃ সস্পৃহোঽভবৎ। ইচ্ছের্লিঙ্গধাতোঃ ক্তঃ ॥৬৫॥ চক্রয়োরন্তরাবস্থিতমিব সংশয়িতমা-ত্মানং মেনে। গোচক্রান্তরেতি পাঠে শকটচক্রবলীবর্দ্দান্তর্গতমি-

বেত্যর্থঃ ॥৬৬॥ নান্যস্য এতত্রয়ভিন্নস্য ॥৬৭॥ ততঃ কিমত আহ, এতদিতি। আধারং ধারকমেব হন্তি ॥ ৬৮॥ ষোড়শস্ত্রীসহস্রপরিগ্রহাদিতি ব্রহ্মচর্য্যং নৈব ঘটত ইতি কথনার্থং হেতুঃ ॥ ৬৯ ॥ ততঃ প্রভৃতি প্রকটেনেতি বলভদ্রসত্যভামাদ্যভ্যসূয়াভাবাৎ। ভক্তে অক্রূরে ভগবতা স্থাপিতমিতি লোকভয়াচ্চ মণিং গুপ্তং ভগবদনুমতমেবাধারয়ৎ। ইদানীমভিশস্তিপরিহারায় স্বয়মেব কেবলং প্রকটীকৃতমক্রূরো ধৃতবানিত্যর্থঃ ॥ ৭০ ॥

মিথ্যাভিশস্তিক্ষালনাং মিথ্যাভিশাপনিবর্ত্তনোপায়ভূতং হরিচরিতং যঃ স্মরতি, তস্য মিথ্যাভিশাপো ন ভবতি। কৃষ্ণেন স্বভক্তে মণিঃ স্থাপিত ইতি কৃষ্ণাভিযোগপরিহারায় পূর্ব্বং গুপ্তং দধার, অনেনৈবাভিপ্রায়েণ শতধন্বনা মণৌ সমর্প্যমাণে যদ্যন্তাবস্থায়ামপি নান্যস্য কথয়সি তর্হ্যাদাস্যামীত্যুবাচ, ন তু সর্ব্বজ্ঞ-কৃষ্ণবঞ্চনায়, যজ্ঞকবচ-ধারণঞ্চ যাদবভয়াদেব ন তু কৃষ্ণভয়াৎ, অন্যথা মণিনা সহ সভাপ্রবেশো ন ঘটতে। অতোঽক্রূরে মহাভাগবতে মণিস্পৃহাদিকল্পনমতিমন্দমিত্যুপেক্ষণীয়মিতি ভাবঃ ॥৭১॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণটীকায়াং শ্রীধরস্বামিকৃতায়াং
চতুর্থেঽংশে ত্রয়োদশোঽধ্যায়ঃ।

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

ক্রমাগতা বৃষ্ণিবংশাঃ শৈনেয়াদ্যাশ্চতুর্দ্দশে। বর্ণ্যন্তে শিশুপালস্য সাযুজ্যঞ্চাত্র সূচ্যতে ॥ সত্বতস্য সপ্তমঃ পুত্রো বৃষ্ণিস্তৎপুত্রো অনমিত্রশিনী। তত্রানমিত্রস্য নিম্নতঃ তস্য প্রসেন-সত্রাজিতাবিত্যেকো বংশ উক্তঃ। তত্র প্রসঙ্গাগত-স্যমন্তকোদাহরণমুক্তম্, ইদানীমনমিত্রানুজস্যান্যস্য শিনের্ব্বংশ উচ্যতে। অনমিত্রস্যাত্মজ ইত্যা-

দিনা ইতি শৈনেয়া ইত্যন্তেন। শিনের্ব্বংশঃ শৈনেয়াঃ ॥১॥ পুনশ্চান-মিত্রস্য বংশান্তরমাহ, অনমিত্রস্যেত্যাদিনা বহবোঽভবন্নিত্যন্তেন। চিত্রকস্য শ্বফল্কস্যানুজস্য পৃথুপ্রমুখাঃ পুত্রাঃ ॥ ২ ॥ অন্ধকস্য সাত্বতপুত্রস্য কুকুরাদয়ঃ পুত্রাঃ ॥ ৩ ॥

তত্র কুকুরস্য বংশমাহ, কুকুরাদিত্যাদিনা উগ্রসেনতনুজা ইত্যন্তেন। ভবসংজ্ঞস্যৈব উপনাম চন্দনোদকদুন্দুভিরিতি ॥ ৪ ॥ তনুজাঃ কন্যাঃ ॥ ৫ ॥ ভজমানস্য সাত্বতপুত্রস্য কৃমিক্রুকণবৃষ্ণয় ইত্যেকো বংশ উক্তঃ, ইদানীং তস্যৈব বংশান্তরমাহ, ভজমানাদিত্যাদিনা যাবদধ্যায়সমাপ্তি ॥ ৬ ॥ হৃদিকাৎ কৃতবর্ম্ম-শতধনু-র্দ্দেবমীঢুষাদ্যাঃ পুত্রা বভূবুঃ। দেববার্হাদ্যা ইতি পাঠে তু দেবপদেন দেবমীঢুষ ইত্যেবোক্তঃ ॥ ৭ ॥ দেবমীঢ় ষস্য পুত্রো যঃ শূরস্তস্য মারিষা নাম পত্ন্যভূদিত্যর্থঃ ॥৮॥ আনকাঃ পটহাঃ দুন্দুভয়ো ভের্য্যঃ ॥৯॥ কানীনঃ কন্যকাবস্থায়াং জাতঃ ॥ ১০ ॥

অনাচারঃ স্বপুত্রাদিদ্বেষঃ, বিক্রমঃ শৌর্য্যং, তাভ্যাং সম্পন্নঃ ॥ ১১ অক্ষতাঃ পূর্ণা বীর্য্যাদিগুণা যস্য সঃ। বীর্য্যং-বলং, শৌর্য্যমুৎসাহঃ, পরাক্রমঃ প্রভাবঃ, সমাক্রান্তাঃ ত্রৈলোক্যেশ্বরা যেন তথাভূতঃ প্রভাবো যস্য সঃ ॥ ১২ ॥ বহুকালমুপভুক্তং ভগবৎসকাশাদেবাপ্ত-শরীরপাতোদ্ভব-পুণ্যফলং যেন সঃ ॥ ১৩ ॥ অবান্তরান্বয়ভয়াত্তত্র শব্দস্য পুনরুক্তির্ন দোষায় ॥ ১৪ ॥ ভগবদ্দ্বেষাদপি সাযুজ্যমুপপাদয়তি, ভগবান্ হীতি। দিব্যত্বেঽপ্যনুপমস্থানং তথা প্রযচ্ছতীতি ॥১৫॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণটীকায়াং শ্রীধরস্বামিকৃতায়াং
চতুর্থেঽংশে চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

পঞ্চদশোঽধ্যায়ঃ।

হরের্জ্জনিঃ পঞ্চদশে সংখ্যানুক্তিশ্চ যাদবে। সাযুজ্যং শিশুপালস্য সোপপত্তিকমুচ্যতে॥ বিষ্ণুনৈব নিহতত্বাৎ প্রাগ্‌জন্মন্যেব কিং ন মুক্ত ইতি, হিরণ্যকশিপুত্ব ইত্যাদিপ্রশ্নার্থঃ॥ ১॥ বস্তুশক্ত্যা-ভগবন্নামকীর্ত্তনধ্যানাদিনা ক্ষীণকল্মষস্য তৎসাক্ষাৎকারেণৈবান্যেষামপি মোক্ষঃ, ততঃ শিশুপালত্বে চ তৎসম্ভবাৎ স মুক্তো নাতঃ প্রাগিত্যুত্তরার্থঃ। সনকাদ্যনুগ্রহাৎ তৃতীয়জন্মন্যেবাবশ্যং ভাবিত্বান্মোক্ষস্য তত্রৈব তদ্ধেতুসম্ভবমাহ, দৈত্যেশ্বরস্যেত্যাদিনা কিমুত সম্যক্ ভক্তিমতামিত্যন্তেন॥ ২॥ রজোদ্রেকেতি সন্ধিরার্ষঃ। নিরতিশয়পুণ্যেত্যাদিরূপা রজস উদ্রেকেণ প্রেরিতা একাগ্রা তন্মাত্রবিষয়িণী মতির্যস্য সঃ। তদ্ভাবনারূপাৎ যোগাৎ ততোঽবাপ্তবধ এব হেতুর্যস্যাস্তামখিলত্রৈলোক্যমধ্যে আধিক্যধারিণীমতিশয়িতাং ভোগসম্পদমবাপেত্যন্বয়ঃ॥ ৩॥

অতস্তস্মিন্ মনসোঽনালম্বনীকৃতেঽবিষয়ীকৃতে পরব্রহ্মভূতে তদা লয়ং সাযুজ্যং নাবাপেত্যনুষঙ্গঃ॥ ৪॥ দশাননত্বেঽপি অস্য দাশরথিরূপদর্শনমেব পূর্ব্বমাসীৎ। বিপদ্যমানস্য চ তস্যান্তঃকরণে মানুষবুদ্ধিরেবাভূৎ, নায়মচ্যুত ইত্যাসক্তির্নিশ্চয়োঽভূদিত্যর্থঃ॥ ৫॥ অচ্যুতবিনিপাতনমাত্রাৎ ফলং শ্রেষ্ঠং জন্ম ঐশ্বর্য্যাঞ্চাব্যাহতং কেবলমভূদিতি॥ ৬॥ তদন্তে চ মোক্ষং সহেতুকমাহ, তত্র ত্বিত্যাদিনা লয়মুপযযাবিত্যন্তেন। তত্র শিশুপালত্বে অচ্যুতনাম্নামুচ্চারণমকরোদিতি সম্বন্ধঃ। কিং বিশিষ্টানাং ভগবন্নামকারণানি কেশিকংসবধ-চক্রধারণাদীনি যান্যভবন্ তৈঃ কারণৈঃ প্রবৃত্তিনিমিত্তৈঃ কৃতানাং সঙ্কেতিতানাং কেশব-কংসধ্বংসি-চক্রপাণি-প্রভৃতীনাং সংতর্জ্জনং বাক্‌তাড়নং, তদনেন ভগবন্নামকীর্ত্তনাবৃত্তিরুক্তা॥ ৭॥

সাকারধ্যাননিষ্ঠামাহ, তচ্চ রূপমিতি। তদ্রূপমটনাদিষু আত্মনঃ

শিশুপালস্য চেতসো নৈবাপযযাবিত্যন্বয়ঃ। আত্মনো বুদ্ধেশ্চেতসশ্চ নৈবাপযযাবিতি চার্থঃ ॥৮॥ ততশ্চ কীর্ত্তনধ্যানাভ্যাং শুদ্ধান্তঃকরণস্য মোক্ষহেতু-সাক্ষাৎকারমাহ, তত ইতি। আক্রোশেম্বাক্ষেপোক্তিষু ভগবতা অস্তং ক্ষিপ্তং যৎ চক্রং তস্যাংশুমালাভিরুজ্জ্বলম্ ॥ ৯ ॥ শিশুপালমুক্তিং নিগময়তি, এতদিতি। সুরাদিদুর্লভং ফলং মুক্তিরূপম্ ॥ ১০ ॥

শিশুপাল-জন্মপ্রসঙ্গাগতং সমাপ্য প্রকৃতবংশমাহ, বসুদেবস্যেতি। পৌরবী পুরুবংশোদ্ভবেতি রোহিণ্যা বিশেষণম্, অতএব পৌরব্যা ন পৃথগ্বংশকীর্ত্তনম্ ॥ ১১ ॥ রোহিণ্যাঃ প্রাধান্যেন বলভদ্রাদীন্ বংশানুক্ত্বা অন্যানপি বংশানাহ, ভদ্রাশ্বেতি। আদ্যশব্দেন পিণ্ডারকোষীনরয়োর্গ্রহণম্। অত্র পৌরব্যা ইতি পাঠেঽপি রোহিণীনাম্না ইত্যর্থঃ। এতেষামেব রোহিণ্যাস্তনয়া দশেতি হরিবংশে গ্রহণাৎ। কুলজা বংশাঃ ॥ ১২ ॥ কীর্ত্তিমদাদীনাং প্রাগ্জন্মসংজ্ঞয়ৈব কীর্ত্তনমকৃতনাম্নামেব তেষাং কংসেন হননাৎ ॥ ১৩ ॥ রোহিণ্যাস্তনয়স্য সতো দেবকীপুত্রত্বং বলদেবস্য সমর্থয়িতুমাহ, অনন্তরশ্চেতি। দেবকীজঠরাদাকৃষ্য রোহিণীজঠরং নীতবতী ॥১৪॥ অনেনোপাধিনা সঙ্কর্ষণসংজ্ঞাং নির্ব্বক্তি, কর্ষণাচ্চেতি ॥ ১৫ ॥

সকলং জগদেব মহাতরুস্তস্য মূলভূতঃ, ভূতা বর্ত্তমানাঃ অতীতাশ্চ ভবিষ্যন্তশ্চ আদিশব্দাৎ তত্তল্লোকবর্ত্তিনো মহান্তশ্চ সকলা যে সুরাসুরাদয়স্তেষাং মনসামপ্যগোচরঃ। অব্জভবো ব্রহ্মা তৎপ্রমুখৈরীশ্বরাবতাররূপৈঃ অনলপ্রমুখৈঃ দেবৈশ্চ প্রসাদিতো বাসুদেবো দেবকীগর্ভে সমবততার ইত্যন্বয়ঃ ॥ ১৬ ॥ মানঃ সম্মানঃ, অভিমানো মহিমা, তৎপ্রসাদেন বর্দ্ধিতৌ তৌ যস্যাঃ সা যোগনিদ্রা যশোদাগর্ত্তমধিষ্ঠিতবতী প্রাপ্তা ॥ ১৭ ॥

তস্মিন্ জায়মানে সুপ্রসন্নাদিত্যচন্দ্রাদিগ্রহমিত্যাদি-বিশেষণেন বিশিষ্টং জগদভবদিত্যন্বয়ঃ ॥১৮॥ আসু সর্ব্বাসু অষ্টায়ুতানি লক্ষশ্চেতি। এতেন রুক্মিণ্যাদীনামষ্টপত্নীনাং দশ দশ পুত্রা জ্ঞেয়াঃ।

অন্যাসাং যথাসম্ভবং পুত্রা জ্ঞেয়াঃ। অনাদিমানাদিমদ্ভিন্নঃ ॥ ১৯ ॥ চরিতার্থৌ যথার্থৌ ॥ ২০ ॥ অষ্টাশীতিলক্ষ্যাধিক-কোটিত্রয়পরিমিতাশ্চাপযোগ্যাস্থ চাপশিক্ষাসু গৃহস্থিতা আচার্য্যাঃ শিক্ষকাঃ। এক আচার্য্যো বহূন্ পাঠয়তীত্যতঃ শিষ্যা অধিকাঃ কৃতবিদ্যা বালাশ্চ ততোঽধিকা ইত্যতো যাদবা অসঙ্খ্যাতা ইত্যর্থঃ ॥ ২১ ॥

যত্র যদুকুলে সঙ্খ্যানম্ অযুতানাং লক্ষেণ সহাযুতং দশোত্তরং শতকোটিঃ তদপি শতাধিকমাস্তে অধিকস্য জ্ঞাতুমশক্যত্বাৎ সঙ্খ্যানং নাস্তীতি ভাবঃ। অযুতলক্ষেণাস্তে সদাহুক ইতি পাঠে আহুক উগ্রসেনপিতা অযুতানামযুতঞ্চ তেন দশোত্তরকোটিমিতেন বিশিষ্ট আস্ত ইত্যর্থঃ ॥২২॥ যাদবানামসঙ্খ্যত্বে দুর্জ্জয়ত্বে চ হেতুমাহ, দেবাসুরেতি। দেবাসুরসংগ্রামে দেবৈর্হতা ইত্যর্থঃ ॥২৩॥ একাভ্যধিকং কুলশতং বৃষ্ণি-মধু-সাত্বতেত্যাদিভেদেন ॥ ২৪ ॥ প্রমাণে কার্য্যাকার্য্যনিয়মে প্রভুত্বে পালকত্বে চ নিদেশস্থায়িনঃ বচনস্থা বভুবুঃ। বর্দ্ধুরিতি পাঠে পুত্রপৌত্রৈঃ বৃদ্ধিং প্রাপ্তা ইত্যর্থঃ ॥২৫॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণটীকায়াং শ্রীধরস্বামিকৃতায়াং
চতুর্থেঽংশে পঞ্চদশোঽধ্যায়ঃ।

ষোড়শোঽধ্যায়ঃ।

ষোড়শে তুর্বসোর্ব্বংশো মরুত্তান্তোঽনুবর্ণ্যতে। যযাতিশাপাৎ দুষ্মন্তং পৌরবং যঃ সমাশ্রিতঃ ॥ এষ যদোর্ব্বংশঃ এবং যদুবংশং বিস্তরমভিধায় তদনুজস্য তুর্বসোর্বংশমাহ, তুর্ব্বসোরিতি যাবৎসমাপ্তি। যযাতিশাপাদিতি। অত্র যদ্যপি রাজ্যানর্হত্বরূপ এব শাপঃ প্রতী-

য়তে তথাপি তুর্ব্বসুং প্রতি বিশিষ্য সন্তত্যুচ্ছেদলক্ষণঃ শাপোঽপীত এব জ্ঞায়তে ॥ ২

ইতি শ্রীবিষ্ণুপুরাণটীকায়াং শ্রীধরস্বামিকৃতায়াং
চতুর্থেঽংশে ষোড়শোঽধ্যায়ঃ।

সপ্তদশোঽধ্যায়ঃ।

দ্রুহ্যোঃ সপ্তদশে বংশঃ সংক্ষেপাদনুবর্ণ্যতে। ম্লেচ্ছানাং য উদীচ্যানামাধিপত্যমথাকরোৎ। জ্যেষ্ঠানুক্রমবশাৎ তুর্ব্বসুকনিষ্ঠস্য শর্ম্মিষ্ঠাপুত্রস্য দ্রুহ্যোর্ব্বংশমাহ, দ্রুহ্যোরিতি॥১॥ ম্লেচ্ছানামিতি ম্লেচ্ছাধিপত্যকথনাদ্‌যযাতিশাপপরিণামো ম্লেচ্ছভাবঃ সূচিতঃ॥২

ইতি শ্রীবিষ্ণুপুরাণটীকায়াং শ্রীধরস্বামিকৃতায়াং
চতুর্থেঽংশে সপ্তদশোঽধ্যায়ঃ।

অষ্টাদশোঽধ্যায়ঃ।

অষ্টাদশেঽনুজস্যানোর্ব্বংশঃ সমনুবর্ণিতঃ। প্রাতিলোম্যাৎ সমুৎপন্নৈর্যোঽসৌ সূতত্বমাগতঃ॥ বলেঃ ক্ষেত্রে ভার্য্যায়াং জাতত্বাৎ বালেয়ম্॥১॥

তন্নামেতি তেষামঙ্গাদীনাং নামানি যাসাং সন্ততীনাং তাসাং সংজ্ঞা যেষাং তে বিষয়া দেশা বভূবুঃ॥ ২ ॥ ততশ্চিত্ররথ ইতি যস্য পুত্রো রোমপাদসংজ্ঞো দশরথো জজ্ঞে যস্মৈ অজপুত্রো দশরথঃ স্বকন্যাং দুহিতৃত্বে যুযোজ, দত্তবানিত্যর্থঃ॥ ৩॥ চম্পাং পুরীম্॥৪॥ প্রাতিলোম্যেন ব্রহ্মক্ষত্রয়োরন্তরালে সঙ্করে সম্ভূতির্জন্ম যস্যাস্তস্যাং সূতায়ামিত্যর্থঃ। "ব্রাহ্মণ্যাং ক্ষত্রিয়াৎ জাতঃ সূতঃ" ইতি

স্মৃতেঃ অতো মাভূবন্বর্ণসঙ্করা ইতি বচনাদ্বিজয়ঃ সূত এব, অতশ্চ কর্ণোঽপি তদ্বংশ্যত্বাৎ সূতত্বেন খ্যাতঃ ॥৫॥

মঞ্জূষাগতং কাষ্ঠপিঞ্জরস্থং পৃথয়া কুন্ত্যা অপবিদ্ধং কন্যাবস্থায়াং জাতত্বাৎ লজ্জয়া পরিত্যক্তং কর্ণং পুত্রমবাপ। "মাতাপিতৃভ্যামুৎসৃষ্টং তয়োরন্যতরেণ বা। যং পুত্রং পরিগৃহ্নীয়াদপবিদ্ধঃ স উচ্যতে" ইতি স্মৃতেঃ ॥ ৬ ॥ ইত্যেতে অঙ্গাঃ অঙ্গবংশ্যাঃ ॥ ৭

ইতি শ্রীবিষ্ণুপুরাণটীকায়াং শ্রীধরস্বামিকৃতায়াং চতুর্থেঽংশে অষ্টাদশোঽধ্যায়ঃ।

ঊনবিংশোঽধ্যায়

ঊনবিংশে ক্রমপ্রাপ্তঃ পুরোর্বংশো নিরূপ্যতে। দুষ্মন্তাদ্যত্র ভরতো যন্নাম্না ভারতাস্ত্বিমে ॥ ঋতেয়ুরিত্যাদিশব্দাঃ প্রথমৈকবচনান্তানুকরণান্যেতানি নামানি যেষামাত্মজানাং তে ইত্যেতে রৌদ্রাশ্বস্যাত্মজা ইতি পাঠঃ সুগমঃ ॥১॥ দুষ্মন্তো মৃগয়ার্থমরণ্যং গতো বিশ্বামিত্রান্মেনকায়াং জাতাং শকুন্তলাং নাম কন্যাং কণ্বাশ্রমে দৃষ্ট্বা গান্ধর্বেণ বিবাহেন সঙ্গম্য গর্ভমাধায় স্বপুরং গতঃ সর্বং বিসস্মার। তাঞ্চ জাতপুত্রাং কণ্বপ্রহিতেন শিষ্যেণানীতাং স্মৃত্বাপি লোকাপবাদভয়াদস্বীকুর্বন্তং দুষ্মন্তং প্রতি দেবৈর্গীতোঽয়ং শ্লোকঃ, মাতেতি। ভস্ত্রা চর্মপুটকং, তৎস্থানীয়া মাতা বীর্য্যাধারমাত্রং কিন্তু পিতুর্নিষেক্তুরেব পুত্রঃ। কিঞ্চ যেন পিত্রা জাতো জনিতঃ স এব পুত্রঃ তদংশভূত-বীর্য্যোপাদানত্বাৎ, আত্মা বৈ জায়তে পুত্র ইতি বচনাচ্চ। অতঃ পুত্রং ভরস্ব বিভৃহি, শকুন্তলাঞ্চ নির্দ্দোষাং মাবমংস্থা ইতি ভরতনামনিরুক্তিরপি ॥২॥ কিঞ্চ রেতোধাঃ রেতসা ধীয়তে বিধীয়তে রেতোধাঃ কর্মণ্যসুন্। ঔরসঃ পুত্রোঽয়মস্মাৎ নরকাৎ তত্রস্থং পিতরমুন্নয়তি ঊর্দ্ধং স্বর্গং নয়তি। যদ্বা রেতো-

ধাঃ রেতঃসেক্তা তং পুত্রম্ উন্নয়তি। ততঃ কিম্? অত আহ, ত্বং ত্বস্য ভরতস্য রেতোধাঃ রেতঃসেক্তা ইতি সত্যমেবাহ, অতো ভর-স্বেত্যর্থঃ। নামনিরুক্তিরূপৈকার্থপরত্বাৎ শ্লোক ইত্যেকবচনমবিরুদ্ধম্ ॥৩॥

নৈতে পুত্রা মমানুরূপা মৎসদৃশা ভবন্তীতি ভরতেনোক্তাস্তেষাং মাতরোঽসৎপুত্রমাতৃত্বেন বেণমাতরমঙ্গ ইবাস্মান্ পরিত্যজ্য বনং যাস্যতীতি পরিত্যাগভয়াৎ তান্ পুত্রান্ জঘ্নুর্ঘাতিতবত্যঃ ॥৪॥ বিতথে ব্যর্থে সতি। দীর্ঘতমসেতি। অত্রেয়ং কথা, বৃহস্পতেরগ্রজস্য উতথ্যস্য মমতাখ্যায়াং ভার্য্যায়াং বৃহস্পতিঃ কামাভিভূতো রেতোঽসৃজৎ। তচ্চ গর্ভং প্রবিশৎ গর্ভস্থিতেন স্থানসঙ্কোচভয়াৎ পার্ষ্ণ্যাঘাতেনাপাস্তং বহিঃ পতিতমপি অমোঘবীর্য্যতয়া ভরদ্বাজনামা পুত্রোঽভবৎ। গর্ভস্থশ্চ বৃহস্পতিনা শপ্তোঽন্ধো দীর্ঘতমা নাম্নাভবৎ। স ভরদ্বাজো দেবৈর্দত্তঃ ॥৫॥ তত্র চ ভরদ্বাজনামনিরুক্তিপরস্তন্মাতাপিত্রোর্ব্বিবাদরূপঃ শ্লোকো দেবৈঃ পঠিতঃ ॥৬॥

মূঢ়ে! মমতে! দ্বাজং দ্বাভ্যামাবাভ্যাং জাতমিমং পুত্রং ভর পুষাণ, এবং ব্রুবন্তং বৃহস্পতিং মমতাহ, হে বৃহস্পতে! ত্বমেবেমং দ্বাজং ভর, ইতি পরস্পরমুক্ত্বা পরিত্যজ্য পিতরৌ মমতা-বৃহস্পতী যদ্যস্মাৎ যাতৌ, ততঃ ভরদ্বাজশব্দোক্তের্ভরদ্বাজসংজ্ঞোঽভূদিত্যর্থঃ। যাতৌ যদ্দুঃখাদিতি পাঠে বিবদমানাবিত্যধ্যাহার্য্যম্ ॥৭॥ ভরদ্বাজস্যৈব ভরতপুত্রত্বদশায়াং বিতথনাম্নো নিরুক্তিমাহ, ভরদ্বাজশ্চেতি। পিতৃভ্যাং গতে সতি মরুদ্ভির্ভৃতোঽপি মরুৎস্তোমযাগতুষ্টৈস্তস্য বিতথে পুত্রজন্মনি যতো দত্তস্ততো বিতথসংজ্ঞামবাপেত্যর্থঃ ॥৮॥

ততস্তাভ্যাং গার্গ্যাঃ শৈন্যাশ্চ গর্গবংশ্যত্বাচ্ছিনিবংশ্যত্বাচ্চ সমাখ্যাতাঃ ক্ষত্রিয়া এব কেনচিৎ কারণেন ব্রাহ্মণাশ্চ বভূবুঃ ॥৯॥ অজমীঢ়স্য কণ্বাদিরেকো বংশঃ, বৃহদিষ্বাদিরপরো বংশঃ, নীলাদিরপরঃ ঋক্ষাদিশ্চাপরঃ ॥১০॥ কাম্পিল্যং নগরং তস্যাধিপতিঃ ॥১১॥

শুকস্য ব্যাসপুত্রস্য দুহিতরং, হরিবংশে তথৈব দর্শনাৎ। তথো-ক্তম্ “পরাশরকুলোৎপন্নঃ শুকো নাম মহাযশাঃ। ব্যাসাদরণ্যাং সম্ভূতো বিধূমোঽগ্নিরিব জ্বলন্। স তস্যাং পিতৃকন্যায়াং পীবর্য্যাং জনয়িষ্যতি। কৃষ্ণং গৌরপ্রভুং শম্ভুং তথা ভূরিশ্রুতং জয়ম্। কন্যাং কীর্ত্তিমতীং ষষ্ঠীং যোগিনীং যোগমাতরম্॥ ব্রহ্মদত্তস্য জননীং মহিষীমনুহস্য চ॥” ইতি। বায়ুপুরাণেঽপীদমেব বচঃ॥১২॥ যঃ কৃতশ্চতুর্ব্বিংশতিং সংহিতাশ্চকার॥১৩॥

নীপাঃ ক্ষত্রিয়বিশেষাস্তেষাং ক্ষয়ঃ কৃতঃ। পঞ্চানাং বিষয়াণাং মদীয়ানাং দেশানাম্॥১৫॥ শরদ্বতো গৌতমাৎ স্কন্নং স্খলিতম্। ক্ষত্রোপেতা দ্বিজাতয় ইতি, ক্ষত্রিয়া এব সন্তঃ কেনচিৎ কারণেন ব্রাহ্মণা বভূবুরিত্যর্থঃ॥১৬॥ কৃপয়েতি নাম নিরুক্ত্যর্থম্॥১৭॥ কুরুণা স্বেনোপলক্ষিতং ক্ষেত্রং দেবপ্রসাদাদ্ধর্ম্মকারণং ক্ষেত্রং চকার॥১৮॥ সকলদ্বয়রূপং জন্ম যস্য জরয়া রাক্ষস্যা সন্ধিতো যোজিতঃ॥১৯॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণটীকায়াং শ্রীধরস্বামিকৃতায়াং চতুর্থেঽংশে ঊনবিংশোঽধ্যায়ঃ।

বিংশোঽধ্যায়ঃ।

বিংশে তু কুরুপুত্রাণাং বংশানাহ পরাশরঃ। যত্র স্বপুত্রসন্তান-ধৃতরাষ্ট্রাদিসন্ততিঃ॥ কুরোঃ পুত্রাণাং মধ্যে সুধনুষো বংশ উক্তঃ, ইদানীং কুরুপুত্রস্যৈব পরিক্ষিতো বংশ উচ্যতে, পরিক্ষিত ইতি॥১॥ কুরুপুত্রস্যৈব জহ্নোর্ব্বংশমাহ,জহ্নোরিতি॥২॥ পূর্ব্বোক্তাৎ অজমীঢ়-পুত্রাদৃক্ষাদন্যঃ॥৩॥ দেবাপের্ব্বংশো নাভবদিত্যাশয়েনাহ, দেবা-পিরিতি॥৪॥ যং যং জন্তুং স্পৃশতি, স স যৌবনমেতি, শান্তিঞ্চা-প্নোতি। এতাবতা যৌবনাদিরূপং শং কল্যাণং তনোতীতি শান্তনু-

নামনিরুক্তিরুক্তেতি জ্ঞেয়ম্ ॥৫॥ প্রসঙ্গাৎ পরিবেদনদোষমাহ, তস্যেত্যাদিনা ন ববর্ষ ভগবান্ পর্জ্জন্য ইত্যন্তেন ॥৬॥

অশ্মসারিণা অশ্মসারিনাম্না স্বয়মেব তপস্বিবেশধারিণঃ প্রয়োজিতাঃ ॥৭॥ অতি-ঋজুমতেঃ যথাশ্রুতার্থগ্রাহিণঃ ॥৮॥ শান্তনোর্ব্বংশমতিবিস্তরেণাগ্রে বক্ষ্যন্ প্রথমং বাহ্লীকবংশমাহ,বাহ্লীকস্যেতি ॥৯॥ মম পরাশরস্য পুত্রঃ মৎপুত্রঃ ভুজিষ্যায়াং দাস্যাম্ ॥১০॥ মণিপূরং নাম নগরং তৎপতেঃ পুত্র্যাং পুত্রিকাধর্ম্মেণ "অস্যাং যো জায়তে পুত্রঃ স মে পুত্রো ভবেদিতি" কন্যাদাতুর্ব্বাগ্বন্ধেন ॥১১॥ পরিক্ষীণেষু কুরুষ্বিতি ভগবতস্তদ্রক্ষণে পরিক্ষিন্নামনিরুক্তৌ চ হেতুঃ। আত্মেচ্ছামাত্র-কারণেন মানুষরূপং ধর্ত্তুং শীলং যস্য তস্য পুনর্জ্জীবিতমবাপ্য পরিক্ষিৎ যজ্ঞে ॥১২॥

সাম্প্রতমিত্যনেন পরিক্ষিদ্রাজ্যকাল এব পরাশরমৈত্রেয়-সংবাদ ইতি গম্যতে। অখণ্ডিতা আয়তিঃ প্রভাবো যত্র তদ্‌যথা স্যাদিতি ক্রিয়া বিশেষণং স্যাৎ প্রভাবেঽপি চায়তিরিত্যমরঃ। আয়তিরুত্তরফলং ধনাদিসম্পৎ, সা অখণ্ডিতা যত্র তদ্‌যথা স্যাদিতি বা ॥১৩॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণটীকায়াং শ্রীধরস্বামিকৃতায়াং চতুর্থেঽংশে বিংশোঽধ্যায়ঃ।

একবিংশোঽধ্যায়ঃ।

একবিংশে পুরোর্ব্বংশো ভবিষ্য উপবর্ণ্যতে। ক্ষেমকং প্রাপ্য যঃ সংস্থাং কলাবুপগমিষ্যতি॥ কুরুপুত্র-পরিক্ষিত ইবাস্যাপি জনমেজয়াদি-সংজ্ঞা এব চত্বারঃ পুত্রাঃ ॥১॥ তস্য জনমেজয়স্য। আত্মবিজ্ঞানপ্রবণস্তৎপরঃ ॥২॥ পূর্ব্বোক্তাজ্জনমেজয়পুত্রাদপরঃ শতানীকঃ ॥৩॥ ব্রহ্মণঃ ব্রাহ্মণস্য, ক্ষত্রস্য ক্ষত্রিয়স্য চ যোনিঃ কারণং

ক্ষত্রিয়ৈরেব কৈশ্চিত্তপোবিশেষাৎ ব্রাহ্মণ্যং লব্ধমিতি পূর্ব্বং তথোক্তত্বাৎ। সংস্থাং সমাপ্তিম্॥৪॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণটীকায়াং শ্রীধরস্বামিকৃতায়াং
চতুর্থেঽংশে একবিংশোঽধ্যায়ঃ।

দ্বাবিংশোঽধ্যায়ঃ।

সোমবংশে ভবিষ্যাণাং রাজ্ঞামত্র প্রসঙ্গতঃ। দ্বাবিংশে সূর্য্য-বংশানাং ভবিষ্যো বংশ উচ্যতে॥ বৃহদ্বলস্যেতি, চতুর্থেঽধ্যায়ে অর্জ্জুনতনয়েনাভিমন্যুনা ভারতে যুদ্ধে ক্ষয়মনীয়তেত্যত্র দর্শিত-স্তস্যেত্যর্থঃ॥১॥ যত্র যত্র নাম্নাং বৈলক্ষণ্যং দৃশ্যতে তত্র কল্প-যুগাদি-ভেদেন ব্যবস্থাপনীয়ম্॥২॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণটীকায়াং শ্রীধরস্বামিকৃতায়াং
চতুর্থেঽংশে দ্বাবিংশোঽধ্যায়ঃ।

ত্রয়োবিংশোঽধ্যায়ঃ।

বার্হদ্রথানাং বংশেঽপি ভবিষ্যানবদন্নৃপান্। অন্ত্যো রিপুঞ্জয়ো যত্র তদন্তে প্রাভবৎ কলিঃ॥ সোম-সূর্য্যবংশয়োর্ভবিষ্যান্ নৃপা-নুক্ত্বা সোমবংশ-পল্লবভূতানাং বার্হদ্রথানাং ভবিষ্যানাহ, মাগধা-নামিতি। তত্র চ সঙ্গত্যর্থং কীর্ত্তিতানামপি জরাসন্ধাদীনামনু-বাদং কুর্ব্বন্নযুতায়ুঃপ্রভৃতীন্ ভবিষ্যানাহ, অত্র হীত্যাদিনা যাবৎ-সমাপ্তি॥২॥ বার্হদ্রথা বৃহদ্রথবংশোদ্ভবাঃ॥৩॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণটীকায়াং শ্রীধরস্বামিকৃতায়াং
চতুর্থেঽংশে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ।

চতুর্ব্বিংশোঽধ্যায়ঃ।

চতুর্ব্বিংশে কলের্দ্ধর্ম্মসংখ্যো ক্ষুদ্রাস্তথা নৃপাঃ। ভূমের্গীতাব-শিক্ষা চ বৈরাগ্যায় নিরূপিতাঃ॥ ইদানীন্তু তদ্বংশ্যানেব ভূভুজঃ কালেনাল্পবলপৌরুষান্ মলীমসান্ দস্যুপ্রায়াংশ্চাহ, যোঽয়মি-ত্যাদিনা সর্ব্বে পৃথিব্যাং ভূভুজো ভবিষ্যন্তীত্যন্তেন ॥১॥ প্রদ্যোতাঃ প্রদ্যোতনামানঃ। অত্র চ রাজ্ঞাং তদ্রাজ্যানাং বর্ষসংখ্যা আয়ুরা-দ্যল্পত্বপ্রদর্শনেন বৈরাগ্যার্থা ॥২॥ শৈশুনাগাঃ শিশুনাগাপ-ত্যানি ॥৩॥ মহাপদ্ম ইতি। কোটিঃ শতগুণং পদ্মং, পদ্মশতগুণং খর্ব্বং, তদ্দশগুণং পুনঃ নিখর্ব্বং, তদ্দশগুণং মহাপদ্মমিহেষ্যতে, ইত্যুক্তেস্তাবৎসংখ্যাকস্য সৈন্যস্য ধনস্য বা স্বামী মহাপদ্মো নন্দঃ ॥৪॥ একমেব ছত্রং যস্যাং তাম্ ॥৫॥ নন্দান্ নন্দ-তৎপুত্রাংশ্চ কৌটিল্যঃ কৌটিল্যপ্রধানঃ বাৎস্যায়ন-বিষ্ণুগুপ্তাদি-পর্য্যায়শ্চাণক্যঃ সমুদ্ধরিষ্যতি উন্মূলয়িষ্যতি ॥৬॥

চন্দ্রগুপ্তং নন্দস্যৈব পত্ন্যন্তরস্য মুরাসংজ্ঞস্য পুত্রং মৌর্য্যাণাং প্রথমম্ ॥৭॥ শুঙ্গাঃ শুঙ্গসংজ্ঞাঃ ॥৮॥ তানেবাহ, পুষ্পমিত্র ইতি, পুষ্পমিত্রঃ শুঙ্গানাং প্রথমঃ ॥৯॥ অনমিত্রাদয়ো নব এবং শুঙ্গা দশ ॥১০॥ কণ্বান্ কণ্বসংজ্ঞনৃপান্ ভূর্যাস্যতি প্রাপ্স্যতি। ততঃ কণ্বা-নেবা ভূর্যাস্যতি ॥ ১১ ॥ কণ্বান্ কথং ভূর্যাস্যতি ? তত্রাহ, দেবভূতি-মিতি। শাতকর্ণীত্যুপনাম ॥১২॥ এতে ত্বন্ধ্রভৃত্যাস্ত্রিংশদিত্য-ন্বয়ঃ ॥১৩॥ আভীরাদ্যা মৌনান্তা একোনাশীতি-রাজান একোন-চতুর্দ্দশ-শতবর্ষাণি পৃথিবীং ভোক্ষ্যন্তি ॥১৪॥ ততশ্চ পৌরাস্ত্রীণ্যব্দ-শতানি ভোক্ষ্যন্তি। ক্বচিৎ পৌরা ইত্যত্র পুনর্ম্মৌনা ইতি পাঠঃ। তদা আভীরাদিমধ্যগণিতানামপি মৌনানাং ব্যতিরেকেণ পূর্ব্ব-রাজ্যবর্ষসংখ্যা, ইয়ন্তু ততঃ পৃথগেব মৌনানাং রাজ্যবর্ষশতত্রয়-সংখ্যেতি জ্ঞেয়ম্ ॥১৫॥

কেলিকিলা নগরী তত্র ভবাঃ কৈলকিলাঃ, তেষাং মুর্দ্ধাভি-

ষিক্তো মুখ্যঃ। বিন্ধ্যশক্তির্মূর্দ্ধাভিষিক্ত ইতি পাঠে ক্ষত্রিয়মুখ্য ইত্যর্থঃ ॥১৬॥ তেষাং বিন্ধ্যশক্ত্যাদীনাং যথাযথং ত্রয়োদশ পুত্রাঃ, বাহ্লীকাশ্চ ত্রয়ঃ, পুষ্পমিত্রাদয়স্ত্রয়ো দশ মেকলা মেকলদেশজাঃ, সপ্তকোশলায়াং নবৈব নৈষধাস্তাবন্তঃ নবৈব ভূপতয়ো ভবিষ্যন্তি। মেকলাদিদেশানাং মধ্যে ত্বপ্রসিদ্ধা দেশাস্তত্তদ্দেশীয়া জ্ঞেয়াঃ ॥১৭॥ ক্ষত্রজাতিং ক্ষত্রজাং সঙ্করজাতিম্ উগ্রসূতাদিরূপাম্। এতে তত-স্তৎপুত্রা ইত্যারভ্য শূদ্রা ইত্যন্তাস্তুল্যকালাঃ খণ্ডমণ্ডলপতয়োঽল্প-প্রসাদত্বাদিবিশিষ্টা ভূভৃতো ভবিষ্যন্তীত্যন্বয়ঃ ॥১৮॥

রাজাশ্রয়েণ শুষ্মিণো বলিনঃ ন তু ধর্ম্মেণ, ম্লেচ্ছাশ্চার্য্যাশ্চ বিপর্য্য-য়েণ ম্লেচ্ছা মধ্যে আর্য্যাশ্চান্তে ইত্যেতদ্রূপেণ ॥১৯॥ জগতি ধর্ম্ম-স্যানুদিনং হ্রাসাদর্থস্য চ ব্যবচ্ছেদাৎ সঙ্ক্ষয়ো ভবিষ্যতি ॥২০॥ রত্নতাম্রভাগিতা রত্নভূত-তাম্রাদিমত্ত্বমেব পৃথিবীহেতুরুত্তমভূমি-ত্বে কারণং নতু পুণ্যতীর্থাদিমত্ত্বম্। উন্নতাম্বুমত্তেতি পাঠে উন্নতে গিরিতটাদাবম্বুমত্ত্বম্ ॥২১॥ বৃত্তিঃ জীবিকা ॥২২॥ ভয়গর্ব্বোচ্চারণং ভয়োপদর্শনপূর্ব্বকমুচ্চারণম্ ॥২৩॥ দানমেব ধর্ম্মহেতুঃ, নতু যাগাদিঃ। আঢ্যতৈব সাধুত্বহেতুঃ ॥২৪॥

স্বীকরণমেব বিবাহহেতুর্ন তু স্মৃত্যাদ্যুক্ত-বিধিপ্রকারঃ। সদ্বেশধারী দাম্ভিকঃ। কলিযুগে ক্ষয়মশেষং যাতি সতি জনঃ ক্ষয়মুপৈষ্যতীত্য-ন্বয়ঃ॥২৫॥ এবং কলেরন্তে কল্ক্যবতারেণ সত্যযুগপ্রবৃত্তিমাহ, শ্রৌত-স্মার্ত্তেত্যাদিনা। আদিময়স্য সর্ব্বকারণরূপস্যান্তময়স্য নিষেধাবধি-ভূতস্য, অতএব সর্ব্বময়স্য নিখিলকার্য্যময়স্য। ততো বিকারাদি-প্রাপ্তাবাহ, ব্রহ্মময়স্য। অষ্টগুণর্দ্ধিসমন্বিতঃ। "অণিমা লঘিমা প্রাপ্তিঃ প্রাকাম্যং বশিতা তথা। যত্র কামাবসায়িত্বং মহিমেতি গুণাষ্টকম্" ইতি প্রোক্ত-গুণযুক্তঃ। অন্যে ত্বন্যথা গুণাষ্টকং বদন্তি। "অণিমা মহিমা চৈব লঘিমা গরিমা তথা। ঈশিত্বঞ্চ বশিত্বঞ্চ প্রাকাম্যং কামমেব চেতি ॥২৬॥

প্রবুদ্ধানামিত্যনেন সত্ত্বগুণোদ্রেকো দর্শিতঃ। তেন কালেন কৃতা-

নামাহিতশক্তীনামিত্যর্থঃ ॥২৭॥ তৎকালকৃতেতি পাঠে প্রসূতের্ব্বিশেষণম্ ॥২৮॥ কালস্বভাবাদেব কৃতযুগধর্ম্মানুসারীণি ॥২৯॥ এতৎ সর্ব্বং কস্মিন্ যোগে ভবিষ্যতীত্যপেক্ষায়ামাহ, অত্রোচ্যত ইতি। তিষ্যঃ পুষ্যঃ, চন্দ্রার্কবৃহস্পতীনাং তিষ্যযোগে কৃতং সত্যযুগং ভবিষ্যতি। যদ্যপি প্রতিদ্বাদশাব্দং কর্কটস্থে বৃহস্পতৌ অমাবাস্যায়াং ত্রয়াণাং পুষ্যর্ক্ষেণ যোগঃ স্যাৎ তথাপ্যেকরাশৌ সমেষ্যন্তীতি সহপ্রবেশোক্তের্নাতিপ্রসঙ্গঃ ॥৩০॥

উক্তং রাজবংশং নিগময়তি, অতীতা ইতি। অনাগতা ভূপালাশ্চ উক্তাঃ ॥৩১॥ অনাগতঃ ক্ষত্রিয়বংশঃ কিয়ৎকালং স্থাস্যতীত্যপেক্ষায়ামাহ, যাবদিতি। পঞ্চদশোত্তরসহস্রবর্ষপর্য্যন্তং শুদ্ধঃ ক্ষত্রিয়বংশঃ স্থাস্যতি, অনন্তরং নন্দেন সর্ব্বক্ষত্রিয়নাশাদিত্যর্থঃ ॥৩২॥ কলেঃ প্রবৃত্তিং বৃদ্ধিঞ্চ বক্তুং তৎকাললক্ষণমাহ, সপ্তর্ষীণামিতি। প্রাগগ্রং শকটাকারং তারাসপ্তকং সপ্তর্ষিমণ্ডলং, তত্র পূর্ব্বত ঈষাকারেঽগ্রমধ্যমূলেষু মরীচি-সভার্য্যবসিষ্ঠাঙ্গিরসঃ, ততঃ পশ্চিমে খট্বাকারে তারাচতুষ্কে ঐশানাগ্নেয়-নৈর্ঋতি-বায়ব্য-কোণেষ্বত্রি-পুলস্ত্য-পুলহ-ক্রতবো যথাক্রমং তত্র যৌ পূর্ব্বৌ প্রথমোদিতৌ পুলহ-ক্রতুসংজ্ঞৌ দৃশ্যেতে, তয়োস্তৎপূর্ব্বয়োশ্চ মধ্যে সমং দক্ষিণোত্তররেখায়াং সমদেশাবস্থিতং যদশ্বিন্যাদিনক্ষত্রেষ্বন্যতমনক্ষত্রং দৃশ্যতে, তেন তথৈব যুক্তা নৃণামব্দশতং তিষ্ঠতি ॥৩৩॥

কাললক্ষণমুক্ত্বা কলিপ্রবৃত্তিমাহ, ত ইতি। তদা সন্ধ্যাসন্ধ্যাংশাভ্যাং সহ দ্বাদশাব্দশতাত্মকঃ কলিঃ পূর্ব্বসন্ধ্যা পূর্ব্বং সন্ধ্যারূপেণ প্রবৃত্তোঽপি সন্ধ্যারূপমতিক্রম্য স্বেন রূপেণ প্রবৃত্তঃ প্রকর্ষেণ বৃত্ত ইত্যর্থঃ ॥৩৪॥ এতদেব স্পষ্টয়তি, যদৈবেতি দ্বাভ্যাম্ ॥৩৫॥ পৃথ্বীপরিষ্বঙ্গে ভূমেঃ পরিভবে সমর্থ ইত্যুক্তেঃ পূর্ব্বমপি কলিঃ প্রবিষ্ট ইতি গম্যতে ॥৩৬॥ সাক্ষাৎ কলিপ্রবেশে তু যুধিষ্ঠিরাদিভিঃ স্বরাজ্যং পরিত্যক্তমিত্যাহ, গত ইতি দ্বাভ্যাম্ ॥ ৩৭ ॥ কলেঃ প্রবৃত্তিমুক্ত্বা বৃদ্ধিমাহ, প্রয়াস্যন্তি ইতি ॥৩৮॥ পূর্ব্বোক্তমেব কলিপ্রবেশকাল-

মন্বুদ্য তৎসঙ্খ্যামাহ, যস্মিন্নিতি ত্রিভিঃ ॥৪০॥ ত্রীণীতি সন্ধ্যা-সন্ধ্যাংশাভ্যাং বিনেতি জ্ঞেয়ম্ ॥৪১॥

দিব্যানি দিব্যসঙ্খ্যয়া সঙ্খ্যাতানি সপ্তপঞ্চসঙ্খ্যয়া দ্বাদশাব্দ-শতানীত্যর্থঃ। নিঃশেষেণ তস্মিন্ গতে সতীতি শেষঃ। কৃতং কৃত-যুগম্ ॥৪২॥ ব্রাহ্মণাদিবংশঃ ক্ষত্রিয়বংশশ্চ সকলঃ কিমিতি নোক্তঃ, ইত্যত আহ, ব্রাহ্মণা ইতি দ্বাভ্যাম্ ॥৪৩॥ কুলে কুলেঽবান্তরকুলেষু নামধেয়ানাং পরিসঙ্খ্যা বহুত্বাৎ সমাননামতয়া পৌনরুক্ত্যাচ্চ নোক্তা ॥৪৪॥ মহাপদ্মাখ্যনন্দাৎ ক্ষত্রিয়াণাং নাশেঽপি পুনঃ প্রবৃ-ত্তিমাহ, দেবাপিরিতি দ্বাভ্যাম্ ॥৪৫॥ ক্ষত্রস্য প্রবর্ত্তকৌ ভবিষ্যতঃ, যতো মনোর্ব্বংশে সোমসূর্য্যবংশরূপে বীজভূতৌ ব্যবস্থিতৌ ॥৪৬॥ কলেঃ সন্ধ্যায়ামেব ক্ষত্রিয়সত্ত্বাৎ ত্রীণি যুগানি ভুক্ত্যত ইত্যুক্তম্ ॥৪৭॥ দেবাপি-মরুবদন্যত্রাপি কলৌ ব্রাহ্মণাদীনাং বীজভূতানাং স্থিতিমাহ, কলৌ ত্বিতি ॥৪৮॥ বংশকথনস্য বৈরাগ্যে তাৎপর্য্যমাহ, এতে চেতি। ভূমণ্ডলে নিত্যে কল্পান্তস্থায়িনি তদপেক্ষয়া অনি-ত্যানি অস্থিরাণি কলেবরাণি যেষাং তথাভূতৈরপি মমত্বং কৃতম্ ॥ ৫০॥ মোহান্ধত্বমেবাহ, কথং মমেয়মিতি দ্বাভ্যাম্ ॥৫১॥ তেভ্যস্তেভ্যঃ পূর্ব্বতরা ইত্যনেনাতীতানাং মোহানবস্থা দর্শিতা, এবং ভবিষ্যা ইত্যনাগতানাং মোহানবস্থা ॥৫২॥ এতদেব পৃথিবীগীতৈঃ প্রপঞ্চ-য়তি, কথমেষা ইতি নবভিঃ। ফেনধর্ম্মাণঃ ক্ষণভঙ্গুরা ইত্যর্থঃ ॥৫৫॥

পূর্ব্বমাত্মজয়মিতি অজিতেন্দ্রিয়াণাং মন্ত্রিভৃত্যাদিজয়াভাবাৎ ॥৫৬॥ কিঞ্চৈবং সর্ব্বমাত্মবশীকুর্ব্বতাং মম ভুবো মণ্ডলং বশং যাতি। যদ্যপি তথাপ্যাত্মনামিন্দ্রিয়াদীনাং জয়াৎ জাতমেতদনিত্যং রাজ্যং কিয়দত্যল্পম্। যস্মাদাত্মজয়ে সতি মুক্তিরত্যন্তং ফলম্ ॥ ৫৮ ॥ অনিত্যত্বমেবাহ, উৎসৃজ্যেতি পূর্ব্বজাঃ পূর্ব্বেষামিতি বা পাঠঃ ॥৫৯॥ রাজ্যে পিত্রাদিবৈরমপি দোষমাহ, মৎকৃতমিতি ॥৬০॥

কিঞ্চ ময়ি রাজ্যং মমত্ববুদ্ধির্ন্নৈবেত্যাহ, পৃথ্বী মমেতি। অত্র ময়ি যো যো রাজা মৃতো বভূব, তস্য তস্যৈবেয়ং কুবুদ্ধিরাসীৎ, ততঃ

পারমার্থিকফলাভাবাৎ। অন্যত্রেতি পাঠে মৃতঃ স ত্বন্যত্র রাজা বভূব, তস্যাপি বাসনাবশাদিয়মেব কুবুদ্ধিঃ সংসারপ্রদাসীত্যর্থঃ ॥৬১॥ কিঞ্চেদং চিত্রমিত্যাহ, দৃষ্ট্বেতি। ময়ি মমত্বাদৃতচিত্তং সন্তমেব মৃতং দৃষ্ট্বা তদন্বয়স্য হৃদি মৎপ্রভবং মদ্বিষয়ং মমত্বং কথমাস্পদং করোতীতি ॥৬২॥

অপিচ এতেঽতিশোচ্যা ইত্যাহ, পৃথ্বীতি। তেষু মম হাসো ভবতি, মূঢ়ত্বাৎ দয়াভ্যুপৈতি মমেতি শেষঃ ॥৬৩॥ চতুর্থাংশস্য শ্রবণফলমাহ, শৃণুয়াদিতি। মনুবংশস্থানাং পুণ্যকীর্ত্তীনাং শ্রবণাৎ পাপক্ষয়ো ধনাদিবৃদ্ধিশ্চ ভবতি ॥৬৬॥ নিষ্ঠাং নাশম্। তাদৃশানামপি নাশানুসন্ধানাৎ মমতানিবৃত্তিশ্চ ভবতীত্যর্থঃ ॥৬৮॥ ন চ তেষাং তপঃপ্রভাবাদ্যভাবাৎ কথাবশেষত্বমিত্যাহ, তপ্তমিতি ॥৭০॥ তানেবাহ, পৃথুরিতি দ্বাভ্যাম্ ॥৭১॥

সঙ্কল্পবিকল্পয়োঃ কেষাঞ্চিৎ সঙ্কল্পস্য তথেতি প্রত্যয়স্য, কেষাঞ্চিদ্বিকল্পস্য কিমাসীন্ন বেতি সন্দেহস্য হেতুর্নিমিত্তং সঙ্কল্পস্য মনসো বিকল্পহেতুঃ ॥৭২॥ উদ্ভাসিতানি দিঙ্মুখানি যৈঃ। উদ্ভাসিতদিগ্বিতানমিতি পাঠে, ঐশ্বর্য্যবিশেষণম্। তেষাং রাবণাদীনামৈশ্বর্য্যম্ অন্তকস্য ভ্রূভঙ্গপাতেন কথং ভস্ম ন জাতং? কিন্তু জাতমেব, তস্মাদৈশ্বর্য্যং ধিক্। যদ্বা কাষ্ঠং দগ্ধমপি ভস্ম ভবতি। ঐশ্বর্য্যং তু ভস্মাপি ন জাতং কিঞ্চিদবশিষ্টমপি কথং ন জাতং, তস্মাৎ ধিক্ ॥৭৩॥ আত্মন্যহঙ্কারাস্পদে দেহেঽপি কিং পুনঃ পুত্রদারাদৌ ॥৭৪॥ ভগীরথাদ্যাঃ সত্যং জাতাঃ কিন্তু ক তে ইতি ন বিদ্মঃ, কালেনাদর্শনং নীতা ইত্যর্থঃ। অত্র রাঘবাদীনাং গ্রহণং লোকদৃষ্ট্যা বৈরাগ্যার্থম্ ॥৭৫॥ তথান্যেঽনুক্তাস্তথাভিধেয়াঃ কথামাত্রাবশেষা ভবিষ্যন্তীত্যর্থঃ ॥৭৬॥ এতদংশতাৎপর্য্যার্থং সংক্ষিপ্যাহ, এতদিতি। তনয়াদয়স্তিষ্ঠন্তু, মমত্বং সুতরাং ন কার্য্যমিত্যর্থঃ ॥ ৭৭ ॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণটীকায়াং শ্রীধরস্বামিকৃতায়াং চতুর্থাংশে চতুর্ব্বিংশোঽধ্যায়ঃ।

সমাপ্তা চেয়ং চতুর্থাংশটীকা।

নির্ঘণ্ট পত্র।

চতুর্থ অংশ।

প্রথম অধ্যায়।

পঞ্চম অধ্যায় ৭১

ষষ্ঠ অধ্যায় ৭৯

চতুর্থ অংশ সমাপ্তি।

বিষ্ণুপুরাণম্ ।

পঞ্চমোঽংশঃ ।

প্রথমোঽধ্যায়ঃ ।

মৈত্রেয় উবাচ ।

নৃপাণাং কথিতঃ সর্ব্বো ভবতা বংশবিস্তরঃ ।
বংশানুচরিতঞ্চৈব যথাবদনুবর্ণিতম্ ॥ ১ ॥
অংশাবতারো ব্রহ্মর্ষে ! যোঽয়ং যদুকুলোদ্ভবঃ ।
বিষ্ণোস্তং বিস্তরেণাহং শ্রোতুমিচ্ছাম্যশেষতঃ ॥২॥
চকার যানি কর্ম্মাণি ভগবান্ পুরুষোত্তমঃ ।
অংশাংশেনাবতীর্য্যোর্ব্ব্যাং তত্র তানি মুনে ! বদ ॥৩

মৈত্রেয় কহিলেন, আপনি সমুদায় রাজগণের বংশবিস্তার ও বংশানুচরিত আনুপূর্ব্বিক বর্ণন করিলেন।[১] ব্রহ্মর্ষে ! এক্ষণে বিষ্ণু যে কারণে অংশদ্বারা যদুকুলে অবতীর্ণ হইয়াছিলেন, তাহার বিবরণ বিস্তারিত রূপে আনুপূর্ব্বিক শ্রবণ করিতে বাসনা করি।[২] মহর্ষে ! ভগবান্ পুরুষোত্তম, অংশদ্বারা পৃথিবীতে অবতীর্ণ হইয়া যে সকল কর্ম্ম করিয়াছিলেন, তৎসমুদায় আমার নিকট বলুন।[৩]

পরাশর উবাচ ।

মৈত্রেয় ! শ্রূয়তামেতদ্যৎ পৃষ্টোঽহমিদং ত্বয়া।
বিষ্ণোরশাংশ-সম্ভূতি-চরিতং জগতো হিতম্ ॥৪॥
দেবকস্য সুতাং পূর্ব্বং বসুদেবো মহামুনে।
উপযেমে মহাভাগাং দেবকীং দেবতোপমাম্ ॥৫॥
কংসস্তয়োর্ব্বররথং চোদয়ামাস সারথিঃ।
বসুদেবস্য দেবক্যাঃ সংযোগে ভোজবর্দ্ধনঃ ॥৬॥
অথান্তরিক্ষে বাগুচ্চৈঃ কংসমাভাষ্য সাদরম্।
মেঘগম্ভীরনির্ঘোষং সমাভাষ্যেদমব্রবীৎ ॥৭॥
যামেতাং বহসে মূঢ় ! সহ ভর্ত্রা রথে স্থিতাম্।
অস্যাস্তে চাষ্টমো গর্ভঃ * প্রাণানপহরিষ্যতি ॥৮॥

পরাশর কহিলেন। মৈত্রেয় ! বিষ্ণু অংশদ্বারা অবতীর্ণ হইয়া জগতের হিতজনক যে সকল কার্য্য করিয়াছিলেন, তুমি তাহা জানিতে ইচ্ছা করিয়াছ, অতএব আমি বলিতেছি, শ্রবণ কর।[৪] মহামুনে ! পূর্ব্বকালে বসুদেব, দেবকী নামে দেবসদৃশী মহাভাগা দেবক-কন্যাকে বিবাহ করিয়াছিলেন।[৫] বসুদেব ও দেবকী একত্র হইয়া রথে আরোহণ করিলে ভোজনন্দন কংস, সারথি হইয়া সেই রথ চালনা করিতে লাগিলেন।[৬] অনন্তর যত্নপূর্ব্বক কংসকে সম্বোধন করিয়া মেঘের ন্যায় গম্ভীর শব্দে উচ্চৈঃস্বরে আকাশ-বাণী হইল যে,[৭] মূঢ় ! তুমি যে নারীকে ভর্ত্তার সহিত রথে বহন করিয়া লইয়া যাইতেছ, ইহার অষ্টম গর্ভজাত সন্তান তোমার প্রাণ সংহার করিবে।[৮]

* অস্যাস্তবাষ্টমোগর্ভ ইতি, অস্যাস্তু চাষ্টমো গর্ভ ইতি চ পাঠান্তরম্ ।৮

পরাশর উবাচ।

ইত্যাকর্ণ্য সমাদায় খড়্গং কংসো মহাবলঃ।
দেবকীং হন্তুমারব্ধো বসুদেবোঽব্রবীদিদম্॥৮॥
ন হন্তব্যা মহাবাহো দেবকী ভবতা তব।
সমর্পয়িষ্যে সকলান্ গর্ভানস্যোদরোদ্ভবান্॥১০॥

পরাশর উবাচ।

তথেত্যাহ চ তং কংসো বসুদেবং দ্বিজোত্তম।
ন ঘাতয়ামাস চ তাং দেবকীং তস্য গৌরবাৎ॥১১॥
এতস্মিন্নেব কালে তু ভূরিভারাবপীড়িতা।
জগাম ধরণী মেরৌ সমাজে ত্রিদিবৌকসাম্॥১২॥
সব্রহ্মকান্ সুরান্ সর্ব্বান্ প্রণিপত্যাহ মেদিনী।
কথয়ামাস তৎ সর্ব্বং খেদাৎ করুণভাষিণী॥১৩॥

পরাশর কহিলেন। মহাবল কংস, এই বাক্য শ্রবণ করিবামাত্র খড়্গ গ্রহণপূর্ব্বক দেবকীকে বিনাশ করিতে উদ্যত হইল। তখন বসুদেব কহিলেন,[৯] মহাবাহো! তুমি দেবকীকে বিনাশ করিও না, ইহার গর্ভে যতগুলি সন্তান হইবে (ভূমিষ্ঠ হইবামাত্র) আমি সমুদায়ই তোমার নিকট সমর্পণ করিব।[১০] পরাশর কহিলেন, ব্রহ্মন্! কংস তথাস্তু বলিয়া বসুদেবের প্রস্তাবে সম্মত হইল এবং তাঁহার অনুরোধে দেবকীকে বিনাশ করিল না।[১১]

এই সময় ধরণী সাতিশয় ভারাক্রান্তা হইয়া সুমেরু পর্ব্বতে দেবগণের নিকট উপস্থিত হইলেন।[১২] তিনি, ব্রহ্মা প্রভৃতি সমুদায় দেবগণকে নমস্কার করিয়া করুণ বাক্যে ক্লেশের কারণ সমুদায় বলিতে আরম্ভ করিলেন।[১৩]

পৃথিব্যুবাচ ।

অগ্নিঃ সুবর্ণস্য গুরুর্গবাং সূর্য্যঃ পরোগুরুঃ ।
মমাপ্যখিললোকানাং গুরুর্নারায়ণো গুরুঃ ॥১৪॥
প্রজাপতিপতির্ব্রহ্মা পূর্ব্বেষামপি পূর্ব্বজঃ ।
কলাকাষ্ঠানিমেষাত্মা কালশ্চাব্যক্তমূর্ত্তিমান্ ॥১৫॥
তদংশভূতঃ সর্ব্বেষাং সমূহো বঃ সুরোত্তমাঃ ।
আদিত্যা মরুতঃ সাধ্যা রুদ্রা বস্বশ্বি-বহ্নয়ঃ ॥১৬॥
পিতরো যেচ লোকানাং স্রষ্টারোঽত্রিপুরোগমাঃ ।
এতৎ তস্যাপ্রমেয়স্য রূপং বিষ্ণোর্ম্মহাত্মনঃ ॥১৭॥
যক্ষরাক্ষসদৈতেয়াঃ পিশাচোরগদানবাঃ ।
গন্ধর্ব্বাপ্সরসশ্চৈব রূপং বিষ্ণোর্ম্মহাত্মনঃ ॥১৮॥
গ্রহর্ক্ষতারকাচিত্র-গগনাগ্নিজলানিলাঃ ।

পৃথিবী কহিলেন। যেমন অগ্নি সুবর্ণের গুরু ও সূর্য্য গোগণের গুরু, সেইরূপ ভগবান্ নারায়ণ, আমার এবং সকলেরই গুরু।[১৪] তিনি প্রজাপতির পতি এবং ব্রহ্ম স্বরূপ। তিনি প্রাচীন হইতেও প্রাচীন। তিনি কলা কাষ্ঠা নিমেষ প্রভৃতি কালস্বরূপ। তিনি অব্যক্ত ও ব্যক্ত।[১৫] সুরগণ! তোমরা সকলেই তাঁহার অংশস্বরূপ। আদিত্যগণ, মরুদ্গণ, সাধ্যগণ, রুদ্রগণ, বসুগণ, অশ্বিনীকুমার, বহ্নি,[১৬] পিতৃগণ এবং অত্রি প্রভৃতি যে সকল লোকস্রষ্টা আছেন, তাঁহারা, সকলেই এই অপ্রমেয় মহাত্মা বিষ্ণুরই মুর্ত্তি।[১৭] যক্ষ রাক্ষস দৈত্য পিশাচ উরগ দানব গন্ধর্ব্ব ও অপ্সরোগণ, ইহারা সকলেই মহাত্মা বিষ্ণুর মুর্ত্তি।[১৮] গ্রহ, নক্ষত্র ও তারকাবলীবিচিত্রিত গগনমণ্ডল, অগ্নি, জল, অনিল, আমি এবং

অহঞ্চ বিষয়াশ্চৈতৎ সর্ব্বং বিষ্ণুময়ং জগৎ ॥১৯॥
তথাপ্যনেকরূপস্য তস্য রূপাণ্যহর্নিশম্।
বাধ্যবাধকতাং যান্তি কল্লোলা ইব সাগরে ॥২০॥
তৎ সাম্প্রতমিমে দৈত্যাঃ কালনেমিপুরোগমাঃ।
মর্ত্ত্যলোকং সমাক্রম্য বাধন্তেঽহর্নিশং প্রজাঃ ॥২১॥
কালনেমির্হতো যোঽসৌ বিষ্ণুনা প্রভবিষ্ণুনা।
উগ্রসেনসুতঃ কংসঃ সম্ভূতঃ স মহাসুরঃ ॥২২॥
অরিষ্টো ধেনুকঃ কেশী প্রলম্বো নরকস্তথা।
সুন্দোঽসুরস্তথাত্যুগ্রো বাণশ্চাপি বলেঃ সুতঃ ॥২৩॥
তথান্যে চ মহাবীর্য্যা নৃপাণাং ভবনেষু যে।
সমুৎপন্না দুরাত্মানস্তান্ নসংখ্যাতুমুৎসহে ॥২৪॥
অক্ষৌহিণ্যোঽত্র বহুলা দিব্যমূর্ত্তিধৃতাং সুরাঃ* ।

দৃশ্যমান নিখিল পদার্থ, এতৎ সমুদায়ই বিষ্ণুময়।[১৯] (যদিও সমুদায় জগৎ বিষ্ণুময়) তথাপি সাগরস্থিত তরঙ্গমালার ন্যায় নানারূপা বিষ্ণুর বিবিধ মূর্ত্তি, নিরন্তর বাধ্য-বাধকতা-ভাব প্রকাশ করিতেছে।[২০] তন্মধ্যে এক্ষণে কালনেমি প্রভৃতি দানবগণ মর্ত্ত্যলোক অধিকার করিয়া প্রজাগণকে নিরন্তর প্রপীড়িত করিতেছে,।[২১] প্রভাবশালী বিষ্ণু, কালনেমি নামক যে দৈত্যকে বিনাশ করিয়াছিলেন, সেই মহাসুর এক্ষণে উগ্রসেনের পুত্র কংসরূপে উৎপন্ন হইয়াছে।[২২] অরিষ্ট, ধেনুক, কেশী, প্রলম্ব, নরক, সুন্দ, অত্যুগ্র বাণ এবং বলির পুত্র, এই সকল অসুর [২৩] এবং অন্যান্য যে সমুদায় মহাবীর্য্যশালী অসুর, রাজকুলে জন্ম পরিগ্রহ করিয়া লোকের উপর দৌরাত্ম্য করিতেছে, তাহাদের সংখ্যা করা যায় না।[২৪]

* দিব্যমূর্ত্তিভৃতাং সুরাঃ ইতি বা পাঠান্তরম্।

মহাবলানাং দৃপ্তানাং দৈত্যেন্দ্রাণাং মমোপরি ॥২৫॥
তদ্ভূরিভারপীড়ার্ত্তা ন শক্নোম্যমরেশ্বরাঃ ।
বিভর্ত্তুমাত্মানমহমিতি বিজ্ঞাপয়ামি বঃ ॥২৬॥
ক্রিয়তাং তন্মহাভাগা মম ভারাবতারণম্ ।
যথা রসাতলং নাহং গচ্ছেয়মতিবিহ্বলা ॥২৭॥

পরাশর উবাচ ।

ইত্যাকর্ণ্য ধরাবাক্যমশেষং ত্রিদশৈস্ততঃ ।
ভুবো ভারাবতারার্থং ব্রহ্মা প্রাহ প্রচোদিতঃ ॥২৮॥

ব্রহ্মোবাচ ।

যথাহ বসুধা সর্ব্বং সত্যমেতদ্দিবৌকসঃ ।
অহং ভবো ভবন্তশ্চ সর্ব্বং নারায়ণাত্মকম্ ॥২৯॥
বিভূতয়স্তু যাস্তস্য তাসামেব পরস্পরম্ ।

সুরগণ! বহু অক্ষৌহিণী দিব্য-মূর্ত্তিধারী গর্ব্বিত মহাবল দৈত্যেন্দ্রগণ, আমার উপর (আধিপত্য করিতেছে)।[২৫] অমরগণ! আমি সেই দৈত্যগণের ভারে প্রপীড়িত হইয়া আপনাকে আপনিই ধারণ করিতে সমর্থ হইতেছি না। এক্ষণে আমি তোমাদের নিকট নিবেদন করিলাম।[২৬] মহাভাগগণ! যাহাতে আমার ভার অপনীত হয়, তাহা কর, এবং যাহাতে বিহ্বলা হইয়া আমাকে রসাতলে গমন করিতে না হয় এরূপ কোন বিধান কর।[২৭]

পরাশর কহিলেন। দেবগণ ধরণীর এই সমুদায় বাক্য শ্রবণ করিয়া ব্রহ্মার প্রতি ভারার্পণ করিলেন। ব্রহ্মা পৃথিবীর ভার মোচনের নিমিত্ত কহিতে লাগিলেন।[২৮] [ব্রহ্মা কহিলেন,] দেবগণ! বসুধা যাহা কহিলেন, তাহা সকলই সত্য। আমি, মহাদেব এবং

আধিক্য, ন্যূনতা বাধ্যবাধকত্বেন বর্ত্ততে ॥৩০॥
তদাগচ্ছত গচ্ছামঃ ক্ষীরাব্ধেস্তটমুত্তরম্।
তত্রারাধ্য হরিং তস্মৈ সর্ব্বং বিজ্ঞাপয়াম বৈ ॥৩১॥
সর্ব্বদৈব জগত্যর্থে স সর্ব্বাত্মা জগন্ময়ঃ।
স্বল্পাংশেনাবতীর্য্যোর্ব্ব্যাং ধর্ম্মস্য কুরুতে স্থিতিম্॥৩২

পরাশর উবাচ।

ইত্যুক্ত্বা প্রযযৌ বিপ্র সহ দেবৈঃ পিতামহঃ।
সমাহিতমতিশ্চৈবং * তুষ্টাব গরুড়ধ্বজম্॥৩৩।

ব্রহ্মোবাচ।

দ্বে বিদ্যে ত্বমনাম্নায়! পরা চৈবাপরা তথা।

তোমরা সকলেই নারায়ণের অংশমাত্র।[২৯] বিষ্ণুর যে সমুদায় বিভূতি আছে, তাহাদের অধিক্য বা ন্যূনতাই পরস্পর বাধ্য-বাধকতার কারণ হইয়া উঠে।[৩০] অতএব দেবগণ! আগমন কর, চল আমরা ক্ষীর সাগরের উত্তর তটে উপস্থিত হইয়া হরির আরাধনা করিয়া তাঁহার নিকট সমুদায় নিবেদন করি।[৩১] সেই সর্ব্বাত্মা জগন্ময় হরি, জগতের রক্ষার নিমিত্ত অল্প মাত্র অংশ দ্বারা পৃথিবীতে অবতীর্ণ হইয়া নিরন্তর ধর্ম্মরক্ষা করিয়া আসিতেছেন।[৩২]

পরাশর কহিলেন, ব্রহ্মন্! অনন্তর পিতামহ ব্রহ্মা, দেবগণের সহিত বিষ্ণুর নিকট গমন করিলেন। পরে সমাহিত-চিত্ত হইয়া সেই গরুড়ধ্বজ হরির স্তব করিতে লাগিলেন।[৩৩]—হে বেদাতীত প্রভো! এই জগতে দুইটি বিদ্যা আছে, তাহার নাম পরা ও অপরা।

* সমাহিতমতিশ্চৈব ইতি বা পাঠ্যতাম্।৩৩

তে এব ভবতো রূপে মূর্ত্তামূর্ত্তাত্মকে প্রভো ॥৩৪॥
দ্বে ব্রহ্মণী ত্বণীয়োঽতিস্থূলাত্মন্! সর্ব্ব! সর্ব্ববিৎ।
শব্দব্রহ্মপরঞ্চৈব ব্রহ্মব্রহ্মময়স্য যৎ ॥৩৫॥
ঋগ্বেদস্ত্বং যজুর্ব্বেদঃ সামবেদস্ত্বথর্ব্ব চ।
শিক্ষা কল্পো নিরুক্তঞ্চ ছন্দো জ্যোতিষমেব চ ॥৩৬
ইতিহাস-পুরাণে চ তথা ব্যাকরণং প্রভুঃ।
মীমাংসা ন্যায়কং তত্ত্ব ধর্ম্মশাস্ত্রাণ্যধোক্ষজ * ॥৩৭॥
আত্মাত্মদেহগুণবদ্বিচারাচারি যদ্বচঃ।
তদপ্যাদিপতে! নান্যদধ্যাত্মাত্মস্বরূপবৎ ॥৩৮॥

এই দুই বিদ্যা মূর্ত্তা ও অমূর্ত্তা অর্থাৎ একটি বিদ্যা নিরাকার-ব্রহ্মবিষয়িণী ও আর একটি বিদ্যা সাকারব্রহ্মবিষয়িণী। এই দুই বিদ্যাও তোমারই রূপ।[৩৪] এই জগতে সূক্ষ্ম ও স্থূল অর্থাৎ অপ্রত্যক্ষ ও প্রত্যক্ষ দুইটি ব্রহ্ম আছেন, এবং শব্দময় একটি ব্রহ্ম আছেন। এ সমুদায়ই তোমার রূপ, কারণ তুমি ব্রহ্মময়, সর্ব্বময় ও সর্ব্বজ্ঞ।[৩৫] তুমি ঋগ্বেদ, তুমি যজুর্ব্বেদ, তুমি সামবেদ, তুমি অথর্ব্ববেদ, তুমি শিক্ষা, তুমি কল্প, তুমি নিরুক্ত, তুমি ছন্দঃ, ও তুমিই জ্যোতিঃ-শাস্ত্র।[৩৬] হে প্রভো! অধোক্ষজ! তুমি ইতিহাস, তুমি পুরাণ, তুমি ব্যাকরণ, তুমি মীমাংসা, তুমি ন্যায়, তুমি অধ্যাত্মতত্ত্ব ও তুমিই ধর্ম্মশাস্ত্র।[৩৭] হে আদ্যপতে! জীবাত্মা, পরমাত্মা, দেহ ও গুণের বিচারক যে বাক্য, তাহাও অধ্যাত্মস্বরূপের ন্যায় আপনকার রূপ

* তদ্ধর্ম্মশাস্ত্রাণ্যধোক্ষজ ইতি বা পাঠঃ। ৩৭

† তদপ্যাদ্যপতে ইতি পাঠান্তরম্। ৩৮

ত্বমব্যক্তমনির্দ্দেশ্যমচিন্ত্যানামবর্ণবৎ।
অপাণিপাদরূপঞ্চ শুদ্ধং নিত্যং পরাৎপরম্ ॥৩৯॥
শৃণোষ্যকর্ণঃ পরিপশ্যসি ত্বম্
অচক্ষুরেকো বহুরূপরূপঃ।
অপাদহস্তো জবনো গ্রহীতা
ত্বং বেৎসি সর্ব্বং ন চ সর্ব্ববেদ্যঃ ॥ ৪০ ॥
অণোরণীয়াংসমসৎস্বরূপং
ত্বাং পশ্যতোঽজ্ঞাননিবৃত্তিরগ্র্যা।
ধীরস্য ধীর্যস্য বিভর্ত্তি নান্য-
দ্বরেণ্য-রূপাৎ পরতঃ পরাত্মন্ ॥ ৪১ ॥
ত্বং বিশ্বনাভির্ভুবনস্য গোপ্তা
সর্ব্বাণি ভূতানি তবান্তরাণি।

ভিন্ন আর কিছুই নহে।[৩৮] তুমি সূক্ষ্ম, তুমি অনির্দ্দেশ্য, তুমি অচিন্ত্য, তুমি নাম রূপ বিশিষ্ট, তোমার হস্ত পদ বা রূপ কিছুই নাই, তুমি শুদ্ধ, নিত্য ও পরাৎপর।[৩৯] তোমার কর্ণ নাই, শ্রবণ করিতেছ, তোমার চক্ষু নাই, দর্শন করিতেছ; তুমি এক হইয়াও বহুরূপ ধারণ করিয়া আছ। তোমার পদ নাই, তুমি বেগে গমন করিতেছ; তোমার হস্ত নাই, তুমি গ্রহণ করিতেছ; তুমি সকলকে জানিতেছ, তোমাকে কেহ জানিতে সমর্থ হয় না।[৪০] পরমাত্মন্! তুমি অণু হইতেও অণু। তোমার সত্তা ও স্বরূপ প্রতীয়মান হয় না। যে সকল ধীর ব্যক্তির বুদ্ধি, তোমার বরেণ্য রূপ ব্যতীত অন্য রূপ চিন্তা না করে, তাহারা তোমাকে দেখিতে পায় এবং তাহাদিগের সমুদায় অজ্ঞান নিবৃত্তি হয়।[৪১] তুমি জগতের মুলস্বরূপ, তুমি জগতের রক্ষা-

যদ্ভূতভব্যং তদণোরণীয়ঃ
পুমাংস্ত্বমেকঃ প্রকৃতেঃ পরস্তাৎ ॥ ৪২ ॥
একশ্চতুর্ধা ভগবান্ হুতাশো
বর্চ্চোবিভূতিং জগতো দদাসি।
ত্বং বিশ্বতশ্চক্ষুরনন্তমূর্ত্তে!
ত্রেধা পদং সংনিদধে* বিধাতঃ ॥ ৪৩ ॥
যথাগ্নিরেকো বহুধা সমিধ্যতে
বিকারভেদৈরবিকাররূপঃ।
তথা ভবান্ সর্ব্বগতৈকরূপো †
রূপাণ্যশেষাণ্যনুপুষ্যতীশ ॥ ৪৪ ॥
একস্ত্বমগ্র্যং পরমং পদং যৎ
পশ্যন্তি ত্বাং সূরয়ো জ্ঞানদৃশ্যম্।

কর্ত্তা, সমুদায় প্রাণী তোমার অন্তর্গত হইয়া রহিয়াছে। যাহা হইয়াছে ও যাহা হইবে এবং যাহা সূক্ষ্ম হইতেও সূক্ষ্ম, তৎসমুদায় তোমার রূপ এবং তুমি প্রকৃতি হইতে শ্রেষ্ঠ পুরুষ-স্বরূপ।[৪২] ভগবন্! এক তুমি চারি প্রকার অগ্নিরূপে প্রকাশমান হইয়া তেজোদ্বারা জগতের মঙ্গল বিধান করিতেছ। তুমি অনন্তমূর্ত্তি এবং তোমার চক্ষু সর্ব্বস্থানে নিহিত রহিয়াছে। বিধাতঃ! তুমি স্বর্গ মর্ত্ত্য ও পাতাল ত্রিলোকের সৃষ্টি করিয়াছ।[৪৩] যেমন এক অগ্নি প্রজ্বলিত হইয়া বহুপ্রকার আকার ধারণ করে, সেই রূপ তুমি একরূপ ও বিকারশূন্য হইয়াও নানা বস্তুতে অনুপ্রবেশ-পূর্ব্বক নানা রূপ ধারণ করিয়াছ।[৪৪] পরমাত্মন্! তুমি অদ্বিতীয়

* ত্রেধাপদং ত্বং নিদধে ইতি কেচিৎ পঠন্তি। ৪৩
† সর্ব্বময়ৈকরূপী ইত্যন্যে পঠন্তি। ৪৪

ত্বত্তো নান্যৎ কিঞ্চিদস্তি ত্বয়ীহ
যদ্বা ভূতং যচ্চ ভাব্যং পরাত্মন্ ॥ ৪৫ ॥
ব্যক্তাব্যক্তস্বরূপস্ত্বং সমষ্টিব্যষ্টিরূপবান্ ।
সর্ব্বজ্ঞঃ সর্ব্বদৃক্ সর্ব্বশক্তিজ্ঞানবলর্দ্ধিমান্ ॥৪৬॥
অন্যূনশ্চাপ্যবৃদ্ধিশ্চ স্বাধীনো নাদিমান্ বশী ।
ক্লমতন্দ্রাভয়ক্রোধ-কামাদিভিরসংযুতঃ* ॥৪৭॥
নিরবদ্যঃ পরঃপ্রীতঃ† নিরনিষ্টোঽক্ষরক্রমঃ ।
সর্ব্বেশ্বর পরাধার ধাম্নাং ধামাত্মকোঽক্ষয়ঃ ॥৪৮॥
সকলাবরণাতীত নিরালম্বন ভাবন ।

তুমি জ্ঞানদ্বারা লভ্য, তুমি সকলের শ্রেষ্ঠ, তুমি পরম পদ, পণ্ডিতেরা তোমার ধ্যান করিয়া থাকেন। অতীত ও ভবিষ্য সমুদায় বস্তু তোমাতেই অবস্থিত। জগতে তোমা ভিন্ন অন্য কোন বস্তুই নাই।[৪৫] তুমি ব্যক্ত স্বরূপ, তুমি অব্যক্ত স্বরূপ, তুমি সমষ্টি অর্থাৎ ব্রহ্ম তুমি ব্যষ্টি অর্থাৎ জীবস্বরূপ। তুমি সমুদায়ই জানিতেছ, সমুদায়ই দেখিতেছ। সমুদায় জ্ঞান, সমুদায় শক্তি, সমুদায় বল ও সমুদায় ঐশ্বর্য্য, তোমাতেই অবস্থিতি করিতেছে।[৪৬]তোমার ন্যূনতা নাই ও বৃদ্ধি নাই। তুমি স্বাধীন ও বশী। তোমাতে ক্লান্তি তন্দ্রা ভয় ক্রোধ কাম প্রভৃতি কিছুই অবস্থিতি করিতে পারে না।[৪৭] তুমি নির্ম্মল, তুমি পরমপ্রীতিময়, তোমার প্রতিকূল কেহই নাই, তোমার ক্ষয় নাই, পরিণাম নাই, তুমি সকলের ঈশ্বর, তুমি ব্রহ্মাদি দেবগণের আশ্রয়, তুমি সূর্য্য প্রভৃতি তেজঃপদার্থের তেজঃস্বরূপ, তোমার বিনাশ নাই।[৪৮] পুরুষোত্তম! তুমি সমুদায় মায়ার

* তন্দ্রা ইত্যত্র তন্দ্রী ইতি পুস্তকান্তরে দৃশ্যতে। ৪৭

† পরঃপ্রেম ইতি বা পঠনীয়ম্। ৪৮

মহাবিভূতিসংস্থান নমস্তে পুরুষোত্তম ॥৪৯॥
নাকারণাৎ কারণাদ্বা কারণাকারণান্ন চ ।
শরীরগ্রহণং বাপি* ধর্ম্মত্রাণায় তে পরম্ ॥৫০॥

পরাশর উবাচ ।

ইত্যেবং সংস্তুতিং† শ্রুত্বা মনসা ভগবানজঃ ।
ব্রহ্মাণমাহ প্রীতাত্মা বিশ্বরূপধরো হরিঃ ॥৫১॥

শ্রীভগবানুবাচ ।

ভো ভো ব্রহ্মন্ ! ত্বয়া মত্তঃ সহ দেবৈর্যদিষ্যতে ।
তদুচ্যতামশেষং বঃ‡ সিদ্ধমেবাবধার্য্যতাম্ ॥৫২॥

অতীত; তুমি নিরবলম্বন, অথচ তোমা হইতেই সমুদায় সৃষ্টি হইতেছে। তুমি সমুদায় ঐশ্বর্য্যের একমাত্র আশ্রয়, তোমাকে নমস্কার।[৪৯] দুঃখপ্রাপ্তি হেতু বা সুখপ্রাপ্তি হেতু, ধর্ম্ম হেতু বা অধর্ম্ম হেতু, তুমি শরীরপরিগ্রহ কর না, পরন্তু তুমি একমাত্র ধর্ম্ম রক্ষার নিমিত্তই শরীর ধারণ করিয়া থাক।[৫০]

পরাশর কহিলেন। বিশ্বরূপধর অজ ভগবান্ হরি, এই রূপ স্তব শ্রবণ করিয়া মনে মনে প্রীত হইয়া ব্রহ্মাকে কহিলেন।[৫১]

[শ্রীভগবান্ কহিলেন,] ব্রহ্মন্ ! দেবগণ এবং তুমি, আমার নিকট যাহা প্রার্থনা করিতেছ, তাহা সমুদায় বল, এবং তাহা যেন সিদ্ধ হইয়াছে, এই রূপ বিবেচনা কর।[৫২]

পরাশর কহিলেন। অনন্তর ব্রহ্মা হরির দিব্য বিশ্বরূপ অব-

* বাপি ইত্যত্র ব্যাপিন্ ইতি পাঠান্তরম্ । ৫০
† ইত্যেবং স স্তুতিম্ ইতি বা পাঠঃ । ৫১
‡ তদুচ্যতামশেষং বৈ ইতি পাঠান্তরম্ । ৫২

পরাশর উবাচ।

ততো ব্রহ্মা হরের্দ্দিব্যং বিশ্বরূপমবেক্ষ্য তৎ।
তুষ্টাব ভূয়ো দেবেষু সাধ্বসাবনতাত্মসু ॥৫৩॥

ব্রহ্মোবাচ।

নমো নমস্তেঽস্তু সহস্রমূর্ত্তে!
সহস্রবাহো! বহুবক্ত্রপাদ!।
নমো নমস্তে জগতঃ প্রবৃত্তি-
বিনাশ-সংস্থানকরাপ্রমেয়! ॥৫৪॥
সূক্ষ্মাতিসূক্ষ্মাতিবৃহৎপ্রমাণ!
গরীয়সামপ্যতিগৌরবাত্মন্!।
প্রধানবুদ্ধীন্দ্রিয়বৎ-প্রধান-
মূলাৎ পরাত্মন্! ভগবন্! প্রসীদ ॥৫৫॥
এষা মহী দেব! মহীপ্রসূতৈ-
র্ম্মহাসুরৈঃ পীড়িত-শৈলবন্ধা।

লোকন করিয়া দেবগণকে ভয়ে অবনত-মস্তক দেখিয়া পুনর্ব্বার স্তব করিতে আরম্ভ করিলেন।[৫৩]

ব্রহ্মা কহিলেন, সহস্রমূর্ত্তে! তোমাকে পুনঃপুনঃ নমস্কার। তোমার সহস্র বাহু, সহস্র মুখ ও সহস্র চরণ, তোমাকে পুনঃ পুনঃ নমস্কার। হে অপ্রমেয়! তোমা হইতে জগতের সৃষ্টি স্থিতি প্রলয় হইতেছে, তোমাকে পুনঃপুনঃ নমস্কার।[৫৪] ভগবন্! তুমি সূক্ষ্ম হইতেও সূক্ষ্ম, তুমি বৃহৎ হইতেও বৃহৎ, তুমি গুরু হইতেও গুরু, প্রকৃতি মহত্তত্ত্ব অহঙ্কারতত্ত্ব এবং পুরুষ, ইহা হইতেও তুমি শ্রেষ্ঠ; তুমি আমাদের প্রতি প্রসন্ন হও।[৫৫]

দেব! কতকগুলি মহাসুর পৃথিবীতে জন্ম পরিগ্রহ পূর্ব্বক সমুদায়

পরায়ণং ত্বাং জগতামুপৈতি
ভারাবতারার্থমপারসারম্॥ ৫৬ ॥
এতে বয়ং বৃত্ররিপুস্তথায়ং
নাসত্যদস্রৌ বরুণো যমশ্চ।
ইমে চ রুদ্রা বসবঃ সসূর্য্যাঃ
সমীরণাগ্নিপ্রমুখাস্তথান্যে ॥ ৫৭ ॥
সুরাঃ সমস্তাঃ সুরনাথ! কার্য্যম্
এভির্ম্ময়া যচ্চ তদীশ সর্ব্বম।
আজ্ঞাপয়াজ্ঞাং প্রতিপালয়ন্ত-
স্তবৈব* তিষ্ঠাম সদাস্তদোষাঃ ॥ ৫৮ ॥

পরাশর উবাচ।

এবং সংস্তূয়মানস্তু ভগবান্ পরমেশ্বরঃ।

শৈলবন্ধন বিশ্লথ করিয়া এই পৃথিবীকে প্রপীড়িত করিতেছে। তোমার শক্তির সীমা নাই, তুমি জগতের একমাত্র গতি, এই জন্য পৃথিবী, ভার অবতারণের নিমিত্ত তোমার নিকট উপস্থিত হইয়াছেন।[৫৬] এই আমরা, এই দেবরাজ ইন্দ্র, এই অশ্বিনীকুমার-দ্বয়, এই বরুণ, এই যম, এই রুদ্রগণ, এই বসুগণ, এই সূর্য্য, এই সমীরণ, এই অগ্নি প্রভৃতি অন্যান্য দেবগণ (সকলেই উপস্থিত আছেন।[৫৭] সুরনাথ! এই সকল দেবগণের এবং আমার যদি কোন কর্ত্তব্য কর্ম্ম থাকে, তাহা আজ্ঞা কর। হে ঈশ্বর! আমরা সমুদায় ভাবান্তর পরিত্যাগ করিয়া একমাত্র তোমার আজ্ঞার প্রতীক্ষায় দণ্ডায়মান রহিয়াছি।[৫৮]

* পরিপালয়ন্তস্তথৈব ইতি বা পাঠনীয়ম্। ৫৮

উজ্জহারাত্মনঃ কেশৌ সিতকৃষ্ণৌ মহামুনে ॥৫৯॥
উবাচ চ সুরানেতৌ মৎকেশৌ বসুধাতলে।
অবতীর্য্য ভুবো ভার-ক্লেশহানিং করিষ্যতঃ ॥৬০॥
সুরাশ্চ সকলাঃ স্বাংশৈরবতীর্য্য মহীতলে।
কুর্ব্বন্তু যুদ্ধমুন্মত্তৈঃ পূর্ব্বোৎপন্নৈর্ম্মহাসুরৈঃ ॥৬১॥
ততঃ ক্ষয়মশেষাস্তে দৈতেয়া ধরণীতলে।
প্রয়াস্যন্তি ন সন্দেহো মদ্দৃক্‌পাতবিচূর্ণিতাঃ ॥৬২॥
বসুদেবস্য যা পত্নী দেবকী দেবতোপমা।
তস্যায়মষ্টমো গর্ভো* মৎকেশো ভবিতা সুরাঃ ॥৬৩
অবতীর্য্য চ তত্রায়ং কংসং ঘাতয়িতা ভুবি।
কালনেমিং সমুদ্ভূতমিত্যুক্ত্বান্তর্দ্দধে হরিঃ ॥৬৪॥

পরাশর কহিলেন। মহামুনে! ভগবান্ পরমেশ্বর, এই প্রকার স্তূয়মান হইয়া আপনার শুক্ল ও কৃষ্ণ, দুই গাছি কেশ উৎপাটন করিলেন,[৫৯] এবং দেবগণকে কহিলেন, এই আমার কেশদ্বয় ভূতলে অবতীর্ণ হইয়া পৃথিবীর ক্লেশ ও ভার অপনয়ন করিবে।[৬০] সমুদায় দেবগণও স্ব স্ব অংশদ্বারা পৃথিবীতে অবতীর্ণ হইয়া পূর্ব্বোৎপন্ন উন্মত্ত মহাসুরগণের সহিত সংগ্রাম করিতে প্রবৃত্ত হউন।[৬১] ইহাতে ধরণীতলস্থিত সমুদায় দৈত্যগণ, মদীয় দৃষ্টিপাতে চূর্ণিত হইয়া বিনষ্ট হইবে, সন্দেহ নাই।[৬২] দেবগণ! বসুদেবের দেবসদৃশী, দেবকী নামে এক পত্নী আছেন। আমার এই কেশ তাঁহার অষ্টম গর্ভ হইবে।[৬৩] আমার এই কেশ সেই দেবকীর গর্ভে জন্মগ্রহণ করিয়া কংস রূপে সমুৎপন্ন কালনেমি নামক দৈত্যকে সংহার করিবে। বিষ্ণু এই কথা বলিয়া অন্তর্হিত হইলেন।[৬৪] অনন্তর

* এষ গর্ভোঽষ্টমস্তস্যা ইতি পাঠান্তরম্। ৬৩

অদৃশ্যায় ততস্তেঽপি প্রণিপত্য মহাত্মনে।
মেরুপৃষ্ঠং সুরাজগ্মুরবতেরুশ্চ ভূতলে ॥৬৫॥
কংসায় চাষ্টমো গর্ভো দেবক্যাং ধরণীধরঃ।
ভবিষ্যতীত্যাচচক্ষে ভগবান্ নারদো মুনিঃ ॥৬৬॥
কংসোঽপি তদুপশ্রুত্য নারদাৎ কুপিতস্ততঃ।
দেবকীং বসুদেবঞ্চ গৃহে গুপ্তাবধারয়ৎ ॥৬৭॥
জাতং জাতঞ্চ কংসায় তেনৈবোক্তং যথা পুরা।
তথৈব বসুদেবোঽপি পুত্রমর্পিতবান্ দ্বিজ ॥৬৮॥
হিরণ্যকশিপোঃ পুত্রাঃ ষড় গর্ভা ইতি বিশ্রুতাঃ।
বিষ্ণুপ্রযুক্তা তান্ নিদ্রা ক্রমাদ্গর্ভে ন্যযোজয়ৎ ॥৬৯
যোগনিদ্রা মহামায়া বৈষ্ণবী মোহিতং যয়া।

দেবগণ, দর্শনপথের অতীত সেই মহাত্মা বিষ্ণুকে নমস্কার করিয়া সুমেরু পর্ব্বতে গমন করিলেন। পরে তাঁহারা ক্রমশঃ ভূতলে অবতীর্ণ হইতে লাগিলেন।[৬৫]

ভগবান্ মহর্ষি নারদ, কংসের নিকট কহিলেন যে, দেবকীর অষ্টম গর্ভে অনন্তদেব উৎপন্ন হইবেন।[৬৬] কংস নারদমুখে সেই কথা শ্রবণ করিয়া দেবকী ও বসুদেবকে গৃহ মধ্যে গুপ্তভাবে রুদ্ধ করিয়া রাখিলেন।[৬৭] পূর্ব্বে বসুদেব কংসের নিকট বলিয়াছিলেন যে, আমার যখন যে সন্তান হইবে, তখন তাহাকে তোমার নিকট সমর্পণ করিব। সেই প্রতিজ্ঞানুসারে তিনি কংসের নিকট সমুদায় পুত্র সমর্পণ করিতে লাগিলেন।[৬৮] বিষ্ণুকর্ত্তৃক প্রেরিতা যোগনিদ্রা, হিরণ্যকশিপুর বিখ্যাত ছয়টী পুত্রকে ক্রমে ক্রমে আনিয়া দেবকীর ছয় গর্ভে স্থাপন করিয়াছিলেন।[৬৯] এই মহামায়া যোগনিদ্রা, বিষ্ণুরই শক্তিবিশেষ। ইঁহাদ্বারাই

অবিদ্যয়া জগৎ সর্ব্বং তামাহ ভগবান্ হরিঃ ॥৭০॥
শ্রীভগবানুবাচ ।
নিদ্রে ! গচ্ছ মমাদেশাৎ পাতালতল-সংশ্রয়ান্ ।
একৈকশ্যেন ষড়্গর্ভান্ দেবকীজঠরং নয় ॥৭১॥
হতেষু তেষু কংসেন শেষাখ্যোঽংশস্ততো মম ।
অংশাংশেনোদরে তস্যাঃ সপ্তমঃ সংভবিষ্যতি ॥৭২।
গোকুলে বসুদেবস্য ভার্য্যান্যা রোহিণী স্থিতা* ।
তস্যাঃ স সম্ভূতিসমং দেবি নেয়স্ত্বয়োদরম্ ।
সপ্তমো ভোজরাজস্য ভয়াদ্রোধোপরোধতঃ ॥৭৩॥
দেবক্যাঃ পতিতো গর্ভ ইতি লোকো বদিষ্যতি ।

সমুদায় জগৎ মোহিত হইয়া রহিয়াছে। এই মায়া অবিদ্যা নামে বিখ্যাত। ভগবান্ হরি, ইঁহাকে এইরূপ কহিয়াছিলেন।[৭০] [ভগবান্ কহিলেন] যোগনিদ্রে! তুমি আমার আজ্ঞানুসারে পাতালে গমন করিয়া তৎস্থানস্থিত দৈত্যাদিগের এক এক করিয়া ক্রমশঃ ছয়টী গর্ভ আনিয়া দেবকীর উদরে স্থাপন কর।[৭১] কংস, এই সমুদায় গর্ভজাত সন্তান নষ্ট করিলে, শেষ নামক আমার অংশ, অংশাংশদ্বারা দেবকীর উদরে অনুপ্রবিষ্ট হইয়া সপ্তম গর্ব্ভ হইবেন।[৭২] গোকুলে রোহিণী নামে বসুদেবের এক ভার্য্যা আছে। সেই রোহিণীর যখন গর্ভ হইবে, তখন তুমি ভোজরাজ কংসের ভয়ে কারাগার মধ্যস্থিত দেবকীর উদর হইতে সেই সপ্তম গর্ভ ঐ রোহিণীর উদরে স্থাপন করিবে।[৭৩] লোকে এইরূপ বলিবে যে, দেবকীর গর্ভ নষ্ট হইল। এই গর্ভ হইতে সংকর্ষণ অর্থাৎ পরিচালন হেতু সেই গর্ব্ভসম্ভূত শ্বেত পর্ব্বতশিখর-সদৃশ বীর, সঙ্কর্ষণ নামে

* ভার্য্যা যা রোহিণী স্থিতা ইতি কেচিৎ পঠন্তি । ৭৩

গর্ভসঙ্কর্ষণাৎ সোঽথ লোকে সঙ্কর্ষণেতি বৈ।
সংজ্ঞামবাপ্স্যতে বীরঃ শ্বেতাদ্রিশিখরোপমঃ ॥৭৩॥
ততোঽহং সম্ভবিষ্যামি দেবকীজঠরে শুভে।
গর্ভে ত্বয়া * যশোদায়া গন্তব্যমবিলম্বিতম্ ॥৭৫॥
প্রাবৃট্‌কালে চ নভসি কৃষ্ণাষ্টম্যামহং নিশি।
উৎপৎস্যামি নবম্যাঞ্চ প্রসূতিং ত্বমবাপ্স্যসি ॥৭৬॥
যশোদাশয়নে মাং তু দেবক্যাস্ত্বামনিন্দিতে।
মচ্ছক্তিপ্রেরিতমতির্বসুদেবো নয়িষ্যতি ॥৭৭॥
কংসশ্চ ত্বামুপাদায় দেবি শৈলশিলাতলে।
প্রক্ষেপস্যত্যন্তরিক্ষে চ ত্বং স্থানং সমবাপ্স্যসি ॥৭৮॥
ততস্ত্বাং শতদৃক্ শক্রঃ প্রণম্য মম গৌরবাৎ।

ইহলোকে বিখ্যাত হইবেন।[৭৩] অনন্তর আমি দেবকীর শুভ অষ্টম গর্ব্ভে জন্ম পরিগ্রহ করিব। তুমি ঐ সময় বিলম্ব না করিয়া যশোদার গর্ভে প্রবিষ্টা হইবে।[৭৫] আমি, বর্ষা কালে শ্রাবণ মাসে কৃষ্ণপক্ষের অষ্টমীর রজনীতে জন্ম পরিগ্রহ করিব। তুমি নবমীতে উৎপন্না হইবে।[৭৬] অনিন্দিতে! অনন্তর বসুদেব, আমার শক্তি দ্বারা প্রেরিত হইয়া যশোদার শয্যায় আমাকে এবং দেবকীর শয্যায় তোমাকে স্থাপন করিবেন।[৭৭] দেবি! অনন্তর কংস, তোমাকে গ্রহণ করিয়া যে সময় পর্ব্বতের শিলাতলে প্রক্ষেপ করিবে, সেই সময় তুমি আকাশপথে আরোহণ করিবে।[৭৮] পরে সহস্রলোচন ইন্দ্র, আমার গৌরবক্রমে তোমাকে প্রণাম করিয়া অবনত-মস্তক হইয়া ভগিনীরূপে গ্রহণ করিবে।[৭৯] অনন্তর তুমি,

* গর্ভঃ ত্বয়া ইতি বা পাঠনীয়ম্। ৭৫

প্রণিপাতানতশিরা ভগিনীত্বে গ্রহীষ্যতি ॥৭৯॥
ততঃ শুম্ভনিশুম্ভাদীন্ হত্বা দৈত্যান্ সহস্রশঃ।
স্থানৈরনেকৈঃ পৃথিবীমশেষাং মণ্ডয়িষ্যসি ॥৮০॥
ত্বং ভূতিঃ সন্নতিঃ কীর্ত্তিঃ ক্ষান্তির্দ্যৌঃ পৃথিবী ধৃতিঃ।
লজ্জা পুষ্টিরুষা যা চ কাচিদন্যা ত্বমেব সা ॥৮১॥
যে ত্বামার্য্যেতি দুর্গেতি বেদগর্ভেঽম্বিকেতি চ।
ভদ্রেতি ভদ্রকালীতি ক্ষেম্যা ক্ষেমঙ্করীতি চ ॥৮২॥
প্রাতশ্চৈবাপরাহ্নে চ স্তোষ্যন্ত্যানম্রমূর্ত্তয়ঃ।
তেষাং হি প্রার্থিতং সর্ব্বং মৎপ্রসাদাদ্ভবিষ্যতি ॥৮৩
সুরামাংসোপহারৈস্তু ভক্ষ্যভোজ্যৈশ্চ পূজিতা।
নৃণামশেষকামাংস্ত্বং প্রসন্না সম্প্রদাস্যসি ॥৮৪॥

শুম্ভ নিশুম্ভ প্রভৃতি সহস্র সহস্র দৈত্যসমূহ বিনাশ করিয়া অনেক পীঠস্থানদ্বারা পৃথিবী বিভূষিত করিবে।[৮০]

তুমি ভূতি, তুমি সন্নতি, তুমি কীর্ত্তি, তুমি ক্ষান্তি, তুমি দ্যৌ, তুমি পৃথিবী, তুমি ধৃতি, তুমি লজ্জা, তুমি পুষ্টি, তুমি উষা ও জগতে যে কোন স্ত্রী আছে, তৎসমুদায়ই তোমার অংশ।[৮১] যাহারা, মায়া বলিয়া, দুর্গা বলিয়া, বেদগর্ভা বলিয়া, অম্বিকা বলিয়া, ভদ্রা বলিয়া, ভদ্রকালী বলিয়া, ক্ষেম্যা বলিয়া ও ক্ষেমঙ্করী বলিয়া[৮২] প্রাতঃকালে বা অপরাহ্নে অবনত মস্তকে তোমার স্তব করিবে, আমার প্রসাদে তাহাদের সমুদায় প্রার্থনাই সুসিদ্ধ হইবে।[৮৩] যে সকল ব্যক্তি, সুরা মাংস প্রভৃতি উপহার দ্বারা ও বিবিধ ভক্ষ্য ভোজ্য দ্বারা তোমার পূজা করিবে, তুমি প্রসন্না হইয়া তাহাদের সমুদায় অভিলাষ পূর্ণ করিয়া দিবে।[৮৪] বিশেষতঃ সেই সকল ব্যক্তি আমার প্রসাদে

তে সর্ব্বে সর্ব্বদা ভদ্রে! মৎপ্রসাদাদসংশয়ম্ ।
অসন্দিগ্ধা ভবিষ্যন্তি গচ্ছ দেবি যথোদিতম্ ॥৮৫

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমোঽংশে
প্রথমোঽধ্যায়ঃ ।

সর্ব্বদা অসন্দিগ্ধ-হৃদয় হইবে। দেবি! আমি যাহা কহিলাম, তৎকার্য্য সাধনের নিমিত্ত গমন কর।৮৫

বিষ্ণুপুরাণ, পঞ্চমাংশ, প্রথম অধ্যায়
সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমোঽংশঃ।

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

যথোক্তং সা জগদ্ধাত্রী দেবদেবেন বৈ তদা।
ষড্গর্ভ-গর্ভবিন্যাসং চক্রে চান্যস্য কর্ষণম্ ॥১॥
সপ্তমে রোহিণীং প্রাপ্তে গর্ভে গর্ভং ততো হরিঃ।
লোকত্রয়োপকারায় দেবক্যাঃ প্রবিবেশ বৈ ॥২॥
যোগনিদ্রা যশোদায়াস্তস্মিন্নেব ততো দিনে।
সম্ভূতা জঠরে তদ্বদ্যথোক্তং পরমেষ্ঠিনা ॥৩॥

পরাশর কহিলেন, দেবদেব বিষ্ণু তৎকালে জগদ্ধাত্রীকে যাহা কহিয়াছিলেন, তদনুসারে তিনি দেবকীর ছয়বার গর্ভ হইবার সময় অন্যের গর্ভ আনিয়া তাঁহার উদরে সংস্থাপন করিলেন।[১] পরে সপ্তম গর্ভ যখন রোহিণীর জঠরে নীত হইল, তখন হরি, লোকত্রয়ের উপকারের নিমিত্ত সেই গর্ভে অনুপ্রবিষ্ট হইলেন।[২] পরমেষ্ঠী বিষ্ণু, যেরূপ উপদেশ দিয়াছিলেন, তদনুসারে যোগমায়াও সেই দিবস যশোদার গর্ভে প্রবিষ্ট হইলেন।[৩] বিষ্ণুর অংশ পৃথিবীতে অবতীর্ণ হইলে

ততো গ্রহগণঃ সম্যক্ প্রচচার দিবি দ্বিজ।
বিষ্ণোরংশে ভুবং যাতে ঋতবশ্চাভবন্ শুভাঃ ॥৪॥
ন সেহে দেবকীং দ্রষ্টুং কশ্চিদপ্যতিতেজসা।
জাজ্বল্যমানাং তাং দৃষ্ট্বা মনাংসি ক্ষোভমাযযুঃ ॥৫॥
অদৃষ্টাঃ পুরুষস্ত্রীভির্দেবকী দেবতাগণাঃ।
বিভ্রাণাং বপুষা বিষ্ণুং তুষ্টুবুস্তামহর্নিশম্ ॥৬॥
প্রকৃতিস্ত্বং পরা সূক্ষ্মা ব্রহ্মগর্ভাভবঃ পুরা।
ততো বাণী জগদ্ধাতুর্ব্বেদগর্ভাসি শোভনে ॥৭॥
সূর্য্যস্বরূপগর্ভা* চ সৃষ্টিভূতা সনাতনে!।
বীজভূতা তু সর্ব্বস্য যজ্ঞগর্ভাভবস্ত্রয়ী ॥৮॥
ফলগর্ভা ত্বমেবেজ্যা বহ্নিগর্ভা তথারণিঃ।

গ্রহগণের শুভজনক সঞ্চার হইল, ঋতুগণও মঙ্গলকর হইতে লাগিল।[৪] সে সময় কোন ব্যক্তিই তেজোরাশিদ্বারা জাজ্বল্যমানা দেবকীকে দর্শন করিতে সমর্থ হইল না। তাঁহাকে দর্শন করাতে সকলেরই মন ক্ষুব্ধ হইতে লাগিল।[৫] তৎকালে বিষ্ণু দেবকীর গর্ভে অবস্থান করাতে দেবগণ, স্ত্রীপুরুষ সকলেরই অলক্ষিত হইয়া দিবারাত্র তাঁহার এইরূপ স্তব করিতে লাগিলেন।[৬] তুমি ব্রহ্ম-প্রতিবিম্বধারিণী সূক্ষ্মা পরমপ্রকৃতি। তুমি ব্রহ্মার বাণী-স্বরূপা। শোভনে! তুমি বেদগর্ভা হইতেছ।[৭] সনাতনে! তুমি সৃষ্টি-স্বরূপা, তোমার গর্ভে সূর্য্যস্বরূপ পরমেশ্বর আছেন। তুমি সকলের বীজস্বরূপা ও যজ্ঞগর্ভা ত্রয়ীস্বরূপা।[৮] তুমি ফলগর্ভা যাগ-স্বরূপা, তুমি বহ্নিগর্ভা অরণিস্বরূপা। তুমি দেবগর্ভা অদিতি,

---

* সুজ্যস্বরূপ গর্ভা চ ইতি বা পঠ্যতাম্।
৯। অরণি—যে কাষ্ঠ ঘর্ষণ দ্বারা যজ্ঞীয় অগ্নি নির্গত হয়, তাহার নাম অরণি।

অদিতির্দেবগর্ভা ত্বং দৈত্যগর্ভা তথা দিতিঃ ॥৯॥
জ্যোৎস্না বাসরগর্ভা ত্বং জ্ঞানগর্ভাসি সন্নতিঃ।
নয়গর্ভধরা নীতির্লজ্জা ত্বং প্রশ্রয়োদ্বহা ॥১০॥
কামগর্ভা তথেচ্ছা ত্বং ত্বং তুষ্টিস্তোষগর্ভিণী।
মেধা চ বোধগর্ভাসি ধৈর্য্যগর্ভোদ্বহা ধৃতিঃ।
গ্রহর্ক্ষতারকাগর্ভা দ্যৌরস্যখিলহৈতুকী ॥১১॥
এতা বিভূতয়ো দেবি! তথান্যাশ্চ সহস্রশঃ।
তথাসঙ্খ্যা জগদ্ধাত্রি! সাম্প্রতং জঠরে তব ॥১২॥
সমুদ্রাদ্রিনদীদ্বীপ-বনপত্তনভূষণা।
গ্রাম-খর্ব্বট-খেটাঢ্যা সমস্তা পৃথিবী শুভে ॥১৩॥
সমস্তবহ্নয়োঽম্ভাংসি সকলাশ্চ সমীরণাঃ।
গ্রহর্ক্ষতারকাচিত্রং বিমানশতসঙ্কুলম্ ॥১৪॥

তুমি দৈত্যগর্ভা দিতিস্বরূপা হইতেছ।[৯] তুমি বাসরগর্ভা জ্যোৎস্না-স্বরূপা, তুমি জ্ঞানগর্ভা সন্নতিস্বরূপা, তুমি সামাদিগর্ভা নীতিস্বরূপা, তুমি বিনয়গর্ভা লজ্জাস্বরূপা,[১০] তুমি কাম-গর্ভা ইচ্ছাস্বরূপা, তুমি তোষগর্ভিণী তুষ্টিস্বরূপা, তুমি বোধগর্ভা মেধাস্বরূপা, তুমি ধৈর্য্যগর্ভা ধৃতিস্বরূপা, তুমি গ্রহনক্ষত্রাদিগর্ভা নভঃস্বরূপা।[১১] দেবি! জগদ্ধাত্রি! সম্প্রতি এই সকল বিভূতি এবং অন্যান্য অনেক বিভূতি তোমার জঠরে রহিয়াছে।[১২]

শুভে! সমুদ্র পর্ব্বত নদী দ্বীপ বন নগর গ্রাম, খর্ব্বট অর্থাৎ পর্ব্বত-প্রান্তবর্ত্তী গ্রাম, খেট অর্থাৎ কৃষকদিগের গ্রাম, এই সমুদায়-সমেত পৃথিবী,[১৩] সমুদায় অগ্নি, সমুদায় জল, সমুদায় সমীরণ, গ্রহ নক্ষত্র তারকাবলী ও শত শত বিমান-সুশোভিত[১৪] সকলের অত-

অবকাশমশেষস্য যদ্দদাতি নভশ্চ তৎ।
ভূর্লোকোঽথ ভুবর্লোকঃ স্বর্লোকোঽথ মহর্জ্জনঃ ॥১৫।
তপশ্চ ব্রহ্মলোকশ্চ ব্রহ্মাণ্ডমখিলং শুভে।
তদন্তর্যে স্থিতা দেবা দৈত্যগন্ধর্ব্বচারণাঃ ॥১৬॥
মহোরগাস্তথা যক্ষা রাক্ষসাঃ প্রেতগুহ্যকাঃ।
মনুষ্যাঃ পশবশ্চান্যে যে চ জীবা যশস্বিনি ॥১৭॥
তৈরন্তঃস্থৈরনন্তোঽসৌ সর্ব্বেশঃ সর্ব্বভাবনঃ।
রূপকর্ম্মস্বরূপাণি ন পরিচ্ছেদগোচরে।
যস্যাখিলপ্রমাণানি স বিষ্ণুর্গর্ভগস্তব ॥১৮॥
ত্বং স্বাহা ত্বং স্বধা বিদ্যা সুধা ত্বং জ্যোতিরম্বরম্।
ত্বং সর্ব্বলোকরক্ষার্থম্ অবতীর্ণা মহীতলে ॥১৯॥
প্রসীদ দেবি! সর্ব্বস্য জগতঃ শং শুভে! কুরু।

কাশপ্রদ নভোমণ্ডল, ভূর্লোক, ভুবর্লোক, স্বর্লোক, মহর্লোক, জনর্লোক,[১৫] তপলোক, ব্রহ্মলোক, সমুদায় ব্রহ্মাণ্ড, ব্রহ্মাণ্ডান্তর্ব্বর্ত্তী দেবগণ, দানবগণ, গন্ধর্ব্বগণ, চারণগণ, [১৬] মহোরগগণ, যক্ষগণ, রাক্ষসগণ, প্রেতগণ, গুহ্যকগণ, মনুষ্যগণ, পশুগণ ও অন্যান্য যে সমুদায় জীবগণ আছে, যশস্বিনি![১৭] তাহারা সকলেই যাঁহার উদর মধ্যে অবস্থান করিতেছে, সেই সর্ব্বেশ্বর সর্ব্বভাবন অনন্তদেব (তোমার গর্ভে অবস্থিতি করিতেছেন।) যাঁহার রূপ কর্ম্ম ও স্বরূপ নিরূপণ করা যায় না, যাঁহার কোন প্রমাণই প্রত্যক্ষ হয় না, সেই বিষ্ণু তোমার গর্ভে অবস্থান করিতেছেন।[১৮] তুমি স্বাহা, তুমি স্বধা, তুমি বিদ্যা, তুমি সুধা, তুমি জ্যোতিঃ, তুমি আকাশমণ্ডলী, তুমি সর্ব্ব লোকের রক্ষার নিমিত্ত ভূতলে জন্ম পরিগ্রহ করিয়াছ।[১৯] দেবি! প্রসন্না হও। শুভে! সমুদায় জগতের মঙ্গল বিধান কর। যিনি সমুদায় জগৎ

প্রীত্যা ত্বং ধারয়েশানং ধৃতং যেনাখিলং জগৎ ॥২০।

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
দ্বিতীয়োঽধ্যায়ঃ।

ধারণ করিতেছেন, সেই ঈশ্বরকে তুমি প্রীতিপূর্ণ হৃদয়ে ধারণ কর।[২০]

বিষ্ণুপুরাণ, পঞ্চমাংশ, দ্বিতীয় অধ্যায়
সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমোহংশঃ।

তৃতীয়োঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

এবং সংস্তূয়মানা সা দেবৈর্দেবমধারয়ৎ।
গর্ভেণ পুণ্ডরীকাক্ষং জগতস্ত্রাণকারণম্ ॥১॥
ততোঽখিলজগৎপদ্ম-বোধায়াচ্যুতভানুনা।
দেবকী-পূর্ব্বসন্ধ্যায়ামাবির্ভূতং মহাত্মনা ॥ ২ ॥
তজ্জন্মদিনমত্যর্থমাহ্লাদ্যমলদিঙ্মুখম্।
বভূব সর্ব্বলোকস্য কৌমুদী শশিনো যথা ॥৩॥

পরাশর কহিলেন, দেবকী, দেবগণ কর্ত্তৃক এইরূপ স্তূয়মানা হইয়া জগতের ত্রাণকর্ত্তা দেব পুণ্ডরীকাক্ষকে গর্ভে ধারণ করিতে লাগিলেন।[১] অখিল ব্রহ্মাণ্ডরূপ পদ্ম প্রকাশ করিবার নিমিত্ত মহাত্মা অচ্যুতরূপ সূর্য্য উদিত হইবার পূর্ব্বে পূর্ব্বসন্ধ্যাস্বরূপা দেবকী আবির্ভূতা হইলেন।[২] কৃষ্ণ যে দিবস জন্ম গ্রহণ করিলেন, সেই দিবস সমুদায় দিক্ নির্ম্মল হইল। কৌমুদী যেমন সকলের মন আহ্লাদিত করে, তাহার ন্যায় ঐ জন্মদিন সকলের আহ্লাদজনক হইল।[৩]

সন্তঃ সন্তোষমধিকং প্রশমং চণ্ডমারুতঃ।
প্রসাদং নিম্নগা যাতা জায়মানে জনার্দ্দনে ॥৪॥
সিন্ধবো নিজশব্দেন বাদ্যং চক্রুর্ম্মনোহরম্।
জগুর্গন্ধর্ব্বপতয়ো ননৃতুশ্চাপ্সরোগণাঃ ॥৫॥
সসৃজুঃ পুষ্পবর্ষাণি দেবা ভুব্যন্তরিক্ষগাঃ।
জজ্বলুশ্চাগ্নয়ঃ শান্তা জায়মানে জনার্দ্দনে ॥৬॥
মধ্যরাত্রেঽখিলাধারে জায়মানে জনার্দ্দনে।
মন্দং জগর্জ্জুর্জ্জলদাঃ পুষ্পবৃষ্টিমুচো দ্বিজ* ॥৭॥
ফুল্লেন্দীবরপত্রাভং† চতুর্ব্বাহুমুদীক্ষ্য তম্।
শ্রীবৎসবক্ষসং জাতং তুষ্টাবানকদুন্দুভিঃ ॥৮॥

জনার্দ্দন যে সময় জন্ম পরিগ্রহ করেন, সেই সময় সাধুগণ সমধিক সন্তুষ্ট হইলেন, প্রচণ্ড বায়ু প্রশান্ত হইল, নদীর জল নির্ম্মল হইয়া উঠিল,[৪] সমুদ্রগণ স্বীয় শব্দদ্বারা মনোহর বাদ্য করিতে লাগিল, গন্ধর্ব্বগণ গান করিতে প্রবৃত্ত হইল, অপ্সরোগণ নৃত্য করিতে লাগিল।[৫] জনার্দ্দন যে সময় জন্ম পরিগ্রহ করেন, সে সময় আকাশচারী দেবগণ, পৃথিবীতে পুষ্পবৃষ্টি করিতে লাগিলেন, অগ্নি প্রশান্ত হইয়া জ্বলিতে লাগিল।[৬] ব্রহ্মন্! মধ্যম রাত্রির সময় সকল লোকের আধার জনার্দ্দন যখন জন্ম পরিগ্রহ করেন, তখন জলদগণ মন্দ মন্দ গর্জন করিতে প্রবৃত্ত হইল এবং পুষ্পবৃষ্টি করিতে লাগিল।[৭]

অনন্তর বসুদেব, প্রফুল্ল নীলকমল-দল-সদৃশ শ্রীবৎস-চিহ্নিত চতুর্ব্বাহু কৃষ্ণকে উৎপন্ন হইতে দেখিয়া স্তব করিতে প্রবৃত্ত হইলেন।[৮]

* পুষ্পবৃষ্টিমুচো দিবি ইতি পাঠান্তরম্। ৭
† ফুল্লেন্দীবরপত্রাক্ষম্ ইতি বা পাঠঃ। ৮

অভিষ্টূয় চ তং বাগ্‌ভিঃ প্রসন্নাভির্ম্মহামতিঃ।
বিজ্ঞাপয়ামাস তদা কংসাদ্ভীতো দ্বিজোত্তম ॥৯॥

বসুদেব উবাচ।

জ্ঞাতোঽসি দেবদেবেশ! শঙ্খচক্রগদাধর!।
দিব্যং রূপমিদং দেব! প্রসাদেনোপসংহর ॥১০॥
অদ্যৈব দেব! কংসোঽয়ং কুরুতে মম যাতনম্ *।
অবতীর্ণমিতি জ্ঞাত্বা ত্বামস্মিন্ মম মন্দিরে ॥১১॥

দেবক্যুবাচ।

যোঽনন্তরূপোঽখিলবিশ্বরূপো
গর্ভেষু লোকান্ বপুষা বিভর্ত্তি।
প্রসীদতামেষ স দেবদেবঃ
স্বমায়য়াবিষ্কৃতবালরূপঃ ॥১২॥

ব্রহ্মন্! মহামতি বসুদেব, প্রশান্ত বাক্যদ্বারা স্তব করিয়া নিবেদন করিলেন যে, আমি কংস হইতে ভীত হইয়াছি।[৯] পরে তিনি পুনর্ব্বার কহিলেন, দেবদেব! আমি তোমাকে চিনিতে পারিয়াছি। তুমি প্রসন্ন হইয়া শঙ্খ চক্র গদাধারী এই দিব্য রূপ উপসংহার কর।[১০] দেব! কংস যদি জানিতে পারে যে, তুমি আমার গৃহে অবতীর্ণ হইয়াছ, তাহা হইলে সে এখনি আমাকে যাতনা প্রদান করিবে।[১১]

দেবকী কহিলেন, যিনি অনন্তস্বরূপ, যিনি অখিল বিশ্বস্বরূপ, যিনি সমুদায় লোককে উদর মধ্যে ধারণ করিতেছেন, তুমি সেই দেবদেব হইয়াও মায়াদ্বারা বাল্যরূপ ধারণ করিয়াছ, তুমি প্রসন্ন

* কুরুতে মম ঘাতনম্ ইতি পাঠান্তরম্। ১১

উপসংহর সর্ব্বাত্মন্! রূপমেতচ্চতুর্ভুজম্।
জানাতু মাবতারং তে কংসোঽয়ং দিতিজাধমঃ॥১৩

শ্রীভগবানুবাচ।

স্তুতোঽহং যৎ ত্বয়া পূর্ব্বং পুত্রার্থিন্যা তদদ্য তে।
সফলং দেবি! সঞ্জাতং জাতোঽহং যৎতবোদরাৎ॥১৪

পরাশর উবাচ।

ইত্যুক্ত্বা ভগবাংস্তূষ্ণীং বভূব মুনিসত্তম।
বসুদেবোঽপি তং রাত্রাবাদায় প্রযযৌ বহিঃ॥১৫॥
মোহিতাশ্চাভবংস্তত্র রক্ষিণো যোগনিদ্রয়া।
মথুরাদ্বারপালাশ্চ ব্রজত্যানকদুন্দুভৌ॥১৬॥
বর্ষতাং জলদানাঞ্চ তোয়মত্যুল্বণং নিশি।

হও।[১২] সর্ব্বাত্মন্! এই চতুর্ভুজ মূর্ত্তি প্রতিসংহার কর। দৈত্য-কুলাধম কংস যেন তোমাকে অবতার বলিয়া জানিতে না পারে।[১৩]

শ্রীভগবান্ কহিলেন, দেবি! তুমি পূর্ব্বে প্রার্থনা করিয়াছিলে যে, আমি তোমার পুত্র হইয়া জন্ম পরিগ্রহ করি। এক্ষণে তোমার সেই মনস্কামনা পূর্ণ হইল। আমি তোমার উদরে জন্ম পরিগ্রহ করিলাম।[১৪]

পরাশর কহিলেন, মুনিশ্রেষ্ঠ! ভগবান্ কৃষ্ণ, এই কথা বলিয়া মৌনাবলম্বন করিলেন। বসুদেবও সেই রাত্রিতেই তাঁহাকে লইয়া বহির্গত হইলেন।[১৫] বসুদেব যখন গমন করেন, তখন দ্বারপাল-গণ ও রক্ষকগণ তাঁহাকে দেখিতে পাইল না, কারণ তাহারা যোগ-নিদ্রাদ্বারা মোহিত হইয়াছিল।[১৬] সেই সময় অত্যন্ত বৃষ্টি হইতে-ছিল, বাসুকি ফণাদ্বারা বসুদেবকে আচ্ছাদন করিয়া পশ্চাৎ পশ্চাৎ

সংছাদ্যানুযযৌ শেষঃ ফণেনানকদুন্দুভিম্ ॥১৭॥
যমুনাং চাতিগম্ভীরাং নানাবর্ত্তসমাকুলাম্।
বসুদেবো বহন্ বিষ্ণুং জানুমাত্রবহাং যযৌ ॥১৮॥
কংসস্য করমাদায় তত্রৈবাভ্যাগতাংস্তটে*।
নন্দাদীন্ গোপবৃন্দাংশ্চ † যমুনায়া দদর্শ সঃ ॥১৯॥
তস্মিন্ কালে যশোদাপি মোহিতা যোগনিদ্রয়া।
তামেব কন্যাং মৈত্রেয়! প্রসূতা মোহিতে জনে ॥২০
বসুদেবোঽপি বিন্যস্য বালমাদায় দারিকাম্।
যশোদাশয়নে তূর্ণমাজগামামিতদ্যুতিঃ ॥২১॥
দদৃশে চ প্রবুদ্ধা সা যশোদা জাতমাত্মজম্।
নীলোৎপল-দলশ্যামং ততোঽত্যর্থং মুদং যযৌ ॥২২

গমন করিতে লাগিলেন।[১৭] বসুদেব যখন কৃষ্ণকে বহন করিয়া লইয়া যান, তখন বিবিধ আবর্ত্ত-সমাকুল অতিগম্ভীর যমুনার জল, তাঁহার জানুমাত্র হইল।[১৮] তিনি সেখানে দেখিতে পাইলেন, নন্দপ্রভৃতি গোপগণ, কংসের নিমিত্ত রাজকর আনিয়া সেই যমুনাতটে উপস্থিত হইয়াছে।[১৯] এই সময়ে যোগনিদ্রা, যশোদাকেও মোহিত করিলেন এবং সেই যোগনিদ্রা প্রভাবে তত্রত্য সমুদায় লোকই মোহিত হইল। ইতিপূর্ব্বে যশোদার একটি কন্যা হইয়াছিল।[২০] অসীম-তেজস্বী বসুদেব, বালকটীকে সেই কন্যাস্থানে রাখিয়া কন্যাটী লইয়া যশোদার শয্যা হইতে শীঘ্র বহির্গত হইলেন।[২১] (তিনি অন্তরাল হইতে দেখিলেন যে,) যশোদা প্রবুদ্ধা হইয়া সেই সদ্যঃপ্রসূত সন্তানকে নীলোৎপলদল-সদৃশ শ্যামবর্ণ দেখিয়া অত্যন্ত

---

* কংসস্য করমাদায় তত্রৈবাভ্যাগতাং স্তটে ইতি পাঠান্তরম্। ১৯

† গোপবৃদ্ধাংশ্চ ইত্যন্যে পঠন্তি। ১৯

আদায় বসুদেবোঽপি দারিকাং নিজমন্দিরম্।
দেবকীশয়নে ন্যস্য যথাপূর্ব্বমতিষ্ঠত ॥২৩॥
ততো বালধ্বনিং শ্রুত্বা রক্ষিণঃ সহসোত্থিতাঃ।
কংসায়াবেদয়ামাসুর্দ্দেবকীপ্রসবং দ্বিজ ॥২৪॥
কংসস্তূর্ণমুপেত্যৈনাং ততো জগ্রাহ বালিকাম্।
মুঞ্চ মুঞ্চেতি দেবক্যা সন্নকণ্ঠ্যা নিবারিতঃ ॥২৫॥
চিক্ষেপ চ শিলাপৃষ্ঠে সা ক্ষিপ্তা বিয়তি স্থিতিম্।
অবাপ রূপঞ্চ মহৎ* সায়ুধাষ্টমহাভুজম্ ॥২৬॥
প্রজহাস তথৈবোচ্চৈঃ কংসং চ রুষিতাব্রবীৎ।
কিং ময়া ক্ষিপ্তয়া মূঢ়!† জাতো যস্ত্বাং বধিষ্যতি ॥২৭

আহ্লাদিতা হইয়াছেন।[২২] তখন বসুদেব, কন্যাটীকে নিজ গৃহে আনয়ন পূর্ব্বক দেবকীর শয্যায় সংস্থাপন করিয়া পূর্ব্বের ন্যায় অবস্থান করিলেন।[২৩] অনন্তর রক্ষকগণ, বালকের ক্রন্দনধ্বনি শুনিতে পাইয়া তৎক্ষণাৎ উত্থিত হইল এবং তাহারা কংসের নিকট উপস্থিত হইয়া দেবকীর সন্তানোৎপত্তির বিষয় নিবেদন করিল।[২৪] তখন কংস, সেই স্থানে গমন করিয়া কন্যাটিকে গ্রহণ করিল। দেবকী অবসন্ন বচনে, বিনাশ করিও না, বিনাশ করিও না, বলিয়া নিবারণ করিতে লাগিলেন।[২৫] পরে কংস, সেই বালিকাকে যেমন শিলা পৃষ্ঠে নিঃক্ষেপ করিবে, অমনি সেই কন্যা আকাশস্থিতা হইয়া আয়ুধসমেত অষ্টভুজ-বিশিষ্ট মূর্ত্তি ধারণ করিলেন।[২৬] এই অষ্টভুজা দেবী, উচ্চৈঃস্বরে হাস্য করিয়া রোষভরে কংসকে কহিলেন, মূঢ়! আমাকে শিলাতলে নিঃক্ষেপ করিয়া তোমার কি ফল হইবে? যে তোমাকে বিনাশ করিবে, তাহার জন্ম হই-

* অবাপ রূপং সুমহৎ ইতি পুস্তকান্তরে দৃশ্যতে। ২৬
† কিং ময়া ক্ষিপ্তয়া কংস! ইতি বা পঠনীয়ম। ২৭

সর্ব্বস্বভূতো দেবানামাসীন্মৃত্যুঃ পুরা স তে।
তদেতৎ সম্প্রধার্য্যাশু ক্রিয়তাং হিতমাত্মনঃ ॥২৮॥
ইত্যুক্ত্বা প্রযযৌ দেবী দিব্যস্রক্-গন্ধ ভূষণা।
পশ্যতো ভোজরাজস্য স্তুতা সিদ্ধৈর্ব্বিহায়সি ॥২৯॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
তৃতীয়োঽধ্যায়ঃ।

য়াছে।[২৭] তিনি দেবগণের সর্ব্বস্ব স্বরূপ। পূর্ব্ব জন্মে তাঁহা হইতেই তোমার মৃত্যু হইয়াছিল। এই বিষয় বিবেচনা করিয়া যাহাতে তোমার মঙ্গল হয়, তদনুরূপ কার্য্য কর।[২৮] দিব্য গন্ধ ও মাল্যে বিভূষিতা দেবী, এই কথা বলিয়াই সিদ্ধগণ কর্ত্তৃক স্তূয়মানা হইয়া ভোজরাজের সমক্ষেই আকাশ পথে গমন করিতে লাগিলেন।[২৮]

বিষ্ণুপুরাণ, পঞ্চম অংশ, তৃতীয় অধ্যায়
সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমোঽংশঃ।

চতুর্থোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

কংসস্ততোদ্বিগ্নমনাঃ প্রাহ সর্ব্বান্ মহাসুরান্।
প্রলম্বকেশি-প্রমুখানাহূয়াসুরপুঙ্গবান্ ॥১॥

কংস উবাচ।

হে প্রলম্ব! মহাবাহো! কেশিন্! ধেনুক! পুতনে!।
অরিষ্টাদ্যৈস্তথা চান্যৈঃ শ্রূয়তাং বচনং মম ॥২॥
মাং হন্তুমমরৈর্যত্নঃ কৃতঃ কিল দুরাত্মভিঃ।
মদ্বীর্য্য-তাপিতৈর্বীরাঃ! ন ত্বেতান্ গণয়াম্যহম্* ॥৩

পরাশর কহিলেন, অনন্তর কংস উদ্বিগ্নমনা হইয়া প্রলম্ব কেশী প্রভৃতি মহাসুরগণকে আহ্বান পূর্ব্বক কহিল।[১]

[কংস কহিল,] মহাবাহো প্রলম্ব! কেশিন্! ধেনুক! পুতনে! তোমরা এবং অরিষ্ট প্রভৃতি দৈত্যগণ সকলে একত্র হইয়া আমার বাক্য শ্রবণ কর।[২] বীরগণ! দেবতারা আমার পরাক্রমে ক্লিশ্যমান হইয়া আমাকে বিনাশ করিবার নিমিত্ত চেষ্টা করিয়াছে, পরন্তু আমি

১ নহি তান্ গণয়াম্যহম্ ইত্যপি পাঠঃ। ৩

কিমিন্দ্রেণাল্পবীর্য্যেণ কিং হরেণৈকচারিণা ।
হরিণা বাপি কিং সাধ্যং ছিদ্রেষ্বসুরঘাতিনা ॥৪॥
কিমাদিত্যৈঃ সবসুভিরল্পবীর্য্যৈঃ কিমগ্নিভিঃ ।
কিঞ্চান্যৈরমরৈঃ সর্ব্বৈর্ম্মদ্বাহুবলনির্জ্জিতৈঃ ॥৫॥
কিং ন দৃষ্টোঽমরপতির্ম্ময়া সংযুগমেত্য সঃ ।
পৃষ্ঠেনৈব বহন্ বাণানপাগচ্ছন্ন বক্ষসা ॥৬॥
মদ্রাষ্ট্রে বারিতা বৃষ্টির্যদা শক্রেণ কিং তদা ।
মদ্বাণভিন্নৈর্জলদৈরাপো মুক্তা যথেপ্সিতাঃ ॥৭॥
কিমুর্ব্ব্যামবনীপালা মদ্বাহুবলভীরবঃ ।
ন সর্ব্বে সন্নতিং যাতা জরাসন্ধমৃতে গুরুম্ ॥৮॥
অমরেষু চ মেঽবজ্ঞা জায়তে দৈত্যপুঙ্গবাঃ ।

ঐ সকল দুরাত্মাকে তৃণ জ্ঞানও করি না।[৩] যাহারা রন্ধ্র অন্বেষণ করিয়া অসুর বধ করিয়াছে, সেই অল্পবীর্য্য ইন্দ্র, তপস্বী মহাদেব বা বিষ্ণু আমার কি করিতে পারে।[৪] যাহারা আমার বাহুবলদ্বারা পরাজিত হইয়াছে, সেই সমুদায় অল্পবীর্য্য আদিত্যগণ, বসুগণ, অগ্নি ও অন্যান্য সমুদায় দেবগণ, আমার কি করিবে।[৫] তোমরা কি দেখ নাই? দেবরাজ ইন্দ্র, আমার সহিত সংগ্রাম করিতে আসিয়া পৃষ্ঠদ্বারা বাণবর্ষণ সহ্য করিতে করিতে বক্ষঃস্থলে হাঁটিয়া পলায়ন করিয়াছে।[৬] যখন ইন্দ্র আমার রাজ্যে বৃষ্টি নিবারণ করিয়াছিল, তখন জলদগণ আমার বাণসমূহদ্বারা নির্ভিন্ন হইয়া যথাভিলষিত জল বর্ষণ করিয়াছে।[৭] একমাত্র মদীয় গুরু জরাসন্ধ ব্যতীত, এই পৃথিবীতলস্থ সমুদায় রাজগণই আমার বাহুবলে ভীত হইয়া অবনত হইয়াছে।[৮] বীর মহাদানবগণ! দেবগণের প্রতি আমার ত অবজ্ঞাই আছে,

হাস্যং মে জায়তে বীরাস্তেষু যত্নপরেম্বপি ॥৯॥
তথাপি খলু দুষ্টানাং তেষামভ্যধিকং ময়া* ।
অপকারায় দৈত্যেন্দ্রা যতনীয়ং দুরাত্মনাম্ ॥১০॥
তদ্যে যশস্বিনঃ† কেচিৎ পৃথিব্যাং যে চ যজ্বিনঃ ।
কার্য্যো দেবাপকারায় তেষাং সর্ব্বাত্মনা বধঃ ॥১১॥
উৎপন্নশ্চাপি মৃত্যুর্মে ভূতপূর্ব্বঃ স বৈ কিল ।
ইত্যেতদ্বালিকা প্রাহ দেবকীগর্ভসম্ভবা ॥১২॥
তস্মাদ্বালেষু পরমো যত্নঃ কার্য্যো মহীতলে ।
যত্রোদ্রিক্তং বলং বালে স হন্তব্যঃ প্রযত্নতঃ ॥১৩॥

পরাশর উবাচ।

ইত্যাজ্ঞাপ্যাসুরান্ কংসঃ প্রবিশ্যাত্মগৃহং ততঃ।

কিন্তু ইহাতে আমার হাস্য উপস্থিত হয় যে, তাহারা আবার (আমাকে) বিনাশ করিতে যত্নবান্ হইতেছে।[৯] দৈত্যেন্দ্রগণ! (দেবগণ যদিও দুর্ব্বল) তথাপি সেই সকল দুষ্ট দুরাত্মাদিগের সমধিক অনিষ্টাচরণ করা আমার অতীব কর্ত্তব্য।[১০] এই পৃথিবী মধ্যে যাহারা দেবতোদ্দেশে দান করিবে বা যাগ করিবে, তোমরা সর্ব্বপ্রযত্নে তাহাদিগকে বিনাশ করিতে প্রবৃত্ত হও।[১১] দেবকীগর্ভ-সম্ভূতা বালিকা আমাকে বলিয়াছে, যিনি তোমাকে বিনাশ করিবেন, তিনি উৎপন্ন হইয়াছেন এবং তিনি পূর্ব্বজন্মেও তোমাকে বিনাশ করিয়াছিলেন।[১২] অতএব তোমরা বালকের বিষয়ে সমধিক যত্নবান্ হইবে। যে বালককে সমধিক বলবান্ দেখিবে, তাহাকেই তৎক্ষণাৎ বিনাশ করিবে।[১৩]

পরাশর কহিলেন, কংস, অসুরগণের প্রতি এই রূপ আদেশ

* তেষামপাধিকং ময়া ইতি কচিৎ পাঠঃ।
† যে বৈ যশস্বিন ইতি পাঠান্তরম্।১১

মুমোচ বসুদেবঞ্চ দেবকীঞ্চ নিরোধতঃ ॥১৪॥

কংস উবাচ।

যুবয়োর্ঘাতিতা গর্ভা বৃথৈবৈতে ময়াধুনা*।
কোঽপ্যন্য এব নাশায় বালো মম সমুদ্গতঃ ॥১৫॥
তদলং পরিতাপেন নূনং তদ্ভাবিনো হি তে।
অর্ভকা যুবয়োঃ কো বা নায়ুষোঽন্তে বিহন্যতে ॥১৬॥
ইত্যাশ্বাস্য বিমুক্ত্বা চ কংসস্তৌ পরিশঙ্কিতঃ।
অন্তর্গৃহং দ্বিজশ্রেষ্ঠ! প্রবিবেশ পুনঃ স্বকম্ ॥১৭॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে চতুর্থোঽধ্যায়ঃ।

করিয়া গৃহমধ্যে প্রবেশ পূর্ব্বক বসুদেবকে ও দেবকীকে মুক্ত করিয়া দিল,[১৪] এবং কহিল, আমি বৃথাই তোমাদের সদ্যঃপ্রসূত বালকদিগকে নষ্ট করিয়াছি, কারণ এক্ষণে অন্য কোন বালক আমার বিনাশের নিমিত্ত জন্মপরিগ্রহ করিয়াছে।[১৫] অধুনা আর পরিতাপ করিবার আবশ্যকতা নাই, তোমাদের বালকগণের অদৃষ্টে যাহা ছিল, তাহাই ঘটিয়াছে। দেখ, আয়ুঃক্ষয় হইলে কোন্ ব্যক্তি বিনষ্ট না হয়?[১৬] দ্বিজশ্রেষ্ঠ! কংস, দেবকী ও বসুদেবকে এই রূপ আশ্বাস প্রদান পূর্ব্বক মুক্ত করিয়া শঙ্কাকুলিত হৃদয়ে স্বীয় অন্তঃপুরে প্রবেশ করিলেন।[১৭]

বিষ্ণুপুরাণ, পঞ্চমাংশ, চতুর্থ অধ্যায় সমাপ্ত।

---

* বৃথৈবৈতে ময়াধুনা ইতি, বৃথৈব তে ময়াধুনা ইতি চ পাঠঃ।১৫

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমোঽংশঃ।

পঞ্চমোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

বিমুক্তো বসুদেবোঽস্য নন্দস্য শকটং গতঃ।
প্রহৃষ্টং দৃষ্টবান্ নন্দং পুত্রো জাতো মমেতি বৈ॥১॥
বসুদেবোঽপি তং প্রাহ দিষ্ট্যা দিষ্ট্যেতি সাদরম্।
বার্দ্ধকেঽপি সমুৎপন্নস্তনয়োঽয়ং* তবাধুনা॥২॥
দত্তো হি বার্ষিকঃ সর্ব্বো ভবদ্ভির্নৃপতেঃ করঃ।
যদর্থমাগতাস্তস্মাৎ নাবস্থেয়ং মহাধনাঃ॥৩॥

পরাশর কহিলেন। অনন্তর বসুদেব মুক্ত হইয়া নন্দের শকটে গমন করিলেন এবং দেখিলেন, পুত্র উৎপন্ন হইয়াছে বলিয়া নন্দ সাতিশয় আনন্দপ্রকাশ করিতেছে।[১] পরে তিনি নন্দকে সমাদরপূর্ব্বক কহিলেন যে, এই বৃদ্ধাবস্থায় তোমার এক্ষণে পুত্র উৎপন্ন হইল, ইহা তোমার পরম সৌভাগ্য।[২] তুমি রাজার সমুদায় বার্ষিক কর প্রদান করিয়াছ? তুমি বার্ষিক করপ্রদানার্থই ত এখানে আসিয়াছিলে? যদি কার্য্যসমাধা হইয়া থাকে, তাহা হইলে এখানে আর অধিক সময় অবস্থিতি করা উচিত নহে, কারণ তোমরা অতুল

* তনয়ো যঃ ইতি ক্বচিৎ পাঠঃ।২

যদর্থমাগতাঃ কার্য্যং তন্নিষ্পন্নং কিমাস্যতে ।
ভবদ্ভির্গম্যতাং নন্দ ! তচ্ছীঘ্রং নিজগোকুলম্ ॥৪॥
মমাপি বালকস্তত্র রোহিণীপ্রসবো হি যঃ ।
স রক্ষণীয়ো ভবতা যথায়ং তনয়ো নিজঃ ॥৫॥

পরাশর উবাচ ।

ইত্যুক্তাঃ প্রযযুর্গোপা নন্দগোপ-পুরোগমাঃ ।
শকটারোপিতৈর্ভাণ্ডৈঃ করং দত্ত্বা মহাবলাঃ ॥৬॥
বসতাং গোকুলে তেষাং পূতনা বালঘাতিনী ।
সুপ্তং কৃষ্ণমুপাদায় রাত্রৌ তস্মৈ দদৌ স্তনম্ ॥৭॥
যস্মৈ যস্মৈ স্তনং রাত্রৌ পূতনা সংপ্রযচ্ছতি ।
তস্য তস্য ক্ষণেনাঙ্গং বালকস্যোপহন্যতে ॥৮॥

ঐশ্বর্য্যশালী।[৩] নন্দ ! তুমি যে জন্য আসিয়াছ, যদি তাহা নিরবশেষ রূপে সম্পন্ন হইয়া থাকে, তাহা হইলে এখনও কিজন্য এখানে অবস্থান করিতেছ? স্বীয় গোকুলে শীঘ্র গমন কর।[৪] সেখানে রোহিণীগর্ভ-সম্ভূত আমার যে একটী কুমার আছে, তুমি স্বীয় সন্তানের ন্যায় তাহারও রক্ষণাবেক্ষণ করিবে।[৫]

পরাশর কহিলেন, অনন্তর নন্দগোপ প্রভৃতি মহাবল গোপগণ, রাজাকে করপ্রদান পূর্ব্বক ভাণ্ডসমূহ দ্বারা শকট পূর্ণ করিয়া গৃহে গমন করিতে প্রবৃত্ত হইল।[৬]

অনন্তর নন্দ, গোকুলে বাস করিতেছেন, ঈদৃশ সময়ে পূতনা নাম্নী রাক্ষসী, রাত্রিকালে যাইয়া নিদ্রিত কৃষ্ণকে ক্রোড়ে লইয়া স্তন প্রদান করিল। পূতনার অভিপ্রায় ছিল, নন্দনন্দনকে বিনাশ করে।[৭] এই পূতনা যে যে বালককে রাত্রিকালে স্তনপ্রদান করিয়াছে, সেই সেই বালকই ক্ষণকাল মধ্যে অবশাঙ্গ হইয়া মৃত্যু-

কৃষ্ণস্তস্যাঃ স্তনং* গাঢ়ং করাভ্যামবপীড়িতম্।
গৃহীত্বা প্রাণসহিতং পপৌ কোপসমন্বিতঃ ॥৯॥
সা বিমুক্তমহারাবা বিচ্ছিন্নস্নায়ুবন্ধনা।
পপাত পূতনা ভূমৌ ম্রিয়মাণাতিভীষণা ॥১০॥
তন্নাদশ্রুতিসন্ত্রাসাৎ প্রবুদ্ধাস্তে ব্রজৌকসঃ।
দদৃশুঃ পূতনোৎসঙ্গে কৃষ্ণং তাঞ্চ নিপাতিতাম্॥১১॥
আদায় কৃষ্ণং সন্ত্রস্তা যশোদাপি দ্বিজোত্তম।
গোপুচ্ছং ভ্রাম্য হস্তেন বালদোষমপাকরোৎ ॥১২॥
গোঃ করীষমুপাদায় নন্দগোপোঽপি মস্তকে।
কৃষ্ণস্য প্রদদৌ রক্ষাং কুর্ব্বংশ্চৈতদুদীরয়ন্ ॥১৩॥

নন্দগোপ উবাচ।

রক্ষতু ত্বামশেষাণাং ভূতানাং প্রভবো হরিঃ।

মুখে পতিত হইয়াছে।[৮] কিন্তু কৃষ্ণ, বাহুদ্বয়দ্বারা গাঢ়রূপে তাহার স্তন আকর্ষণ করিয়া রোষভরে তাহার জীবনের সহিত সেই স্তন পান করিলেন।[৯] অতিভীষণাকৃতি পূতনা ম্রিয়মাণা হইয়া মহাশব্দ করিয়া ভূতলে পতিতা হইল। তাহার অস্থির সমুদায় বন্ধন বিচ্ছিন্ন হইয়া গেল।[১০] ব্রজবাসী গোপগণ, তাহার সেই শব্দ শ্রবণ করিয়া ত্রাস হেতু জাগরিত হইল এবং দেখিল যে, পূতনা পতিত হইয়া রহিয়াছে, তাহার ক্রোড়ে কৃষ্ণ রহিয়াছেন।[১১] ব্রহ্মন্! তখন যশোদা ভীতা হইয়া কৃষ্ণকে গ্রহণ পূর্ব্বক হস্তদ্বারা গোপুচ্ছ ঘুরাইয়া বালকের আপদ্ বিপদ্ দূর করিলেন।[১২] গোপ নন্দও মস্তকদ্বারা শুষ্ক গোময় গ্রহণপূর্ব্বক কৃষ্ণের রক্ষাবিধান করিয়া অনুক্ত মন্ত্রপাঠ করিতে লাগিলেন।[১৩]

* কৃষ্ণস্তু তংস্তনম্ ইতি বা পঠনীয়ম্।৯

যস্য নাভিসমুদ্ভূত-পঙ্কজাদভবজ্জগৎ ॥১৪॥
যেন দংষ্ট্রাগ্রবিধৃতা ধারয়ত্যবনী জগৎ।
বরাহরূপধৃগ্‌দেবঃ স ত্বাং রক্ষতু কেশবঃ ॥১৫॥
নখাঙ্কুরবিনির্ভিন্ন-বৈরিবক্ষস্থলো বিভুঃ।
নৃসিংহরূপী সর্ব্বত্র স ত্বাং রক্ষতু কেশবঃ ॥১৬॥
বামনো রক্ষতু সদা ভবন্তং যঃ ক্ষণাদভূৎ।
ত্রিবিক্রমঃ ক্রমাক্রান্ত-ত্রৈলোক্যঃ স্ফুরদায়ুধঃ ॥১৭॥
শিরস্তে পাতু গোবিন্দঃ কণ্ঠং রক্ষতু কেশবঃ।
গুহ্যঞ্চ জঠরং বিষ্ণুর্জ্জঙ্ঘাপাদৌ জনার্দ্দনঃ ॥১৮॥
মুখং বাহূ প্রবাহূ চ মনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ।
রক্ষত্বব্যাহতৈশ্বর্য্যস্তব নারায়ণোঽব্যয়ঃ ॥১৯॥

নন্দ কহিলেন, যাঁহার নাভি-সমুদ্ভূত পদ্ম হইতে এই জগৎ উৎপন্ন হইয়াছে, সকল প্রাণীর স্থষ্টিকর্ত্তা সেই হরি তোমাকে রক্ষা করুন।[১৪] যাঁহার দংষ্ট্রাগ্রদ্বারা বিধৃতা ধরণী সমুদায় জগৎ ধারণ করিতেছে, সেই বরাহ রূপধারী দেব কেশব তোমাকে রক্ষা করুন।[১৫] যিনি নখরূপ অঙ্কুশদ্বারা শত্রুর বক্ষঃস্থল বিদারণ করিয়াছিলেন, সেই নৃসিংহরূপী প্রভু কেশব, তোমার সর্ব্ব শরীর রক্ষা করুন।[১৬] যিনি ক্ষণকালের মধ্যে আয়ুধশালী ত্রিবিক্রম হইয়া চরণদ্বারা ত্রৈলোক্য আক্রমণ করিয়াছিলেন, সেই বামন তোমাকে সর্ব্বদা রক্ষা করুন।[১৭] গোবিন্দ তোমার মস্তক রক্ষা করুন, কেশব তোমার কণ্ঠ রক্ষা করুন, বিষ্ণু তোমার গুহ্যদেশ ও জঠর রক্ষা করুন, জনার্দ্দন তোমার জঙ্ঘাদ্বয় ও পাদদ্বয় রক্ষা করুন।[১৮] অব্যাহত ঐশ্বর্য্যশালী অব্যয় নারায়ণ তোমার মুখ, বাহুদ্বয়, বাহুর নিম্নস্থান মন ও সমুদায় ইন্দ্রিয় রক্ষা করুন।[১৯]

শার্ঙ্গ-চক্র-গদা-খড়্গ-শঙ্খনাদ-হতাঃ ক্ষয়ম্ ।
গচ্ছন্তু প্রেত-কুষ্মাণ্ড-রাক্ষসা যে তবাহিতাঃ ॥২০॥
ত্বাং পাতু দিক্ষু বৈকুণ্ঠো বিদিক্ষু মধুসূদনঃ ।
হৃষীকেশোঽম্বরে ভূমৌ রক্ষতু ত্বাং মহীধরঃ ॥২১॥
এবং কৃতস্বস্ত্যয়নো নন্দগোপেন বালকঃ ।
শায়িতঃ শকটস্যাধো বালপর্য্যঙ্কিকাতলে ॥২২॥
তে চ গোপা মহদ্দৃষ্ট্বা পূতনায়াঃ কলেবরম্ ।
মৃতায়াঃ পরমং ত্রাসং বিস্ময়ং পরমং যযুঃ ॥২৩॥

ইতিশ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমেঽংশে পঞ্চমোঽধ্যায়ঃ ।

প্রেত কুষ্মাণ্ড ও রাক্ষস প্রভৃতি যাহারা তোমার অনিষ্টাচরণ করিতে প্রবৃত্ত হয়, তাহারা বিষ্ণুর চক্রদ্বারা গদাদ্বারা খড়্গদ্বারা ও শঙ্খধ্বনিদ্বারা ক্ষত ও বিলয় প্রাপ্ত হউক।[২০] গোবিন্দ তোমার চতুর্দ্দিকে রক্ষা করুন, মধুসূদন তোমার বিদিক্ সমুদায়ে রক্ষা করুন, হৃষীকেশ তোমাকে আকাশে রক্ষা করুন, মহীধর অনন্তদেব তোমাকে ভূমিতে রক্ষা করুন।[২১]

নন্দ গোপ, এইরূপ স্বস্ত্যয়ন করিয়া বালক কৃষ্ণকে শকটের নিম্নে বালকের উপযুক্ত ক্ষুদ্র পর্য্যঙ্কে শয়ন করাইতে লাগিলেন।[২২] এ দিকে গোপগণ, মৃত পূতনার প্রকাণ্ড কলেবর অবলোকন করিয়া সাতিশয় ত্রাস ও বিস্ময়ে অভিভূত হইল।[২৩]

বিষ্ণুপুরাণ, পঞ্চম অংশ, পঞ্চম অধ্যায়
সমাপ্ত ।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমোঽংশঃ।

ষষ্ঠোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

কদাচিৎ শকটাধস্তাৎ শয়ানো মধুসূদনঃ।
চিক্ষেপ চরণাবূর্দ্ধং স্তন্যার্থী প্ররুরোদ চ ॥১॥
তস্য পাদপ্রহারেণ শকটং পরিবর্ত্তিতম্।
বিধ্বস্তকুম্ভভাণ্ডং বৈ বিপরীতং পপাত চ ॥২॥
ততো হাহাকৃতং সর্ব্বো* গোপগোপীজনো দ্বিজ!।
আজগামাথ দদৃশে বালমুত্তানশায়িনম্ ॥৩॥

পরাশর কহিলেন, একদা মধুসূদন, শকটের নিম্নে শয়ন করিয়া আছেন, এমত সময়ে তিনি স্তন পানার্থ রোদন করিতে করিতে চরণদ্বয় উৎক্ষিপ্ত করিলেন।[১] তাঁহার সেই পাদপ্রহারে শকট পরিবর্ত্তিত হইয়া বিপরীত ভাবে পতিত হইল। শকটের উপর যে সকল ভাণ্ড ও কুম্ভ ছিল, তৎসমুদায় ভগ্ন হইয়া গেল।[২] ব্রহ্মন্! অনন্তর গোপ ও গোপীগণ, সকলেই হাহাকার করিয়া সেই স্থানে উপস্থিত হইল এবং দেখিল যে, বালক উত্তান (চিৎ) হইয়া শয়ন

---

১ ততো হাহাকৃতঃ সর্ব্ব ইতি বা পঠ্যতাম্। ৩

গোপাঃ কেনেতি কেনেদং শকটং পরিবর্ত্তিতম্।
তত্রৈবং বালকাশ্চোচুর্ব্বালেনানেন* পাতিতম্ ॥৪॥
রুদতা দৃষ্টমস্মাভিঃ পাদবিক্ষেপ-তাড়িতম্।
শকটং পরিবৃত্তং বৈ নৈতদন্যস্য চেষ্টিতম্ ॥৫॥
ততঃ পুনরতীবাসন্ গোপা বিস্মিতচেতসঃ।
নন্দগোপোঽপি জগ্রাহ বালমত্যন্তবিস্মিতঃ ॥৬॥
যশোদা শকটারূঢ়-ভগ্নভাণ্ড-কপালিকাঃ।
শকটং চার্চ্চয়ামাস দধিপুষ্পফলাক্ষতৈঃ ॥৭॥
গর্গশ্চ গোকুলে তত্র বসুদেব-প্রণোদিতঃ।
প্রচ্ছন্ন এব গোপানাং সংস্কারানকরোৎতয়োঃ ॥৮॥
জ্যেষ্ঠঞ্চ রামমিত্যাহ কৃষ্ণঞ্চৈব তথাপরম্।

করিয়া রহিয়াছে।[৩] তখন গোপগণ বলিতে লাগিল যে, কোন্ ব্যক্তি এই শকট পরিবর্ত্তিত করিল? সেখানে যে সকল বালক ছিল। তাহারা কহিল, এই শিশু কৃষ্ণই এই সমুদায় ফেলিয়া দিয়াছে।[৪] আমরা দেখিয়াছি, এই শিশু রোদন করিতে করিতে ঊর্দ্ধে পদ নিঃক্ষেপ করিয়া শকটে আঘাত করাতে উহা পরিবর্ত্তিত হইয়াছে, ইহা অন্যের কার্য্য নহে।[৫] তখন গোপগণ অতীব বিস্মিত-হৃদয় হইল। নন্দগোপও অত্যন্ত বিস্ময়াবিষ্ট হইয়া বালককে ক্রোড়ে লইলেন।[৬] যশোদাও দধি পুষ্প ফল ও আতপতণ্ডুলদ্বারা শকটস্থিত সমুদায় ভগ্ন ভাণ্ড ও ভগ্ন সরাব এবং শকট পূজা করিতে লাগিলেন।[৭] অনন্তর বসুদেবের প্রার্থনানুসারে গর্গ, গোকুলে গমন করিয়া গোপগণেরও অজ্ঞাতসারে

১ বালকাঃ প্রোচুর্বালেনানেন ইতি বা পঠনীয়ম্।

গর্গো মতিমতাং শ্রেষ্ঠো নাম কুর্ব্বন্ মহামতিঃ ॥৯॥
স্বল্পেনৈব হি কালেন রিঙ্গিণৌ তৌ তদা ব্রজে।
ঘৃষ্টজানুকরৌ তৌ হি* বভূবতুরুভাবপি ॥১০॥
করীষ-ভস্ম-দিগ্ধাঙ্গৌ ভ্রমমাণাবিতস্ততঃ।
ন নিবারয়িতুং শেকে যশোদা ন চ রোহিণী ॥১১॥
গোবাটমধ্যে ক্রীড়ন্তৌ বৎসবাটগতৌ পুনঃ।

প্রচ্ছন্নভাবে রাম ও কৃষ্ণের ক্ষত্রিয়োচিত সংস্কার করিলেন।[৮] মহামতি গর্গ, নামকরণের সময় জ্যেষ্ঠের রাম ও কনিষ্ঠের কৃষ্ণ, এই নাম রাখিলেন।[৯]

অল্প কাল মধ্যেই ঐ বালকদ্বয় জানু ও কর ঘর্ষণ পূর্ব্বক ব্রজ-পুরীতে রিঙ্গমাণ হইয়া (হামাগুড়ি দিয়া) বেড়াইতে লাগিলেন।[১০] তাঁহারা শুষ্ক গোময় ও ভস্ম মাখিয়া যেথানে সেথানে ভ্রমণ করিয়া বেড়াইতে প্রবৃত্ত হইলেন। যশোদা ও রোহিণী, তাঁহাদিগকে নিবারণ করিয়া রাখিতে পারিলেন না।[১১] তাঁহারা গোগৃহ মধ্যে ও বৎসগৃহ মধ্যে পুনঃপুনঃ প্রবেশ করিয়া ক্রীড়া

---

* ঘৃষ্টজানুকরৌ তত্র ইতি কেচিৎ পঠন্তি। ১০

৮। শুক বলিয়াছেন যে, এক সময় গর্গ গোকুলে আসিলে নন্দ তাঁহার নিকট প্রার্থনা করিলেন, আপনি এই দুইটী বালকের নাম করণ করুন। তাহাতে গর্গ উত্তর করিলেন যে, আমি যদুকুলের আচার্য্য, ইহা সকলেই জ্ঞাত আছে, তুমি বসুদেবের প্রিয়তম সখা, পূর্ব্বে দৈববাণী হইয়াছিল যে, দেবকীর গর্ভজাত সন্তান কংসকে বিনাশ করিবে এবং দেবকী-গর্ভজাত-কন্যা কংসকে বলিয়াছে যে, যাঁহার হস্তে তোমার মৃত্যু হইবে, সেই বালক জন্মপরিগ্রহ করিয়াছে। ঈদৃশ অবস্থায় আমি যদুকুলের পুরোহিত হইয়া যদি এই বালকদ্বয়ের নামকরণ করি, তাহা হইলে কংস সন্দেহ করিবে যে, এই বালক দেবকীর গর্ভজাত পুত্র হইতে পারে। নন্দ, বন্ধুতার অনুরোধে দেবকী-পুত্রকে স্বীয় পুত্রের ন্যায় পালন করিতেছে, কংসের যদি এরূপ সন্দেহ হয়, তাহা হইলে মহাবিপদ্ উপস্থিত হইবে। অনন্তর নন্দ কহিলেন, আপনি নামকরণ করুন, এ বিষয় আমার পুরবাসীরাও কেহ জানিতে পারিবে না। তখন গর্গ তাহাতে সম্মত হইয়া অতিগোপনে রাম ও কৃষ্ণের নামকরণ করিলেন।

তদহর্যাত-গোবৎস-পুচ্ছাকর্ষণ-তৎপরৌ ॥১২॥
যদা যশোদা তৌ বালাবেকস্থানচরাবুভৌ।
শশাক নো বারয়িতুং ক্রীড়ন্তাবতিচঞ্চলৌ ॥১৩॥
যশোদা যষ্টিমাদায় কোপেনানুগতা চ তম্।
কৃষ্ণং কমলপত্রাক্ষং তর্জ্জয়ন্তী রুষা তদা ॥১৪॥
দাম্না বদ্ধা তদা মধ্যে নিবধ্যাথ উদূখলে।
কৃষ্ণমক্লিষ্টকর্ম্মাণমাহ চেদমমর্ষিতা ॥১৫॥
যদি শক্নোষি গচ্ছ ত্বমতিচঞ্চলচেষ্টিত ! ।
ইত্যুক্ত্বা চ নিজং কর্ম্ম সা চকার কুটুম্বিনী ॥১৬॥
ব্যগ্রায়ামথ তস্যাং স কর্ষমাণ উদূখলম্।
যমলার্জ্জুনমধ্যেন জগাম কমলেক্ষণঃ ॥১৭॥

করিতে করিতে সদ্যোজাত বৎসগণের পুচ্ছ ধরিয়া আকর্ষণ করিতেন।[১২] যখন একত্র বিচরণকারী ক্রীড়া-নিরত অতিচঞ্চল সেই বালকদ্বয়কে যশোদা নিবারণ করিতে সমর্থা হইলেন না,[১৩] তখন তিনি ক্রোধপূর্ব্বক এক গাছি যষ্টি গ্রহণ করিয়া পদ্ম-পলাসলোচন কৃষ্ণকে তর্জ্জন করিতে লাগিলেন।[১৪] পরে তিনি রজ্জুদ্বারা সেই অদ্ভুত-চরিত কৃষ্ণের কটিদেশ উদূখলে বন্ধন করিয়া ক্রোধপূর্ব্বক কহিলেন,[১৫] তুমি অতিশয় চঞ্চল, তোমার যদি ক্ষমতা থাকে, এখন গমন কর। নন্দপত্নী যশোদা এই কথা বলিয়া স্বীয় গৃহকর্ম্ম সম্পাদনের নিমিত্ত গমন করিলেন।[১৬] যশোদা যখন কর্ম্মান্তরে ব্যাপৃতা হইলেন, তখন কমললোচন কৃষ্ণ উদূখল আকর্ষণ করিয়া যমলার্জ্জুনের অর্থাৎ অর্জ্জুন-বৃক্ষযুগলের মধ্য দিয়া গমন করিতে লাগিলেন।[১৭] কৃষ্ণ বৃক্ষদ্বয়ের মধ্য দিয়া আকর্ষণ করা-তে উদূখল বক্রভাবে পতিত হইয়া বৃক্ষদ্বয়ে সংলগ্ন হইল। কৃষ্ণও

কর্ষতা বৃক্ষয়োর্মধ্যে তির্য্যগ্গতমুদুখলম্।
ভগ্নাবুত্তুঙ্গশাখাগ্রৌ তেন তৌ যমলার্জ্জুনৌ ॥১৮॥
ততঃ কটকটাশব্দং সমাকর্ণ্য চ কাতরঃ* ।
আজগাম ব্রজজনো দদৃশে চ মহাদ্রুমৌ ॥১৯॥
ভগ্নস্কন্ধৌ নিপতিতৌ ভগ্নশাখৌ মহীতলে।
নবোদ্গতাল্পদন্তাংশু-সিতহাসঞ্চ বালকম্† ॥২০॥
তয়োর্মধ্যগতং বদ্ধং দাম্না গাঢ়ং তথোদরে।
ততশ্চ দামোদরতাং স যযৌ দামবন্ধনাৎ ॥২১॥
গোপবৃদ্ধাস্ততঃ সর্ব্বে নন্দগোপপুরোগমাঃ।
মন্ত্রয়ামাসুরুদ্বিগ্না মহোৎপাতাতিভীরবঃ ॥২২॥
স্থানেনেহ ন নঃ কার্য্যং গচ্ছামোঽন্যন্মহাবনম্।

তখন তাহা আকর্ষণ করাতে প্রকাণ্ড শাখাবিশিষ্ট সেই অর্জ্জুন-বৃক্ষদ্বয় ভগ্ন হইল।[১৮] অনন্তর ব্রজবাসী গোপগণ, সেই বৃক্ষ ভঙ্গের কটকটা শব্দ শ্রবণে ভীত হইয়া সেই স্থানে আগমনপূর্ব্বক দেখিল যে, মহাবৃক্ষদ্বয়[১৯] ভগ্নস্কন্ধ ও ভগ্নশাখ হইয়া ভূতলে পতিত হইয়াছে। বালক, নূতন উদ্গত কএকটিমাত্র দন্ত প্রকাশ করিয়া হাস্য করিতেছেন।[২০] তিনি সেই বৃক্ষদ্বয়ের মধ্যে রজ্জুদ্বারা কটিদেশে দৃঢ়রূপে বদ্ধ আছেন। কৃষ্ণ, এইরূপে দামদ্বারা উদরে বদ্ধ হইয়াছিলেন বলিয়া সেই অবধি তিনি দামোদর নামে বিখ্যাত হইয়াছেন।[২১] অনন্তর নন্দপ্রভৃতি বৃদ্ধ গোপগণ, এই সকল আকস্মিক মহা উৎপাত দর্শনে ভীত ও উদ্বিগ্ন হইয়া মন্ত্রণা করিতে লাগিলেন,[২২] আমাদের আর এ স্থানে বাস করিবার প্রয়োজন নাই। চল আ-

* ততঃ কটকটাশব্দ-সমাকর্ণন-কাতরঃ ইতি বা পাঠঃ। ১৯
† -সিতহাসঞ্চ বালকম্ ইতি পাঠান্তরম্। ২০

উৎপাতা বহবো হ্যত্র* দৃশ্যন্তে নাশহেতবঃ ॥২৩॥
পূতনায়া বিনাশশ্চ শকটস্য বিপর্য্যয়ঃ।
বিনা বাতাদি-দোষেণ দ্রুময়োঃ পতনং তথা ॥২৪॥
বৃন্দাবনমিতঃ স্থানাৎ তস্মাদ্গচ্ছাম মা চিরম্ ।
যাবদ্ভৌমমহোৎপাত-দোষো নাভিভবেদ্ব্রজম্ ॥২৫॥
ইতি কৃত্বা মতিং সর্ব্বে গমনে তে ব্রজৌকসঃ।
ঊচুঃ স্বং স্বং কুলং† শীঘ্রং গম্যতাং মা বিলম্ব্যতাম্ ॥২৬
ততঃ ক্ষণেন প্রযযুঃ শকটৈর্গোধনৈস্তথা।
যূথশো বৎসবালাংশ্চ কালয়ন্তো ব্রজৌকসঃ ॥২৭॥
দ্রব্যাবয়বনির্দ্ধূতং ক্ষণমাত্রেণ তৎ তথা।

নরা অন্য কোন অরণ্যে গমন করি, কারণ এ স্থানে পুনঃপুনঃ প্রাণ-নাশক উৎপাত উপস্থিত হইতেছে।[২৩] পূতনার বিনাশ, শকট-বিপর্য্যয় এবং বায়ু প্রভৃতি কারণ ব্যতিরেকেও বৃক্ষদ্বয়ের পতন, (এই সমুদায় উৎপাত এখানে ঘটিল।)[২৪] এই ব্রজে যে পর্য্যন্ত গোপগণ, বাস বিষয়ক মহাদোষে অভিভূত না হয়, তাহার মধ্যেই আমরা এ-স্থান পরিত্যাগ পূর্ব্বক বৃন্দাবনে গিয়া বাস করি।[২৫] ব্রজবাসী গোপগণ, বৃন্দাবন গমনে এই রূপ কৃতনিশ্চয় হইয়া স্ব স্ব পরিবারগণকে কহিল, এস্থান হইতে চল, আর বিলম্বের প্রয়োজন নাই।[২৬] অনন্তর ক্ষণকাল মধ্যেই ব্রজবাসী জনগণ, শকটসমূহ ও গোধনসমূহ সমভিব্যাহারে লইয়া বৎস ও বালকগণ সমেত দলে দলে গমন করিতে লাগিল।[২৭] ব্রহ্মন্! ক্ষণকাল মধ্যেই দধিপ্রভৃতি অবশিষ্ট দ্রব্য পতিত থাকাতে ব্রজস্থান কাক ও কাকীগণে সমাকীর্ণ হইল।[২৮]

---

* উৎপাতা বহবোঽপ্যত্র ইতি বা পঠনীয়ম্ ।২৩

† উচুঃ স্বস্ব কুলম্ ইতি পুস্তকান্তরে দৃশ্যতে। ২৬

কাককাকী-সমাকীর্ণং ব্রজস্থানমভূদ্দ্বিজ* ! ॥২৮॥
বৃন্দাবনং ভগবতা কৃষ্ণেনাক্লিষ্টকর্ম্মণা † ।
শুভেন মনসা ধ্যাতং গবাং বৃদ্ধিমভীপ্সতা ॥২৯॥
ততস্তত্রাতিরুক্ষেঽপি ঘর্ম্মকালে দ্বিজোত্তম ।
প্রাবৃট্‌কাল ইবোদ্ভূতং নবং শস্যং সমন্ততঃ ॥৩০॥
স সমাবাসিতঃ সর্ব্বো ব্রজো বৃন্দাবনে ততঃ ।
শকটীবাটপর্য্যন্তঃ চন্দ্রার্দ্ধাকারসংস্থিতিঃ ॥৩১॥
বৎসপালৌ চ সংবৃত্তৌ রামদামোদরৌ ততঃ ।
একস্থানস্থিতৌ গোষ্ঠে চেরতুর্বাললীলয়া ॥৩২॥
বর্হিপত্র-কৃতাপীড়ৌ বন্যপুষ্পাবতংসকৌ ।

অনন্তর অদ্ভুত চরিত ভগবান্ কৃষ্ণ, গোগণের পুষ্টির নিমিত্ত অন্তঃকরণদ্বারা বৃন্দাবনের শুভানুধ্যান করিতে লাগিলেন। [২৯] ব্রহ্মন্! যদিও সে সময় অতিদারুণ গ্রীষ্মকাল, তথাপি সেখানে চতুর্দ্দিকে বর্ষাকালের ন্যায় নূতন শস্য উৎপন্ন হইতে লাগিল। [৩০] এই রূপে সমুদায় ব্রজবাসিগণ বৃন্দাবনে বাস করিল। প্রান্তভাগে শকটসমূহ অর্দ্ধচন্দ্রাকারে স্থাপিত হইল। [৩১]

কিছু দিন পরে রাম ও দামোদর, বৎস পালনে নিযুক্ত হইলেন। তাঁহারা দুই ভ্রাতা সর্ব্বদা একত্র হইয়া গোষ্ঠে বিচরণ ও বাল্যক্রীড়া করিতেন। [৩২] ময়ূরপুচ্ছ তাঁহাদের শিরোভূষণ এবং বন্য পুষ্প তাঁহাদের কর্ণভূষণ হইল। তাঁহারা গোপবেণুদ্বারা নির্ম্মিত মৃদঙ্গ ও পত্রদ্বারা নির্ম্মিত বাদ্য বাজাইতেন। [৩৩] সেই কাকপক্ষধারী

---

* ব্রজস্থানমভূদ্ধি তৎ ইত্যন্যে পঠন্তি। ২৮

† কৃষ্ণেনাকৃষ্টকর্ম্মণা ইতি পাঠান্তরম্। ২৯

গোপবেণুকৃতাতোদ্য-পত্রবাদ্য-কৃত-স্বনৌ ॥৩৩॥
কাকপক্ষধরৌ বালৌ কুমারাবিব পাবকী ।
হসন্তৌ চ রমন্তৌ চ চেরতুস্তৌ মহাবলৌ ॥৩৪॥
ক্বচিৎ হসন্তাবন্যোন্যং ক্রীড়মানৌ তথাপরৈঃ ।
গোপপুত্রৈঃ সমং বৎসাংশ্চারয়ন্তৌ বিচেরতুঃ ॥৩৫॥
কালেন গচ্ছতা তৌ তু সপ্তবর্ষৌ মহাব্রজে ।
সর্ব্বস্য জগতঃ পালৌ বৎসপালৌ বভূবতুঃ ॥৩৬॥
প্রাবৃট্ কালস্ততোঽতীব মেঘৌঘ-স্থগিতাম্বরঃ ।
বভুব বারিধারাভিরৈক্যং কুর্ব্বন্ দিশামিব ॥৩৭॥
প্ররূঢ়নবশস্যাঢ্যা শক্রগোপাচিতা মহী ।
তদা মারকতীবাসীৎ* পদ্মরাগ-বিভূষিতা ॥৩৮॥

মহাবল বালকদ্বয়, হাস্য ও ক্রীড়া করিয়া অগ্নিসম্ভূত কার্ত্তিকেয়-দ্বয়ের ন্যায় বিচরণ করিতে লাগিলেন।[৩৪] তাঁহারা কোন স্থানে উভয়ে হাস্য করিতেছেন, কোন স্থানে অপর গোপবালকের সহিত ক্রীড়ায় রত হইয়াছেন, এইরূপে বৎস চরাইয়া বিচরণ করিতেন।[৩৫] অনন্তর কিছু কাল অতীত হইলে সেই বালকদ্বয়, সপ্তম বর্ষে উপনীত হইলেন। তাঁহারা সমুদায় জগতের পালনকর্ত্তা হইয়াও বৎস পালন করিয়া বেড়াইতে লাগিলেন।[৩৬]

অনন্তর বর্ষাকাল উপস্থিত হইল। মেঘগণ আকাশমণ্ডল আচ্ছন্ন করিল। এরূপ মুষলধারে বৃষ্টি ধারা পতিত হইতে লাগিল, যেন দিক্ সকল একীভূত হইয়াছে বলিয়া বোধ হইল।[৩৭] পৃথিবী, নবশস্যে পরিপূর্ণা ও শক্র-গোপ অর্থাৎ লোহিতবর্ণ ইন্দ্রকীটদ্বারা ব্যাপ্ত হইয়া পদ্মরাগদ্বারা বিভূষিত মরকতমণিময় ভূমির ন্যায়

* যথা মারকতেবাসীৎ ইতি পাশ্চাত্ত্যসম্মতঃ পাঠঃ ।৩৮

জগ্মুঃ কুন্মার্গবাহীনি নিম্নগাম্ভাংসি সর্ব্বতঃ ।
মনাংসি দুর্ব্বিনীতানাং প্রাপ্য লক্ষ্মীং নবামিব ॥৩৯॥
ন রেজেঽন্তরিতশ্চন্দ্রো নির্ম্মলো মলিনৈর্ঘনৈঃ ।
সদ্বাক্যবাদো মূর্খাণাং প্রগল্‌ভাভিরিবোক্তিভিঃ॥৪০॥
নির্গুণেনাপি চাপেন শক্রস্য গগনে পদম্।
অবাপ্যতাবিবেকস্য নৃপস্যেব পরিগ্রহে ॥৪১॥
মেঘপৃষ্ঠে বলাকানাং ররাজ বিমলা ততিঃ ।
দুর্বৃত্তে বৃত্তচেষ্টেব কুলীনস্যাতিশোভনা ॥৪২॥
ন ববন্ধাম্বরে স্থৈর্য্যং বিদ্যুদত্যন্তচঞ্চলা ।
মৈত্রীব প্রবরে পুংসি দুর্জ্জনেন প্রয়োজিতা ॥৪৩॥
মার্গা বভূবুরস্পষ্টা নবশস্যচয়াবৃতাঃ ।

শোভা পাইতে লাগিল।[৩৮] নূতন ঐশ্বর্য্য প্রাপ্ত হইলে দুর্ব্বিনীত ব্যক্তিদিগের চিত্ত যেপ্রকার কুপথগামী হয়, সেই প্রকার নিম্নগা-সমূহের সলিলরাশিও কুপথে ধাবমান হইতে লাগিল।[৩৯] শশাঙ্ক, অতি নির্ম্মল হইলেও মলিন মেঘমণ্ডলে আবৃত হইয়া মূর্খদিগের প্রগল্‌ভ উক্তিদ্বারা আচ্ছাদিত সাধুবাক্যের ন্যায় অপ্রকাশ হইয়া থাকিল।[৪০] গুণহীন পুরুষ যেপ্রকার বিবেকশূন্য নৃপতিদিগের নিকট পদ অর্থাৎ প্রতিষ্ঠা লাভ করে, ইন্দ্রধনুও সেই প্রকার নির্গুণ অর্থাৎ জ্যাশূন্য হইয়াও নভোমণ্ডলে পদ অর্থাৎ স্থান প্রাপ্ত হইল।[৪১] দুর্বৃত্ত পুরুষে সাধুদিগের অতিসুন্দর সরল ভাবের ন্যায় মেঘপৃষ্ঠে বকগণের নির্ম্মল শ্রেণী অতীব শোভা বিস্তার করিতে লাগিল।[৪২] দুর্জ্জনের সহিত সাধু পুরুষের মিত্রতা যেরূপ অচির-স্থায়িনী হয়, তাহার ন্যায়, বিদ্যুৎ, বিস্তৃত নভোমণ্ডলেও স্থিরতা-শূন্য এবং চঞ্চল হইয়া উঠিল।[৪৩] জড় ব্যক্তিদিগের বাক্য অর্থা-

। অর্থান্তরমনুপ্রাপ্তাঃ প্রজড়ানামিবোক্তয়ঃ ॥৪৪॥
উন্মত্ত-শিখি-সারঙ্গে তস্মিন্ কালে মহাবনে* ।
কৃষ্ণরামৌ মুদা যুক্তৌ গোপালৈশ্চেরতুঃ সহ ॥৪৫॥
ক্বচিদ্গোপৈঃ সমং রম্যং গেয়নৃত্য-রতাবুভৌ ।
চেরতুঃ ক্বচিদত্যর্থং শীতবৃক্ষতলাশ্রয়ৌ ॥৪৬॥
ক্বচিৎ কদম্বস্রক্-চিত্রৌ ময়ূরস্রগ্ধরৌ ক্বচিৎ ।
বিচিত্রৌ ক্বচিদাসেতাং বিবিধৈর্গিরিধাতুভিঃ ॥৪৭॥
পর্ণশয্যাসু সংসুপ্তৌ ক্বচিন্নিদ্রান্তরৈষিণৌ ।
ক্বচিদ্গর্জ্জতি জীমূতে হাহাকাররবাদৃতৌ ॥৪৮॥

ন্তর প্রাপ্ত হইয়া যে প্রকার অস্পষ্ট হয়, তাহার ন্যায় পথ সমুদায়ও নব শস্যে আবৃত হইয়া অস্পষ্ট হইয়া উঠিল।[৪৪] ময়ূর ও ষট্পদগণের মত্ততা-জনক সেই মনোহর সময়ে, রাম ও কৃষ্ণ দুই জন মিলিত হইয়া গোপালগণের সহিত প্রীত মনে বিপিনে বিহার করিতে লাগিলেন।[৪৫]

রাম ও কৃষ্ণ, কোন স্থানে গোপগণের সহিত অতি সুন্দর গান এবং নৃত্য করিয়া বিচরণ করিতেন, কোন স্থানে অত্যন্ত শীতল মহীরুহগণের ছায়ায় উপবিষ্ট হইয়া বিশ্রাম করিতেন।[৪৬] তাঁহারা কোন সময় বিচিত্র কদম্বের মালা ধারণ পূর্ব্বক সুশোভিত হইয়া থাকিতেন, কখনও বা ময়ূরপুচ্ছের মালা ধারণ করিতেন, কখনও বা বিচিত্র গৈরিক ধাতুদ্বারা চিত্রিত হইয়া উপবেশন করিতেন।[৪৭] তাঁহারা কোন সময় নিদ্রা যাইবার নিমিত্ত পর্ণশয্যা নির্ম্মাণ করিয়া তাহাতে শয়ন করিয়া থাকিতেন, কখন আবার মেঘমণ্ডলের গভীর গর্জন শুনিয়া গোপ-শিশুগণের সহিত হো হো রব

---

* মহাবলে ইতি চ পাঠঃ ।৪৫

গায়তামন্যগোপানাং প্রশংসাপরমৌ ক্বচিৎ ।
ময়ূরকেকানুগতৌ গোপবেণুপ্রবাদকৌ ॥৪৯॥
ইতি নানাবিধৈর্ভাবৈরুত্তমপ্রীতি-সংযুতৌ ।
ক্রীড়াসক্তৌ বনে তস্মিন্ চেরতুঃ প্রীতমানসৌ* ॥৫০॥
বিকালে তু সমং গোভি-র্গোপবৃন্দ-সমন্বিতৌ † ।
আজগ্মতুঃ কৃষ্ণবলৌ গোপবেশধরাবুভৌ ॥৫১॥
বিকালে চ যথাজোষং ব্রজমেত্য মহাবলৌ ।
গোপৈঃ সমানৈঃ সহিতৌ চিক্রীড়াতেঽমরাবিব ॥৫২॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে ষষ্ঠোঽধ্যায়ঃ ।

করিতেন ।[৪৮] তাঁহারা কোন সময় গোপবালকদিগের সঙ্গীত শ্রবণ করিয়া প্রশংসা করিতে প্রবৃত্ত হইতেন, কখন বা ময়ূরধ্বনি শুনিতেন, কখন বা গোপদিগের বেণু বাজাইতেন ।[৪৯]

পরস্পর প্রীতিযুক্ত রাম ও কৃষ্ণ, এই রূপে নানাবিধ ভাবদ্বারা ক্রীড়ানিবিষ্ট হইয়া সন্তুষ্ট মনে ঐ বিপিনে বিচরণ করিতে লাগিলেন ।[৫০] তাঁহারা উভয়ে অপরাহ্ণে গোপবেশ ধারণ পূর্ব্বক গোগণে ও গোপগণে পরিবৃত হইয়া গৃহে প্রত্যাগমন করিতেন ।[৫১] মহাবল বলদেব ও কৃষ্ণ, উভয়ে অপরাহ্ণ সময়ে ব্রজে আগমন করিয়া দেবগণের ন্যায় বয়স্য গোপগণের সহিত যথাসুখে ক্রীড়া করিতে প্রবৃত্ত হইতেন ।[৫২]

বিষ্ণুপুরাণ, পঞ্চমাংশ ষষ্ঠ অধ্যায় সমাপ্ত ।

---

* চেরতুস্তুষ্টমানসৌ ইতি পাঠান্তরম্ । ৫০

† গোপীবৃন্দসমন্বিতৌ ইতি পাঠান্তরম্ । ৫১

বিষ্ণুপুরাণম্ ।

পঞ্চমোঽংশঃ ।

সপ্তমোঽধ্যায়ঃ ।

পরাশর উবাচ ।

একদা তু বিনা রামং কৃষ্ণো বৃন্দাবনং যযৌ ।
বিচচার বৃতো গোপৈর্ব্বন্যপুষ্পস্রগুজ্জ্বলঃ ॥১॥
স জগামাথ কালিন্দীং লোল-কল্লোল-শালিনীম্ ।
তীর-সংলগ্ন-ফেনৌঘৈর্হসন্তীমিব সর্ব্বতঃ ॥২॥
তস্যাং চাতিমহাভীমং বিষাগ্নি-শৃতবারিণম্* ।

পরাশর কহিলেন, একদা কৃষ্ণ বলরামকে সমভিব্যাহারে না লইয়া একাকী বৃন্দাবনে গমন করিলেন। তিনি সেখানে বন্য পুষ্পের মালাদ্বারা উজ্জ্বল বেশধারণ করিয়া গোপগণে পরিবৃত হইয়া বিচরণ করিতে লাগিলেন।[১] অনন্তর তিনি কালিন্দী নদীর নিকট উপস্থিত হইলেন। এই কালিন্দীর চঞ্চলতর তরঙ্গমালায় ফেণপুঞ্জ তীরে সংলগ্ন হওয়াতে বোধ হইল যেন সর্ব্বতোভাবে হাস্য করিতেছে।[২] তিনি সেই কালিন্দী নদীতে অতি ভয়ঙ্কর কালিয় নাগের হ্রদ দেখিতে পাইলেন। এই নাগের বিষাগ্নিদ্বারা

---

* বিষাগ্নিশ্রিতবারিণম্ ইতি কচিৎ পাঠঃ ।৩

হ্রদং কালিয়-নাগস্য দদৃশেঽতীব ভীষণম্* ॥৩॥
বিষাগ্নিনা বিসরতা দগ্ধতীর-মহাতরুম্।
বাতাহতাম্বুবিক্ষেপ-স্পর্শ-দগ্ধ-বিহঙ্গমম্ ॥৪॥
তমতীব মহারৌদ্রং মৃত্যুবক্ত্রমিবাপরম্।
বিলোক্য চিন্তয়ামাস ভগবান্ মধুসূদনঃ ॥৫॥
অস্মিন্ বসতি দুষ্টাত্মা কালিয়োঽসৌ বিষায়ুধঃ।
যো ময়া নির্জ্জিতস্ত্যক্ত্বা দুষ্টো নষ্টঃ পয়োনিধিম্ ॥৬॥
তেনেয়ং দূষিতা সর্ব্বা যমুনা সাগরং গতা †।

সমুদায় জল উত্তপ্ত ও অতীব ভীষণ হইয়াছে।[৩] এই সর্পের বিষাগ্নি চতুর্দ্দিকে বিস্তৃত হওয়াতে তীরস্থ প্রকাণ্ড প্রকাণ্ড বৃক্ষগণ দগ্ধ হইয়া গিয়াছে। পবনদ্বারা আহত ও পরিচালিত সলিলস্পর্শে তীরস্থ বিহঙ্গমগণ দগ্ধ হইতেছে।[৪]

অনন্তর ভগবান্ মধুসূদন, দ্বিতীয় কৃতান্তের মুখস্বরূপ মহারৌদ্র সর্পরাজকে অবলোকন করিয়া চিন্তা করিতে লাগিলেন,[৫] সুতীক্ষ্ণ বিষবিশিষ্ট সেই দুষ্টাত্মা কালিয় এই স্থলে অবস্থান করিতেছে। পূর্ব্বে এই দুষ্ট আমার স্বরূপ গরুড় কর্ত্তৃক পরাজিত হইয়া সমুদ্র হইতে পলায়ন করিয়াছিল।[৬] ইহাদ্বারাই সাগরগামিনী যমুনার

---

* হ্রদং কালীয়নাগস্য ইতি ক্বচিৎ পাঠঃ। ৩

† যমুনা সাগরাঙ্গনা ইতি বা পঠনীয়ম্।৭

৬। বিষ্ণুর বিভূতিস্বরূপ গরুড়, সর্পগণকে পরাজয় করাতে তাহারা সমুদ্র মধ্যস্থিত রামণীয়ক দ্বীপ পরিত্যাগ করিয়া পলায়ন করিয়াছিল। গরুড় তাহাদের অনুবর্ত্তী হইয়া অনেককেই বিনাশ করিল, এই কালিয় সর্প, কালিন্দীর জলে প্রবিষ্ট হইয়া অবস্থান করে। মৎস্যানুকম্পী মহর্ষি সৌভরির শাপানুসারে কালিন্দী হ্রদমধ্যে গরুড়ের প্রবেশ করিবার অধিকার ছিল না, তাহাতেই কালিয় সর্প নির্ব্বিঘ্নে ঐ স্থলে বাস করিয়া ছিল।

ন গোপৈর্গোধনৈর্ব্বাপি* তৃষার্ত্তৈরুপযুজ্যতে ॥৭॥
তদস্য নাগরাজস্য কর্ত্তব্যো নিগ্রহো ময়া।
নিস্ত্রাসাস্তু সুখং যেন চরেয়ুর্ব্রজবাসিনঃ ॥৮॥
এতদর্থং নৃলোকেঽস্মিন্ অবতারো ময়া কৃতঃ।
যদেষামুৎপথস্থানাং কার্য্যা শাস্তির্দুরাত্মনাম্ ॥৯॥
তদেনং নাতিদূরস্থং কদম্বমুরুশাখিনম্।
অধিরুহ্যোৎপতিষ্যামি হ্রদেঽস্মিন্নলিনাশিনঃ ॥১০॥

পরাশর উবাচ।

ইত্থং বিচিন্ত্য বদ্ধা চ গাঢ়ং পরিকরং ততঃ।
নিপপাত হ্রদে তত্র সর্পরাজস্য বেগিতঃ ॥১১॥

সমুদায় জল দূষিত হইয়াছে। তৃষ্ণার্ত্ত গোগণ বা গোপগণ ইহার জল পান করিতে সমর্থ হয় না।[৭] এক্ষণে ব্রজবাসিগণ যাহাতে ভয়শূন্য হইয়া পরমসুখে এখানে বিচরণ করিতে পারে, তজ্জন্য এই নাগরাজকে ত বিনাশ করা কর্ত্তব্য।[৮] আমি এই জন্যই এই মনুষ্যলোকে জন্ম পরিগ্রহ করিয়াছি যে, যে সকল দুরাত্মা কুপথগামী হইবে, তাহাদিগকে শাসন করিব।[৯] অতএব আমি এই সমীপবর্ত্তী কদম্ববৃক্ষে আরোহণ করিয়া এই সর্পের হ্রদে পতিত হইব।[১০]

পরাশর কহিলেন। অনন্তর কৃষ্ণ এই রূপ বিবেচনা করিয়া গাঢ়রূপে পরিকর বন্ধনপূর্ব্বক অতিবেগে সেই সর্পরাজের হ্রদে নিপ-

---

* ন নরৈর্গোধনৈর্ব্বাপি ইত্যপি পাঠঃ। ৭

১০ পুরাণান্তরে কথিত আছে, গরুড় যখন অমৃত আনয়নপূর্ব্বক প্রত্যাগমন করে, তখন এই কদম্ব বৃক্ষে উপবেশন করিয়াছিল, তাহাতেই কালিয়নাগের তীক্ষ্ণবিষে এই বৃক্ষটি বিনষ্ট হয় নাই।

তেনাপি পততা তত্র ক্ষোভিতঃ স মহাহ্রদঃ।
অত্যর্থং দূরজাতাংস্তু সমসিঞ্চন্ মহীরুহান্ ॥১২॥
তে হি দুষ্টবিষজ্বালা-তপ্তাম্বুপবনোক্ষিতাঃ।
জজ্বলুঃ পাদপাঃ সদ্যো জ্বালাব্যাপ্তদিগন্তরাঃ।
আস্ফোটয়ামাস তদা কৃষ্ণো নাগহ্রদে ভুজম্ ॥১৩॥
তচ্ছব্দশ্রবণাচ্চাশু নাগরাজোঽপ্যুপাগমৎ।
আতাম্রনয়নো দুষ্ট-বিষজ্বালাকুলৈঃ ফণৈঃ।
বৃতো মহাবিষৈশ্চান্যৈরুরগৈরনিলাশিভিঃ ॥১৪॥
নাগপত্ন্যশ্চ শতশো হারিহারোপশোভিতাঃ।
প্রকম্পিততনুক্ষেপ-চলৎকুণ্ডলকান্তয়ঃ ॥১৫॥

তিত হইলেন।[১১] কৃষ্ণ জলে পতিত হইবামাত্র সেই মহাহ্রদ বিক্ষোভিত হইল এবং তাহা হইতে তরঙ্গমালা উত্থিত হইয়া সুদূরজাত বৃক্ষগণকে সিক্ত করিতে লাগিল।[১২] সেই দুষ্ট সর্পের বিষসমূহে উত্তপ্ত জল ও উত্তপ্ত পবনদ্বারা সংস্পৃষ্ট সেই সমুদায় বৃক্ষ তৎক্ষণাৎ প্রজ্বলিত হইয়া উঠিল। তাহার অগ্নিশিখাদ্বারা চতুর্দ্দিক্ ব্যাপ্ত হইল। তখন কৃষ্ণ, সেই হ্রদের মধ্যে প্রবিষ্ট হইয়া বাহ্বাস্ফোটন করিতে লাগিলেন।[১৩] অনন্তর নাগরাজ, সেই শব্দ শ্রবণ করিবামাত্র তৎক্ষণাৎ বহির্গত হইল। ইহার নয়নদ্বয় তাম্রবর্ণ, ইহার ফণা বিষরূপ অগ্নিশিখায় আকুলিত রহিয়াছে। অন্যান্য মহাবিষ পবনাশন সর্পগণ, ইহার চতুর্দ্দিক্ বেষ্টন করিয়া রহিয়াছে।[১৪] মনোহর হারদ্বারা বিভূষিত শত শত নাগপত্নী, ইহার চতুর্দ্দিকে অবস্থান করিতেছে। ফণামণ্ডলের উৎক্ষেপদ্বারা তাহাদের প্রচলিত কুণ্ডল শোভমান হইতেছে।[১৫]

অনন্তর সর্পগণ, শরীরদ্বারা কৃষ্ণকে বেষ্টন করিয়া বিষাগ্নি-

ততঃ প্রবেশিতঃ সর্ব্বৈঃ স কৃষ্ণো ভোগবন্ধনম্।
দদংশুশ্চাপি তে কৃষ্ণং বিষজ্বালাবিলৈর্ম্মুখৈঃ ॥১৬॥
তং তত্র পতিতং দৃষ্ট্বা সর্পভোগনিপীড়িতম্।
গোপা ব্রজমুপাগম্য চুক্রুশুঃ শোকলালসাঃ ॥১৭॥
এষ মোহং গতঃ কৃষ্ণো মগ্নো বৈ কালিয়হ্রদে।
ভক্ষ্যতে সর্পরাজেন তদাগচ্ছত পশ্যত ॥১৮॥
তৎ শ্রুত্বা তে তদা গোপা বজ্রপাতোপমং বচঃ।
গোপ্যশ্চ ত্বরিতা জগ্মুর্যশোদাপ্রমুখা হ্রদম্ ॥১৯॥
হা হা ক্বাসাবিতি জনো গোপীনামতিবিহ্বলঃ।
যশোদয়া স সম্ভ্রান্তো দ্রুতং প্রস্খলিতং যযৌ* ॥২০॥
নন্দগোপশ্চ গোপাশ্চ রামশ্চাদ্ভুতবিক্রমঃ।

কলুষিত ফণাদ্বারা তাঁহাকে দংশন করিতে আরম্ভ করিল।[১৬] গোপগণ কৃষ্ণকে কালিয়-হ্রদে পতিত, কুণ্ডলীকৃত-সর্পশরীরে পরিবেষ্টিত ও নিপীড়িত দেখিয়া শোকাকুলিত চিত্তে ব্রজে গমনপূর্ব্বক উচ্চৈঃস্বরে রোদন করিতে আরম্ভ করিল[১৭] (এবং কহিতে লাগিল,) কৃষ্ণ, মোহাভিভূত হইয়া কালিয়-হ্রদে নিমগ্ন হইয়াছেন, সর্পরাজ তাঁহাকে ভক্ষণ করিতেছে, তোমরা আসিয়া অবলোকন কর।[১৮] যশোদা প্রভৃতি গোপীগণ ও গোপগণ বজ্রপাত-সদৃশ এই বাক্য শ্রবণ করিবামাত্র ত্বরান্বিত হইয়া সেই হ্রদের নিকট গমন করিল।[১৯] হায়! কৃষ্ণ কোথায় গমন করিলেন! এই কথা বলিয়া গোপীগণ সাতিশয় বিহ্বল হইল। যশোদা ভীতা ও ত্রস্তা হইয়া দ্রুতপদে ও স্খলিতপদে হ্রদের নিকট গমন করিলেন।[২০] অদ্ভুত বিক্রমশালী রাম, নন্দগোপ ও অন্যান্য

* যশোদয়া সমং ভ্রান্তো দ্রুতপ্রস্খলিতং যযৌ ইতি বা পাঠঃ। ২০

ত্বরিতং যমুনাং জগ্মুঃ কৃষ্ণদর্শনলালসাঃ ॥২১॥
দদৃশুশ্চাপি তে তত্র সর্পরাজবশং গতম্।
নিঃপ্রযত্নং কৃতং কৃষ্ণং* সর্পভোগেন বেষ্টিতম্ ॥২২
নন্দগোপশ্চ নিশ্চেষ্টো ন্যাস্য পুত্রমুখে দৃশৌ †।
যশোদা চ মহাভাগা বভূব মুনিসত্তম ! ॥২৩॥
গোপ্যাস্ত্বন্যা রুদন্ত্যশ্চ দদৃশুঃ শোককাতরাঃ।
প্রোচুশ্চ কেশবং প্রীত্যা ভয়কাতর্য্যগদ্গদম্ ॥২৪॥
সর্বা যশোদয়া সার্দ্ধং বিশামোঽত্র মহাহ্রদে।
নাগরাজস্য, নো গন্তুমস্মাকং যুজ্যতে ব্রজে ॥২৫॥
দিবসঃ কো বিনা সূর্য্যং বিনা চন্দ্রেণ কা নিশা।
বিনা বৃষেণ কা গাবো বিনা কৃষ্ণেন কো ব্রজঃ ॥২৬॥

গোপগণ, কৃষ্ণকে দেখিবার নিমিত্ত ব্যাকুল হইয়া সত্বর গমনে যমুনার নিকট উপস্থিত হইলেন।[২১] তাঁহারা দেখিলেন, কৃষ্ণ সর্পশরীরে বেষ্টিত, সর্পরাজের বশীভূত ও চেষ্টাশূন্য হইয়া পড়িয়া আছেন।[২২] মুনিশ্রেষ্ঠ! নন্দগোপ ও মহাভাগা যশোদা, পুত্রের মুখে দৃষ্টি নিঃক্ষেপ করিয়া এককালে নিশ্চেষ্ট হইয়া পড়িলেন।[২৩] অন্যান্য গোপীগণ শোকে কাতর হইয়া রোদন করিতে করিতে ভয়ে বিহ্বল ও গদ্গদ বাক্যে প্রীতিপ্রদর্শনপূর্ব্বক কৃষ্ণকে কহিতে লাগিল যে,[২৪] আমরা সকলে যশোদার সহিত এই নাগরাজের মহাহ্রদে প্রবিষ্ট হইব। আমরা আর ব্রজে গমন করিতে পারিব না।[২৫] সূর্য্য ব্যতিরেকে দিবস, চন্দ্র ব্যতিরেকে রজনী, বৃষভ ব্যতিরেকে গাভী ও কৃষ্ণ ব্যতিরেকে ব্রজস্থান, কখনই শোভা পায় না।[২৬]

---

* নিঃপ্রযত্নীকৃতং কৃষ্ণম্ ইতি পাঠান্তরম্। ২২
† ন্যাস্যদত্র মুখে দৃশম্ ইতি বা পঠনীয়ম্। ২৩

বিনা কৃতা ন যাস্যামঃ কৃষ্ণেনানেন গোকুলম্।
অরণ্যং নাপি সেব্যঞ্চ* বারিহীনং যথা সরঃ ॥২৭॥
যত্র নেন্দীবরদল-প্রখ্যকান্তিরয়ং হরিঃ।
তেনাপি মাতুর্ব্বাসেন রতিরস্তীতি বিস্ময়ঃ ॥২৮॥
উৎফুল্লপঙ্কজদল-স্পষ্টকান্তিবিলোচনম্।
অপশ্যন্তো হরিং দীনাঃ কথং গোষ্ঠে ভবিষ্যথ † ॥২৯
অত্যন্তমধুরালাপ হৃতাশেষমনোধনাঃ।
ন বিনা পুণ্ডরীকাক্ষং যাস্যামো নন্দগোকুলম্ ॥৩০॥
ভোগেনাবেষ্টিতস্যাপি সর্পরাজেন পশ্যত।
স্মিতশোভি মুখং গোপ্যঃ! কৃষ্ণস্যাস্মদ্বিলোকনে ॥৩১

আমরা বারিহীন সরোবরের ন্যায় কৃষ্ণ-বিরহিত হইয়া গোকুলে গমন করিব না, অরণ্যেও বিচরণ করিতে সমর্থ হইব না।[২৭] যেখানে ইন্দীবরদলের ন্যায় শ্যামকান্তি এই হরি নাই, সে স্থান মাতৃগৃহ হইলেও কাহারো সুখজনক নহে।[২৮] আমরা উৎফুল্ল-কমলদল-সদৃশ-লোচনযুগল-বিভূষিত হরিকে গোষ্ঠে না দেখিয়া দুঃখিত-হৃদয়ে কিরূপে জীবন ধারণ করিব।[২৯] যিনি অতীব রমণীয় মধুর আলাপদ্বারা সকলের হৃদয়রূপ ধন অপহরণ করিয়াছেন, সেই পুণ্ডরীকনয়ন কৃষ্ণ ব্যতিরেকে আমরা গোকুলে নন্দালয়ে গমন করিব না।[৩০] গোপীগণ! ঐ দেখ, কৃষ্ণ যদিও সর্পরাজ কর্ত্তৃক ভোগ-দ্বারা পরিবেষ্টিত হইয়াছেন, তথাপি আমাদের প্রতি এরূপ দৃষ্টি-পাত করিয়া রহিয়াছেন, যেন মুখে ঈষৎ হাস্যের শোভা প্রকাশ-মান হইতেছে।[৩১]

---

* অরণ্যং নাতিসেব্যঞ্চ ইতি বা পঠ্যতাম্।২৭
† কথং গোষ্ঠে ভবিষ্যথ ইতি বা পঠনীয়ম্।২৯

পরাশর উবাচ।

ইতি গোপীবচঃ শ্রুত্বা রৌহিণেয়ো মহাবলঃ।
গোপাংশ্চ ত্রাসবিধুরান্ বিলোক্য স্তিমিতেক্ষণঃ ॥৩২
নন্দঞ্চ দীনমত্যর্থং ন্যস্তদৃষ্টিং সুতাননে।
মূর্চ্ছাকুলাং যশোদাঞ্চ কৃষ্ণমাহাত্ম্যসংজ্ঞয়া ॥৩৩॥
কিমিদং দেবদেবেশ! ভাবোহয়ং মানুষস্ত্বয়া।
ব্যজ্যতেহত্যন্তমাত্মানং কিমনন্তং ন বেৎসি যৎ ॥৩৪
ত্বমস্য জগতো নাভিররাণামিব সংশ্রয়ঃ।
কর্ত্তাপহর্ত্তা পাতা চ ত্রৈলোক্যে ত্বং ত্রয়ীময়ঃ ॥৩৫॥
সেন্দ্ররুদ্রাশ্বিবসুভিরাদিত্যৈর্ম্মরুদগ্নিভিঃ।
চিন্ত্যসে ত্বমচিন্ত্যাত্মন্ সমস্তৈশ্চৈব যোগিভিঃ ॥৩৬

পরাশর কহিলেন। মহাবল রোহিণীনন্দন বলদেব, গোপী-গণের এই বাক্য শ্রবণ করিয়া এবং গোপগণকে বিহ্বল দেখিয়া স্থির নেত্রে কৃষ্ণকে অবলোকন করিতে লাগিলেন।[৩২] তিনি, নন্দকে অত্যন্ত কাতর হইয়া কৃষ্ণের প্রতি অনিমিষ নেত্রে দৃষ্টিপাত করিয়া থাকিতে দেখিয়া এবং যশোদাকে মূর্চ্ছাপন্না অবলোকন করিয়া সঙ্কেতদ্বারা কৃষ্ণকে কহিতে লাগিলেন।[৩৩]

দেবদেবেশ! তুমি কিনিমিত্ত ঈদৃশ মানুষভাব প্রকাশ করি-তেছ? তুমি আপনাকে অনন্তস্বরূপ বলিয়া জানিতে পারিতেছ না?[৩৪] চক্রের নাভি যেমন অরসমূহের আশ্রয়, তাহার ন্যায় তুমি জগতের আশ্রয়স্বরূপ হইতেছ। তুমি জগতের সৃষ্টিকর্ত্তা, তুমি জগতের রক্ষাকর্ত্তা, তুমি জগতের সংহারকর্ত্তা। এই ত্রৈলোক্যের মধ্যে তুমিই ত্রয়ীময় অর্থাৎ বেদময়।[৩৫] অচিন্ত্যাত্মন্! ইন্দ্র, রুদ্রগণ,

৩৫। অর—চক্রের শলাকা। যাহাদ্বারা নাভি ও প্রান্তের সংযোগ হয়। ৮৩

জগত্যর্থং জগন্নাথ! ভারাবতরণেচ্ছয়া।
অবতীর্ণোঽত্র মর্ত্ত্যেষু তবাংশশ্চাহমগ্রজঃ ॥৩৭॥
মনুষ্যলীলাং ভগবন্ ভজতা ভবতা সুরাঃ।
বিড়ম্বয়ন্তস্ত্বল্লীলাং সর্ব্ব এব সমাসতে ॥৩৮॥
অবতার্য্য ভবান্ পূর্ব্বং গোকুলেঽত্র সুরাঙ্গনাঃ।
ক্রীড়ার্থমাত্মনঃ পশ্চাদবতীর্ণোঽসি শাশ্বতঃ ॥৩৯॥
অত্রাবতীর্ণা যে কৃষ্ণ! গোপা এব হি বান্ধবাঃ।
গোপ্যশ্চ সীদতঃ কস্মাৎ ত্বং বন্ধূন্ সমুপেক্ষসে* ॥৪০
দর্শিতো মানুষো ভাবো দর্শিতং বালচাপলম্।
তদয়ং দম্যতাং কৃষ্ণ! দরাত্মা দশনায়ুধঃ ॥৪১॥

অশ্বিনীকুমারযুগল, বসুগণ, আদিত্যগণ, মরুদ্গণ, অগ্নিগণ, ও সমুদায় যোগিগণ তোমাকে চিন্তা করিয়া থাকেন।[৩৬] জগন্নাথ! এই জগতের ভারাবতারণের নিমিত্ত ও জগতের মঙ্গলের নিমিত্ত তুমি এই মর্ত্ত্যলোকে অবতীর্ণ হইয়াছ। আমি তোমার অংশস্বরূপ ও তোমার জ্যেষ্ঠ ভ্রাতা।[৩৭] ভগবন্! তুমি মনুষ্যলীলা অবলম্বন করাতে অন্যান্য দেবতার অংশ এই সমুদায় গোপগণ, সকল বিষয়েই তোমার অনুকরণ করিয়া তোমার সহিত ক্রীড়া করিয়া থাকেন।[৩৮] তুমি নিত্য হইয়াও আপনার ক্রীড়ার নিমিত্ত প্রথমতঃ সুরাঙ্গনাগণকে এই গোকুলে অবতীর্ণ হইতে অনুমতি দিয়া পশ্চাৎ স্বয়ং অবতীর্ণ হইয়াছ।[৩৯] কৃষ্ণ! যে সকল গোপগণ ও যে সকল গোপীগণ এই গোকুলে অবতীর্ণ হইয়াছেন, তাঁহারা সকলেই তোমার পরম আত্মীয়। তুমি এই সমুদায় বন্ধুবান্ধবগণকে বিষণ্ণ হইতে দেখিয়াও কিজন্য উপেক্ষা করিতেছ।[৪০]

১ কস্মান্ন বন্ধূন্ সমুপেক্ষসে ইতি পুস্তকান্তরে দৃশ্যতে। ৪০

পরাশর উবাচ।

ইতি সংস্মারিতঃ কৃষ্ণঃ স্মিতভিন্নোষ্ঠ-সংপুটঃ।
আস্ফোট্য মোচয়ামাস স্বদেহং ভোগবন্ধনাৎ ॥৪২॥
আনম্য চাপি হস্তাভ্যামুভাভ্যাং মধ্যমং ফণম্।
আরুহ্যাভুগ্নশিরসঃ প্রননর্ত্তোরুবিক্রমঃ ॥৪৩॥
ব্রণাঃ ফণেঽভবংস্তস্য কৃষ্ণস্যাঙ্ঘ্রিনিকুট্টনৈঃ।
যত্রোন্নতিঞ্চ কুরুতে ননামাস্য ততঃ শিরঃ ॥৪৪॥
মূর্চ্ছামুপযযৌ ভ্রান্ত্যা নাগঃ কৃষ্ণস্য রেচকৈঃ।
দণ্ডপাতনিপাতেন ববাম রুধিরং বহু ॥৪৫॥
তন্নির্ভিন্নশিরোগ্রীবমাস্যেভ্যঃ স্রুতশোণিতম্ *।

কৃষ্ণ! তুমি বালকের ন্যায় চাঞ্চল্য প্রদর্শন করিয়াছ, মানুষের ন্যায় স্বভাব দেখাইয়াছ, অতএব এক্ষণে ঐ দুরাত্মা দংষ্ট্রায়ুধ সর্পকে দমন কর।[৪১]

পরাশর কহিলেন, বলরাম এইরূপ স্মরণ করিয়া দিলে কৃষ্ণ ঈষৎ হাস্য করিয়া আস্ফালন পূর্ব্বক সর্পশরীররূপ বন্ধন হইতে নিজ কলেবর মুক্ত করিলেন।[৪২] অনন্তর মহাবিক্রমশালী কৃষ্ণ, উভয় হস্তদ্বারা নাগরাজের মধ্যম ফণা অবনত করিয়া ঈষৎ নম্র তদীয় মস্তকের উপর নৃত্য করিতে লাগিলেন।[৪৩] পরে কৃষ্ণের পাদক্ষেপদ্বারা নাগরাজের ফণা অঙ্কিত হইল। সর্পগণ (দংশন কালে) যে ফণা উন্নত করে, কৃষ্ণ তাহা নত করিয়া দিলেন।[৪৪] কৃষ্ণ ভ্রমণপূর্ব্বক নৃত্য করাতে সর্প মূর্চ্ছিত হইল। নৃত্য কালে তাঁহার রেচকনামক গতিবিশেষদ্বারা সর্পের মস্তকে যেন দণ্ড নিপতিত হইতে লাগিল সুতরাং তৎকালে সর্পরাজ ভূরি পরিমাণে রুধির বমন করিতে আরম্ভ করিল।[৪৫] নাগপত্নীগণ

* আস্যেভ্যঃ স্রুতশোণিতম্ ইত্যন্যে পঠন্তি। ৪৬

বিলোক্য শরণং জগ্মুস্তৎপত্ন্যো মধুসূদনম্ ॥৪৬॥
নাগপত্ন্য ঊচুঃ।
জ্ঞাতোঽসি দেবদেবেশ সর্ব্বেশস্ত্বমনুত্তম! ।
পরং জ্যোতিরচিন্ত্যং যস্তদংশঃ পরমেশ্বরঃ ॥৪৭॥
ন সমর্থাঃ সুরাস্তোতুং যমনন্যভবং প্রভুম্।
স্বরূপবর্ণনং তস্য কথং যোষিৎ করিষ্যতি ॥৪৮॥
যস্যাখিলং মহী ব্যোম-জলাগ্নি-পবনাত্মকম্।
ব্রহ্মাণ্ডমল্পকাংশাংশস্তোষ্যামস্তং কথং বয়ম্ ॥৪৯॥
যতন্তো ন বিদুর্নিত্যং যৎস্বরূপমযোগিনঃ।
পরমার্থমণোরল্পং স্থূলাৎ স্থূলং নতাঃ স্ম তম্ ॥৫০॥

যখন দেখিল, সর্পরাজের মস্তক গ্রীবা ও মাংস নির্ভিন্ন হইয়া শোণিতধারা নিপতিত হইতেছে, তখন তাহারা সেই মধুসূদনের শরণাপন্ন হইল।[৪৬]

নাগপত্নীগণ কহিল, দেবদেব! আপনি সকলের শ্রেষ্ঠ ও ঈশ্বর, ইহা আমরা জানিতে পারিয়াছি। যিনি অচিন্তনীয় পরমজ্যোতিঃ পরমেশ্বর, আপনি তাঁহারই অংশ।[৪৭] আপনি সকলের প্রভু, আপনকার সৃষ্টিকর্ত্তা কেহই নাই। যখন দেবগণও আপনকার স্তব করিতে সমর্থ নহেন, তখন আমরা স্ত্রীলোক হইয়া কিরূপে আপনকার স্বরূপ বর্ণন করিতে সমর্থ হইব।[৪৮] পৃথিবী, আকাশ, জল, অগ্নি ও পবন, এই পঞ্চভূতময় নিখিল ব্রহ্মাণ্ড যাঁহার সামান্য অংশস্বরূপ, তাঁহাকে আমরা কিরূপে স্তব করিতে সমর্থ হইব?[৪৯] যাঁহারা যোগী নহেন, তাঁহারা নিরন্তর যত্নবান্ হইয়াও যাঁহার স্বরূপ নিরূপণ করিতে সমর্থ হন না, যিনি পরমাত্মস্বরূপ, যিনি অণু হইতেও অণু স্থূল হইতেও স্থূল, আমরা তাঁহাকে নম-

ন যস্য জন্মনে ধাতা যস্য নান্তায় চান্তকঃ।
স্থিতিকর্ত্তা ন চান্যোঽস্তি যস্য তস্মৈ নমঃ সদা ॥৫১॥
কোপঃ স্বল্পোঽপি তে নাস্তি ক্ষিতিপালনমেব তে*।
কারণং কালিয়স্যাস্য দমনে শ্রূয়তামতঃ ॥৫২॥
স্ত্রিয়োঽনুকম্প্যাঃ সাধূনাং মূঢ়া দীনাশ্চ জন্তবঃ।
যতস্ততোঽস্য দীনস্য ক্ষম্যতাং ক্ষমতাং বর ॥৫৩॥
সমস্ত-জগদাধারো ভবানল্পবলঃ ফণী†।
ত্বয়া চ পীড়িতো জহ্যাৎ মুহূর্ত্তার্দ্ধেন জীবিতম্ ॥৫৪॥
ক্ক পন্নগোঽল্পবীর্য্যোঽয়ং ক্ক ভবান্ ভুবনাশ্রয়ঃ।
প্রীতিদ্বেষৌ সমোৎকৃষ্ট-গোচরৌ চ যতোঽব্যয় ॥৫৫

স্কার করি।[৫০] ব্রহ্মা যাঁহার সৃষ্টিকর্ত্তা নহেন, যম যাঁহাকে সংহার করিতে পারেন না, যাঁহার অন্য কেহ পালনকর্ত্তা নাই, তাঁহাকে আমরা সর্ব্বদা নমস্কার করি।[৫১] (আমরা জ্ঞাত আছি,) আপনকার অণুমাত্রও ক্রোধ নাই। আপনি নিরন্তর কেবল পৃথিবী পালন করিয়াই থাকেন। অতএব আপনি কিজন্য যে এই কালিয় সর্পকে দমন করিতেছেন, তাহা জানি না।[৫২] সাধুগণ, অনভিজ্ঞ কাতর জীবগণের প্রতি ও স্ত্রীলোকের প্রতি অনুকম্পা প্রকাশ করিয়া থাকেন, অতএব আপনি যদিও ক্ষমতাশালী, তথাপি এই কাতর সর্পকে ক্ষমা করুন।[৫৩] আপনি সমুদায় জগতের আধারস্বরূপ, এই সর্প সামান্য বলবিশিষ্ট, আপনি পীড়ন করিলে এই সর্প অর্দ্ধমুহূর্ত্তের মধ্যেই জীবন ত্যাগ করিবে।[৫৪]এই দীন অল্পবীর্য্য সর্প, ও জগতের আশ্রয় অব্যয় পুরুষ আপনি, এ উভয়ের অনেক অন্তর। দেখুন, প্রীতি ও দ্বেষ, এই

* স্থিতিপালনমেব তে ইতি ক্বচিৎ পাঠঃ। ৫২

† ভবানপ্যগুজঃ ফণী ইতি পাঠান্তরম্। ৫৪

ততঃ কুরু জগৎস্বামিন্ প্রসাদমবসীদতঃ ।
প্রাণাংস্ত্যজতি নাগোঽয়ং ভর্তৃভিক্ষাং প্রদীয়তাম্ ॥৫৬

পরাশর উবাচ ।

ইত্যুক্তে তাভিরাশ্বস্য ক্লান্তদেহোঽপি পন্নগঃ ।
প্রসীদ দেবদেবেতি প্রাহ বাক্যং শনৈঃ শনৈঃ ॥৫৭
তবাষ্টগুণমৈশ্বর্য্যং নাথ ! স্বাভাবিকং বলম্ ।
নিরস্তাতিশয়ং যস্য তস্য স্তোষ্যামি কিং ত্বহম্ ॥৫৮॥
ত্বং পরস্ত্বং পরস্যাদ্যঃ পরং ত্বত্তঃ পরাত্মক ।
পরস্মাৎ পরমো যস্ত্বং*ততস্তোষ্যামি কিং ত্বহম্ ॥৫৯

উভয় সমান ও উৎকৃষ্ট ব্যক্তির প্রতিই নিরন্তর নিহিত হইয়া থাকে।[৫৫] জগৎস্বামিন্! আপনি আমাদের প্রতি প্রসন্ন হউন। এই সর্প মৃতপ্রায় হইয়াছে, ইহার প্রতি কৃপা প্রকাশ করুন। এই সর্প প্রাণত্যাগ করিতেছে, আপনি আমাদিগকে ভর্ত্তারূপ ভিক্ষা প্রদান করুন।[৫৬]

পরাশর কহিলেন, নাগপত্নীগণ যখন এই রূপ কহিল, তখন নাগরাজ যদিও একান্ত ক্লান্ত হইয়াছিল, তথাপি কিঞ্চিৎ আশ্বস্ত হইয়া শনৈঃ শনৈঃ কহিল, দেবদেব! প্রসন্ন হউন।[৫৭]

যাঁহার অণিমা লঘিমা প্রভৃতি অষ্টবিধ ঐশ্বর্য্য, যাঁহার স্বভাবসিদ্ধ অসীম বল, আমি তাঁহার কি স্তব করিব।[৫৮] আপনি সকলের শ্রেষ্ঠ, আপনি হিরণ্যগর্ভের উৎপাদক। আপনা হইতে প্রকৃতি উৎপন্না হইয়াছে। আপনি প্রকৃতির পরিচালক, আপনি প্রকৃতি হইতেও শ্রেষ্ঠ অর্থাৎ পুরুষ, অতএব আমি কিরূপে আপনকার স্তব করিতে সমর্থ হইব।[৫৯] যাঁহা হইতে ব্রহ্মা, রুদ্রগণ,

---

* পরস্মাৎ পরমেশস্ত্বম্ ইত্যপি পাঠঃ ।৫৯

যস্মাৎ ব্রহ্মা চ রুদ্রশ্চ চন্দ্রেন্দ্রমরুতোঽশ্বিনৌ ।
বসবশ্চ সহাদিত্যৈস্তস্ত স্তোষ্যামি কিং ত্বহম্‌ ॥৬০॥
একাবয়বসূক্ষ্মাংশো যস্যৈতদখিলং জগৎ ।
কল্পনাবয়বস্ত্বেষ তং স্তোষ্যামি কথং ত্বহম্‌ ॥৬১॥
সদসদ্রূপিণো যস্য ব্রহ্মাদ্যাস্ত্রিদশোত্তমাঃ ।
পরমার্থং ন জানন্তি তস্য স্তোষ্যামি কিং ত্বহম্‌ ॥৬২॥
ব্রহ্মাদ্যৈরর্চ্চ্যতে দিব্যৈর্যশ্চ পুষ্পানুলেপনৈঃ ।
নন্দনাদিসমুদ্ভূতৈঃ সোঽর্চ্চ্যতে বা কথং ময়া ॥৬৩॥
যস্যাবতাররূপাণি দেবরাজঃ সদার্চ্চতি ।
ন বেত্তি পরমং রূপং সোঽর্চ্চ্যতে বা কথং ময়া ।৬৪॥
বিষয়েভ্যঃ সমাহৃত্য সর্ব্বাক্ষাণি চ যোগিনঃ ।
সমর্চ্চয়ন্তি ধ্যানেন সোঽর্চ্চ্যতে বা কথং ময়া ॥৬৫॥

চন্দ্র, ইন্দ্র, মরুদ্গণ, অশ্বিনীকুমারযুগল, বসুগণ ও আদিত্যগণ উৎপন্ন হইয়াছেন, আমি কিরূপে তাঁহার স্তব করিতে সমর্থ হইব।[৬০] এই অখিল ব্রহ্মাণ্ড যাঁহার এক অবয়বের একটি সূক্ষ্ম অংশস্বরূপ হইতেছে, তাঁহার সমুদায় শরীর কল্পনা করিয়া আমি কিরূপে স্তব করিতে সমর্থ হইব।[৬১] যিনি কার্য্যকারণ স্বরূপ ব্রহ্মা-প্রভৃতি দেবগণ যাঁহার প্রকৃত তত্ত্ব অবগত হইতে সমর্থ নহেন, আমি কিরূপে তাঁহার স্তব করিতে সমর্থ হইব।[৬২] ব্রহ্মা প্রভৃতি দেবগণ, কল্পবৃক্ষাদি হইতে সমুৎপন্ন পুষ্প চন্দনাদিদ্বারা যাঁহার অর্চ্চনা করেন, আমি কিরূপে তাহার অর্চ্চনা করিতে সমর্থ হইব।[৬৩] দেবরাজ ইন্দ্র সর্ব্বদা যাঁহার অবতার রূপের অর্চ্চনা করেন, ও যাঁহার প্রকৃত রূপ জানিতে সমর্থ হন না, আমি কি-রূপে তাঁহার অর্চ্চনা করিব।[৬৪] যোগিগণ বিষয় হইতে সমুদায়

হৃদি সংকল্প্য যদ্রূপং ধ্যানেনার্চ্চন্তি যোগিনঃ ।
ভাবপুষ্পাদিনা নাথ !* সোঽর্চ্চ্যতে বা কথং ময়া ॥৬৬॥
সোঽহং তে দেবদেবেশ ! নার্চ্চনায়াং স্তুতৌ ন চ†।
সামর্থ্যবান্ কৃপামাত্র-মনোবৃত্তিঃ প্রসীদ মে ॥৬৭॥
সর্পজাতিরিয়ং ক্রূরা যস্যাং জাতোঽস্মি কেশব ।
তৎস্বভাবোঽয়মত্রাস্তি নাপরাধো মমাচ্যুত ॥৬৮॥
সৃজ্যতে ভবতা সর্ব্বং তথা সংহ্রিয়তে জগৎ ।
জাতিরূপস্বভাবাশ্চ সৃজ্যন্তে জগতাং ত্বয়া ॥৬৯॥
যথাহং ভবতা সৃষ্টো জাত্যা রূপেণ চেশ্বর ।

ইন্দ্রিয় নিবৃত্ত করিয়া ধ্যানদ্বারা যাঁহার অর্চ্চনা করেন, আমি কিরূপে তাঁহার অর্চ্চনা করিতে সমর্থ হইব ।৬৫

নাথ ! যোগিগণ ধ্যানদ্বারা হৃদয়মধ্যে যাঁহার রূপ কল্পনা করিয়া প্রীতিরূপ পুষ্পদ্বারা অর্চ্চনা করেন, আমি কিরূপে তাঁহার অর্চ্চনা করিতে সমর্থ হইব ।৬৬ দেবদেব ! উক্ত সমুদায় কারণে আমি আপনকার অর্চ্চনা বিষয়ে বা স্তব বিষয়ে সামর্থ্যহীন হইতেছি। আপনি একমাত্র কৃপা অবলম্বন করিয়া আমার প্রতি প্রসন্ন হউন।৬৭ কেশব ! সর্পজাতি মাত্রেই ক্রূরস্বভাব । আমি সেই সর্পজাতিতে জন্মপরিগ্রহ করিয়াছি, অতএব আমার স্বজাতি সুলভ ক্রূরস্বভাব হইয়াছে, অতএব অচ্যুত ! এ বিষয়ে আমার অপরাধ নাই।৬৮ আপনি সমুদায় জগৎ সৃষ্টি করিতেছেন। আপনি সমুদায় জগতের সংহার করিয়া থাকেন, সমুদায় জীবের জাতি রূপ ও স্বভাব, এ সমুদায় আপনা হইতে সৃষ্ট হইয়াছে।৬৯

---

* ধ্যানপুষ্পাদিভির্নাথ ! ইতি কচিৎ পাঠঃ । ৬৬

† নার্চ্চনাদৌ স্তুতৌ ন চ ইতি বা পঠনীয়ম্ ।৬৭

স্বভাবেন চ সংযুক্তস্তথেদং চেষ্টিতং মম ॥৭০॥
যদ্যন্যথা প্রবর্ত্তেয়ং* দেবদেব ততো ময়ি।
ন্যায্যো দণ্ডনিপাতো বৈ তবৈব বচনং যথা ॥৭১॥
তথাপি যজ্জগৎস্বামী দণ্ডং পাতিতবান্ ময়ি।
স সোঢ়োঽয়ং বরং দণ্ডস্ত্বত্তো নান্যত্র মে বরঃ ॥৭২॥
হতবীর্য্যো হতবিষো দমিতোঽহং ত্বয়াচ্যুত।
জীবিতং দীয়তামেকমাজ্ঞাপয় করোমি কিম্ ॥৭৩॥

শ্রীভগবানুবাচ।

নাত্র স্থেয়ং ত্বয়া সর্প কদাচিৎ যমুনাজলে।

জগদীশ্বর! আপনি আমাকে যে জাতিতে যে রূপে সৃষ্টি করিয়াছেন, আমি তদনুরূপ স্বভাব ও তদনুরূপ ব্যবহার প্রাপ্ত হইয়াছি।[৭০] দেবদেব! আমি যদি স্বভাবের অন্যথাচরণে প্রবৃত্ত হই, তাহা হইলে আমি দণ্ডনীয় হইব, ইহা আপনিই ব্যক্ত করিয়াছেন।[৭১] আপনি জগতের ঈশ্বর হইয়া উক্ত সমুদায় কারণ সত্ত্বেও যে আমার প্রতি দণ্ডবিধান করিলেন, তাহা আমি অবশ্যই সহ্য করিব, কারণ আপনকার নিকট দণ্ডিত হওয়াও বরং শ্রেয়ঃ, তথাপি অন্যের নিকট বর প্রাপ্ত হওয়াও শ্রেয়স্কর নহে।[৭২] এক্ষণে আমি তেজোহীন হইয়াছি। আমার বিষও ক্ষয় হইয়াছে। আমাকে বিলক্ষণ শাসন করা হইল, অতএব অচ্যুত! এক্ষণে আমাকে জীবনরূপ একটিমাত্র ভিক্ষা প্রদান করুন এবং কি করিতে হইবে আমাকে আজ্ঞা করুন।[৭৩]

ভগবান্ কহিলেন, সর্প! তুমি কখনই এখানে এই যমুনার জলে

---

* যদন্যথা প্রবর্ত্তেয়ম্ ইতি ক্বচিৎ পাঠঃ।৭১

সভৃত্যপরিবারস্ত্বং সমুদ্রসলিলং ব্রজ* ॥৭৪॥
মৎপদানি চ তে সর্প দৃষ্ট্বা মূর্দ্ধনি সাগরে।
গরুড়ঃ পন্নগরিপুস্ত্বয়ি ন প্রহরিষ্যতি ॥৭৫॥
পরাশর উবাচ।
ইত্যুক্ত্বা সর্পরাজানং মুমোচ ভগবান্ হরিঃ।
প্রণম্য সোঽপি কৃষ্ণায় জগাম পয়সাং নিধিম্ ॥৭৬॥
পশ্যতাং সর্ব্বভূতানাং সভৃত্যাপত্যবান্ধবঃ।
সমস্তভার্য্যাসহিতঃ পরিত্যজ্য স্বকং হ্রদম্ ॥৭৭॥
ততঃ সর্ব্বে পরিষ্বজ্য মৃতং পুনরিবাগতম্।
গোপা মূর্দ্ধনি গোবিন্দং সিষিচুর্নেত্রজৈর্জলৈঃ ॥৭৮॥

অবস্থান করিতে পারিবে না। এক্ষণে তুমি পরিবারগণের সহিত ও ভৃত্যবর্গের সহিত সমুদ্রসলিলে গমন কর।[৭৪] ভুজঙ্গম! সাগর-মধ্যে তোমার মস্তকে আমার পদচিহ্ন দেখিয়া ভুজঙ্গমরিপু গরুড় তোমাকে বিনাশ করিবে না।[৭৫]

পরাশর কহিলেন, ভগবান্ হরি সর্পরাজকে এই কথা বলিয়া ছাড়িয়া দিলেন। সর্পরাজও তাঁহাকে নমস্কার করিয়া সমুদ্রে গমন করিতে প্রবৃত্ত হইল।[৭৬] ঐ ভুজঙ্গম সকলের সমক্ষেই সমুদায় ভৃত্য, সমুদায় বন্ধুগণ ও সমুদায় ভার্য্যাগণকে সমভিব্যাহারে লইয়া সেই হ্রদ পরিত্যাগ পূর্ব্বক (গমন করিতে লাগিল)।[৭৭] অনন্তর সমুদায় গোপগণ, কৃষ্ণকে পুনর্জীবিতের ন্যায় সমাগত দেখিয়া আলিঙ্গন পূর্ব্বক নেত্রজলদ্বারা তাঁহার মস্তক সিক্ত করিতে লাগিল।[৭৮] অন্যান্য গোপালগণ কৃষ্ণকে এই অদ্ভুত কর্ম্ম সম্পাদন করিতে দেখিয়া বিস্ময়াবিষ্ট হৃদয়ে তাঁহার স্তব করিতে

* তৎ সমুদ্রসলিলং ব্রজ ইত্যপি পাঠঃ। ৭৪

কৃষ্ণমক্লিষ্টকর্ম্মাণমন্যে বিস্মিতচেতসঃ।
তুষ্টুবুর্মুদিতা গোপা দৃষ্ট্বা শিবজলাং নদীম্ ॥৭৯॥
গীয়মানঃ স গোপীভিশ্চরিতৈশ্চারুচেষ্টিতঃ *।
সংস্তূয়মানো গোপৈস্তু কৃষ্ণো ব্রজমুপাগমৎ ॥৮০॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
সপ্তমোঽধ্যায়ঃ।

লাগিল এবং যমুনার জল উত্তম হইয়াছে দেখিয়া সকলেই আহ্লাদিত হইল।[৭৯] অনন্তর কৃষ্ণ ব্রজে গমন করিতে লাগিলেন। গোপীগণ তাঁহার অদ্ভুত চরিত ও অদ্ভুত কর্ম্মের প্রশংসা করিতে লাগিল। গোপগণ তাঁহার স্তব করিতে করিতে (তাঁহার পশ্চাৎ পশ্চাৎ, গমন করিতে আরম্ভ করিল।[৮০]

বিষ্ণুপুরাণ, পঞ্চম অংশ, সপ্তম অধ্যায়
সমাপ্ত।

---

* চরিতৈশ্চারুচেষ্টিতৈঃ ইতি পাঠান্তরম্।৮০

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমোঽংশঃ।

অষ্টমোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

গাঃ পালয়ন্তৌ চ পুনঃ * সহিতৌ বলকেশবৌ ॥১॥
ভ্রমমাণৌ বনে তস্মিন্ রম্যং তালবনং গতৌ।
তত্তু তালবনং দিব্যং ধেনুকো নাম দানবঃ।
মৃগমাংসকৃতাহারঃ সদাধ্যাস্তে খরাকৃতিঃ ॥২॥

পরাশর কহিলেন, অনন্তর একদা বলদেব ও কৃষ্ণ একত্র হইয়া গোচারণার্থ ভ্রমণ করিতে করিতে সেই অরণ্যস্থিত রমণীয় তাল বনে উপস্থিত হইলেন।[১] গর্দ্দভের ন্যায় আকৃতি ধেনুক নামক কোন দানব অপূর্ব্ব সেই তালবনে অবস্থান পূর্ব্বক মৃগমাংস আহার করিয়া কাল যাপন করিত।[২] এই তালবনের সমুদায় ফল পক্ব হইয়া রহিয়াছে দেখিয়া গোপগণ তাহা গ্রহণ করিবার নিমিত্ত

---

* গাঃ কালয়ন্তৌ চ পুনঃ ইতি পাঠান্তরম্।১

তত্তু তালবনং পক্ক-ফলসংপৎসমন্বিতম্।
দৃষ্ট্বা স্পৃহান্বিতা গোপাঃ ফলাদানেঽব্রুবন্ বচঃ ॥৩৩
হে রাম হে কৃষ্ণ সদা ধেনুকেনৈষ রক্ষ্যতে।
ভূপ্রদেশো যতস্তস্মাৎ পক্কানীমানি সন্তি বৈ ॥৪॥
ফলানি পশ্য তালানাং গন্ধামোদিতদিংশি চ।
বয়মেতু মভীপ্সামঃ পাত্যন্তাং যদি রোচসে ॥৫॥
ইতি গোপকুমারাণাং শ্রুত্বা সঙ্কর্ষণো বচঃ।
কৃষ্ণশ্চ পাতয়ামাস ভুবি তালফলানি বৈ ॥৬॥
ফলানাং পততাং শব্দমাকর্ণ্য স দুরাসদঃ।
আজগাম সুদুষ্টাত্মা * কোপাদ্দৈতেয়গর্দ্দভঃ ॥৭॥
পদ্‌ভ্যামুভাভ্যাং স তদা পশ্চিমাভ্যাং বলী বলম্।

স্পৃহান্বিত হইয়া কহিল, [৩] অহে রাম! অহে কৃষ্ণ! ধেনুক নামক দৈত্য, এই স্থান সর্ব্বদা রক্ষা করিয়া থাকে, এই জন্যই এই সমুদায় পক্ক তালফল এখানে রহিয়াছে।[৪] ঐ দেখ, ঐ সমুদায় তাল ফলের গন্ধে চতুর্দ্দিক্ আমোদিত হইয়াছে। আমাদের ইচ্ছা হইতেছে যে, আমরা ভক্ষণ করি। যদি তোমাদের মত হয়, পাড়া যাউক্।[৫] বলরাম ও কৃষ্ণ, গোপবালকদিগের এই বাক্য শ্রবণ করিয়া তাল ফল পাড়িতে আরম্ভ করিলেন।[৬] দুর্দ্ধর্ষ দুরাত্মা গর্দ্দভাকৃতি দৈত্য, সেই সমুদায় পাত্যমান তালের শব্দ শ্রবণ করিয়া সেই স্থলে উপস্থিত হইল।[৭] বলবান্ দৈত্য, আগমন করিয়াই পশ্চাৎ পদদ্বয়দ্বারা বলপূর্ব্বক বলদেবের বক্ষঃস্থলে আঘাত করিতে লাগিল, বলদেবও তাহার সেই পদদ্বয়ে ধারণ করিলেন।[৮] তিনি সেই পদ-

* আজগাম স দুষ্টাত্মা ইতি বা পঠনীয়ম্।।

জঘানোরসি তাভ্যাঞ্চ স চ তেনাপ্যগৃহ্যত ॥৮॥
গৃহীত্বা ভ্রামণেনৈব সোঽম্বরে গতজীবিতম্।
তস্মিন্নেব চ চিক্ষেপ বেগেন তৃণরাজনি ॥৯॥
ততঃ ফলান্যনেকানি তালাগ্রান্নিপতন্ খরঃ।
পৃথিব্যাং পাতয়ামাস মহাবাতোম্বুদানি চ * ॥১০॥
অন্যানপ্যস্য বৈ জ্ঞাতীনাগতান্ দৈত্যগৰ্দ্দভান্।
কৃষ্ণশ্চিক্ষেপ তালাগ্রে † বলভদ্রশ্চ লীলয়া ॥১১॥
ক্ষণেনালঙ্কৃতা পৃথ্বী পক্কৈস্তালফলৈস্তথা।
দৈত্যগৰ্দ্দভদেহৈশ্চ মৈত্রেয় শুশুভেঽধিকম্ ॥১২॥
ততো গাবো নিরাবাধাস্তস্মিংস্তালবনে দ্বিজ।

দ্বয় ধরিয়া ঘুরাইতে ঘুরাইতে আকাশেই তাহাকে জীবনহীন করিয়া ফেলিলেন। পরে তিনি তাহাকে বেগপূর্ব্বক তালবৃক্ষে নিঃক্ষেপ করিলেন।[৯] মহাবায়ুদ্বারা মেঘ যেমন পরিচালিত হয়, তাহার ন্যায় সেই গৰ্দ্দভাকৃতি দৈত্য, তালবৃক্ষের অগ্রভাগ হইতে পতনকালে বহুসংখ্য তালফল পৃথিবীতে পাতিত করিল।[১০] অনন্তর গৰ্দ্দভাকৃতি দৈত্যের জ্ঞাতিগণ সেই স্থলে উপস্থিত হইল। কৃষ্ণ ও বলদেব উভয়েই অবলীলাক্রমে তাহাদিগকে তালবৃক্ষে নিঃক্ষেপ করিতে লাগিলেন।[১১] মৈত্রেয়! ক্ষণকাল মধ্যে বহুসংখ্য পক্ক তাল ফলদ্বারা ও গৰ্দ্দভাকৃতি দৈত্যগণের দেহসমুদায় দ্বারা ধরাতল সাতিশয় শোভমান হইল।[১২] ব্রহ্মন্! সেই দিন অবধি

* মহাবাতেরিতানি বা ইতি কচিৎ পাঠঃ।১০

† কৃষ্ণশ্চিক্ষেপ বলবান্ ইতি বা পাঠঃ।১১

নবশস্যং সুখং চেরুর্যন্ন ভুক্তমভূৎ পুরা ॥১৩॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে

ধেনুকদৈত্যবধো নাম

অষ্টমোঽধ্যায়ঃ ।

গোগণ সেই তালবনে অবাধে বিচরণ করিয়া, যে সকল শস্য পূর্ব্বে কখন ভক্ষণ করে নাই, তাহা পরম সুখে ভক্ষণ করিতে লাগিল।[১৩]

বিষ্ণুপুরাণ, পঞ্চম অংশ, ধেনুকবধ নামক অষ্টম

অধ্যায় সমাপ্ত ।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমোহংশঃ।

নবমোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

তস্মিন্ রাসভ-দৈতেয়ে সানুগে বিনিপাতিতে।
সেব্যং গো-গোপ-গোপীনাং রম্যং তালবনং বভৌ।
ততস্তৌ জাতহর্ষৌ তু বসুদেবসুতাবুভৌ।
হত্বা ধেনুকদৈতেয়ং ভাণ্ডীর-বটমাগতৌ ॥২॥
ক্ষ্বেড়মানৌ প্রগায়ন্তৌ বিচিন্বন্তৌ চ পাদপাৎ* ।
চারয়ন্তৌ চ গা দূরে ব্যাহরন্তৌ চ নামভিঃ ॥৩॥

পরাশর কহিলেন, রাসভ দৈত্য ও তাহার অনুচরগণ নিপাতিত হইলে গোপগণ গোপীগণ ও গোগণ, সেই রমণীয় তালবনে পরমসুখে বিচরণ করিতে লাগিল।[১] রাম ও কৃষ্ণ, উক্ত ধেনুক নামক দৈত্যকে বিনাশ করিয়া, পরম আহ্লাদিত চিত্তে ভাণ্ডীর নামক বট বৃক্ষের নিকট গমন করিলেন।[২] তাঁহারা উভয়ে কখন সিংহনাদ করেন, কখন গান করিতে প্রবৃত্ত হন, কখন গোচারণ করেন, কখন বৃক্ষারোহণ করিয়া দূরস্থিত গাভী অন্বেষণ করিতে প্রবৃত্ত হন, কখন বা কোন গাভীর নাম উচ্চারণ

* বিচিন্বন্তৌ চ পাদপান্ ইতি বা পঠনীয়ম্।৩

নির্যোগপাশস্কন্ধৌ তৌ বনমালাবিভূষিতৌ ।
শুশুভাতে মহাত্মানৌ বালশৃঙ্গাবিবর্ষভৌ ॥৪॥
সুবর্ণাঞ্জনবর্ণাভ্যাং তৌ তদা রূষিতাম্বরৌ ।
মহেন্দ্রায়ুধসংযুক্তৌ শ্বেতকৃষ্ণাবিবাম্বুদৌ ॥৫॥
চেরতুর্লোকসিদ্ধাভিঃ ক্রীড়াভিরিতরেতরম্ ।
সমস্তলোকনাথানাং* নাথভূতৌ ভুবং গতৌ ॥৬॥
মনুষ্যধর্ম্মাভিরতৌ মানয়ন্তৌ মনুষ্যতাম্ † ।
তজ্জাতিগুণযুক্তাভিঃ ক্রীড়াভিশ্চেরতুর্বনম্ ॥৭॥
ততঃ স্বন্দোলিকাভিশ্চ নিযুদ্ধৈশ্চ মহাবলৌ ।

করিয়া আহ্বান করিতে থাকেন।[৩] এই রূপে তাঁহারা ক্ষুদ্রশৃঙ্গ বৃষভের ন্যায় (সর্ব্বত্র পরিভ্রমণ করিয়া) শোভা বিস্তার করিতে লাগিলেন। এই মহাত্মা দুই ভ্রাতা, বনমালায় বিভূষিত হইয়া নির্যোগপাশ (ছাঁদন দড়ি) স্কন্ধে লইয়া শোভাধারণ করিলেন।[৪] উত্তমবর্ণ অঞ্জন ও চূর্ণদ্বারা তাঁহাদের বস্ত্র রঞ্জিত হওয়াতে তাঁহারা ইন্দ্রধনুঃসংযুক্ত শ্বেত ও কৃষ্ণ মেঘদ্বয়ের ন্যায় শোভা পাইতে লাগিলেন।[৫] রাম ও কৃষ্ণ দুই ভ্রাতা সমুদায় লোকের ঈশ্বর হইয়াও পৃথিবীতে আসিয়া পরস্পর লোকপ্রসিদ্ধ ক্রীড়া করিয়া বিচরণ করিতে প্রবৃত্ত হইলেন।[৬] তাঁহারা আপনাদের মানুষতা প্রকাশের নিমিত্ত, মনুষ্যজাতির গুণ অবলম্বনপূর্ব্বক মনুষ্যের ব্যবহারে নিরত হইয়া লৌকিক ক্রীড়া করিয়া বেড়াইতে লাগিলেন।[৭] এই মহাবল ভ্রাতৃদ্বয়, কখন গোপবৃন্দের বাহুদ্বারা নির্ম্মিত দোলায় আরোহণ করিয়া, কখন দ্বন্দ্বযুদ্ধ করিয়া, কখনও বা

* সর্ব্বলোকস্য নাথানাম্ ইতি পাঠান্তরম্ ।৬
† শোভয়ন্তৌ মনুষ্যতাম্ ইতি বা পাঠঃ ।৭

ব্যায়ামং চক্রতুস্তত্র ক্ষেপণীয়ৈস্তথাশ্মভিঃ ॥৮॥
তল্লিপ্সুরসুরস্তত্র উভয়োরমমাণয়োঃ।
আজগাম প্রলম্বাখ্যো গোপবেশতিরোহিতঃ ॥৯॥
সোঽবগাহত নিঃশঙ্কঃ তেষাং মধ্যমমানুষঃ।
মানুষং বপুরাস্থায় প্রলম্বো দানবোত্তমঃ ॥১০॥
তয়োশ্ছিদ্রান্তরং প্রেপ্সুরবিষহ্যমমন্যত*।
কৃষ্ণং ততো রৌহিণেয়ং হন্তুং চক্রে মনোরথম্ ॥১১
হরিণাক্রীড়নং নাম বালক্রীড়নকং ততঃ।

ক্ষেপণীয় প্রস্তরসমূহ নিঃক্ষেপ করিয়া ব্যায়াম করিতে আরম্ভ করিলেন।[৮]

অনন্তর একদা প্রলম্বনামক অসুর, কৃষ্ণ ও বলরামকে ক্রীড়া করিতে দেখিয়া অপহরণ করিবার অভিপ্রায়ে গোপবেশ ধারণ পূর্ব্বক সেই স্থলে উপস্থিত হইল।[৯] দানবশ্রেষ্ঠ প্রলম্ব, যদিও মনুষ্য নহে, তথাপি মনুষ্যশরীর ধারণ করিয়াছিল বলিয়া নিঃশঙ্ক চিত্তে তাঁহাদের মধ্যে প্রবিষ্ট হইল।[১০] এই দানব, কৃষ্ণ ও বলরামের ছিদ্রান্বেষণ করিতে প্রবৃত্ত হইয়া কৃষ্ণকে দুর্দ্ধর্ষ দেখিয়া একাকী বলদেবকেই বিনাশ করিতে মানস করিল।[১১]

অনন্তর গোপবালকগণ হরিণাক্রীড়ন নামে বাল্যক্রীড়া করিতে প্রবৃত্ত হইয়া প্লুতগতি অবলম্বন পূর্ব্বক এক কালে দুই দুইটী বালক ধাবমান হইতে প্রবৃত্ত হইল।[১২] কৃষ্ণ শ্রীদামের সহিত,

* ছিদ্রান্তরং প্রেপ্সুরিত্যত্র ছিদ্রান্তরাপ্রেপ্সুরিতি কচিৎ পাঠঃ।১১

১২। হরিণাক্রীড়ন,—ধাবমান দুইটী বালকের মধ্যে যে বালক, অগ্রে ভাণ্ডীর বটের নিকট উপস্থিত হইতে পারিবে, সে জয়ী হইবে। যে বালক পরাজিত হইবে, সে জয়ী বালককে স্কন্ধে করিয়া ঐ ভাণ্ডীর বটের নিকট লইয়া গিয়া পুনর্ব্বার পূর্ব্বস্থানে প্রত্যাগমন করিবে।১২

প্রকুর্ব্বন্তো হি তে সর্ব্বে দ্বৌ দ্বৌ যুগপদুৎপতন্ ॥১২
শ্রীদাম্না সহ গোবিন্দঃ প্রলম্বেন তথা বলঃ।
গোপালৈরপরৈশ্চান্যে গোপালাঃ পুপ্লুবুস্ততঃ ॥১৩॥
শ্রীদামানং ততঃ কৃষ্ণঃ প্রলম্বং রৌহিণীসুতঃ।
জিতবান্ কৃষ্ণপক্ষীয়ৈর্গোপৈরন্যে পরাজিতাঃ ॥১৪॥
তে বাহয়ন্তস্ত্বন্যোন্যং ভাণ্ডীরস্কন্ধমেত্য বৈ।
পুনর্নিবিবৃতুঃ সর্ব্বে যে যৈশ্চাত্র পরাজিতাঃ ॥১৫॥
সঙ্কর্ষণং তু স্কন্ধেন শীঘ্রমুৎক্ষিপ্য দানবঃ।
ন তস্থৌ স জগামৈব* স চন্দ্র ইব বারিদঃ ॥১৬॥
অসহন্ রৌহিণেয়স্য স ভারং দানবোত্তমঃ।
বৃবৃধে সুমহাকায়ঃ প্রাবৃষীব বলাহকঃ ॥১৭॥
সঙ্কর্ষণস্তু তং দৃষ্ট্বা দগ্ধশৈলোপমাকৃতিম্।

প্রলম্ব বলরামের সহিত, এবং অন্যান্য গোপবালকগণ অন্যান্য গোপবালকের সহিত ধাবমান হইতে লাগিলেন।[১৩] পরে কৃষ্ণ শ্রীদামকে, রোহিণীনন্দন প্রলম্বকে, এবং কৃষ্ণপক্ষীয় গোপগণ অন্যান্য গোপগণকে জয় করিল।[১৪] যাহারা পরাজিত হইয়াছিল, তাহারা জয়ী বালককে স্কন্ধে বহন করিয়া ভাণ্ডীর বটের মূল-পর্য্যন্ত গমনপূর্ব্বক পুনর্ব্বার পূর্ব্ব স্থানে প্রতিনিবৃত্ত হইল।[১৫] প্রলম্বনামক দানব, রামকে স্কন্ধে লইয়াই চন্দ্রের সহিত প্রচলিত মেঘের ন্যায় দ্রুতবেগে গমন করিতে লাগিল, একবারও দণ্ডায়-মান হইল না।[১৬] দানবরাজ, রোহিণীনন্দনের ভার সহ্য করিতে না পারিয়া বর্ষাকালীন মেঘের ন্যায় বৃদ্ধিপ্রাপ্ত হইয়া প্রকাণ্ড শরীর ধারণ করিল।[১৭] তখন রোহিণীনন্দন, দগ্ধশৈল সদৃশ বিক-

* ন তস্থৌ প্রজগামৈবম ইতি পাঠান্তরম্।১৬

স্রগ্দামলম্বাভরণং মুকুটাটোপি-মস্তকম্ ॥১৮॥
রৌদ্রং শকটচক্রাক্ষং পাদন্যাস-চলৎক্ষিতিম্ ।
হ্রিয়মাণস্ততঃ কৃষ্ণমিদং বচনমব্রবীৎ ॥১৯॥
কৃষ্ণ ! কৃষ্ণ ! হ্রিয়াম্যেষ পর্ব্বতোদগ্রমূর্ত্তিনা ।
কেনাপি পশ্য দৈত্যেন গোপালচ্ছদ্মরূপিণা ॥২০॥
যদত্র সাম্প্রতং কার্য্যং ময়া মধুনিষূদন ।
তৎ কথ্যতাং প্রয়াত্যেষ দুরাত্মা দানবাধমঃ* ॥২১॥

পরাশর উবাচ ।

তমাহ রামং গোবিন্দঃ স্মিতভিন্নৌষ্ঠসম্পুটঃ ।
মহাত্মা রৌহিণেয়স্য বলবীর্য্যপ্রমাণবিৎ ॥ ২২ ॥
কিময়ং মানুষো ভাবো ব্যক্তমেবাবলম্ব্যতে ।

টাকার লম্বমান-মালাবিভূষিত মুকুটযুক্তমস্তক দানবকে দেখিয়া (বিস্ময়ান্বিত হইলেন)।[১৮] এই দানবের চক্ষুঃ শকটচক্রের ন্যায়, ইহার শরীর অতীব ভয়ঙ্কর, ইহার পাদবিক্ষেপে পৃথিবী বিচলিত হইতেছে। বলদেব যখন এই দৈত্য কর্ত্তৃক হৃত হইতেছেন, তখন তিনি কৃষ্ণকে কহিলেন, [১৯] কৃষ্ণ! কৃষ্ণ! পর্ব্বতের ন্যায় ভয়ঙ্করমূর্ত্তি একটা দৈত্য প্রথমতঃ গোপবালক-বেশে অবস্থান পূর্ব্বক এক্ষণে আমাকে হরণ করিয়া লইয়া যাইতেছে।[২০] মধুসূদন! এক্ষণে আমার যাহা কর্ত্তব্য, তাহা বল। এই দুরাত্মা দানব আমাকে লইয়া চলিল।[২১]

পরাশর কহিলেন। মহাত্মা কৃষ্ণ, রোহিণীনন্দনের বল ও বীর্য্যের পরিমাণ জানিতেন, সুতরাং তিনি ঈষৎ হাস্য করিয়া তাঁহাকে কহিলেন, [২২] সর্ব্বাত্মন্! এই জগতে তুমি সমুদায় কার-

* সুরাত্মাতিত্বরাম্বিতঃ ইতি বিভিন্নঃ পাঠঃ ।২১

সর্ব্বাত্মন্ ! সর্ব্বগুহ্যানাং গুহ্যগুহ্যাত্মনা ত্বয়া ॥২৩॥
স্মরাশেষজগদ্বীজ-কারণং কারণাগ্রজম্ ।
আত্মানমেকং তদ্বচ্চ* জগত্যেকার্ণবে চ যৎ ॥২৪॥
কিন্ন বেৎসি যথাহঞ্চ ত্বঞ্চৈকং কারণং ভুবঃ ।
ভারাবতারণার্থায় মর্ত্ত্যলোকমুপাগতৌ ॥২৫॥
নভঃ শিরস্তেঽম্বুময়ী চ মূর্ত্তিঃ
পাদৌ ক্ষিতির্বক্ত্রমনন্ত ! বহ্নিঃ ।
সোমো মনস্তে শ্বসিতং সমীরো
দিশশ্চতস্রোঽব্যয় ! বাহবস্তে ॥ ২৬ ॥
সহস্রবক্ত্রো ভগবান্ মহাত্মা
সহস্রহস্তাঙ্ঘ্রিশরীরভেদঃ ।

ণেরও কারণ। প্রলয়কালেও তোমার বিনাশ নাই। অতএব তুমি ঈদৃশ হইয়াও কিনিমিত্ত স্পষ্ট রূপে মনুষ্যের স্বভাব অবলম্বন করিতেছ।[২৩] তুমি স্মরণ করিয়া দেখ, সমুদায় জগতের বীজস্বরূপ যে সলিল, তুমি তাহারও বীজ। তোমার পরে সলিলের সৃষ্টি হইয়াছে। তুমি মনে করিয়া দেখ, জগতে যখন একার্ণব হয়, তখন তুমি একাকীই বিদ্যমান থাক।[২৪] তুমি কি জ্ঞাত হইতেছ না, যে তুমি এবং আমি, উভয়েই এই পৃথিবীর কারণ, এবং আমরা উভয়েই পৃথিবীর ভার বিমোচনের নিমিত্ত মর্ত্ত্যলোকে অবতীর্ণ হইয়াছি।[২৫] অব্যয় অনন্ত দেব! আকাশমণ্ডল তোমার মস্তক-স্বরূপ, সলিল সমুদায় তোমার দেহস্বরূপ, ক্ষিতিতল তোমার চরণস্বরূপ, অগ্নি তোমার মুখস্বরূপ, চন্দ্র তোমার মনঃস্বরূপ, সমীরণ তোমার নিঃশ্বাসস্বরূপ, এবং চতুর্দ্দিক্ তোমার বাহুস্বরূপ।[২৬] তুমি

* আত্মানমেকং তদ্বত্তে ইতি বা পাঠঃ।২৪

সহস্রপদ্মোদ্ভবযোনিরাদ্যঃ
সহস্রশস্ত্বাং মুনয়ো গৃণন্তি ॥ ২৭ ॥
দিব্যং হি রূপং তব বেত্তি নান্যো
দেবৈরশেষৈরবতাররূপম্ ।
তবার্চ্যতে, বেৎসি ন কিং, যদন্তে
ত্বয্যেব বিশ্বং লয়মভ্যুপৈতি ॥২৮॥
ত্বয়া ধৃতেয়ং ধরণী বিভর্ত্তি
চরাচরং বিশ্বমনন্তমূর্ত্তে ! ।
কৃতাদিভেদৈরজ ! কালরূপো
নিমেষপূর্ব্বো জগদেতদৎসি ॥২৯॥
অত্তং যথা বাড়ববহ্নিনাম্বু
হিমস্বরূপং পরিগৃহ্য কাস্তম্ ।

ভগবান্ ও মহাত্মা, তোমার সহস্র বদন, সহস্র হস্ত, সহস্র পদ ও সহস্র শরীরাবয়ব। তুমি সকলের আদিপুরুষ সহস্রদল-কমল-সম্ভূত ব্রহ্মা। মহর্ষিগণ, এই কথা বলিয়া সহস্র সহস্র বার তোমার স্তব করিয়া থাকেন।[২৭] তোমার যে দিব্য শরীর, তাহা অন্যে কেহই জ্ঞাত নহে। সমুদায় দেবতা তোমার অবতার রূপেরই অর্চ্চনা করিয়া থাকেন। তুমি কি জ্ঞাত নহ যে, চরম অবস্থায় সমুদায় জগৎ তোমাতেই লয়প্রাপ্ত হইবে।[২৮] অনন্তমূর্ত্তে! তুমি এই পৃথিবীকে ধারণ করিতেছ এবং এই পৃথিবী সমুদায় চরাচর জগৎ ধারণ করিতেছে। তুমি নিমেষ কলা কাষ্ঠা প্রভৃতি কালস্বরূপ হইয়া সত্য ত্রেতা প্রভৃতি যুগ ভেদে এই সমুদায় জগৎ গ্রাস করিয়া থাক।[২৯] যেমন বড়বাগ্নি, সমুদ্র জলকে গ্রাস করে এবং ঐ বড়বাগ্নিগত সূর্য্যরশ্মিদ্বারা জল নীত হইয়া হিমালয়ে হিমসংঘাতরূপে বিস্তারিত হয়, ঐ হিমসংঘাত, সূর্য্য-করসম্পর্কে পুন-

হিমাচলে ভানুমতোংংশুসঙ্গাৎ
জলত্বমভ্যেতি পুনস্তদেব ॥ ৩০॥
এবং ত্বয়া সংহরণেহত্তমেতৎ
জগৎ সমস্তং পুনরপ্যবশ্যম্।
তবৈব সর্গায় সমুদ্যতস্য
জগত্ত্বমভ্যেত্যনুকল্পমীশ ॥৩১॥

ভবানহঞ্চ বিশ্বাত্মন্! একমেব হি কারণম্।
জগতোঽস্য জগত্যর্থে ভেদেনাবাং ব্যবস্থিতৌ ॥৩২।
তৎ স্মর্য্যতামমেয়াত্মন্! ত্বয়াত্মা জহি দানবম্।
মানুষ্যমেবাবলম্ব্য বন্ধূনাং ক্রিয়তাং হিতম্ ॥৩৩॥

পরাশর উবাচ।

ইতি সংস্মারিতো বিপ্র কৃষ্ণেন সুমহাত্মনা।
বিহস্য পীড়য়ামাস প্রলম্বং বলবান্ বলঃ ॥৩৪॥

র্ব্বার জলাকারে নীত হয়,[৩০] সেই রূপ প্রলয়কালে তুমি (রুদ্র রূপে) ঐ জগৎ সংহার কর, এবং যখন সৃষ্টিকাল উপস্থিত হয়, তখন হিরণ্যগর্ব্ভরূপে সমুদায় জগৎ সৃষ্টি করিয়া থাক, এবং বিরাট-মুর্ত্তি অবলম্বন করিয়া সমুদায় জগতের পরিণাম সম্পাদন কর।[৩১] বিশ্বাত্মন্! তুমি এবং আমি উভয়েই জগতের একমাত্র কারণ। পরন্তু এই জগতের রক্ষার নিমিত্তই আমরা ভিন্ন ভিন্ন মুর্ত্তিদ্বয় অবলম্বন করিয়াছি।[৩২] অমেয়াত্মন্! এই কারণে তুমি আপনাকে আপনি স্মরণ কর। তুমি মানুষ ভাব অবলম্বন করিয়াই এই দৈত্যকে সংহারপুর্ব্বক বন্ধুগণের হিত সাধন কর।[৩৩]

পরাশর কহিলেন। ব্রহ্মন্! সুমহাত্মা কৃষ্ণ, এই প্রকার স্মরণ করিয়া দিলে বলবান্ বলদেব, ঈষৎ হাস্য করিয়া প্রলম্বকে প্রপী-

মুষ্টিনা চাহনৎ মূর্দ্ধ্নি কোপসংরক্তলোচনঃ।
তেন চাস্য প্রহারেণ বহির্যাতে বিলোচনে ॥৩৫॥
সনিষ্কাশিতমস্তিষ্কো মুখাচ্ছোণিতমুদ্বমন্ *।
নিপপাত মহীপৃষ্ঠে দৈত্যবর্য্যো মমার চ ॥৩৬॥
প্রলম্বং নিহতং দৃষ্ট্বা বলেনাদ্ভুতকর্ম্মণা।
প্রহৃষ্টাস্তুষ্টুবুর্গোপাঃ সাধু সাধ্বিতি চাব্রুবন্ ॥৩৭॥
সংস্তূয়মানো গোপৈস্তু রামো দৈত্যে নিপাতিতে †।
প্রলম্বে, সহ কৃষ্ণেন পুনর্গোকুলমাযযৌ ॥৩৮॥

ইতিশ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমেঽংশে প্রলম্ববধো নাম নবমোঽধ্যায়ঃ।

ড়িত করিতে প্রবৃত্ত হইলেন।[৩৪] তখন তিনি রোষভরে নয়নদ্বয় রক্তবর্ণ করিয়া দৈত্যের মস্তকে একটী মুষ্ট্যাঘাত করিলেন। এই মুষ্টি প্রহারদ্বারা তাহার চক্ষু দুইটী বহিষ্কৃত হইল।[৩৫] তাহার মস্তিষ্ক চতুর্দ্দিকে বিকীর্ণ হইয়া পড়িল। মুখ দিয়া শোণিত নির্গত হইতে লাগিল। দৈত্যরাজ, তখন ভূতলে নিপতিত হইয়া পঞ্চত্ব প্রাপ্ত হইল।[৩৬] অদ্ভুত-শক্তিসম্পন্ন বলদেব যখন প্রলম্বকে বিনাশ করিলেন, তখন গোপবালকগণ তাহা অবলোকন করিয়া সাধুবাদ প্রদান পূর্ব্বক তাঁহার স্তব করিতে লাগিল।[৩৭]

এই রূপে প্রলম্বাসুর নিহত হইলে বলদেব ও কৃষ্ণ গোপগণ কর্ত্তৃক স্তূয়মান হইয়া গোকুলে প্রতিগমন করিলেন।[৩৮]

বিষ্ণুপুরাণ, পঞ্চমাংশ, প্রলম্ববধ নামক নবম অধ্যায় সমাপ্ত।

* মুখাচ্ছোণিতমুদ্বহন্ ইতি বা পঠ্যতাম্ ।৩৬
† স স্তূয়মানো গোপৈস্তু ইতি বা পঠনীয়ম্ ।৩৮

বিষ্ণুপুরাণম্ ।

পঞ্চমোঽংশঃ ।

দশমোঽধ্যায়ঃ ।

পরাশর উবাচ ।

তয়োর্ব্বিহরতোস্তত্র রামকেশবয়োর্ব্রজে ।
প্রাবৃট্ ব্যতীতা বিকসৎ-সরোজা চাভবচ্ছরৎ ॥১॥
অবাপুস্তাপমত্যর্থং সফর্য্যঃ পল্বলোদকে ।
পুত্রক্ষেত্রাদিসক্তেন মমত্বেন যথা গৃহী ॥২॥
ময়ূরা মৌনিনস্তস্থুঃ পরিত্যক্তমদা বনে ।
অসারতাং পরিজ্ঞায় সংসারস্যেব যোগিনঃ ॥৩॥

পরাশর কহিলেন। রাম ও কৃষ্ণ, ব্রজে এই রূপ বিহার করিতেছেন, ইতিমধ্যে বর্ষাকাল অতীত হইল। শরৎকালের আবির্ভাব দেখা যাইতে লাগিল। পঙ্কজসমূহ বিকসিত হইল।[১] গৃহস্থ ব্যক্তি, স্ত্রীপুত্র প্রভৃতি পরিজনে ও ক্ষেত্রপ্রভৃতি বিষয়সমুদায়ে মমতা নিবন্ধন যেমন সন্তাপ ভোগ করে, তাহার ন্যায় পল্বলস্থিত সফরীবৃন্দ সাতিশয় সন্তপ্ত হইতে লাগিল।[২] যোগিগণ সংসারের অসারতা অবগত হইয়া যেমন আমোদ প্রমোদ পরিত্যাগ পূর্ব্বক মৌনী হইয়া অবস্থান করেন, তাহার ন্যায় অরণ্যস্থিত ময়ূরগণ, আমোদ ও নৃত্যাদি পরিত্যাগ করিয়া মৌনী

উৎসৃজ্য জলসর্ব্বস্বং নির্ম্মলাঃ সিতমূর্ত্তয়ঃ।
তত্যজুশ্চাম্বরং মেঘা গৃহং বিজ্ঞানিনো যথা ॥৪॥
শরৎসূর্য্যাংশু-তপ্তানি যযুঃ শোষং সরাংসি চ।
বহ্বালম্বি-মমত্বেন* হৃদয়ানীব দেহিনাম্ ॥৫॥
কুমুদৈঃ শরদম্ভাংসি যোগ্যতালক্ষণং যযুঃ।
অববোধৈর্ম্মনাংসীব সম্বন্ধমমলাত্মনাম্ ॥৬॥
তারকাবিমলে ব্যোম্নি ররাজাখণ্ডমণ্ডলঃ।
চন্দ্রশ্চরমদেহাত্মা যোগী সাধুকুলে যথা ॥৭॥
শনকৈঃ শনকৈস্তীরং তত্যজুশ্চ জলাশয়াঃ।
মমত্বং ক্ষেত্রপুত্রাদি-রূঢ়মুচ্চৈর্যথা বুধাঃ ॥৮॥

হইয়া থাকিল।[৩] জ্ঞানী ব্যক্তিরা যেমন সর্ব্বস্ব পরিত্যাগপূর্ব্বক নির্ম্মল অন্তঃকরণ ও প্রশান্তমূর্ত্তি হইয়া অম্বর (বস্ত্র) পরিত্যাগ করেন, তাহার ন্যায় মেঘগণ জলরূপ সর্ব্বস্ব পরিত্যাগ পূর্ব্বক নির্ম্মল ও শুভ্রমূর্ত্তি হইয়া অম্বর (আকাশ) পরিত্যাগ করিল।[৪] অনেক ব্যক্তির প্রতি স্নেহ নিবদ্ধ হইলে মনুষ্যের হৃদয় যেমন শুষ্ক হইয়া উঠে, তাহার ন্যায় সরোবর সমুদায় শরৎকালীন সূর্য্য-কিরণসমূহে সন্তপ্ত হইয়া শুষ্ক হইতে লাগিল।[৫] বীতরাগ ব্যক্তিদিগের নির্ম্মল মন যেমন নির্ম্মল তত্ত্বজ্ঞানের সহিত মিলিত হয়, তাহার ন্যায় শরৎকালীয় নির্ম্মল জলসমূহ, নির্ম্মল কুমুদের সহিত মিলিত হইল।[৬] বিদ্যা আচার প্রভৃতিদ্বারা বিখ্যাত নির্ম্মল বংশে, তত্ত্বজ্ঞান-সম্পন্ন সাধু পুরুষ যেমন জন্ম গ্রহণ করিয়া শোভা পান, তাহার ন্যায় তারকাবলী-বিরাজিত আকাশে অখণ্ডমণ্ডল চন্দ্র শোভা পাইতে লাগিল।[৭] জ্ঞানী ব্যক্তিরা যেমন স্ত্রীপুত্রাদির প্রতি ও

* বিম্বলানি মমত্বেন ইতি পুস্তকান্তরে দৃশ্যতে।৫

পূর্ব্বত্যক্তৈঃ সরোঽম্ভোভির্হংসা যোগং* পুনর্যযুঃ।
ক্লেশৈঃ কুযোগিনোঽশেষৈরন্তরাপহতা ইব ॥৯॥
নিভৃতোঽভবদত্যর্থং সমুদ্রঃ স্তিমিতোদকঃ।
ক্রমাবাপ্ত-মহাযোগো নিশ্চলাত্মা যথা যতিঃ ॥১০॥
সর্ব্বত্রাতিপ্রসন্নানি সলিলানি তদাভবন্ †।
জ্ঞাতে সর্ব্বগতে বিষ্ণৌ মনাংসীব সুমেধসাম্ ॥১১॥
বভূব নির্ম্মলং ব্যোম শরদা ধ্বস্ততোয়দম্।
যোগাগ্নিদগ্ধক্লেশৌঘং যোগিনামিব মানসম্ ॥১২॥
সূর্য্যাংশুজনিতং তাপং নিন্যে তারাপতিঃ সমম্।

ক্ষেত্রাদি বিষয়ের প্রতি চিরপ্ররূঢ় মমতা, ক্রমে ক্রমে পরিত্যাগ করেন, তাহার ন্যায় জলাশয়সমূহ ক্রমে ক্রমে তীর পরিত্যাগ করিতে লাগিল।[৮]

বিঘ্নাভিভূত যোগভ্রষ্ট যোগিগণ যেমন পূর্ব্বপরিত্যক্ত তপঃ-ক্লেশের সহিত পুনর্ব্বার যোগপ্রাপ্ত হন, তাহার ন্যায় পূর্ব্বপরিত্যক্ত জলাশয়-জলের সহিত হংসগণ পুনর্ব্বার যোগপ্রাপ্ত হইল।[৯] যিনি ক্রমশঃ মহাযোগ অভ্যাস করিয়াছেন, তাদৃশ যতি ব্যক্তি যেমন প্রশান্ত হন, তাহার ন্যায় নিশ্চল-জলবিশিষ্ট সমুদ্র, সাতিশয় প্রশান্ত হইল।[১০] সর্ব্বগত বিষ্ণু হৃদয়াসনে আসীন হইলে জ্ঞানী ব্যক্তিদিগের মন যেমন সর্ব্বতোভাবে নির্ম্মল হয়, তাহার ন্যায় সমুদায় জল সর্ব্বতোভাবে নির্ম্মল হইল।[১১] যোগাগ্নি-দ্বারা ক্লেশরাশি দগ্ধ হইলে যোগীদিগের মন যেমন নির্ম্মল হয়, তাহার ন্যায় শরৎকালে মেঘ না থাকাতে আকাশমণ্ডল সাতিশয় নির্ম্মল হইল।[১২] তত্ত্বজ্ঞান যেমন অহঙ্কার-জনিত দুঃখ সমুদায় সং-

* পূর্ব্বত্যক্তং সরোঽম্ভোভির্হংসা যোগম্ ইতি ক্বচিৎ পাঠঃ।৯
† যথা তথম্ ইতি পাঠান্তরম্।১১

অহঙ্কারোদ্ভবং দুঃখং বিবেকঃ সুমহানিব ॥১৩॥
নভসোঽভ্রান্ ভুবঃ পঙ্কান্ কালুষ্যং চাম্ভসঃ শরৎ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যঃ প্রত্যাহার ইবাহরৎ ॥১৪॥
প্রাণায়াম ইবাম্ভোভিঃ সরসাং কৃতপূরকৈঃ।
অভ্যস্যতোঽনুদিবসং রেচকাকুম্ভকাদিভিঃ ॥১৫॥
বিমলাম্বরনক্ষত্রে কালে চাভ্যাগতো ব্রজম্।
দদর্শেন্দ্রমহারম্ভায়োদ্যতাংস্তান্ ব্রজৌকসঃ ॥১৬॥
কৃষ্ণস্তানুৎসুকান্ দৃষ্ট্বা গোপানুৎসবলালসান্।

হার করে, তাহার ন্যায় নিশাপতি, সূর্য্যাংশু-জনিত তাপ অপনয়ন করিতে লাগিল।[১৩] প্রত্যাহার যেমন ইন্দ্রিয়গণকে বিষয় হইতে নিবৃত্ত করে, তাহার ন্যায়, শরৎকাল আকাশ হইতে মেঘগণকে, পৃথিবী হইতে পঙ্কসমুদায়কে, জল হইতে আবিলতাকে অপনয়ন করিল।[১৪] সরোবরের জল সমুদায় পূরক, কুম্ভক, ও রেচক প্রভৃতিদ্বারা প্রতিদিবস যেন প্রাণায়াম শিক্ষা করিতে লাগিল।[১৫]

অনন্তর একদা যখন আকাশমণ্ডল নির্ম্মল হইল, চতুর্দ্দিকে নক্ষত্রপুঞ্জ উদিত হইতে লাগিল, সেই সময়, কৃষ্ণ ব্রজে আগমন করিয়া দেখিলেন যে, ব্রজবাসিগণ সকলেই শক্রোৎসবের অনুষ্ঠানে প্রবৃত্ত হইয়াছে।[১৬] মহামতি কৃষ্ণ, প্রবীণ ব্রজবাসীদিগকে উৎসবনিরত ও উৎসুক দেখিয়া কৌতূহল প্রযুক্ত এই বাক্য

১৪। প্রত্যাহার—বিষয়েন্দ্রিয়-বিয়োজন-প্রযত্ন।

১৫। পূরক, কুম্ভক রেচক—পূরণের নাম পূরক। কোন এক স্থানে বদ্ধ করিয়া রাখার নাম কুম্ভক। বহির্নিঃসারণের নাম রেচক। শরৎকালে কোন স্থানে জল আনীত, কোন স্থানে জল স্থাপিত ও কোথাও হইতে জল নিঃসারিত হওয়াতে প্রাণায়ামের সহিত সাদৃশ্য সংলগ্ন হইতেছে।

কৌতুহলাদিদং বাক্যং প্রাহ বৃদ্ধান্ মহামতিঃ ॥১৭॥
কোঽয়ং শক্রমহো নাম যেন বো হর্ষ আগতঃ।
প্রাহতং নন্দগোপশ্চ পৃচ্ছন্তমতিসাদরম্ ॥১৮॥
মেঘানাং পয়সাং চেশো দেবরাজঃ শতক্রতুঃ।
তেন সঞ্চোদিতা মেঘা বর্ষন্ত্যম্বুময়ং রসম্ ॥১৯॥
তদ্‌বৃষ্টিজনিতং শস্যং বয়মন্যে চ দেহিনঃ।
বর্ত্তয়ামোপযুঞ্জানাস্তর্পয়ামশ্চ* দেবতাঃ ॥২০॥
ক্ষীরবত্য ইমা গাবো বৎসবত্যশ্চ নির্বৃতাঃ।
তেন সংবর্দ্ধিতৈঃ শস্যৈঃ পুষ্টাস্তুষ্টা ভবন্তি বৈ ॥২১॥
নাশস্যা নাতৃণা ভূমির্ন বুভুক্ষার্দ্দিতো জনঃ।

কহিলেন যে,[১৭] আপনারা শক্রোৎসব উপলক্ষে সকলেই আনন্দিত হইয়াছেন। এই শক্রোৎসবের কারণ কি? তখন নন্দগোপ কৃষ্ণকে জিজ্ঞাসু দেখিয়া সমাদর পূর্ব্বক কহিলেন,[১৮] দেবরাজ ইন্দ্র, মেঘ ও জলের অধীশ্বর। মেঘগণ তৎকর্ত্তৃক আদিষ্ট হইয়াই পৃথিবীতে জল বর্ষণ করে।[১৯] সেই বৃষ্টি হইতে পৃথিবীতে শস্য উৎপন্ন হয়। আমরা এবং অন্যান্য প্রাণিগণ, সেই শস্য ভক্ষণ করিয়াই জীবন ধারণ করি ও যাগাদিদ্বারা দেবগণকে প্রীত করিয়া থাকি।[২০] এই গাভী সমুদায় ও বৎস সমুদায়, সেই শস্য ভক্ষণ করিয়া হৃষ্টপুষ্ট ও নির্বৃত হইতেছে। বিশেষতঃ ঐ শস্য হইতেই গাভী সকল দুগ্ধবতী হইয়া থাকে।[২১] মেঘগণ যেখানে যেখানে জল বর্ষণ করে, সেখানে এমন ভূমি দেখিতে পাওয়া যায় না, যে শস্য ও তৃণদ্বারা সুশোভিত না হয়। যেখানে শস্য ও তৃণ জন্মে, সেখানে এরূপ মনুষ্য নাই যে, ক্ষুধায় কাতর হয়।[২২]

* বর্ত্তয়ামোপভুঞ্জানাস্তর্পয়ামশ্চ ইতি বা পাঠঃ। ২০

দৃশ্যতে, যত্র দৃশ্যন্তে বৃষ্টিমন্তো বলাহকাঃ ॥২২॥
ভৌমমেতৎ পয়ো দুগ্ধং গোভিঃ সূর্য্যস্য বারিদঃ।
পর্জ্জন্যঃ সর্ব্বলোকস্য ভবায় ভুবি বর্ষতি ॥২৩॥
তস্মাৎ প্রাবৃষি রাজানঃ সর্ব্বে শক্রং মুদা যুতাঃ।
মখৈঃ সুরেশমর্চ্চন্তি বয়মন্যে চ মানবাঃ ॥২৪॥

পরাশর উবাচ।

নন্দগোপস্য বচনং শ্রুত্বেত্থং শক্রপূজনে।
কোপায় ত্রিদশেন্দ্রস্য প্রাহ দামোদরস্তদা ॥২৫॥
ন বয়ং কৃষিকর্ত্তারো বাণিজ্যাজীবিনো ন চ।
গাবোঽস্মদ্দৈবতং তাত! বয়ং বনচরা যতঃ *॥২৬
আন্বীক্ষিকী ত্রয়ী বার্ত্তা দণ্ডনীতিস্তথাপরা।

দেবরাজ ইন্দ্র, সূর্য্য কিরণদ্বারা পৃথিবীর রস আকর্ষণ করিয়া মঙ্গলের নিমিত্ত সকল স্থানে বর্ষণ করেন।[২৩] এই নিমিত্ত শরৎ-কালে সমুদায় রাজা প্রীতিযুক্ত হইয়া মহোৎসবদ্বারা দেবরাজ ইন্দ্রের অর্চ্চনা করিয়া থাকেন এবং সেই রূপ অন্যান্য লোক এবং আমরাও সেই দেবরাজের অর্চ্চনা করিয়া থাকি।[২৪]

দামোদর, শক্রোৎসব বিষয়ে নন্দগোপের এই বাক্য শ্রবণ করিয়া দেবরাজকে কুপিত করিবার অভিপ্রায়ে কহিলেন,[২৫] পিতঃ! আমরা কৃষিজীবী নহি, বাণিজ্যজীবীও নহি। আমরা বনচর। গাভীই আমাদের দেবতা।[২৬] আন্বীক্ষিকী অর্থাৎ তর্কবিদ্যা, ত্রয়ী অর্থাৎ বেদ, দণ্ডনীতি অর্থাৎ অর্থশাস্ত্র, এবং বার্ত্তাশাস্ত্র, বিদ্যা এই চারি প্রকার। এই বিদ্যাচতুষ্টয়ের মধ্যে বার্ত্তাশাস্ত্র কাহাকে

* বয়ং চক্রচরা যতঃ ইতি বা পাঠমীয়ম্।২৬

বিদ্যাচতুষ্টয়ং ত্বেতৎ বার্ত্তামত্র শৃণুষ্ব মে ॥২৭॥
কৃষির্ব্বণিজ্যা তদ্বত্তু তৃতীয়ং পশুপালনম্‌ ।
বিদ্যা হ্যেতা মহাভাগ ! বার্ত্তা বৃত্তিত্রয়াশ্রয়াঃ ॥২৮॥
কর্ষকাণাং কৃষির্বৃত্তিঃ পণ্যং বিপণিজীবিনাম্‌ ।
অস্মাকং গাঃ পরা বৃত্তির্বার্ত্তাভেদৈরিয়ং ত্রিভিঃ ॥২৯
বিদ্যয়া যো যয়া যুক্তস্তস্য সা দৈবতং মহৎ ।
সৈব পূজ্যার্চ্চনীয়া চ সৈব তস্যোপকারিকা ॥৩০॥
যোঽন্যস্য ফলমশ্নন্‌ বৈ পূজয়ত্যপরং নরঃ ।
ইহ চ প্রেত্য চৈবাসৌ তাত নাপ্নোতি শোভনম্‌ ॥৩১
কৃষ্যন্তাঃ প্রথিতাঃ সীমাঃ সীমান্তঞ্চ পুনর্ব্বনম্‌* ।

বলে, তাহা আমি বলিতেছি, শ্রবণ করুন।[২৭] মহাভাগ! কৃষি, বাণিজ্য ও পশুপালন, এই ত্রিবিধ ব্যবসায় অবলম্বন করিয়াই বার্ত্তাশাস্ত্র প্রবর্ত্তিত হইয়াছে।[২৮] যাহারা কৃষক, কৃষিই তাহাদের বৃত্তি। যাহারা পণ্যজীবী বাণিজ্যই তাহাদের বৃত্তি। আমাদিগের গাভী প্রভৃতি পশুপালনই একমাত্র বৃত্তি। বার্ত্তাশাস্ত্র এই রূপে তিন অংশে বিভক্ত হইয়াছে।[২৯] ইহার মধ্যে যাঁহারা যে বিদ্যা ও যে বৃত্তি অবলম্বন করিয়া থাকেন, তাহাই তাঁহাদের দেবতা, তাহাই তাঁহাদের মান্য, তাহাই তাঁহাদের পুজনীয়, ও তাহাই তাঁহাদের উপকারক।[৩০] পিতঃ ! যে ব্যক্তি একের ফলভোগী হইয়া অপরের পূজা করে, সে ব্যক্তি ইহলোকে ও পরলোকে শ্রেয়ঃ প্রাপ্ত হয় না।[৩১] যে স্থলে কৃষি কার্য্য হয়, তাহার নাম ক্ষেত্র। সাধারণ-প্রচার ভূমি ক্ষেত্রের সীমা। বন, সাধারণ-প্রচার ভূমির সীমা। পর্ব্বত, সমুদায় বনের সীমা বলিয়া নির্দ্দিষ্ট আছে। সেই পর্ব্বতই আমা-

* সীমান্তে চ পুনর্বনম্‌ ইতি কচিৎ পাঠঃ। ৩২

বনান্তা গিরয়ঃ সর্ব্বে তে চাস্মাকং পরা গতিঃ ॥৩২
ন দ্বারবন্ধাবরণা ন গৃহক্ষেত্রিণস্তথা।
সুখিনঃ সকলে লোকে যথা বৈ চক্রচারিণঃ ॥৩৩॥
শ্রূয়ন্তে গিরয়শ্চামী বনেঽস্মিন্ কামরূপিণঃ।
তত্তদ্রূপং সমাস্থায় রমন্তে স্বেষু সানুষু ॥৩৪॥
যদা চৈতেঽপরাধ্যন্তে তেষাং যে কাননৌকসঃ।
তদা সিংহাদিরূপৈস্তান্ ঘাতয়ন্তি মহীধরাঃ ॥৩৫॥
গিরিযজ্ঞস্ত্বয়ং তস্মাৎ গোযজ্ঞশ্চ প্রবর্ত্ত্যতাম্।
কিমস্মাকং মহেন্দ্রেণ গাবঃ শৈলাশ্চ দেবতাঃ ॥৩৬॥
মন্ত্রযজ্ঞপরা বিপ্রাঃ সীতাযজ্ঞাশ্চ কর্ষকাঃ*।

দের একমাত্র আশ্রয় অর্থাৎ ক্ষেত্রের সহিত আমাদের কোন সম্বন্ধ নাই। আমরা ক্ষেত্র হইতে অনেক দূরে অবস্থান করিতেছি।[৩২] আমাদের দ্বার রুদ্ধ করিবার নিমিত্ত কবাটাদি বা প্রাচীর নাই, এবং আমাদের নিয়মিত গৃহ ও ক্ষেত্রাদিও নাই। আমরা যত্রসায়ংগৃহ মুনির ন্যায় সকল স্থানেই সকল সময় সুখে কাল যাপন করিয়া থাকি।[৩৩] আমরা শুনিয়াছি, এই সমুদায় অরণ্যস্থিত কামরূপী পর্ব্বত, বিবিধ রূপ অবলম্বনপূর্ব্বক স্ব স্ব গুহাতে বিচরণ করেন।[৩৪] যখন বনচারী কোন মনুষ্য, ইঁহাদের নিকট অপরাধী হন, তখন ইঁহারা সিংহাদি রূপ ধারণ করিয়া তাঁহাদিগকে বিনাশ করেন।[৩৫] অতএব গিরিযজ্ঞ আরম্ভ করুন। গোযজ্ঞানুষ্ঠানে প্রবৃত্ত হউন। মহেন্দ্র হইতে আমাদের কি উপকার হইতে পারে, কারণ গোগণ ও পর্ব্বতগণই আমাদের দেবতা।[৩৬] ব্রাহ্মণগণ কেবল মন্ত্রযজ্ঞ অর্থাৎ মন্ত্রোক্ত দেবতার অর্চ্চনা করিয়া থাকেন। যাঁহারা কৃষিজীবী,

---

* সীরযজ্ঞাশ্চ কর্ষকাঃ ইতি পাঠান্তরম্। ৩৭

গিরি-গো-যজ্ঞশীলাশ্চ বয়মদ্রিবনাশ্রয়াঃ* ॥৩৭॥
তস্মাদ্‌গোবর্দ্ধনঃ শৈলো ভবদ্ভির্ব্বিবিধার্হণৈঃ ।
অর্চ্চ্যতাং পূজ্যতাং মেধ্যং পশুং হত্বা বিধানতঃ ॥৩৮
সর্ব্বঘোষস্য সন্দোহো গৃহ্যতাং মা বিচার্য্যতাম্ ।
ভোজ্যন্তাং তেন বৈ বিপ্রাস্তথা যে চাভিবাঞ্ছকাঃ॥৩৯
সমর্চ্চিতে কৃতে হোমে ভোজিতেষু দ্বিজাতিষু ।
শরৎপুষ্পকৃতাপীড়াঃ পরিগচ্ছন্তু গোগণাঃ ॥৪০॥
এতন্মম মতং গোপাঃ । সংপ্রত্যাদ্রিয়তে যদি ।
ততঃ কৃতা ভবেৎ প্রীতির্গবামদ্রেস্তথা মম ॥৪১॥
ইতি তস্য বচঃ শ্রুত্বা নন্দাদ্যাস্তে ব্রজৌকসঃ ।

তাঁহারা সীতাযজ্ঞ অর্থাৎ লাঙ্গলপদ্ধতির পূজা করেন । আমরা পর্ব্বতাশ্রিত ও বনবাসী । আমাদের পক্ষে গিরিযজ্ঞ ও গোযজ্ঞ করাই শ্রেয়ঃ।[৩৭] অতএব আপনাদের কর্ত্তব্য এই যে, বিবিধ পূজোপকরণদ্বারা ও পবিত্র পশুবলিদ্বারা যথাবিধানে গোবর্দ্ধন পর্ব্বতের অর্চ্চনা করেন।[৩৮] অতএব সমুদায় ঘোষপল্লীতে যত দুগ্ধ হয়, সমুদায় সংগ্রহ করিয়া ব্রাহ্মণদিগকে এবং যাহারা ক্ষুধার্ত্ত তাহাদিগকে ভোজন করাউন, এ বিষয়ে বিচার করিবেন না।[৩৯] অতএব আপনারা পূজা ও হোম সমাপন পূর্ব্বক ব্রাহ্মণ ভোজন করাইয়া গোগণকে শরৎকালজাত কুসুমমালাদ্বারা অলঙ্কৃত করুন।[৪০] গোপালগণ ! এক্ষণে আমার এই মত যদি গ্রহণ কর, তাহা হইলে পর্ব্বত ও গোগণ প্রীত হইবেন এবং আমিও সন্তুষ্ট হইব।[৪১]

ব্রহ্মন্ ! নন্দ প্রভৃতি ব্রজবাসী গোপগণ, কৃষ্ণের এই বাক্য

* বয়মদ্রিবনৌকসঃ ইত্যপি পাঠঃ । ৩৭

প্রীত্যুৎফুল্লমুখা বিপ্র ! সাধু সাধ্বিত্যথাব্রুবন্ ॥৪২॥
শোভনং তে মতং বৎস ! যদেতদ্ভবতোদিতম্।
তৎ করিষ্যামহে সর্ব্বং গিরিযজ্ঞঃ প্রবর্ত্ত্যতাম্* ॥৪৩॥
পরাশর উবাচ।
তথা চ কৃতবন্তস্তে গিরিযজ্ঞং ব্রজৌকসঃ।
দধি-পায়স-মাংসাদ্যৈর্দদুঃ শৈলবলিং ততঃ ॥৪৪॥
দ্বিজাংশ্চ ভোজয়ামাসুঃ শতশোঽথ সহস্রশঃ।
অন্যানপ্যাগতানিত্থং কৃষ্ণেনোক্তং যথা পুরা ॥৪৫॥
গাবঃ শৈলং ততশ্চক্রুশ্চার্চ্চিতাস্তাঃ প্রদক্ষিণম্।
ঋষভাশ্চাপি নর্দ্দন্তঃ সতোয়া জলদা ইব ॥ ৪৬ ॥

শ্রবণ করিয়া প্রীতিপ্রফুল্ল হইলেন এবং সকলেই সাধুবাদ প্রদান করিতে লাগিলেন।[৪২] (পরে সকলেই একবাক্য হইয়া কহিলেন,) বৎস ! তুমি উত্তম মত প্রকাশ করিয়াছ। তুমি যাহা কহিলে, আমরা সকলেই তাহার অনুষ্ঠান করিব। এক্ষণে গিরি-যজ্ঞ আরম্ভ করা যাউক।[৪৩]

পরাশর কহিলেন। ব্রজবাসিগণ, কৃষ্ণের উপদেশানুসারে গিরি-যজ্ঞ আরম্ভ করিল। দধি পায়স ও মাংসাদিদ্বারা তাহারা পর্ব্ব-তের অর্চ্চনা করিতে লাগিল।[৪৪] পরে কৃষ্ণ যেরূপ বলিয়া-ছিলেন, তদনুসারে শতসহস্র ব্রাহ্মণগণকে ভোজন করাইতে লাগিল। অন্য যে সকল লোক সেই স্থলে উপস্থিত হইল, তাহাদিগকেও ভোজন করাইতে ত্রুটী করিল না।[৪৫] অনন্তর, গোগণ অর্চ্চিত হইয়া শৈল প্রদক্ষিণ করিতে লাগিল। ঋষভগণ, সজল জলধরসমূহের ন্যায় গর্জ্জন করিতে আরম্ভ করিল।[৪৬]

* গিরিযজ্ঞঃ প্রবর্ত্ত্যতাম ইতি ক্বচিৎ পাঠঃ।৪৩

গিরিমূর্দ্ধনি কৃষ্ণোঽপি শৈলোঽহমিতি মূর্ত্তিমান্।
বুভুজেঽন্নং বহু তদা গোপবর্য্যাহিতং দ্বিজ ॥৪৭॥
অন্যেন কৃষ্ণো রূপেণ গোপৈঃ সহ গিরেঃ শিরঃ।
অধিরুহ্যার্চ্চয়ামাস দ্বিতীয়ামাত্মনস্তনুম্ ॥৪৮॥
অন্তর্দ্ধানং গতে তস্মিন্ গোপা লব্ধ্বা ততো বরান্।
কৃত্বা গিরিমহং গোষ্ঠং নিজমভ্যাযযুঃ পুনঃ ॥৪৯॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমেঽংশে
শক্রোৎসবপ্রতিষেধো নাম
দশমোঽধ্যায়ঃ।

দ্বিজ! কৃষ্ণ পর্ব্বত শিখরে মুর্ত্তিমান্ হইয়া, আমি শৈল, এই কথা বলিয়া গোপগণ কর্ত্তৃক প্রদত্ত অন্ন সমুদায় ভোজন করিলেন।[৪৭] তিনি অন্য রূপদ্বারা গোপগণের সহিত পর্ব্বত-শিখরে আরোহণ করিয়া আপনার দ্বিতীয় মূর্ত্তির অর্চ্চনা করিতে লাগিলেন।[৪৮] অনন্তর পর্ব্বতরূপিণী কৃষ্ণের দ্বিতীয়মূর্ত্তি অন্তর্হিত হইলে, গোপগণ বরলাভ করিয়া পর্ব্বত-মহোৎসব সমাপনানন্তর গোষ্ঠে প্রতিনিবৃত্ত হইল।[৪৯]

বিষ্ণুপুরাণ, পঞ্চম অংশ, দশম অধ্যায়
সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমোঽংশঃ।

একাদশোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

মহে প্রতিহতে শক্রো মৈত্রেয়াতিরুষান্বিতঃ †।
সংবর্ত্তকং নামগণং তোয়দানামথাব্রবীৎ ॥১॥
ভো ভো মেঘাঃ! নিশম্যৈতৎ বচনং বদতো মম।
আজ্ঞানন্তরমেবাশু ক্রিয়তামবিচারিতম্ ॥২॥
নন্দগোপঃ সুদুর্ব্বুদ্ধির্গোপৈরন্যৈঃ সহায়বান্।
কৃষ্ণাশ্রয়বলাধ্মাতো মহভঙ্গমচীকরৎ ॥৩॥

পরাশর কহিলেন। মৈত্রেয়! কৃষ্ণ কর্ত্তৃক শক্রোৎসব নিবারিত হইলে, দেবরাজ ক্রোধান্বিত হইয়া সংবর্ত্তক প্রভৃতি জলদগণকে কহিলেন।[১] ভো ভো জলদগণ! আমি যাহা বলিতেছি, শ্রবণ কর। আমি আজ্ঞা করিবামাত্র তোমরা বিচার না করিয়াই তাহা সম্পাদন করিবে।[২] দুর্ব্বুদ্ধি নন্দগোপ এবং তৎসহচর অন্যান্য গোপগণ, সাতিশয় পাপানুষ্ঠানে প্রবৃত্ত হইয়াছে। তাহারা কৃষ্ণের আশ্রয়রূপ বলে স্ফীত হইয়া আমার মহোৎসব

---

† মৈত্রেয়াতিরুষান্বিতঃ ইত্যপি পাঠঃ।১

আজীবো যঃ পরস্তেষাং যাশ্চ গোপত্বকারণম্।
তা গাবো বৃষ্টিবাতেন পীড্যন্তাং বচনান্মম ॥৪॥
অহমপ্যদ্রিশৃঙ্গাভং তুঙ্গমারুহ্য বারণম্।
সাহায্যং বঃ করিষ্যামি বার্য্যম্বুৎসর্গযোজিতম্ ॥৫॥

পরাশর উবাচ।

ইত্যাজ্ঞপ্তাঃ সুরেন্দ্রেণ মুমুচুস্তে বলাহকাঃ।
বাতবর্ষং মহাভীমমভাবায় গবাং দ্বিজ !* ॥৬॥
ততঃ ক্ষণেন ধরণী ককুভোঽম্বরমেব চ।
একং ধারামহাসার-পূরণেনাভবন্মুনে ॥৭॥
বিদ্যুল্লতাকশাঘাতত্রস্তৈরিব ঘনৈর্ঘনম্।
নাদাপূরিতদিক্‌চক্রৈর্দ্ধারাসারমপাত্যত ॥৮॥

রহিত করিয়াছে।[৩] যে সকল গাভী সেই গোপগণের উপজীবিকা, যে গোগণ হইতে তাহারা গোপ-নাম প্রাপ্ত হইয়াছে, আমার বাক্যানুসারে সেই সমুদায় গোগণকে বৃষ্টিদ্বারা ও বায়ুদ্বারা প্রপীড়িত কর।[৪] আমিও পর্ব্বতশৃঙ্গসদৃশ উত্তুঙ্গ মাতঙ্গে আ-রোহণ করিয়া মহাঝড় ও মহাবৃষ্টি সম্পাদন বিষয়ে তোমাদের সাহায্য করিব।[৫]

পরাশর কহিলেন। দ্বিজ ! দেবরাজ, এই রূপ আজ্ঞা করিলে, মেঘগণ, গোগণকে বিনাশ করিবার নিমিত্ত অতি ভয়ঙ্কর ঝড় বৃষ্টি করিতে আরম্ভ করিল।[৬] মহর্ষে ! মূষলধারে জলধারা নিপতিত হওয়াতে, পৃথিবী, দিক্ ও আকাশ একীভূত হইয়া গেল।[৭] মেঘ-গণ, বিদ্যুল্লতারূপ কশাঘাতদ্বারা ভীত হইয়াই যেন মহাশব্দদ্বারা দিঙ্মণ্ডল প্রপূরিত করিয়া স্থূলধারে জলবর্ষণ করিতে লাগিল।[৮]

---

* অন্তবায় গবাং দ্বিজ ! ইতি বা পঠনীয়ম্।৬

অন্ধকারীকৃতে লোকে বর্ষদ্ভিরনিশং ঘনৈঃ।
অধশ্চোর্দ্ধঞ্চ তির্য্যক্ চ জগদাপ্যমিবাভবৎ ॥৯॥
গাবস্তু তেন পততা* বর্ষবাতেন বেগিনা।
ধূতাঃ প্রাণান্ জহুঃ সন্ন-ত্রিক-সক্থি-শিরোধরাঃ ॥১০
ক্রোড়েন বৎসানাক্রম্য তস্থুরন্যা মহামুনে।
গাবো বিবৎসাশ্চ কৃতা বারিপূরেণ চাপরাঃ ॥১১॥
বৎসাশ্চ দীনবদনাঃ পবনাকম্পি-কন্ধরাঃ।
ত্রাহি ত্রাহীত্যল্পশব্দাঃ কৃষ্ণমূচুরিবার্ত্তকাঃ ॥১২॥
ততস্তদ্গোকুলং সর্ব্বং গো-গোপী-গোপ-সংকুলম্।
অতীবার্ত্তং হরির্দৃষ্ট্বা মৈত্রেয়াচিন্তয়ৎ তদা ॥১৩॥

মেঘগণ নিরন্তর জলবর্ষণ করাতে চতুর্দ্দিক্ অন্ধকারময় হইল। তৎকালে বোধ হইতে লাগিল, ঊর্দ্ধ অধঃ ও চতুর্দ্দিক্ সমুদায়ই যেন জলময় হইয়াছে।[৯]

তৎকালে গোগণ, বেগে পতিত জলধারাদ্বারা ও প্রবল বায়ু-দ্বারা কম্পিত ও মুর্চ্ছিত হইল। তাহাদের কটিদেশ, উরুদেশ ও গ্রীবা সমুদায় অবসন্ন হইয়া পড়িল।[১০] মহর্ষে! কোন কোন গাভী, ক্রোড়দ্বারা বৎসগণকে রুদ্ধ করিয়া অবস্থান করিল। কোন কোন গাভীর বৎস জলস্রোতে ভাসিয়া গেল।[১১] বৎসগণ দুঃখার্ত্ত হইয়া মস্তক কম্পিত করাতে বোধ হইতে লাগিল, যেন তাহারা কাতর হইয়া কৃষ্ণকে, রক্ষা কর, রক্ষা কর, এই বাক্য বলি-তেছে।[১২] মৈত্রেয়! কৃষ্ণ গোকুলবাসী সমুদায় গোপী, গোপ ও গোগণকে একান্ত কাতর দেখিয়া চিন্তা করিতে লাগিলেন,[১৩] আমি শক্রোৎসব রহিত করাতে দেবরাজ কুপিত হইয়াই এই

* গাবস্তু তেন পবতা ইতি পাঠান্তরম্।১০

এতৎ কৃতং মহেন্দ্রেণ মহভঙ্গবিরোধিনা ।
তদেতদখিলং গোষ্ঠং ত্রাতব্যমধুনা ময়া ॥১৪॥
ইমমদ্রিমহং ধৈর্য্যাদুৎপাট্যোরুশিলাঘনম্ ।
ধারয়িষ্যামি গোষ্ঠস্য পৃথুচ্ছত্রমিবোপরি ॥১৫॥

পরাশর উবাচ।

ইতি কৃত্বা মতিং কৃষ্ণো গোবর্দ্ধন-মহীধরম্।
উৎপাট্যৈককরেণৈব ধারয়ামাস লীলয়া ॥১৬।
গোপাংশ্চাহ জগন্নাথঃ* সমুৎপাটিতভূধরঃ ।
বিশধ্বমত্র ত্বরিতাঃ কৃতং বর্ষনিবারণম্ ॥১৭॥
সুনির্ব্বাতেষু দেশেষু যথাজোষমিহাস্যতাম্ † ।
প্রবিশ্যতাং ন ভেতব্যং গিরিপাতস্য নির্ভয়ৈঃ ॥১৮॥

কার্য্য করিয়াছেন। অতএব এক্ষণে সমুদায় গোষ্ঠ রক্ষা করা আমার কর্ত্তব্য।[১৪] এক্ষণে আমি ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক, বৃহৎ প্রস্তরসমূহদ্বারা কঠিন এই গোবর্দ্ধন পর্ব্বত উৎপাটন করিয়া গোষ্ঠের উপরিভাগে প্রকাণ্ড ছত্রের ন্যায় ধারণ করিব।[১৫]

পরাশর কহিলেন । কৃষ্ণ, এইরূপ কৃতনিশ্চয় হইয়া অবলীলা ক্রমে গোবর্দ্ধন পর্ব্বত উন্মূলন পূর্ব্বক এক হস্তে ধারণ করিলেন।[১৬] জগন্নাথ কৃষ্ণ, গোবর্দ্ধন পর্ব্বত উৎপাটন করিয়া গোপগণকে কহিলেন, তোমরা ত্বরান্বিত হইয়া ইহার নিম্নে প্রবেশ কর। ইহাতেই তোমাদের বৃষ্টি নিবারণ হইবে।[১৭] ইহার মধ্যে যেখানে প্রবল বায়ু নাই, সেই স্থলে তোমরা যথাসুখে অবস্থান কর। তোমরা পর্ব্বতপতনের ভয় করিও না। নির্ভয় চিত্তে

* গোগোপাংশ্চ জগন্নাথঃ ইতি কচিৎ পাঠঃ ।১৭

† সুনির্বাতেষু দেশেষু যথাযোগ্যমিহাস্যতাম্ ইতি বা পাঠঃ ।১৮

ইত্যুক্তান্তে ততো গোপা বিবিশুর্গোধনৈঃ সহ।
শকটারোপিতৈর্ভাণ্ডৈর্গোপ্যশ্চাসারপীড়িতাঃ ॥১৯॥
কৃষ্ণোঽপি তং দধারৈব শৈলমত্যন্তনিশ্চলম্।
ব্রজৈকবাসিভির্হর্ষবিস্মিতাক্ষৈর্নিরীক্ষিতঃ ॥২০॥
গোপগোপীজনৈর্হৃষ্টৈঃ প্রীতিবিস্তারিতেক্ষণৈঃ।
সংস্তূয়মানচরিতঃ কৃষ্ণঃ শৈলমধারয়ৎ ॥২১॥
সপ্তরাত্রং মহামেঘা ববর্ষুর্নন্দগোকুলে।
ইন্দ্রেণ চোদিতা বিপ্র! গোপানাং নাশকারিণঃ ॥২২
ততো ধৃতে মহাশৈলে পরিত্রাতে চ গোকুলে।
মিথ্যাপ্রতিজ্ঞো বলভিদ্বারয়ামাস তান্ ঘনান্ ॥২৩

ইহার মধ্যে প্রবেশ কর।[১৮] জলধারায় প্রপীড়িত গোপী ও গোপগণ, কৃষ্ণের এই বাক্য শ্রবণ করিয়া ভাণ্ডপূর্ণ শকটসমুহ লইয়া গোধনের সহিত সেই স্থানে প্রবেশ করিল।[১৯] কৃষ্ণও সেই পর্ব্বত ধারণ করিয়া থাকিলেন। পর্ব্বত একবারের নিমিত্তও বিচলিত হইল না। ব্রজবাসিগণ বিস্মিত ও আহ্লাদিত হইয়া এই অদ্ভুত ব্যাপার নিরীক্ষণ করিতে লাগিল।[২০] গোপগণ ও গোপীগণ পরমহৃষ্ট হৃদয়ে প্রীতি হেতু বিস্ফারিত-নয়ন হইয়া কৃষ্ণ-চরিত বিষয়ক স্তব করিতে লাগিল। কৃষ্ণও পর্ব্বত ধারণ করিয়াই থাকিলেন।[২১] দ্বিজবর! দেবরাজ কর্ত্তৃক প্রেরিত মহা-মেঘগণ, গোপগণকে সংহার করিবার নিমিত্ত গোকুলে নন্দালয়ে সপ্ত রাত্রি ক্রমাগত বর্ষণ করিল।[২২] কৃষ্ণ যখন গোবর্দ্ধন পর্ব্বত ধারণ করিয়া থাকিলেন, ও গোকুল যখন পরিরক্ষিত হইল, তখন ইন্দ্রের প্রতিজ্ঞা মিথ্যা হওয়াতে তিনি মেঘগণকে জল বর্ষণে নিবারণ করিলেন।[২৩]

ব্যভ্রে নভসি দেবেন্দ্রে বিতথাত্মবচস্তথ।
নিষ্ক্রম্য গোকুলং সর্ব্বং স্বস্থানে পুনরাগমৎ ॥২৪॥
মুমোচ কৃষ্ণোঽপি তদা গোবর্দ্ধনমহাচলম্।
স্বস্থানে বিস্মিতমুখৈর্দৃষ্টস্তৈস্তু ব্রজৌকসৈঃ* ॥২৫॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
গোবর্দ্ধনপর্ব্বতধারণো নাম
একাদশোঽধ্যায়ঃ।

এই রূপে যখন আকাশমণ্ডল মেঘশূন্য হইল, ইন্দ্রের বাক্য নিষ্ফল হইয়া গেল, তখন গোকুলস্থ গোপগণ ও গোপীগণ সকলেই পর্ব্বতাভ্যন্তর হইতে নিষ্ক্রান্ত হইয়া স্ব স্ব স্থানে আগমন করিল।[২৪] কৃষ্ণও তখন গোবর্দ্ধন নামক সেই মহাশৈল যথাস্থানে স্থাপন করিলেন। ব্রজবাসিগণ বিস্ময়াবিষ্ট হইয়া অবলোকন করিতে লাগিল।[২৫]

বিষ্ণুপুরাণ পঞ্চমাংশ গোবর্দ্ধন পর্ব্বত ধারণ
নামক একাদশ অধ্যায়
সমাপ্ত।

---

* স্বস্থানং বিস্মিতমুখৈর্দৃষ্টস্তৈস্তু বনৌকসৈঃ ইতি পাঠান্তরম্।২৫

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমোঽংশঃ।

দ্বাদশোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

ধৃতে গোবর্দ্ধনে শৈলে পরিত্রাতে চ গোকুলে।
রোচয়ামাস কৃষ্ণস্য দর্শনং পাকশাসনঃ ॥১॥
সোঽধিরুহ্য মহানাগমৈরাবতমমিত্রজিৎ।
গোবর্দ্ধনগিরৌ কৃষ্ণং দদর্শ ত্রিদশেশ্বরঃ ॥২॥
চারয়ন্তং মহাবীর্য্যং গাবো গোপবপুর্দ্ধরম্।
কৃষ্ণঞ্চ জগতো গোপং বৃতং গোপকুমারকৈঃ ॥৩॥

পরাশর কহিলেন। কৃষ্ণ গোবর্দ্ধন পর্ব্বত ধারণ করিয়া গোপগণকে গোপীগণকে ও গোগণকে রক্ষা করিলে, দেবরাজ তাঁহাকে দর্শন করিবার নিমিত্ত অভিলাষী হইলেন।[১] শত্রুনাশক সেই ত্রিদশনাথ, ঐরাবত নামক মহাগজে আরোহণ করিয়া গোবর্দ্ধন গিরিতে আগমন পূর্ব্বক কৃষ্ণকে দেখিতে পাইলেন।[২] দেবরাজ (যখন দর্শন করেন) তখন মহাবীর্য্য কৃষ্ণ, জগতের পালনকর্ত্তা হইয়াও গোপকুমারসমূহে পরিবৃত হইয়া গোপ বেশ অবলম্বন পূর্ব্বক গোপালন ও গোচারণ করিতেছেন।[৩] ব্রহ্মন্! দেবরাজ

গরুড়ঞ্চ দদর্শোচ্চৈরন্তর্দ্ধানগতং দ্বিজ ! ।
কৃতচ্ছায়ং হরের্মূর্দ্ধ্নি পক্ষাভ্যাং পক্ষিপুঙ্গবম্ ॥৪॥
অবরুহ্য স নাগেন্দ্রাদেকান্তে মধুসূদনম্ ।
শক্রঃ সস্মিতমাহেদং প্রীতিবিস্ফারিতেক্ষণঃ ॥৫॥
কৃষ্ণ কৃষ্ণ ! শৃণুষ্বেদং যদর্থমহমাগতঃ ।
ত্বৎসমীপং মহাভাগ ! নৈতচ্চিন্ত্যং ত্বয়ান্যথা ॥৬॥
ভারাবতারণার্থায় পৃথিব্যাঃ পৃথিবীতলম্ ।
অবতীর্ণোঽখিলাধারস্ত্বমেব পরমেশ্বর ॥৭॥
মহভঙ্গবিরুদ্ধেন ময়া গোকুলনাশকাঃ ।
সমাদিষ্টা মহামেঘাস্তৈশ্চেদং কদনং কৃতম্ ॥৮॥
ত্রাতাস্তাত ! ত্বয়া গাবঃ সমুৎপাট্য মহাগিরিম্ ।
তেনাহং তোষিতো বীর ! কর্ম্মণাত্যদ্ভুতেন তে ॥৯॥

(দেখিলেন যে) পক্ষিরাজ গরুড় অন্তর্হিত হইয়া পক্ষদ্বয় বিস্তার পূর্ব্বক হরির মস্তকে ছায়া প্রদান করিতেছে।[৪] তখন দেবরাজ ঐরাবত হইতে অবরোহণ করিয়া প্রীতিবিস্ফারিত নয়নে ঈষৎ হাস্য পূর্ব্বক নির্জ্জন স্থানস্থিত মধুসূদনকে কহিলেন,[৫] মহাভাগ! কৃষ্ণ! আমি যে জন্য এখানে তোমার সমীপে আগমন করিয়াছি, তাহা শ্রবণ কর। এ বিষয় অন্যথা ভাবিও না।[৬] পরমেশ্বর! তুমি জগতের আধার। তুমি পৃথিবীর ভার অপনয়নের নিমিত্ত পৃথিবীতলে অবতীর্ণ হইয়াছ।[৭] গোপগণ শক্রোৎসব রহিত করাতেই আমি তাহাদিগকে বিনাশ করিবার অভিপ্রায়ে মহামেঘদিগকে আদেশ করিয়াছিলাম। সেই জন্যই মহামেঘগণ ঈদৃশ ক্লেশ প্রদানে প্রবৃত্ত হইয়াছিল।[৮] বীর! তুমি মহাগিরি উৎপাটন পূর্ব্বক এই সমুদায় গোগণকে রক্ষা করিয়াছ। আমি

সাধিতং কৃষ্ণ! দেবানামহং মন্যে প্রয়োজনম্।
ত্বয়ায়মদ্রিপ্রবরঃ করেণৈকেন যদ্ধৃতঃ ॥১০॥
গোভিশ্চ চোদিতঃ কৃষ্ণ! ত্বৎসকাশমিহাগতঃ।
ত্বয়া ত্রাতাভিরত্যর্থং যুষ্মৎসৎকারকারণাৎ ॥১১॥
স ত্বাং কৃষ্ণাভিষেক্ষ্যামি গবাং বাক্যপ্রচোদিতঃ।
উপেন্দ্রত্বে গবামিন্দ্রো গোবিন্দস্ত্বং ভবিষ্যসি ॥১২॥
অথোপবাহ্যাদাদায় ঘন্টামৈরাবতাদ্ গজাৎ।
অভিষেকং তয়া চক্রে পবিত্রজলপূর্ণয়া ॥১৩॥
ক্রিয়মাণেঽভিষেকে তু গাবঃ কৃষ্ণস্য তৎক্ষণাৎ।
প্রস্রবোদ্ভূত-দুগ্ধার্দ্রাং সদ্যশ্চক্রুর্বসুন্ধরাম্ ॥১৪॥
অভিষিচ্য গবাং বাক্যাদ্দেবেন্দ্রো বৈ জনার্দ্দনম্।

তোমার এই অদ্ভুত কার্য্যদ্বারা সাতিশয় প্রীত হইলাম।[৯] কৃষ্ণ! তুমি যে এক হস্তদ্বারা এই মহাশৈল ধারণ করিয়াছ, ইহাতে আমার বোধ হইতেছে যে, তোমাদ্বারা দেবতাদিগের মহৎ প্রয়োজন সাধিত হইবে, সন্দেহ নাই।[১০] কৃষ্ণ! তুমি গোগণকে রক্ষা করিয়াছ, তজ্জন্যই আমি গোগণকর্ত্তৃক তোমার নিকট প্রেরিত হইয়া তোমার সৎকারের নিমিত্তই এই স্থানে উপস্থিত হইলাম।[১১] এক্ষণে আমি গোগণের বাক্যানুসারে তোমাকে উপেন্দ্রত্ব পদে অভিষিক্ত করিব। তুমি গোগণের ইন্দ্র ও গোবিন্দ নামে বিখ্যাত হইবে।[১২]

অনন্তর দেবরাজ স্বীয় বাহন ঐরাবত হইতে একটি ঘণ্টা গ্রহণ পূর্ব্বক তাহা পবিত্র জলে পরিপূর্ণ করিয়া তদ্দ্বারা কৃষ্ণের অভিষেক করিলেন।[১৩] দেবরাজ যে সময় কৃষ্ণের অভিষেক করেন, সেই সময়েই গোগণ দুগ্ধস্রাব করিয়া পৃথিবী সিক্ত করিল।[১৪] শচী-

প্রীত্যা সপ্রশ্রয়ং কৃষ্ণং পুনরাহ শচীপতিঃ ॥১৫॥
গবামেতৎ কৃতং বাক্যং তথান্যদপি মে শৃণু।
যদ্ব্রবীমি মহাভাগ! ভারাবতরণেচ্ছয়া ॥১৬॥
মমাংশঃ পুরুষব্যাঘ্র! পৃথায়াং পৃথিবীতলে।
অবতীর্ণোঽর্জ্জুনো নাম স রক্ষ্যো ভবতা সদা ॥১৭॥
ভারাবতরণে সাহ্যং স তে বীরঃ করিষ্যতি।
স রক্ষণীয়ো ভবতা যথাত্মা মধুসূদন ॥১৮॥

শ্রীভগবানুবাচ।

জানামি ভারতে বংশে জাতং পার্থং তবাত্মজম্।
তমহং পালয়িষ্যামি যাবদস্মি মহীতলে* ॥১৯॥
যাবন্ মহীতলে শক্র! স্থাস্যাম্যহমরিন্দম!।

পতি ইন্দ্র গোগণের বাক্যানুসারে কৃষ্ণকে অভিষিক্ত করিয়া বিনয়ান্বিত হইয়া প্রীতিপূর্ব্বক পুনর্ব্বার কহিলেন,[১৫] মহাভাগ! আমি গোগণের বাক্যানুসারে ইহা করিলাম। এক্ষণে পৃথিবীর ভারাপনয়নে অভিলাষী হইয়া আরও কিঞ্চিৎ বলিতেছি, শ্রবণ কর।[১৬] পুরুষব্যাঘ্র! এই পৃথিবীতে কুন্তির গর্ভে আমার অংশ অবতীর্ণ হইয়া অর্জ্জুন নামে বিখ্যাত হইয়াছে। তুমি সর্ব্বদা তাহার রক্ষণাবেক্ষণ করিবে।[১৭] মধুসূদন! এই বীর পৃথিবীর ভারাবতারণ বিষয়ে তোমার সাহায্য করিবে। তুমি আপনার ন্যায় সর্ব্বদা ইহাকে রক্ষা করিতে যত্নবান্ হইবে।[১৮]

শ্রীভগবান্ কহিলেন। ভরতবংশে কুন্তির গর্ভজাত তোমার পুত্র জন্ম পরিগ্রহ করিয়াছে, ইহা আমি জ্ঞাত আছি। আমি যে পর্য্যন্ত পৃথিবীতে থাকিব, সে পর্য্যন্ত তাহাকে রক্ষা করিব।[১৯]

---

* যাবৎ স্থাস্যামি ভূতলে ইতি বা পঠনীয়ম্।[১৯]

ন তাবদর্জ্জুনং কশ্চিদ্দেবেন্দ্র যুধি জেষ্যতি ॥২০॥
কংসো নাম মহাবাহুর্দৈত্যোঽরিষ্টস্তথাপরঃ।
কেশী কুবলয়াপীড়ো নরকাদ্যাস্তথাপরে ॥২১॥
হতেষেতেষু দেবেন্দ্র! ভবিষ্যতি মহাহবঃ।
তত্র বিদ্ধি সহস্রাক্ষ! ভারাবতরণং কৃতম্ ॥২২॥
স ত্বং গচ্ছ ন পুত্রার্থে সন্তাপং কর্ত্তুমর্হসি।
নার্জ্জুনস্য রিপুঃ কশ্চিন্মমাগ্রে প্রভবিষ্যতি ॥২৩॥
অর্জ্জুনার্থে ত্বহং সর্ব্বান্ যুধিষ্ঠিরপুরোগমান্।
নিবৃত্তে ভারতে যুদ্ধে কুন্ত্যা দাস্যাম্যবিক্ষতান্ ॥২৪॥

পরাশর উবাচ।

ইত্যুক্তঃ সংপরিষ্বজ্য দেবরাজো জনার্দ্দনম্।
আরুহ্যৈরাবতং নাগং পুনরেব দিবং যযৌ ॥২৫॥

শক্রসন্তাপক দেবরাজ! আমি যে পর্য্যন্ত পৃথিবীতে অবস্থান করিব, সে পর্য্যন্ত কোন ব্যক্তিই অর্জ্জুনকে যুদ্ধে পরাজয় করিতে পারিবে না।[২০] মহাবাহো! দৈত্য কংস, অরিষ্ট, কেশী, ও নরক প্রভৃতি অন্যান্য দৈত্যগণ,[২১] ইহারা বিনষ্ট হইলে পরিশেষে একটি মহাসংগ্রাম উপস্থিত হইবে। দেবরাজ! সেই যুদ্ধেই পৃথিবীর সমুদায় ভার অপনীত হইতে পারিবে।[২২] অতএব তুমি গমন কর। পুত্রের নিমিত্ত পরিতাপ করিও না। আমার সম্মুখে অর্জ্জুনের কোন শত্রুই প্রভাব বিস্তার করিতে পারিবে না।[২৩] আমি কেবল অর্জ্জুনের নিমিত্ত এত দূর করিব যে, কুরুক্ষেত্রের যুদ্ধ নিবৃত্ত হইলে যুধিষ্ঠির প্রভৃতি পঞ্চ ভ্রাতাকে অক্ষত শরীরে কুন্তির নিকট সমর্পণ করিব।[২৪]

দেবরাজ কৃষ্ণের এই বাক্য শ্রবণ করিয়া তাঁহাকে আলিঙ্গন

কৃষ্ণোঽপি সহিতো গোভি-র্গোপালৈশ্চ পুনর্ব্রজম্।
আজগামাথ গোপীনাং দৃষ্টিপূতেন বর্ত্মনা ॥২৬॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
কৃষ্ণাভিষেকো নাম
দ্বাদশোঽধ্যায়ঃ।

পূর্ব্বক ঐরাবতে আরূঢ় হইয়া পুনর্ব্বার দেবলোকে গমন করিলেন।[২৫] এ দিকে কৃষ্ণও গোপীগণের দৃষ্টিদ্বারা পবিত্রীকৃত পথ অবলম্বন পূর্ব্বক গোগণের সহিত ও গোপালগণের সহিত পুনর্ব্বার ব্রজে প্রত্যাগমন করিলেন।[২৬]

বিষ্ণুপুরাণ, পঞ্চম অংশ, কৃষ্ণাভিষেক-
নামক দ্বাদশ অধ্যায়
সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমোঽংশঃ।

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

গতে শক্রে তু গোপালাঃ কৃষ্ণমক্লিষ্টকারিণম্।
উচুঃ প্রীত্যা ধৃতং দৃষ্ট্বা তেন গোবর্দ্ধনাচলম্॥১॥
বয়মস্মান্মহাবাহো! ভবতা মহতো ভয়াৎ।
গাবশ্চ ভবতা ত্রাতা গিরিধারণকর্ম্মণা॥২॥
বালক্রীড়েয়মতুলা গোপালত্বং জুগুপ্সিতম্।
দিব্যঞ্চ কর্ম্ম ভবতঃ কিমেতৎ? তাত! কথ্যতাম্॥৩॥

পরাশর কহিলেন। দেবরাজ গমন করিলে গোপগণ অদ্ভুত-কার্য্যকারী কৃষ্ণকে গোবর্দ্ধন ধারণ করিয়াছিলেন দেখিয়া প্রীতি-পূর্ব্বক কহিল, [১] মহাবাহো! তুমি আমাদিগকে মহদ্ভয় হইতে রক্ষা করিয়াছ। তুমি গোবর্দ্ধন ধারণ করাতে গোগণ রক্ষা পাই-য়াছে।[২] ভ্রাতঃ! তোমার এই বাল্যক্রীড়াই অতীব অদ্ভুত। দেখ, গোপবালকত্ব অতীব সামান্য, তোমার কর্ম্ম সমুদায় অতীব আশ্চর্য্য। ইহার কারণ কি? বল।[৩] তুমি সলিল মধ্যে কালিয়দমন করিয়াছ, প্রলম্বাসুরকে বিনাশ করিয়াছ, এবং সম্প্রতি গোব-

কালিয়ো দমিতস্তোয়ে প্রলম্বো বিনিপাতিতঃ ।
ধৃতো গোবৰ্দ্ধনশ্চায়ং শঙ্কিতানি মনাংসি নঃ ॥৪॥
সত্যং সত্যং হরেঃ পাদৌ শপামোঽমিতবিক্রম ! ।
যথা ত্বদ্বীর্য্যমালোক্য ন ত্বাং মন্যামহে নরম্* ॥৫॥
প্রীতিঃ সস্ত্রী-কুমারস্থ ব্রজস্থ তব কেশব ! ।
কর্ম্ম চেদমশক্যং যৎ সমস্তৈস্ত্রিদশৈরপি ॥৬॥
বালত্বং চাতিবীর্য্যঞ্চ জন্ম চাস্মাস্বশোভনম্ ।
চিন্ত্যমানমমেয়াত্মন্ ! শঙ্কাং কৃষ্ণ প্রযচ্ছতি ॥৭॥
দেবো বা দানবো বা ত্বং যক্ষো গন্ধর্ব্ব এব বা ।
কিং বাস্মাকং বিচারেণ বান্ধবোঽসি নমোঽস্তু তে ॥৮॥

র্দ্ধন ধারণ করিলে। ইহাতে আমাদের মনে সন্দেহ উপস্থিত হইতেছে।[৪] অসীম-পরাক্রমশালিন্ ! আমরা হরির পাদপদ্ম স্পর্শ পূর্ব্বক দিব্য করিয়া বলিতে পারি যে, তোমার পরাক্রম দেখিয়া আমরা তোমাকে মনুষ্য বলিয়া বোধ করি না।[৫] কেশব ! কি স্ত্রী, কি বালক, কি বৃদ্ধ, ব্রজবাসী সকলেই তোমার প্রতি প্রীতি প্রকাশ করিয়া থাকে। বিশেষতঃ তুমি যে সকল কর্ম্ম কর, তাহা সম্পাদন করা দেবগণেরও সাধ্য নহে।[৬] অমেয়াত্মন্ কৃষ্ণ ! আমাদের গোকুলে জন্ম পরিগ্রহ করিয়া বাল্যাবস্থায় এতদূর বীরত্ব কখনই সম্ভাবিত নহে। এই সকল চিন্তাদ্বারা আমাদের অন্তঃকরণে শঙ্কার উদয় হইতেছে।[৭] তুমি দেবতা বা দানব বা যক্ষ অথবা গন্ধর্ব্ব হইবে। অথবা আমাদের এতদ্বিষয়ক বিচারে প্রয়োজন কি। তুমি আমাদের বন্ধু বলিয়া আমরা তোমাকে নমস্কার করি।[৮]

---

* ন ত্বা মন্যামহে নরম্ ইতি পাঠান্তরম্ ।

পরাশর উবাচ।

ক্ষণং ভূত্বা ত্বসৌ তূষ্ণীং কিঞ্চিৎ প্রণয়কোপবান্।
ইত্যেবমুক্তস্তৈর্গোপৈঃ কৃষ্ণোঽপ্যাহ মহামুনে! ॥৯॥

শ্রীভগবানুবাচ।

মৎসম্বন্ধেন ভো গোপা যদি লজ্জা ন জায়তে।
শ্লাঘ্যো বাহং ততঃ কিং বো বিচারেণ প্রয়োজনম্॥১০॥
যদি বোঽস্তি ময়ি প্রীতিঃ শ্লাঘ্যোঽহং ভবতাং যদি।
তদাত্মবন্ধুসদৃশী বুদ্ধির্ব্বঃ ক্রিয়তাং ময়ি* ॥১১॥
নাহং দেবো ন গন্ধর্ব্বো ন যক্ষো ন চ দানবঃ।
অহং বো বান্ধবো জাতো নাস্তি চিন্ত্যমতোঽন্যথা ॥১২

পরাশর উবাচ।

ইতি শ্রুত্বা হরের্ব্বাক্যং বদ্ধমৌনাস্ততো বনম্।

পরাশর কহিলেন। মহর্ষে! কৃষ্ণ, গোপবালকগণ কর্ত্তৃক এই রূপ কথিত হইয়া, ক্ষণকাল মৌনাবলম্বন করিয়া থাকিলেন। পরে কিঞ্চিৎ প্রণয়কোপ প্রকাশ পূর্ব্বক কহিলেন।[৯]

[শ্রীভগবান্ কহিলেন।] ভো ভো গোপগণ! আমার সহিত বন্ধুতা থাকাতে যদি তোমাদের লজ্জা বোধ না হয়, ও যদি আমি তোমাদের শ্লাঘ্যই হই, তাহা হইলে এতদ্বিষয়ক বিচারে তোমাদের কি প্রয়োজন।[১০] যদি আমার প্রতি তোমাদের স্নেহ থাকে, ও তোমরা আমাকে শ্লাঘ্য বলিয়া বিবেচনা কর, তাহা হইলে আমাকে বন্ধুসদৃশ বিবেচনা করিবে।[১১] আমি দেবতা নহি, গন্ধর্ব্ব নহি, যক্ষ নহি, দানবও নহি। আমি তোমাদের এক জন বন্ধু। এ বিষয়ে তোমরা অন্য কিছু মনে করিও না।[১২]

* তদর্চ্চা বন্ধুসদৃশী বান্ধবাঃ ক্রিয়তাং ময়ি ইতি ক্বচিৎ পাঠঃ।১১

যযুর্গোপা মহাভাগ ! তস্মিন্ প্রণয়কোপিনি ॥১৩॥
কৃষ্ণস্তু বিমলং ব্যোম শরচ্চন্দ্রস্য চন্দ্রিকাম্ ।
তথা কুমুদিনীং ফুল্লামামোদিতদিগন্তরাম্ ॥১৪॥
বনরাজিং তথা কুজদ্ভৃঙ্গমালাং মনোরমাম্ ।
বিলোক্য সহ গোপীভির্ম্মনশ্চক্রে রতিং প্রতি ॥১৫॥
সহ রামেণ মধুরমতীব বনিতাপ্রিয়ম্ ।
জগৌ কলপদং সৌরির্নানাতন্ত্রী-কৃত-ব্রতম্ ॥১৬॥
রম্যং গীতধ্বনিং শ্রুত্বা সন্ত্যজ্যাবসথাংস্তদা ।
আজগ্মুস্ত্বরিতা গোপ্যো যত্রাস্তে মধুসূদনঃ ॥১৭॥
শনৈঃ শনৈর্জ্জগৌ গোপী কাচিৎ তস্য লয়ানুগম্ * ।

পরাশর কহিলেন, মহাভাগ ! কৃষ্ণ প্রণয়কোপ-প্রকাশ পূর্ব্বক এইরূপ কহিলে, গোপগণ মৌনাবলম্বন পূর্ব্বক বনে গমন করিল।[১৩] অনন্তর কৃষ্ণ দেখিলেন যে, নির্ম্মল আকাশে শরচ্চন্দ্রিকা শোভা বিস্তার করিতেছে। কুমুদিনী বিকসিতা হইয়া (সৌগন্ধ দ্বারা) চতুর্দ্দিক্ আমোদিত করিয়াছে।[১৪] চতুর্দ্দিকে ভ্রমরগণ শব্দ করাতে বনশ্রেণী অতীব মনোহর বেশ ধারণ করিয়াছে। কৃষ্ণ এই সমুদায় অবলোকন করিয়া, গোপীগণের সহিত ক্রীড়া করিতে অভিলাষী হইলেন।[১৫] অনন্তর তিনি রামের সহিত রমণীগণের প্রিয় অতীব সুমধুর সঙ্গীত আরম্ভ করিলেন। নানা তন্ত্রী দ্বারা মধুরাস্ফুট স্বরের নিয়ম রক্ষিত হইতে লাগিল।[১৬] অনন্তর গোপীগণ সুমধুর গীতধ্বনি শ্রবণ করিয়া ত্বরান্বিত হইয়া, গৃহ পরিত্যাগ পূর্ব্বক যে স্থানে কৃষ্ণ আছেন, সেই স্থানে আগমন করিতে লাগিল।[১৭] কোন কোন গোপী, কৃষ্ণের সহিত তাললয়ের সংযোজন

* কাচিৎ তস্য লয়ানুগা ইতি বা পাঠঃ।১৮

দত্তাবধানা কাচিত্তু তমেব মনসা স্মরন্ ॥১৮॥
কাচিৎ কৃষ্ণেতি কৃষ্ণেতি প্রোক্ত্বা লজ্জামুপাগতা।
যযৌ চ কাচিৎ প্রেমান্ধা তৎপার্শ্বমবিলজ্জিতা ॥১৯॥
কাচিদাবসথস্যান্তঃ স্থিতা দৃষ্ট্বা বহির্গুরূন্ *।
তন্ময়ত্বেন গোবিন্দং দধ্যৌ মীলিতলোচনা ॥২০॥
তচ্চিন্তাবিপুলাহ্লাদ-ক্ষীণপুণ্যচয়া তথা †।
তদপ্রাপ্তি-মহাদুঃখ-বিলীনাশেষপাতকা ॥২১॥
চিন্তয়ন্তী জগৎসূতিং পরব্রহ্মস্বরূপিণম্।
নিরুচ্ছ্বাসতয়া মুক্তিং গতান্যা গোপকন্যকা ॥২২॥

করিয়া শনৈঃ শনৈঃ সঙ্গীত আরম্ভ করিল। কোন গোপী বা সঙ্গীত বিষয়ে একমনা হইয়া হৃদয় মধ্যে কৃষ্ণকে চিন্তা করিতে লাগিল।[১৮] কোন গোপী কৃষ্ণ কৃষ্ণ এই নাম উচ্চারণ পূর্ব্বক লজ্জাসম্বৃতা হইয়া অবস্থান করিল। কেহ বা প্রেমান্ধা হইয়া লজ্জা পরিত্যাগ পূর্ব্বক তৎক্ষণাৎ কৃষ্ণের নিকট গমন করিল।[১৯] কোন গোপী গৃহের মধ্যে অবস্থান করিতেছিল, গৃহের বাহিরে শ্বশুর প্রভৃতি গুরুজনকে দেখিয়া, বহির্গতা হইতে পারিল না। পরন্তু তন্ময়ী হইয়া, নয়ননিমীলন পূর্ব্বক কৃষ্ণকেই ধ্যান করিতে লাগিল।[২০] কৃষ্ণকে চিন্তা করাতে তাহার যে অসীম হর্ষোদয় হইয়াছিল, তদ্দ্বারা তাহার সমুদায় পুণ্যপুঞ্জ পরিক্ষীণ হইল। কৃষ্ণকে না পাওয়াতে তৎকালে তাহার অন্তঃকরণে যে মহাদুঃখ উদিত হইল, তদ্দ্বারা তাহার সমুদায় পুণ্যপুঞ্জ ক্ষয় হইয়া গেল।[২১] এই রূপে কোন গোপকন্যা একাগ্র-হৃদয়া হইয়া জগতের কারণ পর-

---

* স্থিত্বা দৃষ্ট্বা বহির্গুরূন্ ইতি বা পাঠঃ।২০

† -ক্ষীণপুণ্যচয়া তদা ইতি বিভিন্নঃ পাঠঃ।২১

গোপীপরিবৃতো রাত্রিং শরচ্চন্দ্রমনোরমাম্।
মানয়ামাস গোবিন্দো রাসারম্ভরসোৎসুকঃ ॥২৩॥
গোপ্যশ্চ বৃন্দশঃ কৃষ্ণ-চেষ্টাস্বায়ত্তমূর্ত্তয়ঃ।
অন্যদেশং গতে কৃষ্ণে চেরুর্বৃন্দাবনান্তরম্ ॥২৪॥
কৃষ্ণে নিরুদ্ধহৃদয়া ইদমূচুঃ পরস্পরম্।
কৃষ্ণোঽহমেতল্ললিতং ব্রজাম্যালোক্যতাং গতিঃ।
অন্যা ব্রবীতি, কৃষ্ণস্য মম গীতির্নিশাম্যতাম্* ॥২৫॥
দুষ্ট কালিয়! তিষ্ঠাত্র কৃষ্ণোঽহমিতি চাপরা।
বাহুমাস্ফোট্য কৃষ্ণস্য লীলাসর্ব্বস্বমাদদে ॥২৬॥

ব্রহ্ম স্বরূপ কৃষ্ণকে ধ্যান করিতে করিতে প্রাণ পরিত্যাগ পূর্ব্বক মুক্তিলাভ করিল।[২২]

অনন্তর কৃষ্ণ, শরচ্চন্দ্র দ্বারা মনোহর সেই রজনীতে গোপীগণে পরিবৃত হইয়া রাসারম্ভ রূপ রসাস্বাদনে সমুৎসুক হইলেন।[২৩] তৎকালে গোপীগণের শরীর, কৃষ্ণের চেষ্টার আয়ত্ত হইয়াছিল, সুতরাং তাহারা অন্যস্থান-স্থিত কৃষ্ণকে প্রাপ্ত না হইয়া দলে দলে বৃন্দাবনে পরিভ্রমণ করিতে লাগিল।[২৪] গোপীগণ, কৃষ্ণ কর্ত্তৃক আকৃষ্ট-হৃদয় হইয়া পরস্পর এই রূপ বলাবলি করিতে লাগিল যে, আমি কৃষ্ণ, আমি গমন করিতেছি, আমার গতি অবলোকন কর। কোন গোপী কহিল, আমি কৃষ্ণ, আমার সঙ্গীত শ্রবণ কর।[২৫] কোন গোপী, কৃষ্ণলীলার অনুকরণ করিয়া বাহু আস্ফোটন পূর্ব্বক কহিল, আমি কৃষ্ণ, দুষ্ট কালিয় সর্প! পলায়ন করিও না।[২৬] অন্য

* কৃষ্ণস্য মমগীতির্নিশাম্যতাম্ ইতি বা পাঠনীয়ম্।২৫

রাস—বহুসংখ্য স্ত্রীলোক, এক বা বহুসংখ্য পুরুষের সহিত হাত ধরাধরি করিয়া মণ্ডলাকারে ভ্রমণ পূর্ব্বক যে নৃত্য ও গীত দ্বারা আমোদ প্রমোদ করা হয়, তাহার নাম রাসক্রীড়া।২৩

অন্যা ব্রবীতি ভো গোপা নিঃশঙ্কৈঃ স্থীয়তামিহ।
অলং বৃষ্টিভয়েনাত্র ধৃতো গোবর্দ্ধনো ময়া॥২৭॥
ধেনুকোঽয়ং ময়া ক্ষিপ্তো বিচরন্তু যথেচ্ছয়া।
গোপী ব্রবীতি বৈ চান্যা* কৃষ্ণলীলানুকারিণী॥২৮॥
এবং নানাপ্রকারাসু কৃষ্ণচেষ্টাসু তাস্তদা।
গোপ্যো ব্যগ্রাঃ সমঞ্চেরু-রম্যং বৃন্দাবনং বনম্॥২৯॥
বিলোক্যৈকা ভুবং প্রাহ গোপী † গোপবরাঙ্গনা।
পুলকাঞ্চিতসর্ব্বাঙ্গী বিকাশিনয়নোৎপলা॥৩০॥
ধ্বজবজ্রাঙ্কুশাব্জাঙ্ক-রেখাবন্ত্যালি! পশ্যত।
পদান্যেতানি কৃষ্ণস্য লীলালঙ্কৃতগামিনঃ॥৩১॥

গোপী কহিল, অহে গোপগণ! তোমরা নিঃশঙ্কচিত্তে এই স্থানে অবস্থান কর, বৃষ্টির ভয় করিও না। এই আমি গোবর্দ্ধন ধারণ করিয়াছি।[২৭] অন্য এক গোপী কৃষ্ণলীলার অনুকরণ করিতে করিতে কহিতে লাগিল, এই আমি ধেনুক নামক দৈত্যকে দূরে নিঃক্ষেপ করিলাম। এক্ষণে সকলে যথা ইচ্ছা বিচরণ কর।[২৮]

তৎকালে গোপীগণ এই রূপ নানাপ্রকার কৃষ্ণ চেষ্টানুকরণে ব্যগ্র হইয়া বৃন্দাবন নামক রমণীয় বনে ভ্রমণ করিতে লাগিল।[২৯] কোন গোপী পৃথিবীতে দৃষ্টিপাত করিয়া উৎফুল্লনয়নে ও রোমাঞ্চিতশরীরে বলিতে আরম্ভ করিল,[৩০] সখি! এই দেখ কতকগুলি পদচিহ্নে ধ্বজ, বজ্র, অঙ্কুশ ও পদ্ম অঙ্কিত রহিয়াছে। যাঁহার গমন, লীলাদ্বারা শোভমান, ইহা সেই কৃষ্ণেরই পদচিহ্ন।[৩১]

---

* চৈবান্যা ইতি পাঠান্তরম্। ২৮

† বিলোক্যৈকাং ভুবং প্রাহ গোপ্যঃ ইত্যন্যে পঠন্তি। ৩০

কাপি তেন সমং যাতা কৃতপুণ্যা মদালসা।
পদানি তস্যাশ্চৈতানি ঘনান্যল্পতনূনি চ ॥৩২॥
পুষ্পাবচয়মত্রোচ্চৈশ্চক্রে দামোদরো ধ্রুবম্।
যেনাগ্রাক্রান্তিমাত্রাণি পদান্যত্র মহাত্মনঃ ॥৩৩॥
অত্রোপবিশ্য সা তেন কাপি পুষ্পৈরলঙ্কৃতা।
অন্যজন্মনি সর্ব্বাত্মা বিষ্ণুরভ্যর্চ্চিতো যয়া ॥৩৪॥
পুষ্পবন্ধনসম্মান-কৃতমানামপাস্যতাম্।
নন্দগোপসুতো যাতো মার্গেণানেন পশ্যত ॥৩৫॥
অনুযানেঽসমর্থান্যা নিতম্বভরমন্থরা।
যা গন্তব্যে দ্রুতং যাতি নিম্নপাদাগ্রসংস্থিতিঃ ॥৩৬॥

মদালসা পুণ্যগতি কোন রমণী কৃষ্ণের সহিত গমন করিতেছে। কৃষ্ণের পদচিহ্নের সহিত ঘন ও ক্ষুদ্র এই পদচিহ্নগুলি কৃষ্ণ সহ-চারিণী সেই রমণীরই হইতে পারে।[৩২] দামোদর কৃষ্ণ এই স্থানে দণ্ডায়মান হইয়া উচ্চশাখাস্থিত পুষ্প চয়ন করিয়াছেন, সন্দেহ নাই। কারণ সেই মহাত্মার চরণচিহ্নের অগ্রভাগমাত্র এখানে লক্ষিত হইতেছে।[৩৩] কৃষ্ণ এই স্থানে বসিয়া কুসুমসমূহদ্বারা সেই কামিনীকে বিভূষিতা করিয়াছেন। এই রমণী পূর্ব্বজন্মে সর্ব্ব-ময় বিষ্ণুর পূজা করিয়াছিল।[৩৪] কৃষ্ণ পুষ্পদ্বারা অলঙ্কৃত করাতে বোধ হয় তাহার মনে অহঙ্কারের উদয় হইয়াছিল। তাহাতেই বোধ করি, নন্দনন্দন কৃষ্ণ তাহাকে পরিত্যাগ পূর্ব্বক এই পথে গমন করিয়াছেন, অবলোকন কর।[৩৫] (দেখ কৃষ্ণের পদচিহ্নের সহিত আর কোন কামিনীর পদচিহ্ন দৃষ্ট হইতেছে। এই পদচিহ্নের অগ্রভাগ নিম্ন, ইহাদ্বারা অনুমিত হইতেছে যে) নিতম্বভরমন্থরা কোন কামিনী গন্তব্য স্থানে কৃষ্ণের সহিত গমনে অসমর্থা হইয়া

হস্তন্যস্তাগ্রহস্তেয়ং তেন যাতি তথা সখি।
অনায়ত্তপদন্যাসা লক্ষ্যতে পদপদ্ধতিঃ ॥৩৭॥
হস্তসংস্পর্শমাত্রেণ ধূর্ত্তেনৈষা বিমানিতা।
নৈরাশ্যমন্দগামিন্যা নিবৃত্তং লক্ষ্যতে পদম ॥৩৮॥
নূনমুক্তা ত্বরামীতি পুনরেষ্যামি তেঽন্তিকম্।
তেন কৃষ্ণেন যেনৈষা ত্বরিতা পদপদ্ধতিঃ ॥৩৯॥
প্রবিষ্টো গহনং কৃষ্ণঃ পদমত্র ন লক্ষ্যতে।
নিবর্ত্তধ্বং শশাঙ্কস্য নৈতদ্দীধিতিগোচরে ॥৪০॥
নিবৃত্তাস্তাস্ততো গোপ্যো নিরাশাঃ কৃষ্ণদর্শনে।
যমুনাতীরমাগত্য জগুস্তচ্চরিতং তদা ॥ ৪১॥

পাদাগ্রে নির্ভর পূর্ব্বক দ্রুতগমনে যত্নবতী হইয়াছিল।[৩৬] সখি! আমার বোধ হইতেছে, এই স্থানে কৃষ্ণ সেই রমণীর হস্তধারণ করিয়া লইয়া গিয়াছেন। কারণ, এই রমণী-পদচিহ্ন স্বায়ত্ত বলিয়া বোধ হইতেছে না।[৩৭] ধূর্ত্ত কৃষ্ণ, এই রমণীর হস্তধারণ করিয়াই পরিত্যাগ করিয়া গিয়াছেন। ঐ রমণী নিরাশা হইয়া মন্দ গমন অবলম্বন পূর্ব্বক প্রতিনিবৃত্তা হইয়াছে। এই দেখ, এই স্থান হইতে তাহার বিপরীত পদচিহ্ন লক্ষিত হইতেছে।[৩৮] 'তুমি এই স্থানে অবস্থান কর। আমাকে শীঘ্র যাইতে হইবে। আমি শীঘ্রই তোমার নিকট আসিতেছি' কৃষ্ণ এই কথা বলিয়া কোন রমণীকে পরিত্যাগ পূর্ব্বক দ্রুতগমন করিয়াছেন। এই দেখ, তাঁহার ত্বরিত পদবিন্যাস-চিহ্ন রহিয়াছে।[৩৯] এই স্থানে কৃষ্ণ নিবিড় বনে প্রবেশ করিয়াছেন। এই বনে চন্দ্রকিরণ প্রবেশ করিতে না পারাতে এই দেখ, তাঁহার পদচিহ্ন আর দেখিতে পাওয়া যায় না। অতএব আইস ফিরিয়া যাই।[৪০]

ততো দদৃশুরায়ান্তং বিকাশি-মুখপঙ্কজম্।
গোপ্যস্ত্রৈলোক্য-গোপ্তারং কৃষ্ণমক্লিষ্ট-চেষ্টিতম্॥৪২॥
কাচিদালোক্য গোবিন্দমায়ান্তমতিহর্ষিতা।
কৃষ্ণ! কৃষ্ণেতি কৃষ্ণেতি প্রাহ নান্যদুদৈরয়ৎ* ॥৪৩॥
কাচিদ্ ভ্রূভঙ্গুরং কৃত্বা ললাটফলকং হরিম্।
বিলোক্য নেত্রভৃঙ্গাভ্যাং পপৌ তন্মুখপঙ্কজম্ ॥৪৪॥
কাচিদালোক্য গোবিন্দং নিমীলিত-বিলোচনা।
তস্যৈব রূপং ধ্যায়ন্তী যোগারূঢ়েব চাবভৌ ॥৪৫॥
ততঃ কাশ্চিৎ প্রিয়ালাপৈঃ কাশ্চিৎ ভ্রূভঙ্গ-বীক্ষণৈঃ†।
নিন্যেঽনুনয়মন্যাশ্চ করস্পর্শেন মাধবঃ ॥৪৬॥

অনন্তর গোপীগণ কৃষ্ণ দর্শনে নিরাশ হইয়া প্রতিনিবৃত্ত হইল। পরে তাহারা যমুনাতীরে আগমন পূর্ব্বক কৃষ্ণচরিত-বিষয়ক গান করিতে আরম্ভ করিল।[৪১] পরে তাহারা দেখিতে পাইল। ত্রৈলোক্যের রক্ষাকর্ত্তা অদ্ভুতচরিত কৃষ্ণ আগমন করিতেছেন। তাঁহার মুখকমল বিকসিত রহিয়াছে।[৪২] কোন গোপী, গোবিন্দকে আগমন করিতে দেখিয়াই সাতিশয় আহ্লাদিতা হইয়া কৃষ্ণ! কৃষ্ণ! কৃষ্ণ! এই কথামাত্র উচ্চারণ করিল, আর কিছুই বলিতে পারিল না।[৪৩] কোন গোপী, (প্রণয় কোপবশতঃ) ভ্রূভঙ্গদ্বারা ললাটফলক আকুঞ্চিত করিয়া নেত্ররূপ ভৃঙ্গদ্বারা কৃষ্ণের মুখপদ্ম পান করিতে লাগিল।[৪৪] কোন গোপী কৃষ্ণকে দর্শন করিয়া নিমীলিতনয়না হইয়া তাঁহারই রূপ ধ্যান করিতে করিতে যোগারূঢ়ার ন্যায় শোভা পাইতে লাগিল।[৪৫] অনন্তর কৃষ্ণ, কোন কোন গোপীকে প্রিয়বাক্যদ্বারা, কোন কোন গোপীকে

* নান্যদুদারয়েৎ ইতি পাঠান্তরম্ ।৪৩
† ভ্রূভঙ্গবীক্ষিতৈঃ ইতি বা পাঠঃ ।৪৬

তাভিঃ প্রসন্নচিত্তাভি-র্গোপীভিঃ সহ সাদরম্।
ররাম রাসগোষ্ঠীভিরুদার-চরিতো হরিঃ ॥৪৭॥
রাসমণ্ডল-বন্ধোঽপি কৃষ্ণপার্শ্বমনুজ্ঝতা। *
গোপীজনেন নৈবাভূদেকস্থানস্থিরাত্মনা ॥৪৮॥
হস্তে প্রগৃহ্য চৈকৈকাং গোপিকাং রাসমণ্ডলীম্।
চকার তৎকরস্পর্শ-নিমীলিতদৃশং হরিঃ ॥৪৯॥
ততঃ স ববৃতে রাসশ্চলদ্বলয়-নিস্বনঃ।
অনুযাত-শরৎকাব্য-গেয়গীতিরনুক্রমাৎ ॥৫০॥

ভ্রূভঙ্গ পূর্ব্বক দর্শনদ্বারা কোন কোন গোপীকে করস্পর্শদ্বারা সান্ত্বনা করিতে লাগিলেন।[৪৬] গোপীগণ যখন প্রসন্নচিত্ত হইল, তখন উদারচরিত কৃষ্ণ, সমাদর পূর্ব্বক তাহাদিগকে রাসসম্প্রদায়-ভুক্ত করিয়া ক্রীড়া করিতে আরম্ভ করিলেন।[৪৭] অনন্তর গোপী-গণের মধ্যে কেহই কৃষ্ণের সান্নিধ্য পরিত্যাগ করিতে অভিলাষিণী হইল না। কৃষ্ণ–প্রেমবশতঃ সকলেই এক স্থানে স্থির হইয়া রহিল। সুতরাং রাসক্রীড়া হওয়া দূরে থাকুক, রাসবন্ধও হইয়া উঠিল না।[৪৮] অনন্তর কৃষ্ণ এক এক গোপীকে হস্তধারণ পূর্ব্বক এক এক স্থানে রাখিয়া রাসমণ্ডলী নির্ম্মাণ করিলেন। কৃষ্ণ যে সময় যাহার কর গ্রহণ করিয়াছিলেন, সেই সময় তাহার সাত্ত্বিক ভাব উদিত হওয়াতে নয়নদ্বয় নিমীলিত হইল[৪৯] অনন্তর রাসক্রীড়া আরম্ভ হইল। গোপীদিগের বলয় প্রচলিত হওয়াতে (সুমধুর) শব্দ হইতে লাগিল। গোপীরা সকলেই শরৎকাল বর্ণনাবিষয়ক সঙ্গীত আরম্ভ করিল।[৫০] কৃষ্ণ, কৌমুদী কুমুদ ও শরচ্চন্দ্র অবলম্বন

* কৃষ্ণপার্শ্বমনুজ্ঝতা ইতি ক্বচিৎ পাঠঃ।৪৮

কৃষ্ণঃ শরচ্চন্দ্রমসং কৌমুদীং কুমুদাকরম্।*
জগৌ গোপীজনস্ত্বেকং কৃষ্ণনাম পুনঃপুনঃ ॥৫১॥
পরিবর্ত্তশ্রমেণৈকা চলদ্বলয়লাপিনীম্।
দদৌ বাহুলতাং স্কন্ধে গোপী মধুনিঘাতিনঃ ॥৫২॥
কাচিৎ প্রবিলসদ্বাহুঃ † পরিরভ্য চুচুম্ব তম্।
গোপী গীতস্তুতিব্যাজ-নিপুণা মধুসূদনম্ ॥৫৩॥
গোপী-কপোল-সংশ্লেষম্ অভিপত্য হরের্ভুজৌ।
পুলকোদ্গম-শস্যায় স্বেদাম্বুঘনতাং গতৌ ॥৫৪॥
রাসগেয়ং জগৌ কৃষ্ণো যাবৎ তারতরধ্বনিঃ।
সাধু কৃষ্ণেতি কৃষ্ণেতি তাবৎ তা দ্বিগুণং জগুঃ ॥৫৫॥

করিয়া গান করিলেন। গোপীরা পুনঃ পুনঃ একমাত্র কৃষ্ণ নাম গান করিতে লাগিল।[৫১] কোন গোপী ভ্রমণ-জনিত শ্রমদ্বারা (ক্লান্তা হইয়া) প্রচলিত বলয়ধ্বনি-বিশিষ্ট বাহুলতা মধুসূদনের স্কন্ধে অর্পণ করিল।[৫২] কোন গোপিকা কৃষ্ণের গীত শ্রবণ করিয়া প্রশংসা করিবার চ্ছলে বাহুদ্বারা তাঁহাকে আলিঙ্গন করিয়া চুম্বন করিল।[৫৩] (কোন গোপিকা প্রীতিপূর্ব্বক কৃষ্ণের করতল চুম্বন করিল।) কৃষ্ণের হস্ত, গোপীর কপোলদেশের সংসর্গপ্রাপ্ত হইয়া তাহাতে পুলকরূপ শস্যের উৎপাদনের নিমিত্ত স্বেদজলবিশিষ্ট মেঘরূপ ধারণ করিল।[৫৪] যখন কৃষ্ণ ঐ রাসমধ্যে গান করিতে লাগিলেন, সেই সময় কৃষ্ণ সাধু, কৃষ্ণ সাধু, এই কথা উচ্চারণ পূর্ব্বক অতিতারতরধ্বনি দ্বিগুণতর উচ্চারিত হইতে লাগিল।[৫৫]

* কৌমুদী কুমুদাকরম্ ইতি পাঠান্তরম্।৫১
† কাচিৎ প্রবিলসদ্বাহুম্ ইতি বা পঠ্যতাম্।৫৩

গতে তু গমনং চক্রুর্বলনে সংমুখং যযুঃ।
প্রতিলোমানুলোমাভ্যাং*ভেজুর্গোপাঙ্গনা হরিম্॥৫৬
স তথা সহ গোপীভী-ররাম মধুসূদনঃ।
যথাব্দকোটিপ্রমিতঃ † ক্ষণস্তেন বিনাভবৎ ॥৫৭॥
তা বার্য্যমাণাঃ পতিভিঃ পিতৃভির্ভ্রাতৃভিস্তথা।
কৃষ্ণং গোপাঙ্গনা রাত্রৌ রময়ন্তি রতিপ্রিয়াঃ‡॥৫৮॥
সোঽপি কৈশোরকবয়ো মানয়ন্ মধুসূদনঃ।
রেমে তাভিরমেয়াত্মা ক্ষপাসু ক্ষপিতাহিতঃ¶ ॥৫৯॥
তদ্ভর্তৃষু তথা তাসু সর্ব্বভূতেষু চেশ্বরঃ।

কৃষ্ণ যখন গমন করেন, তখন গোপীগণ তাঁহার অনুগমন করিতে লাগিল। কৃষ্ণ যখন আবর্ত্তনে প্রবৃত্ত হন, তাহারা সম্মুখবর্ত্তী হইতে লাগিল। এই রূপ অনুলোম ও প্রতিলোম উভয়বিধ গমনেই গোপাঙ্গনারা হরিকে ভজনা করিয়াছিল।[৫৬]

কৃষ্ণ গোপীগণের সহিত ঈদৃশ রাসক্রীড়া করিতে লাগিলেন যে, তাঁহা ব্যতিরেকে ক্ষণমাত্রও কোটি বৎসরের সমান বোধ হইয়াছিল।[৫৭] রতিপ্রার্থিনী গোপরমণীরা পতি কর্ত্তৃক পিতা কর্ত্তৃক ও ভ্রাতৃগণ কর্ত্তৃক নিবারিতা হইলেও রাত্রিতে কৃষ্ণের সহিত ক্রীড়ারসে প্রবৃত্তা হইয়াছিল।[৫৮] যিনি শত্রুপক্ষ সংহার করিয়াছেন, সেই অমেয়াত্মা মধুসূদন, বাল্যকাল-সুলভ ক্রীড়া-পরায়ণতা প্রদর্শন করিবার নিমিত্ত (সমবয়স্কা) গোপীদিগের সহিত ক্রীড়া কৌতুক ও আমোদ প্রমোদে রত হইয়াছিলেন।[৫৯]

---

* প্রতিলোমানুলোমেন ইতি বা পঠনীয়ম্। ৫৬
† যথাব্দকোটিপ্রতিমঃ ইত্যপি পাঠঃ।৫৭
‡ রময়ন্তি প্রিয়াঃ শুভাঃ ইতি কচিৎ পাঠঃ। ৫৮
¶ ক্ষপাসু ক্ষপিতা হি তাঃ ইতি পাঠান্তরম্। ৫৯

আত্মস্বরূপ-রূপোঽসৌ ব্যাপ্য বায়ুরিব স্থিতঃ ॥৬০॥
যথা সমস্তভূতেষু নভোঽগ্নিঃ পৃথিবী জলম্ ।
বায়ুশ্চাত্মা তথৈবাসৌ ব্যাপ্য সর্ব্বমবস্থিতঃ ॥৬১॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে কৃষ্ণ-
চরিতে রাসক্রীড়া নাম
ত্রয়োদশোঽধ্যায়ঃ ।

আত্মস্বরূপ সেই ঈশ্বর কৃষ্ণ গোপীগণের ভর্ত্তাতে, সমুদায় গোপীগণে ও সর্ব্বভূতে অবস্থিতি করিতেছেন ।[৬০] যেমন আকাশ, তেজঃ, পৃথিবী, জল, ও বায়ু, সমস্ত প্রাণীতে অবস্থান করিতেছে, সেই রূপ সকলের আত্মা সেই কৃষ্ণ, সর্ব্বভূতেই অবস্থিতি করেন ।[৬১]

বিষ্ণুপুরাণ, পঞ্চমাংশ, কৃষ্ণচরিত, গোপীক্রীড়ন
নামক ত্রয়োদশ অধ্যায়
সমাপ্ত ।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমোঽংশঃ।

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

প্রদোষার্দ্ধে কদাচিত্তু রাসাসক্তে জনার্দ্দনে।
ত্রাসয়ন্ সমদো গোষ্ঠমরিষ্টঃ সমুপাগতঃ ॥১॥
সতোয়-তোয়দচ্ছায়-স্তীক্ষ্ণশৃঙ্গোঽর্কলোচনঃ।
খুরাগ্রপাতৈরত্যর্থং দারয়ন্ বসুধাতলম্ * ॥২॥
লেলিহানঃ সনিষ্পেষং জিহ্বয়োষ্ঠৌ পুনঃপুনঃ।
সংরম্ভাবিদ্ধলাঙ্গূলঃ কঠিনস্কন্ধবন্ধনঃ ॥৩॥

এক দিবস সন্ধ্যার পর, কৃষ্ণ রাসে আসক্ত আছেন, এমন সময় সাতিশয় গর্ব্বিত অরিষ্টনামক বৃষভাকৃতি দৈত্য গোষ্ঠে উপস্থিত হইয়া সকলেরই অন্তঃকরণে ত্রাস জন্মাইয়া দিল।[১] এই দৈত্যের আকার সজল জলধরের ন্যায়, শৃঙ্গদ্বয় অতীব তীক্ষ্ণ, লোচনদ্বয় সূর্য্যের ন্যায়। এই দানব (আগমন কালে) ক্ষুরাগ্রপাত দ্বারা বসুধাতল বিদীর্ণ করিতে লাগিল।[২] তখন এই দানব, ওষ্ঠদ্বয় নিষ্পেষিত করিয়া জিহ্বাদ্বারা অবহেলন করিতেছে। ক্রোধ ভরে লাঙ্গূল উন্নত করিয়া রাখিয়াছে। ইহার স্কন্ধ ও সন্ধিস্থান

* ধারয়ন্ বসুধাতলম্ ইতি বা পঠনীয়ম্।২

উদগ্রককুদাভোগঃ প্রমাণাদ্ দুরতিক্রমঃ।
বিণ্মূত্র-লিপ্তপৃষ্ঠাঙ্গো গবামুদ্বেগকারকঃ ॥৪॥
প্রলম্বকণ্ঠোঽতিমুখ-স্তরুঘাতাঙ্কিতাননঃ।
পাতয়ন্ স গবাং গর্ভান্ দৈত্যো বৃষভরূপধৃক্।
সূদয়ংস্তাপসানুগ্রো বনান্যটতি যঃ সদা ॥৫॥
ততস্তমতিঘোরাক্ষম্ অবেক্ষ্যাতিভয়াতুরাঃ।
গোপা গোপস্ত্রিয়শ্চৈব কৃষ্ণ কৃষ্ণেতি চুক্রুশুঃ ॥৬॥
সিংহনাদং ততশ্চক্রে তলশব্দঞ্চ কেশবঃ।
তচ্ছব্দশ্রবণাচ্চাসৌ গোবিন্দাভিমুখং যযৌ ॥৭॥
অগ্রন্যস্ত-বিষাণাগ্রঃ কৃষ্ণকুক্ষি-কৃতেক্ষণঃ।

অতীব কঠিন।[৩] ইহার ককুদ উন্নত ও বিস্তীর্ণ। এই বৃষভাকার দানব এতদূর উচ্চ যে, কোন প্রাণীই তাহাকে অতিক্রম করিতে পারে না। ইহার পৃষ্ঠ ও অন্যান্য অঙ্গ মলমূত্রদ্বারা লিপ্ত। ইহাকে দেখিলেই গোগণ ভয়ে বিহ্বল হয়।[৪] ইহার কণ্ঠদেশ সুদীর্ঘ। মুখ অতীব প্রকাণ্ড। ইহার মুখে বৃক্ষাঘাতের চিহ্ন রহিয়াছে। বৃষভরূপ-ধারী এই দৈত্য, (রবদ্বারা) গোগণেরও গর্ভপাত করিতেছে। এই উগ্রমূর্ত্তি দানব তপোধনগণকে বিনাশ করিয়া নিরন্তর বনে বনে ভ্রমণ করিয়া থাকে।[৫]

অনন্তর গোপগণ ও গোপাঙ্গনাগণ অতীব ভয়ঙ্কর-দর্শন এই দৈত্যকে অবলোকন করিবামাত্র ভয়বিহ্বল হইয়া কৃষ্ণ! কৃষ্ণ! এই কথা বলিয়া উচ্চৈঃস্বরে চীৎকার করিতে লাগিল।[৬] অনন্তর কৃষ্ণ, করতালি প্রদান পূর্ব্বক সিংহনাদ করিলেন। দানব সেই শব্দ শ্রবণ করিবামাত্র তদভিমুখে ধাবমান হইল।[৭] এই দুরাত্মা বৃষভাকৃতি দানব, কৃষ্ণের কুক্ষিদেশ লক্ষ্য করিয়া শৃঙ্গদ্বয়ের

অভ্যধাবত দুষ্টাত্মা কৃষ্ণং বৃষভদানবঃ ॥৮॥
আয়ান্তং দৈত্যবৃষভং দৃষ্ট্বা কৃষ্ণো মহাবলঃ।
ন চচাল ততঃ স্থানাদবজ্ঞাস্মিত-লীলয়া ॥৯॥
আসন্নং চৈব জগ্রাহ গ্রাহবন্মধুসূদনঃ।
জঘান জানুনা কুক্ষৌ বিষাণগ্রহণাচলম্ ॥১০॥
তস্য দর্পবলং ভঙ্ক্ত্বা গৃহীতস্য বিষাণয়োঃ।
অপীড়য়দরিষ্টস্য কণ্ঠং ক্লিন্নমিবাম্বরম্ ॥১১॥
উৎপাট্য শৃঙ্গমেকন্তু তেনৈবাতাড়য়ৎ ততঃ।
মমার স মহাদৈত্যো মুখাচ্ছোণিতমুদ্বমন্ *॥১২॥
তুষ্টুবুর্নিহতে তস্মিন্ দৈত্যে গোপা জনার্দ্দনম্।

অগ্রভাগ অগ্রসর করণ পূর্ব্বক কৃষ্ণাভিমুখেই ধাবমান হইল।[৮] মহাবল মধুসূদন, দৈত্যকে আগমন করিতে দেখিয়া অবজ্ঞা প্রদর্শন পূর্ব্বক ঈষৎ হাস্য করিলেন। তিনি সেই স্থান হইতে এক পাও অন্যত্র গমন করিলেন না।[৯] দৈত্য যখন নিকটবর্ত্তী হইল, তখন কুম্ভীরাদির ন্যায় তাহাকে ধরিলেন। কৃষ্ণ, শৃঙ্গদ্বয় ধারণ করাতে দৈত্য এক পাও চলিতে সমর্থ হইল না। পরে তিনি জানুদ্বারা তাহার কুক্ষিতে আঘাত করিলেন।[১০] কৃষ্ণ, এই দৈত্যের শৃঙ্গদ্বয় ধারণ করিয়া প্রথমতঃ তাহার বল ও দর্প চূর্ণ করিলেন। পরে তিনি তাহার কণ্ঠদেশ ধরিয়া আর্দ্র বসনের ন্যায় নিষ্পীড়িত করিতে লাগিলেন।[১১] পরে তিনি তাহার একটী শৃঙ্গ উৎপাটন করিয়া তাহাদ্বারাই তাহাকে এরূপ প্রহার করিতে লাগিলেন, যে সেই প্রহারেই দৈত্য মুখদ্বারা শোণিত বমন করিতে করিতে প্রাণত্যাগ করিল।[১২] পূর্ব্বকালে জম্ভাসুর হত

* মুখচ্ছোণিতমুদ্বহন্ ইতি বা পাঠনীয়ম্। ১২

জম্ভে হতে সহস্রাক্ষং পুরা দেবগণা যথা ॥১৩॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
অরিষ্টবধো নাম
চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

হইলে দেবগণ যেমন দেবরাজের স্তব করিয়াছিলেন। তাহার ন্যায় ঐ দৈত্য বিনষ্ট হইলে গোপগণ কৃষ্ণের স্তব করিতে লাগিল।[১৩]

বিষ্ণুপুরাণ, পঞ্চমাংশ, অরিষ্টবধ নামক
চতুর্দ্দশ অধ্যায় সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমোঽংশঃ।

পঞ্চদশোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

ককুদ্মিনি হতেঽরিষ্টে ধেনুকে বিনিপাতিতে।
প্রলম্বে নিহতে বীরে ধৃতে গোবর্দ্ধনাচলে ॥১॥
দমিতে কালিয়ে নাগে ভগ্নে তুঙ্গতরুদ্বয়ে।
হতায়াং পূতনায়াঞ্চ শকটে পরিবর্ত্তিতে ॥২॥
কংসায় নারদঃ প্রাহ যথাবৃত্তমনুক্রমাৎ।
যশোদাদেবকীগর্ভ-পরিবর্ত্তাদ্যশেষতঃ ॥৩॥

পরাশর কহিলেন। এই রূপে যখন অরিষ্ট নামক বৃষভাকৃতি দৈত্য বিনষ্ট হইল। প্রলম্বনামক অসুর প্রাণত্যাগ করিল, কৃষ্ণ গোবর্দ্ধন ধারণ করিলেন।[১] কালিয় সর্প শাসিত হইল, উচ্চ বৃক্ষ-দ্বয় ভাঙ্গিয়া গেল, পূতনা জীবন বিসর্জ্জন করিল, শকট পরি-বর্ত্তিত হইল,[২] তখন নারদ কংসের নিকট গমন করিয়া এই সমুদায় বৃত্তান্ত আনুপূর্ব্বিক বর্ণন করিলেন। তিনি যশোদা ও দেবকী গর্ভজাত বালক বালিকার পরিবর্ত্তের বিষয়ও সম্পূর্ণ রূপে বলিয়াছিলেন।[৩] দুর্ম্মতি কংস, তত্ত্বদর্শী নারদের মুখে এই

শ্রুত্বা তৎ সকলং কংসো নারদাৎ দেবদর্শনাৎ।
বসুদেবং প্রতি তদা কোপং চক্রে সুদুর্ম্মতিঃ ॥৪॥
সোঽতিকোপাদুপালভ্য সর্ব্বযাদবসংসদি।
জগর্হ যাদবাংশ্চৈব কার্য্যঞ্চৈতদচিন্তয়ৎ ॥৫॥
যাবন্ন বলমারূঢ়ৌ রামকৃষ্ণৌ সুবালকৌ।
তাবদেব ময়া বধ্যাবসাধ্যাবূঢ়যৌবনৌ ॥৬॥
চানূরোঽত্র মহাবীর্য্যো মুষ্টিকশ্চ মহাবলঃ।
এতাভ্যাং মল্লযুদ্ধেন ঘাতয়িষ্যামি দুর্ম্মদৌ ॥৭॥
ধনুর্ম্মহ-মহাযাগ-ব্যাজেনানীয় তৌ ব্রজাৎ।
তথা তথা যতিষ্যামি যাস্যেতে সংক্ষয়ং যথা ॥৮॥

সমুদায় ব্যাপার শ্রবণ করিয়া বসুদেবের প্রতি সাতিশয় ক্রোধান্বিত হইল।[৪] পরে সে সমুদায় যাদবগণের সমক্ষে সাতিশয় কোপ প্রকাশ পূর্ব্বক বসুদেবকে তিরস্কার করিয়া যাদবগণের নিন্দা করিতে লাগিল। পরে এ বিষয়ে কি করা কর্ত্তব্য, তাহা চিন্তা করিতে প্রবৃত্ত হইল।[৫] (পরিশেষে কংস স্থির করিল যে,) রাম ও কৃষ্ণ ইহারা এক্ষণে অতীব শিশু। ইহারা যে পর্য্যন্ত বলবান্ না হইতেছে, তাহার মধ্যেই ইহাদিগকে বিনাশ করা আমার কর্ত্তব্য। ইহারা যখন প্ররূঢ়যৌবন হইবে, তখন ইহাদিগকে বধ করা আমার অসাধ্য হইয়া উঠিবে।[৬] মহাবল চানূর ও মহাবীর্য্য মুষ্টিক, এই দুইজন মল্ল যোদ্ধাকে কেহই পরাজয় করিতে পারে না। আমি ইহাদের সহিত মল্লযুদ্ধদ্বারা ঐ দুই বালককে সংহার করিব।[৭] আমি ধনুর্ম্মহ নামক মহাযজ্ঞে প্রবৃত্ত হইয়া সেই উপলক্ষে ঐ দুই বালককে ব্রজস্থান হইতে আনয়ন করিব। পরে যাহাতে ইহারা বিনষ্ট হয়, সেই সেই উপায়দ্বারা তদ্বিষয়ে যত্নবান্ হইব।[৮]

শ্বফল্কতনয়ং সোঽহমক্রূরং যদুপুঙ্গবম্।
তয়োরানয়নার্থায় প্রেষয়িষ্যামি গোকুলম্ ॥৯॥
বৃন্দাবনচরং ঘোরমাদেক্ষ্যামি চ কেশিনম্।
তত্রৈবাসাবতিবলস্তাবুভৌ ঘাতয়িষ্যতি ॥ ১০ ॥
গজঃ কুবলয়াপীড়ো মৎসমীপমুপাগতৌ।
ঘাতয়িষ্যতি বা গোপৌ বসুদেবসুতাবুভৌ ॥১১॥

পরাশর উবাচ।

ইত্যালোচ্য স দুষ্টাত্মা কংসো রামজনার্দ্দনৌ।
হন্তুং কৃতমতির্বীরমক্রূরং বাক্যমব্রবীৎ ॥১২॥

কংস উবাচ।

ভো ভো দানপতে! বাক্যং ক্রিয়তাং প্রীতয়ে মম।
ইতঃ স্যন্দনমারুহ্য গম্যতাং নন্দগোকুলম্ ॥১৩॥

এক্ষণে আমি রাম ও কৃষ্ণের আনয়নের নিমিত্ত যদুবংশীয় শ্রেষ্ঠ সফল্কতনয় অক্রূরকে গোকুলে প্রেরণ করিব।[৯] কেশী নামে অতীব বলবান্ বৃন্দাবনচারী ঘোররূপ দানবকে এই রূপ আজ্ঞা করিব যে, সে ঐ বৃন্দাবন মধ্যেই ঐ দুইটী বালককে বিনাশ করে।[১০] অথবা কুবলয়াপীড় নামে যে আমার (মত্ত) হস্তী আছে, তাহাকে এই রূপ শিক্ষা দিব যে, ঐ গোপবেশধারী বসুদেব-তনয়দ্বয় যখন আমার নিকট আসিবে তখন তাহাদিগকে বিনাশ করে।[১১]

পরাশর কহিলেন। দুরাত্মা কংস এই রূপ আলোচনা পূর্ব্বক রাম ও কৃষ্ণকে বিনাশ করিতে কৃতনিশ্চয় হইয়া বীর অক্রূরকে কহিতে লাগিল।[১২] [কংস কহিল।] দানপতে! আমি যাহা বলিতেছি, আমার সন্তোষের নিমিত্ত, তাহা কর। তুমি রথে আরোহণ পূর্ব্বক এস্থান হইতে গোকুলে নন্দালয়ে গমন কর।[১৩] সে-

বসুদেবসুতৌ তত্র বিষ্ণোরংশসমুদ্ভবৌ।
নাশায় কিল সম্ভূতৌ মম দুষ্টৌ প্রবর্দ্ধতঃ ॥১৪॥
ধনুর্ম্মহো মমাপ্যত্র চতুর্দ্দশ্যাং ভবিষ্যতি।
আনেয়ৌ ভবতা গত্বা মল্লযুদ্ধায় তাবুভৌ ॥১৫॥
চানূরমুষ্টিকৌ মল্লৌ নিযুদ্ধকুশলৌ মম।
তাভ্যাং সহানয়োর্যুদ্ধং সর্ব্বলোকোঽত্র পশ্যতু ॥১৬
নাগঃ কুবলয়াপীড়ো মহানত্র-প্রচোদিতঃ।
স বা নিহংস্যতে পাপৌ বসুদেবাত্মজৌ শিশূ ॥১৭॥
তৌ হত্বা বসুদেবঞ্চ নন্দগোপঞ্চ দুর্ম্মতিম্।
হনিষ্যে পিতরং চৈনমুগ্রসেনং সুদুর্ম্মতিম্ ॥১৮॥
ততঃ সমস্তগোপানাং গোধনান্যখিলান্যহম্।

থানে বিষ্ণুর অংশ-সম্ভূত দুষ্টাত্মা দুইটী বসুদেবনন্দন আমার বিনা-নাশ নিমিত্ত জন্মগ্রহণ করিয়া প্রবর্দ্ধিত হইতেছে।[১৪] আগামী চতুর্দ্দশী তিথিতে আমি ধনুর্ম্মহ নামক যজ্ঞের অনুষ্ঠান করিব। তুমি নন্দালয়ে উপস্থিত হইয়া মল্লযুদ্ধের নিমিত্ত সেই কুমার-দ্বয়কে আনয়ন করিবে।[১৫] চানূর ও মুষ্টিক নামে নিযুদ্ধ-কুশল দুই জন মল্ল আছে। এই মল্লদ্বয়ের সহিত রাম ও কৃষ্ণ উভয়ের যুদ্ধ হইবে, সকলেই দর্শন করিবে।[১৬] কুবলয়াপীড়নামক আমার মহা-নাগ আছে। এখানে মাহুতের ইঙ্গিত ক্রমে সেই নাগ পাপাত্মা শিশু ঐ বসুদেবতনয়দ্বয়কে বিনাশ করিবে।[১৭] এই দুই বালক বিনষ্ট হইলে আমি দুর্ম্মতি বসুদেবকে নন্দগোপকে এবং দুরাত্মা পিতা উগ্রসেনকে বিনাশ করিব।[১৮] পরে যে সকল দুরাত্মা আমার বধ কামনা করিয়াছে, তাহাদের সমুদায় ধন এবং গোপগণের সমুদয় গোধন আমি হরণ করিব।[১৯] দানপতে! একমাত্র তুমি

বিত্তং চাপি হরিষ্যামি * দুষ্টানাং মদ্বধৈষিণাম্॥১৯
ত্বামৃতে যাদবাশ্চৈতে দুষ্টা দানপতে ময়ি।
এতেষাঞ্চ বধায়াহং প্রযতিষ্যাম্যনুক্রমাৎ ॥২০॥
ততো নিষ্কণ্টকং সর্ব্বং রাজ্যমেতদযাদবম্।
প্রশাসিষ্যে ত্বয়া তস্মান্মৎপ্রীত্যা বীর! গম্যতাম্॥২১
যথা চ মাহিষং সর্পির্দধি বাপ্যুপহার্য্য বৈ।
গোপাঃ সমানয়ন্ত্বাশু ত্বয়া বাচ্যাস্তথা তথা ॥২২॥

পরাশর উবাচ।

ইত্যাজ্ঞপ্তস্তদাক্রূরো মহাভাগবতো দ্বিজ।
প্রীতিমানভবৎ কৃষ্ণং শ্বো দ্রক্ষ্যামীতি সত্বরঃ ॥২৩॥
তথেত্যুক্ত্বা চ রাজানং রথমারুহ্য শোভনম্।

ব্যতীত সমুদায় যাদবগণই আমার নিকট অপরাধী আমি ক্রমশঃ তাহাদিগের বিনাশ বিষয়ে যত্নবান্ হইব।[২০] বীর! এই রূপে যাদবগণ উন্মূলিত হইলে আমি সমুদায় রাজ্য নিষ্কণ্টকে ভোগ করিব। অতএব আমার প্রীতির নিমিত্ত তুমি গমন কর।[২১] তুমি সেখানে গমন করিয়া গোপগণকে এইরূপ কথা বলিবে যে, তাহারা মাহিষ ঘৃত ও দধি উপহার লইয়া অবিলম্বে এখানে আগমন করে।[২২]

পরাশর কহিলেন। ব্রহ্মন্! মহাভাগবত অক্রূর, এই রূপ আজ্ঞা প্রাপ্ত হইয়া, কল্য কৃষ্ণকে দেখিবেন, মনে করিয়া প্রীতিমান্ হইলেন এবং গমন করিবার নিমিত্ত ত্বরা প্রকাশ করিতে লাগিলেন।[২৩] মধুবংশীয়দিগের প্রিয় অক্রূর, রাজা কংসের নিকট

* বিত্তং চাপহরিষ্যামি ইতি কচিৎ পাঠঃ।১৯

নিশ্চক্রাম ততঃ পুর্য্যা মথুরায়া মধুপ্রিয়ঃ ॥২৪॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
অক্রুরপ্রেষণং নাম
পঞ্চদশোঽধ্যায়ঃ ।

তথাস্তু বলিয়া স্বীকার করিয়া রমণীয় রথে আরোহণ পূর্ব্বক মথুরা নগরী হইতে নিষ্ক্রান্ত হইলেন ।[২৪]

বিষ্ণুপুরাণ, পঞ্চমাংশ, অক্রূরপ্রেষণ
নামক পঞ্চদশ অধ্যায়
সমাপ্ত ।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমোহংশঃ।

ষোড়শোহধ্যায়ঃ।

পরাশর উবাচ।

কেশী চাপি বলোদগ্রঃ কংসদূত-প্রণোদিতঃ* ।
কৃষ্ণস্য নিধনাকাঙ্ক্ষী বৃন্দাবনমুপাগমৎ ॥১॥
স ক্ষুরক্ষতভূপৃষ্ঠঃ † সটাক্ষেপধুতাম্বুদঃ।
প্লুতবিক্রান্তচন্দ্রার্ক-মার্গো গোপানুপাদ্রবৎ ॥২॥
তস্য হেষিতশব্দেন ‡ গোপালা দৈত্যবাজিনঃ।

পরাশর কহিলেন, এ দিকে কংসদূত কর্ত্তৃক প্রেরিত বলোদ্ধত কেশী নামে দানব, কৃষ্ণকে বিনাশ করিবার অভিপ্রায়ে বৃন্দাবনে উপস্থিত হইল।[১] ইহার ক্ষুরদ্বারা মহীতল ক্ষতবিক্ষত হইতে লাগিল। কেশরকম্পন দ্বারা মেঘগণ চালিত হইল। এই দৈত্য, লম্ফপ্রদান দ্বারা চন্দ্র সূর্য্যের পথ অবরোধ করিতে করিতে গোপগণের প্রতি ধাবমান হইল।[২] অশ্বরূপধারী এই দৈত্যের হ্রেষা শব্দদ্বারা গোপগণ ও গোপীগণ ভীত হইয়া গোবিন্দের শরণাপন্ন

* কংসদূতপ্রবেশিতঃ ইতি বা পঠনীয়ম্।১
† স্বখুরক্ষতভূপৃষ্ঠঃ ইত্যপি পাঠঃ। ২
‡ তস্য হেষিতশব্দেন ইতি বা পঠনীয়ম্। ৩

গোপাশ্চ ভয়সংবিগ্না গোবিন্দং শরণং যযুঃ ॥৩॥
ত্রাহি ত্রাহীতি গোবিন্দঃ শ্রুত্বা তেষাং তদা বচঃ ।
সতোয়-জলদধ্বান-গম্ভীরমিদমুক্তবান্ ॥৪॥

শ্রীকৃষ্ণ উবাচ ।

অলং ত্রাসেন গোপালাঃ কেশিনঃ কিং ভয়াতুরৈঃ ।
ভবদ্ভির্গোপজাতীয়ৈর্বীরবীর্য্যং* বিলোপ্যতে ॥৫॥
কিমনেনাল্পসারেণ হ্রেষিতাটোপকারিণা ।
দৈতেয়বলবাহ্যেন বল্গতা দুষ্টবাজিনা ॥৬॥
এহ্যেহি দুষ্ট কৃষ্ণোঽহং পুষ্ণস্ত্বিব পিনাকধৃক্ ।†
পাতয়িষ্যামি দশনান্ বদনাদখিলাংস্তব ॥৭॥

হইল।[৩] তাহারা কেবল রক্ষা কর, রক্ষা কর, এই কথা বলিতে লাগিল। কৃষ্ণ তাহাদের বাক্য শ্রবণ করিয়া সজল জলদের ন্যায় গম্ভীর স্বরে কহিলেন।[৪] [শ্রীকৃষ্ণ কহিলেন।] গোপালগণ! ভীত হইও না। কেশীকে দেখিয়া তোমরা কিজন্য ভয়ে বিহ্বল হইয়াছ। তোমরা গোপজাতীয় হইয়া কিজন্য আমার বীর্য্যের অবমাননা করিতেছ।[৫] হ্রেষারবরূপ আড়ম্বরকারী এই দুষ্ট অশ্ব তোমাদের কি করিবে? ইহার বল অতীব সামান্য। (আমি যে সকল দৈত্যকে বিনাশ করিয়া থাকি) এইঅশ্ব সেই সকল দৈত্যের বাহন মাত্র। ইহার বল্গিত-(গতিবিশেষ) দর্শনে (তোমরা ভীত হইও না)।[৬] দুষ্ট অশ্ব আগমন কর। আমি কৃষ্ণ, মহাদেব যেমন সূর্য্যের দন্ত ভগ্ন করিয়াছিলেন, তাহার ন্যায় আমি তোমার মুখ হইতে সমুদায় দন্তগুলি পাতিত করিব।[৭]

---

* বীরবীর্য্যাঃ ইতি পাঠান্তরম্ । ৫
† বিশোরিব পিনাকধৃক্ ইতি বা পঠনীয়ম্ । ৭

ইত্যুক্ত্বাস্ফোট্য গোবিন্দঃ কেশিনঃ সংমুখং যযৌ।
বিবৃতাস্যস্তু সোঽপ্যেনং দৈতেয়শ্চাপ্যুপাদ্রবৎ ॥৮॥
বাহুমাভোগিনং কৃত্বা মুখে তস্য জনার্দ্দনঃ।
প্রবেশয়ামাস তদা কেশিনো দুষ্টবাজিনঃ ॥৯॥
কেশিনো বদনং তেন বিশতা কৃষ্ণবাহুনা।
শাতিতা দশনাঃ পেতুঃ সিতাভ্রাবয়বা ইব ॥১০॥
কৃষ্ণস্য ববৃধে বাহুঃ কেশিদেহগতো দ্বিজ।
বিনাশায় যথা ব্যাধিরাসম্ভূতেরুপেক্ষিতঃ ॥১১॥
বিপাটিতোষ্ঠো বহুলং সফেনং রুধিরং বমন্।
সোঽক্ষিণী বিবৃতে চক্রে নিঃসৃতে মুক্তবন্ধনে ॥১২॥
জঘান ধরণীং পাদৈঃ শকৃন্মূত্রং সমুৎসৃজন্।

কৃষ্ণ এই বাক্য বলিয়া আস্ফোটন পূর্ব্বক কেশীর সম্মুখে গমন করিলেন। দৈত্য কেশীও মুখব্যাদান পূর্ব্বক কৃষ্ণের প্রতি ধাবমান হইল।[৮] কৃষ্ণ, বাহু বিস্তারিত করিয়া দুষ্ট অশ্ব কেশীর মুখে প্রবেশিত করিলেন।[৯] কৃষ্ণের বাহু যেমন তাহার মুখে প্রবেশ করিল, অমনি শুক্লবর্ণ মেঘখণ্ডের ন্যায় তাহার দন্তগুলি পতিত হইল।[১০] কোন ব্যক্তির পীড়া উৎপন্ন হইলে যদি তাহাতে প্রথম অবধিই উপেক্ষা করা যায়, তাহা হইলে সেই শরীরগত ব্যাধি যেমন বৃদ্ধিপ্রাপ্ত হইয়া পরিশেষে বিনাশের কারণ হয়, তাহার ন্যায়, কৃষ্ণের বাহু কেশীর শরীরস্থ হইয়া তাহার বিনাশের নিমিত্তই বৃদ্ধিপ্রাপ্ত হইতে লাগিল।[১১] অনন্তর কেশীর ওষ্ঠ বিদারিত হইল। সে বহুল ফেন ও রুধির বমন করিল। তাহার চক্ষুর্দ্বয় পরিবর্ত্তিত ও মুক্তবন্ধন হইয়া নির্গত হইয়া পড়িল।[১২] কেশী পাদদ্বারা পৃথিবীতে আঘাত করিয়া মলমূত্র পরিত্যাগ করিতে

স্বেদার্দ্রগাত্রঃ শ্রান্তশ্চ নির্যত্নঃ সোঽভবৎ ততঃ ॥১৩॥
ব্যাদিতাস্যো মহারৌদ্রঃ সোঽসুরঃ কৃষ্ণবাহুনা।
নিপপাত দ্বিধাভূতো বৈদ্যুতেন দ্রুমো যথা ॥১৪॥
দ্বিপাদ-পৃষ্ঠপুচ্ছার্দ্ধ-শ্রবণৈকাক্ষিনাসিকে।
কেশিনস্তে দ্বিধাভূতে সকলে দ্বে বিরেজতুঃ ॥১৫॥
হত্বা তু কেশিনং কৃষ্ণো গোপালৈর্মুদিতৈর্বৃতঃ।
অনায়স্ততনুঃ স্বস্থো হসংস্তত্রৈব তস্থিবান্ ॥১৬॥
ততো গোপ্যশ্চ গোপাশ্চ হতে কেশিনি বিস্মিতাঃ
তুষ্টুবুঃ পুণ্ডরীকাক্ষম্ অনুরাগ-মনোরমম্ ॥১৭॥
অথাহান্তরিতো বিপ্রো নারদো জলদে স্থিতঃ।
কেশিনং নিহতং দৃষ্ট্বা হর্ষনির্ভরমানসঃ ॥১৮॥

লাগিল। শ্রান্তিবশতঃ তাহার গাত্র স্বেদদ্বারা আর্দ্র হইল। কিয়ৎক্ষণ পরে এই দৈত্য নিশ্চেষ্ট হইয়া পড়িল।[১৩] বজ্রপাত-দ্বারা বৃক্ষ যেমন বিদীর্ণ হইয়া পড়ে, তাহার ন্যায় মহারৌদ্র এই অসুর কৃষ্ণের বাহুদ্বারা দ্বিধাকৃত হইয়া মুখ ব্যাদান পূর্ব্বক নিপতিত হইল।[১৪] কেশীর শরীর দ্বিধাকৃত হইলে প্রত্যেক খণ্ডে দুই চরণ অর্দ্ধপৃষ্ঠ অর্দ্ধপুচ্ছ একটী চক্ষু ও একটী নাসিকা থাকাতে তাহা শোভা পাইতে লাগিল।[১৫] এই রূপে কৃষ্ণ কেশীকে বিনাশ পূর্ব্বক প্রমুদিত গোপগণে পরিবৃত হইয়া অশ্রান্ত ও সুস্থ শরীরে হাস্য করিতে করিতে সেই স্থানেই অবস্থান করিতে লাগিলেন।[১৬] পরে গোপগণ ও গোপীগণ কেশীকে নিহত দেখিয়া বিস্ময়াবিষ্ট হৃদয়ে অনুরাগের সহিত পুণ্ডরীকাক্ষ কৃষ্ণের স্তব করিতে লাগিল।[১৭] তৎকালে মহর্ষি নারদ কেশীকে বিনষ্ট দেখিয়া সাতিশয় পরিতুষ্ট-হৃদয় হইয়া মেঘমালার অন্তরাল

সাধু সাধু জগন্নাথ লীলয়ৈব যদচ্যুত।
নিহতোঽয়ং ত্বয়া কেশী* ক্লেশদস্ত্রিদিবৌকসাম্॥১৯॥
যুদ্ধোৎসুকোঽহমত্যর্থং নরবাজি-মহাহবম্।
অবৃত্তপূর্ব্বমন্যত্র দ্রষ্টুং স্বর্গাদুপাগতঃ॥২০॥
সুকর্ম্মাণ্যবতারে তে কৃতানি মধুসূদন।
যানি তৈর্বিস্মিতং চেত-স্তোষমেতেন মে গতম্॥২১॥
তুরঙ্গস্যাস্য শক্রোঽপি কৃষ্ণ! দেবাশ্চ বিভ্যতি।
ধুতকেশরজালস্য হ্রেষতোঽভ্রাবলোকিনঃ॥২২॥
যস্মাৎ ত্বয়ৈব দুষ্টাত্মা হতঃ কেশী জনার্দ্দন।

হইতে কহিলেন,[১৮] জগন্নাথ! আপনি অবলীলাক্রমে যে কেশীকে বিনাশ করিলেন, ইহা দেবগণের পক্ষেও সাতিশয় কষ্টকর। অত-এব আপনি ধন্য, আপনিই ধন্য।[১৯] মনুষ্য ও অশ্ব উভয়ের পর-স্পর যুদ্ধ পূর্ব্বে কখনই হয় নাই। আমি এই যুদ্ধ দর্শন করিবার নিমিত্ত সাতিশয় উৎসুক হইয়া স্বর্গ হইতে এখানে আগমন করিয়াছি।[২০] মধুসূদন! আপনি অবতীর্ণ হইয়া যে সকল উত্তম উত্তম কর্ম্ম করিতেছেন, তাহাতে আমি সাতিশয় বিস্ময়াবিষ্ট হইয়াছি, এবং ইহাতে যে কতদূর সন্তুষ্ট হইয়াছি, বলিতে পারি না।[২১] কৃষ্ণ! এই অশ্বরূপী দৈত্য যখন কেশরজাল কম্পিত করিয়া হ্রেষারব করিতে করিতে আকাশ পানে দৃষ্টিপাত করিত, তখন দেবগণ এবং দেবরাজও ভীত হইতেন।[২২] মধুসূদন! আপনি যে এই দুরাত্মা কেশীকে বিনাশ করিলেন, তজ্জন্য ইহলোকে কেশব নামে বিখ্যাত হইবেন।[২৩] কেশিনিসূদন! আপনকার

* নিহতোঽয়ং তথা কেশী ইতি বা পঠনীয়ম্।১৯

তস্মাৎ কেশবনাম্না ত্বং লোকে গেয়ো ভবিষ্যসি*॥২৩॥
স্বস্ত্যস্তু তে গমিষ্যামি কংসযুদ্ধেঽধুনা পুনঃ ।
পরশ্বোঽহং সমেষ্যামি † ত্বয়া কেশিনিসূদন ॥২৪॥
উগ্রসেনসুতে কংসে সানুগে বিনিপাতিতে ।
ভারাবতারকর্ত্তা ত্বং পৃথিব্যাঃ পৃথিবীধর ॥২৫॥
তত্রানেকপ্রকারাণি যুদ্ধানি পৃথিবীক্ষিতাম্ ।
দ্রষ্টব্যানি ময়া যুষ্মৎপ্রণীতানি জনার্দ্দন ॥২৬॥
সোঽহং যাস্যামি গোবিন্দ ! দেবকার্য্যং মহৎ কৃতম্ ।
ত্বয়া সভাজিতশ্চায়ং স্বস্তি তেঽস্তু ব্রজাম্যহম্ ॥২৭॥

পরাশর উবাচ ।

নারদে তু গতে কৃষ্ণঃ সহ গোপৈরবিস্মিতঃ ।

মঙ্গল হউক। আমি পরশ্ব কংসযুদ্ধ দর্শন করিবার নিমিত্ত পুনর্ব্বার আগমন করিব, এবং সেই স্থলে আপনকার সহিত মিলিত হইব।[২৪] পৃথিবীপালক ! উগ্রসেনতনয় কংস, অনুজগণের সহিত বিনষ্ট হইলে, আপনকার পৃথিবীর ভার অপনয়ন করা হইবে।[২৫] জনার্দ্দন ! সেই কংসালয়ে আমি আপনকার সহিত রাজগণের নানাপ্রকার যুদ্ধ সন্দর্শন করিব।[২৬] গোবিন্দ ! এইরূপে আপনি দেবগণের মহৎ কার্য্য সম্পাদন করিলে, আমি আপনা কর্ত্তৃক সৎকৃত হইয়া (দেবলোকে) গমন করিব। এক্ষণে আপনকার মঙ্গল হউক। আমি চলিলাম।[২৭]

পরাশর কহিলেন। নারদ (এই কথা বলিয়া) গমন করিলে,

---

* লোকে খ্যাতো ভবিষ্যসি ইত্যপি পাঠঃ। ২৩
* পরশ্বোঽহং গমিষ্যসি ইতি কচিৎ পাঠঃ। ২৪

বিবেশ গোকুলং গোপী-নেত্রপানৈকভাজনঃ ॥২৮॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
কেশিবধো নাম
ষোড়শোঽধ্যায়ঃ।

কৃষ্ণ, অবিস্মিত-হৃদয় হইয়া গোপগণের সহিত গোকুলে প্রবেশ করিলেন। গোপীগণ, নেত্ররূপ পাত্রদ্বারা তাঁহাকে পান করিতে লাগিল। ২৮

বিষ্ণুপুরাণ, পঞ্চমাংশ, কেশিমথন
নামক ষোড়শ অধ্যায়
সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমোঽংশঃ।

সপ্তদশোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

অক্রূরোঽপি বিনিষ্ক্রম্য স্যন্দনেনাশুগামিনা।
কৃষ্ণসন্দর্শনায়ৈকঃ প্রযযৌ নন্দগোকুলম্ ॥১॥
চিন্তয়ামাস চাক্রূরো নাস্তি ধন্যতরো ময়া।
যোঽহমংশাবতীর্ণস্য মুখং দ্রক্ষ্যামি চক্রিণঃ ॥২॥
অদ্য মে সফলং জন্ম সুপ্রভাতা চ মে নিশা।
যদুন্নিদ্রাব্জপত্রাক্ষং বিষ্ণোর্দ্রক্ষ্যাম্যহং মুখম্ ॥৩॥
অদ্য মে সফলে নেত্রে অদ্য মে সফলা গিরঃ।

পরাশর কহিলেন। এ দিকে অক্রূর একাকী কংসালয় হইতে বহির্গত হইয়া কৃষ্ণদর্শনের নিমিত্ত দ্রুতগামী রথদ্বারা নন্দালয়ে গমন করিতে প্রবৃত্ত হইলেন।[১] তিনি চিন্তা করিতে লাগিলেন। এই পৃথিবীতে সর্ব্বাপেক্ষা আমিই ধন্য। আমার সদৃশ আর কেহই নাই। কারণ আমি অংশাবতীর্ণ বিষ্ণুর মুখকমল সন্দর্শন করিব।[২] আজ আমার জন্ম সফল হইবে। অদ্য আমার পক্ষেই রজনী সুপ্রভাতা হইয়াছে। কারণ অদ্য আমি প্রফুল্লকমল-সদৃশ বিষ্ণুর মুখ সন্দর্শন করিব। অদ্য আমার নয়নদ্বয় সফল হইবে।

যন্মে পরস্পরালাপো দৃষ্ট্বা বিষ্ণুং ভবিষ্যতি ॥৪॥*
পাপং হরতি যৎ পুংসাং স্মৃতং সঙ্কল্পনাময়ম্।
তৎপুণ্ডরীকনয়নং বিষ্ণোর্দ্রক্ষ্যাম্যহং মুখম্ ॥৫॥
নির্জগ্মুশ্চ যতো বেদা বেদাঙ্গান্যখিলানি চ।
দ্রক্ষ্যামি তৎ পরং ধাম ধাম্নাং ভগবতো মুখম্ ॥৬॥
যজ্ঞেষু যজ্ঞপুরুষঃ পুরুষৈঃ পুরুষোত্তমঃ।
ইজ্যতে যোঽখিলাধারস্তং দ্রক্ষ্যামি জগৎপতিম্ † ॥৭॥
ইষ্ট্বা যমিন্দ্রো যজ্ঞানাং শতেনামররাজতাম্।
অবাপ তমনন্তাদিমহং দ্রক্ষ্যামি কেশবম্ ॥৮॥

অদ্য আমার বাক্য চরিতার্থ হইবে, কারণ অদ্য আমি বিষ্ণুকে দর্শন করিয়া তাঁহার সহিত আলাপ করিতে পারিব।[৪] বিষ্ণুর যে মুখ-কমল, কল্পনা করিয়া স্মরণ করিলেও লোকের পাপপুঞ্জ ক্ষয় হয়। অদ্য আমি সেই পুণ্ডরীকসদৃশ-নয়নযুগল-সুশোভিত বিষ্ণুর মুখ অবলোকন করিব।[৫] যাহা হইতে সমুদায় বেদ ও বেদাঙ্গ নিঃসৃত হইয়াছে, যাহা সূর্য্যপ্রভৃতি সমুদায় তেজঃ-পদার্থেরও তেজঃস্বরূপ, অদ্য সেই ভগবানের মুখ দর্শন করিব।[৬] মনুষ্যগণ যে যজ্ঞপুরুষ পুরুষোত্তমের উদ্দেশে যাগানুষ্ঠান করিয়া থাকেন, যিনি নিখিল জগতের আধার, অদ্য সেই জগদীশ্বরকে অবলোকন করিব।[৭] দেবরাজ শতক্রতু, যাঁহার উদ্দেশে শত-সংখ্য যাগানুষ্ঠান করিয়া দেবরাজত্ব প্রাপ্ত হইয়াছেন, সেই অনাদি ও অনন্ত কেশবকে অদ্য আমি সন্দর্শন করিব।[৮] ব্রহ্মা, ইন্দ্র, অশ্বিনীকুমারযুগল, রুদ্রগণ, বসুগণ, আদিত্যগণ, মরুদ্-

---

* মে পরস্পরালাপো দৃষ্ট্বা কিঞ্চ ভবিষ্যতি ইতি পাঠান্তরম্। ৪
† তং দ্রক্ষ্যামি চ কেশবম্ ইতি বা পাঠঃ। ৭

ন ব্রহ্মা নেন্দ্ররুদ্রাশ্বি-বস্বাদিত্যমরুদ্গণাঃ।
যস্য স্বরূপং জানন্তি স্পৃক্ষ্যত্যঙ্গং স মে হরিঃ ॥৯॥
সর্ব্বাত্মা সর্ব্ববিৎ সর্ব্বঃ সর্ব্বভূতেষবস্থিতঃ।
যো বিতত্যাব্যয়ো ব্যাপী স বক্ষ্যতি ময়া সহ ॥১০॥
মৎস্যকূর্ম্মবরাহাশ্ব-সিংহরূপাদিভিঃ স্থিতিম্।
চকার জগতো যোঽজঃ সোঽদ্য মামালপিষ্যতি ॥১১॥
সাম্প্রতঞ্চ জগৎস্বামী কার্য্যমাত্মহৃদি স্থিতম্।
কর্ত্তুং মনুষ্যতাং প্রাপ্তঃ স্বেচ্ছাদেহধৃগব্যয়ঃ ॥১২॥
যোঽনন্তঃ পৃথিবীং ধত্তে শেখরস্থিতিসংস্থিতাম্।
সোঽবতীর্ণো জগত্যর্থে মামক্রূরেতি বক্ষ্যতি ॥১৩॥

গণ, ইঁহারাও যাঁহার স্বরূপ অবগত নহেন, সেই হরি অদ্য আমার অঙ্গ স্পর্শ করিবেন।[৯] যিনি সকলের আত্মাস্বরূপ, যিনি সর্ব্বজ্ঞ ও সর্ব্বময়, যিনি সর্ব্বভূতে বিস্তাররূপে অবস্থিতি করিতেছেন, সেই অব্যয় সর্ব্বব্যাপী ঈশ্বর আমার সহিত কথা কহিবেন।[১০] যিনি মৎস্য, কূর্ম্ম, বরাহ, অশ্ব, সিংহপ্রভৃতি রূপ অবলম্বন করিয়া জগতের রক্ষা করিতেছেন, যাঁহার জন্ম নাই, তিনি অদ্য আমার সহিত আলাপ করিবেন।[১১] জগতের স্বামী সেই অব্যয় পুরুষ এক্ষণে স্বীয়হৃদয়স্থিত কার্য্যবিশেষ সাধনের নিমিত্ত স্বেচ্ছানুসারে দেহ ধারণ করিয়া মনুষ্যরূপী হইয়াছেন।[১২] যিনি অনন্ত রূপ অবলম্বন করিয়া এই পৃথিবীকে মস্তকের শেখর রূপে ধারণ করিতেছেন, তিনি এক্ষণে জগতের কার্য্য সাধনের নিমিত্ত অবতীর্ণ হইয়াছেন, এবং তিনি অদ্য আমাকে অক্রূর বলিয়া সম্বোধন করিবেন।[১৩] ইনি আমার পিতা, ইনি আমার পুত্র, ইনি আমার সুহৃৎ, ইনি আমার ভ্রাতা, ইনি

পিতৃপুত্রসুহৃদ্ভ্রাতৃ-মাতৃবন্ধুময়ীমিমাম্।
যন্মায়াং নালমুত্তর্ত্তুং জগৎ তস্মৈ নমো নমঃ ॥১৪॥
তরত্যবিদ্যাং বিততাং হৃদি যস্মিন্ নিবেশিতে।
যোগী মায়ামমেয়ায় তস্মৈ বিদ্যাত্মনে নমঃ ॥১৫॥
যজ্বিভির্যজ্ঞপুরুষো বাসুদেবশ্চ সাত্বতৈঃ। *
বেদান্তবেদিভির্বিষ্ণুঃ প্রোচ্যত্যে যো নতোঽস্মি তম্॥১৬
যথা তত্র জগদ্ধাম্নি ধাতর্য্যেতৎ প্রতিষ্ঠিতম্।
সদসৎ তেন সত্যেন ময্যসৌ যাতু সৌম্যতাম্ † ॥১৭॥
স্মৃতে সকলকল্যাণ-ভাজনং যত্র জায়তে।
পুরুষস্তমজং নিত্যং ব্রজামি শরণং হরিম্ ॥১৮॥

আমার মাতা, ইনি আমার বন্ধু, ইত্যাদিময়ী যদীয় মায়াকে এই জগতীতলস্থ কোন ব্যক্তিই অতিক্রম করিতে সমর্থ নহে, সেই জগদীশ্বরকে পুনঃ পুনঃ নমস্কার করি।[১৪] যিনি হৃদয়ে অধিষ্ঠান করিলে, যোগিগণ মায়া হইতে মুক্ত হইতে সমর্থ হন, তত্ত্বজ্ঞান-স্বরূপ সেই অপরিমেয় ঈশ্বরকে নমস্কার করি।[১৫] যিনি যাগশাল পুরুষ কর্ত্তৃক যজ্ঞপুরুষ, সাধকগণ কর্ত্তৃক বাসুদেব, বৈদান্তিকগণ কর্ত্তৃক বিষ্ণু বলিয়া কথিত হইয়া থাকেন, তাঁহাকে নমস্কার করি।[১৬] তিনি যেমন জগতের আধার ও জগতের তেজঃস্বরূপ, তাঁহাতে যেমন নিত্যানিত্য সমুদায় জগৎ প্রতিষ্ঠিত আছে, সেই রূপ সেই সত্য অনুসারে তিনি আমার প্রতি সৌম্যদর্শন হউন, অর্থাৎ আমি কংসের দূত বলিয়া তিনি যেন আমার প্রতি বিদ্বেষ দৃষ্টি না করেন।[১৭] যাঁহাকে স্মরণ করিলে মানবগণ সমু-

* বাসুদেবশ্চ সাত্বতঃ ইতি ক্বচিৎ পাঠঃ ।১৬
† ময্যসৌ পাতু সৌম্যতাম্ ইতি পাঠান্তরম্ ।১৭

পরাশর উবাচ।

ইত্থং সংচিন্তয়ন্ বিষ্ণুং ভক্তিনম্রাত্মমানসঃ।
অক্রূরো গোকুলং প্রাপ্তঃ কিঞ্চিৎ সূর্য্যে বিরাজতি॥১৯
স দদর্শ তদা তত্র কৃষ্ণমাদোহনে গবাম্।
বৎসমধ্যগতং-ফুল্ল-নীলোৎপল-দলচ্ছবিম্॥২০॥
অস্পষ্টপদ্মপত্রাক্ষং ‡ শ্রীবৎসাঙ্কিতবক্ষসম্।
প্রলম্ববাহুমায়ামি-তুঙ্গোরঃস্থলমুন্নসম্॥২১॥
সবিলাসস্মিতাধারং বিভ্রাণং মুখপঙ্কজম্।
তুঙ্গরক্তনখং পদ্ভ্যাং ধরণ্যাং সুপ্রতিষ্ঠিতম্॥২২॥
বিভ্রাণং বাসসী পীতে বন্যপুষ্পবিভূষিতম্।

দায় কল্যাণের আস্পদ হয়, সেই অজ ও নিত্য হরির শরণাপন্ন হইলাম।[১৮]

পরাশর কহিলেন। অক্রূর ভক্তিদ্বারা নম্রহৃদয় হইয়া এই রূপ চিন্তা করিতে করিতে সূর্য্য অস্ত যাইবার পূর্ব্বে গোকুলে উপস্থিত হইলেন।[১৯] তিনি সেখানে দেখিলেন, প্রফুল্ল-নীল-কমলদল সদৃশ শ্যামবর্ণ হরি, গোদোহন স্থানে বৎসগণ মধ্যে অবস্থান করিতেছেন।[২০] তাঁহার নয়ন ঈষদুন্মীলিত পদ্মপত্রের ন্যায়। তাঁহার বক্ষঃস্থলে শ্রীবৎসচিহ্ন শোভা পাইতেছে। তাঁহার বাহুদ্বয় আজানুলম্বিত, ও নাসিকা উন্নত। তাঁহার বক্ষঃস্থল বিস্তীর্ণ ও উন্নত।[২১] তাঁহার মুখকমল বিলাস ও ঈষৎ হাস্যে সুশোভিত রহিয়াছে। পদদ্বয়স্থিত সাতিশয় রক্তবর্ণ নখসমুদায়, পৃথিবীর শোভা বিস্তার করিতেছে।[২২] তিনি পীতবর্ণ বসনযুগল পরিধান করিয়া আছেন। তাঁহার শরীর বন্যপুষ্পে বিভূষিত

‡ প্রস্পষ্টপদ্মপত্রাক্ষম্ ইতি বা পঠ্যতাম্।২১

সার্দ্রনীললতাহস্তং সিতাম্ভোজাবতংসকম্ ॥২৩॥
হংসকুন্দেন্দুধবলং নীলাম্বরধরং দ্বিজ।
তস্যানু বলভদ্রঞ্চ দদর্শ যদুনন্দনঃ * ॥২৪॥
প্রাংশুমুন্নতবাহ্বংসং বিকাশি-মুখপঙ্কজম্।
মেঘমালা-পরিবৃতং কৈলাসাদ্রিমিবাপরম্ ॥২৫॥
তৌ দৃষ্ট্বা বিকসদ্বক্ত্র-সরোজঃ স মহামতিঃ।
পুলকাঞ্চিতসর্ব্বাঙ্গ-স্তদাক্রূরোঽভবন্মুনে ॥২৬॥
এতৎ তৎ পরমং ধাম তদেতৎ পরমং পদম্।
ভগবদ্বাসুদেবাংশো দ্বিধা যোঽয়মবস্থিতঃ ॥২৭॥

রহিয়াছে। তাঁহার হস্তে আর্দ্র নীললতা, এবং কর্ণে শ্বেতপদ্ম অবতংসস্বরূপ রহিয়াছে।[২৩]

তিনি কৃষ্ণের নিকটে যদুনন্দন বলভদ্রকেও দেখিতে পাই-লেন। ব্রহ্মন্! এই বলদেবের শরীর হংসের ন্যায়, কুন্দপুষ্পের ন্যায় ও নিশাকরের ন্যায় শ্বেতবর্ণ। তিনি নীলাম্বর পরিধান করিয়া রহিয়াছেন।[২৪] তিনি দীর্ঘকায়। তাঁহার স্কন্ধ উন্নত ও বাহুদ্বয় সুদীর্ঘ। তাঁহার মুখকমল সর্ব্বদা প্রফুল্ল রহিয়াছে। তাঁহাকে দেখিলে মেঘমালাদ্বারা পরিবৃত কৈলাস পর্ব্বতের ন্যায় বোধ হয়।[২৫]

মহর্ষে! মহামতি অক্রূর রাম ও কৃষ্ণকে দেখিয়া প্রফুল্লবদন ও সর্ব্বাঙ্গে রোমাঞ্চিত হইলেন[২৬] এবং কহিতে লাগিলেন। ইনি পরমপদ, ইনি পরমতেজঃস্বরূপ, ইনি ভগবান্ বাসুদেবের অংশ। ইনি সেই বিষ্ণু, শরীরদ্বয় ধারণ করিয়া অবস্থান করিতে-ছেন।[২৭] জগতের সৃষ্টিকর্ত্তা এই বিষ্ণুকে দেখিয়া অদ্য আমার

---

* দদর্শ যদুনন্দনম্ ইতি পাঠান্তরম্। ২৪

সাফল্যমক্ষ্ণোর্যুগমেতদত্র
দৃষ্টে জগদ্ধাতরি যাতমুচ্চৈঃ।
অপ্যঙ্গমেতদ্ভগবৎপ্রসাদাৎ
দত্তেঽঙ্গসঙ্গে ফলবন্মম স্যাৎ ॥২৮॥

অপ্যেষ পৃষ্ঠে মম হস্তপদ্মং
করিষ্যতি শ্রীমদনন্তমূর্ত্তিঃ।
যস্যাঙ্গুলিস্পর্শ-হতাখিলাঘৈ-
রবাপ্যতে সিদ্ধিরনাশদোষা ॥২৯

যেনাগ্নি-বিদ্যুদ্রবিরশ্মিমালা-
করালমত্যুগ্রমপাস্য চক্রম্।
চক্রং ঘ্নতা দৈত্যপতের্হৃতানি
দৈত্যাঙ্গনানাং নয়নাঞ্জনানি ॥৩০॥

যত্রাম্বু বিন্যস্য বলির্মনোজ্ঞান্
অবাপ ভোগান্ বসুধাতলস্থঃ।

নয়নযুগল সম্পূর্ণরূপে সফল হইল। এই ভগবান্ প্রসন্ন হইয়া যদি আমার অঙ্গের সহিত অঙ্গ সংযুক্ত করেন, তাহা হইলেই আমার অঙ্গ সফল হইবে।[২৮] এই অনন্তমূর্ত্তি ভগবান্ করকমলদ্বারা কি আমার পৃষ্ঠদেশ স্পর্শ করিবেন। এই করকমলের অঙ্গুলিস্পর্শদ্বারা সমুদায় পাপক্ষয় হইয়া অক্ষয় সিদ্ধি অর্থাৎ মুক্তিলাভ করিতে পারা যায়।[২৯] এই ভগবান্ এই করকমলদ্বারা অগ্নি বিদ্যুৎ ও সূর্য্য-রশ্মি-মালা হইতেও অতীব উগ্র ও করাল চক্র নিক্ষেপ করিয়া কালনেমি প্রভৃতি দৈত্যপতিদিগকে সংহার পূর্ব্বক দৈত্যকামিনীদিগের নয়ন অঞ্জন শূন্য করিয়াছেন।[৩০] বলি যাঁহাকে (দান করিবার নিমিত্ত) জল নিক্ষেপ করিয়া পাতালতলে গমন পূর্ব্বক মনোহর

তথামরত্বং ত্রিদশাধিপত্যং
মন্বন্তরং পূর্ণমপেতশত্রুঃ।৩১॥
অপ্যেষ মাং কংসপরিগ্রহেণ
দোষাস্পদীভূতমদোষদুষ্টম্।
কর্ত্তাবমানোপহতং ধিগস্তু
তজ্জন্ম নঃ সাধুবহিষ্কৃতং যৎ* ॥৩২॥
জ্ঞানাত্মকস্যামল-সত্ত্বরাশে-
রপেতদোষস্য সদা স্ফুটস্য।
কিংবা জগত্যত্র সমস্তপুংসাম্
অজ্ঞাতমস্যাস্তি হৃদি স্থিতস্য ॥৩৩॥
তস্মাদহং ভক্তিবিনম্রচেতা
ব্রজামি সর্ব্বেশ্বরমীশ্বরাণাম্।

ভোগ্য বস্তু ভোগ করিতেছেন, সম্পূর্ণ মন্বন্তর কালপর্য্যন্ত অমরত্ব ও দেবগণের উপরি আধিপত্য নিষ্কণ্টকে প্রাপ্ত হইয়াছেন।[৩১] যদিও আমার কোন দোষ নাই তথাপি কংসের অনুগত বলিয়া কি ইনি আমাকে অবমাননা করিবেন? যদি এরূপ করেন, তাহা হইলে, আমি অসাধুমধ্যে গণনীয় হইলাম, সুতরাং আমার ঈদৃশ জন্মেই ধিক্।[৩২] যিনি জ্ঞানময়, যিনি শুদ্ধসত্ত্বময়, যিনি অজ্ঞানের অধীন নহেন, যিনি ইন্দ্রিয়াদির সাহায্য ব্যতীত সর্ব্বদা সমুদায় বস্তু প্রত্যক্ষ করিতেছেন, যিনি হৃদয়ে অবস্থান করেন, তাঁহার পক্ষে এই জগতের মধ্যে কোন্ ব্যক্তির কোন্ কার্য্য অবিদিত থাকিতে পারে।[৩৩] অতএব আমি ভক্তিদ্বারা নম্রহৃদয় হইয়া

* তজ্জন্ম তৎ সাধুবহিষ্কৃতো যঃ ইত্যন্যে পঠন্তি। ৩২

অংশাবতারং পুরুষোত্তমস্য
অনাদিমধ্যান্তময়স্য বিষ্ণোঃ ॥৩৪॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
অক্রূরাগমনং নাম সপ্ত-
দশোঽধ্যায়ঃ ।

সমুদায় ঈশ্বরদিগেরও ঈশ্বর আদি মধ্য ও অন্তবিহীন পুরুষো-
ত্তম বিভুর অংশাবতারের সমীপবর্ত্তী হই।[৩৪]

বিষ্ণুপুরাণ পঞ্চমাংশ অক্রূর-গমন-নামক
সপ্তদশ অধ্যায় সমাপ্ত ।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমাংশঃ।

অষ্টাদশোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

চিন্তয়ন্নিতি গোবিন্দমুপাগম্য স যাদবঃ।
অক্রূরোঽস্মীতি চরণৌ ননাম শিরসা হরেঃ ॥১॥
সোঽপ্যেনং ধ্বজবজ্রাব্জ-কৃতচিহ্নেন পাণিনা।
সংস্পৃশ্যাকৃষ্য চ প্রীত্যা সুগাঢ়ং পরিষস্বজে ॥২॥
কৃতসংবাদনৌ তেন যথাবদ্বলকেশবৌ।
ততঃ প্রবিষ্টৌ সংহৃষ্টৌ তমাদায়াত্মমন্দিরম্ ॥৩॥

পরাশর কহিলেন। যদুবংশসম্ভূত অক্রূর এইরূপ চিন্তা করিতে করিতে অবনত মস্তকে গোবিন্দের নিকট উপস্থিত হইয়া, আমি অক্রূর, এই কথা বলিয়া তাঁহার চরণযুগলে প্রণাম করিলেন।[১] কৃষ্ণও ধ্বজবজ্র ও কমল চিহ্নিত করকমলদ্বারা তাঁহাকে স্পর্শ করিয়া প্রীতিপূর্ণ হৃদয়ে আকর্ষণপূর্ব্বক গাঢ় আলিঙ্গন করিলেন।[২] অক্রূর এই রূপে কৃষ্ণ ও বলদেব উভয়কে প্রণাম করিলে তাঁহারা অক্রূরকে সমভিব্যাহারে লইয়া প্রহৃষ্ট হৃদয়ে নিজ মন্দিরে প্রবেশ করিলেন।[৩] অনন্তর অক্রূরের সহিত রাম ও কৃষ্ণের নানাপ্রকার কথোপকথন হইলে অক্রূর ভোজন করি-

সহ তাভ্যাং তদাক্রূরঃ কৃতসংবাদনাদিকঃ।
ভুক্তভোজ্যো যথান্যায়মাচচক্ষে ততস্তয়োঃ ॥৪॥
যথা নির্ভর্ৎস্যতে তেন কংসেনানকদুন্দুভিঃ।
যথা চ দেবকী দেবী দানবেন দুরাত্মনা ॥৫॥
উগ্রসেনে যথা কংসঃ স্বদুরাত্মা চ বর্ত্ততে।
যং চৈবার্থং সমুদ্দিশ্য স কংসেন বিসর্জ্জিতঃ ॥৬॥
তৎ সর্ব্বং বিস্তরাৎ শ্রুত্বা ভগবান্ কেশিসূদনঃ।
উবাচাখিলমপ্যেতৎ জ্ঞাতং দানপতে ময়া ॥৭॥
করিষ্যে চ মহাভাগ যদত্রৌপয়িকং মতম্।
বিচিন্ত্যং নান্যথৈতৎ তে বিদ্ধি কংসং হতং ময়া ॥৮॥
অহং রামশ্চ মথুরাং শ্বোবাযাস্যামঃ সমং ত্বয়া।
গোপবৃদ্ধাশ্চ যাস্যন্তি আদায়োপায়নং বহু। ৯॥

লেন। পরে তিনি ঐ উভয়ের নিকট যথারীতি বলিতে লাগিলেন[৪] যে, দুরাত্মা দানব কংস, বসুদেবকে যার পর নাই তাড়না করিয়া থাকে এবং দেবী দেবকীকেও ভর্ৎসনা করে।[৫] এই দুরাত্মা কংস উগ্রসেনের প্রতি যেরূপ ব্যবহার করে, এবং যে কার্য্য উপলক্ষে সে অক্রূরকে পাঠাইয়াছে, (অক্রূর তাহাও বিস্তারিত রূপে কহিলেন)।[৬] ভগবান্ কেশব, এই সমুদায় বিস্তারিত রূপে শ্রবণ করিয়া বলিলেন, দানপতে! তুমি যাহা কহিলে, এতৎসমুদায় আমি জ্ঞাত আছি।[৭] মহাভাগ! এ বিষয়ে যে উপায় বিধান করা কর্ত্তব্য, তাহা আমি করিব। ইহা তুমি অন্যথা বিবেচনা করিও না। তুমি এইরূপ মনে কর, যে কংস নিহতই হইয়াছে।[৮] কল্য বলরাম এবং আমি তোমার সহিত মথুরায় গমন করিব। বৃদ্ধ গোপগণও ভূরি পরিমাণে উপায়ন লইয়া যাইবে।[৯]

নিশেয়ং নীয়তাং বীর! ন চিন্তাং কর্ত্তুমর্হসি।
ত্রিরাত্রাভ্যন্তরে কংসং হনিষ্যামি সহানুগম্ ॥১০॥

পরাশর উবাচ।

সমাদিশ্য ততো গোপান্ অক্রূরোঽপি সকেশবঃ।
সুষ্বাপ বলভদ্রশ্চ নন্দগোপগৃহে সুখম্ ॥১১॥
ততঃ প্রভাতে বিমলে কৃষ্ণরামৌ মহামতী।
অক্রূরেণ সমং গন্তুমুদ্যতৌ মথুরাং প্রতি ॥১২॥
দৃষ্ট্বা গোপীজনঃ সাস্রঃ শ্লথদ্বলয়বাহুকঃ।
নিশ্বস্য চাতিদুঃখার্ত্তঃ প্রাহ চেদং পরস্পরম্ ॥১৩॥
মথুরাং প্রাপ্য গোবিন্দঃ কথং গোকুলমেষ্যতি।
নাগরস্ত্রী-কলালাপ-মধু শ্রোত্রেণ পাস্যতি ॥১৪॥

বীর! তুমি অদ্য রাত্রিতে এখানে অবস্থান কর, কিছুমাত্র চিন্তা করিও না। আমি ত্রিরাত্রির মধ্যেই কংসকে ও তাহার অনুজ-গণকে সংহার করিব।[১০]

পরাশর কহিলেন। অনন্তর কৃষ্ণ বলদেব ও অক্রূর, গোপ-গণকে যথাবিধানে আদেশ করিয়া নন্দগোপগৃহে পরম সুখে শয়ন করিলেন।[১১] পরে যখন রজনী প্রভাতা হইল, আকাশমণ্ডল নির্ম্মল হইয়া আসিল, তখন মহামতি রাম ও কৃষ্ণ, অক্রূরের সহিত মথুরা গমনে উদ্যোগ করিতে লাগিলেন।[১২] গোপীগণ, কৃষ্ণ ও বল-রামকে গমনোন্মুখ দেখিয়া অতিদুঃখার্ত্ত হৃদয়ে দীর্ঘ নিঃশ্বাস পরিত্যাগ করিতে করিতে রোদন করিতে লাগিল। (দুঃখা-বেগে ক্ষীণতা হেতু) তাহাদের হস্তস্থিত বলয় বিশ্লথ হইয়া পড়িল। তাহারা পরস্পর বলাবলি করিতে লাগিল যে,[১৩] এই গোবিন্দ মথুরায় গমন করিয়া যে পুনর্ব্বার এখানে ফিরিয়া আসিবেন, এমত

বিলাসি-বাক্যপানেষু নাগরীণাং কৃতাস্পদম্ ।
চিত্তমস্য কথং ভূয়ো গ্রাম্যগোপীষু যাস্যতি ॥১৫॥
সারং সমস্তগোষ্ঠস্য বিধিনা হরতা হরিম্ ।
প্রহৃতং গোপযোষিৎসু নির্ঘৃণেন দুরাত্মনা ॥১৬॥
ভাবগর্ভস্মিতং বাক্যং বিলাসললিতা গতিঃ ।
নাগরীণামতীবৈতৎ কটাক্ষেক্ষিতমেব চ ॥১৭॥
গ্রাম্যো হরিরয়ং তাসাং বিলাসনিগড়ৈর্যুতঃ ।
ভবতীনাং পুনঃ পার্শ্বং কয়া যুক্ত্যা সমেষ্যতি ॥১৮॥

বোধ হয় না। কারণ ইনি সেখানে নগররমণীদিগের মধুর-বাক্যরূপ মধু শ্রোত্রদ্বারা পান করিবেন।[১৪] ইঁহার চিত্ত যখন নাগরীদিগের বিলাসপূর্ণ বচনামৃতপানের আস্বাদ গ্রহণ করিবে, তখন কি আর তাহা গ্রাম্য গোপীদিগের প্রতি পুনর্ব্বার ধাবমান হইবে ?[১৫]

নির্ঘৃণ দুরাত্মা বিধাতা আমাদিগের সমস্ত গোষ্ঠের সারস্বরূপ এই কৃষ্ণকে হরণ করিয়া গোপীগণকেই নষ্ট করিল।[১৬] নাগরীদিগের ভাবগর্ভ মধুর হাস্য, বিলাসদ্বারা মনোহর গমন ও কটাক্ষদ্বারা অবলোকন,[১৭] এই সমুদায় বিলাসময় নিগড় দ্বারা, গ্রাম্য এই হরি বদ্ধ হইলে, কোন্ যুক্তি অনুসারে তোমাদের নিকট পুনর্ব্বার আসিবেন।[১৮] ঐ দেখ, হরি রথে আরোহণ করিয়া গমন করিতেছেন। ক্রূর অক্রূর, আমাদিগকে প্রতারণাপূর্ব্বক নিরাশ করি-

---

১৮। উদ্বোধক বস্তু দর্শনদ্বারা যে মানসিক বিকার হয় তাহার নাম ভাব। ভাব অধিক পরিমাণে হইলে তাহাকে রস বলা যায়। নেত্রের ভঙ্গ বিশেষের নাম বিলাস। অন্য অবয়বের ভঙ্গীবিশেষের নাম বিভ্রম। কেহ কেহ বলেন, নির্ব্বিকার চিত্তে প্রথমসম্ভূত বিকারের নাম ভাব। প্রিয় জনকে দেখিয়া গমন উপবেশন ও মুখনেত্রাদির যে ভঙ্গীবিশেষ, তাহার নাম বিলাস।

এষৈষ রথমারুহ্য মথুরাং যাতি কেশবঃ।
ক্রূরেণাক্রূরকেণাত্র নিরাশেন প্রতারিতঃ ॥১৯॥
কিং ন বেত্তি নৃশংসোঽত্র অনুরাগপরং জনম্।
যেনেমমক্ষ্ণোরাহ্লাদং নয়ত্যন্যত্র নো হরিম্ ॥২০॥
এষ রামেণ সহিতঃ প্রয়াত্যত্যন্তনির্ঘৃণঃ।
রথমারুহ্য গোবিন্দস্ত্বর্য্যতামস্য বারণে ॥২১॥
গুরূণামগ্রতো বক্তুং কিং ব্রবীষি ন নঃ ক্ষমম্।
গুরবঃ কিং করিষ্যন্তি দগ্ধানাং বিরহাগ্নিনা ॥২২॥
নন্দগোপমুখা গোপা গন্তুমেতে সমুদ্যতাঃ।
নোদ্যমং কুরুতে কশ্চিদ্ গোবিন্দ-বিনিবর্ত্তনে ॥ ২৩॥
সুপ্রভাতাদ্য রজনী মথুরাবাসিযোষিতাম্।
পাস্যন্ত্যচ্যুতবক্ত্রাব্জং যাসাং নেত্রালিপংক্তয়ঃ ॥২৪॥

ল![১৯] এই নৃশংস কি জ্ঞাত নহে যে, আমরা ইঁহার প্রতি অনুরক্ত! এই নিষ্ঠুর আমাদের নয়নের আহ্লাদজনক হরিকে অন্যত্র লইয়া চলিল![২০] এই নির্ঘৃণ গোবিন্দও রামের সহিত একত্র হইয়া রথারোহণপূর্ব্বক গমন করিতেছে! এক্ষণে শীঘ্র উহাকে নিবারণ কর।[২১] গুরুজনের সমক্ষে কোন কথা বলা উচিত নহে, ইহা তুমি কিরূপে কহিতেছ। আমরা বিরহাগ্নিদ্বারা দগ্ধ হইয়া গেলে, পরিশেষে গুরুগণ কি প্রতিবিধান করিবেন?[২২] ঐ দেখ, নন্দগোপ প্রভৃতি গোপগণ সকলেই গমন করিবার নিমিত্ত উদ্যোগ করিতেছে, কিন্তু কৃষ্ণকে ফিরাইবার নিমিত্ত কেহই চেষ্টা করিতেছে না।[২৩] মথুরাবাসী রমণীগণের পক্ষে অদ্য রজনী সুপ্রভাতা হইল। কারণ তাহাদের নয়নরূপ ভ্রমরশ্রেণী অদ্য কৃষ্ণের মুখকমল পান করিবে।[২৪] যাহারা কৃষ্ণের সমভিব্যাহারে গমন করিতেছে, যাহারা কৃষ্ণ

ধন্যাস্তে পথি যে কৃষ্ণমিতো যান্ত্যনিবারিতাঃ ।
উদ্বহিষ্যন্তি পশ্যন্তঃ স্বদেহং পুলকাঞ্চিতম্ ॥২৫॥
মথুরানগরী-পৌর-নয়নানাং মহোৎসবঃ ।
গোবিন্দাবয়বৈর্দৃষ্টৈরতীবাদ্য ভবিষ্যতি ॥২৬॥
কো নু স্বপ্নঃ সুভাগ্যাভি-র্দৃষ্টস্তাভিরধোক্ষজম্ ।
বিস্তারি-কান্তিনয়না যা দ্রক্ষ্যন্ত্যনিবারিতম্ ॥২৭॥
অহো গোপীজনস্যাস্য দর্শয়িত্বা মহানিধিম্ ।
উদ্ধৃতান্যত্র নেত্রাণি বিধাত্রাকরুণাত্মনা ॥২৮॥
অনুরাগেণ শৈথিল্যমস্মাসু ব্রজতা হরেঃ ।
শৈথিল্যমুপযান্ত্যাশু করেষু বলয়ান্যপি ॥২৯॥
অক্রূরঃ ক্রূরহৃদয়ঃ শীঘ্রং প্রেরয়তে হয়ান্ ।
এবমার্ত্তাসু যোষিৎসু ঘৃণা কস্য ন জায়তে ॥৩০॥

সমভিব্যাহারে পথিগমনে নিবারিত হইতেছে না, তাহারাই ধন্য। তাহারাই কৃষ্ণকে দেখিয়া রোমাঞ্চিত শরীর ধারণ করিবে।[২৫] অদ্য গোবিন্দের অবয়ব অবলোকন করিয়া মথুরানগরীস্থিত জনগণের নয়নের অতীব মহোৎসব হইবে।[২৬] মথুরাবাসিনী সৌভাগ্যবতী রমণীরা এমন কি সুস্বপ্ন সন্দর্শন করিয়াছিল যে, তাহারা রমণীয় নয়নদ্বারা অদ্য কৃষ্ণকে অবাধে সন্দর্শন করিবে।[২৭] বিধাতা অত্যন্ত নিষ্ঠুর, তিনি এই সমুদায় গোপীকে, এই মহানিধি দেখাইয়া, পরিশেষে বোধ হয় চক্ষুই উৎপাটিত করিলেন।[২৮] এই দেখ, কৃষ্ণ, আমাদের প্রতি অনুরাগ শিথিল করিয়া গমন করাতে, হস্তস্থিত বলয় পর্য্যন্তও শিথিল হইয়া পড়িতেছে।[২৯] অক্রূরের হৃদয় অতীব ক্রূর। দেখ, ঐ অক্রূর, অশ্বগণকে শীঘ্র চালনা করিতেছে। আমাদের ন্যায় অবলাগণ কাতর

হা হা কৃষ্ণরথস্যোচ্চৈ-শ্চক্ররেণুর্নিরীক্ষ্যতাম্।
দূরীকৃতো হরির্যেন সোঽপি রেণুর্ন লক্ষ্যতে ॥৩১॥
ইত্যেবমতিহার্দ্দেন গোপীজননিরীক্ষিতঃ।
তত্যাজ ব্রজভূভাগং সহ রামেণ কেশবঃ ॥৩২॥
গচ্ছন্তো জবিতাশ্বেন * রথেন যমুনা তটম্।
প্রাপ্তা মধ্যাহ্নসময়ে রামাক্রূরজনার্দ্দনাঃ ॥৩৩॥
অথাহ কৃষ্ণমক্রূরো ভবদ্ভ্যাং তাবদাস্যতাম্।
যাবৎ করোমি কালিন্দ্যামাহ্নিকার্হণমম্ভসি ॥৩৪॥
তথেত্যুক্তে ততঃ স্নাতঃ স্বাচান্তঃ স মহামতিঃ।
দধ্যৌ ব্রহ্ম পরং বিপ্র প্রবিশ্য যমুনাজলে ॥৩৫॥

হইলে, কাহার না দয়া উপস্থিত হয়।[৩০] (হায় এক্ষণে কৃষ্ণকে দেখিতে পাওয়া যাইতেছে না) কৃষ্ণরথের রেণু অবলোকন কর। হায়! পূর্ব্বে যে রেণুর আধিক্যবশতঃ তন্মধ্যস্থিত কৃষ্ণকে দেখিতে পাওয়া যায় নাই, এক্ষণে সে রেণুও আর লক্ষিত হইতেছে না।[৩১]

রাম ও কৃষ্ণ এই রূপে গোপীজন কর্তৃক প্রীতিপূর্ণ হৃদয়ে নিরীক্ষিত হইয়া, ব্রজভূমির সীমা পরিত্যাগ করিলেন।[৩২] বল, কৃষ্ণ ও অক্রূর, বেগবান্ অশ্বযুক্ত রথদ্বারা গমন করিতে করিতে, মধ্যাহ্নসময়ে যমুনাতটে উপস্থিত হইলেন।[৩৩] তখন, অক্রূর কৃষ্ণকে কহিলেন, তোমরা দুই জনে রথে অবস্থান কর। আমি কালিন্দীর জলে স্নান ও আহ্নিক সমাপন করিয়া লই।[৩৪] ব্রহ্মন্! কৃষ্ণ ও বলদেব তথাস্তু বলিয়া সম্মত হইলে, মহামতি অক্রূর যমুনাজলে নিমগ্ন হইয়া আচমনানন্তর পরব্রহ্মের ধ্যান করিতে

* গচ্ছন্তো জবনাশ্বেন ইতি বা পাঠঃ।৩৩

ফণাসহস্রমালাঢ্যং * বলভদ্রং দদর্শ সঃ ।
কুন্দমালাঙ্গমুন্নিদ্র-পদ্মপত্রারুণেক্ষণম্ ॥৩৬॥
বৃতং বাসুকিরম্ভাদ্যৈর্মহদ্ভিঃ পবনাশিভিঃ ।
সংস্তূয়মানং গন্ধর্ব্বৈর্ব্বনমালাবিভূষিতম্ ॥৩৭॥
দধানমসিতে বস্ত্রে চারুপদ্মাবতংসকম্ ।
চারুকুণ্ডলিনং মত্তমন্তর্জলতলে স্থিতম্ ॥৩৮॥
তস্যোৎসঙ্গে † ঘনশ্যামমাতাম্রায়তলোচনম্ ।
চতুর্ব্বাহুমুদারাঙ্গং চক্রাদ্যায়ুধভূষণম্ ॥৩৯॥
পীতে বসানং বসনে চিত্রমাল্য-বিভূষণম্ ।

লাগিলেন।[৩৫] (তিনি ধ্যান করিতে করিতে) কুন্দমালার ন্যায় শ্বেতবর্ণ, প্রফুল্লকমলসদৃশ, অরুণনয়ন-সুশোভিত বলদেবকে অনন্তমূর্ত্তি দেখিতে পাইলেন। এই অনন্তের সহস্রফণা বিরাজিত রহিয়াছে।[৩৬] বাসুকি রম্ভপ্রভৃতি মহাকায় সর্পগণ চতুর্দ্দিকে বেষ্টন করিয়া আছে। গন্ধর্ব্বগণ স্তব করিতেছে। তাঁহার শরীর বনমালাদ্বারা বিভূষিত।[৩৭]

তিনি কৃষ্ণবর্ণ বসনযুগল পরিধান করিয়া রহিয়াছেন। শিরোভূষণ পদ্ম, অপূর্ব্ব শোভা বিস্তার করিতেছে। (কর্ণে) পরমরমণীয় কুণ্ডল রহিয়াছে। তিনি মদদ্বারা মত্ত হইয়া জলমধ্যে অবস্থান করিতেছেন।[৩৮] তাঁহার ক্রোড়ে শঙ্খ চক্র গদা পদ্মধারী চতুর্ব্বাহু বিষ্ণু রহিয়াছেন। এই বিষ্ণু শ্যামবর্ণ, চক্ষুর্দ্বয় আয়ত ও ঈষত্তাম্রবর্ণ, অবয়ব অতীব ঔদার্য্যযুক্ত।[৩৯] ইনি পীতবর্ণ বসনযুগল পরিধান করিয়া বিচিত্র মাল্যে বিভূষিত থাকাতে ইন্দ্রধনু ও বিদ্যুন্মালা

---

* ফণাসহস্রমালোক্য ইতি বা পঠনীয়ম্ । ৩৬
† অস্যোৎসঙ্গে ইতি বা পঠনীয়ম্ ।৩৯

শক্রচাপতড়িম্মালা-বিচিত্রমিব তোয়দম্ ॥৪০॥
শ্রীবৎসবক্ষসং চারু-কেয়ূরমুকুটোজ্জ্বলম্।
দদর্শ কৃষ্ণমক্লিষ্ট-পুণ্ডরীকাবতংসকম্* ॥৪১॥
সনন্দনাদ্যৈর্মুনিভিঃ সিদ্ধযোগৈরকল্মষৈঃ।
বিচিন্ত্যমানং তত্রস্থৈর্নাসাগ্রন্যস্তলোচনৈঃ ॥৪২॥
বলকৃষ্ণৌ তথাক্রূরঃ প্রত্যভিজ্ঞায় বিস্মিতঃ।
সোঽচিন্তয়দ্রথাৎ শীঘ্রং কথমত্রাগতাবিতি ॥৪৩॥
বিবক্ষোঃ স্তম্ভয়ামাস বাচং তস্য জনার্দ্দনঃ।
ততো নিষ্ক্রম্য সলিলাদ্রথমভ্যাগতঃ পুনঃ ॥৪৪॥

দ্বারা চিত্রিত মেঘ বলিয়া বোধ হইতেছে।[৪০] ইঁহার বক্ষঃস্থলে শ্রীবৎসচিহ্ন, ভুজচতুষ্টয়ে কেয়ূর ও মস্তকে উজ্জ্বল মুকুট শোভা বিস্তার করিতেছে। পদ্ম ইহাঁর অবতংসস্বরূপ রহিয়াছে। অক্রূর, অদ্ভুতকার্য্যকারী কৃষ্ণকে বিষ্ণুর অবতারস্বরূপ দেখিতে পাইলেন।[৪১] সনন্দন প্রভৃতি যোগসিদ্ধ নিষ্পাপ মহর্ষিগণ, সেই স্থানে থাকিয়া নাসাগ্রে দৃষ্টিনিঃক্ষেপ পূর্ব্বক তাঁহার সেই রূপ ধ্যান করিতেছেন।[৪২]

অনন্তর, অক্রূর, সেই দুই জনকে বলদেব ও কৃষ্ণ বলিয়া চিনিতে পারিয়া বিস্ময়াবিষ্ট হইলেন। পরে, তিনি ভাবিতে লাগিলেন, এই বলদেব ও কৃষ্ণ, রথ হইতে এত শীঘ্র কিরূপে এখানে আসিলেন।[৪৩] অক্রূর এই কথা জিজ্ঞাসা করিতে অভিলাষী হইয়াছেন, ঈদৃশ সময়ে জনার্দ্দন তাঁহার বাক্যস্তম্ভ করিলেন। তখন, তিনি জলমধ্য হইতে উত্থিত হইয়া রথের নিকট আগমন করিলেন,[৪৪] এবং দেখিলেন, মনুষ্যশরীর-ধারী রাম ও কৃষ্ণ উভ-

---

* দদর্শ কৃষ্ণমক্লিষ্টং পুণ্ডরীকাবতংসকম্ ইতি পাঠান্তরম্। ৪১

দদর্শ তত্র চৈবোভৌ রথস্যোপর্য্যধিষ্ঠিতৌ।
রামকৃষ্ণৌ যথাপূর্ব্বং মনুষ্যবপুষান্বিতৌ ॥৪৫॥
নিমগ্নশ্চ ততস্তোয়ে স দদর্শ তথৈব তৌ।
সংস্তূয়মানৌ গন্ধর্ব্ব-মুনিসিদ্ধমহোরগৈঃ ॥৪৬॥
ততো বিজ্ঞাতসদ্ভাবঃ স তু দানপতিস্তথা।
তুষ্টাব সর্ব্ববিজ্ঞান-ময়মচ্যুতমীশ্বরম্ ॥৪৭॥

অক্রূর উবাচ।

সম্মাত্ররূপিণেঽচিন্ত্য-মহিম্নে পরমাত্মনে।
ব্যাপিনে নৈকরূপৈক-স্বরূপায় নমো নমঃ ॥৪৮॥
সত্ত্বরূপায় তেঽচিন্ত্য!* হবির্ভূতায় তে নমঃ।
নমোঽবিজ্ঞেয়রূপায় পরায় প্রকৃতেঃ প্রভো ॥৪৯॥

য়েই পূর্ব্বের ন্যায় রথে উপবেশন করিয়া রহিয়াছেন।[৪৫] অক্রূর পুনর্ব্বার জলে নিমগ্ন হইয়া গন্ধর্ব্বগণ, মহর্ষিগণ, সিদ্ধগণ ও মহোরগগণ কর্ত্তৃক স্তূয়মান সেই মূর্ত্তিদ্বয় পুনর্ব্বার দেখিতে পাইলেন।[৪৬] দানপতি, তখন তাঁহাদের উভয়ের প্রকৃত তত্ত্ব অবগত হইয়া বিজ্ঞানময় ঈশ্বর অব্যয় কৃষ্ণকে স্তব করিতে আরম্ভ করিলেন।[৪৭]

অক্রূর কহিলেন। তুমি নিত্যস্বরূপ, তোমার মহিমা অচিন্ত্য। তুমি পরমাত্মা, তুমি সর্ব্বব্যাপী, তুমি অনেকরূপী হইয়াও অদ্বিতীয়, তোমাকে পুনঃ পুনঃ নমস্কার।[৪৮] হে অচিন্ত্য! তুমি সত্যস্বরূপ, তুমি যজ্ঞীয় হবিঃস্বরূপ, তোমাকে নমস্কার। প্রভো! তোমার অন্ত কেহই জানিতে পারে না। তুমি প্রকৃতি অপেক্ষা শ্রেষ্ঠ পুরুষস্বরূপ, তোমাকে নমস্কার।[৪৯] তুমি ভূতাত্মা অর্থাৎ

* সত্যরূপায় তেঽচিন্ত্য! ইতি বা পঠনীয়ম্।৪৯

ভূতাত্মা চেন্দ্রিয়াত্মা চ প্রধানাত্মা তথা ভবান্।
আত্মা চ পরমাত্মা চ ত্বমেকঃ পঞ্চধা স্থিতঃ ॥৫০॥
প্রসীদ সর্ব্ব! সর্ব্বাত্মন্! ক্ষরাক্ষরময়েশ্বর।
ব্রহ্মবিষ্ণুশিবাদ্যাভিঃ কল্পনাভিরুদীরিতঃ ॥৫১॥
অনাখ্যেয়স্বরূপাত্মন্ অনাখ্যেয়প্রয়োজন।
অনাখ্যেয়াভিধানং ত্বাং নতোঽস্মি পরমেশ্বর* ॥৫২॥
ন যত্র নাথ বিদ্যন্তে নামজাত্যাদিকল্পনাঃ।
তদ্ব্রহ্ম পরমং নিত্যমবিকারি ভবানজ ॥৫৩॥
ন কল্পনামৃতেঽর্থস্য সর্ব্বস্যাধিগমো যতঃ।
ততঃ কৃষ্ণাচ্যুতানন্ত-বিষ্ণুসংজ্ঞাভিরীড্যতে ॥৫৪॥

মহাভূতস্বরূপ, তুমি ইন্দ্রিয়াত্মা অর্থাৎ সমুদায় ইন্দ্রিয়স্বরূপ, তুমি প্রধানাত্মা অর্থাৎ প্রকৃতিস্বরূপ, তুমি আত্মা অর্থাৎ সর্ব্বাধিষ্ঠিত পুরুষস্বরূপ, তুমি পরমাত্মা অর্থাৎ নিরুপাধি পুরুষস্বরূপ, তুমি এক হইয়াও এই পঞ্চরূপে অবস্থান করিতেছ।[৫০] সর্ব্বাত্মন্! তুমি এই জগৎ প্রপঞ্চস্বরূপ, তুমি নিত্য ও অনিত্য, তুমি সকলেরই ঈশ্বর। কেহ তোমাকে ব্রহ্মা, কেহ তোমাকে বিষ্ণু, কেহ তোমাকে মহেশ্বর কল্পনা করিয়া থাকেন।[৫১] পরমেশ্বর! কোন ব্যক্তিই তোমার স্বরূপ, স্বভাব, প্রয়োজন ও নাম বলিতে সমর্থ নহে। আমি তোমাকে নমস্কার করি।[৫২] নাথ! তোমাতে নাম রূপ, জাতি প্রভৃতি কল্পনা করা যায় না। তুমি সেই নিত্য বিকাররহিত জন্মরহিত ব্রহ্মস্বরূপ।[৫৩] এই জগতে কল্পনা ব্যতিরেকে কোন বিষয়েরই উপলব্ধি হয় না, (এই নিমিত্ত লোকে তোমার রূপ কল্পনা করিয়া) কৃষ্ণ, অচ্যুত, অনন্ত ও বিষ্ণু

* নতোঽস্মি পরমেশ্বরম্ ইতি ক্বচিৎ পাঠঃ।৫২

সর্ব্বার্থাস্ত্বমজ বিকল্পনাভিরেতৎ
দেবাদ্যং জগদখিলং ত্বমেব বিশ্বম্ ।
বিশ্বাত্মংস্ত্বমিতি বিকারভাবহীনঃ
সর্ব্বস্মিন্ ন হি ভবতোঽস্তি কিঞ্চিদন্যৎ ॥৫৫॥
ত্বং ব্রহ্মা পশুপতিরর্য্যমা বিধাতা
ধাতা ত্বং ত্রিদশপতিঃ সমীরণোঽগ্নিঃ ।
তোয়েশো ধনপতিরন্তকস্ত্বমেকো-
ভিন্নার্থৈর্জগদপি পাসি শক্তিভেদৈঃ ॥৫৬॥
বিশ্বং ভবান্ সৃজতি সূর্য্যগভস্তিরূপো
বিশ্বঞ্চ তে গুণময়োঽয়মজ প্রপঞ্চঃ ।
রূপং পরং সদিতি বাচকমক্ষরং যৎ
জ্ঞানাত্মনে সদসতে প্রণতোঽস্মি তস্মৈ ॥৫৭॥

প্রভৃতি নামদ্বারা স্তব করিয়া থাকে।[৫৪] হে অজ! তুমি সমুদায় অভিধেয় বস্তু, বিকল্পনানুসারে তুমি দেবপ্রভৃতি সমুদায় লোক ও সমুদায় বিশ্ব। বিশ্বাত্মন্! তোমার বিকার নাই, পরিণাম নাই। এই জগতে তোমা ভিন্ন অন্য কোন বস্তুরই সত্তা উপলব্ধি হয় না।[৫৫]

তুমি ব্রহ্মা, তুমি পশুপতি, তুমি সূর্য্য, তুমি ধাতা, তুমি বিধাতা, তুমি ইন্দ্র, তুমি বায়ু, তুমি অগ্নি, তুমি বরুণ, তুমি কুবের, তুমি যম, তুমি ভিন্ন ভিন্ন প্রয়োজন সিদ্ধির নিমিত্ত ভিন্ন ভিন্ন শক্তিদ্বারা এই জগৎ পালন করিতেছ।[৫৬] হে অজ! তুমি সূর্য্যকিরণ রূপে জলবর্ষণ করিয়া বিশ্বের সৃষ্টি করিতেছ। উৎপত্তি নাশ ও পরিণামবিশিষ্ট যে এই প্রপঞ্চ, ইহাই বিশ্বশব্দে অভিহিত হইয়া থাকে। তোমার নাশ নাই. সুতরাং একমাত্র

ওঁ নমো বাসুদেবায় নমঃ সঙ্কর্ষণায় তে।
প্রদ্যুম্নায় নমস্তুভ্য-মনিরুদ্ধায় তে নমঃ ॥৫৮॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে অষ্টাদশোঽধ্যায়ঃ।

তুমি সৎ (নিত্য) এই পদের অভিধেয়। তুমি জ্ঞান স্বরূপ ও অব্যয়। তোমাকে নমস্কার করিতেছি।[৫৭] তুমি ভগবান্ বাসুদেব, তোমাকে নমস্কার। তুমিই সংকর্ষণ তোমাকে নমস্কার। তুমিই প্রদ্যুম্ন, তোমাকে নমস্কার। তুমিই অনিরুদ্ধ, তোমাকে নমস্কার।[৫৮]

বিষ্ণুপুরাণ, পঞ্চমাংশ, অষ্টাদশ
অধ্যায় সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমোঽংশঃ।

ঊনবিংশোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

এবমন্তর্জলে বিষ্ণুমভিষ্টূয় স যাদবঃ।*
অর্চ্চয়ামাস সর্ব্বেশং পুষ্পৈধূপৈর্মনোরমৈঃ†॥১॥
পরিত্যক্তান্যবিষয়ং মনস্তত্র নিবেশ্য সঃ।
ব্রহ্মরূপশ্চিরংস্থিত্বা ‡ বিররাম সমাধিতঃ॥২॥
কৃতকৃত্যমিবাত্মানং মন্যমানো মহামতিঃ।

পরাশর কহিলেন। যাদব অক্রূর, জলমধ্যে এইরূপে সর্ব্বেশ্বর বিষ্ণুর স্তব করিয়া পুষ্পদ্বারা ধূপদ্বারা ও অন্যান্য মনোহর উপকরণদ্বারা পূজা করিলেন।[১] তিনি অনন্যহৃদয় হইয়া বিষ্ণুতে মনঃসমাধান পূর্ব্বক কিয়ৎক্ষণ আমিই ব্রহ্ম এইরূপ চিন্তায় নিমগ্ন থাকিয়া পরে সমাধি হইতে বিরত হইলেন।[২] এই মহামতি অক্রূর, আপনাকে কৃতকৃত্য বোধ করিয়া যমুনাজল হইতে নির্গত হইয়া পুনর্ব্বার রথে আগমন করিলেন।[৩] তিনি, রাম ও কৃষ্ণকে পূর্ব্ববৎ

---

* অভিষ্টূয় স যাদবঃ ইতি বা পঠ্যতাম্।১
† মনোময়ৈঃ ইত্যপি পাঠঃ।১
‡ ব্রহ্মভূতশ্চিরং স্থিত্বা ইতি বা পঠনীয়ম্।২

আজগাম রথং ভূয়ো নির্গম্য যমুনাম্ভসঃ ॥৩॥
রামকৃষ্ণৌ চ দদৃশে যথাপূর্ব্বং রথে স্থিতৌ।
বিস্মিতাক্ষস্তদাক্রূরস্তঞ্চ কৃষ্ণোঽভ্যভাষত ॥৪॥
নূনং তে দৃষ্টমাশ্চর্য্যমক্রূর যমুনাজলে।
বিস্ময়োৎফুল্লনয়নো ভবান্ সংলক্ষ্যতে যতঃ ॥৫॥

অক্রূর উবাচ।

অন্তর্জ্জলে যদাশ্চর্য্যং দৃষ্টং তত্র ময়াচ্যুত।
তদত্রাপি হি পশ্যামি মূর্ত্তিমৎ পুরতঃ স্থিতম্ ॥৬॥
জগদেতন্মহাশ্চর্য্যং রূপং যস্য মহাত্মনঃ।
তেনাশ্চর্য্যবরেণাহং ভবতা কৃষ্ণ সঙ্গতঃ ॥৭॥
তৎ কিমেতেন মথুরাং ব্রজামো মধুসূদন।
বিভেমি কংসাদ্ধিগ্ জন্ম পরপিণ্ডোপজীবিনাম্ ॥৮॥

পথে অবলোকন করিয়া সাতিশয় বিস্মিত হইলেন। তখন কৃষ্ণ তাঁহাকে কহিলেন,[৪] অক্রূর! তোমার নয়নদ্বয় বিস্ময় দ্বারা উৎফুল্ল হইয়াছে। আমার বোধ হয়, তুমি যমুনাজলে কোন আশ্চর্য্য দর্শন করিয়া থাকিবে।[৫]

অক্রূর কহিলেন, অচ্যুত! আমি জল মধ্যে যে আশ্চর্য্য দেখিয়াছি, এখানেও সম্মুখেই তাহা মূর্ত্তিমান্ দেখিতেছি।[৬] এই মহাশ্চর্য্যময় জগৎ যে মহাত্মার একটি মূর্ত্তি, তুমিই সেই পরমাশ্চর্য্য পদার্থ, আমি তোমার সহিত একত্র হইয়াছি।[৭] মধুসূদন! আর এসমুদায় কথায় প্রয়োজন নাই। চল এক্ষণে মথুরায় যাওয়া যাউক্; আমি কংস হইতে ভীত হইতেছি। যাহারা পরপিণ্ডোপজীবী তাহাদিগকে ধিক্।[৮] অক্রূর এই কথা বলিয়া, বায়ুর ন্যায় বেগশালী অশ্বগণকে চালনা করিতে লাগিলেন। পরে তিনি,

ইত্যুক্ত্বা নোদয়ামাস তান্ হয়ান্ বাতরংহসঃ ।
সংপ্রাপ্তশ্চাতিসায়াহ্নে সোঽক্রূরো মথুরাং পুরীম্ ॥৯

বিলোক্য মথুরাং কৃষ্ণং রামঞ্চাহ স যাদবঃ ।
পদ্ভ্যাং যাতং মহাবীর্য্যৌ রথেনৈকো বিশাম্যহম্ ॥১০॥

গন্তব্যং বসুদেবস্য ভবদ্ভ্যাং ন তথা গৃহম্ ।
যুবয়োর্হি কৃতে বৃদ্ধঃ স কংসেন নিরস্যতে ॥১১॥

পরাশর উবাচ ।

ইত্যুক্ত্বা প্রবিবেশাথ সোঽক্রূরো মথুরাং পুরীম্ ।
প্রবিষ্টৌ রামকৃষ্ণৌ চ রাজমার্গমুপাগতৌ ॥১২॥

স্ত্রীভির্নরৈশ্চ সানন্দং লোচনৈরভিবীক্ষিতৌ ।
জগ্মতুর্লীলয়া বীরৌ দৃপ্তৌ বালগজাবিব* ॥১৩॥

সন্ধ্যার সময় মথুরাপুরীতে উপস্থিত হইলেন।[৯] অনন্তর যাদব অক্রূর, রাম ও কৃষ্ণের প্রতি দৃষ্টিপাত করিয়া কহিলেন। তোমরা দুই জন মহাবীর একত্র হইয়া পদব্রজে গমন কর। আমি রথারোহণ পূর্ব্বক পুরীতে প্রবেশ করিতেছি।[১০] তোমরা প্রথমতঃ বসুদেবের গৃহে প্রবেশ করিও না, কারণ কংস তোমাদের নিমিত্তই সেই নিরপরাধ বৃদ্ধকে তাড়না করিয়া থাকে।[১১]

পরাশর কহিলেন। অক্রূর এই কথা বলিয়া একাকী মথুরায় প্রবেশ করিলেন। রাম ও কৃষ্ণ রাজপথ অবলম্বন করিয়া তথায় গমন করিতে লাগিলেন।[১২] মথুরাস্থিত স্ত্রী পুরুষ সকলেই, আনন্দের সহিত তাঁহাদের দুই ভ্রাতাকে অবলোকন করিতে লাগিল। বীর ভ্রাতৃদ্বয়ও দৃপ্ত মাতঙ্গপোতের ন্যায় লীলাগতি অবলম্বনপূর্ব্বক চলিলেন।[১৩] প্রফুল্লবদন রাম ও কৃষ্ণ গমন করিতে

* প্রাপ্তৌ বালগজাবিব ইতি পাঠান্তরম্ ।১৩

ভ্রম্যমাণৌ তু তৌ দৃষ্ট্বা রজকং রঙ্গকারকম্‌।
অযাচেতাং স্বরূপাণি বাসাংসি রুচিরাননৌ ॥১৪॥
কংসস্য রজকঃ সোঽথ প্রসাদারূঢ়বিস্ময়ঃ।
বহূন্যাক্ষেপবাক্যানি প্রাহোচ্চৈরামকেশবৌ ॥১৫॥
ততস্তলপ্রহারেণ কৃষ্ণস্তস্য দুরাত্মনঃ।
পাতয়ামাস কোপেন রজকস্য শিরো ভুবি ॥১৬॥
হত্বাদায় চ বস্ত্রাণি পীতনীলাম্বরৌ ততঃ।
কৃষ্ণরামৌ মুদা যুক্তৌ মালাকারগৃহং গতৌ ॥১৭॥
বিকাশি-নেত্রযুগলো মালাকারোঽতিবিস্মিতঃ।
এতৌ কস্য কুতো বৈতৌ মৈত্রেয়াচিন্তয়ৎ তদা ॥১৮
পীতনীলাম্বরধরৌ তৌ দৃষ্ট্বাতিমনোহরৌ।

করিতে দেখিলেন, বস্ত্র-রঞ্জনকারী রজক গমন করিতেছে। তখন, তাঁহারা ঐ রজকের নিকট উত্তম বস্ত্র প্রার্থনা করিলেন।[১৪] এই ব্যক্তি কংসের রজক, কংস ইহার প্রতি অনুগ্রহ প্রকাশ করাতে, বিলক্ষণ গর্ব্বিত হইয়াছিল, সুতরাং সে রাম ও কৃষ্ণকে যার পর নাই তিরস্কার করিতে লাগিল।[১৫] তখন কৃষ্ণ রোষপরতন্ত্র হইয়া প্রহারদ্বারা সেই দুরাত্মার মস্তক ভূতলে নিক্ষিপ্ত করিলেন।[১৬] রাম ও কৃষ্ণ রজকের প্রাণনাশ পূর্ব্বক নীল ও পীত বস্ত্র গ্রহণ করিয়া উভয়ে পরিধান করিলেন। পরে, তাঁহারা পরিতুষ্ট-হৃদয় হইয়া মালাকারের গৃহে উপস্থিত হইলেন।[১৭] মৈত্রেয়! মালাকার তাঁহাদের উভয়কে অবলোকন করিয়া বিস্মিত হৃদয়ে প্রীতিপ্রফুল্ল-নয়নে, ইঁহারা কাহার পুত্র, কোথা হইতে আসিয়াছেন, ইহা চিন্তা করিতে লাগিল।[১৮] মালাকার তাঁহাদিগকে নীল ও পীত বসনধারী ও মনোহর রূপযুক্ত দেখিয়া

স তর্কয়ামাস তদা ভুবং দেবাবুপাগতৌ ॥১৯॥
বিকাশিমুখপদ্মাভ্যাং তাভ্যাং পুষ্পাণি যাচিতঃ।
ভুবং বিষ্টভ্য হস্তাভ্যাং পস্পর্শ শিরসা মহীম্ ॥২০॥
প্রসাদপরমৌ নাথৌ মম গেহমুপাগতৌ।
ধন্যোঽহমর্চ্চয়িষ্যামীত্যাহ তৌ মাল্যজীবকঃ ॥২১॥
ততঃ প্রহৃষ্টবদনঃ তয়োঃ পুষ্পাণি কামতঃ।
চারূণ্যেতান্যথৈতানি প্রদদৌ স বিলোভয়ন্ ॥২২॥
পুনঃ পুনঃ প্রণম্যাসৌ মালাকারো নরোত্তমৌ।
দদৌ পুষ্পাণি চারূণি গন্ধবন্ত্যমলানি চ ॥২৩॥
মালাকারায় কৃষ্ণোঽপি প্রসন্নঃ প্রদদৌ বরান্।

মনে মনে তর্ক করিতে লাগিল যে, ইহাঁরা দেবতা, এক্ষণে পৃথিবীতে আসিয়াছেন।[১৯] এই মালাকার, প্রফুল্লবদন রাম ও কৃষ্ণ কর্ত্তৃক পুষ্প ও মাল্য যাচিত হওয়াতে ভুজদ্বয় দ্বারা পৃথিবী আলিঙ্গন পূর্ব্বক মস্তক ভূতলে নত করিয়া (অষ্টাঙ্গে) প্রণাম করিল[২০] পরে, সেই মাল্যজীবী কহিল. আপনারা অনুগ্রহ করিয়া আমার গৃহে পদার্পণ করিয়াছেন। আমি ধন্য, অদ্য আমি আপনাদের অর্চ্চনা করিব।[২১] অনন্তর, মালাকার প্রফুল্লবদন হইয়া স্বেচ্ছানুসারে নানাপ্রকার রমণীয় পুষ্প প্রদান করিতে লাগিল এবং কহিতে লাগিল, এই পুষ্প ইহা অপেক্ষা উৎকৃষ্ট, এই পুষ্প ইহা অপেক্ষাও উৎকৃষ্ট।[২২] এইরূপে মালাকার, পুরুষোত্তম রাম ও কৃষ্ণকে পুনঃ পুনঃ প্রণাম করিয়া নানাপ্রকার মনোহর, নির্ম্মল ও সুগন্ধ পুষ্প সমুদায় প্রচুর পরিমাণে প্রদান করিতে লাগিল।[২৩] তখন কৃষ্ণ প্রসন্ন হইয়া মালাকারকে বর প্রদান করিলেন. ও কহিলেন, ভদ্র! লক্ষ্মী আমার আশ্রয়ে অবস্থান করিতেছেন,

শ্রীস্ত্বাং মৎসংশ্রয়া ভদ্র! ন কদাচিৎ প্রহাস্যতি*॥২৪
বলহানির্ন তে সৌম্য ধনহানিস্তথৈব চ।
যাবদ্দিনানি তাবচ্চ ন নশিষ্যতি সন্ততিঃ ॥২৫॥
ভুক্ত্বা চ বিপুলান্ ভোগাংস্ত্বমন্তে মৎপ্রসাদজম্।
মমানুস্মরণং প্রাপ্য দিব্যং লোকমবাপ্স্যসি ॥২৬॥
ধর্ম্মে মনশ্চ তে ভদ্র! সর্ব্বকালং ভবিষ্যতি।
যুষ্মৎসন্ততিজাতানাং দীর্ঘমায়ুর্ভবিষ্যতি ॥২৭॥
নোপসর্গাদিকং দোষং যুষ্মৎসন্ততিসম্ভবঃ।
সংপ্রাপ্স্যতি মহাভাগ! যাবৎ সূর্য্যো ধরিষ্যতি॥২৮

পরাশর উবাচ।

ইত্যুক্ত্বা তদ্গৃহাৎ কৃষ্ণো বলদেবসহায়বান্।

তিনি তোমাকে কখনই পরিত্যাগ করিবেন না।[২৪] সৌম্য! তোমার কখনও বলহানি বা ধনহানি হইবে না এবং তোমার বংশ চির-কাল এই পৃথিবীতে থাকিবে।[২৫] তুমিও বিবিধ ভোগ্য বস্তু ভোগ করিয়া, পরিশেষে আমার অনুগ্রহে আমাকে স্মরণ করিয়া দেব-লোকে গমন করিবে।[২৬] ভদ্র! তোমার মন চিরকালই ধর্ম্মপথে থাকিবে, যাহারা তোমার বংশে উৎপন্ন হইবে, তাহারা সুদীর্ঘ পরমায়ু ভোগ করিবে।[২৭] মহাভাগ! যে পর্য্যন্ত দিবাকর অবস্থান করিবে, সে পর্য্যন্ত তোমার বংশীয় কোন ব্যক্তি কখনই দুর্ভিক্ষ প্রভৃতি উপসর্গে কষ্ট পাইবে না।[২৮]

পরাশর কহিলেন। মহর্ষে! বলদেব ও কৃষ্ণ এই কথা বলিয়া,

* ন কদাচিৎ ত্যজিষ্যতি ইতি কচিৎ পাঠঃ

নির্জ্জগাম মুনিশ্রেষ্ঠ! মালাকারেণ পূজিতঃ ॥২৯॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
মথুরাপ্রবেশো নাম
একোনবিংশোঽধ্যায়ঃ ।

মালাকার কর্ত্তৃক পূজিত হইয়া তাহার গৃহ হইতে নিষ্ক্রান্ত হইলেন ।[২৯]

বিষ্ণুপুরাণ-পঞ্চমাংশ মথুরাগমন নামক
একোনবিংশ অধ্যায় সমাপ্ত ।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমাংশঃ।

বিংশোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

রাজমার্গে ততঃ কৃষ্ণঃ সানুলেপনভাজনাম্।
দদর্শ কুব্জামায়ান্তীং নবযৌবনগোচরাম্॥১॥
তামাহ ললিতং কৃষ্ণঃ কস্যেদমনুলেপনম্।
ভবত্যা নীয়তে সত্যং বদেন্দীবরলোচনে!॥২॥
সকামেনেব সা প্রোক্তা সানুরাগা হরিং প্রতি।
প্রাহ সা ললিতং কুব্জা তদ্দর্শনবলাৎ কৃতা॥৩॥

পরাশর কহিলেন। অনন্তর, কৃষ্ণ রাজপথে গমন করিতেছেন, এমত সময়ে দেখিলেন, নবযৌবন-সম্পন্না কুব্জা, চন্দন প্রভৃতি অনুলপনের পাত্র হস্তে লইয়া গমন করিতেছে।[১] কৃষ্ণ তাহাকে মধুর বাক্যে কহিলেন, পদ্মলোচনে! কাহার নিমিত্ত এই অনুলেপন লইয়া যাইতেছ, সত্য করিয়া বল।[২] কৃষ্ণ সানুরাগ হইয়া জিজ্ঞাসা করাতে, কুব্জা তাঁহার রূপ দর্শনে আকৃষ্টহৃদয়া ও সকামা হইয়া মধুর বাক্যে কহিল।[৩] নাথ! আপনি কি জানেন না,

* সকামেনৈব সা ইতি কেচিৎ পঠন্তি।৩

কান্তু কস্মান্ন জানাসি কংসেনাভিনিযোজিতাম্।
নৈকবক্রেতি বিখ্যাতামনুলেপনকর্ম্মণি ॥৪॥
নান্যপিষ্টং হি কংসস্য প্রীতয়ে হ্যনুলেপনম্।
ভবত্যহমতীবাস্য প্রসাদধনভাজনম্ ॥৫॥

শ্রীকৃষ্ণ উবাচ।

সুগন্ধমেতদ্রাজার্হং রুচিরং রুচিরাননে।
আবয়োর্গাত্রসদৃশং দীয়তামনুলেপনম্ ॥৬॥

পরাশর উবাচ।

শ্রুত্বৈতদাহ সা কুব্জা গৃহ্যতামিতি সাদরম্।
অনুলেপনঞ্চ প্রদদৌ* গাত্রযোগ্যমথোভয়োঃ ॥৭॥
ভক্তিচ্ছেদানুলিপ্তাঙ্গৌ ততস্তৌ পুরুষর্ষভৌ।

আমার নাম ত্রিবক্রা, আমি কংসের অনুলেপন সম্পাদনে নিযুক্তা আছি।[৪] অন্য কোন রমণী অনুলেপন প্রস্তুত করিয়া দিলে, কংসের মনোনীত হয় না, এই জন্য তিনি আমাকে অত্যন্ত স্নেহ ও অনুগ্রহ করিয়া থাকেন।[৫]

কৃষ্ণ কহিলেন, সুমুখি! এই মনোহর সুগন্ধ অনুলেপন রাজা ভোগ করিয়া থাকেন, অতএব আমাদের গাত্রের উপযুক্ত কিঞ্চিৎ অনুলেপন প্রদান কর।[৬]

পরাশর কহিলেন, কুব্জা এই বাক্য শ্রবণ করিয়া সমাদর পূর্ব্বক কহিল, আপনাদের যাহা আবশ্যক, তাহা গ্রহণ করুন। পরে কুব্জা রাম ও কৃষ্ণের গাত্রের উপযুক্ত বর্ণানুরূপ অনুলেপন প্রদান করিল।[৭] যখন গাত্রে অনুলেপন প্রদত্ত হয়, তখন, পুরুষ-

* নুলেপনঞ্চ দদৌ ইতি বা পঠনীয়ম্।

সেন্দ্রচাপৌ বিরাজেতাং সিতকৃষ্ণাবিবাম্বুদৌ ॥৮॥
ততস্তাং চিবুকে শৌরিরুল্লাপনবিধানবিৎ।
উৎপাট্য তোলয়ামাস ব্যঙ্গুষ্ঠেনাগ্রপাণিনা* ॥৯॥
চকর্ষ পদ্ভ্যাঞ্চ তথা ঋজুত্বং কেশবোঽনয়ৎ।
ততঃ সা ঋজুতাং প্রাপ্তা যোষিতামভবদ্বরা ॥১০॥
বিলাসললিতং প্রাহ প্রেমগর্ব্বভরালসম্।
বস্ত্রে প্রগৃহ্য গোবিন্দং ব্রজ গেহং মমেতি বৈ ॥১১॥
আয়াস্যে ভবতীগেহমিতি তাং প্রহসন্ হরিঃ।
বিসসর্জ্জ জহাসোচ্চৈ-রামস্যালোক্য চাননম্ ॥ ১২॥

শ্রেষ্ঠ, রাম ও কৃষ্ণের কপোল, বক্ষঃস্থল ও ভুজপ্রভৃতি অঙ্গবিশেষে কুঙ্কুম চন্দন প্রভৃতি দ্বারা পত্রভঙ্গী বিরচিত হইলে, তাঁহারা ইন্দ্রচাপের সহিত শুক্ল ও কৃষ্ণবর্ণ মেঘের ন্যায় শোভা পাইতে লাগিলেন।[৮] অনন্তর, ঋজুকর্ম্ম বিধানজ্ঞ কৃষ্ণ, দক্ষিণ হস্তের অঙ্গুলিদ্বয় দ্বারা কুব্জার চিবুক ধারণ করিয়া তাহাকে ঊর্দ্ধে উত্থাপিত করিলেন[৯] এবং পদদ্বয় দ্বারা তাহার নিম্নদেশ আকর্ষণ করিয়া তাহার শরীর সরল করিয়া দিলেন। কুব্জা, তখন সরল শরীর প্রাপ্ত হইয়া রমণীগণের মধ্যে শ্রেষ্ঠা হইল।[১০] পরে, কুব্জা কটাক্ষবীক্ষণ প্রভৃতি বিলাস ও প্রেম দ্বারা মন্থ-রতা অবলম্বন করিয়া কৃষ্ণের বস্ত্র ধরিয়া কহিল, এক্ষণে আপনি আমার গৃহে চলুন।[১১] কৃষ্ণ, হাস্য করিয়া কহিলেন, আমি কিঞ্চিৎ পরে তোমার গৃহে আসিব। কৃষ্ণ, এই কথা বলিয়া কুব্জাকে বিদায় করিয়া বলদেবের মুখে দৃষ্টিপাত পূর্ব্বক উচ্চৈঃস্বরে হাস্য

* ব্যঙ্গুলেনাগ্রপাণিনা ইতি কেচিৎ পঠন্তি।৯

ভক্তিচ্ছেদানুলিপ্তাঙ্গৌ নীলপীতাম্বরৌ চ তৌ।
ধনুঃশালাং ততো যাতৌ চিত্রমাল্যোপশোভিতৌ ॥১৩॥
আযোগঞ্চ ধনূরত্নং* তাভ্যাং পৃষ্টৈশ্চ রক্ষিভিঃ।
আখ্যাতে সহসা কৃষ্ণো গৃহীত্বাপূরয়দ্ধনুঃ ॥১৪॥
ততঃ পূরয়তা তেন ভজ্যমানং বলাদ্ধনুঃ।
চকার সুমহাশব্দং মথুরা যেন পূরিতা ॥ ১৫॥
অনুযুক্তৌ ততস্তৌ তু ভগ্নে ধনুষি রক্ষিভিঃ।
রক্ষিসৈন্যং নিকৃত্যোভৌ নিষ্ক্রান্তৌ কার্ম্মুকালয়াৎ ॥১৬॥
অক্রূরাগমবৃত্তান্তমুপলভ্য তথা ধনুঃ।

করিতে লাগিলেন।[১২] কুঙ্কুম চন্দনাদিকৃত পত্ররচনা দ্বারা অনুলিপ্তশরীর নীল ও পীত বসনধারী বিচিত্র পুষ্পমাল্য সুশোভিত কৃষ্ণ ও বলদেব ধনুঃশালাতে গমন করিলেন।[১৩] তাঁহারা রক্ষককে জিজ্ঞাসা করিলেন, অদ্য কোন্ উৎকৃষ্ট শরাসনের পূজা ও মহোৎসব হইবে। রক্ষকগণ উৎকৃষ্ট শরাসন দেখাইয়া দিল, কৃষ্ণ তৎক্ষণাৎ সেই শরাসন গ্রহণ করিয়া তাহাতে জ্যা যোজনা করিলেন।[১৪] পরে তিনি, সেই শরাসনে জ্যা যোজনা করিয়া তাহা বলপূর্ব্বক ভগ্ন করিলেন, ধনুর্ভঙ্গ কালে, একটী মহাশব্দ উৎপন্ন হইয়া মথুরানগরী স্থিত সকলেরই কর্ণকুহরে প্রবিষ্ট হইল।[১৫] কৃষ্ণ ধনুর্ভঙ্গ করিবামাত্র রক্ষকগণ তাঁহাকে অবরুদ্ধ করিবার নিমিত্ত চেষ্টা করিতে লাগিল। যে সমুদায় সৈন্য রক্ষাকার্য্যে নিযুক্ত ছিল, কৃষ্ণ তাহাদের সকলকে বিনাশ করিয়া কর্ম্মুকাগার হইতে নিষ্ক্রান্ত হইলেন।[১৬]

এ দিকে, কংস যখন শুনিতে পাইল যে, অক্রূর আসিয়াছেন,

* আযোজ্যঞ্চ ধনূরত্নম্ ইতি পাঠান্তরম্।১৪

ভগ্নং শ্রুত্বাথ কংসোঽপি প্রাহ চাণূরমুষ্টিকৌ ॥১৭॥

কংস উবাচ।

গোপালদারকৌ প্রাপ্তৌ ভবদ্ভ্যাং তৌ মমাগ্রতঃ।
মল্লযুদ্ধেন হন্তব্যৌ মম প্রাণহরৌ হি তৌ ॥১৮॥
নিযুদ্ধে তদ্বিনাশেন ভবদ্ভ্যাং তোষিতো হ্যহম্।
দাস্যাম্যভিমতান্ কামান্ নান্যথৈতন্মহাবলৌ ॥১৯॥
ন্যায়তোঽন্যায়তো বাপি ভবদ্ভ্যাং তৌ মমাহিতৌ*।
হন্তব্যৌ তদ্বধাদ্রাজ্যং সামান্যং নো ভবিষ্যতি ॥২০॥
ইত্যাজ্ঞাপ্য স তৌ মল্লৌ তত আহূয় হস্তিপম্।
প্রোবাচোচ্চৈস্ত্বয়া মেঽদ্য সমাজদ্বারি কুঞ্জরঃ ॥২১॥

ও কৃষ্ণও ধনুর্ভঙ্গ করিয়াছেন, তখন তিনি চাণূর ও মুষ্টিক নামক দৈত্যদ্বয়কে কহিলেন। [১৭]

(কংস কহিলেন) যাহারা আমার প্রাণ বিনাশ করিবে, সেই গোপবালকদ্বয় উপস্থিত হইয়াছে। তোমারা দুই জনে আমার সম্মুখেই মল্লযুদ্ধ দ্বারা তাহাদের উভয়কে বিনাশ কর।[১৮] মহাবল চাণূর! ও মহাবল মুষ্টিক! মল্লযুদ্ধ দ্বারা তোমরা ঐ গোপকুমার-দ্বয়কে যখন বধ করিবে, তখন, আমি তোমাদিগের প্রতি এইরূপ পরিতুষ্ট হইব যে, যাহা প্রার্থনা করিবে, তাহাই প্রদান করিব।[১৯] এই দুইটী বালক আমার শত্রু, তোমরা ন্যায় যুদ্ধেই পার, বা অন্যায় যুদ্ধেই পার, যে রূপে হউক, ইহাদের দুই জনকে বধ কর। তোমরা ইহাদিগকে বিনাশ করিলে, রাজ্যের অর্দ্ধাংশভাগী হইবে।[২০] কংস মল্লদ্বয়কে এইরূপ আজ্ঞা করিয়া মাহুতকে আহ্বান পূর্ব্বক কহিল, অদ্য তুমি আমার সভাভবনের দ্বারে, কুবলয়াপীড়

---

* ভবদ্ভ্যাং তৌ সমাহিতৌ ইতি বা পঠনীয়ম্।২০

স্থাপ্যঃ কুবলয়াপীড়স্তেন তৌ গোপদারকৌ।
ঘাতনীয়ৌ নিযুদ্ধায় রঙ্গদ্বারমুপাগতৌ ॥২২॥
তমথাজ্ঞাপ্য* দৃষ্ট্বা চ মঞ্চান্ সর্ব্বানুপাকৃতান্।
আসন্নমরণঃ কংসঃ সূর্য্যোদয়মুদৈক্ষত ॥২৩॥
ততঃ সমস্তমঞ্চেষু নাগরঃ স তদা জনঃ।
রাজমঞ্চেষু চারূঢ়াঃ সহামাত্যৈর্ম্মহ ভৃতঃ ॥২৪॥
মল্লপ্রাশ্নিকবর্গশ্চ রঙ্গমধ্যসমীপতঃ।
কৃতঃ কংসেন কংসোঽপি তুঙ্গমঞ্চে ব্যবস্থিতঃ ॥২৫॥

নামক প্রকাণ্ড হস্তীকে রাখিবে। যখন ঐ গোপকুমারদ্বয়, মল্ল যুদ্ধের নিমিত্ত রঙ্গ দ্বারে উপস্থিত হইবে, তখন তুমি হস্তীদ্বারা উহাদিগকে বিনাশ করিবে।[২২] কংস মাহুতের প্রতি এইরূপ আদেশ করিয়া (উপবেশনের নিমিত্ত) মঞ্চ সমুদায় কিরূপ প্রস্তুত হইয়াছে, তাহা পর্য্যবেক্ষণ করিয়া সূর্য্যোদয় প্রতীক্ষা করিতে লাগিল। (সে জানিতে পারিল না যে) তাহার মৃত্যুকাল নিকট-বর্ত্তী হইয়াছে।[২৩]

অনন্তর, নগরবাসী জনগণ মঞ্চ সমুদায়ে উপবেশন করিল। রাগজণও অমাত্যগণের সহিত রাজোপযুক্ত মঞ্চ সমুদায়ে আরূঢ় হইলেন।[২৪] যাঁহারা মল্লযুদ্ধের ন্যায় অন্যায় ও ভাল মন্দ বিচার করিতে পারেন, কংস তাঁহাদিগকে সকলের অগ্রে বসাইল। কংস স্বয়ং একটী উচ্চ মঞ্চে উপবেশন করিল।[২৫] অন্তঃপুরচারিণী রমণীদিগের নিমিত্ত যে একটী স্বতন্ত্র মঞ্চ প্রস্তুত হইয়াছিল, তাহাতে তাঁহারা উপবিষ্ট হইলেন। একটা মঞ্চে প্রধান প্রধান

* তমথাজ্ঞাপ্য ইতি বা পঠ্যতাম্ ।২৩

অন্তঃপুরাণাং মঞ্চাশ্চ তথান্যে পরিকল্পিতাঃ।
অন্যে চ বারমুখ্যানামন্যে নাগরযোষিতাম্ ॥২৬॥
নন্দগোপাদয়ো গোপা মঞ্চেম্বন্যেম্ববস্থিতাঃ।
অক্রূরবসুদেবৌ চ মঞ্চপ্রান্তে ব্যবস্থিতৌ ॥২৭॥
নাগরীযোষিতাং মধ্যে দেবকী পুত্রগৃদ্ধিনী।
অন্তকালেঽপি পুত্রস্য দ্রক্ষ্যামি রুচিরং মুখম্ ॥২৮॥
বাদ্যমানেষু তূর্য্যেষু চানূরে চাপি বল্গতি।
হাহাকারপরে লোকে আস্ফোটয়তি মুষ্টিকে ॥২৯॥
হত্বা কুবলয়াপীড়ং হস্ত্যারোহপ্রণোদিতম্।
মদাসৃগনুলিপ্তাঙ্গৌ গজদন্তবরায়ুধৌ ॥ ৩০ ॥
মৃগমধ্যে যথা সিংহৌ গর্ব্বলীলাবলোকিতৌ।

বারনারীগণ ও অপর একটী মঞ্চে নগরীস্থ অবরোধগণ অবস্থিতি করিল।[২৬] নন্দগোপ প্রভৃতি গোপগণ অন্য একটী মঞ্চে আরূঢ় হইলেন। অক্রূর ও বসুদেব মঞ্চের এক প্রান্তে অবস্থিতি করিতে লাগিলেন।[২৭] নগরবাসিনী কামিনীদিগের মধ্যে দেবকী পুত্রের মঙ্গল কামনা করিতে লাগিলেন, এবং তিনি ভাবিতে লাগিলেন, এই মৃত্যু কালেও পুত্রের মনোহর মুখকমল দেখিয়া লই।[২৮]

অনন্তর, তূর্য্যধ্বনি হইতে আরম্ভ হইল। মহা বলবান্ চানূর ও মুষ্টিক, যখন বাহ্বাস্ফোটন করিতে আরম্ভ করিল, তখন চতুর্দ্দিকেই হাহা শব্দ শ্রুত হইতে লাগিল।[২৯] অনন্তর, বলদেব ও কৃষ্ণ হস্তিপ কর্ত্তৃক প্রেরিত কুবলয় নামক হস্তীকে বিনাশ করিয়া তদীয় মদ ও রক্তে লিপ্ত শরীর হইয়া প্রকাণ্ড গজদন্ত রূপ আয়ুধ ধারণ

* চানূরে চ বলাভিগে ইতি বা পাঠঃ।২৯

প্রবিষ্টৌ সুমহারঙ্গং বলভদ্রজনার্দ্দনৌ ॥৩১॥
হাহাকারো মহান্ যজ্ঞে সর্ব্বমঞ্চেষ্বনন্তরম্।
কৃষ্ণোঽয়ং বলভদ্রোঽয়মিতি লোকস্য বিস্ময়ঃ ॥৩২॥
সোঽয়ং যেন হতা ঘোরা পূতনা সা নিশাচরী।
ক্ষিপ্তঞ্চ শকটং যেন ভগ্নৌ চ যমলার্জ্জুনৌ ॥৩৩॥
সোঽয়ং যঃ কালিয়ং নাগং ননর্ত্তারুহ্য বালকঃ।
ধৃতো গোবর্দ্ধনো যেন সপ্তরাত্রং মহাগিরিঃ ॥ ৩৪॥
অরিষ্টো ধেনুকঃ কেশী লীলয়ৈব মহাত্মনা।
নিহতা যেন দুর্ব্বৃত্তা দৃশ্যতাং সোঽয়মচ্যুতঃ ॥৩৫॥
অয়ঞ্চাস্য মহাবাহুর্ব্বলভদ্রোঽগ্রজোঽগ্রতঃ।

পূর্ব্বক মৃগমধ্যে যেমন সিংহ প্রবেশ করে, তাহার ন্যায় গর্ব্ব ও লীলার সহিত চতুর্দ্দিক অবলোকন করিতে করিতে রঙ্গস্থলে অবতীর্ণ হইলেন।[৩১] কৃষ্ণ ও বলদেব, রঙ্গমধ্যে আগমন করিবামাত্র সমুদায় মঞ্চেই হাহাকার শব্দ হইতে লাগিল। ইনি কৃষ্ণ, ইনিই বলভদ্র, এই বলিয়া প্রায় সকলেই বিস্ময় পূর্ব্বক নিরীক্ষণ করিতে লাগিল।[৩২] যিনি পূতনা নাম্নী ভয়ঙ্করী রাক্ষসীকে সংহার করিয়াছিলেন, ইনিই সেই কৃষ্ণ। যিনি শকট উৎক্ষিপ্ত করিয়াছিলেন, ইনিই সেই কৃষ্ণ। যিনি যমলার্জ্জুন ভগ্ন করিয়াছিলেন (ইনিই সেই শ্রীকৃষ্ণ)[৩৩] যে বালক কালিয় নামক নাগরাজের মস্তকে আরোহণ করিয়া নৃত্য করিয়াছিলেন, যিনি সপ্তরাত্রি পর্য্যন্ত মহাগিরি গোবর্দ্ধন ধারণ করিয়াছিলেন, ইনিই সেই শ্রীকৃষ্ণ।[৩৪] যে মহাত্মা অবলীলাক্রমে দুর্ব্বৃত্ত অরিষ্ট, ধেনুক ও কেশী নামক দৈত্যকে বধ করিয়াছিলেন, ইনিই সেই শ্রীকৃষ্ণ, দর্শন কর।[৩৫] ইঁহার সম্মুখে যে মহাবাহু রহিয়াছেন, ইনি ইঁহার জ্যেষ্ঠ-

প্রয়াতি লীলয়া যোষিন্মনোনয়ননন্দনঃ ॥৩৬॥
অয়ং স কথ্যতে প্রাজ্ঞৈঃ পুরাণার্থাবলোকিভিঃ।
গোপালো যাদবং বংশং মগ্নমভ্যুদ্ধরিষ্যতি* ॥৩৭॥
অয়ং স সর্ব্বভূতস্য বিষ্ণোরখিলজন্মনঃ।
অবতীর্ণো মহীমংশো নূনং ভারহরো ভুবঃ ॥৩৮॥
ইত্যেবং বর্ণিতে পৌরৈ-রামে কৃষ্ণে চ তৎক্ষণাৎ।
উরস্তুতাপ দেবক্যাঃ স্নেহস্নুতপয়োধরম্ ॥৩৯॥
মহোৎসবমিবাসাদ্য পুত্রাননবিলোকনম্।
যুবেব বসুদেবোঽভূদ্বিহায়াভ্যাগতাং জরাম্ ॥৪০॥
বিস্তারিতাক্ষিযুগলো রাজান্তঃপুরযোষিতাম্।

ভ্রাতা, ইঁহার নাম বলভদ্র। এই বলভদ্র রমণীগণের মন ও নয়ন পরিতৃপ্ত করিয়া লীলাপূর্ব্বক গমন করিতেছেন।[৩৬] পৌরাণিক পণ্ডিতগণ বলিয়া থাকেন, এই গোপালই (ক্লেশ সাগরে) মগ্ন যদুবংশ উদ্ধার করিবেন।[৩৭] ইনিই সকলের সৃষ্টিকর্ত্তা সর্ব্বভূতময় বিষ্ণুর অবতার। ইনি পৃথিবীর ভার অপনয়নের নিমিত্ত অংশ দ্বারা মহীতলে অবতীর্ণ হইয়াছেন।[৩৮] পৌরগণ রাম ও কৃষ্ণ বিষয়ে এই রূপ বর্ণনা করিলে, দেবকীর হৃদয় পরিতাপযুক্ত হইল এবং স্নেহপ্রযুক্ত তাহাতে স্তন্যদুগ্ধ ক্ষরিত হইতে লাগিল।[৩৯] বসুদেব, পুত্রমুখদর্শনজনিত আনন্দ প্রাপ্ত হইয়াই জরা পরিত্যাগ পূর্ব্বক যুবার ন্যায় বল ধারণ করিলেন।[৪০] রাজাদিগের অন্তঃপুরচারিণী রমণীরা এবং নগরবাসী স্ত্রীগণ, নয়ন বিস্তার পূর্ব্বক কৃষ্ণকে অবলোকন করিতে লাগিল। তাহারা নিমেষমাত্রও দর্শনে বিরত হইল না।[৪১] (তাহারা বলাবলি করিতে লাগিল)

---

* মগ্নমপ্যুদ্ধরিষ্যতি ইতি বিভিন্নঃ পাঠঃ।৩৭

নাগরস্ত্রীসমূহশ্চ দ্রষ্টুং ন বিররাম তম্ ॥৪১॥
সখ্যঃ পশ্যত কৃষ্ণস্য মুখমত্যরুণেক্ষণম্।
গজযুদ্ধকৃতায়াস-স্বেদাম্বুকণিকাচিতম্ ॥৪২॥
বিকাশি-শরদম্ভোজমবশ্যায়জলোক্ষিতম্।
পরিভূয় স্থিতং জন্ম সফলং ক্রিয়তাং দৃশোঃ ॥৪৩॥
শ্রীবৎসাঙ্কং মহদ্ধাম বালস্যৈতদ্বিলোক্যতাম্।
বিপক্ষক্ষপণং বক্ষো ভুজযুগ্মঞ্চ ভামিনি ॥৪৪॥
কিন্ন পশ্যসি কুন্দেন্দু-মৃণালধবলাননম্।
বলভদ্রমিমং নীলপরিধানমুপাগতম্ ॥৪৫॥
বল্গতা মুষ্টিকেনৈতচ্চানূরেণ তথা সখি।
ক্রিয়তে বলভদ্রস্য হাস্যমীষদ্বিলোক্যতাম্ ॥৪৬॥
সখ্যঃ পশ্যত চানূরং নিযুদ্ধার্থময়ং* হরিম্।

সখীগণ! অরুণনয়ন-সুশোভিত কৃষ্ণের মুখকমল দর্শন কর। গজের সহিত যুদ্ধ করাতে ইঁহার যে পরিশ্রম হইয়াছে, তদ্দ্বারা ঘর্ম্মকণা নির্গত হওয়াতে ঐ মুখ কেমন সুন্দর হইয়াছে।[৪২] হিমকণাদ্বারা অলঙ্কৃত শরৎকালীন প্রফুল্ল কমলও ঐ মুখের নিকট পরাজিত হইতেছে। (এক্ষণে ঐ মুখ অবলোকন করিয়া) জন্ম সফল ও নয়ন চরিতার্থ কর।[৪৩] সখি! এই বালকের শ্রীবৎস চিহ্নিত ও লক্ষ্মীর আশ্রয় বক্ষঃস্থল অবলোকন কর। শত্রুপক্ষ বিনাশক ইঁহার বাহুযুগলও কেমন দেখ।[৪৪] তোমরা কি দেখিতেছ না, কুন্দ, চন্দ্র ও মৃণালের ন্যায় ধবলমুখ, নীল বসন পরিধান বলভদ্রও ঐ ইঁহার সহিত আসিয়াছেন।[৪৫] সখি! মুষ্টিক ও চানূর, এই

* চানূরো নিযুদ্ধার্থময়ম্ ইতি কেচিৎ বদন্তি।[৪৭]

সমুপৈতি ন সন্ত্যত্র কিং বৃদ্ধা যুক্তকারিণঃ ॥৪৭॥
ক্ক যৌবনোন্মুখীভূত-সুকুমারতনুর্হরিঃ।
ক্ক বজ্রকঠিনাভোগি-শরীরোঽয়ং মহাসুরঃ ॥৪৮॥
ইমৌ সুললিতৌ রঙ্গে বর্ত্তেতে নবযৌবনৌ।
দৈতেয়মল্লাশ্চানূর-প্রমুখাস্ত্বতিদারুণাঃ ॥৪৯॥
নিযুদ্ধ-প্রাশ্নিকানান্তু মহানেষ ব্যতিক্রমঃ।
যদ্বালবলিনোর্যুদ্ধং মধ্যস্থৈঃ সমুপেক্ষ্যতে ॥৫০॥

পরাশর উবাচ।

ইত্থং পুরস্ত্রীলোকস্য বদতশ্চালয়ন্ ভুবম্।
ববল্গ বদ্ধকক্ষোঽন্তর্জ্জনস্য ভগবান্ হরিঃ ॥৫১॥

দৈত্যদ্বয়, শরীর আস্ফালন করাতে, বলদেবের ঈষৎ হাস্য উপস্থিত হইতেছে, দর্শন কর।[৪৬] সখি! ঐ দেখ, চানূর মল্লযুদ্ধ করিবার নিমিত্ত কৃষ্ণের নিকট উপস্থিত হইল। এখানে কি ন্যায়-কারী কোন বৃদ্ধ উপস্থিত নাই?[৪৭] যৌবনোন্মুখ সুকুমার-শরীর কৃষ্ণ এবং বজ্রের ন্যায় কঠিন-শরীর মহাসুর চানূর. এই উভয়ে কি কখনও পরস্পর সমকক্ষ হইতে পারে?[৪৮] এই রঙ্গস্থলে নব-যৌবন-সম্পন্ন সুকুমার-শরীর রাম ও কৃষ্ণ এক দিকে, এবং চানূর প্রভৃতি অতিদারুণ দৈত্য মল্লগণ এক দিকে, (ইহা কি ন্যায়ানুগত হইয়াছে?[৪৯] যাঁহারা মল্লযুদ্ধের ন্যায় অন্যায় বিচার করেন, তাঁহাদের এ বিষয়ে সম্পূর্ণ ক্রটী ও অন্যায় হইতেছে, কারণ তাঁহারা, মধ্যস্থ হইয়া কি প্রকারে বালকের সহিত বলবান্‌কে যুদ্ধ করিতে অনুমতি দিতেছেন।[৫০]

পরাশর কহিলেন। পুরস্ত্রীগণ এইরূপ বলিতেছে, ঈদশ সময়ে ভগবান্ হরি, বদ্ধপরিকর হইয়া ঈদৃশ আস্ফোটন ও নৃত্য করিতে

বলভদ্রোঽপি চাস্ফোট্য ববল্গ ললিতং যদা* ।
পদে পদে তদা ভূমির্যন্ন শীর্ণা তদদ্ভুতম্ ॥৫২॥
চাণূরেণ তদা কৃষ্ণো যুযুধেঽমিতবিক্রমঃ ।
নিযুদ্ধকুশলো দৈত্যো বলভদ্রেণ মুষ্টিকঃ ॥৫৩॥
সন্নিপাতাবধূতৈস্তু চাণূরেণ সমং হরিঃ ।
ক্ষেপণৈর্মুষ্টিভিশ্চৈব কীলবজ্রনিপাতনৈঃ ।
জানুভিশ্চাশ্মনির্ঘাতৈস্তথা বাহুবিঘট্টনৈঃ ।
পাদোদ্ধূতৈঃ প্রস্পৃষ্টৈশ্চ তয়োর্যুদ্ধমভূন্মহৎ ॥৫৪॥
অশস্ত্রমতিঘোরং তৎ তয়োর্যুদ্ধং সুদারুণম্ ।
বলপ্রাণবিনিষ্পাদ্যং সমাজোৎসবসন্নিধৌ ॥৫৫॥

লাগিলেন যে, তাহাতে পৃথিবী বিচলিত হইল।[৫১] বলভদ্রও সেই সময়ে আস্ফালন পূর্ব্বক ঈদৃশ নৃত্যে প্রবৃত্ত হইলেন যে, পৃথিবী তখন তাঁহার প্রতিপদক্ষেপে যে শীর্ণ হয় নাই, তাহাই আশ্চর্য্য।[৫২] অসীম-পরাক্রমশালী কৃষ্ণ চাণূরের সহিত সংগ্রামে প্রবৃত্ত হইলেন। মল্লযুদ্ধ-কুশল মুষ্টিক নামক দৈত্যও বলভদ্রের সহিত যুদ্ধ করিতে লাগিল।[৫৩] চাণূর ও কৃষ্ণ পরস্পর সংশ্লেষ দ্বারা, নিম্ন-পাতন দ্বারা, আকর্ষণ পূর্ব্বক ক্ষেপণ দ্বারা, মুষ্ট্যাঘাতদ্বারা, বজ্রপাত সদৃশ কীল প্রহারদ্বারা, প্রস্তরাঘাতসদৃশ জানুর আঘাতদ্বারা, বাহুবিঘট্টন দ্বারা, চরণযোগে উৎক্ষেপদ্বারা, ও সর্ব্বাবয়ব সংশ্লেষদ্বারা মহাযুদ্ধ করিতে লাগিলেন।[৫৪] এই সমাজোৎসবে, চাণূর ও কৃষ্ণ শস্ত্ররহিত, অতীব ভীষণ বীরত্বসাধ্য ও বলসাধ্য অতি ঘোর যুদ্ধ করিতে আরম্ভ করিলেন।[৫৫] চাণূর কৃষ্ণের সহিত যতবার যে বিষয়ে

। * ললিতং পদা ইতি বা পঠনীয়ম্ ।৫২

যাবদ্যাবচ্চ চানূরো যুযুধে হরিণা সহ।
প্রাণহানিমবাপাগ্র্যাং তাবত্তাবল্লবাল্লবম্ ॥৫৬॥
কৃষ্ণোঽপি যুযুধে তেন লীলয়ৈব জগন্ময়ঃ।
খেদাচ্চালয়তা কোপাৎ নিজশেখরকেসরম্ ॥৫৭॥
বলক্ষয়ং বিবৃদ্ধিঞ্চ দৃষ্ট্বা চানূরকৃষ্ণয়োঃ।
বারয়ামাস তূর্য্যাণি কংসঃ কোপপরায়ণঃ ॥৫৮॥
মৃদঙ্গাদিষু তূর্য্যেষু প্রতিষিদ্ধেষু তৎক্ষণাৎ।
খে সঙ্গতান্যবাদ্যন্ত দেবতূর্য্যাণ্যনেকশঃ ॥৫৯॥
জয় গোবিন্দ! চানূরং জহি কেশব! দানবম্।
ইত্যন্তর্দ্ধানগা দেবাস্তদোচুরতিহর্ষিতাঃ ॥৬০॥
চানূরেণ চিরং কালং ক্রীড়িত্বা মধুসূদনঃ।

যুদ্ধ করিল, ততবার সেই বিষয়েই তাহার কিছু কিছু বলক্ষয় হইতে লাগিল।[৫৬] জগন্ময় কৃষ্ণ, চানূরের সহিত অবলীলাক্রমে সংগ্রাম করিতে লাগিলেন। চানূর ক্রমশ ক্লান্ত হওয়াতে তাহার শেখর স্থিত কেসর কম্পিত হইতে লাগিল।[৫৭] অনন্তর কংস যখন দেখিল যে, কৃষ্ণের বলবৃদ্ধি ও চানূরের বলক্ষয় হইতেছে, তখন ক্রোধপরতন্ত্র হইয়া রণতূর্য্য বাজাইতে নিবারণ করিল।[৫৮] এদিকে যে সময় কংসকর্ত্তৃক মৃদঙ্গ প্রভৃতি তূর্য্যধ্বনি নিবারিত হইল, সেই সময়েই আকাশপথে বহুসংখ্য দেব-দুন্দুভি বাজিতে আরম্ভ হইল।[৫৯] এই সময়ে দেবগণ সাতিশয় হৃষ্ট হইয়া অন্তরালে থাকিয়াই কহিতে লাগিলেন, কৃষ্ণ! তুমি জয়যুক্ত হও, কেশব! তুমি ঐ চানূর নামক দৈত্যকে বিনাশ কর।[৬০] পরে মধুসূদন কৃষ্ণ চানূরের সহিত বহুক্ষণ ক্রীড়া করিয়া বিনাশ করিবার অভিলাষে তাহাকে

উৎপাট্য ভ্রাময়ামাস তদ্বধায় কৃতোদ্যমঃ ॥৬১॥
ভ্রাময়িত্বা শতগুণং দৈত্যমল্লমমিত্রজিৎ ।
ভূমাবাস্ফোটয়ামাস গগনে গতজীবিতম্ ॥৬২॥
ভূমাবাস্ফোটিতস্তেন চানূরঃ শতধাব্রজৎ ।
রক্তস্রাব-মহাপঙ্কাং চকার স তদা ভুবম্ ॥৬৩॥
বলদেবোঽপি তৎকালং মুষ্টিকেন মহাবলঃ ।
যুযুধে দৈত্যমল্লেন চানূরেণ যথা হরিঃ ॥৬৪॥
সোঽপ্যেনং মুষ্টিনা মূর্দ্ধ্নি বক্ষস্যাহত্য জানুনা ।
পাতয়িত্বা ধরাপৃষ্ঠে নিষ্পিপেষ গতায়ুষম্ ॥৬৫॥
কৃষ্ণস্তোসলকং ভূয়ো মল্লরাজং মহাবলম্ ।
বামমুষ্টিপ্রহারেণ পাতয়ামাস ভূতলে ॥৬৬॥

উত্তোলন করিয়া ভ্রমণ করাইতে লাগিলেন। [৬১] পরে সেই শত্রু-বিজেতা কৃষ্ণ, এই দৈত্যমল্লকে শতবার ভ্রমণ করাইয়া আকাশপথেই গতাসু করিয়া ভূমিতে নিঃক্ষেপ করিলেন।[৬২] চানূর ভূমিতে নিঃক্ষিপ্ত হইবামাত্র শতধা বিদীর্ণ হইল। তাহার শোণিতস্রাবদ্বারা তত্রত্য ভূমি পঙ্কময় হইয়া গেল।[৬৩]

এই সময় মহাবল বলদেবও কৃষ্ণ যেমন চানূরের সহিত সংগ্রাম করিয়াছেন, তাহার ন্যায় মুষ্টিক নামক দৈত্য মল্লের সহিত যুদ্ধ করিতে লাগিলেন।[৬৪] তিনি মুষ্টি দ্বারা মুষ্টিকের মস্তকে প্রহার করিয়া ভূমিতে নিঃক্ষেপ পূর্ব্বক তাহার বক্ষঃস্থলে জানুদ্বারা আঘাত করিয়া নিষ্পেষণ পূর্ব্বক জীবন শে[ষ] করিলেন।[৬৫] তৎপরে কৃষ্ণ, তোসলক নামে মহাবল মল্লরাজ[কে] যুদ্ধার্থ আসিতে দেখিয়া বামমুষ্টি প্রহারদ্বারাই তাহাকে ভূত[ল]শায়ী করিলেন।[৬৬] এই রূপে যখন মহামল্ল চানূর বিনিহত হই[ল]

চানূরে নিহতে দৈত্যে মুষ্টিকে বিনিপাতিতে।
নীতে ক্ষয়ং তোসলকে* সর্ব্বে মল্লাঃ প্রদুদ্রুবুঃ ॥৬৭
ববল্গতুস্তদা রঙ্গে কৃষ্ণসঙ্কর্ষণাবুভৌ।
সমানবয়সো গোপান্ বলাদাকৃষ্য হর্ষিতৌ ॥৬৮॥
কংসোঽপি কোপরক্তাক্ষঃ প্রাহোচ্চৈর্ব্যাপৃতান্ নরান্।
গোপালৌ সমাজৌঘান্নিঃকাশ্যেতাং বলাদিতঃ ॥৬৯
নন্দোঽপি গৃহ্যতাং পাপো নিগড়ৈরায়সৈরিহ।
অবৃদ্ধার্হেণ দণ্ডেন বসুদেবোঽপি বধ্যতাম্ ॥৭০॥
বল্গন্তি গোপাঃ কৃষ্ণেন যে চেমে সহিতাঃ পুরঃ।
গাবো হ্রিয়ন্তামেতেষাং যচ্চাস্তি বসু কিঞ্চন ॥৭১॥

মুষ্টিক জীবন ত্যাগ করিল, তোসলকও ক্ষয় প্রাপ্ত হইল, তখন সমুদায় মল্লই পলায়ন করিতে আরম্ভ করিল। ৬৭ অনন্তর, কৃষ্ণ ও বলরাম সাতিশয় আনন্দিত হইয়া রঙ্গমধ্যে সমবয়স্ক গোপগণকে বলপূর্ব্বক আকর্ষণ করিয়া নৃত্য করিতে লাগিলেন। ৬৮ তখন কংস ক্রোধভরে আরক্তলোচন হইয়া সমীপস্থিত অনুজীবী জনগণকে উচ্চৈঃস্বরে কহিল যে, এই সমাজস্থান হইতে ঐ দুইটি গোপবালককে বলপূর্ব্বক এখনই বাহির করিয়া দাও। ৬৯ ঐ পাপাত্মা নন্দকে ধরিয়া লৌহময় নিগড়দ্বারা বদ্ধ কর। বৃদ্ধেরা যদিও বধ দণ্ডের যোগ্য নহে, তথাপি বসুদেবকে ধরিয়া এখনই বিনাশ কর। ৭০ যে সকল গোপগণ কৃষ্ণের সহিত একত্র হইয়া আমার সম্মুখে নৃত্য করিতেছে, তাহাদের যাহা কিছু গোধন বা অন্য কোন ধন আছে, তাহা কাড়িয়া লও। ৭১

* গতে ক্ষয়ং তোসলকে ইতি কেচিৎ পঠন্তি। ৬৭

এবমাজ্ঞাপয়ানঞ্চ প্রহস্য মধুসূদনঃ স্ব
উৎপত্যারুহ্য তং মঞ্চং কংসং মল্লমভিদ্‌ বেগতঃ* ॥৭২
কেশেম্বাকৃষ্য বিগলৎ-কিরীটমবনীতলে।
কংসং স পাতয়ামাস তস্যোপরি পপাত চ ॥৭৩॥
নিঃশেষ-জগদাধার-গুরুণা পততোপরি ।
কৃষ্ণেন ত্যাজিতঃ প্রাণানুগ্রসেনাত্মজো নৃপঃ ॥৭৪॥
মৃতস্য কেশেষু তদা গৃহীত্বা মধুসূদনঃ ।
চকর্ষ দেহং কংসস্য রঙ্গমধ্যে মহাবলঃ ॥৭৫॥
গৌরবেণাতিমহতা পরিখা তেন কৃষ্যতা ।
কৃতা কংসস্য দেহেন বেগেনেব মহাম্ভসঃ ॥৭৬॥

কংস এইরূপ আজ্ঞা করিতেছে, ঈদৃশ সময়ে মধুসূদন কৃষ্ণ ঈষৎ হাস্য করিয়া বেগে লম্ফপ্রদানপূর্ব্বক মঞ্চে আরোহণ করিয়া কংসকে ধরিলেন।[৭২] কৃষ্ণ কংসকে আকর্ষণ করিবামাত্র তাহার মস্তক হইতে কিরীট নিপতিত হইল। তখন তিনি তাহার কেশাকর্ষণ করিয়া তাহাকে মঞ্চ হইতে ভূতলে পাতিত করিলেন এবং আপনিও তাহার উপর পড়িলেন।[৭৩] সমুদায় জগতের আধার মহাগুরুত্ব-শালী কৃষ্ণ উগ্রসেন-তনয় রাজা কংসের উপর পতিত হওয়াতে সে তৎক্ষণাৎ জীবন বিসর্জন করিল।[৭৪] তখন মহাবল মধুসূদন সেই মৃত কংসের কেশ ধারণ পূর্ব্বক তাহাকে রঙ্গমধ্যে আকর্ষণ করিয়া আনিলেন।[৭৫] কৃষ্ণ, মহাগুরুত্বশালী কংসের দেহ বেগে আকর্ষণ করাতে সেই স্থল কৃষ্ট হইয়া বহুজল-বিশিষ্ট একটী পরিখার ন্যায় প্রস্তুত হইল।[৭৬] কৃষ্ণ যে সময় কংসকে গ্রহণ করিলেন, সে সময়

---

* কংসং জগ্রাহ বেগিত ইতি পাঠান্তরম্ ।৭২

কংসে গৃহীতে কৃষ্ণেন তদ্ভ্রাতাভ্যাগতো রুষা।
সুমালী বলভদ্রেণ* লীলয়ৈব নিপাতিতঃ ॥৭৭॥
ততো হাহাকৃতং সর্ব্বমাসীৎ তদ্রঙ্গমণ্ডলম্।
অবজ্ঞয়া হতং দৃষ্ট্বা কৃষ্ণেন মথুরেশ্বরম্ ॥৭৮॥
কৃষ্ণোঽপি বসুদেবস্য পাদৌ জগ্রাহ সত্বরঃ।
দেবক্যাশ্চ মহাবাহুর্ব্বলভদ্রসহায়বান্ ॥৭৯॥
উত্থাপ্য বসুদেবস্তং দেবকী চ জনার্দ্দনম্।
স্মৃতজন্মোক্তবচনৌ তাবেব প্রণতৌ স্থিতৌ ॥৮০॥

বসুদেব উবাচ।

প্রসীদ সীদতাং নাথ! দেবানাং বরদ প্রভো!।
তথাবয়োঃ প্রসাদেন কৃতোদ্ধারশ্চ কেশব! ॥৮১॥

সুমালী নামে কংসের ভ্রাতা ক্রোধপূর্ব্বক আগমন করিতেছিল, বলদেব অবলীলাক্রমে তাহাকে বিনাশ করিলেন। [৭৭] অনন্তর, সকলে যখন দেখিল যে, কৃষ্ণ অনায়াসে মথুরানাথ কংসকে বিনষ্ট করিলেন, তখন রঙ্গের চতুর্দ্দিকেই হাহাকার শব্দ হইতে লাগিল। [৭৮]

অনন্তর মহাবাহু কৃষ্ণ ও বলদেব উভয়ে ত্বরান্বিত হইয়া বসুদেব ও দেবকীর চরণ বন্দনা করিলেন। [৭৯] বসুদেব ও দেবকী তাঁহাদের উভয়কে উত্থাপন করিলেন, এবং কৃষ্ণ জন্মকালে যে কথা বলিয়াছিলেন, তাহা স্মরণ করিয়া তাঁহারাই (মনে মনে) প্রণাম করিতে লাগিলেন। [৮০] বসুদেব কহিলেন, প্রভো! প্রসন্ন হও, দেবগণ অবসন্ন হইতে ছিলেন, তুমি তাঁহাদিগকে রক্ষা করিলে। কেশব!

* সুনামা বলভদ্রেণ ইতি ক্বচিৎ পাঠঃ। ৭৭

আরাধিতো যদ্ভগবানবতীর্ণো গৃহে মম।
দুর্ব্বৃত্তনিধনার্থায় তেন নঃ পাবিতং কুলম্ ॥৮২॥
ত্বমন্তঃ সর্ব্বভূতানাং সর্ব্বভূতেষ্ববস্থিতঃ।
প্রবর্ত্তেতে সমস্তাত্মন্! ত্বত্তো ভূতভবিষ্যতী ॥৮৩॥
যজ্ঞৈস্ত্বমিজ্যসে নিত্যং সর্ব্বদেবময়াচ্যুত!।
ত্বমেব যজ্ঞো যষ্টা চ যজ্ঞানাং পরমেশ্বর ॥৮৪॥
সাপহ্নবং মম মনো যদেতৎ ত্বয়ি জায়তে।
দেবক্যাশ্চাত্মজপ্রীত্যা তদত্যন্তবিড়ম্বনা ॥৮৫॥
ক্ব কর্ত্তা সর্ব্বভূতানামনাদিনিধনো ভবান্।
ক্ব মে মনুষ্যকস্যৈষা জিহ্বা পুত্রেতি বক্ষ্যতি ॥৮৬॥

তোমার অনুগ্রহে আমাদিগেরও উদ্ধার হইল।[৮১] ভগবন্! আমি তোমার আরাধনা করাতে, তুমি দুর্ব্বৃত্ত দমনের নিমিত্ত যে আমার গৃহে অবতীর্ণ হইয়াছ, তাহাতেই আমার কুল পবিত্র হইয়াছে।[৮২] সর্ব্বাত্মন্! তুমি সর্ব্বভূতের সংহারকর্ত্তা, তুমি সর্ব্বভূতে অবস্থান করিতেছ, তুমি ভূত ভবিষ্যৎ সমুদায় বস্তুরই সৃষ্টিকর্ত্তা।[৮৩] অচ্যুত! মহর্ষিগণ যজ্ঞদ্বারা নিরন্তর তোমারই আরাধনা করিয়া থাকেন। তুমি সর্ব্বদেবময়, তুমি যজ্ঞ ও তুমিই যাগকর্ত্তা। তুমি সকলের ঈশ্বর।[৮৪] তুমি পুত্র বলিয়া দেবকীর ও আমার অন্তঃকরণ যে তোমার প্রতি ভ্রান্তিসংকুল হইতেছে, তাহা সম্পূর্ণ তোমার মায়া ভিন্ন আর কিছুই নহে।[৮৫] সর্ব্বভূতের সৃষ্টিকর্ত্তা অনাদি অনন্ত বিষ্ণুস্বরূপ তুমি কোথায়, এবং মাদৃশ সামান্য মনুষ্যের জিহ্বা যে পুত্র বলিয়া সম্বোধন করে, তাহাই বা কোথা। এ উভয়ের অনেক অন্তর।[৮৬] জগন্নাথ! যাঁহা হইতে নিখিল ব্রহ্মাণ্ড উৎপন্ন হইয়াছে, তিনি কোন্ যুক্তি অনুসারে আমা হইতে উৎপন্ন হইলেন? ইহা তোমার

জগদেতজ্জগন্নাথ সম্ভূতমখিলং যতঃ।
কয়া যুক্ত্যা বিনা মায়াং সোঽস্মত্তঃ সংভবিষ্যতি॥৮৭
যস্মিন্ প্রতিষ্ঠিতং সর্ব্বং জগৎ স্থাবরজঙ্গমম্।
স কোষ্ঠোৎসঙ্গশয়নো মানুষাজ্জায়তে কথম্॥৮৮॥

স ত্বং প্রসীদ পরমেশ্বর পাহি বিশ্বম্
অংশাবতারকরণৈর্ন মমাসি পুত্রঃ।
আব্রহ্মপাদপময়ং জগদেতদীশ!
ত্বং নো বিমোহয়সি কিং পরমেশ্বরাত্মন্॥৮৯॥
মায়া বিমোহিতদৃশা তনয়ো মমেতি
কংসাদ্ভয়ং কৃতমপাস্তভয়াতিতীব্রম্।
নীতোঽসি গোকুলমিতোঽতিভয়াকুলস্য
বৃদ্ধিং গতোঽসি মম নাস্তি মমত্বমীশ* ॥৯০॥

মায়া ভিন্ন আর কিছুই নয়।৮৭ স্থাবর জঙ্গম প্রভৃতি সমুদায় জগৎ যাঁহাতে প্রতিষ্ঠিত রহিয়াছে, তিনি কিরূপে গর্ভ-শয্যায় শয়ান হইয়া মনুষ্য হইতে জন্ম-পরিগ্রহ করিবেন।৮৮ পরমেশ্বর! এক্ষণে তুমি প্রসন্ন হও। তুমি যে অংশদ্বারা অবতীর্ণ হইয়াছ, তদ্দ্বারা সমুদায় বিশ্ব রক্ষা কর। ঈশ্বর! তুমি আমার পুত্র নহ, তোমা হইতেই আব্রহ্মস্তম্ব পর্য্যন্ত সমুদায় জগৎ উৎপন্ন হইয়াছে। অতএব পরমাত্মন্! তুমি আমাকে কি জন্য মুগ্ধ করিতেছ।৮৯ ঈশ্বর! আমি মায়া দ্বারা বিমোহিত হইয়া তোমাকে পুত্র বোধ করিয়া কংস হইতে ভীত হইয়াছিলাম। পরে সেই শত্রু হইতে ভয়হেতু অকুতোভয়ে তোমাকে এই স্থান হইতে গোকুলে লইয়া যাই। সেই স্থানেই তুমি বৃদ্ধি প্রাপ্ত হইয়াছ। এক্ষণে

---

* মম চাস্ত মমত্বমীশ ইতি কেচিৎ পঠন্তি।৯০

কর্ম্মাণি রুদ্রমরুদশ্বিশতক্রতূনাং
সাধ্যানি যানি ন ভবন্তি নিরীক্ষিতানি * ।
ত্বং বিষ্ণুরীশ জগতামুপকারহেতোঃ
প্রাপ্তোঽসি নঃ পরিগতো বিগতো হি মোহঃ ॥৯১

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
কংসবধো নাম
বিংশতিতমোঽধ্যায়ঃ ।

আমার সেই মায়া দূর হইয়াছে।[৯০] ঈশ্বর! রুদ্রগণ, মরুদ্গণ, সাধ্যগণ, অশ্বিনীকুমারদ্বয় এবং দেবরাজ ইন্দ্রও যে কার্য্য করিতে সমর্থ নহেন, তোমাকে সেই কার্য্য সিদ্ধ করিতে দেখিলাম। তুমি জগতের উপকারের নিমিত্ত আমার পুত্ররূপে অবতীর্ণ হইয়াছ। আমি জানিতে পারিয়াছি যে তুমিই বিষ্ণু। এক্ষণে আমার মোহ অপনীত হইল।[৯১]

বিষ্ণুপুরাণ-পঞ্চমাংশে কংসবধ নামক
বিংশ অধ্যায় সমাপ্ত ।

---

* নিরীক্ষ্যতানি ইতি কেচিৎ বদন্তি ।৯১

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমাংশঃ।

একবিংশোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

তৌ সমুৎপন্নবিজ্ঞানৌ ভগবৎকর্ম্মদর্শনাৎ।
দেবকীবসুদেবৌ তু দৃষ্ট্বা মায়াং পুনর্হরিঃ॥
মোহায় যদুচক্রস্য বিততান স বৈষ্ণবীম্ ॥১॥
উবাচ চাম্ব! ভোস্তাত! চিরাদুৎকণ্ঠিতেন মে।
ভবন্তৌ কংসভীতেন দৃষ্টৌ সঙ্কর্ষণেন চ ॥২॥
কুর্ব্বতাং যাতি যঃ কালো মাতা পিত্রোরপূজনম্।
তৎখণ্ডমায়ুষো ব্যর্থং সাধুনামুপজায়তে ॥৩॥

পরাশর কহিলেন। অনন্তর, কৃষ্ণ স্বীয় অসাধারণ কর্ম্ম দর্শনে, দেবকী ও বসুদেবকে তত্ত্বজ্ঞান লাভ করিতে দেখিয়া তাঁহাদের ও যদুবংশীয় সকলের মোহ সম্পাদনের নিমিত্ত পুনর্ব্বার বৈষ্ণবীমায়া বিস্তার করিলেন।[১] অনন্তর তিনি, পিতা মাতাকে কহিলেন, মাতঃ! পিতঃ! আমার জ্যেষ্ঠ ভ্রাতা বলদেব আপনাদিগকে দর্শন করিবার নিমিত্ত নিরন্তর উৎকণ্ঠিত ছিলেন। কংসের ভয়ে এত কাল দর্শন করিতে পারেন নাই।[২] সাধু ব্যক্তিরা যত দিন পিতা মাতার সেবা না করে, তাহাদের পরমায়ুর সেই অংশ ব্যর্থ

গুরুদেব-দ্বিজাতীনাং মাতাপিত্রোশ্চ পূজনম্।
কুর্ব্বতাং সফলং জন্ম দেহিনাং তাত ! জায়তে ॥৪॥
তৎ ক্ষন্তব্যমিদং সর্ব্বমতিক্রমকৃতং পিতঃ ! ।
কংসপ্রতাপবীর্য্যাভ্যামার্ত্তয়োঃ পরবশ্যয়োঃ ॥৫॥

পরাশর উবাচ।

ইত্যুক্ত্বাথ প্রণম্যোভৌ যদুবৃদ্ধাননুক্রমাৎ।
যথাবদভিপূজ্যাথ চক্রতুঃ পৌরমাননম্ ॥৬॥
কংসপত্ন্যস্ততঃ কংসং পরিবার্য্য হতং ভুবি।
বিলেপুর্ম্মাতরশ্চাস্য দুঃখশোকপরিপ্লুতাঃ ॥৭॥
বহুপ্রকারমত্যর্থং* পশ্চাত্তাপাতুরো হরিঃ।
তাঃ সমাশ্বাসয়ামাস স্বয়মস্রাবিলেক্ষণঃ ॥৮॥

হইয়া যায়।[৩] পিতঃ! যে সকল মনুষ্য, গুরু, দেব, ব্রাহ্মণ ও পিতা-মাতার পূজা করে, তাহাদের জন্ম সার্থক হয়।[৪] অতএব, পিতঃ! আমাদের দ্বারা যে নিয়মাতিক্রম হইয়াছে, তৎসমুদায় আপনাকে ক্ষমা করিতে হইবে। কারণ, এত দিন আমরা কংসের প্রতাপে ও কংসের বীর্য্যে আর্ত্ত ও পরবশ হইয়াছিলাম।[৫] কৃষ্ণ এই কথা বলিয়া পিতা মাতার চরণে প্রণিপাত পূর্ব্বক যদুবংশীয় বৃদ্ধগণকে প্রণাম করিয়া পৌরগণের যথাযোগ্য সম্মান করিলেন।[৬] অনন্তর, কংসের মাতৃগণ ও কংসের পত্নীগণ দুঃখ ও শোকে অভিভূত হইয়া মৃত ও ভূতলে পতিত কংসকে পরিবেষ্টনপূর্ব্বক বিলাপ করিতে লাগিল।[৭] তখন কৃষ্ণ যারপর নাই পশ্চাৎ তাপ প্রকাশ পূর্ব্বক কাতর হইয়া স্বয়ং অশ্রুজল বিসর্জ্জন করিতে করিতে কংসের পত্নী ও মাতৃগণকে সান্ত্বনা করিতে লাগিলেন।[৮] পরে সেই মধুসূদন,

* বহুপ্রকারমস্বস্থাঃ ইতি বিভিন্নঃ পাঠঃ।৮

উগ্রসেনং ততো বন্ধান্মুমোচ মধুসূদনঃ।
অভ্যসিঞ্চৎ তথৈবৈনং নিজরাজ্যে হতাত্মজম্ ॥৯॥
রাজ্যাভিষিক্তঃ কৃষ্ণেণ যদুসিংহঃ সুতস্য সঃ।
চকার প্রেতকার্য্যাণি যে চান্যে তত্র ঘাতিতাঃ ॥১০॥
কৃতৌর্দ্ধদেহিকং চৈনং সিংহাসনগতং হরিঃ।
উবাচাজ্ঞাপয় বিভো যৎ কার্য্যমবিশঙ্কিতঃ ॥১১॥
যযাতিশাপাদ্বংশোঽয়মরাজ্যার্হোঽপি সাম্প্রতম্।
ময়ি ভৃত্যে স্থিতে দেবানাজ্ঞাপয়তু কিং নৃপৈঃ ॥১২॥
পরাশর উবাচ।
ইত্যুক্ত্বা সোঽস্মরদ্বায়ুমাজগাম স তৎক্ষণাৎ।
উবাচ চৈনং ভগবান্ কেশবঃ কার্য্যমানুষঃ ॥১৩॥

উগ্রসেনকে বন্ধন হইতে মুক্ত করিয়া তাঁহার পুত্র বিনষ্ট হওয়াতে তদায় নিজরাজ্যে তাঁহাকেই অভিষিক্ত করিলেন।[৯] যদুবংশীয় প্রধান উগ্রসেন কৃষ্ণ কর্ত্তৃক রাজ্যে অভিষিক্ত হইয়া কংস ও যে যে ব্যক্তি বিনষ্ট হইয়াছিল, তাহাদের প্রেতকার্য্য করিলেন।[১০] উগ্রসেন ঔর্দ্ধদেহিক কার্য্য সম্পাদন করিয়া সিংহাসনে উপবিষ্ট হইলে, কৃষ্ণ তাঁহাকে কহিলেন। প্রভো! এক্ষণে যে কার্য্য করিতে হইবে, তাহা আপনি নিঃশঙ্কচিত্তে আজ্ঞা করুন।[১১] যযাতির শাপ অনুসারে এই যদুবংশ যদিও রাজ্যভাগী নহে, তথাপি আমি যখন আপনকার ভৃত্য উপস্থিত আছি, তখন রাজগণের কথা দূরে থাকুক, দেবগণের প্রতিও আপনি আজ্ঞা প্রদান করিতে পারেন।[১২] কার্য্য সাধনের নিমিত্ত মনুষ্য-দেহধারী ভগবান্ কেশব এই কথা বলিয়া বায়ুকে স্মরণ করিলেন। বায়ু তৎক্ষণাৎ আসিয়া উপস্থিত হইলে, ভগবান্ তাহাকে কহিলেন।[১৩] বায়ো!

গচ্ছেন্দ্রং ব্রূহি বায়ো! ত্বমলং গর্ব্বেণ বাসব!।
দীয়তামুগ্রসেনায় সুধর্ম্মা ভবতা সভা ॥১৪॥
কৃষ্ণো ব্রবীতি রাজার্হমেতদ্রত্নমনুত্তমম্।
সুধর্ম্মাখ্যা সভাযুক্তমস্যাং যদুভিরাসিতুম্ ॥১৫॥

পরাশর উবাচ।

ইত্যুক্তঃ পবনো গত্বা সর্ব্বমাহ শচীপতিম।
দদৌ সোঽপি সুধর্ম্মাখ্যাং সভাং বায়োঃ পুরন্দরঃ ॥১৬
বায়ুনোপকৃতাং দিব্যাং* সভাং তে যদুপুঙ্গবাঃ।
বুভুজুঃ সর্ব্বরত্নাঢ্যাং গোবিন্দভুজসংশ্রয়াৎ ॥১৭॥
বিদিতাখিল-বিজ্ঞানৌ সর্ব্বজ্ঞানময়াবপি।
শিষ্যাচার্য্যক্রমং বীরৌ খ্যাপয়ন্তৌ যদূত্তমৌ ॥১৮॥

তুমি ইন্দ্রের নিকট গমন কর, এবং তাহাকে বল, হে বাসব! এক্ষণে আর গর্ব্ব করিও না, সুধর্ম্মা নামে যে তোমার সভা আছে, তাহা উগ্রসেনকে প্রদান কর।[১৪] কৃষ্ণ বলিতেছেন, এই সুধর্ম্মা নামক উত্তম সভা পরম রত্নস্বরূপ ও রাজার প্রাপ্য। অতএব এই সভায় সমাসীন হওয়া যদুবংশীয়দিগেরই উপযুক্ত হইতেছে।[১৫]

পরাশর কহিলেন। পবন এই কথা শ্রবণ পূর্ব্বক ইন্দ্রের নিকট গমন করিয়া আনুপূর্ব্বিক সমুদায় কহিলেন। দেবরাজ পুরন্দরও বায়ুর নিকট সেই সুধর্ম্মাখ্য সভা প্রদান করিলেন।[১৬] এইরূপে কৃষ্ণের বাহুবলের আশ্রয়ে যদুবংশীয়েরা বায়ুকর্ত্তৃক আনীত সর্ব্বরত্ন সমন্বিত দিব্য সভা ভোগ করিতে লাগিলেন। যদুবংশীয় শ্রেষ্ঠ বীর রাম ও কৃষ্ণ যদিও অখিল বিজ্ঞানে পারদর্শী ও সর্ব্বজ্ঞানময় ছিলেন, তথাপি তাঁহারা আচার্য্য ও শিষ্যের ক্রম

---

* বায়ুনা চাহৃতাং দিব্যাম্ ইতি বা পাঠঃ।১৭

ততঃ সান্দীপনিং কাশ্যমবন্তীপুরবাসিনম্ ।
অস্ত্রার্থং জগ্মতুর্বীরৌ বলদেব-জনার্দ্দনৌ ॥১৯॥
তস্য শিষ্যত্বমভ্যেত্য গুরুবৃত্তপরৌ হি তৌ ।
দর্শয়াংচক্রতুর্বীরাবাচারমখিলে জনে ॥২০॥
সরহস্যং ধনুর্ব্বেদং সসংগ্রহমধীয়তাম্ ।
অহোরাত্রৈশ্চতুশ্চতুঃষষ্ট্যা তদদ্ভুতমভূদ্দ্বিজ ॥২১॥
সান্দীপনিরসম্ভাব্যং তয়োঃ কর্ম্মাতিমানুষম্ ।
বিচিন্ত্য তৌ তদা মেনে প্রাপ্তৌ চন্দ্রদিবাকরৌ ॥২২
অস্ত্রগ্রামমশেষঞ্চ প্রোক্তমাত্রমবাপ্য তৌ ।
ঊচতুর্ব্রিয়তাং যা তে দাতব্যা গুরুদক্ষিণা ॥২৩॥

ও রীতি প্রকাশ করিবার নিমিত্ত. [১৮] অস্ত্রশিক্ষার অভিপ্রায়ে, বারা-ণসী-সমুৎপন্ন অবন্তীপুর নিবাসী সন্দীপনি নামক আচার্য্যের নিকট গমন করিলেন।[১৯] এই বীর বলদেব ও জনার্দ্দন, সন্দীপনির শিষ্যত্ব স্বীকার পূর্ব্বক গুরুচর্য্যা-পরায়ণ হইয়া গুরুর প্রতি কিরূপ ব্যব-হার করিতে হইবে, এই আচার সমুদায় লোকে প্রকাশ করি-লেন ।[২০] ব্রহ্মন্ ! চতুঃষষ্টি দিবারাত্রির মধ্যে তাঁহারা মন্ত্রের সহিত ও প্রয়োগের সহিত সমুদায় ধনুর্ব্বেদ শিক্ষা করিলেন। ইহা দেখিয়া সকলেই আশ্চর্য্য বোধ করিতে লাগিল ।[২১] আচার্য্য সন্দী-পনি, রাম ও কৃষ্ণের অলৌকিক ও অসম্ভব কার্য্য পর্য্যালোচনা করিয়া মনে করিলেন যে. চন্দ্র ও সূর্য্য তাঁহার নিকট শিষ্য হইয়া আসি-য়াছেন।[২২] রাম ও কৃষ্ণ উপদেশ মাত্রে সমুদায় অস্ত্রশিক্ষা করিয়া কহিলেন গুরো ! এক্ষণে আপনাকে গুরুদক্ষিণা কি প্রদান করিতে হইবে যাচ্ঞা করুন ।[২৩] মহামতি সান্দীপনি রাম ও কৃষ্ণের অতী-ন্দ্রিয় অলৌকিক কার্য্য দেখিয়া প্রার্থনা করিলেন যে, প্রভাস নামক

সোঽপ্যতীন্দ্রিয়মালোক্য তয়োঃ কর্ম্ম মহামতিঃ।
অযাচত মৃতং পুত্রং প্রভাসে লবণার্ণবে ॥২৪॥
গৃহীতাস্ত্রৌ ততস্তৌ তু সার্ঘ্যপাত্রো মহোদধিঃ* ।
উবাচ ন ময়া পুত্রো হৃতঃ সান্দীপনেরিতি ॥২৫॥
দৈত্যঃ পঞ্চজনো নাম শঙ্খরূপঃ স বালকম্‌।
জগ্রাহ সোঽস্তি সলিলে মমৈবাসুরসূদন ॥২৬॥
ইত্যুক্তোঽন্তর্জ্জলং গত্বা হত্বা পঞ্চজনং খলম্‌।
কৃষ্ণো জগ্রাহ তস্যাস্থি-প্রভবং শঙ্খমুত্তমম্‌ ॥২৭॥
যস্য নাদেন দৈত্যানাং বলহানিরজায়ত।
দেবানাং ববৃধে তেজো যাত্যধর্ম্মশ্চ সংক্ষয়ম্‌ ॥২৮॥
তং পাঞ্চজন্যমাপূর্য্য গত্বা যমপুরীং হরিঃ।
বলদেবশ্চ বলবান্‌ জিত্বা বৈবস্বতং যমঃ ॥২৯॥

স্থানে লবণ সমুদ্রে আমার পুত্র যে (জলমগ্ন হইয়া) প্রাণত্যাগ করিয়াছে, তাহাকে আনিয়া দাও।[২৪] রাম ও কৃষ্ণ অস্ত্রগ্রহণ করিয়া সমুদ্রের নিকট গমন করিলে, সমুদ্র অর্ঘ্যপাত্র লইয়া তাঁহাদিগের নিকট উপস্থিত হইল, এবং কহিল, সন্দীপনির পুত্রকে আমি হরণ করি নাই।[২৫] অসুরসূদন! আমার সলিলের মধ্যে পঞ্চজন নামক শঙ্খরূপধারী এক দৈত্য আছে।[২৬] কৃষ্ণ এই কথা শ্রবণ পূর্ব্বক জলমধ্যে প্রবিষ্ট হইয়া পঞ্চজন নামক দুরাত্মা দৈত্যকে বিনাশ করিলেন, এবং তাহার অস্থিদ্বারা উত্তম শঙ্খ নির্ম্মাণ করিয়া লইলেন।[২৭] এই শঙ্খের শব্দদ্বারা দৈত্যদিগের বলহানি, দেবগণের তেজোবৃদ্ধি ও অধর্ম্মের ক্ষয় হইতে লাগিল।[২৮]

অনন্তর বলবান্‌ বলদেব ও কৃষ্ণ যমপুরীতে গমনপূর্ব্বক পঞ্চজন্য

* সার্ঘ্যহস্তো মহোদধি ইতি বা পাঠ্যতাম্‌ ।২৫

তং বালং যাতনাসংস্থং যথাপূর্ব্বশরীরিণম্।
পিত্রে প্রদত্তবান্ কৃষ্ণো বলশ্চ বলিনাং বরঃ ॥৩০॥
মথুরাঞ্চ পুনঃ প্রাপ্তাবুগ্রসেনেন পালিতাম্।
প্রহৃষ্টপুরুষস্ত্রীকাবুভৌ রামজনার্দ্দনৌ ॥৩১॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
অস্ত্রশিক্ষা নাম
একবিংশোঽধ্যায়ঃ।

শঙ্খধ্বনি করিয়া প্রেতরাজকে পরাজয় করিলেন।[২৯] ব্রাহ্মণকুমার নরকে যাতনা ভোগ করিতেছিল, মহাবল বলদেব ও কৃষ্ণ (মায়াবলে তাহাকে পূর্ব্বশরীর প্রদান করিয়া আনয়ন পূর্ব্বক) তাহার পিতার নিকট সমর্পণ করিলেন।[৩০] পরে রাম ও কৃষ্ণ উভয়ে মথুরায় আসিয়া উপস্থিত হইলেন) এবং দেখিলেন, উগ্রসেন রাজ্যশাসন করিতেছেন, স্ত্রীপুরুষ সকলেই পরমসুখে রহিয়াছে।[৩১]

বিষ্ণুপুরাণ পঞ্চমাংশ অস্ত্রশিক্ষা নামক
একবিংশতি অধ্যায় সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্ ।

পঞ্চমাংশঃ ।

দ্বাবিংশোঽধ্যায়ঃ ।

পরাশর উবাচ ।

জরাসন্ধসুতে কংস উপযেমে মহাবলঃ ।
অস্তিং প্রাপ্তিঞ্চ মৈত্রেয় ! তয়োর্ভর্তৃহণং হরিম্ ॥১॥
মহাবলপরীবারো মগধাধিপতির্ব্বলী ।
হন্তুমভ্যাযযৌ কোপাৎ জরাসন্ধঃ স যাদবম্ ॥২॥
উপেত্য মথুরাং সোঽথ রুরোধ মগধেশ্বরঃ ।
অক্ষৌহিণীভিঃ সৈন্যস্য ত্রয়োবিংশতিভির্বৃতঃ ॥৩

পরাশর কহিলেন । জরাসন্ধের দুইটী কন্যা ছিল, একটীর নাম অস্তি, একটীর নাম প্রাপ্তি, মহাবল কংস এই দুইটী কন্যাকেই বিবাহ করিয়াছিল। কৃষ্ণ অস্তি ও প্রাপ্তির স্বামীকে বিনাশ করিতে,[১] মগধাধিপতি মহাবল জরাসন্ধ ক্রোধ প্রকাশ পূর্ব্বক সাতিশয় বলশালী সৈন্যগণে পরিবৃত হইয়া যাদবগণের সহিত কৃষ্ণকে বিনাশ করিবার নিমিত্ত উপস্থিত হইল।[২] মগধাধিপতির সহিত ত্রয়োবিংশতি অক্ষৌহিণী সৈন্য ছিল। মগধরাজ মথুরায় উপস্থিত হইয়া নগরী অবরোধ করিল।[৩] বলবান্ রাম ও কৃষ্ণ অল্পমাত্র সৈন্যের সহিত বহির্গত হইয়া সেই বলবান্ সৈন্যের সহিত

নিষ্ক্রম্যাল্পপরীবারাবুভৌ রামজনার্দ্দনৌ।
যুযুধাতে সমস্তস্য বলিনৌ বলিসৈনিকৈঃ ॥৪॥
ততো বলশ্চ কৃষ্ণশ্চ চক্রাতে মতিমুত্তমাম্ *।
আয়ুধানাং পুরাণানামাদানে মুনিসত্তম ॥৫॥
অনন্তরং হরেঃ শার্ঙ্গং তূণৌ চাক্ষয়সায়কৌ।
আকাশাদাগতৌ ধীর! তথা কৌমোদকী গদা ॥৬॥
হলঞ্চ বলভদ্রস্য গগনাদাগতং করে †।
মনসোঽভিমতং বিপ্র! সৌনন্দং মুষলং তথা ॥৭॥
ততো যুদ্ধে পরাজিত্য সসৈন্যং মগধাধিপম্।
পুরীং বিবিশতুর্বীরাবুভৌ রামজনার্দ্দনৌ ॥৮॥
জিতে তস্মিন্ সুদুর্বৃত্তে জরাসন্ধে মহামুনে ‡।
জীবমানে গতে কৃষ্ণস্তং নামন্যত নির্জ্জিতম্ ॥৯॥

সংগ্রাম করিতে প্রবৃত্ত হইলেন।[৪] মুনিশ্রেষ্ঠ! বলদেব ও কৃষ্ণ স্বস্ব পূর্ব্বতন অস্ত্র গ্রহণ বিষয়ে কৃতনিশ্চয় হইলেন।[৫] বিদ্বন্! তখন আকাশ হইতে হরির সার্ঙ্গ নামক ধনুঃ অক্ষয় তূণীর ও কৌমোদকী নামক গদা আসিয়া উপস্থিত হইল।[৬] ব্রহ্মন্! এই সময় বলদেবও পূর্ব্বকার অস্ত্র চিন্তা করাতে, হল সুনন্দ নামক মুষল আকাশ হইতে তাঁহার হস্তে আসিয়া উপস্থিত হইল।[৭] অনন্তর মহাবীর রাম ও জনার্দ্দন উভয়ে সসৈন্য মগধরাজকে পরাজয় করিয়া নগরাতে প্রবেশ করিলেন।[৮] মহামুনে! দুর্বৃত্ত জরাসন্ধ যদিও পরাজিত হইয়াছিল, তথাপি সে জীবন লইয়া পলায়ন করিয়া-

* মতিশ্চক্রে মহাবলঃ ইতি বা পাঠঃ ।৫
† গগনাদাগতং জ্বলৎ ইতি গগনাদাগতং করে ইতি বা পাঠঃ ।৬
‡ মহামুনে ইতি বা পঠনীয়ম্ ।৯

পুনরপ্যাজগামাথ জরাসন্ধো বলান্বিতঃ।
জিতশ্চ রামকৃষ্ণাভ্যামপক্রান্তো দ্বিজোত্তম! ॥১০॥
দশ চাষ্টৌ চ সংগ্রামানেবমত্যন্তদুর্ম্মদঃ।
যদুভির্ম্মাগধো রাজা চক্রে কৃষ্ণপুরোগমৈঃ ॥১১॥
সর্ব্বেষ্বেতেষু যুদ্ধেষু যাদবৈঃ স পরাজিতঃ।
অপক্রান্তো জরাসন্ধঃ স্বল্পসৈন্যৈর্ব্বলাধিকঃ ॥১২॥
তদ্বলং যাদবানাং তৈরর্জ্জিতং যদনেকশঃ।
তত্তু সন্নিধিমাহাত্ম্যং বিষ্ণোরংশস্য চক্রিণঃ ॥১৩॥
মনুষ্যধর্ম্মশীলস্য লীলা সা জগতঃ পতেঃ।
অস্ত্রাণ্যনেকরূপাণি যদরাতিষু মুঞ্চতি ॥১৪॥
মনসৈব জগৎসৃষ্টিং* সংহারঞ্চ করোতি যঃ।

ছিল বলিয়া কৃষ্ণ তাহাকে পরাজিত বলিয়া বোধ করিলেন না।[৯] দ্বিজোত্তম! অনন্তর বলগর্ব্বিত জরাসন্ধ পুনর্ব্বার সংগ্রামার্থ আগমন করিয়া কৃষ্ণ ও রাম কর্ত্তৃক পুনর্ব্বার পরাজিত হইয়া প্রতিনিবৃত্ত হইল।[১০] সাতিশয় দুর্দ্দান্ত মগধেশ্বর জরাসন্ধ কৃষ্ণ প্রভৃতি যাদবগণের সহিত এইরূপে অষ্টাদশ বার সংগ্রাম করিয়াছিল।[১১] জরাসন্ধের যদিও বহুসংখ্য সৈন্য ও কৃষ্ণের অল্পমাত্র সৈন্য ছিল, তথাপি প্রত্যেক যুদ্ধেই জরাসন্ধ যাদবগণ কর্ত্তৃক পরাজিত হইয়া পলায়ন করে।[১২] যাদব-সৈন্যগণ অল্পসংখ্য হইয়াও যে বহুসংখ্য প্রবলশত্রু কর্ত্তৃক পরাজিত হয় নাই, তাহার কারণ বিষ্ণুর অংশ কৃষ্ণের সন্নিধান মাহাত্ম্য ব্যতীত আর কিছুই নহে।[১৩] কৃষ্ণ যে শত্রুর প্রতি নানাবিধ অস্ত্র পরিত্যাগ করিয়া

* সহসৈব জগৎসৃষ্টিম্ ইতি পাঠান্তরম্।১৫

তস্যারিপক্ষক্ষপণে কোঽয়মুদ্যমবিস্তরঃ ॥১৫॥
তথাপি যো মনুষ্যাণাং ধর্ম্মস্তমনুবর্ত্ততে।
কুর্ব্বন্ বলবতা সন্ধিং হীনৈর্যুদ্ধং করোত্যসৌ ॥১৬॥
সাম চোপপ্রদানঞ্চ তথা ভেদং প্রদর্শয়ন্।
করোতি দণ্ডপাতঞ্চ কচ্চিদেব পলায়নম্ ॥১৭॥
মনুষ্যদেহিনাং চেষ্টামিত্যেবমনুবর্ত্ততঃ।
লীলাজগৎপতেস্তস্য ছন্দতঃ সংপ্রবর্ত্ততে ॥১৮॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
জরাসন্ধবিজয়ো নাম
দ্বাবিংশোঽধ্যায়।

ছিলেন, তাহা মনুষ্যধর্ম্মশীল সেই জগদীশ্বরের লীলামাত্র![১৪] নতুবা যিনি মনে করিলেই সমুদায় জগৎ সৃষ্টি ও সমুদায় জগৎ সংহার করিতে পারেন, বিপক্ষ পক্ষ সংহারের নিমিত্ত তাঁহার ঈদৃশ উদ্যোগ করিবার আবশ্যক কি।[১৫] কৃষ্ণ যদিও মনে করিলেই সৃষ্টি স্থিতি প্রলয় করিতে পারেন তিনি মনুষ্য ধর্ম্মের অনুবর্ত্তী হইয়া প্রবল রাজার সহিত সন্ধি ও হীনবল রাজার সহিত সংগ্রাম করিয়াছিলেন।[১৬] তিনি কোথাও সাম, কোথাও দাম, কোথাও ভেদ, কোথাও দণ্ডবিধান প্রয়োগ করিতেন। স্থানবিশেষে পলায়ন-পরায়ণও হইতেন।[১৭] তিনি এইরূপে মনুষ্যদেহধারী ব্যক্তিদিগের চেষ্টা ও কার্য্যের অনুসরণ করিতেন। এই জগদীশ্বরের ইচ্ছানু-সারেই এইরূপ লীলা সকল অবলম্বিত হইয়াছিল।[১৮]

বিষ্ণুপুরাণ পঞ্চমাংশ জরাসন্ধবিজয় নামক
দ্বাবিংশ অধ্যায় সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমাংশঃ।

ত্রয়োবিংশোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

গার্গ্যং গোষ্ঠে দ্বিজং শ্যালঃ ষণ্ড ইত্যুক্তবান্ দ্বিজ!।
যদূনাং সন্নিধৌ সর্ব্বে জহসুঃ সর্ব্বযাদবাঃ ॥১॥
ততঃ কোপসমাবিষ্টো দক্ষিণাব্ধিমুপেত্য সঃ।
সুতমিচ্ছংস্তপস্তেপে যদুচক্রভয়াবহম্ ॥২॥
আরাধয়ন্ মহাদেবং সোঽয়শ্চূর্ণমভক্ষয়ৎ।
দদৌ বরঞ্চ তুষ্টোঽস্মৈ বৎসরে দ্বাদশে হরঃ ॥৩॥

পরাশর কহিলেন। ব্রহ্মন্! এক দিবস গার্গ্য-গোষ্ঠে অবস্থান করিতেছেন, এমত সময় তদীয় শ্যালক যাদবগণের সমক্ষে তাঁহাকে ষণ্ড এই কথা বলিয়া পরিহাস করিলেন। এতৎ শ্রবণে যাদবগণ সকলেই হাস্য করিতে লাগিলেন।[১] তখন গার্গ্য কোপাবিষ্ট হইয়া দক্ষিণ সাগরে গমন পূর্ব্বক সমুদায় যাদবগণের ভয়জনক একটী পুত্র কামনা করিয়া তপস্যা করিতে লাগিলেন।[২] তিনি ভগবান্ মহাদেবের আরাধনা করিয়া (এত বিশেষ অবলোকন পূর্ব্বক) লৌহচূর্ণ ভক্ষণ করিতে আরম্ভ করিলেন। অনন্তর দ্বাদশ বৎসর অতীত হইলে, মহাদেব পরিতুষ্ট হইয়া তাঁহাকে বর প্রদান করিলেন।[৩]

সভাজয়ামাস চ তং যবনেশো হ্যনাত্মজঃ।
তদ্যোবিৎ সঙ্গমাচ্চাস্য পুত্রোঽভূদলিসন্নিভঃ ॥৪॥
তং কালযবনং নাম রাজ্যে স্বে যবনেশ্বরঃ।
অভিষিচ্য বনং যাতো বজ্রাগ্রকঠিনোরসম্ ॥৫॥
স তু বীর্য্যমদোন্মত্তঃ পৃথিব্যাং বলিনো নৃপান্।
পপ্রচ্ছ নারদস্তস্মৈ কথয়ামাস যাদবান্ ॥৬॥
ম্লেচ্ছকোটিসহস্রাণাং সহস্রৈর্ব্বহুভির্বৃতঃ*।
গজাশ্বরথপত্ত্যোঘৈশ্চকার† পরমোদ্যমম্ ॥৭॥
প্রযযৌ চাব্যবচ্ছিন্নং ছিন্নযানো দিনে দিনে।

যবনরাজের সন্তান ছিল না। (তিনি জানিতে পারিলেন যে, গার্গ্য মহাবল পরাক্রান্ত পুত্রোৎপাদন করিবার বর প্রাপ্ত হইয়াছেন), তখন তিনি গার্গ্যের উপাসনা করিতে লাগিলেন। গার্গ্য যবনরাজের মহিষীতে উপগত হইয়া ভ্রমরের ন্যায় কৃষ্ণবর্ণ একটি পুত্র উৎপাদন করিলেন।[৪] এই পুত্রের নাম কালযবন, ইহার বক্ষঃস্থল বজ্রের ন্যায় কঠিন, যবনরাজ এই পুত্রকে নিজরাজ্যে অভিষিক্ত করিয়া বন গমন করিলেন।[৫] মহাবীর্য্য মদোন্মত্ত এই কালযবন পৃথিবীতে কে কে প্রবল রাজা আছেন তাহার অনুসন্ধান করিতে লাগিল। নারদ তাহাকে কহিলেন, এক্ষণে যাদবগণই পৃথিবীর মধ্যে প্রবল।[৬] (কালযবন এই কথা শ্রবণ করিয়া) অশ্ব রথ গজ ও পদাতি রূপ সহস্র সহস্র কোটী ম্লেচ্ছসৈন্যে পরিবৃত হইয়া যুদ্ধযাত্রা করিল।[৭] মৈত্রেয়! কালযবন যাদবগণের প্রতি অমর্ষান্বিত হইয়া পূর্ব্ব পূর্ব্ব যান পরিত্যাগ পূর্ব্বক

* সহস্রৈঃ সোঽভিসংবৃতঃ ইতি বা পাঠঃ।৭

† গজাশ্বরথসম্পাতৈশ্চকার ইতি বিভিন্নঃ পাঠঃ।৭

যাদবান্ প্রতি সামর্ষো মৈত্রেয় মথুরাপুরীম্ ॥৮॥
কৃষ্ণোঽপি চিন্তয়ামাস ক্ষয়িতং যাদবং বলম্ ॥
যবনেন রণে গম্যং মাগধস্য ভবিষ্যতি ॥৯॥
মাগধস্য বলং ক্ষীণং স কালযবনো বলী।
হন্তা তদিদমায়াতং যদূনাং ব্যসনং দ্বিধা ॥১০॥
তস্মাৎ দুর্গং করিষ্যামি যদূনামতিদুর্জ্জয়ম্।
স্ত্রিয়োঽপি যত্র যুদ্ধেয়ুঃ কিং পুনর্বৃষ্ণিপুঙ্গবাঃ* ॥১১॥
ময়ি মত্তে প্রমত্তে বা সুপ্তে প্রবসিতে তথা।
যাদবাভিভবং দুষ্টা মা কুর্ব্বন্ পরযোধিকাঃ ॥১২॥

নূতন নূতন যানে আরোহণ করিয়া অবিচ্ছিন্ন গতি অবলম্বন পূর্ব্বক অবিশ্রামে মথুরায় গমন করিল।[৮] কৃষ্ণ তখন চিন্তা করিতে লাগিলেন যে, যবনেরা সংগ্রাম করিয়া যদি যাদবসৈন্য ক্ষয় করে তাহা হইলে মগধরাজ আক্রমণ করিয়া অনায়াসে পরাজয় করিতে পারিবে।[৯] যদি অগ্রে মগধরাজের সহিত সংগ্রাম করি, তাহা হইলেও অনেক সৈন্য ক্ষয় হইবে। সুতরাং প্রবল শত্রু কালযবন অনায়াসে যাদবগণকে বিনাশ করিতে পারিবে। (এইরূপে মগধেশ্বর ও কালযবন এককালে উভয় দিক্ হইতে আক্রমণ করাতে) যাদবগণের দুই দিকেই মহা বিপদ উপস্থিত হইয়াছে।[১০] অতএব আমি ঈদৃশ শঙ্কট স্থলে একটী দুর্জ্জয় দুর্গ নির্ম্মাণ করি, এই দুর্গে অবস্থান করিয়া যদুবংশীয় যোদ্ধাদিগের কথা দূরে থাকুক, যাদবমহিলাগণ সংগ্রাম করিতে সমর্থ হইবে।[১১] বিশেষতঃ এরূপ দুর্গ নির্ম্মাণ করিলে আমি যদিও মত্ত, প্রমত্ত, নিদ্রিত বা প্রবাসগত হই তথাপি ঐ সকল দুষ্ট যোদ্ধারা যাদবগণকে পরাভব করিতে সমর্থ হইবে না।[১২] কৃষ্ণ এইরূপ বিবেচনা করিয়া

* কিং পুনর্যদুপুঙ্গবাঃ ইতি পাঠান্তরম্।

ইতি সঞ্চিন্ত্য গোবিন্দো যোজনানি মহোদধিম্।
যযাচে দ্বাদশ পুরীং দ্বারকাং তত্র নির্ম্মমে ॥১৩॥
মহোদ্যানাং মহাবপ্রাং তড়াগশতশোভিতাম্* ।
প্রাকারগৃহসংবাধামিন্দ্রস্যেবামরাবতীম্ ॥১৪॥
মথুরাবাসিনো লোকাং-স্তত্রানীয় জনার্দ্দনঃ।
আসন্নে কালযবনে মথুরাঞ্চ স্বয়ং যযৌ ॥১৫॥
বহিরাবাসিতে সৈন্যে মথুরায়া নিরায়ুধঃ† ।
নির্জ্জগাম স গোবিন্দো দদৃশে যবনেশ্বরম্‡ ॥১৬॥
স জ্ঞাত্বা বাসুদেবং তং বাহুপ্রহরণো নৃপঃ।
অনুযাতো মহাযোগি-চেতোভিঃ প্রাপ্যতে ন যঃ ॥১৭

সমুদ্রের নিকট দ্বাদশ যোজন ভূমি প্রার্থনা করিলেন, এবং সেই স্থলেই দ্বারকা পুরী নির্ম্মিত হইল। [১৩] এই দ্বারকা পুরীর চতুর্দ্দিকে প্রকাণ্ড প্রাকার বিনির্ম্মিত হইয়াছিল। তন্মধ্যে উত্তম উদ্যান, উৎকৃষ্ট শত শত সৌধ, গৃহ ও প্রাকার পরস্পর সংশ্লিষ্ট হইয়া সন্নিবেশিত হওয়াতে, ইন্দ্রের অমরাবতীর ন্যায় শোভা পাইতে লাগিল। [১৪] কৃষ্ণ মথুরাবাসী সমুদায় লোককেই দ্বারকায় আনিয়া বাস করাইলেন। পরে যখন কালযবন মথুরার নিকটবর্ত্তী হইল, তখন তিনি যুদ্ধার্থ স্বয়ং বহির্গত হইলেন।[১৫] তিনি সৈন্যগণকে মথুরার বাহিরে সংস্থাপন করিয়া স্বয়ং নিরস্ত্র হইয়া যবনরাজের শিবির দর্শনার্থ উপস্থিত হইলেন।[১৬] কালযবন কৃষ্ণকে চিনিতে পারিলেন। মহাযোগিগণ মনোদ্বারাও যাঁহাকে ধারণ করিতে না

* তদ্ধামশতশোভিতাম্ ইতি বা পাঠঃ ।১৪
† মথুরায়াং নিরায়ুধ ইতি বা পাঠঃ ।১৬
‡ দদৃশে যবনশ্চ তম্ ইতি বা পঠনীয়ম্ ।১৬

তেনানুযাতঃ কৃষ্ণোঽপি প্রবিবেশ মহাগুহাম্।
যত্র শেতে মহাবীর্য্যো মুচুকুন্দো নরেশ্বরঃ ॥১৮॥
সোঽপি প্রবিশ্য যবনো দৃষ্ট্বা শয্যাগতং নরম্।
পাদেন তাড়য়ামাস মত্বা কৃষ্ণং সুদুর্ম্মতিঃ ॥১৯॥
দৃষ্টমাত্রস্তু তেনাসৌ জজ্বাল যবনোঽগ্নিনা।
তৎক্রোধজেন মৈত্রেয় ভস্মীভূতশ্চ তৎক্ষণাৎ ॥২০
স হি দেবাসুরে যুদ্ধে গতো জিত্বা মহাসুরান্।
নিদ্রার্ত্তঃ সুমহাকালং* নিদ্রাং বব্রে বরং সুরান্ ॥২১

পারেন, সেই কৃষ্ণকে ধরিবার নিমিত্ত কালযবন একমাত্র বাহুরূপ প্রহরণ সমভিব্যাহারে লইয়া তাঁহার পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইল।[১৭] কৃষ্ণ পলায়ন করিতে লাগিলেন। কালযবন তাঁহার পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইতে লাগিল। অনন্তর কৃষ্ণ একটী পর্ব্বত-গুহায় প্রবেশ করিলেন। মহাবীর্য্য মুচুকুন্দ নামক রাজা এই গুহায় শয়ন করিয়াছিলেন।[১৮] দুর্ম্মতি কালযবন গুহা মধ্যে প্রবিষ্ট হইয়া দেখিল যে, একটী মনুষ্য শয়ন করিয়া রহিয়াছে। তখন সে এই মনুষ্যকে কৃষ্ণ মনে করিয়া পদাঘাত করিল।[১৯] মৈত্রেয়! এই শয়ান মুচুকুন্দ জাগরিত হইয়া দৃষ্টিপাত করিবামাত্র তাহার ক্রোধ-জনিত অগ্নিদ্বারা যবনরাজ প্রজ্বলিত হইয়া উঠিল এবং ক্ষণকাল মধ্যেই তাহার সর্ব্ব শরীর ভস্মসাৎ হইয়া গেল।[২০]

যে সময় দেবাসুরের সংগ্রাম হইয়াছিল, সেই সময়ে, মুচুকুন্দ অসুরগণকে যুদ্ধে পরাজয় পূর্ব্বক ক্লান্ত ও নিদ্রাভিলাষী হইয়া দেবগণের নিকট উপস্থিত হইলেন এবং সুদীর্ঘকাল নিদ্রা

* নিদ্রার্ত্তঃ সুমহৎকালম্ ইতি কেচিৎ পঠন্তি।২১

প্রোক্তশ্চ দেবৈঃ সংসুপ্তং যস্ত্বামুত্থাপয়িষ্যতি ।
দেহজেনাগ্নিনা সদ্যঃ স তু ভস্মীভবিষ্যতি ॥২২॥
এবং দগ্ধ্বা স তং পাপং দৃষ্ট্বা চ মধুসূদনম্ ।
কস্ত্বমিত্যাহ সোঽপ্যাহ জাতোঽহং শশিনঃ কুলে ।
বসুদেবস্য তনয়ো যদুবংশসমুদ্ভবঃ ॥২৩॥
মুচুকুন্দোঽপি তত্রাসৌ বৃদ্ধগর্গবচোঽস্মরৎ* ।
সংস্মৃত্য প্রণিপত্যৈনং সর্ব্বভূতেশ্বরং হরিম্ ।
প্রাহ জ্ঞাতো ভবান্ বিষ্ণোরংশস্ত্বং পরমেশ্বরঃ†॥২৪

যাইবার নিমিত্ত বর প্রার্থনা করিলেন।[২১] (দেবতারা তাঁহার অভিলষিত বর প্রদান করিয়া) পরিশেষে কহিলেন, তুমি নিদ্রাভিভূত হইলে যে ব্যক্তি তোমাকে জাগরিত করিবে, সে তৎক্ষণাৎ তোমার শরীরসম্ভূত অগ্নি দ্বারা ভস্মীভূত হইয়া যাইবে।[২২]

মুচুকুন্দ এইরূপে পাপাত্মা যবনরাজকে দগ্ধ ও ভস্মাবশেষ করিয়া কৃষ্ণকে দেখিয়া জিজ্ঞাসা করিলেন, তুমি কে? কৃষ্ণ উত্তর করিলেন, আমি চন্দ্রবংশে যদুকুলে জন্ম পরিগ্রহ করিয়াছি। আমার পিতার নাম বসুদেব।[২৩] (পূর্ব্বে বৃদ্ধ গর্গ মুচুকুন্দের নিকট কহিয়াছিলেন যে, বিষ্ণু যদুবংশে অবতীর্ণ হইবেন) এক্ষণে সেই বৃদ্ধ গর্গের বাক্য মুচুকুন্দের স্মৃতিপথে উদিত হইল। পরে তিনি সমুদায় চিন্তা করিয়া সর্ব্বভূতেশ্বর হরিকে ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিলেন এবং কহিলেন, ভগবন্! আমি জানিতে পারিয়াছি, আপনি বিষ্ণুর অংশ ও পরমেশ্বর।[২৪]

---

* বৃদ্ধগর্গবচঃ স্মরন্ ইতি বা পাঠ্যতাম্ ।২৪

† ভবান্ বিষ্ণুঃ পূর্ণস্ত্বং পরমেশ্বর ইতি কেচিৎ পঠন্তি ।২৪

পুরা গর্গেণ কথিতমষ্টাবিংশতিমে যুগে।
দ্বাপরান্তে হরের্জ্জন্ম যদোর্ব্বংশে ভবিষ্যতি ॥২৫॥
স ত্বং প্রাপ্তো ন সন্দেহো মর্ত্ত্যানামুপকারকৃৎ।
তথাহি সুমহৎ তেজো নালং সোঢ়ুমহং তব ॥২৬॥
তথাহি সজলাম্ভোদ-নাদধীরতরং তব।
বাক্যং, নমতি চৈবোর্ব্বী যস্য পাদপ্রপীড়িতা ॥২৭॥
দেবাসুরে মহাযুদ্ধে দৈত্যসৈন্যে মহাভটাঃ।
ন শেকুর্মম তত্তেজস্তত্তেজো ন সহাম্যহম্ ॥২৮॥
সংসারপতিতস্যৈকো জন্তোস্ত্বং শরণং পরম্।
স প্রসীদ প্রপন্নার্ত্তিহর্ত্তা হর মমাশুভম্ ॥২৯॥

পূর্ব্বে গর্গ আমাকে কহিয়াছিলেন, অষ্টাবিংশতিতম যুগে যখন দ্বাপরের অবসান হইবে, তখন ভগবান্ হরি যদুবংশে জন্ম-পরিগ্রহ করিবেন।[২৫] আমি বিবেচনা করি তুমি সেই বিষ্ণু। তুমি মানবগণের উপকারের নিমিত্ত ভূতলে অবতীর্ণ হইয়াছ, সন্দেহ নাই। বিশেষতঃ আমি তোমার সুমহত্তেজ সহ্য করিতে সমর্থ হইতেছি না।[২৬] বিশেষতঃ তোমার বাক্য সজল জলধর ধ্বনি সদৃশ গম্ভীর, এবং তোমার পাদবিক্ষেপে পৃথিবী প্রপীড়িতা হইয়া নত হইতেছে।[২৭] যখন দেবগণের সহিত অসুরগণের মহাসংগ্রাম হয়, তখন মহাবীর দৈত্যসৈন্যগণ আমার তেজ সহ্য করিতে সমর্থ হয় নাই। কিন্তু আমি তোমার তেজ সহ্য করিতে পারিতেছি না।[২৮] যে সকল প্রাণী সংসার সাগরে পতিত হইয়াছে, তাহাদের পক্ষে তুমিই একমাত্র আশ্রয় ও উদ্ধারকর্ত্তা। তুমি আশ্রিত ব্যক্তির দুঃখ দূর করিয়া থাক। এক্ষণে তুমি প্রসন্ন হও, ও আমার সমুদায় অমঙ্গল দূর কর।[২৯] তুমি সমুদায় সমুদ্র, তুমি

ত্বং পয়োনিধয়ঃ শৈলাঃ সরিতস্ত্বং বনানি চ।
মেদিনী গগনং বায়ুরাপোঽগ্নিস্ত্বং তথা মনঃ ॥৩০॥
বুদ্ধিরব্যাকৃতং প্রাণাঃ প্রাণেশস্ত্বং তথা পুমান্।
পুংসঃ পরতরং যচ্চ ব্যাপ্যজন্ম-বিকারি যৎ ॥৩১॥
শব্দাদিহীনমজরমমেয়ং ক্ষয়বর্জ্জিতম্।
অবৃদ্ধিনাশং তদ্ব্রহ্ম ত্বমাদ্যন্তবিবর্জ্জিতম্ ॥৩২॥
ত্বত্তোঽমরাঃ সপিতরো যক্ষগন্ধর্ব্বকিন্নরাঃ।
সিদ্ধাশ্চাপ্সরসস্ত্বত্তো মনুষ্যাঃ পশবঃ খগাঃ ॥৩৩॥
সরীসৃপা মৃগাঃ সর্ব্বে ত্বত্তঃ সর্ব্বে মহীরুহাঃ।
যচ্চ ভূতং ভবিষ্যঞ্চ কিঞ্চিদত্র চরাচরম্ ॥৩৪॥

সমুদায় মহীধর, তুমি সমুদায় নদ নদী, তুমি মেদিনী, তুমি গগন তুমি বায়ু, তুমি জল, তুমি অগ্নি এবং তুমি সকলের অন্তঃকরণ, [৩০] তুমি প্রকৃতি, তুমি মহত্তত্ত্ব, তুমি প্রাণ, অপান, সমান, উদান ও ব্যান, তুমি প্রাণের অধিষ্ঠাতা পুরুষস্বরূপ, যিনি পুরুষ হইতেও শ্রেষ্ঠ, যিনি নিখিল জগন্মণ্ডল ব্যাপিয়া রহিয়াছেন, যাঁহার জন্ম নাই, বিকার নাই, তুমি সেই ঈশ্বর।[৩১] তুমি শব্দ স্পর্শ প্রভৃতি গুণ রহিত, তুমি অজর ও অক্ষয়, তোমার বৃদ্ধি নাই, হ্রাস নাই, কালানুসারে বা দেশানুসারে তোমার আদি নাই ও অন্ত নাই। তুমি অপরিমেয় ব্রহ্মস্বরূপ।[৩২] দেবগণ, পিতৃগণ, যক্ষগণ, গন্ধর্ব্ব-গণ, কিন্নরগণ, সিদ্ধগণ, অপ্সরোগণ মনুষ্যগণ পশুগণ, সকলেই তোমা হইতে উৎপন্ন হইয়াছে [৩৩] এবং সরীসৃপগণ, মৃগগণ, মহীরুহগণ ও আর আর যে সমুদায় স্থাবর জঙ্গম জীব এই জগতে জন্ম গ্রহণ করিয়াছে বা করিবে, তৎসমুদায়ও তোমা হইতে উৎ-পন্ন।[৩৪] তুমি সমুদায় জগতের সৃষ্টিকর্ত্তা। মূর্ত্তিবিশিষ্ট বা মূর্ত্তি-

অমূর্ত্তং মূর্ত্তমথবা স্থূলং সূক্ষ্মতরং স্থিতম্ * ।
তৎসর্ব্বং ত্বং জগৎকর্ত্তর্নাস্তি কিঞ্চিৎ ত্বয়া বিনা †॥৩৫
ময়া সংসারচক্রেঽস্মিন্ ভ্রমতা ভগবন্ সদা ।
তাপত্রয়াভিভূতেন ন প্রাপ্তা নির্ব্বৃতিঃ ক্বচিৎ ॥৩৬॥
দুঃখান্যেব সুখানীতি মৃগতৃষ্ণাজলাশয়াঃ ।
তথা নাথ ! গৃহীতানি তানি তাপায় চাভবন্ ॥৩৭॥
রাষ্ট্রমুর্ব্বী বলং কোশো মিত্রপক্ষস্তথাত্মজাঃ ।
ভার্য্যা ভৃত্যজনা যে চ শব্দাদ্যা বিষয়াঃ প্রভো ॥৩৮॥
সুখবুদ্ধ্যা ময়া সর্ব্বং গৃহীতমিদমব্যয় ।
পরিণামে তদেবেশ তাপাত্মকমভূন্মম ॥৩৯॥

হীন, স্থূল বা সূক্ষ্ম যে কোন পদার্থ আছে, তৎসমুদায়ের মধ্যে কোনটীই তোমা ভিন্ন উৎপন্ন হয় নাই।[৩৫]

ভগবন্! আমি এই সংসারচক্রে নিয়ত পরিভ্রমণ করিয়া (আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক) এই তাপত্রয়ে অভিভূত হইয়াছি। আমি কখনও কোথাও নির্ব্বৃতি লাভ করিতে পারি নাই।[৩৬] ভগবন্! মৃগগণ যেমন তৃষ্ণাতুর হইয়া জলভ্রমে মরীচিকার প্রতি ধাবমান হয়, তাহার ন্যায় আমি দুঃখকে সুখ বোধ করিয়া তাহার সেবা করিয়া আসিতেছি, কিন্তু পরিশেষে সেই সুখই আবার সাতিশয় পরিতাপের কারণ হইতেছে।[৩৭] প্রভো! রাজ্য, পৃথিবী, সৈন্য, ধনাগার, মিত্র, সপক্ষ জনগণ, পুত্রগণ, ভার্য্যা, ভৃত্যগণ, এই সমুদায় এবং রূপ, রস, গন্ধ, শব্দপ্রভৃতি যে সমুদায় ভোগ্য বস্তু আছে,[৩৮] আমি সুখজ্ঞানে তৎসমুদায়েরই

---

* স্থূলং সূক্ষ্মং চরং স্থিতমিতি কেচিৎ পঠন্তি ।৩৫

† জগৎকর্ত্তা নাস্তি কিঞ্চিৎ ত্বয়া বিনা ইতি পাঠান্তরম্ ।৩৫

দেবলোকমিমং প্রাপ্তো নাথ দেবগণোঽপ্যয়ম্।
মত্তঃ সাহায্যকামোঽভূচ্ছাশ্বতী কুত্র নির্বৃতিঃ ॥৪০॥
ত্বামনারাধ্য জগতাং সর্ব্বেষাং প্রভবাস্পদম্।
শাশ্বতী প্রাপ্যতে কেন পরমেশ্বর! নির্বৃতিঃ ॥৪১॥
ত্বন্মায়ামূঢ়মনসো জন্মমৃত্যুজরাদিকান্।
অবাপ্য তাপান্ পশ্যন্তি প্রেতরাজাননং নরাঃ ॥৪২॥
ততো নিজক্রিয়াসূতিং নরকেষ্বতিদারুণম্।
প্রাপ্নুবন্তি নরা দুঃখমস্বরূপবিদস্তব ॥ ৪৩ ॥
অহমত্যন্তবিষয়ী মোহিতস্তব মায়য়া।
মমত্বগর্ব্বগর্ত্তান্তর্ভ্রামামি পরমেশ্বর ॥ ৪৪ ॥

সেবা করিয়াছি। অব্যয় দেবদেব! পরিশেষে ঐ সমুদায় ভোগ্য বস্তুই আমার পরিতাপের কারণ হইয়াছে।[৩৯] নাথ! সমুদায় দেবগণ দেবলোকে অবস্থান করিয়াও আমা হইতে সাহায্য কামনা করিয়াছিলেন। অতএব প্রকৃত নির্বৃতি ত কোথাও দেখিতেছি না।[৪০] পরমেশ্বর! সমুদায় জগতের সৃষ্টিকর্ত্তা ও সমুদায় জগতের আশ্রয় স্বরূপ তোমাকে আরাধনা না করিয়া কোন রূপেই নিত্য সুখ ও নিত্য নির্বৃতি লাভ করিতে পারা যায় না।[৪১] মনুষ্যগণ তোমার মায়ায় মুগ্ধ হইয়া জন্ম, মৃত্যু ও জরা প্রভৃতি কষ্ট সমুদায় ভোগ পূর্ব্বক প্রেতরাজের মুখ অবলোকন করিতেছে।[৪২]

মনুষ্যগণ তোমার স্বরূপ পরিজ্ঞাত হইতে না পারিয়া নিজকার্য্য জনিত পাপানুসারে নরকস্থ হইয়া অতি দারুণ দুঃখ ভোগ করিয়া থাকে।[৪৩] পরমেশ্বর! আমিও বিষয়সমূহে সাতিশয় মগ্ন ও তোমার মায়ায় মোহিত হইয়া মমতা-জনিত অহঙ্কাররূপ

সোঽহং ত্বাং শরণমপারমীশমীড্যং
সংপ্রাপ্তঃ পরমপদং যতো ন কিঞ্চিৎ।
সংসারাশ্রমপরিতাপতপ্তচেতা*
নির্ব্বাণে পরিণতধাম্নি সাভিলাষঃ॥ ৪৫॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
কালযবননাশনং নাম
ত্রয়োবিংশোঽধ্যায়ঃ।

গহ্বরে নিয়ত পরিভ্রমণ করিতেছি।[৪৪] তুমি সকলের ঈশ্বর ও তুমি সকলের পূজ্য, তুমি পরমপদস্বরূপ, এই জগতে তোমা ব্যতীত কোন বস্তুই নাই। আমি এক্ষণে সংসারাশ্রম জনিত পরিতাপে সন্তপ্ত-হৃদয় হইয়া পরিপক্ব যোগীদিগের প্রাপ্য নির্ব্বাণ মুক্তিতে সাভিলাষ হওয়াতে তোমার শরণাপন্ন হইলাম।[৪৫]

বিষ্ণুপুরাণ পঞ্চমাংশ কালযবন বিনাশ নামক
ত্রয়োবিংশতিতম অধ্যায় সমাপ্ত।

---

* সংসারাশ্রয়পরিতাপতপ্তচেতা ইতি কচিৎ পাঠঃ।৪৫

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমাংশঃ।

চতুর্বিংশোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

ইত্থং স্তুতস্তদা তেন মুচুকুন্দেন ধীমতা।
প্রাহেশঃ সর্ব্বভূতানামনাদির্ভগবান্ হরিঃ ॥ ১ ॥
যথাভিবাঞ্ছিতান্ দিব্যান্ গচ্ছ লোকান্ নরেশ্বর।
অব্যাহতপরৈশ্বর্য্যো মৎপ্রসাদোপবৃংহিতঃ ॥২॥
ভুক্ত্বা ভোগান্ মহাদিব্যান্ ভবিষ্যসি মহাকুলে।
জাতিস্মরো মৎপ্রসাদাৎ ততো মোক্ষমবাপ্স্যসি ॥৩॥

পরাশর কহিলেন, ধীমান্ মুচুকুন্দ এইরূপ স্তব করিলে, সর্ব্ব ভূতের ঈশ্বর অনাদি ভগবান্ হরি কহিলেন,[১] রাজন্! তুমি এক্ষণে যথাভিলষিত দিব্যলোকে গমন কর। আমার অনুগ্রহে তোমার অণিমা লঘিমা প্রভৃতি অষ্টবিধ ঐশ্বর্য্য অব্যাহত হইবে।[২] তুমি আমার অনুগ্রহে, এক্ষণে স্বর্গীয় ভোগ্যবস্তু সমুদায় উপভোগ করিয়া পরিশেষে জাতিস্মর হইয়া উত্তম সদ্বংশে জন্মপরিগ্রহ করিবে এবং সেই জন্মেই তোমার মুক্তিলাভ হইবে।[৩]

পরাশর কহিলেন। অনন্তর মুচুকুন্দ এই কথা শ্রবণ পূর্ব্বক

পরাশর উবাচ।

ইত্যুক্তঃ প্রণিপত্যেশং জগতামচ্যুতং নৃপঃ।
গুহামুখাদ্বিনিষ্ক্রান্তো দদৃশে সোহল্পকান্ নরান্॥৪
ততঃ কলিযুগং জ্ঞাত্বা প্রাপ্তং তপ্তুং নৃপস্তপঃ।
নরনারায়ণস্থানং প্রযযৌ গন্ধমাদনম্॥ ৫ ॥
কৃষ্ণোহপি ঘাতয়িত্বারিমুপায়েন হি তদ্বলম্।
জগ্রাহ মথুরামেত্য হস্ত্যশ্বস্যন্দনোজ্জ্বলম্॥ ৬॥
আনীয় চোগ্রসেনায় দ্বারবত্যাং ন্যবেদয়ৎ।
পরাভিভবনিঃশঙ্কং বভূব চ যদোঃ কুলম্॥৭॥
বলদেবোহপি মৈত্রেয় প্রশান্তাখিলবিগ্রহঃ।

জগদীশ্বর কৃষ্ণকে প্রণাম করিয়া গুহা হইতে নিষ্ক্রান্ত হইলেন এবং দেখিলেন যে, মনুষ্যের আকার অতীব ক্ষুদ্র।৪ তখন তিনি, কলিযুগ উপস্থিত হইয়াছে বুঝিতে পারিয়া তপস্যা করিবার অভিপ্রায়ে গন্ধমাদন পর্ব্বতে নর-নারায়ণের আশ্রমে গমন করিলেন।৫ এদিকে কৃষ্ণ কৌশলদ্বারা শত্রু বিনাশ করিয়া মথুরায় আগমন পূর্ব্বক হস্তী অশ্ব ও রথদ্বারা সমাকীর্ণ সেই সমুদায় শত্রু-সৈন্য গ্রহণ করিলেন।৬

অনন্তর তিনি সেই সমুদায় সৈন্য সমভিব্যাহারে লইয়া দ্বারকায় আগমন পূর্ব্বক উগ্রসেনের নিকট সমর্পণ করিলেন। তখন শত্রু কর্তৃক পরাভূত হইবার সম্ভাবনা না থাকাতে যাদবগণ নিঃশঙ্ক হইলেন।৭

মৈত্রেয়! এইরূপে যখন যুদ্ধ বিগ্রহ প্রশান্ত হইল, তখন এক দিবস বলদেব জ্ঞাতিগণকে দেখিবার নিমিত্ত সমুৎসুক হইয়া

জ্ঞাতিসংদর্শনোৎকণ্ঠঃ* প্রযযৌ নন্দগোকুলম্ ॥৮॥
ততো গোপীশ্চ গোপাংশ্চ যথাপূর্ব্বমমিত্রজিৎ।
তথৈবাভ্যবদৎ প্রেম্না বহুমানপুরঃসরম্॥ ৯॥
কৈশ্চাপি সংপরিস্বক্তঃ কাংশ্চিৎ স পরিষস্বজে।
হাস্যঞ্চক্রে সমং কৈশ্চিদ্ গোপৈর্গোপীজনৈস্তথা॥১০
প্রিয়াণ্যনেকান্যবদন্ গোপাস্তত্র হলায়ুধম্।
গোপ্যশ্চ প্রেমকুপিতাঃ প্রোচুঃ সের্ষ্যমথাপরাঃ॥১১
গোপ্যঃ পপ্রচ্ছুরপরা নাগরীজনবল্লভঃ।
কচ্চিদাস্তে সুখং কৃষ্ণশ্চলৎপ্রেমলবাত্মকঃ॥ ১২॥
অস্মচ্চেষ্টামুপহসন্ কচ্চিন্ন পুরযোষিতাম্†।

গোকুলে নন্দালয়ে গমন করিলেন।[৮] শত্রুবিজয়ী বলদেব পূর্ব্বের ন্যায় প্রীতির সহিত ও বহু সম্মানের সহিত, গোপীগণকে ও গোপগণকে প্রণাম করিলেন। ৯ কোন কোন গোপ তাঁহাকে আলিঙ্গন করিল। তিনিও কোন কোন গোপকে আলিঙ্গন করিলেন। কোন কোন গোপ ও গোপীর সহিত তিনি হাস্য পরিহাস করিলেন।[১০] গোপগণ ও গোপীগণ এই বলরামকে নানাবিধ প্রিয় বাক্য কহিতে লাগিল। কতকগুলি গোপী প্রণয়কুপিতা হইয়া ঈর্ষ্যাযুক্ত বাক্য প্রয়োগ করিতে লাগিল।[১১] কোন কোন গোপী জিজ্ঞাসা করিল, যাঁহার প্রেম অতীব চঞ্চল, সেই নগরবাসিনী রমণীদিগের প্রিয় কৃষ্ণ ত সুখে আছেন?[১২] আমরা গ্রাম্য রমণী, অস্থির-প্রেম কৃষ্ণ ত এক্ষণে আমাদের চেষ্টা ও বাক্যে উপহাস করিয়া নাগরী রমণীদিগের সৌভাগ্য-জনিত মান বৃদ্ধি করিতেছেন।[১৩] আমরা যে কৃষ্ণের

---

* জ্ঞাতিদর্শনসোৎকণ্ঠ ইতি বা পঠনীয়ম্।৮
† কচ্চিৎ স পুরযোষিতাম্ ইতি বিভিন্নঃ পাঠঃ।১৩

সৌভাগ্যমানমধিকং করোতি ক্ষণসৌহৃদঃ ॥১৩॥
কচ্চিৎ স্মরতি নঃ কৃষ্ণো গীতানুগমনং কলম্।
অপ্যসৌ মাতরং দ্রষ্টুং সকৃদপ্যাগমিষ্যতি ॥ ১৪ ॥
অথবা কিং তদালাপৈরপরা ক্রিয়তাং কথা।
তস্যাস্মাভির্বিনা তেন বিনাস্মাকং ভবিষ্যতি ॥১৫॥
পিতা মাতা তথা ভ্রাতা ভর্ত্তা বন্ধুজনশ্চ কিম্।
ন ত্যক্তস্তৎকৃতেঽস্মাভিরকৃতজ্ঞধ্বজো হি সঃ ॥১৬॥
তথাপি কচিদালাপমিহাগমনসংশ্রয়ম্।
করোতি কৃষ্ণো বক্তব্যং ভবতা কৃষ্ণ নানৃতম্ ॥১৭॥
দামোদরাসৌ গোবিন্দঃ* পুরস্ত্রীন্যস্তমানসঃ।
অপেতপ্রীতিরস্মাসু দুর্দ্দর্শঃ প্রতিভাতি নঃ ॥ ১৮ ॥

সহিত মিলিত হইয়া মধুর সঙ্গীত করিয়াছিলাম, তাহা কি তাঁহার স্মরণ আছে? তিনি মাতাকে দেখিবার নিমিত্ত কি একবারও আসিবেন না?[১৪] অথবা কৃষ্ণের কথায় আবশ্যক নাই, অন্য কথা কহা যাউক। আমরা ব্যতিরেকে কৃষ্ণের চলিতেছে, সুতরাং কৃষ্ণ ব্যতিরেকেও আমাদের দিন যাইবে।[১৫] আমরা কৃষ্ণের নিমিত্ত পিতা, মাতা, ভ্রাতা, ভর্ত্তা ও সমুদায় বন্ধুজন পরিত্যাগ করিয়াছিলাম। (আর কি বলিব) কৃষ্ণ অকৃতজ্ঞদিগের একটী প্রধান দৃষ্টান্ত স্থল।[১৬] বলদেব! কৃষ্ণ এখানে আগমন বিষয়ে কখন কোন কথা বলেন? এ বিষয়ে মিথ্যা কথা কহিও না, সত্য করিয়া বল।[১৭] দামোদর! সেই গোবিন্দ এক্ষণে নগর-রমণীর প্রতি আসক্ত-হৃদয় হইয়াছেন। আমাদের প্রতি এক্ষণে আর তাঁহার স্নেহ ও প্রীতি নাই। অতএব আর যে কখনও তাঁহার দর্শন পাইব, এমত বোধ হয় না।[১৮]

---

* দামোদরোঽসৌ গোবিন্দঃ ইত্যেবং পাঠঃ সর্ব্বেষ্বেব পুস্তকেষু দৃশ্যতে পরন্তু দামোদরঃ ইতি প্রথমান্ত পাঠে পরশ্লোকেন বিরোধঃ স্যাৎ।

পরাশর উবাচ।

আমন্ত্রিতঃ স কৃষ্ণেতি পুনর্দ্দামোদরেতি চ।
জহসুঃ সুস্বরং গোপ্যো হরিণা হৃতচেতসঃ ॥১৯॥
সন্দেশৈঃ সামমধুরৈঃ প্রেমগর্ভৈরগর্ব্বিতৈঃ।
রামেণাশ্বাসিতা গোপ্যঃ কৃষ্ণস্যাতিমনোহরৈঃ ॥২০॥
গোপৈশ্চ পূর্ব্ববদ্রামঃ পরিহাসমনোরমাঃ।
কথাশ্চকার রেমে চ সহ তৈর্ব্রজভূমিষু ॥২১॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
রামব্রজাগমনং নাম
চতুর্বিংশোঽধ্যায়ঃ।

পরাশর কহিলেন। এইরূপে গোপীগণ কৃষ্ণ কর্ত্তৃক হৃত-হৃদয়া হইয়া বলদেবকে প্রথমত কৃষ্ণ পরে দামোদর বলিয়া সম্বোধন করাতে নিজ নিজ মতিভ্রম হইয়াছে, বুঝিতে পারিয়া উচ্চৈঃস্বরে হাস্য করিতে লাগিল। [১৯]

অনন্তর বলদেব, কৃষ্ণ কর্ত্তৃক প্রেরিত সান্ত্বনাপূর্ণ মধুর সন্দেশ দ্বারা ও গর্ব্ব-পরিশূন্য প্রেমগর্ভ মনোহর বাক্যসমূহ দ্বারা গোপীগণকে আশ্বাস প্রদান করিতে লাগিলেন। [২০] অনন্তর বলদেব গোপগণের সহিত পূর্ব্বের ন্যায় পুনর্ব্বার মনোহর পরিহাস বাক্য কহিতে লাগিলেন এবং ঐ ব্রজভূমিতেই তাহাদের সহিত ক্রীড়া করিতে প্রবৃত্ত হইলেন। [২১]

বিষ্ণুপুরাণ-পঞ্চমাংশ রামব্রজাভিগমন নামক
চতুর্ব্বিংশ অধ্যায় সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমাংশঃ।

পঞ্চবিংশোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

বনে বিচরতস্তস্য সহ গোপৈর্ম্মহাত্মনঃ।
মানুষচ্ছদ্মরূপস্য শেষস্য ধরণীভৃতঃ ॥১॥
নিষ্পাদিতোরুকার্য্যস্য কার্য্যেণোর্বীবিচারিণঃ।
উপভোগার্থমত্যর্থং বরুণঃ প্রাহ বারুণীম্ ॥২॥
অভীষ্টা সর্ব্বদা যস্য মদিরে ত্বং মহৌজসঃ।
অনন্তস্যোপভোগায় তস্য গচ্ছ মুদে শুভে! *॥৩॥

পরাশর কহিলেন। মনুষ্যরূপধারী ধরণীধর মহাত্মা অনন্ত, এই রূপে গোপগণের সহিত সেই বনে বিচরণ করিতে লাগিলেন।[১] তিনি মহৎ কার্য্য সম্পন্ন করিয়া, পৃথিবীতে বিচরণ করিতেছেন, দেখিয়া তাঁহার উপভোগের নিমিত্ত বরুণ বারুণীকে কহিলেন,[২] শুভলক্ষণে মদিরে! তুমি সর্ব্বদা যে মহাত্মার অত্যন্ত প্রিয়তমা ছিলে, সেই অনন্ত দেবের উপভোগের নিমিত্ত তাঁহার নিকট উপস্থিত হও।[৩] বারুণী বরুণের এই বাক্য শ্রবণ করিয়া বৃন্দাবন-

* তস্য গচ্ছ মুদে শুভে! ইতি বিভিন্নঃ পাঠঃ।৩

ইত্যুক্তা বারুণী তেন সন্নিধানমথাকরোৎ।
বৃন্দাবনবনোৎপন্ন-কদম্বতরুকোটরে ॥৪॥
বিচরন্ বলদেবোঽপি মদিরাগন্ধমুত্তমম্।
অঘ্রায় মদিরাতর্ষমবাপাথ পুরাতনম্ ॥৫॥
ততঃ কদম্বাৎ সহসা মদ্যধারাং স লাঙ্গলী।
পতন্তীং বীক্ষ্য মৈত্রেয়! প্রযযৌ পরমাং মুদম্ ॥৬॥
পপৌ চ গোপগোপীভিঃ সমবেতো মুদান্বিতঃ।
উপগীয়মানো ললিতং গীতবাদ্যবিশারদৈঃ ॥৭॥
সমন্তোৎপন্ন-ঘর্ম্মাম্ভঃ-কণিকা-মৌক্তিকোজ্জ্বলঃ।
আগচ্ছ যমুনে স্নাতুমিচ্ছামীত্যাহ বিহ্বলঃ ॥ ৮॥
তস্য বাচং নদী সা চ মত্তোক্তামবমন্য বৈ।

বনজাত কদম্ব বৃক্ষের কোটর মধ্যে আবির্ভূত হইলেন।[৪] বলদেবও ভ্রমণ করিতে করিতে উত্তম মদিরাগন্ধের আঘ্রাণ পাইয়া পূর্ব্বাভ্যস্ত মদিরাপানে অভিলাষী হইলেন।[৫] মৈত্রেয়! অনন্তর সেই হলধর সহসা দেখিতে পাইলেন যে, কদম্ব বৃক্ষ হইতে মদ্যধারা নিপতিত হইতেছে। তখন তাঁহার আর আনন্দের পরিসীমা রহিল না।[৬] পরে তিনি গোপ ও গোপীগণের সহিত মিলিত হইয়া প্রীতিপ্রফুল্ল হৃদয়ে সেই মদিরা পান করিতে আরম্ভ করিলেন। যাহারা গীত বাদ্যে বিশারদ, তাহারা সেই সময়ে তাঁহার স্তুতিবিষয়ক গান করিতে লাগিল।[৭] তাঁহার সর্ব্ব শরীর ঘর্ম্ম-কণিকা রূপ মুক্তাসমূহ দ্বারা উজ্জ্বল হইল। তিনি বিহ্বল অন্তঃকরণে কহিলেন, যমুনে! আগমন কর, আমি স্নান করিতে ইচ্ছা করিতেছি।[৮]

যমুনা বলদেবের এই বাক্য শ্রবণ পূর্ব্বক মত্ত বলিয়া অবজ্ঞা করিয়া

নাজগাম, ততঃ ক্রুদ্ধো হলং জগ্রাহ লাঙ্গলী ॥৯॥
গৃহীত্বা তাং তটে তেন চকর্ষ মদবিহ্বলঃ।
পাপে! নায়াসি নায়াসি গম্যতামিচ্ছয়াত্মনঃ ॥১০॥
সা কৃষ্টা তেন সহসা মার্গং সন্ত্যজ্য নিম্নগা।
যত্রাস্তে বলভদ্রোঽসৌ প্লাবয়ামাস তদ্বনম্ ॥১১॥
শরীরিণী তথোৎপত্য ত্রাসবিহ্বললোচনা।
প্রসীদেত্যব্রবীদ্রামং মুঞ্চ মাং মুষলায়ুধ ॥১২॥
সোঽব্রবীদবজানাসি মম শৌর্য্যবলে যদি।
সোঽহং ত্বাং হলপাতেন বিনেষ্যামি সহস্রধা ॥১৩॥

পরাশর উবাচ।

ইত্যুক্তয়াতিসংত্রাসাৎ তয়া নদ্যা প্রসাদিতঃ।

তাঁহার নিকট উপস্থিত হইলেন না। তখন সেই হলধর ক্রুদ্ধ হইয়া লাঙ্গল গ্রহণ করিলেন।[৯] তিনি মত্ততা প্রযুক্ত বিহ্বল অন্তঃকরণে যমুনাকে তটদেশে গ্রহণ করিয়া আকর্ষণ করিতে আরম্ভ করিলেন (ও কহিলেন,) পাপে! তুমি আসিতেছ না, আসিতেছ না, এখন ক্ষমতা থাকে যথা ইচ্ছা গমন কর।[১০] যমুনা বলভদ্র কর্তৃক আকৃষ্ট হইয়া তৎক্ষণাৎ স্বীয় পথ পরিত্যাগ পূর্ব্বক, যেখানে তিনি অবস্থিতি করিতেছেন, সেই বন প্লাবিত করিলেন।[১১] অনন্তর তিনি শরীর ধারণ পূর্ব্বক উত্থিতা হইয়া ভয়বিহ্বল লোচনে মুষলধারি রামকে কহিলেন, প্রসন্ন হউন, আমাকে ছাড়িয়া দিউন।[১২] বলদেব কহিলেন, যদি তুমি আমার শৌর্য্য বিষয়ে ও বল বিষয়ে অবমাননা কর, তাহা হইলে এই লাঙ্গলপ্রহার দ্বারা তোমাকে সহস্রধা বিদীর্ণ করিব।[১৩]

পরাশর কহিলেন। যমুনা এই কথা শ্রবণ করিয়া ভয় হেতু তাঁহা-

ভূভাগে প্লাবিতে তস্মিন্ মুমোচ যমুনাং বলঃ ॥১৪॥
ততঃ স্নাতস্য বৈ কান্তিরাজগাম মহাত্মনঃ।
অবতংসোৎপলং চারু গৃহীত্বৈকঞ্চ কুণ্ডলম্ ॥১৫॥
বরুণপ্রহিতাং চাস্মৈ মালামম্লানপঙ্কজাম্।
সমুদ্রাভে তথা বস্ত্রে নীলে লক্ষ্মীরযচ্ছত ॥১৬॥
কৃতাবতংসঃ স তদা চারুকুণ্ডলভূষিতঃ।
নীলাম্বরধরঃ স্রগ্বী শুশুভে কান্তিসংযুতঃ ॥১৭॥
ইত্থং বিভূষিতো রেমে তত্র রামস্তথা ব্রজে।
মাসদ্বয়েন যাতশ্চ পুনঃ স দ্বারকাং পুরীম্ ॥১৮॥
রেবতীং নাম তনয়াং রৈবতস্য মহীপতেঃ।

কে প্রসন্ন করিবার চেষ্টা করিতে লাগিলেন। যখন সেই স্থান নদী-জলে প্লাবিত হইল, তখন বলদেবও তাঁহাকে ছাড়িয়া দিলেন।[১৪] অনন্তর সেই মহাত্মা যখন স্নান করিলেন, তখন লক্ষ্মী তাঁহার এক কর্ণের ভূষণ কুণ্ডল ও অপর কর্ণের ভূষণ মনোহর পদ্ম লইয়া উপস্থিত হইলেন,[১৫] এবং তিনি বরুণ কর্তৃক প্রেরিত, চিরকান্তি কমল দ্বারা গ্রথিত মালা ও সমুদ্রসদৃশ নীলবর্ণ বসনযুগল সেই হলধরকে প্রদান করিলেন।[১৬]

অনন্তর বলদেব নীল বর্ণ বসনযুগল ও মাল্য ধারণ করিয়া মনোহর অবতংস ও কুণ্ডল দ্বারা শোভা পাইতে লাগিলেন।[১৭] তিনি সেই ব্রজ স্থানে এই রূপ অলঙ্কৃত হইয়া ক্রীড়া করিতে আরম্ভ করিলেন। অনন্তর দুই মাস অতীত হইলে তিনি পুনর্ব্বার দ্বারকায় প্রতিনিবৃত্ত হইলেন।[১৮] পরে তিনি রৈবত নামক রাজার কন্যা

উপযেমে বলস্তস্যাং জজ্ঞাতে নিশঠোল্মুকৌ ॥১৯॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
বলবিলাসো নাম
পঞ্চবিংশতিতমোঽধ্যায়ঃ।

রেবতীর পাণি গ্রহণ করেন, এই রেবতীর গর্ভে নিশঠ ও উল্মুক নামক দুইটী পুত্র উৎপন্ন হয়। ১৯

বিষ্ণুপুরাণ, পঞ্চমাংশ, বলবিলাস নামক
পঞ্চবিংশ অধ্যায় সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমাংশঃ।

ষড়্‌বিংশোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

ভীষ্মকঃ কুণ্ডিনে রাজা বিদর্ভবিষয়েঽভবৎ।
রুক্মী তস্যাভবৎ পুত্রো রুক্মিণী চ বরাঙ্গনা॥ ১
রুক্মিণীং চকমে কৃষ্ণঃ সা চ তং চারুহাসিনী।
ন দদৌ যাচতে চৈনাং রুক্মী দ্বেষেণ চক্রিণে॥২॥
দদৌ চ শিশুপালায় জরাসন্ধপ্রদেশিতঃ।
ভীষ্মকো রুক্মিণা সার্দ্ধং রুক্মিণীমুরুবিক্রমঃ *॥৩॥

পরাশর কহিলেন। বিদর্ভদেশে কুণ্ডিন নগরে ভীষ্মক নামে এক রাজা ছিলেন। তাঁহার রুক্মী নামে এক পুত্র ও রুক্মিণী নামে পরমসুন্দরী এক কন্যা হইয়াছিল।[১] চারুহাসিনী রুক্মিণী কৃষ্ণকে এবং কৃষ্ণও রুক্মিণীকে বিবাহার্থ কামনা করিয়াছিলেন। কৃষ্ণ যখন কন্যা প্রার্থনা করেন, তখন রুক্মী বিদ্বেষ বশত তাঁহাকে দান করিতে সম্মত হইলেন না।[২] পরে মহাবিক্রমশালী রুক্মী ও ভীষ্মক, জরাসন্ধের আদেশানুসারে রুক্মিণীকে শিশুপালের হস্তে সমর্পণ করিতে কৃতপ্রতিজ্ঞ হইলেন।[৩] অনন্তর শিশুপালের

---

* জরাসন্ধপ্রচোদিত ইতি বা পাঠঃ।৩

বিবাহার্থং ততঃ সর্ব্বে জরাসন্ধমুখা নৃপাঃ।
ভীষ্মকস্য পুরং জগ্মুঃ শিশুপালপ্রিয়ৈষিণঃ ॥৪॥
কৃষ্ণোঽপি বলভদ্রাদ্যৈর্যাদবৈর্ব্বহুভির্বৃতঃ।
প্রযযৌ কুণ্ডিনং দ্রষ্টুং বিবাহঞ্চৈব ভূভৃতঃ ॥৫॥
শ্বোভাবিনি বিবাহে তু তাং কন্যাং হৃতবান্ হরিঃ।
বিপক্ষভারমাসজ্য রামাদ্যেম্বথ বন্ধুষু ॥৬॥
ততশ্চ পৌণ্ড্রকঃ শ্রীমান্ দন্তবক্রো বিদূরথঃ।
শিশুপালজরাসন্ধ-শাল্বাদ্যাশ্চ মহীভৃতঃ ॥৭॥
কুপিতাস্তে হরিং হন্তুং চক্রুরুদ্যোগমুত্তমম্।
নির্জ্জিতাশ্চ সমাগম্য রামদ্যৈর্যদুপুঙ্গবৈঃ ॥ ৮॥
কুণ্ডিনং ন প্রবেক্ষ্যামি অহত্বা যুধি কেশবম্।

হিতাভিলাষী জরাসন্ধ প্রভৃতি ভূপালগণ তদীয় বিবাহ সম্পাদনের নিমিত্ত ভীষ্মক রাজার নগরীতে উপস্থিত হইলেন।[৪] কৃষ্ণও বলভদ্র প্রভৃতি বহুসংখ্য যাদবগণে পরিবৃত হইয়া শিশুপালের বিবাহদর্শনার্থ কুণ্ডিন নগরে গমন করিলেন।[৫] অনন্তর কৃষ্ণ বিবাহের পূর্ব্ব দিবস বলরাম প্রভৃতি বন্ধুগণের প্রতি বিপক্ষের সহিত যুদ্ধ করিবার ভার অর্পণ করিয়া সেই কন্যাকে হরণ করিলেন।[৬] অনন্তর শ্রীমান পৌণ্ড্রক, দন্তবক্র, বিদূরথ, শিশুপাল, জরাসন্ধ, শাল্ব প্রভৃতি ভূপালগণ,[৭] কুপিত হইয়া কৃষ্ণকে বিনাশ করিতে উদ্যত হইলেন। যখন, যুদ্ধার্থ আগমন করিলেন, তখন রাম প্রভৃতি প্রধান প্রধান যাদবগণ কর্ত্তৃক তাঁহারা পরাজিত হইলেন।[৮] অনন্তর রুক্মী প্রতিজ্ঞা করিলেন, কৃষ্ণকে সংগ্রামে সংহার না করিয়া কুণ্ডিন নগরে প্রবেশ করিব না। তিনি এই রূপ

কৃত্বা প্রতিজ্ঞাং রুক্মী চ হন্তুং কৃষ্ণমভিদ্রুতঃ ॥৯॥
হত্বা বলং সনাগাশ্ব-পত্তিস্যন্দনসংকুলম্।
নির্জ্জিতঃ পাতিতশ্চোর্ব্ব্যাং লীলয়ৈব স চক্রিণা ॥১০
হন্তুং কৃতমতিঃ কৃষ্ণো রুক্মিণং যুদ্ধদর্পদম্।
প্রণম্য যাচিতো ব্রহ্মন্ রুক্মিণ্যা ভগবান্ হরিঃ ॥১১॥
এক এব মম ভ্রাতা ন হন্তব্যস্ত্বয়াধুনা।
কোপং নিয়ম্য দেবেশ* ভ্রাতৃভিক্ষা প্রদীয়তাম্ ॥১২
ইত্যুক্তেন পরিত্যক্তঃ কৃষ্ণেনাক্লিষ্টকর্ম্মণা।
রুক্মী ভোজকটং নাম পুরং কৃত্বাবসৎ তদা ॥১৩॥
নির্জ্জিত্য রুক্মিণং সম্যগুপযেমে স রুক্মিণীম্।
রাক্ষসেন বিবাহেন সংপ্রাপ্তাং মধুসূদনঃ ॥ ১৪ ॥

প্রতিজ্ঞারূঢ় হইয়া কৃষ্ণকে বিনাশ করিবার নিমিত্ত ধাবমান হই-লেন।[৯] কৃষ্ণ, তাঁহার নাগ অশ্ব রথ পদাতি দ্বারা সমাকীর্ণ সৈন্য সংহার করিয়া তাঁহাকে পরাজয় পূর্ব্বক অবলীলাক্রমে ভূমিতে নি-ক্ষিপ্ত করিলেন।[১০] ব্রহ্মন্! ভগবান্ হরি যখন যুদ্ধ বিষয়ে দর্পশালী রুক্মীকে বিনাশ করিতে উদ্যত হইলেন, তখন রুক্মিণী প্রণাম করিয়া যাচ্ঞা করিলেন যে,[১১] গোবিন্দ! আমার একটীমাত্র ভ্রাতা। তুমি ইহাকে বিনাশ করিও না। তুমি ক্রোধ পরিহার করিয়া আমাকে ভ্রাতারূপ ভিক্ষা প্রদান কর।[১২] রুক্মিণী এই কথা বলিবামাত্র কঠোরকর্ম্মা কৃষ্ণ রুক্মীকে পরিত্যাগ করিলেন, রুক্মীও (নিজ প্রতিজ্ঞানুসারে কুণ্ডিননগরে প্রবেশ করিতে না পারিয়া) ভোজকট নামক নগর নির্ম্মাণ পূর্ব্বক সেই স্থানে বাস করিতে লাগিলেন।[১৩]

---

* কোপং নিযচ্ছ দেবেশ ইতি বা পঠনীয়ম্ ।১২

তস্যাং জজ্ঞেঽথ প্রদ্যুম্নো মদনাংশঃ স বীর্য্যবান্ ।
জহার শম্বরো যং বৈ যো জঘান চ শম্বরম্ ॥১৫॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
রুক্মিণীপরিণয়ো নাম
ষড়্বিংশোঽধ্যায়ঃ ।

এদিকে মধুসূদন, রাজা রুক্মীকে পরাজয় করিয়া রাক্ষস বিধানানুসারে রুক্মিণীকে প্রাপ্ত হইয়া বিবাহ করিলেন।[১৪] এই রুক্মিণীর গর্ভে মদনাংশ-সমুৎপন্ন বীর্য্যবান্ প্রদ্যুম্ন উৎপন্ন হইয়াছিলেন। শম্বর নামক দৈত্য এই প্রদ্যুম্নকে হরণ করিয়াছিল। প্রদ্যুম্নও সেই দৈত্যকে বিনাশ করিয়াছিলেন।[১৫]

বিষ্ণুপুরাণ পঞ্চমাংশ রুক্মিণী পরিণয় নামক
ষড়্বিংশ অধ্যায় সমাপ্ত ।

---

* কেষুচিৎ পুস্তকেষু শম্বরশব্দে দন্ত্যসকারো দৃশ্যতে ।১৫

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমাংশঃ।

সপ্তবিংশোঽধ্যায়ঃ।

মৈত্রেয় উবাচ।

শম্বরেণ হৃতো বীরঃ প্রদ্যুম্নঃ স কথং মুনে।
শম্বরশ্চ মহাবীর্য্যঃ প্রদ্যুম্নেন কথং হতঃ ॥১॥

পরাশর উবাচ।

ষষ্ঠেঽহ্নি জাতমাত্রন্তু প্রদ্যুম্নং সূতিকাগৃহাৎ।
মমৈষ হন্তেতি মুনে হৃতবান্ কালশম্বরঃ ॥২॥
হৃত্বা চিক্ষেপ চৈবৈনং গ্রাহোগ্রে লবণার্ণবে।
কল্লোলজনিতাবর্ত্তে সুঘোরে মকরালয়ে ॥৩॥

মৈত্রেয় কহিলেন। (মহর্ষে! শম্বর নামক দৈত্য কিরূপে মহাবীর প্রদ্যুম্নকে হরণ করিয়াছিল, এবং প্রদ্যুম্নও কিরূপে মহাবীর্য্যশালী শম্বরকে সংহার করিয়াছিলেন, (অনুগ্রহ পূর্ব্বক বলুন।)

পরাশর কহিলেন, প্রদ্যুম্ন জন্মগ্রহণ করিবামাত্র কাল স্বরূপ শম্বর জানিতে পারিল যে, এই বালক আমাকে বিনাশ করিবে।[১] পরে সে ষষ্ঠ দিবসে সূতিকাগৃহ হইতে তাহাকে হরণ করিয়া লইয়া গেল।[২] শম্বর এইরূপে হরণ করিয়া তাহাকে ভীষণ জলজন্তু-সমাকুল কল্লোল ও আবর্ত্ত বিশিষ্ট মকরসমূহের আবাস

পতিতং তত্র চৈবৈকো মৎস্যো জগ্রাহ বালকম্।
ন মমার চ তস্যাপি জঠরেঽনলদীপিতঃ ॥৪॥
মৎস্যবন্ধৈশ্চ মৎস্যোঽসৌ মৎস্যৈরন্যৈঃ সহ দ্বিজ।
ঘাতিতোঽসুরবর্য্যায় শম্বরায় নিবেদিতঃ ॥৫॥
তস্য মায়াবতী নাম পত্নী সর্ব্বগৃহেশ্বরী।
কারয়ামাস সূদানামাধিপত্যমনিন্দিতা ॥৬॥
দারিতে মৎস্যজঠরে সা দদর্শাতিশোভনম্।
কুমারং মন্মথতরোর্দ্দগ্ধস্য প্রথমাঙ্কুরম্ ॥৭॥
কোঽয়ং কথময়ং মৎস্যজঠরং সমুপাগতঃ।
ইত্যেবং কৌতুকাবিষ্টাং তাং তন্বীং প্রাহ নারদঃ ॥৮

অতীব ভীষণ লবণসমুদ্রে নিক্ষেপ করিল।[৩] বালক সেই স্থানে পতিত হইবামাত্র একটী মৎস্য তাহাকে ভক্ষণ করিল। প্রদ্যুম্ন যদিও তাহার জঠরানলে দগ্ধ হইতে লাগিলেন, তথাপি মৃত্যু-গ্রাসে পতিত হন নাই।[৪]

অনন্তর মৎস্যজীবিগণ, অন্যান্য মৎস্যের সহিত (যে মৎস্যের উদরে প্রদ্যুম্ন ছিলেন) সেই মৎস্যটিকেও জালে বন্ধন করিয়া বিনাশ করিল। পরে তাহারা ঐ সমস্ত মৎস্য দৈত্যরাজ শম্বরকে প্রদান করে।[৫] মায়াবতী নামে শম্বরের এক পত্নী ছিলেন। ঐ পত্নী সমুদয় সংসারের কর্ত্তৃত্বে নিযুক্তা থাকিতেন, সুতরাং তিনি পাচক পাচিকা দিগের উপরেও আধিপত্য করিতেন।[৬] যে সময় ঐ মৎস্যের উদর বিদারিত হইল, তখন মায়াবতী দেখিলেন যে, দগ্ধ মন্মথরূপ বৃক্ষের প্রথম অঙ্কুর স্বরূপ একটি সুকুমার কুমার তন্মধ্যে রহিয়াছে।[৭] তন্বী মায়াবতী যখন কুতূহলাক্রান্ত হইয়া এইরূপ চিন্তা করিতেছেন যে, এই বালক কে? কিরূপেই বা মৎস্যজঠরে প্রবিষ্ট হইল, তখন নারদ

অয়ং সমস্তজগতঃ সৃষ্টিসংহারকারিণঃ।
শম্বরেণ হৃতঃ কৃষ্ণ-তনয়ঃ* সূতিকাগৃহাৎ ॥৯॥
ক্ষিপ্তঃ সমুদ্রে মৎস্যেন নিগীর্ণস্তে বশং গতঃ।
নররত্নমিদং সুভ্রু বিস্রদ্ধা পরিপালয় ॥১০॥

পরাশর উবাচ।

নারদেনৈবমুক্তা সা পালয়ামাস তং শিশুম্।
বাল্যাদেবাতিরাগেণ রূপাতিশয়মোহিতা ॥১১॥
স যদা যৌবনাভোগ-ভূষিতোঽভূন্মহামুনে।
সাভিলাষা তদা সাপি বভূব গজগামিনী ॥১২॥

আসিয়া তাঁহাকে কহিলেন, [৮] যিনি সমুদয় জগতের সৃষ্টি ও সংহার করেন, এইটি সেই কৃষ্ণের তনয়। শম্বর সূতিকাগৃহ হইতে ইহাকে হরণ করিয়া আনিয়াছে।[৯] পরে যখন সমুদ্রে নিক্ষেপ করিল, তখন এই মৎস্য ইহাকে ভক্ষণ করিয়াছিল, সুভ্রু! এক্ষণে এই বালক তোমার বশতাপন্ন হইয়াছে। এইটী মনুষ্যের মধ্যে রত্ন-স্বরূপ, তুমি অতিগোপনে ইহাকে প্রতিপালন কর।[১০]

পরাশর কহিলেন। মায়াবতী নারদের এই বাক্য শ্রবণ পূর্ব্বক শিশুর নিরুপম রূপে মোহিত হইয়া তাহার বাল্যাবস্থাবধি সাতিশয় অনুরাগের সহিত তাহাকে পালন করিতে লাগিলেন।[১১] মহর্ষে! যে সময় ঐ বালক যৌবনপথে পদার্পণ করিল তখন ঐ গজগামিনী মায়াবতী তাহার প্রতি সাভিলাষা হইলেন।[১২] মায়াবতী অতিশয়

* সম্বরেণ হৃতো বিষ্ণুতনয়ঃ ইতি বা পঠ্যতাম্।৯

মায়াবতী দদৌ চাস্মৈ মায়াঃ সর্ব্বা মহাত্মনে।
প্রদ্যুম্নায়াতিরাগান্ধা তন্ন্যস্তহৃদয়েক্ষণা ॥১৩॥
প্রসজ্জতীন্তু তামাহ* স কার্ষ্ণিঃ কমলেক্ষণাম্ ।
মাতৃভাবমপাহায় কিমেবং বর্ত্তসেহন্যথা ॥১৪॥
সা চাস্মৈ কথয়ামাস ন পুত্রস্ত্বং মমেতি বৈ ।
তনয়ং ত্বাময়ং বিষ্ণোর্হৃতবান্ কালশম্বরঃ ॥১৫॥
ক্ষিপ্তঃ সমুদ্রে মৎস্যস্য সংপ্রাপ্তো জঠরান্ময়া ।
সা তু রোদিতি তে মাতা কান্তাদ্যাপ্যতিবৎসলা ॥১৬

অনুরাগে অন্ধপ্রায়া হইয়া ঐ মহাত্মা প্রদ্যুম্নের প্রতি হৃদয় ও দৃষ্টি অর্পণ করিলেন এবং তন্নিবন্ধন তাহাকে সমুদায় আসুরী মায়াও শিখাইয়া দিলেন।[১৩]

কৃষ্ণনন্দন প্রদ্যুম্ন কমললোচনা মায়াবতীকে তাহার প্রতি প্রসক্তা দেখিয়া কহিলেন, তুমি কিনিমিত্ত মাতৃভাব পরিত্যাগ করিয়া এক্ষণে ঈদৃশ বিরুদ্ধ ভাব অবলম্বন করিতেছ, [১৪] ময়াবতী কহিলেন, তুমি আমার পুত্র নহ। তুমি ভগবান্ বিষ্ণুর তনয়, কালস্বরূপ শম্বর তোমাকে হরণ করিয়া আনিয়াছিল। [১৫] পরে শম্বর তোমাকে সমুদ্রে নিক্ষেপ করিলে আমি মৎস্যের জঠর মধ্যে তোমাকে প্রাপ্ত হইয়াছি। নাথ! অতিস্নেহবতী তোমার মাতা অদ্যাপি তোমার নিমিত্ত রোদন করিতেছেন। [১৬]

পরাশর কহিলেন। প্রদ্যুম্ন এই বাক্য শ্রবণ করিয়া শম্বরকে যুদ্ধার্থ আহ্বান করিলেন। ক্রোধভরে তাঁহার মন আকুলীকৃত

* প্রসিজ্জতীং তু তামাহ ইতি কেচিৎ পঠন্তি ।১৪

পরাশর উবাচ।

ইত্যুক্তঃ শম্বরং যুদ্ধে প্রদ্যুম্নঃ স সমাহ্বয়ৎ।
ক্রোধাকুলীকৃতমনা মুযুধে চ মহাবলঃ ॥১৭॥
হত্বা সৈন্যমশেষন্তু তস্য দৈত্যস্য মাধবিঃ।
সপ্ত মায়া ব্যতিক্রম্য মায়াং সংযুযুজেঽষ্টমীম্ ॥১৮॥
তয়া জঘান তং দৈত্যং মায়য়া কালশম্বরম্।
উৎপত্য চ তয়া সার্দ্ধমাজগাম পিতুর্গৃহম্ ॥১৯॥
অন্তঃপুরে নিপতিতং মায়াবত্যা সমন্বিতম্।
তং দৃষ্ট্বা কৃষ্ণসংকল্পা বভূবুঃ কৃষ্ণযোষিতঃ ॥২০॥
রুক্মিণী চাবদৎ প্রেম্না সাশ্রুদৃষ্টিরনিন্দিতা।
ধন্যায়াঃ খল্বয়ং পুত্রো বর্ত্ততে নবযৌবনে॥২১॥

হইল। তিনি মহাবল পরাক্রান্ত ছিলেন, সুতরাং অনায়াসে শম্বরের সহিত যুদ্ধ করিতে লাগিলেন।[১৭] কৃষ্ণতনয় প্রদ্যুম্ন দৈত্যের সমুদায় সৈন্য নিঃশেষ করিয়া, সপ্ত মায়া অতিক্রম পূর্ব্বক অষ্টম মায়ার আশ্রয় গ্রহণ করিলেন।[১৮] তিনি এই অষ্টম মায়া দ্বারা কালস্বরূপ দৈত্যরাজ শম্বরকে সংহার করেন। অনন্তর তিনি মায়াবতীর সহিত আকাশপথে উত্থিত হইয়া পিতৃগৃহে আগমন করিলেন।[১৯] পরে মায়াবতীর সহিত প্রদ্যুম্ন যখন কৃষ্ণের অন্তঃপুরে নিপতিত হইলেন, তখন তাঁহাকে দেখিয়া, কৃষ্ণের মহিষীগণ, আপনাদের ভর্ত্তাস্বরূপ কৃষ্ণ বোধ করিতে লাগিলেন।[২০] নিরুপম-রূপবতী রুক্মিণী স্নেহ ভরে সজললোচনা হইয়া কহিলেন, যে রমণীর এই পুত্র নবযৌবনে পদার্পণ করিয়াছেন, সেই রমণীই ধন্য।[২১] আমার পুত্র প্রদ্যুম্ন যদি জীবিত থাকিত, তাহা হইলে তাহার এইরূপ বয়ঃক্রম হইত।

অস্মিন্ বয়সি পুত্রো মে প্রদ্যুম্নো যদি জীবতি।
সভাগ্যা জননী বৎস ত্বয়া কাপি বিভূষিতা ॥২২॥
অথবা যাদৃশস্নেহো মম যাদৃগ্বপুস্তব।
হরেরপত্যং সুব্যক্তং ভবান্ বৎস ভবিষ্যতি ॥২৩॥

পরাশর উবাচ।

এতস্মিন্নন্তরে প্রাপ্তঃ সহ কৃষ্ণেন নারদঃ।
অন্তঃপুরচরীং দেবীং রুক্মিণীং প্রাহ হর্ষয়ন্ ॥২৪॥
এষ তে তনয়ঃ সুভ্রু ! হত্বা শম্বরমাগতঃ।
হৃতো যেনাভবদ্বালো ভবত্যাঃ সূতিকাগৃহাৎ ॥২৫॥
ইয়ং মায়াবতী ভার্য্যা তনয়স্যাস্য তে সতী।

বৎস ! তোমার জননী কে, জানি না। তিনি পরমভাগ্যবতী। তুমি তাঁহার ক্রোড়ের অলঙ্কারস্বরূপ হইয়াছ।[২২] অথবা বৎস ! তোমার প্রতি আমার যাদৃশ স্নেহ এবং তোমার যেরূপ শরীরের অবয়ব, তাহাতে স্পষ্টই বোধ হইতেছে, তুমি শ্রীকৃষ্ণের সন্তান হইবে।[২৩]

পরাশর কহিলেন, রুক্মিণী এইরূপ কহিতেছেন, ঈদৃশ সময়ে কৃষ্ণ ও নারদ তথায় উপস্থিত হইলেন। তাঁহারা অন্তঃপুরচারিণী দেবী রুক্মিণীকে আহ্লাদিতা করিয়া কহিলেন,[২৪] সুভ্রু ! এইটি তোমারি পুত্র। যে শম্বর নামক দৈত্য তোমার সূতিকাগৃহ হইতে এই বালককে করিয়া, লইয়া গিয়াছিল, তাহাকে বিনাশ করিয়া, এক্ষণে তোমার এই কুমার এই উপস্থিত হইয়াছে।[২৫]

এই পতিব্রতা মায়াবতী তোমার এই পুত্রেরই ভার্য্যা। ইনি শম্বর নামক দৈত্যের ভার্য্যা নহেন। এ বিষয়ের কারণ বলিতেছি,

শম্বরস্য ন ভার্য্যেয়ং শ্রূয়তামত্র কারণম্ ॥২৬॥
মন্মথে তু গতে নাশং তদুদ্ভবপরায়ণা।
শম্বরং মোহয়ামাস মায়ারূপেণ রূপিণী ॥২৭॥
ব্যবায়াদ্যুপভোগেষু রূপং মায়াময়ং শুভম্।
দর্শয়ামাস দৈত্যস্য তস্যেয়ং মদিরেক্ষণা ॥ ২৮॥
কামোঽবতীর্ণঃ পুত্রস্তে তস্যেয়ং দয়িতা রতিঃ।
বিশঙ্কা নাত্র কর্ত্তব্যা স্নুষেয়ং তব শোভনা ॥ ২৯ ॥
ততো হর্ষসমাবিষ্টা রুক্মিণী কেশবস্তথা।
নগরী চ সমস্তা সা সাধু সাধ্বিত্যভাষত ॥৩০॥
চিরনষ্টেন পুত্রেণ সংযুক্তাং প্রেক্ষ্য রুক্মিণীম্* ।

শ্রবণ কর।[২৬] মদন যখন বিনষ্ট হইয়াছিল, তখন তদায় ভার্য্যা, এই রূপবতী রমণী মদনের পুনরুৎপত্তি বিষয়ে একাগ্র-হৃদয়া হইয়া মায়াকৃত রূপ দ্বারা শম্বর নামক দৈত্যকে মোহিত করিয়াছেন।[২৭] যাঁহার দৃষ্টি মদিরার ন্যায় মত্ততার কারণ, সেই এই কন্যা দৈত্যের নিকট সম্ভোগাদি বিষয়ে মায়াময় উত্তম রূপ প্রদর্শন করিয়াছিলেন।[২৮] এক্ষণে মদন তোমার পুত্র রূপে অবতীর্ণ হইয়াছেন। ইনিই এই মদনের ভার্য্যা রতি, এ বিষয়ে কিছুমাত্র শঙ্কা করিও না। এইটী তোমারই পুত্রবধূ।[২৯]

অনন্তর রুক্মিণী ও কৃষ্ণ সাতিশয় আহ্লাদিত হইলেন। সমুদায় নগরবাসিনী রমণীরা প্রহৃষ্ট হৃদয়ে সাধুবাদ প্রদান করিতে লাগিল।[৩০] যে পুত্র বহুকাল নিরুদ্দেশ হইয়াছে, রুক্মিণীকে সেই পুত্রের

* সঙ্গতাং প্রেক্ষ্য রুক্মিণীম্ ইতি পাঠান্তরম্। ৩১

অবাপ বিস্ময়ং সর্ব্বো দ্বারবত্যাং জনস্তদা ॥৩১॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
সপ্তবিংশোঽধ্যায়ঃ।

সহিত মিলিত হইতে দেখিয়া দ্বারকাবাসী সমুদায় জনগণ সাতিশয় বিস্ময়ান্বিত হইল। ৩১

বিষ্ণুপুরাণ পঞ্চমাংশ সপ্তবিংশ
অধ্যায় সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমাংশঃ।

অষ্টাবিংশোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

চারুদেষ্ণং সুদেষ্ণঞ্চ চারুদেহঞ্চ বীর্য্যবান্।
সুষেণং চারুগুপ্তঞ্চ ভদ্রচারুং তথাপরম্ ॥১॥
চারুবিন্দং সুচারুঞ্চ চারুঞ্চ বলিনাং বরম্।
রুক্মিণ্যজনয়ৎ পুত্রান্ কন্যাং চারুমতীং তথা ॥২॥
অন্যাশ্চ ভার্য্যাঃ কৃষ্ণস্য বভূবুঃ সপ্ত শোভনাঃ।
কালিন্দী মিত্রবিন্দা চ সত্যা নাগ্নজিতী তথা ॥৩॥

পরাশর কহিলেন। (রুক্মিণীর গর্ভে আর নয়টী পুত্র উৎপন্ন হইয়াছিল, তাহাদের নাম) চারুদেষ্ণ, সুদেষ্ণ, চারুদেহ, বীর্য্যবান্ সুষেণ, চারুগুপ্ত, ভদ্রচারু, [১] চারুবিন্দ, সুচারু, ও পরমবলবান্ চারু, রুক্মিণী এই নয়টী পুত্র এবং চারুমতী নামে এক কন্যা প্রসব করেন।[২] কৃষ্ণের আর অনেকগুলি ভার্য্যা ছিল, তন্মধ্যে সাতটী প্রধানা মহিষী। (ইঁহাদের নাম) কালিন্দী, মিত্রবিন্দা, নগ্নজিতের কন্যা সত্যা।[৩] দেবী জাম্ববতী, এই জাম্ববতীর আর একটী নাম

দেবী জাম্ববতী চাপি রোহিণী কামরূপিণী।
মদ্ররাজসুতা চান্যা সুশীলা শীলমণ্ডনা ॥৪॥
সাত্রাজিতী সত্যভামা লক্ষ্মণা চারুহাসিনী।
ষোড়শাসন্ সহস্রাণি স্ত্রীণামন্যানি চক্রিণঃ ॥৫॥
প্রদ্যুম্নোঽপি মহাবীর্য্যো রুক্মিণস্তনয়াং শুভাম্।
স্বয়ংবরস্থাং জগ্রাহ সা চ তং তনয়ং হরেঃ ॥৬॥
তস্যামস্যাভবৎ পুত্রো মহাবলপরাক্রমঃ।
অনিরুদ্ধো রণে রুদ্ধো বীর্য্যোদধিররিন্দমঃ ॥৭॥
তস্যাপি রুক্মিণঃ পৌত্রীং বরয়ামাস কেশবঃ।
দৌহিত্রায় দদৌ রুক্মী তাং স্পর্দ্ধন্নপি শৌরিণা ॥৮॥
তস্যা বিবাহে রামাদ্যা যাদবা হরিণা সহ।
রুক্মিণো নগরং জগ্মুর্নাম্না ভোজকটং দ্বিজ ॥৯॥

রোহিণী। ইনি কামরূপিণী ছিলেন। মদ্ররাজের কন্যা অতিসুশী-লা সুশীলা।[৪] সত্রাজিতের কন্যা সত্যভামা, এবং মনোহর হাস্য-কারিণী লক্ষ্মণা। এতদ্ভিন্ন কৃষ্ণের ষোড়শ সহস্র ভার্য্যা ছিল।[৫] মহাবীর্য্য প্রদ্যুম্ন, রাজা রুক্মীর কন্যাকে স্বয়ম্বর স্থলে বিবাহ করিয়া-ছিলেন। পরমরূপবতী রুক্মিতনয়াও তাঁহাকে বরণ করেন।[৬] এই রুক্মিতনয়ার গর্ভে প্রদ্যুম্নের একটী পুত্র হইয়াছিল। এই পুত্রের নাম অনিরুদ্ধ। এই অনিরুদ্ধ মহাবল পরাক্রান্ত ও অসীম বীর্য্যশালী ছিলেন। তিনি অনায়াসে শত্রুদিগকে দমন করিতেন।[৭] কৃষ্ণ রাজা রুক্মির পৌত্রীর সহিত নিজ পৌত্র অনিরুদ্ধের বিবাহ দিলেন। রুক্মী যদিও কৃষ্ণের বিপক্ষ ছিলেন, তথাপি দৌহিত্রকে পৌত্রী দান করিলেন।[৮] যে সময় রুক্মির পৌত্রীর সহিত অনিরু-

বিবাহে তত্র নির্ব্বৃত্তে প্রাদ্যুম্নেঃ সুমহাত্মনঃ ।
কলিঙ্গরাজপ্রমুখা রুক্মিণং বাক্যমব্রুবন্ ॥১০॥
অনক্ষজ্ঞো হলী দ্যূতে তথাস্য ব্যসনং মহৎ ।
ন জয়ামো বলং কস্মাৎ দ্যূতেনৈনং মহাদ্যুতে ॥১১॥

পরাশর উবাচ ।

তথেতি তানাহ নৃপান্ রুক্মী বলসমন্বিতঃ ।
সভায়াং সহ রামেণ চক্রে দ্যূতঞ্চ বৈ তদা ॥১২॥
সহস্রমেকং নিষ্কাণাং রুক্মিণা বিজিতো বলঃ ।
দ্বিতীয়েঽপি পণে চান্যৎ সহস্রং রুক্মিণা জিতম্* ॥১৩

ম্নের বিবাহ হয়, সেই সময় কৃষ্ণ বলরাম ও সমুদায় যাদবগণ রাজা রুক্মির অধিকৃত ভোজকট নামক নগরে গমন করিলেন।[৯]

মহাত্মা প্রদ্যুম্নের বিবাহ সম্পন্ন হইলে, কলিঙ্গরাজ প্রভৃতি ভূপালগণ রুক্মীকে কহিলেন, মহাদ্যুতে![১০] বলদেব যদিও দ্যূত-ক্রীড়া বিষয়ে অনভিজ্ঞ তথাপি তদ্বিষয়ে তাঁহার বিলক্ষণ আসক্তি আছে, অতএব আইস আমরা দ্যূতক্রীড়া দ্বারা ইঁহাকে পরাজয় করি।[১১]

পরাশর কহিলেন। রুক্মী সেই সমুদায় রাজগণের নিকট তথাস্তু বলিয়া স্বীকার করিয়া সভায় উপবেশন পূর্ব্বক বল লইয়া বলদেবের সহিত দ্যূতক্রীড়ায় প্রবৃত্ত হইলেন।[১২]

যখন প্রথম এক বাজি খেলা হইল, তখন রুক্মী এক সহস্র স্বর্ণ মুদ্রা জিতিলেন। দ্বিতীয় পণের সময়ে আর এক সহস্র স্বর্ণ মুদ্রা জয় করেন।[১৩] অনন্তর তৃতীয় পণে বলদেব দশ সহস্র স্বর্ণ মুদ্রা

---

* সহস্রং রুক্মিণা জিতঃ ইতি পাঠান্তরম্।১৩

ততো দশসহস্রাণি নিষ্কাণাং পণমাদদে।
বলভদ্রোঽজয়ত্তানি রুক্মী দ্যূতবিদাং বরঃ ॥১৪॥
ততো জহাস স্বনবৎ কলিঙ্গাধিপতির্দ্বিজ।
দন্তানি দর্শয়ন্ মূঢ়ো রুক্মী চাহ মদোদ্ধতঃ ॥১৫॥
অবিজ্ঞোঽয়ং ময়া দ্যূতে বলদেবঃ পরাজিতঃ।
মুধৈবাক্ষাবলেপান্ধো যঃ স্বং মেনেঽক্ষকোবিদম্ ॥১৬
দৃষ্ট্বা কলিঙ্গরাজং তং প্রকাশদশনাননম্।
রুক্মিণঞ্চাপি দুর্ব্বাক্যং কোপং চক্রে হলায়ুধঃ ॥১৭॥
ততঃ কোপপরীতাত্মা নিষ্ককোটিং হলায়ুধঃ।
গ্লহং জগ্রাহ রুক্মী চ তদর্থেঽক্ষানপাতয়ৎ ॥১৮॥
অজয়দ্বলদেবস্তং প্রাহোচ্চৈস্তং জিতং ময়া।
ময়েতি রুক্মী প্রাহোচ্চৈরলীকোক্তৈরলং বল ॥১৯

ধরিলেন। এবারেও রুক্মী তৎসমুদায় জয় করেন।[১৪] ব্রহ্মন্! অনন্তর কলিঙ্গরাজ দন্ত প্রকাশ পূর্ব্বক উচ্চৈঃস্বরে হাস্য করিলেন। মদমত্ত মূর্খ রুক্মীও কহিলেন,[১৫] এই বলদেব দ্যূতক্রীড়া বিষয়ে নিতান্ত অনভিজ্ঞ, এই দেখ, আমি ইঁহাকে পরাজয় করিলাম। ইনি দ্যূত ক্রীড়ার অহঙ্কারে বৃথাই গর্ব্ব করেন। ইনি দ্যূতক্রীড়া বিষয়ে বৃথাই আপনাকে পণ্ডিত মনে করিয়া থাকেন।[১৬] তখন বলদেব কলিঙ্গ-রাজকে দন্ত প্রকাশ পূর্ব্বক হাসিতে দেখিয়া, এবং রুক্মীর দুর্ব্বাক্য শুনিয়া সাতিশয় ক্রুদ্ধ হইলেন।[১৭] অনন্তর তিনি ক্রোধান্ধ হইয়া এক কোটি স্বর্ণ মুদ্রা পণে ধরিয়া দিলেন। রুক্মীও তন্নিমিত্তে অক্ষ নিক্ষেপ করিলেন।[১৮] এই পণে বলদেব জয়ী হইলেন এবং উচ্চৈঃ স্বরে রুক্মীকে কহিলেন, আমি জয়ী হইয়াছি, রুক্মী কহি-লেন, বলদেব! মিথ্যা কথা কহিও না, আমিই জিতিয়াছি।[১৯] তুমি

ত্বয়োক্তোঽয়ং গ্লহঃ সত্যং ন ময়ৈষোঽনুমোদিতঃ।
এবং ত্বয়া চেদ্বিজিতং ময়া ন বিজিতং কথম্ ॥২০॥
অথান্তরিক্ষে বাগুচ্চৈঃ প্রাহ গম্ভীরনাদিনী।
বলদেবস্য তৎকোপং বর্দ্ধয়ন্তী মহাত্মনঃ ॥২১॥
জিতং বলেন ধর্ম্মেণ রুক্মিণো ভাষিতং মৃষা।
অনুক্ত্বাপি বচঃ কিঞ্চিৎ কৃতং ভবতি কর্ম্মণা ॥২২॥
ততো বলঃ সমুত্থায় কোপসংরক্তলোচনঃ।
জঘানাষ্টাপদেনৈব রুক্মিণং সুমহাবলঃ* ॥২৩॥
কলিঙ্গরাজঞ্চাদায় বিস্ফুরন্তং বলাদ্বলঃ।
বভঞ্জ দন্তান্ কুপিতো যৈঃ প্রকাশং জহাস সঃ॥২৪

এই পণ রাখিয়াছ সত্য বটে, কিন্তু আমি তদ্বিষয়ে অনুমোদন করি নাই। এ বিষয়ে তুমি যদি জয়ী হও, আমি কেন না জয়ী হইব। [২০]

অনন্তর মহাত্মা বলদেবের কোপ প্রবর্দ্ধনার্থ অত্যুচ্চ গম্ভীর স্বরে আকাশবাণী হইল যে, [২১] বলদেব ধর্ম্মানুসারে জয়ী হইয়াছেন। রুক্মী যাহা কহিতেছেন, তাহা মিথ্যা। বাক্য দ্বারা স্বীকার না করিয়াও কার্য্য দ্বারা স্বীকার করা হইয়া থাকে অর্থাৎ ঐ পণ যদি রুক্মীর স্বীকার করা না হইত তাহা হইলে তিনি কদাচ অক্ষপাত করিতেন না। [২২] অনন্তর মহাবল বলদেব ক্রোধ দ্বারা আরক্ত-লোচন হইয়া উত্থান পূর্ব্বক সুবর্ণময় অক্ষফলক দ্বারা রুক্মীকে প্রহার করিলেন। [২৩] এবং কুপিতহৃদয়ে বলপূর্ব্বক কলিঙ্গরাজকে ধরিয়া, তিনি যে দন্ত প্রকাশ পূর্ব্বক হাসিয়াছিলেন, সেই দন্তগুলি ভাঙ্গিয়াদিলেন। [২৪] পরে তিনি পুনর্ব্বার ক্রোধ-পরতন্ত্র হইয়া

* রুক্মিণং তু মহাবলঃ ইতি পাঠান্তরম্।২৩

আকৃষ্য চ মহাস্তম্ভং জাতরূপময়ং বলঃ ।
জঘান যেঽন্যে তৎপক্ষা ভূভৃতঃ কুপিতো বলাৎ ॥২৫॥
ততো হাহাকৃতং সর্ব্বং পলায়নপরং দ্বিজ* ।
তদ্রাজমণ্ডলং সর্ব্বং বভূব কুপিতে বলে ॥২৬॥
বলেন নিহতং শ্রুত্বা রুক্মিণং মধুসূদনঃ ।
নোবাচ কিঞ্চিন্মৈত্রেয় রুক্মিণীবলয়োর্ভয়াৎ ॥২৭॥
ততোঽনিরুদ্ধমাদায় কৃতোদ্বাহং দ্বিজোত্তম ।
দ্বারকামাজগামাথ যদুচক্রং সকেশবম্ ॥২৮॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
অনিরুদ্ধবিবাহো নাম
অষ্টাবিংশতিতমোঽধ্যায়ঃ ।

সুবর্ণময় মহাস্তম্ভ উৎপাটন পূর্ব্বক রুক্মিপক্ষীয় ভূপতিগণকে বলদ্বারা প্রহার করিতে লাগিলেন।[২৫] ব্রহ্মন্! এইরূপ বলদেব কুপিত হওয়াতে চতুর্দ্দিকে হাহাকার শব্দ হইতে লাগিল, সমুদায় রাজগণ চতুর্দ্দিকে পলায়ন করিতে লাগিলেন।[২৬] মৈত্রেয়! কৃষ্ণ যখন শুনিলেন যে, বলদেব রুক্মাকে প্রহার করিয়াছেন, তখন তিনি রুক্মিণী ও বলদেব উভয়ের ভয়ে কিছুই বলিতে পারিলেন না।[২৭] ব্রহ্মন্! অনন্তর কৃষ্ণ ও যাদবগণ বিবাহিত অনিরুদ্ধকে লইয়া দ্বারকায় আগমন করিলেন।[২৮]।

বিষ্ণুপুরাণ পঞ্চমাংশ অনিরুদ্ধ বিবাহ নামক
অষ্টাবিংশ অধ্যায় সমাপ্ত।

* পলায়নপরায়ণম্ ইতি পাঠান্তরম্ ।২৬

বিষ্ণুপুরাণম্ ।

পঞ্চমাংশঃ ।

ঊনত্রিংশোঽধ্যায়ঃ ।

পরাশর উবাচ ।

দ্বারবত্যাং ততঃ শৌরিং শক্রস্ত্রিভুবনেশ্বরঃ ।
আজগামাথ মৈত্রেয় মত্তৈরাবতপৃষ্ঠগঃ ॥ ১ ॥
প্রবিশ্য দ্বারকাং সোঽথ সমেত্য হরিণা ততঃ ।
কথয়ামাস দৈত্যস্য নরকস্য বিচেষ্টিতম্ ॥ ২ ॥
ত্বয়া নাথেন দেবানাং মনুষ্যত্বেঽপি তিষ্ঠতা ।
প্রশমং সর্ব্বদুঃখানি নীতানি মধুসূদন ॥ ৩ ॥

পরাশর কহিলেন। মৈত্রেয়! অনন্তর ত্রিলোকনাথ ইন্দ্র কৃষ্ণকে দেখিবার নিমিত্ত মত্ত ঐরাবত পৃষ্ঠে আরোহণপূর্ব্বক দ্বারকায় আগমন করিলেন। [১] তিনি দ্বারকায় প্রবেশ পূর্ব্বক কৃষ্ণের সহিত সাক্ষাৎ করিয়া নরক নামক দৈত্যের কার্য্য সমুদায় নিবেদন করিলেন, [২] (এবং কহিলেন) মধুসূদন! তুমি দেবগণের নাথস্বরূপ, তুমি যদিও মনুষ্য শরীর ধারণ করিয়া আছ, তথাপি আমাদের সমুদায় দুঃখ দূর করিতেছ।[৩] অরিষ্ট, ধেনুক,চানূর, মুষ্টিক ও কেশী, এই সমুদায় দানব, তপস্বিদিগকে বিনাশ করিতেছিল, তুমি তাহা-

তপস্বি-জননাশায় সোঽরিষ্টো ধেনুকস্তথা।
চাণূরো মুষ্টিকঃ কেশী* তে সর্ব্বে নিহতাস্ত্বয়া ॥৪॥
কংসঃ কুবলয়াপীড়ঃ পূতনা বালঘাতিনী।
নাশং নীতাস্ত্বয়া সর্ব্বে যেঽন্যে জগদুপদ্রবাঃ ॥ ৫ ॥
যুষ্মদ্দোর্দণ্ড-সদ্বুদ্ধি-পরিত্রাতে জগত্ত্রয়ে।
যজ্বিযজ্ঞাংশ-সংপ্রাপ্ত্যা তৃপ্তিং যান্তি দিবৌকসঃ ॥৬
সোঽহং সাম্প্রতমায়াতো যন্নিমিত্তং জনার্দ্দন।
তং শ্রুত্বা তৎপ্রতীকার-প্রযত্নং কর্ত্তুমর্হসি ॥ ৭ ॥
ভৌমোঽয়ং নরকো নাম্না প্রাগ্‌জ্যোতিষপুরেশ্বরঃ†।
করোতি সর্ব্বভূতানামুপঘাতমরিন্দম ॥ ৮ ॥
দেবসিদ্ধাসুরাদীনাং নৃপাণাঞ্চ জনার্দ্দন।

দের সংহার করিয়াছ।[৪] কংস, কুবলয়াপীড় বালঘাতিনী পূতনা এবং আর আর যাহারা জগতে উপদ্রব করিতেছিল, তুমি তাহাদের সকলকেই সংহার করিয়াছ।[৫] তোমার দোর্দণ্ড ও সদ্বুদ্ধি দ্বারা ত্রিলোক রক্ষিত হওয়াতে দেবগণ, যাগশীল ব্যক্তিগণের যজ্ঞাংশ প্রাপ্ত হইয়া পরিতৃপ্ত হইতেছেন।[৬] জনার্দ্দন! আমি এক্ষণে যে নিমিত্ত তোমার নিকট উপস্থিত হইয়াছি, তাহা শ্রবণ করিয়া যাহাতে তাহার প্রতিকার হয়, তদ্বিষয়ে যত্নবান্‌ হও।[৭] অরিন্দম! ভূমিতনয় নরক নামক অসুর প্রাগ্‌জ্যোতিষ পুরে অবস্থান পূর্ব্বক সর্ব্ব প্রাণীকে কষ্ট প্রদান করিতেছে।[৮] জনার্দ্দন! এই অসুর, সুরগণ অসুরগণ সিদ্ধগণ ও রাজগণের কন্যাদিগকে হরণ

* প্রলম্বোঽথ তথা কেশী ইতি বিভিন্নঃ পাঠঃ।৪
† প্রাগ্‌জ্যোতিষপুরেঽসুর ইতি বা পাঠঃ।৮

হৃত্বা হি সোঽসুরঃ কন্যা রুরোধ নিজমন্দিরে ॥৯॥
ছত্রং যৎ সলিলস্রাবি তজ্জহার প্রচেতসঃ।
মন্দরস্য তথা শৃঙ্গং হৃতবান্ মণিপর্ব্বতম্ ॥ ১০ ॥
অমৃতস্রাবিণী দিব্যে মন্মাতুঃ কৃষ্ণ কুণ্ডলে।
জহার সোঽসুরো দিত্যা বাঞ্ছত্যৈরাবতং গজম্ ॥১১॥
দুর্নীতমেতদ্গোবিন্দ ময়া তস্য তবোদিতম্।
যদত্র প্রতিপত্তব্যং তৎ স্বয়ং প্রবিমৃষ্যতাম্ ॥ ১২ ॥

পরাশর উবাচ।

ইতি শ্রুত্বা স্মিতং কৃত্বা ভগবান্ দেবকীসুতঃ।
গৃহীত্বা বাসবং হস্তে সমুত্তস্থৌ বরাসনাৎ ॥ ১৩ ॥
চিন্তয়ামাস চ বিভুর্মনসা পন্নগাশনম্।

পূর্ব্বক নিজ মন্দিরে অবরোধ করিয়া রাখিয়াছে। ৯ বরুণের সলিলস্রাবী যে ছত্র ছিল, তাহা, মন্দরপর্ব্বতের শৃঙ্গ এবং মণি পর্ব্বত এই সমুদায় এই দৈত্য হরণ করিয়াছে। ১০ কৃষ্ণ! আমার মাতা দিতির কর্ণে যে অমৃতস্রাবী কুণ্ডলদ্বয় ছিল; তাহাও এই অসুর অপহরণ করিয়া লইয়াছে; এক্ষণেও ঐরাবত নামক মদীয় হস্তী গ্রহণ করিবার চেষ্টা করিতেছে। ১১ গোবিন্দ! এই নরকাসুরের যে সমুদায় অন্যায় কার্য্য, তাহা আমি তোমার নিকট নিবেদন করিলাম। এক্ষণে এ বিষয়ে যাহা কর্ত্তব্য, তাহা তুমি স্বয়ং বিবেচনা কর। ১২

পরাশর কহিলেন। এই বাক্য শ্রবণপূর্ব্বক ভগবান্ দেবকীনন্দন ঈষৎ হাস্য করিয়া দেবরাজের হাত ধরিয়া আসন হইতে উত্থিত হইলেন। ১৩ পরে এই ভগবান্ পন্নগাশন গরুড়কে চিন্তা করিবামাত্র গরুড় আসিয়া উপস্থিত হইল। পরে তিনি সত্য-

সংচিন্তিতমুপারুহ্য গরুড়ং গগনেচরম্।
সত্যভামাং সমারোপ্য যযৌ প্রাগ্জ্যোতিষং পুরম্॥১৪
আরুহ্যৈরাবতং নাগং শক্রোঽপি ত্রিদিবালয়ম্।
ততো জগাম মৈত্রেয় পশ্যতাং দ্বারকৌকসাম্॥১৫॥
প্রাগ্জ্যোতিষপুরস্যাসীৎ সমন্তাচ্ছতযোজনম্।
আচিতা মৌরবৈঃ পাশৈঃ ক্ষুরান্তৈর্ভূদ্বিজোত্তম॥১৬
তাংশ্চিচ্ছেদ হরিঃ পাশান্ ক্ষিপ্ত্বা চক্রং সুদর্শনম্।
ততো মুরুঃ সমুত্তস্থৌ তং জঘান চ কেশবঃ॥ ১৭॥
মুরোশ্চ তনয়ান্ সপ্ত সহস্রাংস্তাংস্ততো হরিঃ।
চক্রধারাগ্নিনির্দগ্ধাংশ্চাকার শলভানিব॥ ১৮।

ভামাকে সমভিব্যাহারে লইয়া গরুড়ারোহণ পূর্ব্বক আকাশ পথে প্রাগ্জ্যোতিষ পুরে গমন করিলেন।[১৪] মৈত্রেয়! অনন্তর দেবরাজ ইন্দ্রও ঐরাবত নামক হস্তিতে আরোহণ করিয়া সুরপুরীতে যাত্রা করিলেন। দ্বারকাবাসী জনগণ এই সমুদায় বিষয় অবলোকন করিতে লাগিল।[১৫]

দ্বিজবর! প্রাগ্জ্যোতিষ পুরের চতুর্দ্দিকে শত যোজন পর্য্যন্ত মুরু নামক রাক্ষস কর্ত্তৃক বিনির্ম্মিত ক্ষুরধারার ন্যায় তীক্ষ্ণ পাশ-সমূহ দ্বারা পরিবৃত ছিল।[১৬] অনন্তর হরি সুদর্শনচক্র নিক্ষেপ দ্বারা সেই সমুদায় পাশচ্ছেদন করিলেন। পরে মুরু নামক রাক্ষস উত্থিত হইল। কৃষ্ণ তাহাকে বিনাশ করিলেন।[১৭] অনন্তর সপ্ত সহস্র সংখ্যা মুরুতনয় রাক্ষসগণ উপস্থিত হইলে কৃষ্ণ শলভের ন্যায় তাহাদিগকে চক্রধারা রূপ অগ্নিদ্বারা দগ্ধ করিলেন।[১৮] ব্রহ্মন্! ধীমান্ কৃষ্ণ এইরূপে মুরু হয়গ্রীব ও পঞ্চজন নামক দৈত্যকে বিনাশ করিয়া ত্বরান্বিত হইয়া প্রাগ্জ্যোতিষ পুরে প্রবেশ

হত্বা মুরুং হয়গ্রীবং তথা পঞ্চজনং দ্বিজ।
প্রাগ্‌জ্যোতিষ পুরং ধীমাংস্ত্বরাবান্ সমুপাগতঃ* ॥১৯
নরকেণাস্য তত্রাভূন্মহাসৈন্যেন সংযুগঃ।
কৃষ্ণস্য, যত্র গোবিন্দো জঘ্নে দৈত্যান্ সহস্রশঃ ॥২০
শস্ত্রাস্ত্রবর্ষং মুঞ্চন্তং ভৌমং তং নরকং বলী।
ক্ষিপ্ত্বা চক্রং দ্বিধা চক্রে চক্রেণ দৈত্যচক্রহা ॥২১॥
হতে তু নরকে ভূমির্গৃহীত্বা দিতিকুণ্ডলে।
উপতস্থে জগন্নাথং বাক্যং চেদমথাব্রবীৎ ॥ ২২ ॥
যদাহমুদ্ধৃতা নাথ ত্বয়া শূকরমূর্ত্তিনা।
ত্বৎস্পর্শসম্ভবঃ পুত্র-স্তদায়ং ময্যজায়ত ॥ ২৩ ॥
সোঽয়ং ত্বয়ৈব দত্তো মে ত্বয়ৈব বিনিপাতিতঃ।

করিলেন। [১৯] নরক নামক অসুর মহাসৈন্যে পরিবৃত হইয়া কৃষ্ণের সহিত সংগ্রামে প্রবৃত্ত হইলেন। কৃষ্ণও সহস্র সহস্র দৈত্যগণকে বিনাশ করিলেন। [২০] দৈত্যচক্র-বিনাশক চক্রধর বলবান্ কৃষ্ণ, ভূমি-সুত নরককে অস্ত্র ও শস্ত্র বর্ষণ করিতে দেখিয়া চক্র নিক্ষেপ পূর্ব্বক তদ্দ্বারা তাহাকে দুই খণ্ড করিয়া ফেলিলেন। [২১] এইরূপে যখন নরকাসুর নিহত হইল, তখন ভূমি, দিতির কুণ্ডলদ্বয় গ্রহণপূর্ব্বক সেই জগন্নাথের নিকট উপস্থিত হইলেন এবং কহিলেন, [২২] নাথ! তুমি বরাহ মূর্ত্তি অবলম্বন করিয়া যে সময় আমাকে উদ্ধৃত করিয়াছিলে? সেই সময় তোমারই পাদস্পর্শ দ্বারা আমার এই পুত্র নরক উৎপন্ন হইয়াছিল। [২৩] পূর্ব্বে তুমিই এই পুত্রটি প্রদান করিয়াছিলে, এক্ষণে তুমিই ইহাকে বিনষ্ট করিলে। অধুনা তুমি এই কুণ্ডলদ্বয়

* ত্বরাবান্ সমুপাদ্রবৎ ইতি পুস্তকান্তরে দৃশ্যতে।১৯

গৃহাণ কুণ্ডলে চেমে পালয়াস্য চ সন্ততিম্ ॥ ২৪ ॥
ভারাবতারণার্থায় মমৈব ভগবানিমম্*।
অংশেন লোকমায়াতঃ প্রসাদসুমুখঃ প্রভো ॥২৫॥
ত্বং কর্ত্তা ত্বং বিকর্ত্তা চ† সংহর্ত্তা প্রভবোঽপ্যয়ঃ।
জগতাং ত্বং জগদ্রূপঃ স্তূয়তেঽচ্যুত কিং তব ॥২৬॥
ব্যাপী ব্যাপ্যঃ ক্রিয়া কর্ত্তা কার্য্যঞ্চ ভগবান্ যদা।
সর্ব্বভূতাত্মভূতস্য স্তূয়তে তব কিং তদা ॥২৭॥
পরমাত্মা চ ভূতাত্মা মহাত্মা‡ চাব্যয়ো ভবান্।
যদা তদা স্তুতির্নাস্তি কিমর্থা তে প্রবর্ত্ততে ॥২৮॥
প্রসীদ সর্ব্বভূতাত্মন্ নরকেণ কৃতং হি যৎ।

গ্রহণ কর এবং নরকের পুত্রগণকে রক্ষা কর।[২৪] প্রভো! তুমি ভগবান্, অর্থাৎ অণিমা লঘিমা প্রভৃতি গুণসম্পন্ন। তুমি প্রসন্ন হইয়া আমারই ভার অবতরণের নিমিত্ত অংশ দ্বারা ইহলোকে অবতীর্ণ হইয়াছ।[২৫] তুমি জগতের সৃষ্টিকর্ত্তা পালনকর্ত্তা ও সংহারকর্ত্তা। তুমি জগতের উপাদান কারণ এবং প্রলয় কালে তোমাতেই জগৎ লীন হইয়া থাকেই অচ্যুত, অধিক কি তোমার স্তব করিব, তুমি সমুদায় জগৎস্বরূপ।[২৬] তুমি যখন ব্যাপ্য ও ব্যাপক, তুমি যখন কর্ম্ম কর্ত্তা ও ক্রিয়া, তুমি যখন সর্ব্বভূতের আত্মাস্বরূপ ভগবান্, তখন তোমার আর কি স্তব করিব।[২৭] তুমি পরমাত্মা ও জীবাত্মা, তুমি সকলের মহাত্মা ও অব্যয়, অতএব তোমার স্তুতি বাক্য কিছুই নাই, কি বলিয়াই বা তোমার স্তব করা হইতে পারে।[২৮] হে সর্ব্বভূতাত্মন্! প্রসন্ন হও,

* মমৈব ভগবানয়ম্ ইতি বা পঠনীয়ম্ ।২৫
† ত্বং কর্ত্তা চ বিকর্ত্তা চ ইতি বা পাঠঃ ।২৬
‡ পরমাত্মা ত্বমাত্মা চ ভূতাত্মা ইতি কেচিৎ পঠন্তি ।২৮

তৎ ক্ষম্যতামদোষায় ত্বৎসুতঃ স নিপাতিতঃ ॥২৯॥

পরাশর উবাচ।

তথেতি চোক্ত্বা ধরণীং ভগবান্ ভূতভাবনঃ।
রত্নানি নরকাবাসাজ্জগ্রাহ মুনিসত্তম* ॥৩০॥
কন্যাপুরে স কন্যানাং ষোড়শাতুলবিক্রমঃ।
শতাধিকানি দদৃশে সহস্রাণি মহামতে ॥৩১॥
চতুর্দ্দন্তান্ গজান্ চোগ্রান্ ষট্ সহস্রান্ স দৃষ্টবান্।
কাম্বোজানাং তথাশ্বানাং নিযুতান্যেকবিংশতিম্ ॥৩২
কন্যাস্তাশ্চ তথা নাগাং-স্তানশ্বান্ দ্বারকাং পুরীম্।
প্রেষয়ামাস গোবিন্দঃ সদ্যো নরককিঙ্করৈঃ ॥৩৩॥
দদৃশে বারুণং ছত্রং তথৈব মণিপর্ব্বতম্।

নরকাসুর যে কার্য্য করিয়াছে, তাহা ক্ষমা কর, অধুনা দোষ শান্তির নিমিত্ত তোমার পুত্রকে তুমিই বিনাশ করিলে।[২৯]

পরাশর কহিলেন, মহর্ষে! ভূতভাবন ভগবান্ কৃষ্ণ, ধরণীর নিকট তথাস্তু বলিয়া স্বীকার করিয়া নরকালয় হইতে রত্নসমূহ গ্রহণ করিলেন।[৩০] মহামতে! অনন্তর অতুল বিক্রমশালী কৃষ্ণ, কন্যান্তঃ-পুরে প্রবেশ করিয়া ষোড়শ সহস্র এক শত কন্যা দর্শন করিলেন।[৩১] পরে তিনি ছয় সহস্র উগ্র চতুর্দন্ত গজ এবং এক বিংশতি লক্ষ কাম্বোজ দেশীয় অশ্ব দেখিতে পাইলেন।[৩২] পরে সেই গোবিন্দ নরকাসুরের কিঙ্করসমূহ দ্বারা সেই শতাধিক ষোড়শ সহস্র কন্যা, ষট্ সহস্র চতুর্দ্দন্ত হস্তী এবং সেই সমুদায় অশ্ব তৎক্ষণাৎ দ্বারকা পুরীতে প্রেরণ করিলেন।[৩৩] পরে তিনি বরুণের ছত্র এবং মণিময়

*জগ্রাহ মধুসূদনঃ ইতি বা পঠনীয়ম্।৩০

আরোপয়ামাস হরির্গরুড়ে পন্নগাশনে ॥২৪॥
আরুহ্য চ স্বয়ং কৃষ্ণঃ সত্যভামা-সহায়বান্ ।
অদিত্যাঃ কুণ্ডলে দাতুং জগাম ত্রিদিবালয়ম্ ॥৩৫॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে নরকবধো নাম ঊনত্রিংশোঽধ্যায়ঃ ।

পর্ব্বত দেখিয়া পন্নগাশন গরুড়ের পৃষ্ঠে উঠাইয়া লইলেন । ৩৪ পরে তিনি সত্যভামার সহিত স্বয়ং সেই গরুড়ে আরোহণ করিয়া অদিতিকে তদীয় কুণ্ডল প্রদান করিবার নিমিত্ত ত্রিদশালয়ে গমন করিলেন ।৩৫

বিষ্ণুপুরাণ পঞ্চমাংশ নরকবধ নামক একোন-ত্রিংশ অধ্যায় সমাপ্ত ।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমাংশঃ।

ত্রিংশোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

গরুড়ো বারুণং ছত্রং তথৈব মণিপর্ব্বতম্।
সভার্য্যঞ্চ হৃষীকেশং লীলয়ৈব বহন্ যযৌ ॥১॥
ততঃ শঙ্খমুপাধ্মাসীৎ স্বর্গদ্বারং গতো হরিঃ।
উপতস্থুস্ততো দেবাঃ সার্ঘ্যপাত্রা জনার্দ্দনম্ ॥২॥
স দেবৈরর্চ্চিতঃ কৃষ্ণো দেবমাতুর্নিবেশনম্।
সিতাভ্রশিখরাকারং প্রবিশ্য দদৃশেঽদিতিম্ ॥৩॥

পরাশর কহিলেন। অনন্তর গরুড় বারুণ ছত্র, মণিময় পর্ব্বত ও সত্যভামার সহিত শ্রীকৃষ্ণকে বহন করিয়া অবলীলাক্রম (আকাশ পথে) গমন করিতে লাগিল।[১] কৃষ্ণ স্বর্গদ্বারে উপস্থিত হইয়া পাঞ্চজন্য শঙ্খধ্বনি করিবামাত্র দেবগণ অর্ঘ্যপাত্র হস্তে লইয়া উপস্থিত হইলেন।[২] কৃষ্ণ দেবগণ কর্ত্তৃক অর্চ্চিত হইয়া শ্বেতবর্ণ মেঘের শিখরের সদৃশ দেবমাতৃগৃহে প্রবিষ্ট হইয়া দিতিকে দেখিতে পাইলেন।[৩] তিনি দেবরাজের সহিত একত্র হইয়া দেবমাতা দিতিকে প্রণাম করিয়া তদীয় কুণ্ডলদ্বয় তাঁহাকে প্রদান

স তাং প্রণম্য শক্রেণ সহ তে কুণ্ডলোত্তমে।
দদৌ নরকনাশঞ্চ শশংসাস্যৈ জনার্দ্দনঃ ॥৪॥
ততঃ প্রীতা জগন্মাতা ধাতারং জগতাং হরিম্।
তুষ্টাবাদিতিরব্যগ্রা কৃত্বা তৎপ্রবণং মনঃ ॥৫॥

অদিতিরুবাচ।

নমস্তে পুণ্ডরীকাক্ষ ভক্তানামভয়ঙ্কর।
সনাতনাত্মন্ সর্ব্বাত্মন্ ভূতাত্মন্ ভূতভাবন ॥৬॥
প্রণেতা মনসো বুদ্ধেরিন্দ্রিয়াণাং গুণাত্মক।
ত্রিগুণাতীত নির্দ্বন্দ্ব শুদ্ধসত্ত্ব হৃদি স্থিত ॥৭॥
সিতদীর্ঘাদিনিঃশেষ-কল্পনাপরিবর্জ্জিত।
জন্মাদিভিরসংস্পৃষ্ট স্বপ্নাদিপরিবর্জ্জিত ॥৮॥

পূর্ব্বক নরকাসুরের বধ বৃত্তান্ত তাঁহার নিকট নিবেদন করিলেন।[৪] অনন্তর জগন্মাতা দিতি সাতিশয় প্রীতা হইয়া অব্যগ্র ও ঐকান্তিক অন্তঃকরণে জগতের পালনকর্ত্তা সেই হরিকে স্তব করিতে লাগিলেন।[৫]

দিতি কহিলেন, পুণ্ডরীকাক্ষ! তুমি ভক্তগণের অভয়দাতা, তুমি সনাতন, তুমি সকলের আত্মাস্বরূপ, তুমি সর্ব্বভূতের সৃষ্টিকর্ত্তা ও সর্ব্বভূতময় তোমাকে নমস্কার।[৬] তুমি ত্রিগুণাত্মক হইয়া মন, বুদ্ধি ও ইন্দ্রিয়গণের সৃষ্টি করিয়া থাক। তুমি গুণত্রয়ের অতীত, সুখ দুঃখাদিরূপ দ্বন্দ্ব রহিত ও শুদ্ধ সত্ত্বময়, তুমি যোগিদিগের হৃদয় মধ্যে অবস্থান করিয়া থাক।[৭] শুক্ল, কৃষ্ণ, দীর্ঘ ও হ্রস্ব প্রভৃতি রূপ বা আকারাদি দ্বারা তোমার স্বরূপ কল্পনা করিতে পারা যায় না। তুমি জন্মাদিরহিত তোমার স্বপ্ন, জাগরণ প্রভৃতি অবস্থান্তর ঘটে না।[৮] অচ্যুত! তুমি সন্ধ্যা,

সন্ধ্যা রাত্রিরহোভূমির্গগনং বায়ুরম্বু চ।
হুতাশনো মনো বুদ্ধির্ভূতাদিস্ত্বং তথাচ্যুত ॥৯॥
সৃষ্টিস্থিতিবিনাশানাং কর্ত্তা কর্ত্তৃপতির্ভবান্।
ব্রহ্মবিষ্ণুশিবাখ্যাভিরাত্মমূর্ত্তিভিরীশ্বর ॥১০॥
দেবা যক্ষাস্তথা দৈত্যা রাক্ষসাঃ সিদ্ধপন্নগাঃ।
কুষ্মাণ্ডাশ্চ পিশাচাশ্চ গন্ধর্ব্বা মনুজাস্তথা ॥১১॥
পশবো মৃগমাতঙ্গাঃ* তথৈব চ সরীসৃপাঃ।
বৃক্ষগুল্মলতাবল্লী-সমস্তাস্তৃণজাতয়ঃ ॥১২॥
স্থূলা মধ্যাস্তথা সূক্ষ্মাঃ স্থূলসূক্ষ্মতরাশ্চ যে।
দেহভেদা ভবান্ সর্ব্বে যে কেচিৎ পুদ্গলাশ্রয়াঃ ॥১৩

তুমি রাত্রি, তুমি দিবা, তুমিই ভূমি, তুমি আকাশ, তুমি বায়ু, তুমিই জল, তুমি অগ্নি, তুমি মন, তুমিই বুদ্ধি, তুমিভূতাদি অর্থাৎ অহঙ্কার-তত্ত্ব।[৯] ঈশ্বর! তুমি হিরণ্যগর্ভ রূপে জগতের সৃষ্টি করিয়া থাক। তুমি বিষ্ণু রূপে জগতের পালন কর, তুমিই মহেশ্বর রূপে সমুদায় সংহার করিতে প্রবৃত্ত হও। যাঁহারা অবান্তর সৃষ্টিকর্ত্তা, তুমি তাঁহা-দিগেরও সৃষ্টিকর্ত্তা।[১০] দেবগণ, যক্ষগণ, দৈত্যগণ, রাক্ষসগণ, সিদ্ধগণ, পন্নগগণ, কুষ্মাণ্ডগণ, পিশাচগণ, গন্ধর্ব্বগণ, মনুষ্যগণ,[১১] পশুগণ মৃগগণ, পতঙ্গগণ, সরীসৃপগণ, বৃক্ষ গুল্ম লতা বল্লী তৃণ প্রভৃতি স্থাবর জীবগণ,[১২] স্থূল মধ্যম ও সূক্ষ্ম যে সকল পদার্থ আছে এবং স্থূলদেহ সূক্ষ্মদেহ এবং মনুষ্য প্রভৃতির মধ্যবিধ দেহ ও যাহারা দেহ কিম্বা পরমাণু আশ্রয় করিয়া অবস্থান করে, এ সমুদায়-ও তোমা হইতে ভিন্ন নহে।[১৩] অত্যন্ত মোহজনক তোমার মায়ার

* পশবো মৃগাঃ পতঙ্গাশ্চ ইতি বা পাঠঃ।১২

মায়া তবেয়মজ্ঞাত-পরমার্থাতিমোহিনী।
অনাত্মন্যাত্মবিজ্ঞানং যয়া মূঢ়োঽনুরুধ্যতে ॥১৪॥
অহং মমেতি ভাবোঽত্র যৎ পুংসামভিজায়তে।
সংসারমাতুর্ম্মায়ায়া-স্তবৈতন্নাথ চেষ্টিতম্ ॥১৫॥
যৈঃ স্বধর্ম্মপরৈর্নাথ নরৈরারাধিতো ভবান্।
তে তরন্ত্যখিলামেতাং মায়ামাত্মবিমুক্তয়ে ॥১৬॥
ব্রহ্মাদ্যাঃ সকলা দেবাঃ মনুষ্যাঃ পশবস্তথা।
বিষ্ণুমায়ামহাবর্ত্তে মোহান্ধতমসাবৃতাঃ ॥১৭॥
আরাধ্য ত্বামভীপ্সন্তে কামানাত্মভবক্ষয়ম্।
যদেতে পুরুষা মায়া সৈবেয়ং ভগবংস্তব ॥১৮॥
ময়া ত্বং পুত্রকামিন্যা বৈরিপক্ষক্ষয়ায় চ।

প্রকৃত তত্ত্ব অবগত হইতে পারা যায় না, এই মায়া হইতেই আত্ম-ভিন্ন পদার্থে আত্মজ্ঞান হয়। মূঢ় ব্যক্তিরা এই মায়ার অনুবর্ত্তী হইয়া থাকে।[১৪] নাথ! তোমার মায়া সংসারের মাতৃস্বরূপ। এই মায়া হইতে মনুষ্যগণের "আমি, আমার" ইত্যাকার অভিমান হয়।[১৫] নাথ! যে সকল মনুষ্য স্বধর্ম্মে নিরত থাকিয়া তোমার আরাধনা করিয়া থাকেন, তাঁহারা এই সমুদায় মায়া অতিক্রম করিয়া মুক্তি পদের অধিকারী হন।[১৬] ব্রহ্মা প্রভৃতি সমুদায় দেবগণ, মনুষ্যগণ, পশুগণ, ইঁহারা সকলেই বিষ্ণুর মায়ারূপ মহা আবর্ত্তে পতিত হইয়া মোহরূপ গাঢ় অন্ধকারে আবৃত আছেন।[১৭] ভগবন্! এই যে যোগিগণ তোমার আরাধনা করিয়া, যাহাতে সংসারে পুনর্জ্জন্ম না হয়, এইরূপ কামনা করেন, তাহাও তোমার মায়া ভিন্ন আর কিছুই নহে।[১৮] আমি পুত্র কামনায় ও শত্রুপক্ষের ক্ষয় প্রার্থনায় তোমার আরাধনা করিয়াছি।

আরাধিতো ন মোক্ষায় মায়াবিলসিতং হি তৎ ॥১৯॥
কৌপীনাচ্ছাদনপ্রায়া বাঞ্ছা কল্পদ্রুমাদপি।
জায়তে যদপুণ্যানাং সোঽপরাধঃ স্বদোষজঃ ॥২০॥
তৎ প্রসীদাখিলজগন্মায়ামোহকরাব্যয়।
অজ্ঞানং জ্ঞানসদ্ভাবভূতং ভূতেশ নাশয় ॥২১॥
নমস্তে চক্রহস্তায় শার্ঙ্গহস্তায় তে নমঃ।
গদাহস্তায় তে বিষ্ণো শঙ্খহস্তায় তে নমঃ ॥২২॥
এতৎ পশ্যামি তে রূপং স্থূলচিহ্নোপলক্ষিতম্।
ন জানামি পরং যত্তে প্রসীদ পরমেশ্বর ॥২৩॥

মোক্ষ কামনায় তোমার আরাধনা করি নাই, তাহাও তোমার মায়ারই প্রভাব।[১৯] (উত্তম পরিচ্ছদ পরিত্যাগ করিয়া) কৌপীন আচ্ছাদনের ন্যায় পুণ্যবিহীন ব্যক্তিরা যে (তোমাকে ত্যাগ করিয়া) কল্পবৃক্ষের নিকট অভিলষিত দ্রব্য কামনা করে, তাহা তাহাদের নিজ দোষের ফল।[২০]

অব্যয়! তুমি সমুদায় জগৎ মায়া দ্বারা মুগ্ধ করিয়া রাখিয়াছ। তুমি আমার প্রতি প্রসন্ন হও। ভূতনাথ! আমি জ্ঞানী, আমার এই অভিমানাত্মক অজ্ঞান তিরোহিত কর।[২১] বিষ্ণো! তুমি চক্রপাণি, তোমাকে নমস্কার, তুমি শার্ঙ্গধর, তোমাকে নমস্কার, তুমি গদাধারী, তোমাকে নমস্কার, তুমি শঙ্খধারী, তোমাকে নমস্কার।[২২] পরমেশ্বর! আমি তোমার এই স্থূল শরীর অবলোকন করিতেছি পরন্তু তোমার যে প্রকৃত রূপ তাহা আমি জ্ঞাত হইতে পারি নাই, অতএব তুমি আমার প্রতি প্রসন্ন হও।[২৩]

পরাশর উবাচ।

অদিত্যৈবং স্তুতো বিষ্ণুঃ প্রহস্যাহ সুরারণিম্।
মাতা দেবি ত্বমস্মাকং প্রসীদ বরদা ভব ॥২৪॥

অদিতিরুবাচ।

এবমস্তু যথেচ্ছা তে, ত্বমশেষৈঃ সুরাসুরৈঃ।
অজেয়ঃ পুরুষব্যাঘ্র মর্ত্ত্যলোকে ভবিষ্যসি ॥২৫॥
ততোঽনন্তরমেবাস্য শক্রাণীসহিতা দিতিম্।
সত্যভামা প্রণম্যাহ প্রসীদেতি পুনঃপুনঃ ॥২৬॥

অদিতিরুবাচ।

মৎপ্রসাদান্ন তে সুভ্রু জরা বৈরূপ্যমেব চ।
ভবিষ্যত্যনবদ্যাঙ্গি সর্ব্বধামা ভবিষ্যসি ॥২৭॥

পরাশর কহিলেন, দেবমাতা অদিতি এই প্রকার স্তব করিলে বিষ্ণু ঈষৎ হাস্য করিয়া কহিলেন, দেবি! তুমি আমাদিগের মাতা, তুমি প্রসন্না হইয়া আমাদিগকে বর প্রদান কর।[২৪]

অদিতি কহিলেন, পুরুষশ্রেষ্ঠ! তুমি যে বর প্রার্থনা করিতেছ, তাহা সিদ্ধ হইবে। তুমি যত দিন মর্ত্ত্যলোকে অবস্থান করিবে, তত দিন দেব বা অসুর কেহই তোমাকে পরাজয় করিতে পারিবে না।[২৫] অনন্তর সত্যভামা শচীর সহিত একত্র হইয়া অদিতির চরণে প্রণাম পূর্ব্বক পুনঃপুনঃ কহিতে লাগিলেন, দেবি! প্রসন্না হও।[২৬]

অদিতি কহিলেন, সুভ্রু! আমার অনুগ্রহে তোমার কখন বার্দ্ধক্য বা বৈরূপ্য হইবে না। সুন্দরি! তুমি সর্ব্বস্থানে গতিবিধি করিতে পারিবে।[২৭]

পরাশর উবাচ।

অদিত্যা তু কৃতানুজ্ঞো দেবরাজো জনার্দ্দনম্।
যথাবৎ পূজয়ামাস বহুমানপুরঃসরম্ ॥২৮॥
ততো দদর্শ কৃষ্ণোঽপি সত্যভামা-সহায়বান্।
দেবোদ্যানানি হৃদ্যানি নন্দনাদীনি সত্তম ॥২৯॥
দদর্শ চ সুগন্ধাঢ্যং মঞ্জরীপুঞ্জধারিণম্।
শচ্যাহ্লাদকরং তাম্র-বালপল্লবশোভিতম্* ॥৩০॥
মথ্যমানেঽমৃতে জাতং জাতরূপসমত্বচম্†।
পারিজাতং জগন্নাথঃ কেশবঃ কেশিসূদনঃ ॥৩১॥
তং দৃষ্ট্বা প্রাহ গোবিন্দং সত্যভামা দ্বিজোত্তম*।
কস্মান্ন দ্বারকামেষ নীয়তে দেবপাদপঃ ॥৩২॥

পরাশর কহিলেন, অনন্তর দেবরাজ ইন্দ্র, অদিতির অনুজ্ঞানুসারে বহুমান পূর্ব্বক যথাবিধি কৃষ্ণকে অর্চ্চনা করিলেন।[২৮] সাধুশ্রেষ্ঠ! অনন্তর কৃষ্ণ সত্যভামার সহিত একত্র হইয়া নন্দন প্রভৃতি পরম আশ্চর্য্য সমুদায় দেবোদ্যান অবলোকন করিতে লাগিলেন।[২৯] পরে তিনি তাম্রবর্ণ নবপল্লব-সুশোভিত মঞ্জরীপুঞ্জধারী অতীব সুগন্ধ শচীর আহ্লাদ জনক (পারিজাত বৃক্ষ) অবলোকন করিলেন।[৩০] যখন অমৃত মন্থন হয়, সেই সময় (সমুদ্র হইতে) এই বৃক্ষটী উৎপন্ন হইয়াছিল। ইহার ত্বক্ সুবর্ণ সদৃশ। কেশিনিসূদন জগন্নাথ কৃষ্ণ (এই বৃক্ষ দর্শন করিতে লাগিলেন)।[৩১] ব্রহ্মন্! সত্যভামা এই বৃক্ষ দেখিয়া কৃষ্ণকে কহিলেন, তুমি এই বৃক্ষটি দ্বারকায় লইয়া চল।[৩২] (তুমি সর্ব্বদা এই বাক্য বলিয়া থাক) "যে, সত্যভামা

---

* তাম্রদলপল্লবশোভিতম্ ইতি পাঠান্তরম্ ॥ ৩০ ॥

† জাতরূপোপমত্বচম্ ইতি বা পঠনীয়ম্ ॥ ৩১ ॥

* সত্যভমা প্রিয়ং পতিম্ ইতি পুস্তকান্তরস্য পাঠঃ।৩২

যদি তে তদ্বচঃ সত্যং সত্যাত্যর্থং প্রিয়েতি মে।
মদ্গেহনিষ্কুটার্থায় তদয়ং নীয়তাং তরুঃ ॥৩৩॥
ন মে জাম্ববতী তাদৃগভীষ্টা ন চ রুক্মিণী।
সত্যে যথা ত্বমিত্যুক্তং ত্বয়া কৃষ্ণাসকৃৎ প্রিয়ম্ ॥৩৪॥
সত্যং তদ্যদি গোবিন্দ নোপচারকৃতং তব।
তদস্তু পারিজাতোঽয়ং মম গেহবিভূষণম্ ॥৩৫॥
বিভ্রতী পারিজাতস্য কেশপক্ষেণ মঞ্জরীম্।
সপত্নীনামহং মধ্যে শোভেয়মিতি কাময়ে ॥৩৬॥

পরাশর উবাচ।

ইত্যুক্তঃ সংপ্রহস্যৈনং পারিজাতং গরুত্মতি।
আরোপয়ামাস হরিস্তমূচুর্বনরক্ষিণঃ ॥৩৭॥

আমার অত্যন্ত প্রিয়তমা" যদি তোমার সেই বাক্য সত্য হয়, তাহা হইলে আমার গৃহোদ্যানের নিমিত্ত এই বৃক্ষটি লইয়া চল। [৩৩] কৃষ্ণ! তুমি পুনঃ পুনঃ আমাকে বলিয়া থাক যে, সত্যে! তুমি যেমন আমার প্রিয়তমা, জাম্ববতী এবং রুক্মিণীও তাদৃশ প্রিয়তমা নহে। [৩৪] গোবিন্দ! যদি তোমার সেই বাক্য সত্য হয় ও তাহা প্রতারণা-বাক্য না হয়, তাহা হইলে এই পারিজাত বৃক্ষটি আমার গৃহের ভূষণ হউক। [৩৫] আমি ইচ্ছা করিতেছি যে, আমি কেশকলাপ মধ্যে এই পারিজাতমঞ্জরী ধারণ করিয়া সমুদায় সপত্নীগণের মধ্যে শোভমানা হইব। [৩৬]

পরাশর কহিলেন। কৃষ্ণ সত্যভামার এই বাক্য শ্রবণ করিয়া, ঈষৎ হাস্য পূর্ব্বক সেই পারিজাত বৃক্ষটী গরুড়ের পৃষ্ঠে তুলিয়া লইলেন। উদ্যানরক্ষকগণ তাঁহাকে কহিতে লাগিল। [৩৭] গোবিন্দ!

ভোঃ শচী দেবরাজস্য মহিষী, তৎপরিগ্রহম্।
পারিজাতং ন গোবিন্দ হর্ত্তুমর্হসি পাদপম্ ॥৩৮॥
শচীবিভূষণার্থায় দেবৈরমৃতমন্থনে।
উৎপাদিতোঽয়ং ন ক্ষেমী গৃহীত্বৈনং গমিষ্যসি ॥৩৯
দেবরাজো মুখপ্রেক্ষো যস্যাস্তস্যাঃ পরিগ্রহম্।
মৌঢ্যাৎ প্রার্থয়সে ক্ষেমী গৃহীত্বৈনং হি কো ব্রজেৎ॥৪
অবশ্যমস্য দেবেন্দ্রো নিষ্কৃতিং কৃষ্ণ যাস্যতি।
বজ্রোদ্যতকরং শক্রমনুযাস্যন্তি চামরাঃ ॥৪১॥
তদলং সকলৈর্দেবৈর্বিগ্রহেণ তবাচ্যুত!।
বিপাককটু যৎ কর্ম্ম তন্ন শংসন্তি পণ্ডিতাঃ ॥৪২॥

দেবরাজের মহিষী শচী এই পারিজাতের পুষ্প ব্যবহার করিয়া থাকেন, সুতরাং শচীর এই পারিজাত বৃক্ষটী লইয়া যাইবেন না।[৩৮] দেবগণ যখন অমৃত মন্থন করেন, তখন তাঁহারা শচীর ভূষণের নিমিত্ত এই বৃক্ষটী উত্থাপিত করিয়াছেন, সুতরাং আপনি ইহা লইয়া অক্ষত শরীরে গমন করিতে পারিবেন না।[৩৯] দেবরাজ যাঁহার মুখ-প্রেক্ষা করিয়া থাকেন, এই বৃক্ষটী তাঁহারই অধিকৃত। আপনি মূঢ়তা হেতু ইহা গ্রহণ করিতে চেষ্টা করিতেছেন। দেখুন, ইহা গ্রহণ করিয়া কোন ব্যক্তিই কুশলে গমন করিতে পারে না।[৪০] কৃষ্ণ! দেবরাজ ইন্দ্র অবশ্যই ইহার প্রতিকার করিবেন এবং তিনি (ক্রুদ্ধ হইয়া) বজ্র গ্রহণ করিলে দেবগণ সকলেই তাঁহার অনুগামী হইবেন।[৪১] অচ্যুত! সমুদায় দেবগণের সহিত বিবাদ করা আপনকার উচিত নহে। যে কর্ম্ম পরিণামে অনিষ্টকর হইবে, পণ্ডিতগণ তাহার প্রশংসা করেন না।[৪২] উদ্যানপালগণ এই বাক্য

ইত্যুক্তে তৈরুবাচৈতান্ সত্যভামাতিকোপিনী।
কা শচী পারিজাতস্য কো বা শক্রঃ সুরাধিপঃ ॥৪৩
সামান্যঃ সর্ব্বলোকানাং যদ্যেষোঽমৃতমন্থনে।
সমুৎপন্নঃ সুরাঃ কস্মাদেকো গৃহ্লাতি বাসবঃ ॥৪৪॥
যথা সুধা যথৈবেন্দুর্যথা শ্রীর্ব্বনরক্ষিণঃ।
সামান্যাঃ সর্ব্বলোকস্য পারিজাতস্তথা দ্রুমঃ ॥৪৫॥
ভর্ত্তৃবাহু-মহাগর্ব্বা রুণদ্ধ্যেনং যথা শচী।
তৎ কথ্যতামলং ক্ষান্ত্যা সত্যা হারয়তি দ্রুমম্ ॥৪৬॥
কথ্যতাঞ্চ দ্রুতং গত্বা* পৌলোম্যা বচনং মম।
সত্যভামা বদত্যেতদতিগর্ব্বোদ্ধতাক্ষরম্ ॥৪৭॥

কহিলে অতিকোপনা সত্যভামা তাহাদিগকে কহিলেন, এই পারিজাত বৃক্ষে শচীর কি অধিকার? সুরনাথ ইন্দ্রেরই বা কি অধিকার? [৪৩] দেবগণের অমৃতমন্থনের সময় যদি এই পারিজাত বৃক্ষ উৎপন্ন হইয়া থাকে, তাহা হইলে ইহাতে সকলেরই সমান অধিকার। ইন্দ্র একাকী কি নিমিত্ত ইহাকে গ্রহণ করিবেন। [৪৪] বনরক্ষকগণ! (সমুদ্রমন্থনে সমুৎপন্ন) সুধা, চন্দ্র ও লক্ষ্মী যেমন সকলের সাধারণ, সেইরূপ এই পারিজাত বৃক্ষও সর্ব্বসাধারণ-সম্পত্তি হইতেছে। [৪৫] শচী যদি ভর্ত্তার বাহুবলের গর্ব্বে বলপূর্ব্বক ইহা গ্রহণ করিয়া থাকেন, তাহা হইলে তোমরা গিয়া তাঁহার নিকট বল যে, সত্যভামা পারিজাত বৃক্ষ হরণ করিতেছেন, এ বিষয়ে ক্ষমা করিবার আবশ্যক নাই। [৪৬] তোমরা শীঘ্র শচীর নিকট গমন কর এবং আমার বাক্যানুসারে তাঁহার নিকট বল যে, সত্যভামা এইরূপ সাতিশয় গর্ব্বপূর্ণ বাক্য কহিতেছেন, [৪৭] যদি তুমি ভর্ত্তার প্রণয়িনী হও, যদি

যদি ত্বং দয়িতা ভর্ত্তুর্যদি বশ্যঃ পতিস্তব।
মদ্ভর্ত্তুর্হরতো বৃক্ষং তৎ কারয় নিবারণম্ ॥৪৮॥
জানামি তে পতিং শক্রং জানামি ত্রিদিবেশ্বরম্।
পারিজাতং তথাপ্যেনং মানুষী হারয়ামি তে ॥৪৯॥

পরাশর উবাচ।

ইত্যুক্তা রক্ষিণো গত্বা শচ্যা ঊচুর্যথোদিতম্।
শচী চোৎসাহয়ামাস ত্রিদশাধিপতিং পতিম্ ॥৫০॥
ততঃ সমস্তদেবানাং সৈন্যৈঃ পরিবৃতো হরিম্।
প্রযযৌ পারিজাতার্থমিন্দ্রো যোধয়িতুং দ্বিজ ॥৫১॥
ততঃ পরিঘনিস্ত্রিংশ-গদাশূলবরায়ুধাঃ।
বভূবুস্ত্রিদশাঃ সজ্জাঃ শক্রে বজ্রকরে স্থিতে ॥৫২॥

তোমার ভর্ত্তা তোমার বশীভূত থাকেন, তাহা হইলে আমার স্বামী যে পারিজাত বৃক্ষ হরণ করিয়া লইয়া যাইতেছেন, তাহা তিনি প্রত্যাহরণ করুন।[৪৮] আমি জ্ঞাত আছি যে, স্বর্গের অধীশ্বর তোমার স্বামী; তথাপি আমি মানুষী হইয়াও এই পারিজাত বৃক্ষ হরণ করিলাম।[৪৯]

পরাশর কহিলেন, উদ্যানরক্ষকগণ সত্যভামার এই বাক্য শ্রবণ পূর্ব্বক শচীর নিকট উপস্থিত হইয়া যথাকথিত সমুদায় নিবেদন করিল। শচীও (পারিজাত বৃক্ষ প্রত্যাহরণের নিমিত্ত) ত্রিদশাধিপতি পতিকে প্রোৎসাহিত করিতে লাগিলেন।[৫০] ব্রহ্মন্! অনন্তর দেবরাজ সমস্ত দেবসৈন্যে পরিবৃত হইয়া পারিজাতের নিমিত্ত কৃষ্ণের সহিত যুদ্ধ করিতে যাত্রা করিলেন।[৫১] দেবরাজ বজ্র হস্তে লইয়া দণ্ডায়মান হইলে, ত্রিদশগণ পরিঘ নিস্ত্রিংশ গদা শূল প্রভৃতি উত্তম উত্তম অস্ত্র ধারণ করিয়া

ততো নিরীক্ষ্য গোবিন্দো নাগরাজোপরিস্থিতম্।
শক্রং দেবপরীবারং যুদ্ধায় সমুপস্থিতম্॥৫৩॥
চকার শঙ্খনির্ঘোষং দিশঃ শব্দেন পূরয়ন্।
মুমোচ চ শরব্রাতং সহস্রাযুতসংমিতম্॥৫৪॥
ততো দিশো নভশ্চৈব দৃষ্ট্বা শরশতাচিতম্।
মুমুচুস্ত্রিদশাঃ সর্ব্বে অস্ত্রশস্ত্রাণ্যনেকশঃ॥৫৫॥
একৈকমস্ত্রং শস্ত্রঞ্চ দেবৈর্মুক্তং সহস্রধা।
চিচ্ছেদ লীলয়ৈবেশো জগতাং মধুসূদনঃ॥৫৬॥
পাশং সলিলরাজস্য সমাকৃষ্যোরগাশনঃ।
চকারখণ্ডশশ্চঞ্চ্বা বালপন্নগদেহবৎ॥৫৭॥
যমেন প্রহৃতং দণ্ডং গদাবিক্ষেপখণ্ডিতম্।

যুদ্ধার্থ সজ্জিত হইলেন।[৫২] অনন্তর গোবিন্দ যখন দেখিলেন, দেবরাজ ঐরাবতে আরোহণ পূর্ব্বক সসৈন্যে যুদ্ধার্থ উপস্থিত হইয়াছেন, তখন তিনি[৫৩] এরূপ শঙ্খধ্বনি করিলেন যে, তদ্দ্বারা সর্ব্ব দিক্ পূরিত হইল। পরে তিনি লক্ষলক্ষ শরসমূহ পরিত্যাগ করিতে লাগিলেন।[৫৪] দেবগণ যখন দেখিলেন যে, সমুদায় দিক্ ও সমুদায় আকাশ শরসমূহে আচ্ছাদিত হইয়াছে, তখন তাঁহারাও বিবিধ অস্ত্রশস্ত্রসমূহ পরিত্যাগ করিতে প্রবৃত্ত হইলেন।[৫৫] বহুসংখ্য দেবগণ যদিও এককালে বহুসংখ্য অস্ত্র শস্ত্র পরিত্যাগ করিয়াছিলেন, তথাপি জগতের ঈশ্বর মধুসূদন কৃষ্ণ, একাকী অবলীলাক্রমে তৎসমুদায়ই ছেদন করিলেন।[৫৬] পন্নগাশন গরুড়ও চঞ্চুদ্বারা বরুণের পাশ আকর্ষণ করিয়া সর্পশাবক-শরীরের ন্যায় খণ্ড খণ্ড করিয়া ফেলিল।[৫৭] যম যখন দণ্ড প্রহার করিলেন, তখন ভগবান্ দেবকী-নন্দন, গদা নিক্ষেপ দ্বারা তাহা খণ্ড খণ্ড করিয়া ভূতলে পাতিত

পৃথিব্যাং পাতয়ামাস ভগবান্ দেবকীসুতঃ ॥৫৮॥
শিবিকাঞ্চ ধনেশস্য চক্রেণ তিলশো বিভুঃ।
চকার শৌরিরর্কঞ্চ দৃষ্টিদৃষ্টং হতৌজসম্ ॥৫৯॥
নীতোঽগ্নিঃ শতশো বাণৈর্দ্রাবিতা বসবো দিশঃ।
চক্রবিচ্ছিন্নশূলাগ্রা রুদ্রা ভুবি নিপাতিতাঃ ॥৬০॥
সাধ্যা মরুতো বিশ্বে চ গন্ধর্ব্বাশ্চৈব শায়কৈঃ।
শার্ঙ্গেণ প্রেরিতৈরস্তা ব্যোম্নি শাল্মলিতূলবৎ ॥৬১॥
গরুত্মানপি বক্ত্রেণ পক্ষাভ্যাং নখরাঙ্কুরৈঃ।
ভক্ষয়ংস্তাড়য়ন্ দেবান্ দারয়ংশ্চ চচার বৈ ॥৬২॥
ততঃ শরসহস্রেণ দেবেন্দ্র-মধুসূদনৌ।
পরস্পরং ববর্ষাতে ধারাভিরিব তোয়দৌ ॥৬৩॥

করিলেন।[৫৮] ধনপতি কুবের যখন শিবিকা চালনা করেন, তখন কৃষ্ণ চক্র দ্বারা তাহা তিলের ন্যায় খণ্ড খণ্ড করিয়া ফেলিলেন। তাঁহার দৃষ্টিপাত মাত্র দিবাকরের তেজোহ্রাস হইল।[৫৯] হুতাশন, শরনিকর দ্বারা শতধা বিদারিত হইলেন। বসুগণ নানা দিকে পলায়ন করিলেন। রুদ্রগণের শূলের অগ্রভাগ চক্র দ্বারা ছিন্ন ভিন্ন হইল, তাঁহারাও পৃথিবীতে পতিত হইলেন।[৬০] সাধ্যগণ, বিশ্বদেবগণ, মরুদ্গণ ও গন্ধর্ব্বগণ, কৃষ্ণকর্ত্তৃক শার্ঙ্গ ধনুর্দ্বারা পরিচালিত বাণসমূহে শাল্মলিতুলার ন্যায় আকাশে পরিক্ষিপ্ত হইলেন।[৬১] গরুড়ও মুখ দ্বারা পক্ষদ্বয় দ্বারা নখসমূহ দ্বারা দেবগণকে ভক্ষণ প্রহার ও বিদারিত করিয়া বিচরণ করিতে লাগিল।[৬২] অনন্তর মেঘগণ যেমন বৃষ্টিধারা বর্ষণ করে, তাহার ন্যায় দেবরাজ ও মধুসূদন পরস্পর পরস্পরের প্রতি শরসমূহ বর্ষণ করিতে লাগিলেন।[৬৩]

ঐরাবতেন গরুড়ো যুযুধে তত্র সংযুগে।
দেবৈঃ সমস্তৈর্যুযুধে শক্রেণ চ জনার্দ্দনঃ ॥৬৪॥
ছিন্নেষ্বশেষবাণেষু শস্ত্রেষ্বস্ত্রেষু চ ত্বরন্*।
জগ্রাহ বাসবো বজ্রং কৃষ্ণশ্চক্রং সুদর্শনম্ ॥৬৫॥
ততো হাহাকৃতং সর্ব্বং ত্রৈলোক্যং দ্বিজসত্তম।
বজ্রচক্রধরৌ দৃষ্ট্বা দেবরাজজনার্দ্দনৌ ॥৬৬॥
ক্ষিপ্তং বজ্রমথেন্দ্রেণ জগ্রাহ ভগবান্ হরিঃ।
ন মুমোচ চ চক্রং স তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৬৭॥
প্রনষ্টবজ্রং দেবেন্দ্রং গরুড়ক্ষতবাহনং।
সত্যভামাব্রবীদ্ বীরং পলায়নপরায়ণম্ ॥৬৮॥

এইরূপ সংগ্রামের সময় গরুড় ঐরাবতের সহিত এবং একাকী জনার্দ্দন সমুদায় দেবগণের সহিত ও দেবরাজের সহিত যুদ্ধ করিতে লাগিলেন।[৬৪] যখন কৃষ্ণ ও দেবরাজের সমুদায় অস্ত্রশস্ত্র ছিন্ন হইল তখন কৃষ্ণ ও দেবরাজ উভয়ে ত্বরান্বিত হইয়া সুদর্শন চক্র ও বজ্র গ্রহণ করিলেন।[৬৫] ব্রহ্মন্! অনন্তর দেবরাজ ও জনার্দ্দনকে বজ্রধারী ও চক্রধারী দেখিয়া সমস্ত ত্রিলোক মধ্যে হাহাকার শব্দ হইতে লাগিল।[৬৬] দেবরাজ যখন বজ্র নিক্ষেপ করিলেন, তখন ভগবান্ হরি তাহা গ্রহণ করিলেন পরন্তু তিনি চক্র পরিত্যাগ না করিয়া কেবল তিষ্ঠ তিষ্ঠ, এই বাক্য কহিলেন।[৬৭] যখন দেবরাজের বজ্র বিনষ্ট হইল ও গরুড় ঐরাবতকে ক্ষত বিক্ষত করিল, তখন সত্যভামা মহাবীর দেবরাজকে পলায়ন-পরায়ণ দেখিয়া কহিলেন,[৬৮]

* শস্ত্রাস্ত্রেষু চ স ত্বরন্ ইতি বা পাঠান্তরং।৬৫

ত্রৈলোক্যেশ্বর নো যুক্তং শচীভর্ত্তুঃ পলায়নম্ ।
পারিজাতস্রগাভোগা ত্বামুপস্থাস্যতে শচী ॥৬৯॥
কীদৃশং দেবরাজ্যন্তে পারিজাতস্রগুজ্জ্বলাম্ ।
অপশ্যতো যথাপূর্ব্বং প্রণয়াদাগতাং শচীম্ ॥৭০॥
অলং শক্র প্রয়াত্নেন ন ব্রীড়াং গন্তুমর্হসি ।
নীয়তাং পারিজাতোঽয়ং দেবাঃ সন্তু গতব্যথাঃ ॥৭১
পতিগর্ব্বাবলেপেন বহুমানপুরঃসরম্ ।
ন দদর্শ গৃহে যাতাম্ * উপচারেণ মাং শচী ॥৭২॥
স্ত্রীত্বাদগুরুচিত্তাহং স্বভর্ত্তৃশ্লাঘনাপরা ।
ততঃ কৃতবতী শক্র ভবতা সহ বিগ্রহম্ ॥৭৩॥

ত্রৈলোক্যনাথ ! তুমি শচীর ভর্ত্তা, তোমার পলায়ন করা উচিত হইতেছে না। শচী পারিজাতের মালায় বিভূষিতা হইয়া তোমার সেবা করিবেন। ৬৯ শচী যখন প্রণয় পূর্ব্বক তোমার নিকট আগমন করিবেন, তখন তুমি তাঁহাকে পারিজাতমালা দ্বারা উজ্জ্বলবেশা না দেখিয়া দেবরাজ্য কিরূপ বোধ করিবে। ৭০ দেবরাজ ! লজ্জিত হইও না, পলায়ন করিবার আবশ্যক নাই। এই পারিজাত বৃক্ষ প্রদান করিতেছি, গ্রহণ কর, দেবগণের মনোব্যথা দূর হউক। ৭১ আমি যখন তোমার গৃহে আসিলাম, তখন শচী পতিগর্ব্বে গর্ব্বিতা হইয়া আমাকে বহুমান পূর্ব্বক দেখেন নাই, সমাদরও করেন নাই। ৭২ দেবরাজ ! আমি স্ত্রীলোক, আমার চিত্ত অতিশয় লঘু। এ দিকে শচী ভর্ত্তার শ্লাঘায় গর্ব্বিতা ছিলেন। এই জন্য আমি তোমার সহিত বিবাদ করিলাম। ৭৩ অতএব আমার পারিজাতে আবশ্যক নাই,

* ন দদর্শ গৃহায়াতাম্ ইতি পাঠান্তরম্ । ৭২

তদলং পারিজাতেন পরস্বেন হৃতেন নঃ ।
রূপেণ গর্ব্বিতা সা তু ভর্ত্রা স্ত্রী কা ন গর্ব্বিতা ॥৭৪॥

পরাশর উবাচ ।

ইত্যুক্তো বিনিবৃত্তোঽসৌ দেবরাজস্তথা দ্বিজ ।
প্রাহ চৈনামলং চণ্ডি! সখ্যুঃ খেদাতিবিস্তরৈঃ ॥৭৫॥
ন চাপি স্বর্গসংহারস্থিতিকর্ত্তাখিলস্য যঃ ।
জিতস্য তেন মে ব্রীড়া জায়তে বিশ্বরূপিণা ॥৭৬॥

যস্মিন্ জগৎ সকলমেতদনাদিমধ্যে
যস্মাদ্ যতশ্চ ন ভবিষ্যতি সর্ব্বভূতাৎ ।
তেনোদ্ভবপ্রলয়পালনকারণেন
ব্রীড়া কথং ভবতি দেবি নিরাকৃতস্য ॥৭৭॥

কি নিমিত্ত আমরা পরস্ব অপহরণ করিব, কোন্ রমণী স্বামীর গর্ব্বে গর্ব্বিতা না হয়? পরন্তু শচী স্বীয় রূপের গর্ব্বেই গর্ব্বিতা ছিলেন। [৭৪]

পরাশর কহিলেন, ব্রহ্মন্! সত্যভামা এই কথা বলিবামাত্র দেবরাজ প্রতিনিবৃত্ত হইয়া তাঁহাকে কহিলেন, কোপনে! তোমার সখীর মনোদুঃখ বৃদ্ধি করা তোমার উচিত নহে। [৭৫] যিনি সমুদায় জগতের সৃষ্টি স্থিতি প্রলয় করেন, সেই বিশ্বরূপী ভগবান্ আমাকে যে পরাজয় করিয়াছেন, তাহাতে আমার লজ্জা কি, [৭৬] যাঁহাতে এই সমুদায় জগৎ প্রতিষ্ঠিত রহিয়াছে, যাঁহার আদি নাই, মধ্য নাই, যিনি সর্ব্বভূতময়, যিনি জগতের উপাদান কারণ ও নিমিত্ত কারণ, সেই সৃষ্টি-স্থিতি-প্রলয়-কর্ত্তা বিষ্ণু আমাকে পরাজয় করিয়াছেন, তাহাতে আমার কিনিমিত্ত লজ্জাবোধ হইবে? [৭৭]

সকলভুবনসূতেমূর্ত্তিরস্যানুসূক্ষ্মা
বিদিতসকলবেদৈর্জ্ঞায়তে যস্য নান্যৈঃ।
তমজমকৃতমীশং শাশ্বতং স্বেচ্ছয়ৈনং
জগদুপকৃতিমর্ত্ত্যং কো বিজেতুং সমর্থঃ ॥৭৮॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
পারিজাতহরণং নাম
ত্রিংশত্তমোঽধ্যায়ঃ।

যিনি সমুদায় জগতের আদি কারণ। তত্ত্বজ্ঞান-সম্পন্ন যোগীরা সমুদায় জ্ঞেয় পদার্থ জ্ঞাত হইয়া যাঁহার সূক্ষ্মানুসূক্ষ্ম মূর্ত্তি অবগত হইতে পারেন, অন্য ব্যক্তিরা যাঁহার স্বরূপ জ্ঞাত হইতে সমর্থ নহে, যাঁহার জন্ম নাই, সৃষ্টিকর্ত্তা নাই। যিনি নিত্য ঈশ্বর, যিনি জগতের উপকারের নিমিত্ত স্বেচ্ছানুসারে মানবদেহ ধারণ করিয়াছেন, তাঁহাকে পরাজয় করিতে কোন্ ব্যক্তি সমর্থ হইতে পারে? ৭৮

বিষ্ণুপুরাণ পঞ্চমাংশ পারিজাতহরণ নামক
ত্রিংশ অধ্যায় সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমাংশঃ।

একত্রিংশোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

সংস্তুতো ভগবানিত্থং দেবরাজেন কেশবঃ।
প্রহস্য ভাবগম্ভীরমুবাচেদং দ্বিজোত্তম ! ॥১॥
দেবরাজো ভবানিন্দ্রো বয়ং মর্ত্ত্যা জগৎপতে।
ক্ষন্তব্যং ভবতা চেদমপরাধকৃতং মম ॥২॥
পারিজাততরুশ্চায়ং নীয়তামুচিতাস্পদম্।
গৃহীতোঽয়ং ময়া শক্র সত্যা বচনকারণাৎ ॥৩॥

পরাশর কহিলেন। ব্রহ্মন্ ! ভগবান্ কেশব, দেবরাজ কর্ত্তৃক এইরূপে স্তূয়মান হইয়া হাস্য পূর্ব্বক গম্ভীরভাবে কহিলেন, [১] জগৎপতে ! আপনি দেবরাজ ইন্দ্র, আমরা মনুষ্যজাতি। অধুনা আমি যে অপরাধ করিয়াছি, তাহা ক্ষমা করুন। [২] এই পারিজাত বৃক্ষ (প্রদান করিতেছি) যথাযোগ্য স্থানে স্থাপিত করুন। দেব-রাজ ! আমি সত্যভামার বাক্যানুসারে ইহা গ্রহণ করিয়াছিলাম। [৩]

বজ্রঞ্চেদং গৃহাণ ত্বং যত্ত্বয়া প্রহিতং ময়ি।
তবৈবৈতৎ প্রহরণং শক্র বৈরিবিদারণম্ ॥৪॥

শক্র উবাচ।

বিমোহয়সি মামীশ! মর্ত্ত্যোঽহমিতি কিং বদন্।
জানীমস্ত্বদ্ভগবতো নন্তু সূক্ষ্মবিদো বয়ম্ ॥৫॥
যোঽসি সোঽসি জগত্ত্রাণ—প্রবৃত্তৌ নাথ সংস্থিতঃ।
জগতঃ শল্যনিষ্কর্ষং করোষ্যসুরসূদন ॥৬॥
নীয়তাং পারিজাতোঽয়ং কৃষ্ণ দ্বারবতীং পুরীম্।
মর্ত্ত্যলোকে ত্বয়া ত্যক্তে* নায়ং সংস্থাস্যতে ভুবি ॥৭॥

মঘবন্! আপনি আমার প্রতি যে বজ্র নিক্ষেপ করিয়াছিলেন, তাহাও এই গ্রহণ করুন। দেবরাজ! ইহা আপনকারই অস্ত্র। ইহা দ্বারা শক্রগণ বিদারিত হইয়া থাকে।[৪]

ইন্দ্র কহিলেন, ঈশ্বর! আমি মনুষ্য এই কথা বলিয়া আমাকে কেন বিমোহিত করিতেছ? আমরা সূক্ষ্মদর্শী সুতরাং আমরা তোমার সমুদায় অষ্টবিধ ঐশ্বর্য্য বীর্য্য যশ শ্রী প্রভৃতি অবগত আছি।[৫] অসুরসূদন! তুমি যে হও সে হও (তদ্বিষয়ক বিচারে আমরা প্রবৃত্ত হইতেছি না, পরন্তু আমরা অবগত আছি যে) তুমি জগতের পালন কার্য্যে নিযুক্ত আছ। নাথ! তুমিই জগতের শল্যোদ্ধার করিতেছ।[৬] কৃষ্ণ! তুমি এই পারিজাত বৃক্ষটী দ্বারকাপুরীতে লইয়া যাও। তুমি যখন ভূলোক পরিত্যাগ করিবে, তখন আর ইহা পৃথিবীতে থাকিবে না।[৭]

* মর্ত্ত্যলোকে ত্বয়া মুক্তে ইতি পাঠান্তরম্।

পরাশর উবাচ।

তথেত্যুক্ত্বা চ দেবেন্দ্রমাজগাম ভুবং হরিঃ।
প্রসক্তৈঃ সিদ্ধগন্ধর্ব্বৈঃ স্তূয়মানস্তথর্ষিভিঃ ॥৮॥
ততঃ শঙ্খমুপাধ্মায় দ্বারকোপরিসংস্থিতঃ।
হর্ষমুৎপাদয়ামাস দ্বারকাবাসিনাং দ্বিজ ॥৯॥
অবতীর্য্যাথ গরুড়াৎ সত্যভামাসহায়বান্।
নিষ্কুটে স্থাপয়ামাস পারিজাতং মহাতরুম্ ॥১০॥
যমভ্যেত্য জনঃ সর্ব্বো জাতিং স্মরতি পৌর্ব্বিকীম্।
বাস্যন্তে যস্য পুষ্পাণাং* গন্ধেনোর্ব্বী ত্রিযোজনম্ ॥১১
ততস্তে সাদরাঃ সর্ব্বে দেহবন্ধানমানুষান্।

পরাশর কহিলেন। হরি, দেবরাজকে তথাস্তু বলিয়া ভূতলে আগমন করিলেন। সিদ্ধগণ গন্ধর্ব্বগণ ও মহর্ষিগণ, তাঁহার পশ্চাৎ পশ্চাৎ স্তব করিতে করিতে আগমন করিতে লাগিলেন। [৮]

ব্রহ্মন্! কৃষ্ণ দ্বারকাপুরীর উপরিভাগে অবস্থান পূর্ব্বক শঙ্খধ্বনি করিলেন। দ্বারকাবাসী জনগণ সকলেই যার পর নাই আহ্লাদিত হইল। [৯] তিনি সত্যভামার সহিত একত্র হইয়া গরুড় হইতে অবতরণ পূর্ব্বক পারিজাত নামক মহাবৃক্ষটী গৃহোদ্যানে রোপিত করিলেন। [১০] এই বৃক্ষ দর্শন করাতে দ্বারকাবাসী জনগণের পূর্ব্ব জন্মবৃত্তান্ত স্মৃতি পথে উদিত হইতে লাগিল। ইহার পুষ্পের সৌরভে দ্বাদশ ক্রোশ পর্য্যন্ত আমোদিত হইল। [১১] অনন্তর যাদবগণ সেই পারিজাত বৃক্ষে স্বস্ব মুখের প্রতিবি

* বাস্যন্তে যস্য পুষ্পে ভ্যঃ ইতি পাঠান্তরম্। ১১

দদৃশুঃ পাদপে তস্মিন্ কুর্ব্বন্তো মুখদর্শনম্ ॥১২॥
কিঙ্করৈঃ সমুপানীতং হস্ত্যশ্বাদি ততো ধনম্।
স্ত্রিয়শ্চ কৃষ্ণো জগ্রাহ নরকস্য পরিগ্রহান্ ॥১৩॥
ততঃ কালে শুভে প্রাপ্তে উপযেমে জনার্দ্দনঃ।
তাঃ কন্যা নরকেণাসন্ সর্ব্বতো যাঃ সমাহৃতাঃ ॥১৪॥
একস্মিন্নেব গোবিন্দঃ কালে তাসাং মহামতে।
জগ্রাহ বিধিবৎ পাণীন্ পৃথগ্‌গেহেষু ধর্ম্মতঃ ॥১৫॥
ষোড়শ স্ত্রীসহস্রাণি শতমেকং তথাধিকম্।
তাবন্তি চক্রে রূপাণি ভগবান্ মধুসূদনঃ ॥১৬॥
একৈকশ্যেন তাঃ কন্যা মেনিরে মধুসূদনম্।
মমৈব পাণিগ্রহণং ভগবান্ কৃতবানিতি ॥১৭॥

স্বাবলোকন করিয়া আপনাদিগকে অমানুষ দেহবিশিষ্ট অর্থাৎ দেবতা বলিয়া জানিতে পারিলেন।[১২]

অনন্তর কিঙ্করগণ যখন নরকাসুরের পুরী হইতে হস্তী, অশ্ব প্রভৃতি বিবিধ ধন ও রমণীগণকে আনিয়া উপস্থিত করিল, তখন কৃষ্ণ তাহা গ্রহণ করিলেন।[১৩] পরে শুভ লগ্ন উপস্থিত হইলে, জনার্দ্দন সেই সমুদায় কন্যাকে বিবাহ করিলেন। পূর্ব্বে নরক চতুর্দ্দিক্ হইতে এই সমুদায় কন্যা হরণ করিয়া আনিয়াছিল।[১৪] মহামতে! গোবিন্দ এক সময়েই বহুসংখ্য শরীর ধারণ করিয়া পৃথক্ পৃথক্ গৃহে অবস্থান পূর্ব্বক ধর্ম্মানুসারে যথাবিধানে তাহাদের পাণিগ্রহণ করিলেন।[১৫] ষোড়শ সহস্র একশত কন্যা ছিল, সুতরাং ভগবান্ মধুসূদন তাবৎসংখ্য দেহ ধারণ করিয়াছিলেন।[১৬] প্রত্যেক কন্যা বিবেচনা করিতে লাগিল যে, ভগবান্ মধুসূদন কেবল আমারই পাণিগ্রহণ করিলেন।[১৭] ব্রহ্মন্! জগৎস্রষ্টা কেশব বহুবিগ্রহ-

নিশাসু চ জগৎস্রষ্টা তাসাং গেহেষু কেশবঃ।
উবাস বিপ্র! সর্ব্বাসাং বিশ্বরূপধরো হরিঃ ॥১৮॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
কন্যাপরিগ্রহো নাম
একত্রিংশোঽধ্যায়ঃ।

ধারী হইয়া রাত্রিকালে তাহাদের সকলের গৃহেই অবস্থান করিতে লাগিলেন।[১৮]

বিষ্ণুপুরাণ পঞ্চমাংশ কন্যাপরিগ্রহ নামক
একত্রিংশ অধ্যায় সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমাংশঃ।

দ্বাত্রিংশোঽধ্যায়ঃ

পরাশর উবাচ।

প্রদ্যুম্নাদ্যা হরেঃ পুত্রা রুক্মিণ্যাঃ কথিতাস্তব।
ভানুং ভৈমরিকঞ্চৈব সত্যভামা ব্যজায়ত ॥১॥
দীপ্তিমান্ তাম্রপক্ষাদ্যা * রোহিণ্যাং তনয়া হরেঃ।
বভূবুর্জ্জাম্বুবত্যাঞ্চ শাম্বাদ্যা বাহুশালিনঃ ॥২॥
তনয়া ভদ্রবিন্দাদ্যা নাগ্নজিত্যাং মহাবলাঃ।
সংগ্রামজিৎপ্রধানাস্তু শৈব্যায়াস্ত্বভবন্ সুতাঃ ॥৩॥

পরাশর কহিলেন, কৃষ্ণ হইতে রুক্মিণীর গর্ব্ভে প্রদ্যুম্ন প্রভৃতি যে সকল পুত্র উৎপন্ন হইয়াছিল, তাহা তোমার নিকট কীর্ত্তিত হইয়াছে। সত্যভামার গর্ব্ভে দুইটি পুত্র জন্মিয়াছিল, একটির নাম ভানু, অপরের নাম ভৈমরিক।[১] রোহিণীর গর্ব্ভে দীপ্তিমান্ তাম্রপক্ষ প্রভৃতি তনয় উৎপন্ন হয়, জাম্বুবতীর উদরে শাম্ব প্রভৃতি মহাবীর পুত্রগণ উৎপন্ন হইয়াছিল।[২] নগ্নজিতের কন্যা সত্যার গর্ব্ভে ভদ্রবিন্দ প্রভৃতি মহাবলপরাক্রান্ত কুমারগণ উৎপন্ন হইয়াছিল। শৈব্যা, সংগ্রামজিৎ প্রভৃতি সন্তানগণকে প্রসব করেন।[৩] মদ্ররাজ-

---

* তীপ্তিমন্তাপ্রবর্গাদ্যা ইতি পঠন্তরম। ২

বৃকাদ্যাস্তু সুতা মাদ্র্যাং গাত্রবৎপ্রমুখান্ সুতান্।
অবাপ লক্ষণা পুত্রাঃ কালিন্দ্যাঞ্চ শ্রুতাদয়ঃ ॥৪॥
অন্যাসাঞ্চৈব ভার্য্যাণাং সমুৎপন্নানি চক্রিণঃ।
অষ্টাযুতানি পুত্রাণাং সহস্রাণাং শতং তথা ॥৫॥
প্রদ্যুম্নঃ প্রথমস্তেষাং সর্ব্বেষাং রুক্মিণীসুতঃ।
প্রদ্যুম্নাদনিরুদ্ধোঽভূদ্বজ্রস্তস্মাদজায়ত ॥৬॥
অনিরুদ্ধো রণে রুদ্ধো বলেঃ পৌত্রীং মহাবলঃ।
বাণস্য তনয়ামূষামুপযেমে দ্বিজোত্তম! ॥৭॥
যত্র যুদ্ধমভূদ্ঘোরং হরিশঙ্করয়োর্ম্মহান্।
ছিন্নং সহস্রং বাহূনাং যত্র বাণস্য চক্রিণা ॥৮॥

তনয়া সুশীলার গর্ভে বৃক প্রভৃতি, লক্ষণার গর্ভে গাত্রবৎ প্রভৃতি, কালিন্দীর গর্ভে শ্রুত প্রভৃতি বহুসংখ্য সন্তান জন্ম পরিগ্রহ করিয়াছিল।[৪] ভগবান্ কৃষ্ণের আর আর যে সকল ভার্য্যা ছিল, তাহাদের গর্ভে আট কোটি একশত পুত্র জন্মগ্রহণ করে।[৫] কৃষ্ণের পুত্রগণের মধ্যে রুক্মিণীনন্দন প্রদ্যুম্ন সর্ব্বজ্যেষ্ঠ এবং প্রদ্যুম্ন হইতে অনিরুদ্ধ ও অনিরুদ্ধ হইতে বজ্র সমুৎপন্ন হইয়াছিলেন।[৬]

দ্বিজশ্রেষ্ঠ! মহাবল অনিরুদ্ধ বলিরাজের পৌত্রী বাণ নৃপতির কন্যা ঊষাকে (গোপনে) বিবাহ করাতে তিনি (বাণ কর্ত্তৃক) সংগ্রামে বন্দী হইয়া কারারুদ্ধ হইয়াছিলেন।[৭] এই উপলক্ষে কৃষ্ণ ও মহাদেবের পরস্পর ঘোরতর সমর হইয়াছিল, পরে কৃষ্ণ চক্রদ্বারা বাণ রাজার সহস্র বাহু ছেদন করেন।[৮]

মৈত্রেয় উবাচ।

কথং যুদ্ধমভূদ্‌ব্রহ্মন্নূষার্থে হরকৃষ্ণয়োঃ।
কথং ক্ষয়ঞ্চ বাণস্য বাহূণাং কৃতবান্ হরিঃ ॥৯॥
এতৎ সর্ব্বং মহাভাগ সমাখ্যাতুং ত্বমর্হসি।
মহৎ কৌতূহলং জাতং কথাং শ্রোতুমিমাং হরেঃ ॥১০

পরাশর উবাচ।

ঊষা বাণসুতা বিপ্র পার্ব্বতীং সহ শম্ভুনা।
ক্রীড়ন্তীমুপলক্ষ্যোচ্চৈঃ স্পৃহাঞ্চক্রে তদাশ্রয়াম্ ॥১১॥
ততঃ সকলচিত্তজ্ঞা গৌরী তামাহ ভাবিনীম্।
অলমত্যর্থতাপেন ভর্ত্রা ত্বমপি রংস্যসে ॥১২॥
ইত্যুক্তে সা তদা চক্রে কদেতি মতিমাত্মনঃ।

মৈত্রেয় কহিলেন, হে ব্রহ্মন্! ঊষার নিমিত্ত মহাদেবের সহিত কৃষ্ণের কিজন্য সংগ্রাম হইয়াছিল, কি রূপেই বা কৃষ্ণ বাণ রাজার বাহুসহস্র ছেদন করেন?[৯] মহাভাগ! আপনি অনুগ্রহ করিয়া এই সমুদায় আমার নিকট বলুন, কারণ এই সকল হরি কথা শ্রবণে আমার সাতিশয় কৌতূল জন্মিয়াছে।[১০]

পরাশর কহিলেন, ব্রহ্মন্! (একদা) বাণতনয়া ঊষা, পার্ব্বতীকে শম্ভুর সহিত ক্রীড়া করিতে দেখিয়া আপনিও ভর্ত্তার সহিত সেইরূপ ক্রীড়া করেন, এইরূপ স্পৃহান্বিতা হইলেন।[১১] সর্ব্বান্তর্যামিনী গৌরী তাঁহার অভিপ্রায় বুঝিতে পারিয়া কহিলেন, বৎসে! তুমি বিষণ্ণা হইও না, অচিরে তুমিও স্বামীর সহিত এইরূপে ক্রীড়া করিবে।[১২] ঊষা পার্ব্বতীর এই বাক্য শ্রবণ করিয়া মনে মনে প্রশ্ন করিলেন যে, কোন্ সময় কে আমার ভর্ত্তা

কো বা ভর্ত্তা মমেত্যেতাং পুনরপ্যাহ পার্ব্বতী ॥১৩॥
বৈশাখশুক্লদ্বাদশ্যাং স্বপ্নে যোঽভিভবং তব।
করিষ্যতি স তে ভর্ত্তা রাজপুত্রি! ভবিষ্যতি ॥১৪॥

পরাশর উবাচ।

তস্যাং তিথৌ পুমান্ স্বপ্নে যথা দেব্যা উদীরিতম্।
তথৈবাভিভবং চক্রে রাগঞ্চক্রে তথৈব সা ॥১৫॥
ততঃ প্রবুদ্ধা পুরুষমপশ্যন্তী তমুৎসুকা।
ক্ব গতোঽসীতি নির্লজ্জা মৈত্রেয়োক্তবতী সখীম্ ॥১৬॥
বাণস্য মন্ত্রী কুম্ভাণ্ডশ্চিত্রলেখা তু তৎসুতা।
তস্যাঃ সখ্যভবৎ সা চ প্রাহ কোঽয়ং ত্বয়োচ্যতে ॥১৭॥

হইবেন? পার্ব্বতী পুনর্ব্বার তাঁহাকে কহিলেন,[১৩] রাজতনয়ে! বৈশাখ মাসের শুক্লপক্ষীয় দ্বাদশীতে স্বপ্নাবস্থায় যিনি বলপূর্ব্বক তোমাতে সম্ভোগ করিবেন, তিনিই তোমার স্বামী হইবেন।[১৪]

পরাশর কহিলেন। অনন্তর দেবী ভগবতী যেরূপ বলিয়াছিলেন, সেইরূপ বৈশাখ মাসের শুক্লপক্ষীয় দ্বাদশীতে ঊষা স্বপ্ন দেখিলেন যে, কোন পুরুষ তাঁহাকে আক্রমণ পূর্ব্বক সম্ভোগ করিতেছেন। তিনি তখন সেই পুরুষেই অনুরাগবতী হইলেন।[১৫] মৈত্রেয়! পরে ঊষা জাগরিতা হইয়া কোন পুরুষকেই নিকটে দেখিতে পাইলেন না। তখন তিনি লজ্জা পরিত্যাগ পূর্ব্বক উৎকণ্ঠিতা হইয়া, নাথ! কোথায় গমন করিলে? নাথ! কোথায় গমন করিলে? এইরূপ বাক্য সখীর প্রতি প্রয়োগ করিতে লাগিলেন।[১৬] কুম্ভাণ্ড নামে বাণরাজার এক মন্ত্রী ছিল। এই মন্ত্রীর কন্যার নাম চিত্রলেখা চিত্রলেখা ঊষার সখী ছিলেন। তিনি (ঊষার প্রলাপবাক্য শুনিয়া) কহিলেন, তুমি কাহাকে কি বলিতেছ?[১৭]

যদা লজ্জাকুলা নাস্যৈ কথয়ামাস সা সতী*।
তদা বিশ্বাসমানীয় সর্ব্বমেবাভ্যবাদয়ৎ ॥১৮॥
বিদিতার্থান্তু তামাহ পুনরূষা যথোদিতম্।
দেব্যা তথৈব তৎপ্রাপ্তৌ যোঽভ্যুপায়ঃ কুরুষ্ব তম্॥১৯

পরাশর উবাচ।

ততঃ পটে সুরান্ দৈত্যান্ গন্ধর্ব্বাংশ্চ প্রধানতঃ।
মনুষ্যাংশ্চাভিলিখ্যাস্যৈ চিত্রলেখা ব্যদর্শয়ৎ ॥২০॥
অপাস্য সা তু গন্ধর্ব্বাংস্তথোরগসুরাসুরান্।
মনুষ্যেষু দদৌ দৃষ্টিং তেষপ্যন্ধকবৃষ্ণিষু ॥২১॥

ঊষা লজ্জাপরতন্ত্রতা প্রযুক্ত তাঁহার নিকট কিছুই বলিলেন না। চিত্রলেখা (অনেক কৌশলে) তাঁহার বিশ্বাস জন্মাইয়া সমুদায় কথাই বাহির করিয়া লইলেন।[১৮] চিত্রলেখা সমুদায় বিষয় অবগত হইলে ঊষা পুনর্ব্বার, দেবী ভগবতী কর্ত্তৃক কথিত সমুদায় বাক্য তাঁহার নিকট প্রকাশ করিয়া বলিলেন. এবং কহিলেন, যেরূপে আমি মদীয় ভর্ত্তাকে প্রাপ্ত হই, তাহার কোন উপায় দেখ।[১৯]

পরাশর কহিলেন। অনন্তর চিত্রলেখা চিত্রপটে দেবগণের, দৈত্যগণের, গন্ধর্ব্বগণের ও প্রধান প্রধান মনুষ্যগণের প্রতিমূর্ত্তি চিত্রিত করিয়া ঊষাকে দেখাইতে আরম্ভ করিলেন।[২০] ঊষা দেবগণ, অসুরগণ, গন্ধর্ব্বগণ ও উরগগণকে পরিত্যাগ করিয়া মানবগণের প্রতি, বিশেষত যদুবংশীয়দিগের প্রতি বিশেষরূপে দৃষ্টিনিক্ষেপ করিতে লাগিলেন।[২১] ব্রহ্মন্! সেই সুলোচনা প্রথমতঃ রাম

* সা সখী ইতি পাঠান্তরম্। ১৮

কৃষ্ণরামৌ বিলোক্যাসৌ সুভ্রূর্লজ্জাজড়েব সা।
প্রদ্যুম্নদর্শনে ব্রীড়া-দৃষ্টিং নিন্যেঽন্যতো দ্বিজ! ॥২২॥
দৃষ্টমাত্রে ততঃ কান্তে প্রদ্যুম্নতনয়ে দ্বিজ!।
দৃষ্ট্যাত্যর্থবিকাশিন্যা লজ্জা ক্বাপি নিরাকৃতা ॥২৩॥
সোঽয়ং সোঽয়মিতীত্যুক্তে তয়া সা যোগগামিনী।
যযৌ দ্বারবতীমূষাং সমাশ্বাস্য ততঃ সখীম্ ॥২৪॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে
ঊষোৎকণ্ঠালেখ্যদর্শনং নাম
দ্বাত্রিংশোঽধ্যায়ঃ।

ও কৃষ্ণকে অবলোকন করিয়া লজ্জাভরে মন্থরা হইলেন, পরে প্রদ্যুম্ন দর্শনে পুনর্ব্বার লজ্জাভিভূতা হইয়া অন্যত্র দৃষ্টিনিক্ষেপ করিলেন।[২২] ব্রহ্মন্! অনন্তর যখন তিনি হৃদয়কান্ত প্রদ্যুম্নতনয় অনিরুদ্ধকে অবলোকন করিলেন, তখন আহ্লাদে তাঁহার নয়নযুগল বিকসিত হইল। তখন তাঁহার সে লজ্জা যে কোথায় গেল তাহার নিরূপণ নাই।[২৩] তখন তিনি, (মনের আবেগবশত) এই সেই তিনি, এই সেই আমার তিনি, এই কথা বলিয়া উঠিলেন। সহচরী চিত্রলেখা যোগবলে সর্ব্বত্র গমনাগমন করিতে পারিতেন। তিনি ঊষাকে সমাশ্বাসিত করিয়া দ্বারকাপুরীতে গমন করিলেন।[২৪]

বিষ্ণুপুরাণ, পঞ্চম অংশ, ঊষোৎকণ্ঠা
ও আলেখ্যদর্শন নামক দ্বাত্রিংশ
অধ্যায় সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমাংশঃ।

ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

বাণোঽপি প্রণিপত্যাগ্রে মৈত্রেয়াহ ত্রিলোচনম্।
দেব! বাহুসহস্রেণ নির্ব্বিণ্ণোঽহং বিনাহবম্ ॥১॥
কচ্চিন্মমৈষাং বাহূনাং সাফল্যজনকো রণঃ।
ভবিষ্যতি বিনা যুদ্ধং ভারায় মম কিং ভুজৈঃ ॥২॥

শ্রীশঙ্কর উবাচ।

ময়ূরধ্বজভঙ্গস্তে যদা বাণ! ভবিষ্যতি।

পরাশর কহিলেন, মৈত্রেয়! একদা রাজা বাণ ত্রিলোচন মহেশ্বরকে প্রণাম করিয়া কহিলেন, দেবদেব! আমার সহস্র বাহু আছে কিন্তু এ পর্য্যন্ত কোন একটী মহাসংগ্রাম উপস্থিত হইল না। [আমার বাহুসহস্র থাকায় ফল কি?] আমি এ জন্য সাতিশয় নির্ব্বেদ * প্রাপ্ত হইতেছি।[১] যাহাতে আমার এই বাহুসমূহ সার্থক হয়, এরূপ যুদ্ধ কি কখন ঘটিবে না? যুদ্ধ ব্যতিরেকে আমার এই ভুজসমূহ ভারস্বরূপ বোধ হইতেছে। ইহা দ্বারা কি ফল হইল?।[২]

*। কোন কারণ বশত আপনার প্রতি যে অবহেলা তাহার নাম নির্ব্বেদ।

পিশিতাশিজনানন্দং প্রাপ্স্যসে ত্বং তদা রণম্ ॥৩॥
ততঃ প্রণম্য মুদিতঃ শম্ভুমভ্যাগতো গৃহম্।
ভগ্নঞ্চ ধ্বজমালোক্য হৃষ্টো হর্ষান্তরং যযৌ ॥৪॥
এতস্মিন্নেব কালে তু যোগবিদ্যাবলেন তম্।
অনিরুদ্ধমথানিন্যে চিত্রলেখা বরাপ্সরাঃ ॥৫॥
কন্যান্তঃপুরমধ্যে তং রমমাণং সহোষয়া।
বিজ্ঞায় রক্ষিণো গত্বা শশংসুর্দৈত্যভূপতেঃ ॥৬॥
আদিষ্টং কিঙ্করাণান্তু সৈন্যং তেন দুরাত্মনা।
জঘান পরিঘং লোহমাদায় পরবীরহা ॥৭॥

শঙ্কর কহিলেন, বাণ! যে সময় দেখিবে যে, তোমার ময়ূরধ্বজ* ভগ্ন হইয়াছে, সেই সময় তোমার এরূপ ঘোরতর ভীষণ সংগ্রাম উপস্থিত হইবে যে, তদ্দ্বারা [গৃধ্র শকুন শৃগাল প্রভৃতি] মাংসাশী জন্তুগণের আনন্দের পরিসীমা থাকিবে না।[৩] অনন্তর বাণ [এই বাক্য শ্রবণ পূর্ব্বক] হৃষ্টচিত্তে মহেশ্বরকে প্রণাম করিয়া গৃহে প্রত্যাগত হইলেন। তিনি গৃহে প্রবিষ্ট হইয়া যখন দেখিলেন যে, তাঁহার ময়ূরধ্বজ ভগ্ন হইয়াছে, তখন তাঁহার আর আনন্দের পরিসীমা থাকিল না।[৪]

এই সময় প্রধান অপ্সরাঃ চিত্রলেখা যোগবলে অনিরুদ্ধকে [কন্যান্তঃপুরে ঊষার নিকট] আনয়ন করিয়াছিলেন।[৫] অনিরুদ্ধ ঐ কন্যান্তঃপুর মধ্যেই ঊষার সহিত বিহার করিতে লাগিলেন। একদা রক্ষকগণ তাহা জানিতে পারিয়া দৈত্যরাজ বাণের নিকট গমন পূর্ব্বক সমুদায় বৃত্তান্ত নিবেদন করিল।[৬] পরে ঐ দুরাত্মার

---

*। পূর্ব্বকালে বীরগণের রথের ধ্বজায় বানর, মৎস্য, গরুড় প্রভৃতি পৃথক্ পৃথক্ মূর্ত্তি থাকিত। যুদ্ধের সময় কাহার কোন্ রথ, এই চিহ্ন দেখিয়া দূর হইতেও জানিতে পারা যাইত।

হতেষু তেষু বাণোঽপি রথস্থস্তদ্বধোদ্যতঃ।
যুধ্যমানো যথাশক্তি যদা বীর্য্যেণ নির্জ্জিতঃ * ॥৮॥
মায়য়া যুযুধে তেন স তদা মন্ত্রিচোদিতঃ।
ততস্তং পন্নগাস্ত্রেণ ববন্ধ যদুনন্দনম্ ॥৯॥
দ্বারবত্যাং ক্ক যাতোঽসাবনিরুদ্ধেতি জল্পতাম্।
যদূনামাচচক্ষে তং বদ্ধং বাণেন নারদঃ ॥১০॥
তং শোণিতপুরে শ্রুত্বা নীতং বিদ্যাবিদগ্ধয়া।

আদেশানুসারে কিঙ্করগণ (কন্যান্তঃপুরে) কতকগুলি সৈন্য পাঠাইয়া দিল। শত্রুপক্ষায়-বীরবর্গ-নিপাতকারী অনিরুদ্ধ, পরিঘনামক† লৌহময় অস্ত্র গ্রহণ করিয়া সেই সমুদায় সৈন্য সংহার করিলেন।[৭] যখন সেনাগণ নিহত হইল, তখন দৈত্যরাজ বাণ অনিরুদ্ধকে বিনাশ করিতে উদ্যত হইয়া রথারোহণ পূর্ব্বক যতদূর সাধ্য প্রাণপণে যুদ্ধ করিতে আরম্ভ করিলেন। যখন তিনি অনিরুদ্ধের নিকট বলবীর্য্যে পরাজিত হইলেন।[৮] তখন মন্ত্রীর পরামর্শানুসারে মায়া আশ্রয় পূর্ব্বক সংগ্রাম করিতে লাগিলেন। পরিশেষে নাগপাশ দ্বারা সেই যদুনন্দনকে বন্ধন করিলেন।[৯]

এদিকে দ্বারকায় যাদবগণ পরস্পর বলাবলি করিতেছেন যে, (রাত্রির মধ্যে) অনিরুদ্ধ কোথায় গমন করিল, ঈদৃশ সময়ে নারদ (তথায় উপস্থিত হইয়া) বলিলেন যে, বাণরাজা অনিরুদ্ধকে বন্ধন করিয়া রাখিয়াছেন।[১০] যাদবগণ যখন শুনিলেন, বিদ্যাবিদগ্ধা মায়াবিনী কোন রমণী (মায়াবলে) অনিরুদ্ধকে শোণিতপুরে লইয়া গিয়াছে, দেবগণ লইয়া যান নাই, তখন

* যদা বীরেণ নির্জ্জিত ইতি পাঠান্তরম্।৮

†। পরিঘ—কণ্টকিত লৌহময় দণ্ড। তাহার সর্ব্বদিক্ দিয়া প্রহার করিতে পারা যায়।

যোষিতা প্রত্যয়ং জগ্মুর্যাদবা নামরৈরিতি ॥১১॥
ততো গরুড়মারুহ্য স্মৃতমাত্রাগতং হরিঃ।
বলপ্রদ্যুম্নসহিতো বাণস্য প্রযযৌ পুরম্ ॥১২॥
পুরীপ্রবেশে প্রমথৈর্যুদ্ধমাসীন্মহাত্মনঃ।
যযৌ বাণপুরাভ্যাসং নীত্বা তান্ সংক্ষয়ং হরিঃ ॥১৩॥
ততস্ত্রিপাদস্ত্রিশিরা জ্বরো মাহেশ্বরো মহান্।
বাণরক্ষার্থমত্যর্থং যুযুধে শার্ঙ্গধন্বনা ॥১৪॥
তদ্ভস্মস্পর্শসম্ভূততাপঃ কৃষ্ণাঙ্গসঙ্গমাৎ।
অবাপ বলদেবোঽপি শমমামীলিতেক্ষণঃ *॥১৫॥
ততঃ স যুধ্যমানস্তু সহ দেবেন শার্ঙ্গিণা।

তাঁহাদের তদ্বাক্যে বিশ্বাস হইল।[১১] পরে কৃষ্ণ স্মরণ করিবামাত্র গরুড় আসিয়া উপস্থিত হইল। তিনি, বলদেব ও প্রদ্যুম্নের সহিত গরুড়পৃষ্ঠে আরোহণ করিয়া বাণপুরীর অভিমুখে যাত্রা করিলেন।[১২] মহাত্মা কৃষ্ণ যখন পুরী প্রবেশ করেন তখন প্রমথগণের সহিত তাঁহার ঘোরতর সংগ্রাম হইল। অনন্তর তিনি সমুদায় প্রমথগণকে সংহার করিয়া বাণপুরীর অভ্যন্তরে প্রবিষ্ট হইলেন।[১৩] পরে বাণরাজার রক্ষার জন্য মাহেশ্বর নামক মহাজ্বর আসিয়া কৃষ্ণের সহিত সাতিশয় সংগ্রাম করিতে আরম্ভ করিল। এই জ্বরের তিনখানি পা ও তিনটী মাতা। †[১৪]

পরে ঐ শৈব জ্বরের (অস্ত্র স্বরূপ) ভস্ম স্পর্শে বলদেবের শরীরও উষ্ণ হইয়া উঠিল এবং তাঁহার নয়নযুগল নিমীলিত হইয়া আসিল। তিনি তৎকালে কৃষ্ণকে আলিঙ্গন করিয়া স্বাস্থ্য লাভ করিলেন।[১৫]

---

* শ্রমমামীলিতেক্ষণ ইতি বা পঠনীয়ম্। ১৫

† মন্ত্রে আছে, ত্রিপাদ্ ভস্মপ্রহরণস্ত্রিশিরা রক্তলোচনঃ ইতি। ভস্ম জ্বরের অস্ত্র।

বৈষ্ণবেন জ্বরেণাশু কৃষ্ণদেহান্নিরাকৃতঃ ॥১৬॥
নারায়ণভুজাঘাতপরিপীড়নবিহ্বলম্‌।
তং বীক্ষ্য ক্ষম্যতামস্যেত্যাহ দেবঃ পিতামহঃ ॥১৭॥
ততশ্চ ক্ষান্তমেবেতি প্রোক্ত্বা তং বৈষ্ণবং জ্বরম্‌।
আত্মন্যেব লয়ং নিন্যে ভগবান্‌ মধুসূদনঃ ॥১৮॥
মম ত্বয়া সমং যুদ্ধং যে স্মরিষ্যন্তি মানবাঃ।
বিজ্বরাস্তে ভবিষ্যন্তীত্যুক্ত্বা চৈনং যযৌ জ্বরঃ ॥১৯॥
ততোঽগ্নীন্‌ ভগবান্‌ পঞ্চ জিত্বা নীত্বা তথা ক্ষয়ন্‌।
দানবানাং বলং বিষ্ণুশ্চূর্ণয়ামাস লীলয়া ॥২০॥
ততঃ সমস্তসৈন্যেন দৈতেয়ানাং বলেঃ সুতঃ।

ঐ জ্বর যখন নির্জ্জর কৃষ্ণের সহিত সংগ্রাম করিতে প্রবৃত্ত হইল, তখন বৈষ্ণব জ্বর আবির্ভূত হইয়া তাহাকে তৎক্ষণাৎ কৃষ্ণ শরীর হইতে নিরাকৃত করিল।[১৬] দেব পিতামহ, শৈব জ্বরকে নারায়ণ-ভুজাঘাতদ্বারা পরিপীড়িত ও বিহ্বল দেখিয়া কহিলেন, ইহাকে ক্ষমা কর।[১৭] তখন ভগবান্‌ মধুসূদন, ক্ষমা করিলাম, এই কথা বলিয়া সেই বৈষ্ণব জ্বরকে আপনাতেই লীন করিলেন।[১৮] অনন্তর শৈব জ্বর এই কথা বলিয়া গমন করিল যে, যে সকল মনুষ্য আপন-কার সহিত আমার এই যুদ্ধঘটনা স্মরণ করিবে, তাহাদের জ্বর তৎক্ষণাৎ আরোগ্য হইয়া যাইবে।[১৯]

অনন্তর ভগবান্‌ বিষ্ণু পঞ্চ অগ্নিকে পরাজয় পূর্ব্বক নির্ব্বা-পিত করিয়া অবলীলাক্রমে দানবসৈন্য সমুদায় চূর্ণ করিলেন।[২০] পরে বলীর তনয়, অবশিষ্ট সমুদায় দৈত্যসৈন্য সংগ্রহ করিয়া কৃষ্ণের সহিত সংগ্রাম করিতে প্রবৃত্ত হইল। এই সময় শঙ্কর

যুযুধে শঙ্করশ্চৈব কার্ত্তিকেয়শ্চ শৌরিণা ॥২১॥
হরিশঙ্করয়োর্যুদ্ধমতীবাসীৎ সুদারুণম্।
চুক্ষুভুঃ সকলা লোকা যত্রাস্ত্রাংশুপ্রতাপিতাঃ ॥২২॥
প্রলয়োঽয়মশেষস্য জগতো নূনমাগতঃ।
মেনিরে ত্রিদশা যত্র বর্ত্তমানে মহাহবে ॥২৩॥
জৃম্ভণাস্ত্রেণ গোবিন্দো জৃম্ভয়ামাস শঙ্করম্।
ততঃ প্রণেশুর্দৈতেয়াঃ প্রমথাশ্চ সমন্ততঃ ॥২৪॥
জৃম্ভাভিভূতশ্চ হরো রথোপস্থ উপাবিশৎ।
ন শশাক তথা যোদ্ধুং * কৃষ্ণেনাক্লিষ্টকর্ম্মণা ॥২৫॥
গরুড়ক্ষতবাহশ্চ প্রদ্যুম্নাস্ত্রপ্রপীড়িতঃ।

ও কার্ত্তিক তাঁহার সহিত যুদ্ধ করিতে লাগিলেন।[২১] শঙ্করের সহিত কৃষ্ণের অতীব দারুণ সংগ্রাম হইতে লাগিল। ইহাতে সমুদায় লোক অস্ত্রতেজোদ্বারা পরিতাপিত হইয়া সাতিশয় ক্ষোভ প্রাপ্ত হইতে লাগিল।[২২] দেবগণ তাদৃশ মহাসংগ্রাম দেখিয়া মনে করিতে লাগিলেন যে, অদ্য সমুদায় জগতের প্রলয়কাল উপস্থিত হইয়াছে, সন্দেহ নাই।[২৩] অনন্তর কৃষ্ণ জৃম্ভাস্ত্র পরিত্যাগ করিলে শঙ্কর তখন জৃম্ভার বশীভূত হইয়া পড়িলেন। দৈত্যগণ ও প্রমথগণ (শঙ্করকে তাদৃশ ভাবাপন্ন দেখিয়া) চতুর্দ্দিকে পলায়ন করিতে লাগিল।[২৪] এ দিকে মহাদেব জৃম্ভাভিভূত হইয়া রথোপরি উপবেশন পূর্ব্বক (ক্রমিক হাই তুলিতে লাগিলেন) তখন তিনি ক্রূরকর্ম্মা কৃষ্ণের সহিত সংগ্রাম করিতে তাদৃশ সমর্থ হইলেন না।[২৫] গরুড় তাঁহার বাহনকে ক্ষতবিক্ষত করিয়া

* ন শশাক তদা যোদ্ধুম্ ইতি বা পঠ্যতাম্। ২৫

কৃষ্ণহুঙ্কারনির্দ্ধূতশক্তিশ্চাপি যযৌ গুহঃ ॥২৬॥
জৃম্ভিতে শঙ্করে নষ্টে দৈত্যসৈন্যে গুহে জিতে।
নীতে প্রমথসৈন্যে চ সংক্ষয়ং শার্ঙ্গধন্বনা ॥২৭॥
নন্দীশসংগৃহীতাশ্বমধিরূঢ়ো মহারথম্।
বাণস্তত্রাযযৌ যোদ্ধুং কৃষ্ণকার্ষ্ণিবলৈঃ সহ ॥২৮॥
বলভদ্রো মহাবীর্য্যো বাণসৈন্যমনেকধা।
বিব্যাধ বাণৈঃ প্রভ্রশ্য ধর্ম্মতস্তৎ পলায়ত* ॥২৯॥
আকৃষ্য লাঙ্গলাগ্রেণ মুষলেনাবপোথিতম্।
বলং বলেন দদৃশে বাণো বাণৈশ্চ চক্রিণা ॥৩০॥
ততঃ কৃষ্ণস্য বাণেন যুদ্ধমাসীৎ, সমস্যতোঃ।

ফেলিল। তিনি স্বয়ং প্রদ্যুম্নের অস্ত্রে প্রপীড়িত হইতে লাগিলেন। কার্ত্তিকও কৃষ্ণের হুঙ্কার দ্বারা শক্তিহীন হইয়া পলায়ন-পরায়ণ হইলেন।[২৬]

এইরূপে শঙ্কর যখন জৃম্ভার বশীভূত হইলেন, দৈত্যসৈন্য সমুদায় পলায়ন করিল, কর্ত্তিক কৃষ্ণকর্ত্তৃক পরাজিত হইলেন, এবং প্রমথসৈন্যগণ ক্ষয়প্রাপ্ত হইল, তখন[২৭] বাণরাজা নন্দীশ্বর কর্ত্তৃক সংগৃহীত অশ্ববিশিষ্ট মহারথে আরোহণ করিয়া কৃষ্ণের সহিত এবং কৃষ্ণসৈন্যের সহিত যুদ্ধ করিবার নিমিত্ত সেই স্থলে আগমন করিলেন।[২৮] এ দিকে মহাবীর্য্যশালী বলদেব, বাণ-দ্বারা বাণসৈন্যসমুদায়কে বিবিধরূপে বিদ্ধ করিতে লাগিলেন। বাণসৈন্যগণও ধর্ম্ম হইতে ভ্রষ্ট হইয়া পলায়ন করিতে আরম্ভ করিল।[২৯] পরে বাণ দেখিলেন লাঙ্গলধারী বলদেব দৈত্য-সৈন্যগণকে লাঙ্গল দ্বারা আকর্ষণ করিয়া মুষলদ্বারা চূর্ণ করিতেছেন, এবং কৃষ্ণ তাহাদিগকে শরনিকরদ্বারা ছিন্নভিন্ন করিয়া দিতেছেন।[৩০]

* ধর্ম্মতশ্চ পলায়ত ইতি পাঠান্তরম্। ২৯

পরস্পরমিষূন্ দীপ্তান্ কায়ত্রাণবিভেদকান্ ॥৩১॥
কৃষ্ণশ্চিচ্ছেদ বাণৈস্তান্ বাণেন প্রহিতান্ শরান্।
বিভেদ কেশবং বাণো বাণং বিব্যাধ চক্রভৃৎ ॥৩২॥
মুমুচাতে তথাস্ত্রাণি বাণকৃষ্ণৌ জিগীষয়া।
পরস্পরং ক্ষতিপরৌ পরমামর্ষণৌ দ্বিজ! ॥৩৩॥
ছিদ্যমানেষ্বশেষেষু শরেষ্বস্ত্রে চ সীদতি।
প্রাচুর্য্যেণ হরির্ব্বাণং হন্তুঞ্চক্রে ততো মনঃ ॥৩৪॥
ততোঽর্কশতসঞ্জাত-তেজসঃ সদৃশদ্যুতি।
জগ্রাহ দৈত্যচক্রারির্হরিশ্চক্রং সুদর্শনম্ ॥৩৫॥

অনন্তর কৃষ্ণ বাণরাজার সহিত সংগ্রাম করিতে প্রবৃত্ত হইলেন। পরস্পর পরস্পরের প্রতি কঞ্চুক-বিভেদক দীপ্ত শরসমূহ নিক্ষেপ করিতে লাগিলেন।[৩১] বাণ যে সমুদায় বাণ নিক্ষিপ্ত করিতে লাগিলেন, কৃষ্ণ তাহা যদিও ছেদন করিলেন, তথাপি বাণের বাণদ্বারা তাঁহার শরীর ছিন্নভিন্ন হইল, তিনিও বাণদ্বারা বাণকে বিদ্ধ করিতে লাগিলেন।[৩২] ব্রহ্মন্! বাণ ও কৃষ্ণ পরস্পর জিগীষাবশবর্ত্তী হইয়া বহুবিধ অস্ত্র প্রয়োগ করিতে প্রবৃত্ত হইলেন। তাঁহারা যার পর নাই অমর্ষান্বিত হইয়া পরস্পর পরস্পরের বলহানি করিতে লাগিলেন।[৩৩] অনন্তর যখন সমুদায় শরনিকর ছিন্ন হইল, আর আর সমুদায় অস্ত্রের অধিকাংশ অকর্ম্মণ্য হইয়া পড়িল তখন, কৃষ্ণ বাণকে সংহার করিতে অভিলাষী হইলেন।[৩৪]

পরে দৈত্যচক্রনাশক চক্রধারী হরি, মিলিত-শতসূর্য্যসদৃশ-তেজঃপুঞ্জ-সম্পন্ন সুদর্শন চক্র গ্রহণ করিলেন।[৩৫] ভগবান্ মধুসূদন, বাণনাশে কৃতসংকল্প হইয়া যখন চক্র পরিত্যাগ করেন, তখন কোটবী * নামে দৈত্যদিগের মায়া আসিয়া তাঁহার সম্মুখে আবির্ভূত

* কোটবী দানবদিগের মায়াময়ী বিদ্যা, ইনি দৈত্যগণের কুলদেবতা ও রুদ্রাণীর অষ্টম অংশ।

মুঞ্চতো বাণনাশায় তত্র চক্রং মধুদ্বিষঃ।
নগ্না দৈতেয়বিদ্যাভূৎ কোটবী পুরতো হরেঃ ॥৩৬॥
তামগ্রতো হরির্দৃষ্ট্বা মীলিতাক্ষঃ সুদর্শনম্।
মুমোচ বাণমুদ্দিশ্য ছেত্তুং বাহুবনং রিপোঃ ॥৩৭॥
ক্রমেণ তত্তু বাহূনাং বাণস্যাচ্যুতনোদিতম্।
ছেদঞ্চক্রেঽসুরাপাস্তশস্ত্রৌঘক্ষপণাদৃতম্ ॥৩৮॥
ছিন্নে বাহুবনে তত্তু * করস্থং মধুসূদনঃ।
মুমুক্ষুর্ব্বাণনাশায় বিজ্ঞাতস্ত্রিপুরদ্বিষা ॥৩৯॥
স উপেত্যাহ গোবিন্দং সামপূর্ব্বমুমাপতিঃ।
বিলোক্য বাণং দোর্দ্দণ্ডচ্ছেদাসৃক্স্রাববর্ষিণম্ ॥৪০॥

রুদ্র উবাচ।

কৃষ্ণ! কৃষ্ণ! জগন্নাথ! জানে ত্বাং পুরুষোত্তমম্।

হইল। ৩৬ কৃষ্ণ সম্মুখে ঐ মায়াকে দেখিয়া নয়ন নিমীলন পূর্ব্বক বাণের ভুজসমূহরূপ বন ছেদন করিবার উদ্দেশে সুদর্শন চক্র নিক্ষেপ করিলেন। ৩৭ বাণের যে ভুজসমূহে সুরগণ কর্ত্তৃক নিক্ষিপ্ত শস্ত্রসমূহ অকর্ম্মণ্য হইত, কৃষ্ণ কর্ত্তৃক প্রেরিত সুদর্শন চক্র, সেই সমুদায় বাহু ক্রমশঃ ছেদন করিতে লাগিল। ৩৮ যখন বাহুবন সমুদায় ছিন্ন হইল, তখন মধুসূদন কৃষ্ণ, বাণের জীবন সংহারের নিমিত্ত সুদর্শন চক্র পরিত্যাগ করিবার অভিলাষে হস্তদ্বারা উহা গ্রহণ করিতেছেন, ঈদৃশ সময়ে ত্রিপুরনাশক মহাদেব তাহা জ্ঞাত হইলেন। ৩৯ উমাপতি শঙ্কর বাণকে দোর্দ্দণ্ডচ্ছেদসম্ভূত শোণিত-

* ছিন্নে বাহুসহস্রেঽপি ইত্যপি পাঠঃ। ৩৯

পরেশং পরমানন্দমনাদি নিধনং পরম্ ॥৪১॥
দেবতির্য্যঙ্‌মনুষ্যেষু শরীরগ্রহণাত্মিকা।
লীলেয়ং সর্ব্বভূতস্য তব চেষ্টোপলক্ষণা ॥৪২॥
তৎ প্রসীদাভয়ং দত্তং বাণস্যাস্য ময়া প্রভো ! ।
তত্ত্বয়া নানৃতং কার্য্যং যন্ময়া ব্যাহৃতং বচঃ ॥৪৩॥
অস্মৎসংশ্রয়বৃদ্ধোঽয়ং নাপরাধ্যস্তবাব্যয় ! ।
ময়া দত্তবরো দৈত্যস্ততস্ত্বাং ক্ষাময়াম্যহম্ ॥৪৪॥

পরাশর উবাচ ।

ইত্যুক্তঃ প্রাহ গোবিন্দঃ শূলপাণিমুমাপতিম্ ।
প্রসন্নবদনো ভূত্বা গতামর্ষোঽসুরং প্রতি ॥৪৫॥

ধারা বর্ষণ করিতে দেখিয়া কৃষ্ণের নিকট উপস্থিত হইলেন, এবং সান্ত্বনা পূর্ব্বক কহিতে আরম্ভ করিলেন।[৪০]

রুদ্র কহিলেন, কৃষ্ণ! কৃষ্ণ! তুমি জগতের নাথ, আমি জ্ঞাত আছি, তুমি পুরুষোত্তম, তুমি অনাদি, অনন্ত, তুমি সকলের শ্রেষ্ঠ, তুমি পরমানন্দময় পরমেশ্বর।[৪১] দেব! সর্ব্বপ্রাণীই তোমার চেষ্টার অধীন, তুমি লীলাক্রমে তির্য্যগ্‌যোনি, মনুষ্য প্রভৃতি শরীর গ্রহণ করিয়া থাক।[৪২] প্রভো! এক্ষণে প্রসন্ন হও; আমি এই বাণকে অভয় প্রদান করিয়াছি, আমি যে বাক্য বলিয়াছি, তুমি তাহা অন্যথা করিও না।[৪৩] হে অচ্যুত! এই বাণ আমার আশ্রয়ে বৃদ্ধি প্রাপ্ত হইয়াছে, সুতরাং এই ব্যক্তি তোমার নিকট অপরাধী নহে। আমি এই দৈত্যকে বর প্রদান করিয়াছিলাম, এই জন্যই আমি তোমার নিকট ক্ষমা প্রার্থনা করিতেছি।[৪৪]

পরাশর কহিলেন। কৃষ্ণ, শূলপাণি উমাপতির এই বাক্য শ্রবণ পূর্ব্বক বাণের প্রতি অমর্ষশূন্য ও প্রসন্নবদন হইয়া তাঁহাকে কহিতে লাগিলেন।[৪৫]

শ্রীভগবানুবাচ।

যুষ্মদ্দত্তবরো বাণো জীবতামেষ শঙ্কর!।
ত্বদ্বাক্যগৌরবাদেতন্ময়া* চক্রং নিবর্ত্তিতম্॥৪৬॥
ত্বয়া যদভয়ং দত্তং তদ্দত্তমখিলং ময়া।
মত্তোঽবিভিন্নমাত্মানং দ্রষ্টুমর্হসি শঙ্কর॥৪৭॥
যোঽহং স ত্বং জগচ্চেদং সদেবাসুরমানুষম্।
অবিদ্যামোহিতাত্মানঃ পুরুষা ভিন্নদর্শিনঃ॥৪৮॥
ইত্যুক্ত্বা প্রযযৌ কৃষ্ণঃ প্রাদ্যুম্নির্যত্র তিষ্ঠতি।
তদ্বন্ধফণিনো নেশুর্গরুড়ানিলশোষিতাঃ॥৪৯॥
ততোঽনিরুদ্ধমারোপ্য সপত্নীকং গরুত্মতি।

শ্রীভগবান্ কহিলেন, শঙ্কর! তুমি এই অসুররাজ বাণকে বর প্রদান করিয়াছ, সুতরাং জীবিত থাকুক, তোমার কথানুসারে আমি এই চক্র বিনিবর্ত্তিত করিলাম।[৪৬] শঙ্কর! তুমি যখন অভয় প্রদান করিয়াছ, তখন আমারও সম্পূর্ণরূপে অভয় প্রদান করা হইয়াছে। তুমি আপনা হইতে আমাকে বিভিন্ন বোধ করিও না।[৪৭] আমি ও তুমি উভয়ে পরস্পর অভিন্ন। দেব, অসুর, মনুষ্য প্রভৃতি সমুদায় জগৎও আমাদের হইতে পৃথক্ নহে। যে সকল পুরুষ মায়াদ্বারা মোহিত হইয়া আছে, তাহারা তোমা হইতে আমাকে ভিন্ন বোধ করে।[৪৮]

কৃষ্ণ এই বাক্য বলিয়া যে স্থানে অনিরুদ্ধ আছেন, সেই স্থানে গমন করিলেন। অনিরুদ্ধ যে নাগপাশে বদ্ধ হইয়াছিলেন, সেই নাগগণ গরুড়ের নিশ্বাসে ভীত হইয়া পলায়ন করিল।[৪৯] অনন্তর

---

* ত্বদ্বাক্যগৌরবাদেব ময়া ইতি বা পাঠঃ।[৪৬]

আজগ্মুর্দ্বারকাং রামকার্ষ্ণিদামোদরাঃ পুরীম্॥৫০॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমেহংশে
উষাহরণং নাম
ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ ।

কৃষ্ণ, নববধূ সহিত অনিরুদ্ধকে গরুড়ে আরোহণ করাইয়া বলরাম, প্রদ্যুম্ন প্রভৃতি যাদবগণের সহিত দ্বারকায় গমন করিলেন । ৫০

বিষ্ণুপুরাণ পঞ্চমাংশ উষাহরণ নামক
ত্রয়স্ত্রিংশ অধ্যায় সমাপ্ত ।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমাংশঃ।

চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ।

~~~~~~~~~~

মৈত্রেয় উবাচ।

চক্রে কর্ম্ম মহচ্ছৌরির্ব্বিভ্রাণো মানুষীং তনুম্।
জিগায় শক্রং শর্ব্বঞ্চ সর্ব্বদেবাংশ্চ লীলয়া ॥১॥
যচ্চান্যদকরোৎ কর্ম্ম দিব্যচেষ্টাবিঘাতকৃৎ।
তৎ কথ্যতাং মহাভাগ! পরং কৌতূহলং হি মে ॥২॥

পরাশর উবাচ।

গদতো মম বিপ্রর্ষে! শ্রূয়তামিদমাদরাৎ।
নরাবতারে কৃষ্ণেন* দগ্ধা বারাণসী যথা ॥৩॥

মৈত্রেয় কহিলেন, ভগবান্ মধুসূদন মানবদেহ ধারণ করিয়া অমানুষ কর্ম্ম সমুদায় সম্পাদন করিয়াছিলেন। তিনি দেবরাজকে, মহাদেবকে এবং সমুদায় দেবগণকে অবলীলা ক্রমে জয় করেন।[১] মহাভাগ! কৃষ্ণের আর যে যে কর্ম্মদ্বারা দেবগণের চেষ্টাসমুদায়ও বিফল হইয়াছিল, তাহা আমাকে বলুন, তাহা শ্রবণ করিবার নিমিত্ত আমার সাতিশয় কৌতূহল জন্মিয়াছে।[২]

পরাশর কহিলেন, ব্রহ্মর্ষে! কৃষ্ণ মনুষ্যরূপে অবতীর্ণ হইয়া যেরূপে বারাণসী পুরী দগ্ধ করিয়াছিলেন, তাহা আমি যত্নপূর্ব্বক

---

* নরাবতারকৃষ্ণেন ইত্যপরঃ পাঠঃ।৩
~~~~~~~~~~

পৌণ্ড্রকো বাসুদেবস্তু বাসুদেবোঽভবদ্ভুবি।
অবতীর্ণস্ত্বমিত্যুক্তো জনৈরজ্ঞানমোহিতৈঃ ॥৪॥
স মেনে বাসুদেবোঽহমবতীর্ণো মহীতলে ।
নষ্টস্মৃতিস্ততঃ সর্ব্বং বিষ্ণুচিহ্নমচীকরৎ ॥৫॥
দূতঞ্চ প্রেষয়ামাস কৃষ্ণায় সুমহাত্মনে ।
ত্যক্ত্বা চক্রাদিকং চিহ্নং মদীয়ং নাম চাত্মনঃ ॥৬॥
বাসুদেবাত্মকং মূঢ় মুক্ত্বা সর্ব্বং বিশেষতঃ* ।
আত্মনো জীবিতার্থায় ততো মে প্রণতিং ব্রজ ॥৭॥
ইত্যুক্তঃ সংপ্রহস্যৈনং দূতং প্রাহ জনার্দ্দনঃ ।

বলিতেছি, শ্রবণ করুন।[৩] পৌণ্ড্রদেশোৎপন্ন বাসুদেবনামা এক রাজা, পৃথিবীতে বাসুদেব নামে বিখ্যাত হইয়া উঠিলেন। অজ্ঞানমোহিত জনগণ তাঁহাকে এই বলিয়া স্তব করিতে লাগিল যে, তুমিই ভগবান্ বাসুদেব, পৃথিবীতে অবতীর্ণ হইয়াছ।[৪] ঐ বাসুদেব এইরূপ মনে করিতে লাগিল যে, আমিই প্রকৃত দেব বাসুদেব, পৃথিবীতে অবতীর্ণ হইয়াছি। এই ব্যক্তি এইরূপে ভ্রান্ত-চিত্ত হইয়া সমুদায় বিষ্ণুচিহ্ন ধারণ করিল।[৫] পরে এই কাল্পনিক বাসুদেব মহাত্মা কৃষ্ণের নিকট দূত পাঠাইল, (এবং কহিয়া দিল যে,) মূঢ়! তুমি শঙ্খ চক্র প্রভৃতি মদীয় চিহ্নসমুদায় এবং মদীয় বাসুদেব এই নাম ও আর আর সমুদায় দেবচিহ্ন ত্যাগ করিয়া আমাকে প্রণাম কর, এরূপ করিলে তোমার জীবন রক্ষা হইবে।[৭] জনার্দ্দন এই বাক্য শ্রবণ পূর্ব্বক হাস্য করিয়া দূতকে কহিলেন, মদীয় চিহ্ন এই চক্র আমি তাঁহারই নিকট ত্যাগ করিব। দূত! তুমি সেই পৌণ্ড্রকের নিকট গমন করিয়া এইরূপ বাক্য বলিবে যে, আমি তোমার অভিপ্রায় অবগত

* মুক্ত্বা গর্ব্বং বিশেষতঃ ইতি বা পাঠঃ ।৭

নিজচিহ্নমহঞ্চক্রং সমুৎস্রক্ষ্যে ত্বয়ীতি বৈ ॥৮॥
বাচ্যঃ স পৌণ্ড্রকো গত্বা ত্বয়া দূত! বচো মম।
জ্ঞাতস্ত্বদ্বাক্যসদ্ভাবো যৎ কার্য্যং তদ্বিধীয়তাম্ ॥৯॥
গৃহীতচিহ্ন এবাহমাগমিষ্যামি তে পুরম্।
সমুৎস্রক্ষ্যামি তে চক্রং নিজচিহ্নমসংশয়ম ॥১০॥
আজ্ঞাপূর্ব্বঞ্চ যদিদমাগচ্ছেতি ত্বয়োদিতম্।
সম্পাদয়িষ্যে শ্বস্তুভ্যং তদপ্যেষোঽবিলম্বিতম্ ॥১১॥
শরণং তে সমভ্যেত্য কর্ত্তাস্মি নৃপতে! তথা।
যথা ত্বত্তো ভয়ং ভূয়ো ন মে কিঞ্চিদ্ভবিষ্যতি ॥১২॥
ইত্যুক্তেঽপগতে দূতে সংস্মৃত্যাভ্যাগতং হরিঃ।
গরুত্মন্তমথারুহ্য ত্বরিতং তৎপুরং যযৌ ॥১৩॥

হইয়াছি। এক্ষণে যাহা কর্ত্তব্য তাহা করিব। [৮] আমি চক্রপ্রভৃতি সমুদায় চিহ্ন লইয়া তাঁহার রাজধানীতে গমন করিব এবং তাঁহার নিজ চিহ্ন চক্র তাঁহার নিকট ত্যাগ করিব, সন্দেহ নাই। [১০] তুমি এই আজ্ঞা প্রেরণ করিয়াছ যে, আমার নিকট আগমন কর, এ আজ্ঞাও আমি অবিলম্বে, এমন কি কল্য প্রত্যূষেই পালন করিব। [১১] ভূপতে! আমি তোমার শরণ* গ্রহণ করিয়া এইরূপ কার্য্য করিব যে, তাহাতে পুনর্ব্বার আর কখনই তোমা হইতে আমার ভয়ের সম্ভাবনা থাকিবে না। [১২]

দূত এই বাক্য শ্রবণ করিয়া গমন করিলে, হরি গরুড়কে স্মরণ করিলেন, গরুড় তৎক্ষণাৎ আসিয়া উপস্থিত হইল। তিনি তাহাতে আরোহণ করিয়া ত্বরা পূর্ব্বক পৌণ্ড্রদেশে গমন করিতে লাগিলেন। [১৩] এ দিকে কাশিরাজ, কৃষ্ণের যুদ্ধযাত্রার বিষয় শ্রবণ করিয়া সৈন্য সমুদায় একত্র সংগ্রহ পুর্ব্বক পৌণ্ড্রক বাসুদেবের

* শরণ শব্দের অর্থ গৃহ।

স চাপি কেশবোদ্যোগং শ্রুত্বা কাশিপতিস্তদা।
সর্ব্বসৈন্যপরীবারঃ পার্ষ্ণিগ্রাহ উপাযযৌ ॥১৪॥
ততো বলেন মহতা কাশিরাজবলেন চ।
পৌণ্ড্রকো বাসুদেবোঽসৌ কেশবাভিমুখং যযৌ॥১৫
তং দদর্শ হরির্দ্দূরাদুদারস্যন্দনে স্থিতম্‌।
চক্রহস্তং গদাখড়্গবাহুং পাণিগতাম্বুজম্‌ ॥১৬॥
স্রগ্ধরং ধৃতশার্ঙ্গঞ্চ সুপর্ণরচিতধ্বজম্‌।
বক্ষঃস্থলে কৃতঞ্চাস্য শ্রীবৎসং দদৃশে হরিঃ ॥১৭॥
কিরীটকুণ্ডলধরং পীতবাসঃসমন্বিতম্‌।
দৃষ্ট্বা তং ভাবগম্ভীরং জহাস গরুড়ধ্বজঃ ॥১৮॥
যুযুধে চ বলেনাস্য হস্ত্যশ্ববলিনা দ্বিজ!।

পার্ষ্ণিগ্রাহ হইলেন।[১৪] পৌণ্ড্রক বাসুদেব, অসংখ্য নিজ সৈন্য দ্বারা এবং কাশিরাজ-সৈন্য দ্বারা পরিবৃত হইয়া কৃষ্ণের অভিমুখে যাত্রা করিতে লাগিলেন।[১৫] কৃষ্ণ দূর হইতে দেখিলেন, কাল্পনিক কৃষ্ণ অতীব মনোহর রথে আরোহণ করিয়া রহিয়াছে, তাহার হস্তে চক্র, গদা, খড়্গ ও পদ্ম শোভা পাইতেছে।[১৬] তাহার গলায় অপূর্ব্ব মাল্য ও ধ্বজায় গরুড় নির্ম্মিত রহিয়াছে, এবং সে শার্ঙ্গ ধনুও ধারণ করিয়া আছে। কৃষ্ণ, পুনর্ব্বার দেখিলেন, তাহার বক্ষঃস্থলে কৃত্রিম শ্রীবৎস চিহ্নও শোভা পাইতেছে।[১৭] তাহার মস্তকে কিরীট, কর্ণে কুণ্ডল, পরিধানে পীত বসন সুশোভিত আছে। গরুড়ধ্বজ কৃষ্ণ, কাল্পনিক কৃষ্ণের ঈদৃশ বেশভূষা, ভাব ও গাম্ভীর্য্য দেখিয়া হাস্য করিতে লাগিলেন।[১৮] ব্রহ্মন্‌! অনন্তর কৃষ্ণ নিস্ত্রিংশ, ঋষ্টি, গদা, শূল, শক্তি, কার্ম্মুক প্রভৃতি বিবিধ অস্ত্রধারী, গজারোহী, অশ্বারোহী, বলবান্‌ শত্রুসৈন্যসমূহের সহিত সংগ্রাম

নিস্ত্রিংশর্ষ্টিগদাশূলশক্তিকার্ম্মুকশালিনা ॥১৯॥
ক্ষণেন শার্ঙ্গনির্ম্মুক্তৈঃ শরৈরিমুবিদারণৈঃ।
গদাচক্রনিপাতৈশ্চ সূদয়ামাস তদ্বলম্ ॥২০॥
কাশিরাজবলঞ্চৈব ক্ষয়ং নীত্বা জনার্দ্দনঃ।
উবাচ পৌণ্ড্রকং মূঢ়মাত্মচিহ্নোপলক্ষণম্ ॥২১॥
শ্রীভগবানুবাচ।
পৌণ্ড্রকোক্তং ত্বয়া যত্তু দূতবক্ত্রেণ মাং প্রতি।
সমুৎসৃজেতি চিহ্নানি তত্তে সম্পাদয়াম্যহম্ ॥২২॥
চক্রমেতৎ সমুৎসৃষ্টং গদেয়ং তে বিসর্জ্জিতা।
গরুত্মানেষ নির্দ্দিষ্টঃ সমারোহতু তে ধ্বজম্ ॥২৩॥

করিতে লাগিলেন।[১৯] তাঁহার শার্ঙ্গ শরাসন বিনির্ম্মুক্তশরনিকর-দ্বারা ক্ষণ কালের মধ্যে শত্রুগণের অস্ত্র শস্ত্র সমুদায় চূর্ণীকৃত হইল। তিনি গদাপ্রহার ও চক্রনিক্ষেপ দ্বারা সমুদায় সৈন্য সংহার করিলেন।[২০] জনার্দ্দন কৃষ্ণ, কাশিরাজের সমুদায় সৈন্য নির্ম্মূল করিয়া বিষ্ণুচিহ্নধারী মূঢ়মতি পৌণ্ড্রককে কহিতে লাগিলেন।[২১]

শ্রীভগবান্ কহিলেন, পৌণ্ড্রক! তুমি দূতমুখে আমাকে বলিয়াছিলে যে, চক্রপ্রভৃতি সমুদায় চিহ্ন পরিত্যাগ কর, এক্ষণে সেই চিহ্ন তোমার নিকট পরিত্যাগ করিতেছি।[২২] এই তোমার নিকট চক্র পরিত্যাগ করিলাম, এই তোমার কাছে গদা ত্যাগ করিতেছি, এই আমার গরুড় আছে, তোমার ধ্বজে আরোহণ করুক।[২৩]

পরাশর কহিলেন। কৃষ্ণ এই বাক্য বলিয়া চক্র পরিত্যাগ করিবামাত্র তদ্দ্বারা পৌণ্ড্রক দ্বিধাকৃত হইল, এবং গদার আঘাতে সে ভূমিমধ্যে প্রোথিত হইয়া গেল। এ দিকে গরুড় উড্ডীন

পরাশর উবাচ ।

ইত্যুচ্চার্য্য বিমুক্তেন চক্রেণাসৌ বিদারিতঃ ।
প্রোথিতো গদয়া ভগ্নো গরুত্মাংশ্চ গরুত্মতা ॥২৪॥
ততো হাহাকৃতে লোকে কাশীনামধিপো বলী ।
যুযুধে বাসুদেবেন মিত্রস্যাপচিতৌ স্থিতঃ ॥২৫॥
ততঃ শার্ঙ্গধনুর্ম্মুক্তৈঃ ছিত্ত্বা তস্য শরৈঃ শিরঃ ।
কাশিপূর্য্যাঞ্চ চিক্ষেপ* কুর্ব্বন্ লোকস্য বিস্ময়ম্ ॥২৬॥
হত্বা চ পৌণ্ড্রকং শৌরিঃ কাশিরাজঞ্চ সানুগম্ ।
পুনর্দ্বারবতীং প্রাপ্তো রেমে স্বর্গগতো যথা ॥২৭॥
তচ্ছিরঃ পতিতং দৃষ্ট্বা তত্র কাশিপতেঃ পুরে ।
জনঃ কিমেতদিত্যাহ কেনেত্যত্যন্তবিস্মিতঃ ॥২৮॥

হইয়া (রথোপরিস্থ কৃত্রিম) গরুড়কে চূর্ণ করিল।[২৪] অনন্তর যখন চতুর্দ্দিকে হাহাকার শব্দ হইতে লাগিল, তখন অতীব বলবান্ কাশিরাজ বন্ধুবিনাশের প্রতিবিধানে কৃতসঙ্কল্প হইয়া বাসুদেবের সহিত সংগ্রাম করিতে প্রবৃত্ত হইলেন।[২৫] কৃষ্ণও শার্ঙ্গশরাসন-বিনির্ম্মুক্ত শরনিকর দ্বারা তদীয় শিরশ্ছেদন করিয়া বাণারসী পুরীতে নিক্ষেপ করিলেন। তদ্দর্শনে সমুদায় লোক বিস্ময়াবিষ্ট হইল।[২৬]

এইরূপে কৃষ্ণ পৌণ্ড্রককে এবং অনুচরবর্গের সহিত কাশিরাজকে সংহার করিয়া স্বর্গপুরীর ন্যায় দ্বারকা পুরীতে প্রত্যাগমন পূর্ব্বক লীলা করিতে লাগিলেন।[২৭] কাশিরাজের পুরীমধ্যে কাশিরাজের মস্তক পতিত দেখিয়া সমুদায় লোক সাতিশয় বিস্মিত হইয়া বলাবলি করিতে লাগিল যে, ইহা কি! কে ঈদৃশ অদ্ভুত কার্য্য করিল?[২৮]

---

* কাশিপুর্য্যাং স চিক্ষেপ ইতি পাঠান্তরম্ । ২৬

জ্ঞাত্বা তং বাসুদেবেন হতং তস্য সুতস্ততঃ।
পুরোহিতেন সহিতস্তোষয়ামাস শঙ্করম্ ॥২৯॥
অবিমুক্তে মহাক্ষেত্রে তোষিতস্তেন শঙ্করঃ।
বরং বৃণীষ্বেতি তদা তং প্রোবাচ নৃপাত্মজম্ ॥৩০॥
স বব্রে ভগবন্! কৃত্যা পিতৃহন্তুর্ব্বধায় মে।
সমুত্তিষ্ঠতু কৃষ্ণস্য ত্বৎপ্রসাদান্মহেশ্বর! ॥৩১॥

পরাশর উবাচ।

এবং ভবিষ্যতীত্যুক্তে দক্ষিণাগ্নেরনন্তরম্।
মহাকৃত্যা সমুত্তস্থৌ তস্যৈবাগ্নের্বিনাশিনী ॥৩২॥
ততো জ্বালাকরালাস্যা* জ্বলৎকেশকলাপিকা।

অনন্তর যখন প্রচার হইল যে, বাসুদেব কৃষ্ণ তাঁহার মস্তকচ্ছেদন করিয়া পুরীমধ্যে নিক্ষেপ করিয়াছেন, তখন কাশিরাজতনয় (বৈরনির্যাতনে কৃতপ্রতিজ্ঞ হইলেন,) এবং তিনি পুরোহিতের সহিত একত্র হইয়া শঙ্করের আরাধনা পূর্ব্বক তাঁহাকে পরিতুষ্ট করিলেন।[২৯] অবিমুক্ত মহাক্ষেত্রে কাশিরাজতনয় শঙ্করকে পরিতুষ্ট করাতে, তিনি ঐ রাজকুমারকে কহিলেন যে, বর প্রার্থনা কর।[৩০] রাজকুমার প্রার্থনা করিলেন যে, ভগবন্ মহেশ্বর! আপনার প্রসাদে মদীয় পিতৃহন্তা কৃষ্ণের বধের নিমিত্ত কৃত্যা উৎপন্ন হউক।[৩১]

পরাশর কহিলেন। শঙ্কর তথাস্তু বলিয়া বর প্রদান করিলে, দক্ষিণাগ্নি স্থাপনের পর সেই অগ্নি হইতে সংহারকারিণী মহাকৃত্যা সমুত্থিতা হইল।[৩২] এই মহাকৃত্যা পিঙ্গলবর্ণ, ইহার কেশ-

* জ্বালাকরালা কপিলা ইত্যপি পাঠঃ।৩৩

কৃষ্ণ কৃষ্ণেতি কুপিতা কৃত্যা দ্বারবতীং যযৌ ॥৩৩॥
তামবেক্ষ্য জনস্ত্রাসবিচললোচনো মুনে!।
যযৌ শরণ্যং জগতাং শরণং মধুসূদনম্ ॥৩৪॥
কাশিরাজসুতেনেয়মারাধ্য বৃষভধ্বজম্।
উৎপাদিতা মহাকৃত্যেত্যবগম্যাথ চক্রিণা ॥৩৫॥
জহি কৃত্যামিমামুগ্রাং বহ্নিজ্বালাজটালকাম্।
চক্রমুৎসৃষ্টমক্ষেষু ক্রীড়াসক্তেন লীলয়া ॥৩৬॥
তদগ্নিমালাজটিলজ্বালোদ্গারাতিভীষণাম্।
কৃত্যামনুজগামাশু বিষ্ণুচক্রং সুদর্শনম্ ॥৩৭॥
চক্রপ্রতাপবিধ্বস্তা কৃত্যা মাহেশ্বরী তথা।

কলাপ প্রজ্বলিত হইতেছে, চতুর্দ্দিকে অগ্নিশিখা দ্বারা ইহা ভীষণ মূর্ত্তি ধারণ করিয়াছে। এই কৃত্যা উৎপন্ন হইবামাত্র ক্রোধভরে কৃষ্ণ কৃষ্ণ! এই কথা বলিয়া দ্বারকাভিমুখে গমন করিল।[৩৩] মহর্ষে! এই কৃত্যাকে দেখিয়া ভয় হেতু জনগণের লোচন বিচলিত হইতে লাগিল। তাহারা তখন জগতের আশ্রয় শরণ্য মধুসূদনের নিকট গমন করিল।[৩৪] অনন্তর চক্রপাণি কৃষ্ণ যখন অবগত হইলেন যে, কাশিরাজতনয়, শিবের আরাধনা করিয়া এই মহাকৃত্যার উৎপাদন করিয়াছেন, তখন তিনি অক্ষক্রীড়া করিতে করিতে অক্ষক্রীড়ায় আসক্তহৃদয় থাকিয়াই এই বলিয়া চক্র পরিত্যাগ করিলেন যে, চক্র! তুমি অগ্নিময় জটা ও অলক বিশিষ্ট এই ভীষণ কৃত্যাকে সংহার কর।[৩৬] অনন্তর সুদর্শন নামক বিষ্ণুচক্র, অগ্নিশিখা উদ্গারণ দ্বারা অতীব ভীষণ সেই কৃত্যার পশ্চাৎ ধাবমান হইল।[৩৭] পরে যখন চক্রদ্বারা মাহেশ্বরী কৃত্যা হতপ্রভাবা হইল, তখন সে অতীব বেগে পলায়ন করিতে আরম্ভ করিল। চক্রও অতিবেগে

ননাশ বেগিনী বেগাৎ তদপ্যনুজগাম তাম্ ॥৩৮॥
কৃত্যা বারাণসীমেবং প্রবিবেশ ত্বরান্বিতা।
বিষ্ণুচক্রপ্রতিহতপ্রভাবা মুনিসত্তম! ॥৩৯॥
ততঃ কাশিবলং ভূরি-প্রমথানাং তথা বলম্।
সমস্তশস্ত্রাস্ত্রযুতং চক্রস্যাভিমুখং যযৌ ॥৪০॥
শস্ত্রাস্ত্রমোক্ষচতুরং দগ্ধ্বা তদ্বলমোজসা।
কৃত্যাগর্ভামশেষাং তাং দগ্ধ্বা বারাণসীং পুরীম্ ॥৪১॥
সভূভৃদ্ভৃত্যপৌরাস্ত্ত সাশ্বমাতঙ্গমানবাম্।
অশেষকোষকোষ্ঠাং তাং দুর্নিরীক্ষ্যাং সুরৈরপি ॥৪২
জ্বালাপরিপ্লুতাশেষগৃহপ্রাকারচত্বরাম্।
দদাহ তদ্ধরেশ্চক্রং সকলামেব তাং পুরীম্ ॥৪৩॥

তাহার পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইতে লাগিল।[৩৮] মুনিশ্রেষ্ঠ! অনন্তর কৃত্যা, বিষ্ণুচক্র কর্তৃক প্রতিহতপ্রভাব হওয়াতে ত্বরান্বিতা হইয়া বারাণসী পুরীতে প্রবিষ্টা হইল।[৩৯] পরে বহুসংখ্য কাশিরাজসৈন্য ও মহাদেবের অনুচর প্রমথগণ, নানাবিধ অস্ত্র শস্ত্র গ্রহণ করিয়া চক্রের অভিমুখে ধাবমান হইল।[৪০] সৈন্যগণ যখন অস্ত্র শস্ত্র পরিত্যাগ করিতে আরম্ভ করিল, তখন বিষ্ণুচক্র সমুদায় সৈন্য ও কৃত্যার সহিত বারাণসী পুরী দগ্ধ করিয়া ফেলিল।[৪১] রাজগণ, রাজভৃত্যগণ, পৌরগণ, অশ্বগণ, মাতঙ্গগণ, প্রজাগণ, ধনাগারসমূহ ও গৃহসমূহ, এই সমুদায় যখন প্রজ্বলিত হইতে আরম্ভ হইল, তখন সেই বারাণসী পুরী দেবগণেরও দুর্নিরীক্ষ্য হইয়া উঠিল।[৪২] গৃহ, প্রাকার, প্রাঙ্গন প্রভৃতি সমুদায় স্থলেই অগ্নিশিখা দৃষ্ট হইতে লাগিল। এই রূপে বিষ্ণুচক্র বারাণসীর সমুদায় অংশ দগ্ধ করিয়া ফেলিল।[৪৩] তৎকালে যদিও বিষ্ণুচক্রের

অক্ষীণামর্ষমত্যল্পসাধ্যসাধনসস্পৃহম্।
তচ্চক্রং প্রস্ফুরদ্দীপ্তি বিষ্ণোরভ্যাযযৌ করম্ ॥৪৪॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমেঽংশে
বারাণসীদাহো নাম
চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ।

ক্রোধ শান্তি হয় নাই, যদিও অতি সামান্য কার্য্য সাধন হেতু তাহার অভিলাষ পূর্ণ হয় নাই, তথাপি সেই চক্র দেদীপ্যমান হইয়া পুনর্ব্বার বিষ্ণু হস্তে প্রত্যাবৃত্ত হইল।৪৪

বিষ্ণুপুরাণ পঞ্চমাংশ বারাণসীদাহ নামক
চতুস্ত্রিংশ অধ্যায় সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমাংশঃ।

পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ।

মৈত্রেয় উবাচ।

ভূয় এবাহমিচ্ছামি বলভদ্রস্য ধীমতঃ।
শ্রোতুং পরাক্রমং ব্রহ্মন্! তন্মমাখ্যাতুমর্হসি ॥১॥
যমুনাকর্ষণাদীনি শ্রুতানি ভগবন্ময়া।
তৎ কথ্যতাং মহাভাগ! যদন্যৎ কৃতবান্ বলঃ ॥২॥

পরাশর উবাচ।

মৈত্রেয়! শ্রূয়তাং কর্ম্ম যদ্রামেণাভবৎ কৃতম্।
অনন্তেনাপ্রমেয়েণ শেষেণ ধরণীভৃতা ॥৩॥

মৈত্রেয় কহিলেন। ব্রহ্মন্! আমি ধীমান্ বলদেবের পরাক্রমের বিষয় পুনর্ব্বার শ্রবণ করিতে অভিলাষ করিতেছি, আপনি অনুগ্রহ করিয়া বলুন।[১] ভগবন্! বলদেব যমুনা আকর্ষণ প্রভৃতি যে সমুদায় অদ্ভুত কর্ম্ম করিয়াছেন, তাহা আমার শ্রবণ করা হইয়াছে, এক্ষণে তাঁহার আর আর কার্য্য সমুদায় বর্ণন করুন।[২]

পরাশর কহিলেন, মৈত্রেয়! অপ্রমেয় ধরণীধর নাগরাজ অনন্তের অবতার বলদেব যে সমুদায় কর্ম্ম করিয়াছেন, (তাহা বলিতেছি) শ্রবণ কর।[৩] যে সময় দুর্য্যোধনতনয়ার স্বয়ম্বরের

দুর্য্যোধনস্য তনয়াং স্বয়ংবরকৃতক্ষণাম্।
বলাদাদত্তবান্ বীরঃ শাম্বো জাম্ববতীসুতঃ ॥৪॥
ততঃ ক্রুদ্ধা মহাবীর্য্যাঃ কর্ণদুর্য্যোধনাদয়ঃ ।
ভীষ্মদ্রোণাদয়শ্চৈনং ববন্ধুর্যুধি নির্জ্জিতম্ ॥৫॥
তৎ শ্রুত্বা যাদবাঃ সর্ব্বে ক্রোধং দুর্য্যোধনাদিষু ।
মৈত্রেয় ! চক্রুশ্চ ততো নিহন্তুং তে মহোদ্যমম্ * ॥৬॥
তান্ নিবার্য্য বলঃ প্রাহ মদলোলাকুলাক্ষরম্ † ।
মোক্ষ্যন্তি তে মদ্বচনাৎ যাস্যাম্যেকো হি কৌরবান্ ॥৭
বলদেবস্ততো গত্বা নগরং নাগসাহ্বয়ম্ ।
বাহ্যোপবনমধ্যেঽভূৎ ন বিবেশ চ তৎ পুরম্ ॥৮॥

উদ্যোগ হয়, তৎকালে জাম্ববতীনন্দন মহাবীর শাম্ব বলপূর্ব্বক তাহাকে হরণ করিলেন। [৪] পরে মহাবীর্য্য কর্ণ, দুর্য্যোধন, ভীষ্ম, দ্রোণ প্রভৃতি মহাবীরগণ ক্রুদ্ধ হইয়া শাম্বকে সংগ্রামে পরাজয় পূর্ব্বক বন্ধন করিলেন। [৫] মৈত্রেয় ! যাদবগণ এই বিবরণ শ্রবণ পূর্ব্বক দুর্য্যোধন প্রভৃতি কৌরবগণের উপরে ক্রুদ্ধ হইয়া তাহাদিগকে সংহার করিবার নিমিত্ত সংগ্রামের উদ্যোগ করিতে লাগিলেন। [৬] পরে বলদেব তাঁহাদিগকে নিবারণ করিয়া মদবিহ্বল বচনে কহিলেন, কৌরবগণ আমার কথানুসারেই শাম্বের বন্ধন মোচন করিবে, অতএব আমি একাকীই সেই খানে যাই (তোমাদের বা সৈন্য সামন্তের গমন করিবার প্রয়োজন নাই)। [৭] অনন্তর বলদেব হস্তিনাপুরে গমন করিয়া নগরের সমীপস্থিত উদ্যানে অবস্থান করিলেন, পুরীমধ্যে প্রবিষ্ট হইলেন না। [৮] দুর্য্যোধন

* মৈত্রেয় ! চক্রুঃ ক্রুদ্ধাশ্চ তান্ নিহন্তুং মহোদ্যমম্ ইতি বা পঠনীয়ম্ । [৬]
† মদলোলাক্ষরং বচঃ ইতি বা পাঠ্যম্ । [৭]

বলমাগতমাজ্ঞায় ভূপা দুর্যোধনাদয়ঃ ।
গামর্ঘমুদকঞ্চৈব রামায় প্রত্যবেদয়ৎ ॥৯॥
গৃহীত্বা বিধিবৎ সর্ব্বং ততস্তানাহ কৌরবান্ ।
আজ্ঞাপয়ত্যুগ্রসেনঃ শাম্বমাশু বিমুঞ্চত ॥১০॥
ততস্তে তদ্বচঃ শ্রুত্বা ভীষ্মদ্রোণাদয়ো দ্বিজ ! ।
কর্ণদুর্যোধনাদ্যাশ্চ চুক্রুধুর্দ্বিজসত্তম ! ॥১১॥
ঊচুশ্চ কুপিতাঃ সর্ব্বে বাহ্লীকাদ্যাশ্চ কৌরবাঃ ।
অরাজ্যার্হং যদোর্ব্বংশমবেক্ষ্য মুষলায়ুধম্ ॥১২॥
ভো ! ভোঃ ! কিমেতদ্ভবতা বলভদ্রেরিতং বচঃ ।
আজ্ঞাং কুরুকুলোত্থানাং যাদবঃ কঃ প্রদাস্যতি ॥১৩॥
উগ্রসেনোঽপি যদ্যাজ্ঞাং কৌরবাণাং প্রদাস্যতি ।
তদলং পাণ্ডবচ্ছত্রৈর্নৃপযোগ্যৈর্ব্বিড়ম্বিতৈঃ ॥১৪॥

প্রভৃতি রাজগণ বলদেবের আগমন বৃত্তান্ত শ্রবণ করিয়া ধেনু, উদক প্রভৃতি অর্ঘ্য গ্রহণ পূর্ব্বক তাঁহাকে নিবেদন করিলেন।[৯] তিনি যথাবিধানে সেই সমুদায় গ্রহণ পূর্ব্বক কৌরবগণকে কহিলেন, উগ্রসেন আজ্ঞা করিতেছেন, শাম্বকে ছাড়িয়া দাও।[১০]

ব্রহ্মন্ ! ভীষ্ম, দ্রোণ, কর্ণ, দুর্য্যোধন প্রভৃতি রাজগণ, ঈদৃশ বাক্য শ্রবণ করিয়া সাতিশয় রোষপরবশ হইলেন।[১১] পরে বাহ্লীকগণ ও কৌরবগণ ক্রোধভরে কহিলেন, অহে মুষলায়ুধ! যদুবংশীয়েরা রাজ্যার্হ্য নহে।[১২] বলদেব ! তুমি এ কিপ্রকার কথা কহিলে ? কুরুবংশীয়দিগকে আজ্ঞা প্রদান করিতে পারে, এরূপ ব্যক্তি যদুবংশের মধ্যে কে আছে ?[১৩] উগ্রসেন যদ্যপি কৌরবদিগকে আজ্ঞা প্রদান করেন, তাহা হইলে পাণ্ডবদিগের বিড়ম্বনাস্বরূপ রাজচ্ছত্রে কি প্রয়োজন ?[১৪] অতএব বলদেব !

তদ্‌গচ্ছ বলপাপাঢ্যং শাম্বমন্যায়চেষ্টিতম্।
বিমোক্ষ্যামো ন ভবতো নোগ্রসেনস্য শাসনাৎ ॥১৫॥
প্রণতির্যা কৃতাস্মাকমার্য্যাণাং কুকুরান্ধকৈঃ।
ননাম সা কৃতা কেয়মাজ্ঞা স্বামিনি ভৃত্যতঃ ॥১৬॥
গর্ব্বমারোপিতা যূয়ং সমানাসনভোজনৈঃ।
কো দোষো ভবতাং নীতির্যৎ প্রীত্যা নাবলোকিতা ॥১৭॥
অস্মাভিরর্ঘ্যো ভবতো যোঽয়ং বল! নিবেদিতঃ।*
প্রেম্নৈতন্নৈতদস্মাকং † কুল্যং যুষ্মৎকুলোচিতম্ ॥১৮॥

পরাশর উবাচ।

ইত্যুক্ত্বা কুরবঃ সর্ব্বে ন মুঞ্চামো হরেঃ সুতম্।

তুমি চলিয়া যাও, উগ্রসেনের আজ্ঞানুসারেই হউক বা তোমার কথানুসারেই হউক, আমরা অন্যায়কারী পাপাত্মা শাম্বকে ছাড়িয়া দিব না।[১৫] পূর্ব্বে কুকুরগণ ও অন্ধকগণ আর্য্য কৌরবদিগের নিকট নত হইয়া আসিয়াছে, এক্ষণে উগ্রসেন সেরূপ নত হইতেছে না; ভৃত্য স্বামীকে আজ্ঞা করে; এ কিরূপ ব্যবহার![১৬] আমরা তোমাদিগের সহিত একত্র উপবেশন ও ভোজনাদি করিয়া থাকি, ইহাতেই তোমাদিগের এতদূর অহঙ্কার বৃদ্ধি হইয়াছে, অথবা তোমাদিগের দোষ কি? যেহেতু আমরাই প্রণয়ের বশীভূত হইয়া রাজনীতির অনুসরণ করি নাই।[১৭] বলদেব! আমরা যে তোমাকে অর্ঘ্য প্রদান করিলাম, ইহাও কেবল প্রীতিনিবন্ধন হইয়াছে, নতুবা ঈদৃশ কার্য্য আমাদের ও আমাদের বংশের উপযুক্ত নহে।[১৮]

* অস্মাভিস্তু ভবতো যোঽয়মর্ঘ্যো বল নিবেদিত ইতি পাঠান্তরম্। ১৮ প্রেম্নৈব
† নৈতদস্মাকমিতি বা পাঠঃ। ১৮

কৃতৈকনিশ্চয়াস্তূর্ণং বিবিশুর্গজসাহ্বয়ম্ ॥১৯॥
মত্তঃ কোপেন চাঘূর্ণংস্তদধিক্ষেপজন্মনা ॥২০॥
উত্থায় পাষ্ণ্যা বসুধাং জঘান স হলায়ুধঃ ॥২১॥
ততো বিদারিতা পৃথ্বী পাষ্ণিঘাতান্মহাত্মনঃ।
আস্ফোটয়ামাস তথা দিশঃ শব্দেন পূরয়ন্ ॥২২॥
স উবাচাতিতাম্রাক্ষো ভ্রূকুটীকুটিলাননঃ।
অহো! মদাপলেপোঽয়মসারাণাং দুরাত্মনাম্ ॥২৩।
কৌরবাণাং মহীপত্বমস্মাকং কিল কালজম্।
উগ্রসেনস্য যে নাজ্ঞাং মন্যন্তেঽদ্যাপি লঙ্ঘনম্ ॥২৪॥
আজ্ঞাং প্রতীচ্ছেদ্ধর্ম্মেণ সহ দেবৈঃ শচীপতিঃ।
সদাধ্যাস্তে সুধর্ম্মাং তামুগ্রসেনঃ শচীপতেঃ ॥২৫॥

পরাশর কহিলেন, অনন্তর কৌরবগণ সকলেই কহিলেন, আমরা কৃষ্ণের পুত্রকে ছাড়িয়া দিব না,পরে তাঁহারা তদ্বিষয়ে কৃতনিশ্চয় হইয়া তৎক্ষণাৎ হস্তিনাপুরীতে প্রবিষ্ট হইলেন। [১৯] এ দিকে বলদেব একে মদদ্বারা মত্ত ছিলেন, তাহাতে তিরস্কারজনিত কোপে ঘূর্ণিত হইতে লাগিলেন। [২০] পরে তিনি ক্রোধভরে উত্থিত হইয়া বসুধাতলে একটী পদাঘাত করিলেন।[২১] মহাত্মা বলদেবের পদাঘাত দ্বারা পৃথিবী বিদারিত হইল এবং শব্দ দ্বারা দিঙ্মণ্ডল পূরিত করিয়া স্ফুটিত হইয়া গেল। [২২] বলদেবের চক্ষুর্দ্বয় রক্তবর্ণ হইল, ভ্রূকুটিভঙ্গ দ্বারা তাঁহার মুখ ভীষণ মূর্ত্তি ধারণ করিল। তিনি কহিলেন, অহো! অসার দুরাত্মাদিগের কি অহঙ্কার! [২৩] কি আশ্চর্য্য! কৌরবদিগের রাজত্ব স্বভাবসিদ্ধ! এবং আমাদিগের রাজত্ব অনুগ্রহজনিত! ইহারা উগ্রসেনের আজ্ঞা প্রতিপালন করিল না! অদ্যাপি

ধিঙ্মনুষ্যশতোচ্ছিষ্টে তুষ্টিরেষাং নৃপাসনে।
পারিজাততরোঃ পুষ্পমঞ্জরীর্ব্বনিতাজনঃ ॥২৬॥
বিভর্ত্তি যস্য ভৃত্যানাং সোঽপ্যেষাং ন মহীপতিঃ।
সমস্তভূভুজাং নাথ উগ্রসেনঃ স তিষ্ঠতু ॥২৭॥
অদ্য নিষ্কৌরবামুর্ব্বীং কৃত্বা যাস্যামি তৎপুরীম্।
কর্ণং দুর্য্যোধনং দ্রোণমদ্য ভীষ্মং সবাহ্লিকম্ ॥২৮॥
দুষ্টান্ দুঃশাসনাদীংশ্চ ভূরিশ্রবসমেব চ।
সোমদত্তং শলং ভীমমর্জ্জুনং সযুধিষ্ঠিরম ॥২৯॥
যমজৌ কৌরবাংশ্চান্যান্ হত্বা সাশ্বরথদ্বিপান্।
বীরমাদায় শাম্বঞ্চ সপত্নীকং ততঃ পুরীম্ ॥৩০॥

আজ্ঞা লঙ্ঘন করিতেছে!।[২৪] দেবগণের সহিত দেবরাজও ধর্ম্মানুসারে উগ্রসেনের আজ্ঞা প্রতিপালন করেন। দেবরাজ যে সুধর্ম্মা নামক সভাতে উপবেশন করিতেন, এক্ষণে উগ্রসেন তাহাতে উপবেশন করিতেছেন।[২৫] শত শত মনুষ্যগণ যে রাজসিংহাসন উচ্ছিষ্ট করিয়া গিয়াছে, সেই সিংহাসন প্রাপ্ত হইয়া পরিতুষ্ট হওয়া ধিক্! যাঁহার ভৃত্যবর্গের বনিতারাও পারিজাত পুষ্পের মঞ্জরী ধারণ করে, ইঁহাদের নিকট তিনিও রাজার যোগ্য হইলেন না।[২৬] সমুদায় রাজগণের অধীশ্বর উগ্রসেনের কথা দূরে থাকুক, অদ্য আমি একাকীই পৃথিবীকে কৌরবশূন্য করিয়া দ্বারকায় প্রবিষ্ট হইব।[২৭] অদ্য আমি কর্ণকে, দুর্য্যোধনকে, দ্রোণকে, ভীষ্মকে, বাহ্লীকগণকে, দুঃশাসন প্রভৃতি দুষ্টদিগকে, ভূরিশ্রবাকে,[২৮] সোমদত্তকে, শল্যকে, ভীমকে, অর্জ্জুনকে, যুধিষ্ঠিরকে, নকুলকে, সহদেবকে ও আর আর সমুদায়কে অশ্ব, রথ ও হস্তীর সহিত সংহার করিয়া[২৯]

দ্বারকামুগ্রসেনাদীন্ গত্বা দ্রক্ষ্যামি বান্ধবান্।
অথবা কৌরবাধীনং সমস্তৈঃ কুরুভিঃ সহ ॥৩১॥
ভারাবতরণে শীঘ্রং দেবরাজেন চোদিতঃ।
ভাগীরথ্যাং ক্ষিপাম্যাশু নগরং নাগসাহ্বয়ম্ ॥৩২॥

পরাশর উবাচ।

ইত্যুক্ত্বা মদরক্তাক্ষঃ কর্ষণাধোমুখং হলম্।
প্রাকারবপ্রে বিন্যস্য চকর্ষ মুষলায়ুধঃ ॥৩৩॥
আঘূর্ণিতং তৎ সহসা ততো বৈ হস্তিনাপুরম্।
দৃষ্ট্বা সংক্ষুব্ধহৃদয়াশ্চুক্রুশুঃ সর্ব্বকৌরবাঃ ॥৩৪॥
রাম! রাম! মহাবাহো! ক্ষম্যতাং ক্ষম্যতাং ত্বয়া।
উপসংহ্রিয়তাং কোপঃ প্রসীদ মুষলায়ুধ! ॥৩৫॥
এষ শাম্বঃ সপত্নীকস্তব নির্যাতিতো বল!।

পত্নীর সহিত বীর শাম্বকে গ্রহণ পূর্ব্বক দ্বারকা পুরীতে প্রবিষ্ট হইয়া উগ্রসেন প্রভৃতি বান্ধবগণকে দর্শন করিব, [৩০] অথবা দেবরাজের প্রার্থনানুসারে আমি পৃথিবীর ভারাবতরণে নিযুক্ত আছি, আমি এক্ষণে সমুদায় কৌরবদিগের সহিত কৌরবাধীন এই হস্তিনাপুর গঙ্গাগর্ভে নিক্ষিপ্ত করি। [৩১]

পরাশর কহিলেন। মুষলায়ুধ বলদেব মদদ্বারা আরক্ত-নয়ন হইয়া এই বাক্য বলিয়া লাঙ্গল অধোমুখ করিয়া নগরীর প্রাচীরের মূলদেশে কর্ষণ করিতে আরম্ভ করিলেন। [৩২] অনন্তর হস্তিনাপুর তৎক্ষণাৎ বিচলিত হইতে লাগিল, তদ্দর্শনে কৌ-রবগণ ক্ষুব্ধহৃদয় হইয়া কোলাহল করিতে আরম্ভ করিলেন। [৩৩] রাম, ক্ষমা কর? মহাবাহো রাম! ক্ষমা কর? মুষলায়ুধ! প্রসন্ন হও? ক্রোধ পরিহার কর। [৩৪] এই আমরা সস্ত্রীক শাম্বকে

অবিজ্ঞাতপ্রভাবাণাং ক্ষম্যতামপরাধিনাম্ ॥৩৬॥

পরাশর উবাচ।

ততো নির্যাতয়ামাসুঃ শাম্বং পত্ন্যাসমন্বিতম্।
নিষ্ক্রম্য নগরাত্তূর্ণং কৌরবা মুনিপুঙ্গব! ॥৩৭॥
ভীষ্মদ্রোণকৃপাদীনাং প্রণম্য বদতাং প্রিয়ম্।
ক্ষান্তমেতন্ময়েত্যাহ বলো বলবতাং বরঃ ॥৩৮॥
অদ্যাপ্যাঘূর্ণিতাকারং লক্ষ্যতে তৎ পুরং দ্বিজ!।
এষ প্রভাবো রামস্য বলশৌর্য্যোপলক্ষণঃ ॥৩৯॥
ততস্ত কৌরবাঃ শাম্বং সংপূজ্য হলিনা সহ।
প্রেষয়ামাসুরুদ্বাহধনভার্য্যাসমন্বিতম্ ॥৪০॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমেঽংশে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ।

ছাড়িয়া দিতেছি। বলদেব! আমরা তোমার প্রভাব না জানিয়া অপরাধী হইয়াছি, এক্ষণে ক্ষমা কর। ৩২

পরাশর কহিলেন, মুনিশ্রেষ্ঠ! অনন্তর কৌরবগণ হস্তিনাপুর হইতে নিষ্ক্রান্ত হইয়া সস্ত্রীক শাম্বকে বলদেবের নিকট সমর্পণ করিলেন। ৩৬ মহাবল বলদেব, প্রিয়বাদী ভীষ্ম দ্রোণ প্রভৃতিকে প্রণাম করিয়া কহিলেন, আমি ইহা ক্ষমা করিলাম। ৩৭ ব্রহ্মন্! এই কারণে অদ্যাপি হস্তিনাপুর দর্শন করিলে বোধ হয়, যেন তাহা ঘূর্ণিত হইতেছে, অতএব বলরামের এতদূর শৌর্য্য ও এতদূর প্রভাব। ৩৮

অনন্তর কৌরবগণ বলদেবকে ও শাম্বকে যথাবিধি পূজা করিয়া কন্যা ও যৌতুক প্রদান পূর্ব্বক বিদায় করিলেন। ৩৯

বিষ্ণুপুরাণ পঞ্চম অংশ পঞ্চত্রিংশ অধ্যায় সমাপ্ত

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমাংশঃ।

ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

মৈত্রেয়! শ্রূয়তাং তস্য বলস্য বলশালিনঃ।
কৃতং যদন্যত্তেনাভূত্তদপি শ্রূয়তাং দ্বিজ! ॥১॥
নরকস্যাসুরেন্দ্রস্য দেবপক্ষবিরোধিনঃ।
সখাভবন্মহাবীর্য্যো দ্বিবিদো নাম বানরঃ ॥২॥
বৈরানুবন্ধং বলবান্ স চকার সুরান্ প্রতি।
নরকং হতবান্ কৃষ্ণো বলদর্পসমন্বিতম্ ॥৩॥
করিষ্যে সর্ব্বদেবানাং তস্মাদেষ প্রতিক্রিয়াম্ ॥৪॥

পরাশর কহিলেন। মৈত্রেয়! বলশালী বলদেব আর আর যে সকল অলৌকিক কার্য্য করিয়াছিলেন, তাহা বলিতেছি, শ্রবণ কর।[১]

অসুররাজ নরক, দেবগণের বিরুদ্ধাচরণ করিত। দ্বিবিদ নামে একটি মহাবল বানর তাহার সখা ছিল।[২] এই বলবান্ বানরও দেবগণের সহিত শত্রুতাচরণ করিতে আরম্ভ করিল। কৃষ্ণ দেবরাজের প্রার্থনানুসারে নরকাসুরকে বিনষ্ট করিলেন।[৩] (অনন্তর দ্বিবিদ মনে মনে স্থির করিল, দেবগণ যেমন নরকাসুরকে বিনাশ করিলেন) সেইরূপ আমি সমুদয় দেবতার বৈর-নির্যাতন করিব। যজ্ঞধ্বংস করিলে সমুদায় লোক ক্ষয় প্রাপ্ত

যজ্ঞবিধ্বংসনং মেনে সর্ব্বলোকক্ষয়ং হিতম্।
ততো বিধ্বংসয়ামাস যজ্ঞানজ্ঞানমোহিতঃ ॥৫॥
বিভেদ সাধুমর্য্যাদাং ক্ষয়ং চক্রে চ দেহিনাম্।
দদাহ চ বনোদ্দেশান্ পুরগ্রামান্তরাণি চ ॥৬॥
ক্বচিচ্চ পর্ব্বতাক্ষেপৈগ্র্ামাদীন্ সমচূর্ণয়ৎ।
শৈলানুৎপাট্য তোয়েষু মুমোচাম্বুনিধৌ তথা ॥৭॥
পুনশ্চার্ণবমধ্যস্থঃ ক্ষোভয়ামাস সাগরম্।
তেন বিক্ষোভিতশ্চাব্ধিরুদ্বেলোঽজায়ত দ্বিজ! ॥৮॥
প্লাবয়ংস্তীরজান্ গ্রামান্ পুরাদীনতিবেগবান্।
কামরূপী মহারূপং কৃত্বা সংস্থানশেষতঃ ॥৯॥

হইবে, অতএব তাহাই করা আমার কর্ত্তব্য হইতেছে।" (দ্বিবিদ এইরূপ বিবেচনা করিয়া যজ্ঞধ্বংস করিতে প্রবৃত্ত হইল) সাধুদিগের মর্য্যাদাহানি করিতে লাগিল, যাহাতে সমুদায় প্রাণী বিনষ্ট হয়, এরূপ কার্য্য করিতে আরম্ভ করিল। বন, নগর, গ্রাম, এ সমুদায় দগ্ধ করিতে লাগিল।[৬] কোন স্থলে পর্ব্বত নিক্ষিপ্ত করিয়া সে সমুদায় গ্রাম, নগর প্রভৃতি চূর্ণ করিত। সমুদ্রে জাহাজ যাইতে দেখিলে পর্ব্বত উন্মূলন করিয়া তদুপরি নিক্ষিপ্ত করিত।[৭] এই বানর কখন কখন সমুদ্রে গমন করিয়া সমুদায় জল বিলোড়িত করিত ব্রহ্মন্! সমুদ্র তদ্দ্বারা উৎক্ষোভিত হইয়া বেলা অতিক্রম করিত, এবং তীরে জল উত্থিত হইয়া তীরস্থিত গ্রাম, নগর প্রভৃতি প্লাবিত করিয়া ফেলিত। ঐ বানর কামরূপী ছিল, সুতরাং সময়ে সময়ে নানারূপ ধারণ করিয়া[৮] বিলুণ্ঠন দ্বারা, ভ্রমণ দ্বারা, মর্দনদ্বারা সকলকে চূর্ণ করিয়া ফেলিত। এই দুরাত্মা এইরূপে সমুদায়

লুণ্ঠন্ ভ্রমণসংমর্দ্দৈঃ সঞ্চূর্ণয়তি বানরঃ।
তেন বিপ্রকৃতং সর্ব্বং জগদেতদ্দুরাত্মনা ॥১০॥
নিঃস্বাধ্যায়বষট্কারং মৈত্রেয়াসীৎ সুদুঃখিতম্ ॥১১॥
একদা রৈবতোদ্যানে পপৌ পানং হলায়ুধঃ।
রেবতী চ মহাভাগা তথৈবান্যা বরস্ত্রিয়ঃ ॥১২॥
উপগীয়মানো বিলসল্ললনামৌলিমধ্যগঃ।
রেমে যদুবরশ্রেষ্ঠঃ কুবের ইব মন্দরে ॥১৩॥
ততঃ স বানরোঽভ্যেত্য গৃহীত্বা সীরিণো হলম্।
মুষলঞ্চ চকারাস্য সম্মুখঞ্চ বিড়ম্বনম্ ॥১৪॥
তথৈব যোষিতাং তাসাং জহাসাভিমুখং কপিঃ।

লোককে ক্লেশ দিতে আরম্ভ করিল। জগতে বেদাধ্যয়ন ও যাগ রহিত হওয়াতে সকলেই দুঃখিত হইতে লাগিল।[৯]

একদা হলধর রেবতীর সহিত এবং অন্যান্য কতকগুলি মহাভাগা রমণীর সহিত রৈবত উদ্যানে সুরাপান করিতে আরম্ভ করিলেন।[১১] কুবের যেমন মন্দর পর্ব্বতে বিহার করিয়া ছিলেন, তাহার ন্যায় যদুশ্রেষ্ঠ বলদেব নিরুপমরূপবতী বিলাসবতী ললনাদিগের মধ্যবর্ত্তী হইয়া ক্রীড়া করিতে লাগিলেন। রমণীরা নানা প্রকারে তাঁহার উপাসনা করিতে লাগিল।[১২] ইত্যবসরে দ্বিবিদ নামক বানর সেই স্থানে আগমন পূর্ব্বক বলদেবের লাঙ্গল ও মুষল হরণ করিয়া দন্ত প্রদর্শনাদি দ্বারা মুখবিক্রিয়া করিতে লাগিল।[১৩] সেই স্থানে মদিরাপূর্ণ কতকগুলি কলস ছিল, বানর তৎসমুদায়ে আঘাত করিয়া ফেলিয়া দিল, এবং স্ত্রীলোকদিগের মুখের নিকট গমন করিয়া নানাপ্রকার মুখ বিকৃতি করিতে আরম্ভ করিল ও দন্ত প্রদর্শন করিতে লাগিল।[১৪] অনন্তর বলদেব ক্রুদ্ধ হইয়া তাহাকে ভৎ-

পানপূর্ণাংশ্চ করকাংশ্চিক্ষেপাহত্য বৈ নদা ॥১৫॥
ততঃ কোপপরীতাত্মা ভৎ'সয়ামাস তং বলঃ।
তথাপি তমবজ্ঞায় চক্রে কিলকিলাধ্বনিম্ ॥১৬॥
ততঃ সমুত্থায় বলো জগ্রাহ মুষলং রুষা।
সোঽপি শৈলশিলাং ভীমাং জগ্রাহ প্লবগোত্তমঃ ॥১৭॥
চিক্ষেপ চ স তাং ক্ষিপ্তাং মুষলেন সহস্রধা।
বিভেদ যাদবশ্রেষ্ঠঃ সা পপাত মহীতলে ॥১৮॥
আপতন্মুষলঞ্চাসৌ সমুল্লঙ্ঘ্য প্লবঙ্গমঃ।
বেগেনাগম্য রোষেণ তলেনোরস্যতাড়য়ৎ ॥১৯॥
ততো বলেন কোপেন মুষ্টিনা মূর্দ্ধ্নি তাড়িতঃ।
পপাত রুধিরোদ্গারী দ্বিবিদঃ ক্ষীণজীবিতঃ ॥২০॥
পততা তচ্ছরীরেণ গিরেঃ শৃঙ্গমদীর্য্যত।

সনা করিতে লাগিলেন, বানর তাহাতেও ক্ষান্ত না হইয়া বল দেবের প্রতি অবজ্ঞা প্রকাশপূর্ব্বক কিচ্ মিচ্ শব্দ করিতে লাগিল।[১৫] তখন বলদেব উত্থান পূর্ব্বক ক্রোধ ভরে মুষল গ্রহণ করিলেন, বানররাজও পর্ব্বত হইতে এক খানি প্রকাণ্ড প্রস্তর গ্রহণ করিল।[১৬] বানর প্রস্তর নিক্ষেপ করিবামাত্র বলদেবের মুষলাঘাতে তাহা চূর্ণ হইয়া ভূতলে নিপতিত হইল।[১৭] বলদেব যখন মুষল নিক্ষেপ করিলেন, তখন বানর লম্ফ প্রদান পূর্ব্বক তাহা উল্লঙ্ঘন করিয়া বেগপূর্ব্বক বলদেবের নিকট আসিয়া ক্রোধভরে তাঁহার বক্ষঃস্থলে চপেটাঘাত করিল।[১৮] বলদেবও ক্রোধপরতন্ত্র হইয়া তাহার মস্তকে এমনি একটী কীল মারিলেন যে, তদ্দ্বারা বানর রুধির বমন করিতে করিতে প্রাণহীন হইয়া ভূতলে পতিত হইল।[১৯]

মৈত্রেয়! শতধা বজ্রিবজ্রেণেব হি তাড়িতম্ ॥২১॥
পুষ্পবৃষ্টিং ততো দেবা রামস্যোপরি চিক্ষিপুঃ।
প্রশশংসুস্তথাভ্যেত্য সাধ্বেতত্তে মহৎ কৃতম্ ॥২২॥
অনেন দুষ্টকপিনা দৈত্যপক্ষোপকারিণা।
জগন্নিরাকৃতং বীর! দিষ্ট্যাসৌ ক্ষয়মাগতঃ।*
ইত্যুক্ত্বা দিবমাজগ্মুর্দ্দেবা হৃষ্টাঃ সগুহ্যকাঃ ॥২৩॥

পরাশর উবাচ।

এবং বিধান্যনেকানি বলদেবস্য ধীমতঃ।
কর্ম্মাণ্যপরিমেয়াণি শেষস্য ধরণীভৃতঃ ॥২৪॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমেঽংশে ষট্ত্রিংশোঽধ্যায়ঃ।

মৈত্রেয়! বানরের শরীর যখন পতিত হয়, তখন দেবরাজের বজ্রদ্বারা তাড়িত হইয়াই যেন পর্ব্বতের শৃঙ্গ শতধা বিদীর্ণ ও নিপতিত হইল। [২১] অনন্তর দেবগণ বলরামের উপর পুষ্পবৃষ্টি করিতে লাগিলেন, এবং তাঁহারা উপস্থিত হইয়া তাঁহার প্রশংসা করিতে করিতে কহিলেন, অদ্য তুমি একটী মহৎ কর্ম্ম করিলে। [২২] এই দুষ্ট বানর, দৈত্যদিগের উপকার করিবার মানসে সমুদায় জগৎকে ক্লেশ দিয়াছে। বীর! অদ্য আমাদের ভাগ্যক্রমে ইহার বিনাশ হইল। দেবগণ ও গুহ্যকগণ এই কথা বলিয়া প্রহৃষ্ট হৃদয়ে স্বর্গে গমন করিলেন। [২৩]

পরাশর কহিলেন। ধরণীধর অনন্তদেবের অবতার ধীমান্ বলদেব এই প্রকার অনেকগুলি কর্ম্ম করিয়া ছিলেন।

বিষ্ণুপুরাণ পঞ্চমাংশ ষট ত্রিংশ অধ্যায় সমাপ্ত।

---

* দিষ্ট্যা নঃ ক্ষয়মাগতঃ ইতি বিভিন্নঃ পাঠঃ। ২৩

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমাংশঃ।

সপ্তত্রিংশোঽধ্যায়ঃ।

এবং দৈত্যবধং কৃষ্ণো বলদেবসহায়বান্।
চক্রে দুষ্টক্ষিতীশানাং তথৈব জগতঃ কৃতে ॥১॥
ক্ষিতেশ্চ ভারং ভগবান্ ফাল্গুনেন সমং বিভুঃ।
অবতারয়ামাস হরিঃ সমস্তাক্ষৌহিণীবধাৎ ॥২॥
কৃতং ভারাবতরণং ভুবো হত্বাখিলান্ নৃপান্।
শাপব্যাজেন বিপ্রাণামুপসংহৃতবান্ কুলম্ ॥৩॥
উৎসৃজ্য দ্বারকাং কৃষ্ণস্ত্যক্ত্বা মানুষ্যমাত্মভূঃ*।
সাংশো বিষ্ণুময়ং স্থানং প্রবিবেশ পুনর্নিজম্ ॥৪॥

পরাশর কহিলেন। কৃষ্ণ বলদেবের সহিত একত্র হইয়া জগতের মঙ্গলের নিমিত্ত এইরূপে দৈত্যগণকে ও দুষ্ট ভূপালগণকে বিনাশ করিয়াছিলেন।[১] সেই ভগবান্ হরি, অর্জ্জুনের সহিত একত্র হইয়া সপ্ত অক্ষৌহিণী সৈন্য বধ দ্বারা পৃথিবীর ভার অপনয়ন করেন।[২] তিনি সমুদায় রাজগণকে সংহার করিয়া ভূভার অপনয়ন পূর্ব্বক ব্রহ্মশাপব্যাজে নিজকুলও ক্ষয় করিলেন।[৩] তিনি দ্বারকা পরিত্যাগ পূর্ব্বক মানবদেহ বিসর্জ্জন করিয়া নিজ অংশ প্রদ্যুম্ন প্রভৃতির সহিত বিষ্ণুলোকে পুনঃ প্রবিষ্ট হইলেন।[৪]

---

* মানুষমাত্মভূঃ ইতি পাঠান্তরম্।৪

মৈত্রেয় উবাচ।

স বিপ্রশাপব্যাজেন সঞ্জঘ্নে স্বকুলং কথম্।
কথঞ্চ মানুষং দেহমুৎসসর্জ্জ জনার্দ্দনঃ ॥৫॥

পরাশর উবাচ।

বিশ্বামিত্রস্তথা কণ্বো নারদশ্চ মহামুনিঃ।
পিণ্ডারকে মহাতীর্থে দৃষ্টা যদুকুমারকৈঃ ॥৬॥
ততস্তে যৌবনোন্মত্তা ভাবিকার্য্যপ্রচোদিতাঃ।
শাম্বং জাম্ববতীপুত্রং ভূষয়িত্বা স্ত্রিয়ং যথা ॥৭॥
প্রস্থতাংস্তান্মুনীনূচুঃ প্রণিপাতপুরঃসরম্।
ইয়ং স্ত্রী পুত্রকামস্য বভ্রোঃ কিং জনয়িষ্যতি ॥৮॥

মৈত্রেয় কহিলেন। জনার্দ্দন কিরূপে ব্রহ্মশাপব্যাজে নিজ কুল সংহার করিলেন, কিরূপেই বা তিনি মানবদেহ পরিত্যাগ করেন।[৫]

পরাশর কহিলেন। একদা যদুবংশীয় কুমারগণ পিণ্ডারক নামক মহাতীর্থে মহামুনি বিশ্বামিত্র, কণ্ব ও নারদকে দেখিতে পাইলেন।[৬] যৌবনোন্মত্ত যদুকুমারগণ ভাবি দুর্দ্দৈব কর্ত্তৃক পরিচালিত হইয়া জাম্ববতীনন্দন শাম্বকে স্ত্রীলোকের ভূষণ ও পরিচ্ছদ পরাইয়া, উপবিষ্ট মুনিগণের নিকট উপস্থিত হইয়া প্রণিপাত পূর্ব্বক কহিলেন। রাজা বভ্রু একটী পুত্র কামনা করেন, ইনি সেই বভ্রুর পত্নী, ইহাঁর গর্ভে কি সন্তান হইবে?[৮]

পরাশর কহিলেন। দিব্যজ্ঞানসম্পন্ন মুনিগণ কুমারগণ কর্ত্তৃক প্রতারিত হইয়া ক্রোধ ভরে শাপ প্রদান করিলেন যে, ইনি এরূপ একটী মুষল প্রসব করিবেন যে, তদ্দ্বারা সমুদায় যদুবংশ ধ্বংস হইবে।[৯] কুমারগণ মুনিগণের এই শাপবাক্য

দিব্যজ্ঞানোপপন্নাস্তে বিপ্রলব্ধাঃ কুমারকৈঃ।
মুনয়ঃ কুপিতাঃ প্রোচুর্মুষলং জনয়িষ্যতি।
যেনাখিলকুলোৎসাদো যাদবানাং ভবিষ্যতি ॥৯॥
ইত্যুক্তাস্তৈঃ কুমারাস্তে আচচক্ষুর্যথাকৃতম্।
উগ্রসেনায় মুষলং জজ্ঞে শাম্বস্য চোদরাৎ ॥১০॥
তদুগ্রসেনো মুষলময়শ্চূর্ণমকারয়ৎ।
জজ্ঞে স চৈরকাশ্চূর্ণঃ প্রক্ষিপ্তস্তৈর্মহোদধৌ ॥১১॥
মুষলস্যাথ লোহস্য চূর্ণিতস্যান্ধকৈর্দ্বিজ।
খণ্ডং চূর্ণয়িতুং শেকুর্নৈকং তে তোমরাকৃতি ॥১২॥
তদপ্যম্বুনিধৌ ক্ষিপ্তং মৎস্যো জগ্রাহ ঘাতিভিঃ।
খাতিতস্যোদরাৎ তস্য লব্ধো জগ্রাহ তং জরা ॥১৩॥

শ্রবণ করিয়া উগ্রসেনের নিকট যথাযথ সমুদায় নিবেদন করিল। কিয়দ্দিন পরে শাম্বের উদর হইতে একটী মুষল প্রসূত হইল।[১০] উগ্রসেন সেই মুষলের লৌহ সমুদায় চূর্ণ করিয়া সমুদ্র মধ্যে নিক্ষেপ করিলেন, পরন্তু ঐ লৌহচূর্ণ (তীরে সংলগ্ন হইয়া) এরকা বৃক্ষরূপে উৎপন্ন হইল।[১১] ব্রহ্মন্! যাদবগণ যখন মুষলের লৌহ চূর্ণ করেন, তখন তাহার শেষ কিয়দংশ চূর্ণ করিতে সমর্থ হইলেন না, তাহার এক প্রান্ত তোমরাকৃতি হইয়া থাকিল।[১২] যাদবগণ ইহাও সমুদ্র জলে নিক্ষেপ করিলেন। একটী মৎস্য তাহা আহার করিল, পরে জালজীবীরা ঐ মৎস্য ধরিয়া বিনাশ করিলে, তাহার উদর হইতে সেই লৌহখণ্ড বহিষ্কৃত হইল। জরানামক এক ব্যাধ ঐ লৌহখণ্ড খানি গ্রহণ করিল।[১৩] ভগবান্ মধুসূদন যদিও ঐ সমুদায় বৃত্তান্ত

বিজ্ঞাতপরমার্থোঽপি ভগবান্ মধুসূদনঃ।
নৈচ্ছত্তদন্যথাকর্ত্তুং বিধিনা যৎ সমীহিতম্ ॥১৪॥
দেবৈশ্চ প্রহিতো দূতঃ প্রণিপত্যাহ কেশবম্।
রহস্যেকমহং দূতঃ প্রহিতো ভগবন্! সুরৈঃ ॥১৫॥
বিশ্বাশ্বিমরুদাদিত্যরুদ্রসাধ্যাদিভিঃ সহ।
বিজ্ঞাপয়তি যচ্ছক্রস্তদিদং শ্রূয়তাং প্রভো! ॥১৬॥
ভারাবতারণার্থায় বর্ষাণামধিকং শতম্।
ভগবানবতীর্ণোঽত্র ত্রিদশৈঃ সংপ্রসাদিতঃ ॥১৭॥
দুর্ব্বৃত্তা নিহতা দৈত্যা ভুবো ভারোঽবতারিতঃ।
ত্বয়া সনাথাস্ত্রিদশা ভবন্তু ত্রিদিবে পুনঃ ॥১৮॥

অবগত হইয়াছিলেন, যদিও তিনি ইহার অন্যথা করিতে পারিতেন, তথাপি তিনি বিধাতার ইচ্ছার বিপরীতাচরণ করিতে অভিলাষী হইলেন না।[১৪]

এই সময় দেবগণ কর্ত্তৃক প্রেরিত এক দূত আসিয়া কৃষ্ণকে প্রণাম করিয়া নির্জ্জনে কহিল, ভগবন্! আমি দূত, দেবতারা আমাকে পাঠাইয়াছেন [১৫] প্রভো! বিশ্বদেবগণ, অশ্বিনী-কুমার, মরুদ্গণ, আদিত্যগণ রুদ্রগণ ও সাধ্যগণের সহিত দেবরাজ আপনাকে যাহা জানাইতেছেন, তাহা শ্রবণ করুন।[১৬] ভগবন্! আপনি দেবগণের প্রার্থনানুসারে পৃথিবীর ভার মোচনের নিমিত্ত ভূতলে অবতীর্ণ হইয়াছেন, এক্ষণে আপনকার কিঞ্চিদধিক শত বর্ষ অর্থাৎ একশত পঞ্চবিংশতি বৎসর অতীত হইয়াছে।[১৭] অধুনা দুর্ব্বৃত্ত দানবগণ নিহত হইয়াছে, পৃথিবীর ভারও অবতারিত হইল, এক্ষণে দেবলোকে দেবতারা পুনর্ব্বার আপনাদ্বারা সনাথ হউন।[১৮] জগন্নাথ! আপনকার

ত্রিদিবে সদা ইতি বা পাঠঃ। ১৮

তদতীতং জগন্নাথ! বর্ষাণামধিকং শতম্।
ইদানীং গম্যতাং স্বর্গো ভবতাং যদি রোচতে ॥১৯॥
দেবৈর্বিজ্ঞাপ্যতে চেদমথাত্রৈব রতিস্তব।
তৎ স্থীয়তাং যথাকালমাখ্যেয়মনুজীবিভিঃ ॥২০॥

শ্রীভগবানুবাচ।

যত্ত্বমাত্থাখিলং দূত! বেদ্ম্যেতদহমপ্যুত।
প্রারব্ধ এব হি ময়া যাদবানামপি ক্ষয়ঃ ॥২১॥
ভুবো নাদ্যাপি ভারোঽয়ং যাদবৈরনিবর্হিতৈঃ।
অবতার্য্য করোম্যেতং সপ্তরাত্রেণ সত্বরঃ ॥২২॥
যথা গৃহীতামম্ভোধের্দত্ত্বাহং দ্বারকাভুবম্।
যাদবানুপসংহৃত্য যাস্যামি ত্রিদিবালয়ম্ ॥২৩॥

একশত কত্রক বৎসর অতীত হইয়াছে। এক্ষণে আপনকার যদি অভিরুচি হয়, স্বর্গে গমন করুন।[১৯] দেবতারা এ কথাও জানাইতেছেন, যদি আপনকার অভিরুচি হয়, তাহা হইলে আপনি এই স্থানে অবস্থান করুন। যথাসময়ে কার্য্য করিবার নিমিত্ত স্মরণ করিয়া দেওয়া অনুজীবীদের কর্ত্তব্য।[২০]

শ্রীভগবান্ কহিলেন, দূত! তুমি যাহা বলিলে, এতৎ-সমুদায় আমিও অবগত আছি। এখানে আমিও যদুবংশ ক্ষয় করিবার উপক্রম করিয়াছি।[২১] আমি যাদবগণকে পৃথিবীতে আনয়ন করিয়াছি, যে পর্য্যন্ত এই যদুবংশ ধ্বংস না হইতেছে সে পর্য্যন্ত ভূভার অপনয়ন করা হয় নাই। আমিও সত্বর হইয়া সপ্তরাত্রের মধ্যেই এ কার্য্য সমাধা করিব,[২২] আমি সমুদ্রের নিকট যে দ্বারকা পুরী গ্রহণ করিয়াছিলাম, তাহা সমুদ্রকে প্রত্যর্পণ করিয়া যদুকুল সংহার পূর্ব্বক দেবলোকে

মনুষ্যদেহমুৎসৃজ্য সঙ্কর্ষণসহায়বান্ ।
প্রাপ্ত এবাস্মি মন্তব্যো দেবেন্দ্রেণ তথা সুরৈঃ ॥২৪॥
জরাসন্ধাদয়ো যেহন্যে নিহতা ভারহেতবঃ ।
ক্ষিতেস্তেভ্যঃ কুমারোহপি যদূনাং নাপচীয়তে ॥২৫॥
তদেনং সুমহাভারমবতার্য্য ক্ষিতেরহম্ ।
যাস্যাম্যমরলোকস্য পালনায় ব্রবীহি তান্ ॥২৬॥

পরাশর উবাচ ।

ইত্যুক্তো বাসুদেবেন দেবদূতঃ প্রণম্য তম্ ।
মৈত্রেয় ! দিব্যয়া গত্যা দেবরাজান্তিকং যযৌ ॥২৭॥
ভগবানপ্যথোৎপাতান্ দিব্যভৌমান্তরীক্ষগান্ ।

গমন করিব ; [২৩] দেবরাজ ও দেবগণ এইরূপ বিবেচনা করুন যে, আমি বলদেবের সহিত মানবদেহ পরিত্যাগ করিয়া তাঁহাদের নিকট উপস্থিতপ্রায় হইয়াছি। [২৪] ভূভারের কারণ জরাসন্ধ প্রভৃতি যে সমস্ত বীরগণ নিপাতিত হইয়াছে, যদুবংশীয় একটী বালকও তাহাদের অপেক্ষা ন্যূন নহে। [২৫] অতএব আমি এক্ষণে পৃথিবীর এই মহাভার অপনয়ন করিয়া দেবলোকে গমন করিতেছি। তাঁহাদিগকে প্রতীক্ষা করিতে বল। [২৬]

পরাশর কহিলেন। মৈত্রেয়! দেবদূত বাসুদেবের এই বাক্য শ্রবণ পূর্ব্বক তাঁহাকে প্রণাম করিয়া দিব্যগতি অবলম্বন পূর্ব্বক দেবরাজের নিকট গমন করিল। [২৭] এ দিকে ভগবান্ কৃষ্ণও দ্বারকা পুরীতে দিবারাত্র সর্ব্বসংহারের কারণ নানা-প্রকার ভৌম ও অন্তরীক্ষগ মহা উৎপাত সমুদায় দর্শন করিতে লাগিলেন। [২৮] তিনি এই সমুদায় মহোৎপাত দর্শন করিয়া যাদবগণকে কহিলেন, তোমরা দেখিতেছ, এক্ষণে দারুণ মহোৎপাত আরম্ভ হইয়াছে, অধুনা ইহার শান্তির নিমিত্ত

দদর্শ দ্বারকাপূর্য্যাং বিনাশায় দিবানিশম্ ॥২৮॥
তান্ দৃষ্ট্বা যাদবানাহ পশ্যধ্বমতিদারুণান্ ।
মহোৎপাতান্ শমায়ৈষাং প্রভাসং যাম মা চিরম্ ॥২৯॥

পরাশর উবাচ ।

এবমুক্তে তু কৃষ্ণেন যাদবপ্রবরস্ততঃ ।
মহাভাগবতঃ প্রাহ প্রণিপত্যোদ্ধবো হরিম্ ॥৩০॥
ভগবন্! যন্ময়া কার্য্যং তদাজ্ঞাপয় সাম্প্রতম্ ।
মন্যে কুলমিদং সর্ব্বং ভগবান্ সংহরিষ্যতি ।
নাশায়াস্য নিমিত্তানি কুলস্যাচ্যুত! লক্ষয়ে ॥৩১॥

ভগবানুবাচ ।

গচ্ছ ত্বং দিব্যয়া গত্যা মৎপ্রসাদসমুত্থয়া ।
বদরীমাশ্রমং পুণ্যং গন্ধমাদনপর্ব্বতে ॥৩২॥

চল, প্রভাসতীর্থে যাওয়া যাউক? বিলম্ব করিবার আবশ্যক নাই।[২৯]

পরাশর কহিলেন। যদুবংশশ্রেষ্ঠ মহাভাগবত উদ্ধব কৃষ্ণের এই বাক্য শ্রবণ পূর্ব্বক তাঁহাকে প্রণাম করিয়া কহিলেন,[৩০] ভগবন্! এক্ষণে আমাকে যাহা করিতে হইবে, তাহা আজ্ঞা করুন। আমার বোধ হইতেছে, আপনি এক্ষণে সমুদায় যদুকুল সংহার করিবেন। অচ্যুত! আমি যে সমুদায় দুর্নিমিত্ত নিরীক্ষণ করিতেছি, তাহাতে বোধ হয়, শীঘ্রই এই যদুবংশ ধ্বংস হইবে।[৩১] ভগবান্ কহিলেন। গন্ধমাদন নামক পর্ব্বতে পবিত্র বদরিকাশ্রম আছে। তুমি আমার প্রসাদে দিব্যগতি অবলম্বন পূর্ব্বক সেই স্থানে গমন কর।[৩২] উহা নরনারায়ণের স্থান, উহাদ্বারাই মহীতল পবিত্র হইয়াছে। তুমি সেই স্থানে

নরনারায়ণস্থানে তৎপাবিতমহীতলে।
মন্মনা মৎপ্রসাদেন তত্র সিদ্ধিমবপ্স্যসি ॥৩৩॥
অহং স্বর্গং গমিষ্যামি উপসংহৃত্য বৈ কুলম্।
দ্বারকাঞ্চ ময়া ত্যক্তাং সমুদ্রঃ প্লাবয়িষ্যতি ॥ ॥৩৪॥
পরাশর উবাচ।
ইত্যুক্তঃ প্রণিপত্যৈনং জগামাথ তদোদ্ধবঃ।
নরনারায়ণস্থানং কেশবেনানুমোদিতঃ ॥৩৫॥
ততস্তে যাদবাঃ সর্ব্বে রথানারুহ্য শীঘ্রগান্।
প্রভাসং প্রযযুঃ সার্দ্ধং কৃষ্ণরামাদিভির্দ্বিজ! ॥৩৬॥
প্রাপ্য প্রভাসং প্রয়তাঃ স্নাতাস্তে কুকুরান্ধকাঃ।
চক্রুস্তত্র সুরাপানং বাসুদেবানুমোদিতাঃ ॥৩৭॥

আমার প্রতি মনঃসমাধান করিয়া আমার অনুগ্রহে সিদ্ধ হইবে।[৩৩] আমি এই যদুকুল সংহার করিয়া বৈকুণ্ঠে গমন করিব আমি দ্বারকা পরিত্যাগ করিলে ইহা সমুদ্রের জলে প্লাবিত হইবে।[৩৪]

পরাশর কহিলেন। কৃষ্ণ এই কথা বলিলে, উদ্ধব তাঁহাকে প্রণাম করিয়া এবং তৎকর্ত্তৃক অনুমোদিত হইয়া নরনারায়ণ স্থানে গমন করিলেন।[৩৫] এদিকে যাদবগণ সকলেই শীঘ্রগামী রথে আরোহণপূর্ব্বক কৃষ্ণবলরামাদির সহিত প্রভাসে যাত্রা করিলেন।[৩৬] কুকুরগণ ও অন্ধকগণ প্রভাসে উপস্থিত হইয়া স্নানপূর্ব্বক পরিশুদ্ধ হইলেন। পরে তাঁহারা কৃষ্ণকর্ত্তৃক অনুমোদিত হইয়া সুরাপান করিতে আরম্ভ করিলেন।[৩৭] যাদবগণ সুরাপান করিতেছেন, এমত সময়ে তাঁহাদের পরস্পর স্পর্দ্ধাপূর্ব্বক বাদানুবাদ দ্বারা একটী ভয়ঙ্কর কুলক্ষয়কর কলহাগ্নি

পিবতাং তত্র বৈ তেষাং সঙ্ঘর্ষেণ পরস্পরম্।
অতিবাদেন্ধনো জজ্ঞে কলহাগ্নিঃ ক্ষয়াবহঃ ॥৩৮॥
জঘ্নুঃ পরস্পরং তে তু শস্ত্রৈর্দৈব বলাৎ কৃতাঃ।
ক্ষীণশস্ত্রাশ্চ জগৃহুঃ প্রত্যাসন্নামথৈরকাম্ ॥৩৯॥
এরকা তু গৃহীতা তৈর্বজ্রভূতেব লক্ষ্যতে।
তয়া পরস্পরং জঘ্নুঃ সংপ্রহারে সুদারুণে ॥৪০॥
প্রদ্যুম্নসাম্বপ্রমুখাঃ কৃতবর্ম্মাথ সাত্যকিঃ।
অনিরুদ্ধাদয়শ্চান্যে পৃথুর্বিপৃথুরেব চ ॥৪১॥
চারুবর্ম্মা চারুকশ্চ তথাক্রূরাদয়ো দ্বিজ।
এরকারূপিভির্বজ্রৈস্তে নিজঘ্নুঃ পরস্পরম্ ॥৪২॥

সমুত্থিত হইল। [৩৮]পরে যাদবগণ দৈব কর্ত্তৃক প্রেরিত হইয়া পরস্পর পরস্পরকে অস্ত্র দ্বারা প্রহার করিতে আরম্ভ করিলেন। যখন তাঁহাদের অস্ত্র শস্ত্র সমুদায় নিঃশেষ হইল, তখন তাঁহারা নিকটবর্ত্তী এরকা বৃক্ষ গ্রহণ করিলেন। [৩৯]এরকা বৃক্ষ গৃহীত হইবামাত্র বজ্রের ন্যায় লক্ষিত হইতে লাগিল। সেই ভয়ঙ্কর সংগ্রামের সময় যাদবগণ সেই এরকা দ্বারা পরস্পর পরস্পরকে প্রহার করিতে আরম্ভ করিলেন।[৪০] প্রদ্যুম্ন, শাম্ব প্রভৃতি, কৃতবর্ম্মা, সাত্যকি, অনিরুদ্ধ প্রভৃতি, পৃথু, বিপৃথু, [৪১] চারুবর্ম্মা, চারুক ও অক্রূর প্রভৃতি, ইঁহারা এরকারূপী বজ্র দ্বারা পরস্পর পরস্পরকে প্রহার করিতে লাগিলেন।[৪২] অনন্তর কৃষ্ণ সেই স্থানে উপস্থিত হইয়া যাদবদিগকে নিবারণ করিলেন, পরন্তু যাদবগণ উভয় পক্ষেই মনে করিতে লাগিলেন যে, কৃষ্ণ আমাদিগের সহায় হইবেন, সুতরাং তাঁহারা পরস্পর পূর্ব্বাপেক্ষা সমধিক প্রহার করিতে প্রবৃত্ত হইলেন।[৪৩] পরে কৃষ্ণও

নিবারয়ামাস হরির্যাদবাংস্তে চ কেশবম্।
সহায়ং মেনিরে প্রাপ্তং তে নিজঘ্নুঃ পরস্পরম্ ॥৪৩॥
কৃষ্ণোঽপি কুপিতস্তেষামেরকামুষ্টিমাদদে।
বধায় সোঽপি মুষলং মুষ্টির্লোহমভূত্তদা ॥৪৪॥
জঘান তেন নিঃশেষান্ যাদবানাততায়িনঃ।
জঘ্নুশ্চ সহসাভ্যেত্য তথান্যে চ পরস্পরম্ ॥৪৫॥
ততশ্চার্ণবমধ্যেন জৈত্রোঽসৌ চক্রিণো রথঃ।
পশ্যতো দারুকস্যাশু হৃতোঽশ্বৈর্দ্বিজসত্তম! ॥৪৬॥
চক্রং তথা গদা শার্ঙ্গং তূণৌ শঙ্খোঽসিরেব চ।
প্রদক্ষিণং হরিং কৃত্বা জগ্মুরাদিত্যবর্ত্মনা ॥৪৭॥
ক্ষণেন নাভবৎ কশ্চিদ্যাদবানামঘাতিতঃ।
ঋতে কৃষ্ণং মহাবাহুং দারুকঞ্চ মহামুনে! ॥৪৮॥

কুপিত হইয়া একমুষ্টি এরকা গ্রহণ করিলেন। যাদবদিগের বিনাশের নিমিত্ত ঐ এরকামুষ্টিও লৌহময় মুষল হইয়া উঠিল।[৪৪] কৃষ্ণ আততায়ী যাদবগণকে ঐ মুষল দ্বারা সংহার করিলেন। পরে অবশিষ্ট যাদবগণ আসিয়া তৎক্ষণাৎ দুই শ্রেণীতে বিভক্ত হইয়া পরস্পর প্রহার ও বিনাশ করিতে লাগিলেন। [৪৫] এই সময় কৃষ্ণের সারথি দারুকের সমক্ষেই অশ্বগণ, কৃষ্ণের জৈত্র অর্থাৎ জয়শীল রথ লইয়া দ্রুতবেগে সমুদ্র মধ্যে প্রবিষ্ট হইল।[৪৬] পরে কৃষ্ণের চক্র, গদা, শৃঙ্গনির্ম্মিত ধনু, শঙ্খ খড়্গ ও তূণ, ইহারা কৃষ্ণকে প্রদক্ষিণ করিয়া আকাশপথে গমন করিল।[৪৭] মহর্ষে! ক্ষণ কালের মধ্যে একপ হইয়া উঠিল যে, মহাবাহু কৃষ্ণ ও দারুক ব্যতীত যাদবগণের মধ্যে আর কেহই জীবিত থাকিল না।[৪৮] পরে কৃষ্ণ ও দারুক ভ্রমণ করিতেছেন, এমত

চংক্রম্যমাণৌ তৌ রামং বৃক্ষমূলকৃতাসনম্।
দদৃশাতে মুখাচ্চাস্য নিষ্ক্রামন্তং মহোরগম্ ॥৪৯।
নিষ্ক্রম্য স মুখাত্তস্য মহাভোগো ভুজঙ্গমঃ।
প্রযযাবর্ণবং সিদ্ধৈঃ স্তূয়মানস্তথোরগৈঃ ॥৫০॥
ততোঽর্ঘমাদায় তদা জলধিঃ সংমুখং যযৌ।
প্রবিবেশ চ তত্তোয়ং পূজিতঃ পন্নগোত্তমৈঃ ॥৫১॥
দৃষ্ট্বা বলস্য নির্যাণং দারুকং প্রাহ কেশবঃ।
ইদং সর্ব্বং ত্বমাচক্ষ্ব বসুদেবোগ্রসেনয়োঃ ॥৫২॥
নির্যাণং বলভদ্রস্য যাদবানাং তথা ক্ষয়ম্।
যোগে স্থিত্বাহমপ্যেতৎ পরিত্যক্ষ্যে কলেবরম্ ॥৫৩॥
বাচ্যশ্চ দ্বারকাবাসিজনঃ সর্ব্বস্তথাহুকঃ।

সময় দেখিতে পাইলেন যে, বলদেব বৃক্ষমূলে উপবিষ্ট আছেন, তাঁহার মুখ দিয়া একটী মহাসর্প বহির্গত হইতেছে।[৪৯] এই মহাকায় ভুজঙ্গম বলদেবের মুখ হইতে নির্গমণ পূর্ব্বক সিদ্ধগণ ও উরগগণ কর্ত্তৃক পূজিত হইয়া সমুদ্রাভিমুখে গমন করিতে লাগিল।[৫০] এই সময় জলনিধি অর্ঘ্য গ্রহণ করিয়া সেই মহা-ভুজঙ্গমের সম্মুখে উপস্থিত হইলেন। ভুজগরাজও পন্নগগণ কর্ত্তৃক পূজিত হইয়া সমুদ্র সলিলে প্রবেশ করিতে লাগিলেন।[৫১] কৃষ্ণ, বলদেবের দেহত্যাগ অবলোকন করিয়া দারুককে কহি-লেন, তুমি, বসুদেব এবং উগ্রসেনের নিকট গমন করিয়া এই সমুদায় বিষয় নিবেদন কর।[৫২] তুমি বলদেবের শরীরপরি-ত্যাগ ও যদুবংশ ক্ষয়ের বিবরণ সমুদায় (তাঁহাদের নিকট বিশেষ করিয়া বলিবে।) আমিও যোগ অবলম্বন করিয়া এখনি দেহত্যাগ করিব। তুমি আহুককে এবং দ্বারকাবাসী

যথেমাং নগরীং সর্ব্বাং সমুদ্রঃ প্লাবয়িষ্যতি ॥৫৪॥
তস্মাদ্ভবদ্ভিঃ সর্ব্বৈস্তু প্রতীক্ষ্যো হ্যর্জ্জুনাগমঃ।
ন স্থেয়ং দ্বারকামধ্যে নিষ্ক্রান্তে তত্র পাণ্ডবে ॥৫৫॥
তেনৈব সহ গন্তব্যং যত্র যাতি স কৌরবঃ।
গত্বা চ ব্রূহি কৌন্তেয়মর্জ্জুনং বচনান্মম ॥৫৬॥
পালনীয়স্ত্বয়া শক্ত্যা জনোঽয়ং মৎপরিগ্রহঃ।
ইত্যর্জ্জুনেন সহিতো দ্বারবত্যা ভবান্ জনম্।
গৃহীত্বা যাতু বজ্রশ্চ যদুরাজ্যেঽভিষিচ্যতাম্ ॥৫৭॥

পরাশর উবাচ।

ইত্যুক্তো দারুকঃ কৃষ্ণং প্রণিপত্য পুনঃ পুনঃ।
প্রদক্ষিণঞ্চ বহুশঃ কৃত্বা প্রায়াদ্যথোদিতম্ ॥৫৮॥

জনগণকে এইরূপ বলিবে যে, এই দ্বারকা পুরী সমুদ্র দ্বারা প্লাবিত হইবে।[৫৪] পরন্তু যত দিন অর্জ্জুন দ্বারকায় না আসিবেন, তত দিন তোমরা তাঁহার আগমন প্রতীক্ষা করিবে। পাণ্ডুনন্দন অর্জ্জুন যখন দ্বারকা হইতে বহির্গত হইবেন, তখন তোমরা সেখানে আর এক প্রাণীও থাকিও না।[৫৫] কুরুনন্দন অর্জ্জুন যে স্থানে গমন করিবেন তোমরাও তাঁহার সহিত সেই স্থানে গমন করিবে। অনন্তর তুমি কুন্তিনন্দন অর্জ্জুনের নিকট গমন করিয়া আমার কথানুসারে এই সমুদায় তাঁহাকে বলিবে আরও তাঁহাকে কহিবে, তিনি যেন আমার পরিবারদিগকে শক্ত্যনুসারে পালন করেন।[৫৬] এই রূপে তুমি অর্জ্জুনের সহিত দ্বারকাবাসী জনগণকে লইয়া হস্তিনাপুরে গমন করিবে এবং বজ্রকে যদুরাজ্যে অভিষিক্ত করিয়া যাইবে।[৫৭]

পরাশর কহিলেন। দারুক কৃষ্ণের এই বাক্য শ্রবণ করিয়া তাঁহার চরণে পুনঃপুনঃ প্রণিপাত পূর্ব্বক অনেক বার প্রদক্ষিণ

স গত্বা চ তথা চক্রে দ্বারকায়াং তথার্জ্জুনম্।
আনিনায় মহাবুদ্ধির্ব্বজ্রং চক্রে তথা নৃপম্ ॥৫৯॥
ভগবানপি গোবিন্দো বাসুদেবাত্মকং পরম্।
ব্রহ্মাত্মনি সমারোপ্য সর্ব্বভূতেষ্বধারয়ৎ ॥৬০॥
সংমানয়ন্ দ্বিজবচো দুর্ব্বাসা যদুবাচ হ।
যোগযুক্তোঽভবৎ পাদং কৃত্বা জানুনি সত্তমঃ ॥৬১॥
আযযৌ চ জরা নাম স তদা তত্র লুব্ধকঃ।
মুষলাবশেষলৌহৈক-সায়কন্যস্ততোমরঃ ॥৬২॥
স তৎ পাদং মৃগাকারমবেক্ষ্যারাদবস্থিতঃ।
তলে বিব্যাধ তেনৈব তোমরেণ দ্বিজোত্তম! ॥৬৩॥
গতশ্চ দদৃশে তত্র চতুর্ব্বাহুধরং নরম্।

করিয়া যথাদিষ্ট স্থানে গমন করিলেন।[৫৮] মহাবুদ্ধি দারুক দ্বারকায় গমন পূর্ব্বক কৃষ্ণের আদেশানুযায়ী সমুদায় কার্য্য করিয়া অর্জ্জুনকে আনয়ন পূর্ব্বক বজ্রকে রাজ্যে অভিষিক্ত করিলেন[৫৯] এ দিকে ভগবান্ গোবিন্দ আপনাকে বাসুদেবাত্মক পর ব্রহ্মে সমারোপ পূর্ব্বক আপনাকে সর্ব্বভূতময় ধ্যান করিতে লাগিলেন।[৬০] সাধুশ্রেষ্ঠ! পূর্ব্বে দুর্ব্বাসা যাহা কহিয়াছিলেন, কৃষ্ণ সেই ব্রাহ্মণবাক্য রক্ষা করিবার নিমিত্ত একটী চরণ জানুর উপর রাখিয়া উপবেশন পূর্ব্বক যোগযুক্ত হইলেন।[৬১] এই সময় জরা নামক ব্যাধ সেই স্থানে আগমন করিল। এই ব্যাধ পূর্ব্বোক্ত মুষলের অবশিষ্ট লৌহদ্বারা একটা বাণের ফলা নির্ম্মাণ করিয়াছিল।[৬২] ব্রহ্মন্! ঐ ব্যাধ কৃষ্ণের চরণতল দেখিয়া মৃগ বোধ করিয়া দূরে অবস্থান পূর্ব্বক পূর্ব্বোক্ত সেই বাণ দ্বারা ঐ চরণতল বিদ্ধ করিল।[৬৩] পরে নিকটে গিয়া দেখিল চতুর্বাহুধারী এক মনুষ্য অবস্থান করিতেছেন।

প্রণিপত্যাহ চৈবৈনং প্রসীদেতি পুনঃপুনঃ ॥৬৪॥
অজ্ঞানতা কৃতমিদং ময়া হরিণশঙ্কয়া ।
ক্ষম্যতামাত্মপাপেন দগ্ধং মাং দগ্ধুমর্হসি ॥৬৫॥

শ্রীপরাশর উবাচ।

ততস্তং ভগবানাহ ন তেঽস্তি ভয়মণ্বপি ।
গচ্ছ ত্বং মৎপ্রসাদেন লুব্ধ স্বর্গে সুরালয়ম্ ॥৬৬॥
বিমানমাগতং সদ্যস্তদ্বাক্যসমনন্তরম্ ।
আরুহ্য প্রযযৌ স্বর্গং লুব্ধকস্তৎপ্রসাদতঃ ॥৬৭॥
গতে তস্মিন্ স ভগবান্ সংযোজ্যাত্মানমাত্মনি ।
ব্রহ্মভূতেঽব্যয়েঽচিন্ত্যে বাসুদেবময়েঽমলে ॥৬৮॥

পরে ঐ ব্যাধ প্রণাম করিয়া পুনঃপুনঃ কহিতে লাগিল, আমার প্রতি প্রসন্ন হউন। [৬৪] আমি হরিণ বোধ করিয়া অজ্ঞান পূর্ব্বক এই কাজ করিয়াছি। আমি আত্মপাপে আপনিই দগ্ধ হইতেছি। আপনি আমাকে ক্ষমা করুন। আমাকে দগ্ধ করা আপনকার উচিত হইতেছে না। [৬৫]

পরাশর কহিলেন। অনন্তর ভগবান্ কহিলেন, ব্যাধ! তোমার অণুমাত্রও ভয় নাই। আমার প্রসাদে তুমি স্বর্গে দেবপুরীতে গমন কর। [৬৬]

পরাশর কহিলেন। কৃষ্ণ এই কথা বলিবামাত্র, তৎক্ষণাৎ বিমান আসিয়া উপস্থিত হইল। ব্যাধ সেই বিমানে আরোহণ করিয়া স্বর্গে গমন করিল। [৬৭] ব্যাধের স্বর্গারোহণের পর ভগবান্ কৃষ্ণ, ব্রহ্মস্বরূপ অব্যয় অচিন্ত্য বাসুদেবময় অমল জন্মরহিত জরারহিত নিত্য অপ্রমেয় সর্ব্বময়

অজন্মান্যজরেঽনাশিন্যপ্রমেয়েঽখিলাত্মনি ।
তত্যাজ মানুষং দেহমতীত্য ত্রিবিধাং গতিম্ ॥৬৯॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমেঽংশে স্বর্গারোহণং নাম
সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ।

আত্মাতে আত্ম সমর্পণ পূর্ব্বক সত্ত্ব রজ তম, এই গুণত্রয়ের কার্য্য অতিক্রম করিয়া মানব দেহ বিসর্জ্জন করিলেন। ৬৯

বিষ্ণুপুরাণ পঞ্চমাংশ স্বর্গারোহণ নামক
সপ্তত্রিংশ অধ্যায় সমাপ্ত ।

বিষ্ণুপুরাণম্।

পঞ্চমাংশঃ।

অষ্টত্রিংশাধ্যায়।

শ্রীপরাশর উবাচ।

অর্জ্জুনোঽপি তদান্বিষ্য কৃষ্ণরামকলেবরে।
সংস্কারং লম্ভয়ামাস তথান্যেষামনুক্রমাৎ ॥১॥
অষ্টৌ মহিষ্যঃ কথিতাঃ রুক্মিণীপ্রমুখাস্তু যাঃ।
উপগুহ্য হরের্দেহং বিবিশুস্তা হুতাশনম্ ॥২॥
রেবতী চৈব রামস্য দেহমাশ্লিষ্য সত্তম।
বিবেশ জ্বলিতং বহ্নিং তৎসঙ্গাহ্লাদশীতলম্ ॥৩॥
উগ্রসেনস্তু তৎ শ্রুত্বা তথৈবানকদুন্দুভিঃ।
দেবকী রোহিণী চৈব বিবিশুর্জাতবেদসম্ ॥৪॥

পরাশর কহিলেন। অনন্তর অর্জ্জুন, কৃষ্ণ ও বলরামের শরীর অন্বেষণ করিয়া সংস্কার পূর্ব্বক অন্য অন্য যাদবগণেরও যথাক্রমে সংকার করিলেন।[১] কৃষ্ণের রুক্মিণী প্রভৃতি প্রধান যে অষ্ট মহিষী ছিলেন, তাঁহারা কৃষ্ণের শরীর আলিঙ্গন পূর্ব্বক হুতাশনে প্রবিষ্টা হইলেন।[২] সাধুশ্রেষ্ঠ! এ দিকে রেবতীও বলরামের দেহ আলিঙ্গন পূর্ব্বক তৎসঙ্গজনিত আহ্লাদে শীতল, প্রজ্বলিত হুতাশনে প্রবিষ্টা হইলেন।[৩] অনন্তর উগ্রসেন ও বসুদেব এই সমুদায় বৃত্তান্ত শ্রবণ করিয়া দেবকী ও রোহিণীর সহিত অগ্নিপ্রবেশ করিলেন।[৪] পরে

ততোঽর্জ্জুনঃ প্রেতকার্য্যং কৃত্বা তেষাং যথাবিধি ।
নিশ্চক্রাম জনং সর্ব্বং গৃহীত্বা বজ্রমেব চ ॥৫॥
দ্বারবত্যা বিনিষ্ক্রান্তাঃ কৃষ্ণপত্ন্যঃ সহস্রশঃ ।
বজ্রং জনং চ কৌন্তেয়ঃ পালয়ন্ শনকৈর্যযৌ ॥৬॥
সভা সুধর্ম্মা কৃষ্ণেন মর্ত্যলোকে সমুজ্ঝিতে ।
স্বর্গং জগাম মৈত্রেয়! পারিজাতশ্চ পাদপঃ ॥৭॥
যস্মিন্ দিনে হরির্যাতো দিবং সংত্যজ্য মেদিনীম্ ।
তস্মিন্নেবাবতীর্ণোঽয়ং কালকায়ো বলী কলিঃ ॥৮॥
প্লাবয়ামাস তাং শূন্যাং দ্বারকাং চ মহোদধিঃ ।
যদুদেবগৃহং ত্বেকং নাপ্লাবয়ত সাগরঃ ॥৯॥
নাতিক্রান্তমলং ব্রহ্মন্! তদদ্যাপি মহোদধেঃ ।

অর্জ্জুন যথাবিধি যাদবগণের প্রেতকার্য্য সমাধা করিয়া দ্বারকাবাসী জনগণকে এবং বজ্রকে লইয়া দ্বারকা হইতে বহির্গত হইলেন।[৫] কুন্তীনন্দন অর্জ্জুন, দ্বারকা হইতে নিষ্ক্রান্ত সহস্র সহস্র কৃষ্ণপত্নীদিগকে, বজ্রকে এবং দ্বারকাবাসী জনগণকে লইয়া ধীরে ধীরে গমন করিতে লাগিলেন।[৬] মৈত্রেয়! কৃষ্ণ মর্ত্ত্যলোক পরিত্যাগ করিবামাত্র সুধর্ম্মা নাম্নী দেবসভা এবং পারিজাত বৃক্ষ স্বর্গে গমন করিল।[৭] কৃষ্ণ যে দিবস পৃথিবী পরিত্যাগ করিয়া দেবলোকে গমন করিলেন, সেই দিবসেই কৃষ্ণকলেবর বলবান্ কলি ভূমণ্ডলে অবতীর্ণ হইল।[৮] এদিকে সমুদ্র, শূন্য দ্বারকা পুরী প্লাবিত করিল; পরন্তু যাদবদিগের যে একটী দেবগৃহ ছিল, তাহাই কেবল সমুদ্রসলিলে প্লাবিত হইল না।[৯] ব্রহ্মন্! সাগর অদ্যাপি

নিত্যং সন্নিহিতস্তত্র ভগবান্ কেশবো যতঃ ॥১০॥
তদতীব মহৎপুণ্যং সর্ব্বপাতকনাশনম্।
বিষ্ণুক্রীড়ান্বিতস্থানং দৃষ্ট্বা পাপাৎ প্রমুচ্যতে ॥১১॥
পার্থঃ পঞ্চনদে দেশে ধনধান্যসমন্বিতে।
চকার বাসং সর্ব্বস্য জনস্য মুনিসত্তম ॥১২॥
ততো লোভঃ সমভবদ্দস্যূনাং নিহতেশ্বরাঃ।
দৃষ্টা স্ত্রিয়ো নীয়মানাঃ পার্থেনৈকেন ধন্বিনা ॥১৩॥
ততস্তে পাপকর্ম্মাণো লোভোপহতচেতসঃ।
আভীরা মন্ত্রয়ামাসুঃ সমেত্যাত্যন্তদুর্ম্মদাঃ ॥১৪॥
অয়মেকোঽর্জ্জুনো ধন্বী স্ত্রীজনং নিহতেশ্বরম্।

ঐ দেবগৃহ অতিক্রম করিতে সমর্থ হয় নাই। কারণ ভগবান্ কেশব সেই স্থানে নিত্য সন্নিহিত আছেন।[১০] এই দেবগৃহ অতীব পবিত্র, ইহা দর্শন করিলে সমুদায় পাতক ধ্বংস হয়। ইহা বিষ্ণুর ক্রীড়াস্থান। যে ব্যক্তি এই দেবগৃহ দর্শন করে, সেই ব্যক্তি সমুদায় পাপ হইতে বিনির্ম্মুক্ত হয়।[১১]

মুনিশ্রেষ্ঠ! এ দিকে অর্জ্জুন গমন করিতে করিতে এক দিন সকলকে লইয়া বহু-ধান্য-সমন্বিত পঞ্চনদ দেশে অবস্থিতি করিলেন।[১২] অনন্তর কতকগুলি দস্যু দেখিতে পাইল যে, একাকী ধনুর্দ্ধারী অর্জ্জুন কতকগুলি ভর্ত্তৃহীনা রমণীকে লইয়া যাইতেছেন, তদ্দর্শনে তাহারা লোভের বশবর্ত্তী হইল।[১৩] অনন্তর পাপকারী দর্পান্বিত ম্লেচ্ছগণ লোভাক্রান্ত হওয়াতে সকলে একত্র হইয়া পরস্পর মন্ত্রণা করিতে লাগিল যে,[১৪] অরে! এই অর্জ্জুন একাকী ধনুর্দ্ধারণ পূর্ব্বক আমাদিগকে

নয়ত্যস্মানতিক্রম্য ধিগেতদ্ভবতাং বলম্ ॥১৫॥
হত্বা গর্ব্বং সমারূঢ়ো ভীষ্মদ্রোণজয়দ্রথান্ ।
কর্ণাদীংশ্চ ন জানাতি বলং গ্রামনিবাসিনাম্ ॥১৬॥
হেহে যষ্টীর্মহায়ামা গৃহ্ণীতায়ং সুদুর্মতিঃ ।
সর্ব্বানেবাবজানাতি কিং বো বাহুভিরুন্নতৈঃ ॥১৭॥
ততো যষ্টিপ্রহরণা দস্যবো লোপ্ত্রহারিণঃ ।
সহস্রশোঽভ্যধাবন্ত তং জনং নিহতেশ্বরম্ ॥১৮॥
ততো নিবৃত্য কৌন্তেয়ঃ প্রাহাভীরান্ হসন্নিব ।
নিবর্ত্তধ্বমধর্ম্মজ্ঞা যদি ন স্থ মুমূর্ষবঃ ॥১৯॥
অবজ্ঞায় বচস্তস্য জগৃহুস্তে তদা ধনম্ ।

অতিক্রম করিয়া ভর্ত্তৃবিহীন রমণীগণকে লইয়া যাইতেছে, অতএব তোমাদের বল ও বীর্য্যে ধিক্ ! [১৫] এই অর্জ্জুন, ভীষ্ম দ্রোণ জয়দ্রথ ও কর্ণ প্রভৃতিকে বিনাশ করিয়া অত্যন্ত গর্ব্বিত হইয়াছে। আমরা গ্রামবাসী, আমাদিগের যে কত দূর বল তাহা জ্ঞাত হইতে পারে নাই। [১৬] ওহে ও মহাবল পুরুষগণ ! যষ্টি গ্রহণ কর। এই দুর্ম্মতি অর্জ্জুন তোমাদের সকলকে অবজ্ঞা করিয়া যাইতেছে। তোমাদের অপরিমেয় বাহুবল থাকিবার ফল কি ? [১৭] অনন্তর সহস্র সহস্র দস্যুগণ কেহ বা যষ্টি কেহ বা লোষ্ট্ররূপ প্রহরণ গ্রহণ করিয়া সেই ভর্ত্তৃবিহীন রমণীগণের প্রতি ধাবমান হইল। [১৮] পরে কুন্তীনন্দন অর্জ্জুন প্রতিনিবৃত্ত হইয়া হাস্য করিতে করিতে আভীরদিগকে কহিলেন, রে পাপিষ্ঠেরা ! যদি তোমরা মৃত্যুকামনা না কর, তাহা হইলে নিবৃত্ত হও। [১৯] মৈত্রেয় ! দস্যুগণ অর্জ্জুনের বাক্যে

স্ত্রীজনং চৈব মৈত্রেয়! বিশ্বক্সেনপরিগ্রহম্ ॥২০॥
ততোঽর্জ্জুনো ধনুর্দিব্যং গাণ্ডীবমজরং যুধি।
আরোপয়িতুং সমারেভে ন শশাক স বীর্য্যবান্ ॥২১॥
চকার সজ্যং কৃচ্ছ্রাচ্চ তচ্চাভূচ্ছিথিলং পুনঃ।
ন সস্মার তথাস্ত্রাণি চিন্তয়ন্নপি পাণ্ডবঃ ॥২২॥
শরান্ মুমোচ বৈ তেষু পার্থো বৈরিষ্বমর্ষিতঃ।
ত্বগ্‌ভেদং তে পরং চক্রুরস্তা গাণ্ডীবধন্বনা ॥২৩॥
বহ্নিনাপেক্ষয়া দত্তাঃ শরাস্তেঽপি ক্ষয়ং যযুঃ।
যুধ্যতঃ সহ গোপালৈরর্জ্জুনস্য ভবক্ষয়ে ॥২৪॥

অবজ্ঞা করিয়া ধন ও কৃষ্ণের পরিবারস্থ রমণীগণকে গ্রহণ করিতে আরম্ভ করিল।[২০] তখন বীর্য্যবান্ অর্জ্জুন সংগ্রাম-স্থলে অক্ষয় দিব্য গাণ্ডীব ধনুতে জ্যারোপণ করিতে প্রবৃত্ত হইলেন। কিন্তু কোন মতেই তৎকার্য্যে কৃতকার্য্য হইতে পারিলেন না।[২১] পরে তিনি যদিও অতিকষ্টে তাহাতে জ্যারোপণ করিলেন, তাহাও পুনর্ব্বার শিথিল হইয়া পড়িল, এবং তিনি বিশিষ্টরূপ চিন্তা করিলেও অস্ত্র সকল তাঁহার স্মৃতিপথে আরূঢ় হইল না।[২২] গাণ্ডীবধন্বা অর্জ্জুন অমর্ষান্বিত হইয়া দুস্যগণের প্রতি যে শরনিকর পরিত্যাগ করিলেন, তাহাতে তাহাদের গাত্রের চর্ম্মমাত্র বিদীর্ণ হইল, কোন মতেই শর বিদ্ধ হইল না।[২৩] যে সময় অগ্নির অগ্নিমান্দ্য হইয়াছিল ও যে সময় খাণ্ডবদাহ হয়, সেই সময় অগ্নি অর্জ্জুনকে যে সমুদায় অক্ষয় শরসমূহ প্রদান করিয়াছিলেন, গোপালগণের সহিত যুদ্ধ করিতে করিতে তৎসমুদায়ও ফুরাইয়া

অর্চ্চিতং যচ্চ কৌন্তেয়ঃ কৃষ্ণস্যৈব হি তদ্বলম্।
যন্ময়া শরসঙ্ঘাতৈঃ সকলা ভূভুজো জিতাঃ ॥২৫॥
মিষতঃ পাণ্ডুপুত্রস্য ততস্তাঃ প্রমদোত্তমাঃ।
আভীরৈরপকৃষ্যন্তঃ কামাচ্চান্যা প্রবব্রজুঃ ॥২৬॥
ততঃ শরেষু ক্ষীণেষু ধনুঃকোট্যা ধনঞ্জয়ঃ।
জঘান দস্যূংস্তে চাস্য প্রহারান্ জহসুর্ম্মুনে ॥২৭॥
প্রেক্ষতশ্চৈব পার্থস্য বৃষ্ণ্যন্ধকবরস্ত্রিয়ঃ।
জগ্মুরাদায় তে ম্লেচ্ছা সম্মতাস্মুনিসত্তম ॥২৮॥
ততঃ সুদুঃখিতো জিষ্ণুঃ কষ্টং কষ্টমিতি ব্রুবন্।

গেল।[২৪] তখন অর্জ্জুন বিবেচনা করিলেন, আমি যে শরসমূহ দ্বারা সমুদায় রাজগণকে পরাজয় করিয়াছি, তাহা কেবল কৃষ্ণের বলেই সম্পন্ন হইয়াছে।[২৫] অনন্তর অর্জ্জুনের সম্মুখেই ম্লেচ্ছগণ কামের বশবর্ত্তী হইয়া পরমসুন্দরী রমণীদিগকে আকর্ষণ করিতে লাগিল। কোন কোন রমণী সম্মতা হইয়া তাহাদের সহিত চলিল।[২৬] মহর্ষে! যখন অর্জ্জুনের বাণ সমুদায় ফুরাইয়া গেল, তখন তিনি শরাসনের অগ্রভাগ দ্বারা দস্যুগণকে প্রহার করিতে আরম্ভ করিলেন। দস্যুগণ তাঁহার সেই প্রহারে (ব্যথিত হওয়া দূরে থাকুক) হাস্য করিতে লাগিল।[২৭] মুনিশ্রেষ্ঠ! এইরূপে অর্জ্জুনের সমক্ষেই ম্লেচ্ছগণ রূপবতী যাদবকামিনীদিগকে লইয়া যথা ইচ্ছা গমন করিল।[২৮] অনন্তর জিষ্ণু অর্জ্জুন সাতিশয় দুঃখিত হইয়া, হায় কি কষ্ট! হায় কি কষ্ট! এই কথা বলিতে লাগিলেন। অহো! আমি ভগবান্ কর্ত্তৃক প্রতারিত হইলাম! এই বলিয়া

অহো! ভগবতা তেন মুষিতোঽস্মি রুরোদ হ ॥২৯॥
তদ্ধনুস্তানি চাস্ত্রাণি স রথস্তে চ বাজিনঃ।
সর্ব্বমেকপদে নষ্টং দানমশ্রোত্রিয়ে যথা ॥৩০॥
অহোঽতিবলবদ্দৈবং বিনা তেন মহাত্মনা।
যদসামর্থ্যযুক্তেঽপি নীচবর্গে জয়প্রদম্ ॥৩১॥
তৌ বাহূ স চ মে মুষ্টিঃ স্থানং তৎ সোঽস্মি চার্জ্জুনঃ।
পুণ্যেনৈব বিনা তেন গতং সর্ব্বমসারতাম্ ॥৩২॥
মমার্জ্জুনত্বং ভীমস্য ভীমত্বং তৎকৃতং ধ্রুবম্।
বিনা তেন যদাভীরৈর্জ্জিতোঽহং কথমন্যথা ॥৩৩॥
ইত্থং বদন্ যযৌ জিষ্ণুর্মথুরাখ্যং পুরোত্তমম্।
চকার তত্র রাজানং বজ্রং যাদবনন্দনম্ ॥৩৪॥

তিনি রোদন করিতে লাগিলেন।[২৯] অপাত্রে দান করিলে যেমন তাহা নিষ্ফল হয়, তাহার ন্যায় আমার সেই গাণ্ডীব ধনু, আমার সেই সমুদায় অস্ত্র, আমার সেই রথ, আমার সেই অশ্বগণ, সমুদায় এককালে নিষ্ফল হইল।[৩০] অহো দৈব কি বলবান্! এক্ষণে সেই মহাত্মা কৃষ্ণ না থাকাতে সামর্থ্য-হীন নীচলোকেও জয়লাভ করিল।[৩১] আমার সেই বাহু সেই মুষ্টি, সেই পৃথিবী এবং আমি সেই অর্জুন বিদ্যমান্ রহিয়াছি, কিন্তু এক্ষণে সেই পবিত্রাত্মা কৃষ্ণ ব্যতিরেকে সকলই অসার হইল।[৩২] আমার অর্জুনত্ব এবং ভীমের ভীমত্ব, এ সমুদায় কৃষ্ণ হইতেই হইয়াছিল, সন্দেহ নাই কারণ এক্ষণে সেই কৃষ্ণ ব্যতিরেকে আমি এই আভীরগণ কর্ত্তৃকও পরাজিত হইলাম।[৩৩]

স দদর্শ ততো ব্যাসং ফাল্গুনঃ কাননাশ্রয়ম্।
তমুপেত্য মহাভাগং বিনয়েনাভ্যবাদয়ৎ ॥৩৫॥
তং বন্দমানং চরণাববলোক্য মুনিশ্চিরম্।
উবাচ পার্থং বিচ্ছায়ঃ কথমত্যন্তমীদৃশঃ ॥৩৬॥
অবীরজোঽনুগমনং ব্রহ্মহত্যাথবা কৃতা।
দৃঢ়াশাভঙ্গদুঃখী বা ভ্রষ্টচ্ছায়োঽসি সাম্প্রতম্ ॥৩৭॥
সান্তানিকাদয়ো বা তে যাচমানা নিরাকৃতাঃ।
অগম্যাস্ত্রীরতির্বা ত্বং তেনাসি বিগতপ্রভঃ ॥৩৮॥
ভুক্তোঽপ্রদায় বিপ্রেভ্য একো মিষ্টমথো ভবান্।
কিংবা কৃপণবিত্তানি হৃতানি ভবতার্জ্জুন! ॥৩৯॥

অর্জ্জুন এই কথা বলিতে বলিতে মথুরা পুরীতে উপস্থিত হইয়া যাদবনন্দন বজ্রকে সেই স্থানের অধিপতি করিলেন। [৩৪] অনন্তর তিনি বনমধ্যে ভগবান্ ব্যাসকে দেখিতে পাইয়া তাঁহার নিকট উপস্থিত হইয়া বিনয় পূর্ব্বক প্রণাম করিলেন।[৩৫] মহর্ষি ব্যাস অর্জ্জুনকে চরণতলে প্রণাম করিতে দেখিয়া বহুক্ষণ নিরীক্ষণ পূর্ব্বক কহিলেন, তুমি এক্ষণে কি নিমিত্ত এতদূর শ্রীহীন হইয়াছ? [৩৬] তুমি কি রজস্বলা গমন করিয়াছ? অথবা ব্রহ্মহত্যা পাতকে পাতকী হইয়াছ? অথবা তুমি কি কাহারও দৃঢ় আশা ভঙ্গ করিয়াছ? নতুবা তুমি এক্ষণে কি জন্য ঈদৃশ শ্রীহীন হইলে।[৩৭] কেবল সন্তান উৎপাদনের নিমিত্ত বিবাহার্থী হইয়া কোন ব্যক্তি তোমার নিকট অর্থ যাচ্ঞা করিলে তুমি কি তাহা প্রত্যাখ্যান করিয়াছ? অথবা তুমি কি অগম্যা স্ত্রীতে রত হইয়াছ? নতুবা তোমাকে কি জন্য এবংবিধ কান্তিহীন দেখিতেছি। [৩৮] তুমি ব্রাহ্মণকে

কচ্চিত্ত্বং শূর্পবাতস্য গোচরত্বং গতোহর্জ্জুন!।
দুষ্টচক্ষুর্হতো বাপি নিঃশ্রীকঃ কথমন্যথা ॥৪০॥
স্পৃষ্টো নখাম্ভসা চাথ ঘটাম্ভঃ প্রোক্ষিতোঽপি বা।
তেনাতীবাসি বিচ্ছায়ো ন্যূনৈর্বা যুধি নির্জ্জিতঃ ॥৪১॥

শ্রীপরাশর উবাচ।

ততঃ পার্থো বিনিঃশ্বস্য শ্রূয়তাং ভগবন্নিতি।
প্রোক্ত্বা যথাবদাচষ্ট ব্যাসায়াত্মপরাভবম্ ॥৪২॥

অর্জ্জুন উবাচ।

যদ্বলং যচ্চ নস্তেজো যদ্বীর্য্যং যৎপরাক্রমঃ।
যা শ্রীশ্ছায়া চ নঃ সোঽস্মান্ পরিত্যজ্য গতো হরিঃ॥৪৩
ইতরেণেব মহতা স্মিতপূর্ব্বাভিভাষিণা।

না দিয়া একাকী কি মিষ্টদ্রব্য ভক্ষণ করিয়াছ? অথবা অর্জুন! তুমি ত কৃপণ ব্যক্তির ধন হরণ কর নাই?[৩৯] অর্জুন! তোমাতে ত শূর্পবায়ু লাগে নাই? অথবা তুমি ত দুষ্ট লোকের চক্ষে পতিত হও নাই? তোমাকে কি জন্য ঈদৃশ কান্তিহীন দেখিতেছি?[৪০] তুমিত নখদূষিত জল স্পর্শ কর নাই? নীয়মান কলসের জল উচ্ছ্বলিত হইয়া তোমার গাত্রে ত লাগে নাই? তুমি ত কাহারও নিকট সংগ্রামে পরাজিত হও নাই? নতুবা তুমি কি জন্য ঈদৃশ শোভাহীন হইয়াছ?[৪১]

পরাশর কহিলেন। অনন্তর অর্জুন দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক, ভগবন্! বলিতেছি, শ্রবণ করুন, এই কথা বলিয়া, আপনার পরাভব বিষয়ক সমুদায় বৃত্তান্ত বর্ণন করিতে আরম্ভ করিলেন।[৪২]

হীনা বয়ং মুনে! তেন জাতাস্তৃণময়া ইব ॥৪৪॥
অস্ত্রাণাং শায়কানাং চ গাণ্ডীবস্য তথা মম।
সারতায়াভবন্ মূলং স গতঃ পুরুষোত্তমঃ ॥৪৫॥
যস্যাবলোকনাদস্মান্ শ্রীর্জয়ঃ সম্পতুন্নতিঃ।
ন তত্যাজ স গোবিন্দস্ত্যক্ত্বাস্মান্ ভগবান্ গতঃ ॥৪৬॥
ভীষ্মদ্রোণাঙ্গরাজাদ্যাস্তথা দুর্যোধনাদয়ঃ।
যৎপ্রভাবেণ নির্দগ্ধাঃ স কৃষ্ণস্ত্যক্তবান্ ভুবম্ ॥৪৭॥
নির্যৌবনহতশ্রীকা ভ্রষ্টচ্ছায়েব মেদিনী।
বিভাতি তাত! নৈকোঽহং বিরহে তস্য চক্রিণঃ ॥৪৮॥

অর্জুন কহিলেন। যিনি আমাদের বল, যিনি আমাদের বীর্য্য, যিনি আমাদের তেজ, যিনি আমাদের পরাক্রম, যিনি আমাদের শ্রী, যিনি আমাদের কান্তি, সেই হরি আমাদিগকে পরিত্যাগ করিয়া গিয়াছেন।[৪৩] মহর্ষে! যিনি ঈষৎ হাস্যপূর্ব্বক কথা কহিতেন, যিনি মহাত্মা হইয়াও সামান্য লোকের ন্যায় ছিলেন, তিনি আমাদিগকে পরিত্যাগ করাতে আমরা (বিভীষিকার নিমিত্ত ক্ষেত্রাদিতে বিনির্ম্মিত) তৃণময় পুরুষের ন্যায় হইয়া পড়িয়াছি।[৪৪] যিনি আমার অস্ত্রসমূহের, বাণ-সমূহের ও গাণ্ডীবের মূর্ত্তিমান্ সারস্বরূপ ছিলেন, সেই পুরুষোত্তম কৃষ্ণ স্বর্গারোহণ করিয়াছেন।[৪৫] যে ভগবান্ কৃষ্ণের দৃষ্টিপাতে আমাদের যশ, শ্রী, সম্পত্তি, উন্নতি চিরস্থায়ী হইয়াছিল, তিনি আমাদিগকে পরিত্যাগ করিয়া গিয়াছেন।[৪৬] ভীষ্ম দ্রোণ কর্ণ দুর্য্যোধন প্রভৃতি বীরগণ যাঁহার প্রভাবে পরাজিত ও নিহত হইয়াছে, সেই কৃষ্ণ পৃথিবী পরিত্যাগ

যস্যানুভাবাদ্ ভীষ্মাদ্যৈর্ম্ময়্যগ্নৌ শলভায়িতম্।
বিনা তেনাদ্য কৃষ্ণেন গোপালৈরস্মি নির্জ্জিতঃ ॥৪৯॥
গাণ্ডীবং ত্রিষু লোকেষু খ্যাতিং যদনুভাবতঃ।
গতং তেন বিনাভীরলগুড়ৈস্তন্নিরাকৃতম্ ॥৫০॥
স্ত্রীসহস্রাণ্যনেকানি মন্নাথানি মহামুনে!।
যততো মম নীতানি দস্যুভির্লগুড়ায়ুধৈঃ ॥৫১॥
আনীয়মানমাভীরৈঃ কৃষ্ণ! কৃষ্ণাবরোধনম্।
হৃতং যষ্টিপ্রহরণৈঃ পরিভূয় বলং মম ॥৫২॥
নিঃশ্রীকতা ন মে চিত্রং যজ্জীবামি তদদ্ভুতম্।
ন চাবমানপঙ্কাঙ্কী নির্লজ্জোঽস্মি পিতামহ! ॥৫৩॥

করিয়াছেন।[৪৭] গুরো! চক্রধারী কৃষ্ণের বিরহে আমিই যে কেবল একাকী ঈদৃশ হইয়াছি, এমত নহে, দেখুন পৃথিবী যৌবনহীনা হতশ্রী ও কান্তিরহিতার ন্যায় প্রতীয়মানা হইতেছে।[৪৮] যাঁহার অনুগ্রহে ভীষ্ম প্রভৃতি বীরগণ অগ্নিরূপ আমাতে পতঙ্গের ন্যায় ব্যবহার করিয়াছিলেন, এক্ষণে সেই কৃষ্ণ না থাকাতে আমি গোপালগণ কর্ত্তৃকও পরাজিত হইলাম।[৪৯] যাঁহার অনুগ্রহে আমার এই গাণ্ডীব ত্রিলোকে বিখ্যাত হইয়াছে, এক্ষণে তিনি না থাকাতে আভীরগণের লগুড়ে ইহা পরাস্ত হইল।[৫০] মহর্ষে! আমি সেই কৃষ্ণের সহস্র সহস্র পরিবারস্থ রমণীগণকে আনিতেছিলাম, দস্যুগণ লগুড় দ্বারা আমাকে পরাজয় করিয়া আমার সমক্ষেই তাহাদিগকে হরণ করিয়া লইয়া গেল। আমি যত্ন করিয়া কিছুই করিতে পারিলাম না।[৫১]

ব্যাস উবাচ।

অলং তে ব্রীড়য়া পার্থ! ন ত্বং শোচিতুমর্হসি।
অবেহি সর্বভূতেষু কালস্য গতিমীদৃশীম্ ॥৫৪॥
কালো ভবায় ভূতানামভবায় চ পাণ্ডব!।
কালমূলমিদং জ্ঞাত্বা ভব স্থৈর্য্যধনোঽর্জ্জুন! ॥৫৫॥
নদ্যঃ সমুদ্রা গিরয়ঃ সকলা চ বসুন্ধরা।
দেবা মনুষ্যাঃ পশবস্তরবঃ সসরীসৃপাঃ ॥৫৬॥
সৃষ্টাঃ কালেন কালেন পুনর্যাস্যন্তি সংক্ষয়ম্।
কালাত্মকমিদং সর্ব্বং জ্ঞাত্বা শমমবাপ্নুহি ॥৫৭॥
যচ্চাহ কৃষ্ণমাহাত্ম্যং তত্তথৈব ধনঞ্জয়!।

মহামুনে! আমি কৃষ্ণের যে সকল অন্তঃপুরচারিণী রমণীদিগকে আনিতেছিলাম। দস্যুগণ যষ্টি প্রহারে আমাকে পরাভব করিয়া তাহাদিগকে হরণ পূর্ব্বক লইয়া গেল।[৫২] অতএব আমি যে শ্রীহীন হইয়াছি, ইহা আশ্চর্য্য নহে। পিতামহ! আমি অতীব নিলর্জ্জ, আমি নীচ লোকের নিকট অবমানিত ও কলঙ্কিত হইয়া এখনও যে জীবন ধারণ করিতেছি, ইহাই অদ্ভুত।[৫৩]

বেদব্যাস কহিলেন, পার্থ! তুমি লজ্জিত হইও না। শোকাকুল হওয়া তোমার উচিত হইতেছে না, সকল প্রাণিতেই এইরূপ কালের প্রাদুর্ভাব দৃষ্ট হইতেছে।[৫৪] পাণ্ডুনন্দন! কালক্রমে প্রাণিগণ উৎপন্ন হইতেছে, কালক্রমে প্রাণিগণ বিলয় প্রাপ্ত হইতেছে, অতএব সমুদায়ই কালমুলক। অর্জ্জুন! তুমি ইহা পর্য্যালোচনা করিয়া স্থৈর্য্য অবলম্বন

ভারাবতারকার্য্যার্থমবতীর্ণঃ স মেদিনীম্ ॥৫৮॥
ভারাক্রান্তা ধরা যাতা দেবানাং সমিতিং পুরা।
তদ্ভারমবতীর্ণোঽসৌ কালরূপী জনার্দ্দনঃ ॥৫৯॥
তচ্চ নিষ্পাদিতং কার্য্যমশেষা ভূভৃতো হতাঃ।
বৃষ্ণ্যন্ধককুলং সর্ব্বং তথা পার্থোপসংহৃতম্ ॥৬০॥
ন কিঞ্চিদন্যৎ কর্ত্তব্যমস্য ভূমিতলে প্রভোঃ।
অতো গতঃ স ভগবান্ কৃতকৃত্যো যথেচ্ছয়া ॥৬১॥
সৃষ্টিং স্বর্গে করোত্যেষ দেবদেবঃ স্থিতৌ স্থিতিম্।
অন্তেঽন্তায় সমর্থোঽয়ং সাম্প্রতং হি যথাকৃতম্ ॥৬২॥
তস্মাৎ পার্থ! ন সংতাপস্ত্বয়া কার্য্যঃ পরাভবাৎ।

কর।[৫৫] নদীগণ, সমুদ্রগণ, পর্ব্বতগণ, সমুদায় বসুন্ধরা, দেবগণ, মনুষ্যগণ, পশুগণ, বৃক্ষগণ সরীসৃপগণ[৫৬] ইহারা সকলেই কাল অনুসারে সৃষ্ট হইতেছে; এবং সকলেই কাল অনুসারে ক্ষয় প্রাপ্ত হইবে। এই সমুদয়ই কালের অধীন, অতএব তুমি এই সমুদায় বিবেচনা করিয়া শান্ত হও।[৫৭] ধনঞ্জয়! তুমি যে কৃষ্ণের মাহাত্ম্যের কথা কহিলে, তৎসমুদায়ই যথার্থ। কৃষ্ণ পৃথিবীর ভার মোচনের নিমিত্তই পৃথিবীতে অবতীর্ণ হইয়াছিলেন।[৫৮]

পূর্ব্বকালে পৃথিবী ভারাক্রান্তা হইয়া দেবগণের সভায় গমন করিয়াছিলেন। কামরূপী জনার্দ্দন তাঁহার ভার অপনয়নের নিমিত্তই অবতীর্ণ হন।[৫৯] পার্থ! কৃষ্ণের সেই কার্য্য নিষ্পাদিত হইয়াছে। দেখ সমুদায় রাজগণ নিহত হইয়াছে। তিনি বৃষ্ণিবংশ, অমুন্ধক বংশ সদায়কেও পরিশেষে সংহার

ভবন্তি ভবকালেষু পুরুষাণাং পরাক্রমাঃ ॥৬৩॥
ত্বয়ৈকেন হতা ভীষ্মদ্রোণকর্ণাদয়ো নৃপাঃ।
তেষামর্জ্জুন! কালোত্থঃ কিং ন্যূনাভিভবো ন সঃ ॥৬৪॥
বিষ্ণোস্তথানুভাবেন যথা তেষাং পরাভবঃ।
ততস্তথৈব ভবতো দস্যুভ্যোঽন্তে তদুদ্ভবঃ ॥৬৫॥
স দেবোঽন্যশরীরাণি সমাবিশ্য জগৎস্থিতিম্।
করোতি সর্ব্বভূতানাং নাশং চান্তে জগৎপতিঃ ॥৬৬॥
ভবোদ্ভবে চ কৌন্তেয়! সহায়োঽভূজ্জনার্দ্দনঃ।
ভবান্তে ত্বদ্বিপক্ষাস্তে কেশবেনাবলোকিতাঃ ॥৬৭॥

করিলেন।[৬০] এক্ষণে এই পৃথিবীতে ভগবান্ কৃষ্ণের আর কোন কর্ত্তব্য কর্ম্ম অবশিষ্ট নাই, এই নিমিত্ত তিনি কৃতকার্য্য হইয়া যথেচ্ছাক্রমে গমন করিয়াছেন।[৬১] যখন সৃষ্টির সময় উপস্থিত হয়, তখন সেই দেবদেব সৃষ্টি করিয়া থাকেন, রক্ষা করিবার সময় উপস্থিত হইলে তিনি রক্ষা করেন, যখন সংহারের কাল উপস্থিত হয়, তখন তিনি সংপ্রতি যেরূপ করিলেন, এই রূপেই সর্ব্ব সংহার করিয়া থাকেন।[৬২] অতএব পার্থ! এক্ষণে তুমি পরাভূত হইয়াছ বলিয়া পরিতাপ করিও না। মানবগণ উৎপন্ন হইবার সময়েই পরাক্রমশালী হইয়া থাকে।[৬৩] দেখ তুমি একাকী ভীষ্ম, কর্ণ, দ্রোণ প্রভৃতি রাজগণকে পরাজয় করিয়াছিলে, অর্জ্জুন! তাঁহারা কি কাল অনুসারে হীন হইতে পরাজিত হন নাই?[৬৪] কৃষ্ণের ইচ্ছানুসারে, তাঁহাদের যেমন হীন হইতে পরাভব হইয়াছিল, তাহার ন্যায় এক্ষণে তাঁহারই ইচ্ছানুসারে হীন দস্যুগণ হইতে তোমার পরাভব হইয়াছে।[৬৫] সেই জগৎপতি কৃষ্ণ এক

কঃ শ্রদ্দধ্যাৎ স গাঙ্গেয়ান্ হন্যাস্ত্বং সর্ব্বকৌরবান্।
আভীরেভ্যশ্চ ভবতঃ কঃ শ্রদ্দধ্যাৎ পরাভবম্॥৬৮॥
পার্থৈতৎ সর্ব্বভূতস্য হরের্লীলাবিচেষ্টিতম্।
ত্বয়া যৎ কৌরবা ধ্বস্তা যদাভীরৈর্ভবান্ জিতঃ॥৬৯॥
গৃহীতা দস্যুভির্যচ্চ ভবতঃ শোচিতাঃ স্ত্রিয়ঃ।
তদপ্যহং যথাবৃত্তং কথয়ামি তবার্জ্জুন!॥৭০॥
অষ্টাবক্রঃ পুরা বিপ্রো জলবাসরতোঽভবৎ।
বহূন্ বর্ষগণান্ পার্থ! গৃণন্ ব্রহ্ম সনাতনম্॥৭১॥

শরীর অবলম্বন করিয়া জগতের পালন করেন। অন্য শরীর আশ্রয় করিয়া অন্তকালে সকলের সংহার করিয়া থাকেন। [৬৬] কৌন্তেয়! যখন তোমার অদৃষ্ট বলবান্ ছিল, তখন ভগবান্ জনার্দ্দন তোমার সহায় ছিলেন। এক্ষণে তোমার অদৃষ্ট ক্ষয় হওয়াতে তিনি তোমার বিপক্ষগণের প্রতি কৃপাদৃষ্টি করিয়াছেন। [৬৭] সেই তুমি একাকী ভীষ্ম প্রভৃতি সমুদায় কৌরবগণকে যে পরাজয় করিয়াছিলে, তাহা এক্ষণে কে বিশ্বাস করিবে? এবং তুমি তাদৃশ মহাবীর হইয়াও যে দস্যুগণের নিকট পরাজিত হইয়াছ, তাহাতেই বা কাহার বিশ্বাস হইতে পারে? [৬৮] অর্জ্জুন! তুমি একাকী যে কৌরবগণকে বিনাশ করিয়াছ এবং তুমিই যে দস্যুগণ কর্ত্তৃক পরাজিত হইলে, ইহা সর্ব্বভূতময় বিষ্ণুর লীলার কার্য ভিন্ন আর কিছুই নহে [৬৯] অর্জ্জুন! কৃষ্ণের রমণীগণকে দস্যু হরণ করিয়াছে বলিয়া তুমি যে শোক প্রকাশ করিতেছ, তদ্বিষয়ক বিবরণ আমি আনুপূর্ব্বিক বলিতেছি, শ্রবণ কর। [৭০]

পার্থ! পূর্ব্বকালে অষ্টাবক্র নামে মহর্ষি জলে বাস করিয়া

জিতেষ্বসুরসঙ্ঘেষু মেরুপৃষ্ঠে মহোৎসবঃ।
বভূব তত্র গচ্ছন্ত্যো দদৃশুস্তং বরস্ত্রিয়ঃ ॥৭২॥
রম্ভাতিলোত্তমাদ্যাশ্চ শতশোঽথ সহস্রশঃ।
তুষ্টুবুস্তং মহাত্মানং প্রশশংসুশ্চ পাণ্ডব! ॥৭৩॥
আকণ্ঠমগ্নং সলিলে জটাভারধরং মুনিম্।
বিনয়াবনতাশ্চৈনং প্রণেমুঃ স্তোত্রতৎপরাঃ ॥৭৪॥
যথা যথা প্রসন্নোঽসৌ তুষ্টুবুস্তং তথা তথা।
সর্ব্বাস্তাঃ কৌরবশ্রেষ্ঠ! বরিষ্ঠং তং দ্বিজন্মনাম্ ॥৭৫॥

অষ্টাবক্র উবাচ।

প্রসন্নোঽহং মহাভাগা! ভবতীনাং যদিষ্যতে।

বহুবৎসর সনাতন ব্রহ্মের স্তব করিতেছিলেন।[৭১] এই সময় অসুরগণ পরাজিত হওয়াতে সুমেরু পর্ব্বতের উপরি একটী মহোৎসব হইয়াছিল। নিরুপমরূপবতী সুরাঙ্গনারা সেই মহোৎসবে গমন করিতে করিতে উক্ত মহর্ষি অষ্টাবক্রকে দেখিতে পাইলেন।[৭২] পাণ্ডুনন্দন! রম্ভা তিলোত্তমা প্রভৃতি শত শত অপ্সরোগণ, মহাত্মা অষ্টাবক্রকে প্রশংসা করিয়া স্তব করিতে আরম্ভ করিলেন।[৭৩] এই মহর্ষির মস্তকে জটা-ভার ছিল। তিনি কণ্ঠ পর্য্যন্ত সলিলে নিমগ্ন ছিলেন। অপ্স-রোগণ স্তব করিতে করিতে বিনয়াবনত হইয়া তাঁহাকে প্রণাম করিলেন।[৭৪] কৌরবশ্রেষ্ঠ! অপ্সরোগণ ব্রাহ্মণশ্রেষ্ঠ ঐ অষ্টাবক্রকে এরূপ স্তব করিয়াছিলেন যে, তিনি প্রসন্ন হইলেন।[৭৫]

অষ্টাবক্র কহিলেন। মহাভাগ রমণীগণ! আমি তোমাদের প্রতি প্রসন্ন হইয়াছি। এক্ষণে তোমাদের যাহা ইচ্ছা হয়, আমার

মত্তস্তদ্ ব্রিয়তাং সর্ব্বং প্রদাস্যাম্যতিদুর্লভম্ ॥৭৬॥
রম্ভাতিলোত্তমাদ্যাস্তং বৈদিক্যোঽপ্সরসোঽব্রুবন্।
প্রসন্নে ত্বয্যপর্য্যাপ্তং কিমস্মাকমিতি দ্বিজ! ॥৭৭॥
ইতরাস্ত্বব্রুবন্ বিপ্র! প্রসন্নো ভগবান্ যদি।
তদিচ্ছামঃ পতিং প্রাপ্তুং বিপ্রেন্দ্র! পুরুষোত্তমম্ ॥৭৮॥

ব্যাস উবাচ।

এবং ভবিষ্যতীত্যুক্ত্বা উত্ততার জলান্মুনিঃ।
দদৃশুস্তাস্তমুত্তীর্ণং বিরূপং বক্রমষ্টধা ॥৭৯॥
তং দৃষ্ট্বা গূহমানানাং যাসাং হাসঃ স্ফুটোঽভবৎ।
তাঃ শশাপ মুনিঃ কোপমবাপ্য কুরুনন্দন! ॥৮০॥

নিকট বর প্রার্থনা কর। যদি কোন দুর্লভ বস্তু চাও তাহাও আমি প্রদান করিতে সম্মত আছি।[৭৬] অনন্তর রম্ভা তিলোত্তমা প্রভৃতি বৈদিক অপ্সরোগণ কহিলেন, ব্রহ্মন্! আপনি প্রসন্ন হইলে আমাদের পক্ষে কোন্ বস্তু দুর্লভ হইতে পারে।[৭৭] কতকগুলি অপ্সরা বলিলেন, ভগবন্! আপনি যদি আমাদের প্রতি প্রসন্ন হইয়া থাকেন, তাহা হইলে আমরা এই বর প্রার্থনা করি যে, পুরুষোত্তম বিষ্ণু যেন আমাদের স্বামী হন।[৭৮]

ব্যাস কহিলেন। মহর্ষি অষ্টাবক্র তথাস্তু বলিয়া বর প্রদান পূর্ব্বক জল হইতে উঠিলেন। তখন অপ্সরোগণ দেখিলেন যে, তিনি অষ্ট স্থানে বক্র ও অতীব কুৎসিত।[৭৯] কুরুনন্দন! অপ্সরোগণ তাঁহাকে বিরূপ দেখিয়া যত্ন করিয়াও হাস্য সংবরণ করিতে পারিলেন না। মহর্ষি তখন কুপিত হইয়া, যাঁহাদের

যস্মাদ্বিরূপরূপং মাং জ্ঞাত্বা হাসাবমাননা ।
ভবতীভিঃ কৃতা তস্মাদেষ শাপং দদামি বঃ ॥৮১॥
মৎপ্রসাদেন ভর্ত্তারং লব্ধ্বা তং পুরুষোত্তমম্ ।
মচ্ছাপোপহতাঃ সর্ব্বাঃ দস্যুহস্তং গমিষ্যথ ॥৮২॥

ব্যাস উবাচ ।

ইত্যুদীরিতমাকর্ণ্য মুনিস্তাভিঃ প্রসাদিতঃ ।
পুনঃ সুরেন্দ্রলোকং বৈ প্রাহ ভূয়ো গমিষ্যথ ॥৮৩॥
এবং তস্য মুনেঃ শাপাদষ্টাবক্রস্য কেশবম্ ।
ভর্ত্তারং প্রাপ্য তা দস্যুহস্তং যাতা বরাঙ্গনাঃ ॥৮৪॥
তত্ত্বয়া নাত্র কর্তব্যঃ শোকোহল্পোহপি হি পাণ্ডব ! ।

হাস্য প্রকটিত হইয়াছিল, তাঁহাদিগকে এইরূপ শাপ প্রদান করিলেন যে,[৮০] তোমরা আমাকে বিরূপ দেখিয়া হাস্য পূর্ব্বক অবমাননা করিলে, অতএব আমি তোমাদিগকে এইরূপ শাপ প্রদান করিতেছি যে,[৮১] তোমরা আমার অনুগ্রহে পুরুষোত্তম বিষ্ণুকে পতি[illegible] লাভ করিয়া পরে আমার শাপ অনুসারে সকলেই দস্যুহস্তে পতিত হইবে।[৮২]

বেদব্যাস কহিলেন। অপ্সরোগণ মহর্ষির এই বাক্য শ্রবণ করিয়া তাঁহাকে প্রসন্ন করিতে লাগিলেন। মুনি প্রসন্ন হইয়া কহিলেন, (তোমরা দস্যু হস্তে পতিত হইয়া পুনর্ব্বার দেবলোকে গমন করিতে পারিবে।[৮৩] অপ্সরোগণ এইরূপে মহর্ষি অষ্টাবক্রের শাপ অনুসারে কৃষ্ণকে ভর্ত্তাস্বরূপ লাভ করিয়া পরিশেষে দস্যু হস্তে নিপতিত হইয়াছেন।[৮৪] পাণ্ডু-নন্দন ! তুমি এ বিষয়ে এক্ষণে অণুমাত্রও শোক করিও না। অখিলনাথ বিষ্ণুই সমুদায় উপসংহার করিয়াছেন।[৮৫] তিনি

তেনৈবাখিলনাথেন সর্ব্বং তদুপসংহৃতম্ ॥৮৫॥
ভবতাং চোপসংহারমাসন্নং তেন কুর্ব্বতা।
বলং তেজস্তথা বীর্য্যং মাহাত্ম্যং চোপসংহৃতম্ ॥৮৬॥
জাতস্য নিয়তো মৃত্যুঃ পতনঞ্চ তথোন্নতেঃ।
বিপ্রযোগাবসানশ্চ সংযোগঃ সঞ্চয়াৎ ক্ষয়ঃ ॥৮৭॥
বিজ্ঞায় ন বুধাঃ শোকং ন হর্ষমুপযান্তি যে।
তেষামেবেতরে চেষ্টাং শিক্ষন্তঃ সন্তি তাদৃশাঃ ॥৮৮॥
তস্মাত্ত্বয়া নরশ্রেষ্ঠ! জ্ঞাত্বৈতদ্‌ভ্রাতৃভিঃ সহ।
পরিত্যজ্যাখিলং তত্র গন্তব্যং তপসে বনম্ ॥৮৯॥
তদ্গচ্ছ ধর্ম্মরাজায় নিবেদ্যৈতদ্বচো মম।
পরশ্বো ভ্রাতৃভিঃ সার্দ্ধং যথা যাসি তথা কুরু ॥৯০॥

তোমাদের উপসংহার নিকটবর্ত্তী করিবার অভিপ্রায়ে তোমাদের বল, তেজ, বীর্য্য ও মাহাত্ম্য আকর্ষণ করিয়াছেন।[৮৬] যে ব্যক্তি জন্মগ্রহণ করে তাহার অবশ্যই মৃত্যু হয়, উন্নতি হইলেই পরিণামে তাহার পতন আছে, সংযোগ হইলেই পরে বিচ্ছেদ আছে। সঞ্চয় হইলেই পরে তাহার ক্ষয় হয়।[৮৭] পণ্ডিত ব্যক্তিরা এই সমুদায় বিষয় অবগত হইয়া হর্ষ বা শোকে অভিভূত হন না, সাধারণ লোক পণ্ডিতগণের চেষ্টার অনুকরণ শিক্ষা করাতে তাঁহাদের ন্যায় ঐরূপ ব্যবহার করিয়া থাকে।[৮৮]

নরশ্রেষ্ঠ! এক্ষণে তুমি ভ্রাতৃগণের সহিত রাজ্য পরিত্যাগ করিয়া তপস্যার নিমিত্ত বন গমন কর।[৮৯] অতএব তুমি এক্ষণে গমন কর, তুমি ধর্ম্মরাজের নিকট আমার এই সমুদায় বাক্য বলিয়া পরশ্ব যাহাতে তিনি ভ্রাতৃগণের সহিত অরণ্যযাত্রা করেন, তদ্বিষয়ে যত্নবান্ হও।[৯০]

পরাশর উবাচ।

ইত্যুক্তোঽভেত্য পার্থাভ্যাং যমাভ্যাং চ তথার্জ্জুনঃ
দৃষ্টং চৈবানুভূতঞ্চ কথিতং তেম্বশেষতঃ ॥৯১॥
ব্যাসবাক্যং চ তে সর্ব্বে শ্রুত্বার্জ্জুনসমীরিতম্ ।
রাজ্যে পরিক্ষিতং কৃত্বা যযুঃ পাণ্ডুসুতা বনম্ ॥৯২॥
ইত্যেতৎ তব মৈত্রেয়! বিস্তরেণ ময়োদিতম্ ।
জাতস্য যদ্ যদোর্বংশে বাসুদেবস্য চেষ্টিতম্ ॥৯৩॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে পঞ্চমাংশে উপসংহারো নাম
অষ্টাবিংশোঽধ্যায়ঃ ।

সমাপ্তোঽয়ং পঞ্চমাংশঃ ।

পরাশর কহিলেন। অর্জ্জুন এই বাক্য শ্রবণপূর্ব্বক যুধিষ্ঠির ভীম নকুল ও সহদেবের নিকট দৃষ্ট অনুভূত সমুদায় বিষয় আনুপূর্ব্বিক নিবেদন করিলেন।[৯১] যুধিষ্ঠির প্রভৃতি ভ্রাতৃগণ অর্জ্জুনের মুখে বেদব্যাসের বাক্য শুনিয়া পরিক্ষিতকে রাজ্যে অভিষিক্ত করিয়া বনগমন করিলেন।[৯২] মৈত্রেয়! ভগবান্ বাসুদেব যদুবংশে জন্মগ্রহণ করিয়া যে সমুদায় কার্য্য করিয়াছিলেন, তাহা এই বিস্তারিতরূপে তোমার নিকট বর্ণন করিলাম।[৯৩]

বিষ্ণুপুরাণ পঞ্চমাংশ উপসংহার নামক
অষ্টাবিংশ অধ্যায় সমাপ্ত।

পঞ্চমাংশ সমাপ্ত।

বিষ্ণুপুরাণ।

ষষ্ঠ অংশ।

সূচী।

বিষ্ণু পুরাণ সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

চতুর্থোহংশঃ।

প্রথমোহধ্যায়ঃ।

মৈত্রেয় উবাচ।

ভগবন্! যন্নরৈঃ কার্য্যং সাধুকর্ম্মণ্যবস্থিতৈঃ।
তন্মহ্যং গুরুণাখ্যাতং নিত্যনৈমিত্তিকাত্মকম্॥ ১॥
বর্ণধর্ম্মাস্তথাখ্যাতা ধর্ম্মা যে চাশ্রমেষু বৈ।
শ্রোতুমিচ্ছাম্যহং বংশান্ তাংস্ত্বং প্রব্রূহি মে গুরো! ॥২॥

পরাশর উবাচ।

মৈত্রেয়! শ্রূয়তাম্ অয়মনেক-যজ্বি-বীর-শূর-ভূপালালঙ্কৃতো ব্রহ্মাদির্মানবো বংশঃ।

মৈত্রেয় কহিলেন, ভগবন্! আপনি আমার গুরু। যে সকল নিত্য নৈমিত্তিক কর্ম্ম, সৎকর্ম্ম-নিরত মনুষ্যের কর্ত্তব্য, তৎসমুদায় আপনি আমার নিকট কহিলেন।[১] গুরো! আপনি ব্রাহ্মণ ক্ষত্রিয় প্রভৃতি বর্ণচতুষ্টয়ের ধর্ম্ম ও আশ্রমচতুষ্টয়ের ধর্ম্ম বলিয়াছেন। এক্ষণে আমি রাজগণের বংশাবলী শ্রবণ করিতে অভিলাষ করি, আপনি (কৃপা করিয়া) বলুন।[২]

পরাশর কহিলেন, মৈত্রেয়! শ্রবণ কর। ব্রহ্মা হইতে মানব-বংশ (বিস্তীর্ণ হইয়াছে।) অনেক যাগশীল শূর বীর ভূপাল, এই বংশ উজ্জ্বল করিয়াছেন। এ বিষয়ে কথিত আছে যে, যে ব্যক্তি

তথা চোচ্যতে।

ব্রহ্মাদ্যং যো মনোর্ব্বংশম্ অহন্যহনি সংস্মরেৎ।
তস্য বংশসমুচ্ছেদো ন কদাচিদ্ভবিষ্যতি ॥ ৩ ॥

তদস্য বংশানুপূর্ব্বীমশেষপাপপ্রক্ষালনায় মৈত্রেয়ৈতাং শৃণু। তদ্‌যথা সকলজগতামনাদিরাদিভূত ঋগ্‌যজুঃসামাদিময়ো ভগবদ্বিষ্ণুময়স্য ব্রহ্মণো মূর্ত্তিরূপং হিরণ্যগর্ভো ব্রহ্মাণ্ডতো ভগবান্ ব্রহ্মা প্রাগ্বভূব ॥ ৪ ॥

ব্রহ্মণশ্চ দক্ষিণাঙ্গুষ্ঠজন্মা দক্ষঃ প্রজাপতিঃ, দক্ষস্যাপ্যদিতিরদিতের্বিবস্বান্ বিবস্বতো মনুর্মনোরিক্ষ্বাকু-নৃগ-ধৃষ্ট-শর্য্যাতি-নরিষ্যন্ত-প্রাংশু-নাভাগ-নেদিষ্ট-করুষ-পৃষধ্রাখ্যাঃ পুত্রা বভূবুঃ ॥ ৫ ॥

ইষ্টিঞ্চ মিত্রাবরুণয়োর্ম্মনুঃ পুত্রকামশ্চকার ॥ ৬ ॥

প্রতিদিন ব্রহ্মা অবধি সমস্ত মনুবংশ স্মরণ করে, কখনই তাহার বংশ লোপ হয় না।[৩] মৈত্রেয়! এক্ষণে অশেষ পাপ ক্ষয়ের নিমিত্ত সেই বংশের উৎপত্তি ক্রম (বলিতেছি) শ্রবণ কর। যথা——

প্রথমতঃ ব্রহ্মাণ্ড হইতে ভগবান্ হিরণ্যগর্ভ ব্রহ্মা উৎপন্ন হইয়াছিলেন। ইনি সকল জগতের আদি কারণ। ইঁহার আদি-ভূত কোন (স্রষ্ট) কারণ নাই। ইনি ঋক্ যজুঃ সাম ও অথর্ব্ব বেদময়। ইনিই বিষ্ণুময় ভগবান্ ব্রহ্মের পরিচ্ছিন্ন মূর্ত্তি।[৪]

ব্রহ্মার দক্ষিণাঙ্গুষ্ঠ হইতে দক্ষ প্রজাপতি উৎপন্ন হইলেন। দক্ষ হইতে অদিতি, অদিতি হইতে সূর্য্য, সূর্য্য হইতে মনু, মনু হইতে ইক্ষ্বাকু জন্ম গ্রহণ করিলেন। ইক্ষ্বাকু হইতে ক্রমশঃ নৃগ, ধৃষ্ট, শর্য্যাতি, নরিষ্যন্ত, প্রাংশু, নাভাগ, নেদিষ্ট, করুষ, পৃষধ্র, এই সকল পুত্র উৎপন্ন হইল।[৫] পূর্ব্বে মনু, পুত্র কামনায় মৈত্রা-

তত্রাপহতে হোতুরপচারাদিলা নাম কন্যা বভূব ॥ ৭ ॥

সৈব চ মিত্রাবরুণ-প্রসাদাৎ সুদ্যুম্নো নাম মনোঃ পুত্রো মৈত্রেয়াসীৎ। পুনশ্চেশ্বরকোপাৎ স্ত্রী সতী সোমসূনোর্বুধস্যাশ্রমসমীপে বভ্রাম ॥ ৮ ॥

সানুরাগশ্চ তস্যাং বুধঃ পুরূরবসমাত্মজমুৎপাদয়ামাস ॥ ৯ ॥

জাতে চ তস্মিন্নমিততেজোভিঃ পরমর্ষিভিরিষ্টিময় ঋঙ্ময়ো যজুর্ময়ঃ সামময়োঽথর্ব্বময়ঃ সর্ব্বময়ো মনোময়ো জ্ঞানময়োঽকিঞ্চিন্ময়ো ভগবান্ যজ্ঞপুরুষস্বরূপী সুদ্যুম্নস্য পুংস্ত্বমভিলষদ্ভির্যথাবদিষ্টঃ ॥ ১০ ॥

তৎপ্রসাদাদিলা পুনরপি সুদ্যুম্নোঽভবৎ ॥ ১১ ॥

বরুণ নামক যাগ করিয়াছিলেন।[৬] (মনু-পত্নীর প্রার্থনানুসারে) হোতার সঙ্কল্প হেতু সেই পুত্রেষ্টি বিকল হওয়াতে ইলা নাম্নী কন্যা উৎপন্ন হইয়াছিল।[৭] মৈত্রেয়! মনুর সেই ইলা নাম্নী কন্যা, মৈত্রাবরুণের অনুগ্রহে সুদ্যুম্ন নামক পুত্র হইলেন। ঐ সুদ্যুম্ন মহাদেবের কোপে শাপগ্রস্ত হইয়া পুনর্বার স্ত্রীরূপ প্রাপ্ত হইয়াছিলেন।

একদা তিনি সুধাংশুনন্দন বুধের আশ্রম সমীপে ভ্রমণ করিতেছেন[৮] (এমত সময় বুধ তাঁহাকে অবলোকন করিয়া) তাঁহাতে অনুরক্ত হইলেন এবং তাঁহার গর্ভে পুরূরবা নামে একটী পুত্র উৎপাদন করিলেন।[৯] পুরূরবা উৎপন্ন হইলে অমিততেজা মহর্ষিরা সুদ্যুম্নের পুনর্ব্বার পুরুষত্ব-কামনায় যজ্ঞময় ঋঙ্ময় যজুর্ময় সামময় অথর্ব্বময় মনোময় জ্ঞানময় সর্ব্বময় বস্তুত অকিঞ্চিন্ময় যজ্ঞস্বরূপ ভগবানের উদ্দেশে যাগ করিতে লাগিলেন।[১০] যজ্ঞেশ্বর হরির অনুগ্রহে ইলা পুনর্বার সুদ্যুম্ন হইলেন।[১১]

তস্যাপ্যুৎকল-গয়-বিনতসংজ্ঞাস্ত্রয়ঃ পুত্রা বভূবুঃ।
সুদ্যুম্নস্তু স্ত্রীপূর্ব্বকত্বাৎ রাজ্যভাগং ন লেভে ॥ ১২ ॥

তৎপিত্রা তু বশিষ্ঠবচনাৎ প্রতিষ্ঠানং নাম নগরং সুদ্যুম্নায় দত্তম্। তচ্চাসৌ পুরূরবসে প্রাদাৎ। পৃষধ্রস্তু গুরুগোবধাৎ শূদ্রত্বমগমৎ ॥ ১৩ ॥

করূষাৎ কারূষা* মহাবলাঃ ক্ষত্রিয়া বভূবুঃ ॥ ১৪ ॥

নাভাগো নেদিষ্টপুত্রস্তু বৈশ্যতামগমৎ ॥ ১৫ ॥

তস্মাদ্ভলন্দনঃ পুত্রোঽভবৎ। ভলন্দনাদ্ বৎসপ্রি-রুদারকীর্ত্তিঃ, বৎসপ্রেঃ প্রাংশুরভবৎ, প্রজানিশ্চ প্রাং-শোরেকোঽভবৎ, ততশ্চ খনিত্রঃ, তস্মাচ্চ ক্ষুপঃ,† ক্ষুপাচ্চ

সুদ্যুম্নের উৎকল, গয় ও বিনত নামে তিনটী পুত্র হইল। ইনি পূর্ব্বে স্ত্রী ছিলেন বলিয়া রাজ্যভাগী হইলেন না[১২] পরন্তু তাঁহার পিতা, বশিষ্ঠের অনুরোধ ক্রমে তাঁহাকে প্রতিষ্ঠান নামক নগর প্রদান করিলেন। ইনিও পুরূরবা নামক পুত্রকে ঐ নগর দিলেন। পৃষধ্র, গুরুর গোহত্যা করিয়া শূদ্র হইলেন। করূষ হইতে কারূষ নামে মহাবল ক্ষত্রিয়গণ উৎপন্ন হইল।[১৪] নেদিষ্ট-পুত্র নাভাগ, (কর্ম্মদ্বারা) বৈশ্য হইলেন।[১৫]

নাভাগের একটী পুত্র হইল, তাহার নাম ভলন্দন। ভলন্দন হইতে উদারকীর্ত্তি বৎসপ্রি জন্মগ্রহণ করিলেন। বৎসপ্রির একটী পুত্র জন্মিল। তাহার নাম প্রাংশু। প্রাংশুর একটী পুত্র হইল, তাহার নাম প্রজানি। পরে প্রজানি হইতে খনিত্র, খনিত্র হইতে ক্ষুপ, ক্ষুপ হইতে অতিবল পরাক্রম অবিবিংশ, জন্মিলেন। অবি-

---

* করূষাৎ কারূষা ইতি বহুসম্মতঃ পাঠঃ।
† তস্মাচ্চ ক্ষুপঃ চক্ষুপাত্ত ইতি বা পাঠঃ

অতিবলপরাক্রমোঽবিবিংশোঽভবৎ। ততো বিবিংশঃ, তস্মাচ্চ খনীনেত্রঃ, ততশ্চাতিবিভূতিঃ, অতিবিভূতের্ভূরিবলপরাক্রমঃ করন্ধমঃ পুত্রোঽভবৎ, তস্মাদপ্যবিক্ষিঃ, অবিক্ষেরপ্যতিবলঃ পুত্রো মরুত্তোঽভবৎ ॥ ১৬ ॥

যস্যেমাবদ্যাপি শ্লোকৌ গীয়েতে।—

মরুত্তস্য যথা যজ্ঞস্তথা কস্যাভবদ্ভুবি।
সর্ব্বং হিরণ্ময়ং যস্য যজ্ঞবস্ত্বতিশোভনম্ ॥
অমাদ্যদিন্দ্রঃ সোমেন দক্ষিণাভির্দ্বিজাতয়ঃ।
মরুতঃ পরিবেষ্টারঃ সদস্যাশ্চ দিবৌকসঃ ॥ ১৭ ॥

মরুত্তশ্চক্রবর্ত্তী নরিষ্যন্তনামানং পুত্রমবাপ। তস্মাচ্চ দমঃ, দমস্য পুত্রো রাজ্যবর্দ্ধনো যজ্ঞে। রাজ্যবর্দ্ধনাৎ

বিংশ হইতে বিবিংশ, পরে বিবিংশ হইতে খনীনেত্র, খনীনেত্র হইতে অতিবিভূতি, অতিবিভূতি হইতে মহাবল পরাক্রমশালী করন্ধম নামক পুত্র জন্ম পরিগ্রহ করিল। করন্ধম হইতে অবিক্ষি' অবিক্ষি হইতে মহাবলশালী মরুত্ত নামক পুত্র উৎপন্ন হইল।[১৬] এই মরুত্তের এই শ্লোক অদ্যাপি সকলে আবৃত্তি করিয়া থাকেন।

এই পৃথিবীমধ্যে মরুত্ত যে রূপ যজ্ঞ করিয়াছিলেন, আর কোন্ ব্যক্তি তাদৃশ যজ্ঞের অনুষ্ঠান করিতে সমর্থ হইয়াছে? তাঁহার সমুদায় যজ্ঞীয় বস্তুই হিরণ্ময় ও সাতিশয় রমণীয় ছিল। তাঁহার যজ্ঞে দেবরাজ সোমপান করিয়া, ব্রাহ্মণেরা (অসীম) দক্ষিণা পাইয়া যার পর নাই পরিতৃপ্ত হইয়াছিলেন। তদীয় যজ্ঞে মরুদ্গণ পরিবেশনকর্ত্তা ও অন্যান্য দেবতারা সদস্য হইয়াছিলেন।[১৭]

মরুত্ত, রাজ-চক্রবর্ত্তী হইলেন। নরিষ্যন্ত নামে তাঁহার একটী পুত্র জন্মিল। নরিষ্যন্তের পুত্র দম, দমের পুত্র রাজ্য বর্দ্ধন, রাজ্য

সুধৃতিরভূৎ। ততশ্চ নরঃ, তস্মাচ্চ কেবলঃ, কেবলাদ্ বন্ধুমান্, বন্ধুমতো বেগবান্, বেগবতো বুধঃ, ততঃ তৃণবিন্দুঃ, তস্যাপ্যেকা কন্যা ইলিবিলা নাম। তঞ্চালম্বুষা নাম বরাপ্সরা তৃণবিন্দুং ভেজে। তস্যামস্য বিশালো জজ্ঞে, যঃ পুরীং বৈশালীং নাম নির্ম্মমে। হেমচন্দ্রশ্চ বিশালস্য পুত্রোঽভবৎ। তস্মাচ্চ সুচন্দ্রঃ, তত্তনয়ো ধূম্রাশ্বঃ, তস্যাপি সৃঞ্জয়োঽভূৎ। সৃঞ্জয়াৎ সহদেবঃ, ততঃ কৃশাশ্বো নাম পুত্রোঽভূৎ। সোমদত্তঃ কৃশাশ্বাৎ জজ্ঞে। যো দশাশ্বমেধানাজহার। তৎপুত্রশ্চ জনমেজয়ঃ, জনমেজয়াৎ সুমতিঃ। এতে বৈশালকা ভূভৃতঃ ॥ ১৮ ॥

বর্দ্ধনের পুত্র সুধৃতি, সুধৃতির পুত্র নর, নরের পুত্র কেবল, কেবলের পুত্র বন্ধুমান্, বন্ধুমানের পুত্র বেগবান্, বেগবানের পুত্র বুধ, বুধের পুত্র তৃণবিন্দু। তৃণবিন্দুর একটী কন্যা হইয়াছিল, ঐ কন্যার নাম ইলিবিলা। অলম্বুষা নামে পরম সুন্দরী অপ্সরা, ঐ তৃণবিন্দুর সহিত সহবাস করিলেন। তাহাতে বিশাল নামে পুত্র উৎপন্ন হইল। রাজা বিশাল, বৈশালী নামে পুরী নির্ম্মাণ করিলেন।

বিশালের একটী পুত্র হইল। ঐ পুত্রের নাম হেমচন্দ্র। হেমচন্দ্রের পুত্রের নাম সুচন্দ্র। সুচন্দ্র হইতে ধুম্রাশ্ব, ধূমাশ্ব হইতে সৃঞ্জয়, সৃঞ্জয় হইতে সহদেব, সহদেব হইতে কৃশাশ্ব, কৃশাশ্ব হইতে সোমদত্ত, উৎপন্ন হইলেন। এই সোমদত্ত দশটী অশ্বমেধ যজ্ঞ করিয়া ছিলেন। সোমদত্তের পুত্র জনমেজয়, জনমেজয়ের পুত্র সুমতি, (এই সমস্ত রাজা বৈশালী নগরীতে রাজত্ব করেন) এবং ইঁহারা বিশালবংশীয় বলিয়া বৈশাল নামে বিখ্যাত হন।[১৮] এ বিষয়ে একটী শ্লোক পঠিত হইয়াথাকে,যথা।—

শ্লোকোঽপ্যত্র গীয়তে,—

তৃণবিন্দোঃ প্রসাদেন সর্ব্বে বৈশালকা নৃপাঃ।
দীর্ঘায়ুষো মহাত্মানো বীর্য্যবন্তোঽতিধার্ম্মিকাঃ ॥ ১৯ ॥

শর্য্যাতেঃ কন্যা সুকন্যা নামাভবৎ। যামুপযেমে চ্যবনঃ।

আনর্ত্তশ্চ নাম ধার্ম্মিকঃ শর্য্যাতিপুত্রোঽভবৎ। আনর্ত্তস্যাপি রেবতো নাম পুত্রো জজ্ঞে। যোঽসাবানর্ত্ত-বিষয়ং বুভুজে, পুরীঞ্চ কুশস্থলীমধ্যুবাস। রেবতস্যাপি রৈবতঃ পুত্রঃ ককুদ্মী নাম ধর্ম্মাত্মা ভ্রাতৃশতজ্যেষ্ঠো-ঽভবৎ। তস্য চ রেবতী নাম কন্যা। তামাদায় কস্যেয়মর্হ-তীতি ভগবন্তমব্জযোনিং প্রষ্টুং ব্রহ্মলোকং জগাম।

তৃণবিন্দুর প্রসাদে বৈশাল ভূপতিগণ, দীর্ঘায়ুঃ মহাত্মা বীর্য্য-শালী ও অতিধার্ম্মিক হইয়াছিলেন।[১৯]

শর্য্যাতির একটী কন্যা জন্মিয়াছিল। এই কন্যার নাম সুকন্যা। চ্যবন, এই সুকন্যাকে বিবাহ করিলেন। অনন্তর শর্য্যাতি হইতে আনর্ত্ত নামে একটী পুত্র উৎপন্ন হইল। আনর্ত্ত অতিধার্ম্মিক ছিলেন। আনর্ত্তের একটী পুত্র জন্মে, তাহার নাম রেবত। রেবত, কুশস্থলী নামে নগরীতে অধিষ্ঠান করিয়া আনর্ত্ত-নামক রাজ্য ভোগ করেন।

রেবতের একশত পুত্র উৎপন্ন হইয়াছিল। তন্মধ্যে জেষ্ঠ পুত্রের নাম রৈবত ও ককুদ্মী। ইনি ধর্ম্মাত্মা ছিলেন। রৈবতের একটী কন্যা হইয়াছিল, তাহার নাম রেবতী।

রৈবত, ঐ কন্যাকে কোন্ পাত্রে সম্প্রদান করা কর্ত্তব্য, এই কথা জিজ্ঞাসা করিবার নিমিত্ত ঐ কন্যাকে সমভিব্যাহারে লইয়া ব্রহ্ম-লোকে ভগবান্ পদ্মযোনির নিকট গমন করিলেন। এই সময় হাহা

তাবচ্চ ব্রহ্মণোঽন্তিকে হাহা-হূহূ-সংজ্ঞাভ্যাং গন্ধর্ব্বাভ্যামতিতানং নাম দিব্যং গান্ধর্ব্বমগীয়ত ॥ ২০ ॥

তাবচ্চ ত্রিমার্গপরিবর্ত্তৈরনেকযুগপরিবৃত্তি তিষ্ঠন্নপি রৈবতকঃ শৃণ্বন্ মুহূর্ত্তমিব মেনে ॥ ২১ ॥

গীতাবসানে ভগবন্তমজযোনিং প্রণম্য রৈবতকঃ কন্যাযোগ্যং বরমপৃচ্ছৎ। তঞ্চাহ ভগবান্, কথয়, যোঽভিমতস্তে বর ইতি। পুনশ্চ প্রণম্য ভগবতে যথাভিমতান্ আত্মনঃ স বরান্ কথয়ামাস, ক এষাং ভগবতোঽভিমতঃ, কস্মৈ কন্যামিমাং প্রযচ্ছামীতি। ততঃ কিঞ্চিদবনতশিরাঃ সস্মিতো ভগবানজযোনিরাহ ॥ ২২ ॥

হূহূ নামে গন্ধর্ব্বদ্বয় ব্রহ্মার সমীপে অতি মধুর স্বরে দিব্য গান্ধর্ব্ব গান করিতেছিলেন।[২০] ঐ গানে ষড়্‌জ মধ্যম ও গান্ধার স্বর এরূপ পরিবর্ত্তিত হইতেছিল যে, রৈবতক, সেই স্থানে অবস্থান করিয়া যতক্ষণ শুনিতেছিলেন, তাহার মধ্যে কত যুগ পরিবর্ত্ত হইয়া গেল, তথাপি তিনি সেই গত অনেক যুগকে মুহূর্ত্তের ন্যায় বোধ করিলেন।[২১]

যখন সঙ্গীত নিবৃত্তি হইল, তখন রৈবত, ভগবান্ পদ্মযোনিকে প্রণাম করিয়া কন্যার উপযুক্ত বরের কথা জিজ্ঞাসা করিলেন। ভগবান্ তাঁহাকে কহিলেন, কোন্ বরে কন্যা দান করা তোমার অভিপ্রেত? রৈবত পুনর্ব্বার প্রণাম পূর্ব্বক, কোন্ কোন্ বরে সমর্পণ করা তাঁহার অভিপ্রায়, তাহা ব্যক্ত করিয়া জিজ্ঞাসা করিলেন, ভগবন্! এই সকল পাত্রের মধ্যে কোন্‌টী আপনকার অভিমত? কাহাকে কন্যা দান করি। অনন্তর ভগবান্ পিতামহ, কিঞ্চিৎ অবনত মস্তক হইয়া ঈষৎ হাস্য পূর্ব্বক কহিলেন।[২২] তুমি

যে এতে ভবতোঽভিমতাঃ, নৈতেষাং সাম্প্রতমপত্যাপত্যসন্ততিরপ্যবনীতলেঽস্তি। বহূনি হি তবাত্রৈব তিষ্ঠতো গান্ধর্ব্বং শৃণ্বতশ্চতুর্যুগান্যতীতানি। সাম্প্রতং ভূতলেঽষ্টাবিংশতিতমস্য মনোশ্চতুর্যুগমতীতপ্রায়ম্, আসন্নো হি তৎকলিঃ, অন্যস্মৈ কন্যারত্নমিদং ভবতৈকাকিনা দেয়ম্॥ ২৩॥

ভবতোঽপি মিত্রমন্ত্রিভৃত্যকলত্রবন্ধুবলকোষাদয়ঃ সমস্তাঃ কালেনৈতেনাত্যন্তমতীতাঃ॥ ২৪॥

পুনরপ্যুৎপন্নসাধ্বসঃ স রাজা ভগবন্তং প্রণম্য পপ্রচ্ছ, ভগবন্! এবমবস্থিতে মমেয়ং কস্মৈ দেয়েতি। ততঃ স ভগবান্ কিঞ্চিদবনতকন্ধরং কৃতাঞ্জলিভূতং সপ্তলোকগুরুরব্জযোনিরাহ॥ ২৫॥

যাহাদের নামোল্লেখ করিতেছ, এক্ষণে তাহাদের কথা দূরে থাকুক, পৃথিবীতে তাহাদের বংশীয় কোন ব্যক্তিও বিদ্যমান নাই। তুমি যে সময় এই স্থানে গান্ধর্ব্ব গান শ্রবণ করিতেছিলে, তাহার মধ্যে বহুসংখ্য চতুর্যুগ অতীত হইয়াছে। অধুনা পৃথিবীতে অষ্টাবিংশতিতম মনুর চতুর্যুগ অতীত প্রায় হইয়াছে। অধুনা কলিযুগ চলিতেছে। (এক্ষণে তোমার বন্ধু বান্ধব কেহই নাই) এখন তুমি একাকীই অন্য কোন ব্যক্তিকে এই কন্যারত্ন সম্প্রদান কর।[২৩] বহুকাল হইল তোমার বন্ধু বান্ধব মন্ত্রী ভৃত্য কলত্র সৈন্য কোষ এতৎসমুদায়ই অতীত হইয়াছে।[২৪]

অনন্তর সেই রাজা সশঙ্ক হইয়া পুনর্ব্বার ভগবান্ ব্রহ্মাকে প্রণাম করিয়া জিজ্ঞাসা করিলেন, ভগবন্! যখন ঈদৃশ অবস্থা উপস্থিত হইয়াছে, তখন এক্ষণে কোন্ ব্যক্তিকে এই কন্যা সম্প্র-

ব্রহ্মোবাচ।

ন হ্যাদিমধ্যান্তমজস্য যস্য
বিষ্ণো বয়ং সর্ব্বগতস্য ধাতুঃ।
ন চ স্বরূপং ন পরং স্বভাবং
ন চৈব সারং পরমেশ্বরস্য ॥ ২৬ ॥

কলামুহূর্ত্তাদিময়শ্চ কালো
ন যদ্বিভূতেঃ পরিণামহেতুঃ।
অজন্মনাশস্য সমস্তমূর্ত্তে-
রনামরূপস্য সনাতনস্য ॥ ২৭ ॥

যস্য প্রসাদাদহমচ্যুতস্য
ভূতঃপ্রজাসৃষ্টিকরোহন্তকারী।
ক্রোধাচ্চ রুদ্রঃ স্থিতিহেতুভূতো
যস্মাচ্চ মধ্যে পুরুষঃ পরস্মাৎ ॥ ২৮ ॥

দান করা কর্ত্তব্য? তখন সপ্তলোক-গুরু ভগবান্ পদ্মযোনি, কৃতাঞ্জলি পুটে দণ্ডায়মান ও কিঞ্চিৎ অবনত-মস্তক রৈবতককে কহিতে লাগিলেন।[২৫]

ব্রহ্মা কহিলেন। যিনি জন্মরহিত, আমরা যাঁহার আদি মধ্য বা অন্ত জ্ঞাত হইতে সমর্থ নহি, যিনি সর্ব্বগত ও সকলের বিধাতা, যিনি পরমেশ্বর, আমরা যাঁহার তত্ত্ব, অসাধারণ ধর্ম্ম বা অসাধারণ ক্ষমতা অবগত নহি,[২৬] কলা কাষ্ঠা মুহূর্ত্ত প্রভৃতি কাল দ্বারা যাঁহার বিভূতির পরিণাম হয় না। যাঁহার জন্ম নাই, মৃত্যু নাই। সমস্ত বস্তুই যাঁহার মূর্ত্তি, যিনি সনাতন, যাঁহার নাম বা রূপ নাই,[২৭] যে অব্যয় পুরুষের অনুগ্রহে আমি জগৎ সৃষ্টি করিতেছি, রুদ্র ক্রোধ পূর্ব্বক সংহার করেন ও মধ্যে বিষ্ণু নামক পরমপুরুষ রক্ষা

মদ্রূপমাস্থায় সৃজত্যজো যঃ
স্থিতৌ চ যোঽসৌ পুরুষস্বরূপী।
রুদ্রস্বরূপেণ চ যোঽত্তি বিশ্বং
ধত্তে তথানন্তবপুঃ সমস্তম্ ॥ ২৯ ॥
শক্রাদিরূপী পরিপাতি বিশ্বং
অর্কেন্দুরূপশ্চ তমো হিনস্তি।
পাকায় যোঽগ্নিত্বমুপেত্য লোকান্
বিভর্ত্তি পৃথ্বীবপুরব্যয়াত্মা ॥ ৩০ ॥
চেষ্টাং করোতি শ্বসনস্বরূপী
লোকস্য তৃপ্তিঞ্চ জলস্বরূপী।
দদাতি বিশ্বস্থিতিসংস্থিতস্তু
সর্ব্বাবকাশঞ্চ নভঃস্বরূপী ॥ ৩১ ॥

করিতেছেন,[২৮] যিনি জন্মরহিত, যিনি মদীয় রূপ ধারণ পূর্ব্বক ব্রহ্মাণ্ড সৃজন করেন, যিনি পুরুষোত্তম স্বরূপে সমুদায় পালন করিয়া থাকেন, যিনি রুদ্র রূপে বিশ্বসংহার করেন, যিনি অনন্তরূপ হইয়া সমুদায় ধারণ করিতেছেন,[২৯] যিনি ইন্দ্রাদি রূপে সৃষ্টি রক্ষা করেন, যিনি চন্দ্র সূর্য্য রূপে অন্ধকার ধ্বংস করিয়া থাকেন, যিনি পাকের নিমিত্ত অগ্নিরূপ ধারণ করিয়া লোক সকল প্রতিপালন করিতেছেন, যিনি পৃথিবী মূর্ত্তি (হইয়া সকলকে ধারণ করেন) যিনি অব্যয়,[৩০] যিনি বায়ুরূপ হইয়া প্রবাহিত হইতেছেন, যিনি জলরূপে সকলের তৃপ্তি উৎপাদন করেন, যিনি জগতের অবস্থানের নিমিত্ত আকাশরূপী হইয়া সমুদায় পদার্থকে স্থান প্রদান করিতেছেন,[৩১] যিনি সৃষ্টিকর্ত্তা হইয়া আপনাকে আপনিই সৃষ্টি করেন, যে দেবতা, পালনকর্ত্তা হইয়া আপনাকে আপনি পালন করিয়া-

যঃ সৃজ্যতে সর্গকৃদাত্মনৈব
যঃ পাল্যতে পালয়িতা চ দেবঃ।
বিশ্বাত্মনঃ সংহ্রিয়তেঽন্তকারী
পৃথক্ ন যস্যাস্য চ যোঽব্যয়াত্মা ॥ ৩২ ॥
যস্মিন্ জগদ্ যো জগদেতদাদ্যো
যশ্চাশ্রিতোঽস্মিন্ জগতি স্বয়ম্ভূঃ।
স সর্ব্বভূতপ্রভবো ধরিত্র্যাং
স্বাংশেন বিষ্ণুর্নৃপতেঽবতীর্ণঃ ॥ ৩৩ ॥
কুশস্থলী যা তব ভূপ! রম্যা
পুরী পুরাভূদমরাবতীব।
সা দ্বারকা সংপ্রতি তত্র চাস্তে
স কেশবাংশো বলদেবনামা ॥ ৩৪ ॥
তস্মৈ ত্বমেনাং তনয়াং নরেন্দ্র!

থাকেন, যিনি অন্তকারী হইয়া বিশ্বরূপ আপনাকেই সংহার করেন, যিনি অব্যয়, যাঁহা হইতে পৃথক্ কোন বস্তুই নাই।[৩২] রাজন্! যাঁহাতে এই জগৎ অবস্থিতি করিতেছে, যিনি স্বয়ংই জগৎ, যিনি এই জগতের আদি, যিনি এই জগতে অনুপ্রবিষ্ট হইয়াছেন, যিনি স্বয়ম্ভূ, যাঁহা হইতে সমুদায় প্রাণী উৎপন্ন হয়, সেই বিষ্ণুই স্বীয় অংশদ্বারা পৃথিবীতে অবতীর্ণ হইয়াছেন।[৩৩] ভূপতে! পূর্ব্ব কালে কুশস্থলী নামে অমরাবতীর ন্যায় পরম রমণীয় যে তোমার পুরী ছিল, এক্ষণে সেই স্থানে দ্বারকা নামে পুরী সংস্থাপিত হইয়াছে। বিষ্ণুর অংশ বলদেব সেই দ্বারকা-পুরীতে অবস্থান করিতেছেন।[৩৪] রাজেন্দ্র! সেই মায়ামনুষ্য বলদেবকে এই কন্যা সম্প্রদান কর। এই কন্যা তাঁহার ভার্য্যা

প্রযচ্ছ মায়ামনুজায় জায়াম্।
শ্লাঘ্যো বরোঽসৌ তনয়া তবেয়ং
স্ত্রীরত্নভূতা সদৃশো হি যোগঃ॥ ৩৫॥

পরাশর উবাচ।

ইতীরিতোঽসৌ কমলোদ্ভবেন
ভুবং সমাসাদ্য পতিঃ প্রজানাম্।
দদর্শ হ্রস্বান্ পুরুষানশেষান্
অল্পৌজসঃ স্বল্পবিবেকবীর্য্যান্॥ ৩৬॥
কুশস্থলীং তাঞ্চ পুরীমুপেত্য
দৃষ্ট্বান্যরূপাং প্রদদৌ স্বকন্যাম্।
সীরধ্বজায় স্ফটিকাচলাভ-
বক্ষস্থলায়াতুলধীর্নরেন্দ্রঃ॥ ৩৭॥
উচ্চপ্রমাণামতি তামবেক্ষ্য
স্বলাঙ্গলাগ্রেণ স তালকেতুঃ।

হইবে, তিনিই এক্ষণে শ্লাঘ্য বর। এই কন্যা স্ত্রীরত্নস্বরূপ, এই উভয়ের যোগ হইলে উত্তম সুসদৃশ হইবে।[৩৫]

পরাশর কহিলেন। অনন্তর রাজা, ব্রহ্মা কর্ত্তৃক এইরূপ উপদিষ্ট হইয়া ভূতলে অবতরণ করিলেন এবং দেখিলেন যে, পৃথিবীর সমুদায় মনুষ্যই হ্রস্বাকার, তেজোহীন, অল্প সামর্থ্য-বিশিষ্ট ও সামান্য জ্ঞানসম্পন্ন।[৩৬] তখন অসীম জ্ঞানশালী ভূপাল, কুশস্থলী নগরীতে উপস্থিত হইয়া নিজ পুরী অন্যবিধ দর্শন করিয়া স্ফটিকময় পর্ব্বতের ন্যায় বক্ষঃস্থল বিশিষ্ট বলদেবকে কন্যা প্রদান করিলেন।[৩৭] বলদেব, সেই কন্যাকে অতিদীর্ঘাঙ্গী দেখিয়া আপনার লাঙ্গলাগ্র দ্বারা নত করিয়া (তৎকালীয় মানবীর

বিনাময়ামাস ততশ্চ সাপি
বভূব সদ্যো বনিতা যথান্যা ॥ ৩৮ ॥
তাং রেবতীং রৈবতভূপকন্যাং
সীরায়ুধোঽসৌ বিধিনোপযেমে ।
দত্ত্বা চ কন্যাং স নৃপো জগাম
হিমাচলং বৈ তপসে ধৃতাত্মা ॥ ৩৯ ॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে চতুর্থেঽংশে রাজবংশ-
বর্ণনং নাম প্রথমোঽধ্যায়ঃ ।

ন্যায় খর্ব্বাকৃতি করিয়া) লইলেন । কন্যাও তৎক্ষণাৎ (তৎকালীয়) অন্যান্য রমণীর ন্যায় হইল ।[৩৮] অনন্তর হলধর, রৈবত রাজকন্যা রেবতীকে যথাবিধানে বিবাহ করিলেন। রাজা রৈবতও কন্যা সম্প্রদানের পর হিমালয় পর্ব্বতে গমন করিয়া সংযতাত্মা হইয়া তপস্যা করিতে লাগিলেন ।[৩৯]

বিষ্ণুপুরাণ-চতুর্থাংশ-রাজবংশবর্ণন নামক প্রথম
অধ্যায় সমাপ্ত ।

বিষ্ণুপুরাণম্।

চতুর্থোঽংশঃ।

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

যাবচ্চ ব্রহ্মলোকাৎ ককুদ্মী রৈবতো নাভ্যেতি, তাবৎ পুণ্যজনসংজ্ঞা রাক্ষসাঃ তাম্ অস্য পুরীং কুশস্থলীং জঘ্নুঃ॥ ১॥

তাবচ্চাস্য ভ্রাতৃশতং পুণ্যজনত্রাসাৎ দিশো ভেজে। তদন্বয়াশ্চ ক্ষত্রিয়াঃ সর্ব্বদিক্ষু অভবন্। ধৃষ্টস্যাপি ধার্ষ্টকং ক্ষত্রং সমভবৎ। নভাগস্যাত্মজো নাভাগঃ তস্যাম্বরীশো হ্যম্বরীষস্যাপি বিরূপোঽভবৎ। বিরূপাৎ পৃষদশ্বো জজ্ঞে। ততশ্চ রথীতরঃ। তত্রায়ং শ্লোকঃ।

পরাশর কহিলেন। রৈবত ককুদ্মী যে সময় ব্রহ্মলোকে গমন করিয়াছিলেন, সেই সময় পুণ্যজন-নামক রাক্ষসগণ, কুশস্থলী নামে তদীয় পুরী ধ্বংস করে।[১] তাঁহার শত ভ্রাতা তৎকালে পুণ্যজন-দিগের ভয়ে নানাদেশে পলায়ন করিয়াছিল। এই কারণে সকল-দিকেই তদ্বংশীয় ক্ষত্রিয়দিগের বাস হইয়াছিল। ধৃষ্ট হইতে ধার্ষ্টক নামে ক্ষত্রিয়বংশ উৎপন্ন হইল। নভাগের পুত্র নাভাগ, নাভাগের পুত্র অম্বরীষ, অম্বরীষের পুত্র বিরূপ। বিরূপ হইতে পৃষদশ্ব, পৃষদশ্ব হইতে রথীতর উৎপন্ন হইলেন। এ বিষয়ে একটী শ্লোক আছে যে, রথীতর বংশীয়েরা যদিও ক্ষত্রিয়বংশীয়, তথাপি

এতে ক্ষত্রপ্রসূতা বৈ পুনশ্চাঙ্গিরসঃ স্মৃতাঃ।
রথীতরাণাং প্রবরাঃ ক্ষত্রোপেতা দ্বিজাতয়ঃ ॥ ২ ॥

ক্ষুবতশ্চ মনোরিক্ষ্বাকুর্ঘ্রাণতঃ পুত্রো জজ্ঞে। তস্য পুত্রশতপ্রবরা বিকুক্ষি-নিমি-দণ্ডাখ্যাস্ত্রয়ঃ পুত্রাঃ শকুনি-প্রমুখাঃ পঞ্চাশৎ পুত্রাঃ উত্তরাপথরক্ষিতারো বভূবুঃ। চত্বারিংশদষ্টৌ চ দক্ষিণাপথে ভূপালাঃ ॥ ৩ ॥

স চ ইক্ষ্বাকুরষ্টকায়াম্‌ উৎপাদ্য শ্রাদ্ধার্হমাংসমানয়েতি বিকুক্ষিমাজ্ঞাপয়ামাস ॥ ৫ ॥

স তথেতি গৃহীতাজ্ঞো বনমভ্যেত্যানেকান্‌ মৃগান্‌ হত্বা অতিশ্রান্তোঽতিক্ষুৎপরিতো বিকুক্ষিরেকং শশম-

(অঙ্গিরা, অনপত্যা রথীতর-ভার্য্যাতে সন্তান উৎপাদন করাতে) অঙ্গিরা হইতে তাঁহারা ক্ষত্রসংশ্লিষ্ট ব্রাহ্মণ হইলেন।[২]

মনু এক দিন হাঁচিয়াছিলেন। তাহাতে তাঁহার নাসিকা হইতে একটী পুত্র উৎপন্ন হইল। ঐ পুত্রের নাম ইক্ষ্বাকু। ইক্ষ্বাকু হইতে এক শত একটী পুত্র উৎপন্ন হইল। এই সমুদায় পুত্রের মধ্যে বিকুক্ষি, নিমি ও দণ্ড, এই তিনটী পুত্র প্রধান। এই একাধিক শত পুত্রের মধ্যে উক্ত তিন পুত্র ও শকুনি প্রভৃতি পঞ্চশৎ পুত্র, উত্তরাপথে রাজা হইলেন। অবশিষ্ট অষ্টচত্বারিংশৎ-সংখ্য পুত্র, দক্ষিণাপথে রাজ্য সংস্থাপন করিলেন।[৩]

একদা ইক্ষ্বাকু, অষ্টকাশ্রাদ্ধে প্রবৃত্ত হইয়া বিকুক্ষি নামক পুত্রকে আজ্ঞা করিলেন যে (তুমি পাশাদির সাহায্য ব্যতীত) স্বয়ং মৃগবধ করিয়া শ্রাদ্ধোপযোগী মাংস আনয়ন কর।[৫] বিকুক্ষি তথাস্তু বলিয়া পিতৃ-আজ্ঞা শিরোধার্য্য করিয়া বনে প্রবিষ্ট হইলেন এবং বহুসংখ্য মৃগবধ করিয়া সাতিশয় শ্রান্ত ও ক্ষুধায় কাতর হইয়া

ভক্ষয়ৎ শেষঞ্চ মাংসমানীয় পিত্রে নিবেদয়ামাস। ইক্ষ্বাকুণাপি ইক্ষ্বাকুকুলাচার্য্যস্তৎপ্রোক্ষণায় বশিষ্ঠঃ প্রচোদিতঃ প্রাহ, অলমনেনামেধ্যেনামিষেণ। দুরাত্মনানেন তে পুত্রেণ এতন্মাংসমুপহতং, যতোঽনেন শশকো ভক্ষিতঃ। ততশ্চাসৌ বিকুক্ষিঃ গুরুণৈবমুক্তঃ শশাদসংজ্ঞামবাপ, পিত্রাপি চ পরিত্যক্তঃ। পিতর্য্যুপরতে চাখিলামেতাং পৃথ্বীং ধর্ম্মতঃ শশাস। শশাদস্য চ পরঞ্জয়ো নাম পুত্রোঽভবৎ॥ ৬॥

ইদঞ্চান্যৎ, পুরা হি ত্রেতায়াং দৈবাসুরমতীব ভীষণং যুদ্ধমাসীৎ। তত্র চাতিবলিভিরসুরৈরমরাঃ পরাজিতাঃ,

একটী শশক ভক্ষণ করিলেন। অনন্তর তিনি অবশিষ্ট মাংস আনয়ন করিয়া পিতার নিকট নিবেদন করেন। ইক্ষ্বাকুও সেই মাংস লইয়া প্রোক্ষণের নিমিত্ত ইক্ষ্বাকুকুলাচার্য্য বশিষ্ঠের নিকট সমর্পণ করিলেন। বশিষ্ঠ কহিলেন, এই অপবিত্র মাংসে কোন কার্য্য হইবে না, কারণ এই দুরাত্মা ত্বদীয় পুত্র হইতে এই মাংস উচ্ছিষ্ট হইয়াছে। তোমার এই পুত্র একটী শশক ভক্ষণ করিয়াছে। গুরু এই কথা বলিলে বিকুক্ষি, শশাদ নামে বিখ্যাত হইলেন এবং তাঁহার পিতাও তাঁহাকে পরিত্যাগ করিলেন। অনন্তর কিছু কাল পরে ইক্ষ্বাকু পরলোক গমন করিলে শশাদ, ধর্ম্মানুসারে সমুদায় পৃথিবী শাসন করিতে লাগিলেন। শশাদের একটী পুত্র হইল, তাহার নাম পরঞ্জয়।৬

পূর্ব্বকালে ত্রেতাযুগে অসুরগণের সহিত দেবগণের অতীব ভীষণ সংগ্রাম হইয়াছিল। তাহাতে অসীম বলশালী অসুরেরা দেবগণকে পরাজয় করিল। দেবতারা পরাজিত হইয়া ভগবান্ বিষ্ণুর

ভগবন্তং বিষ্ণুমারাধয়াঞ্চক্রুঃ। প্রসন্নশ্চ দেবানামনাদিনিধনঃ সকলজগৎপরায়ণো নারায়ণঃ প্রাহ, জ্ঞাতমেব ময়া যুষ্মাভির্যদভিলষিতং, তদর্থমিদং শ্রূয়তাম্॥ ৮॥

পরঞ্জয়ো হি নাম শশাদস্য চ রাজর্ষেস্তনয়ঃ ক্ষত্রিয়বর্য্যঃ। তচ্ছরীরেঽহমংশেন স্বয়মেবাবতীর্য্য তান্ অশেষানসুরান্ নিহনিষ্যামি, তদ্ভবদ্ভিঃ পরঞ্জয়োঽসুরবধার্থায় ইহ কার্য্যোদ্যোগঃ কার্য্য ইতি। এতৎ শ্রুত্বা প্রণম্য ভগবন্তং বিষ্ণুমমরাঃ পরঞ্জয়সকাশমাজগ্মুঃ॥ ৯॥

ঊচুশ্চৈনম্, ভো ভোঃ ক্ষত্রিয়বর্য্য! অস্মাভিরভ্যর্থিতেন ভবতা অস্মাকমরাতিবধোদ্যতানাং সাহায্যকং কৃতমিচ্ছামঃ॥ ১০॥

আরাধনা করিতে প্রবৃত্ত হইলেন। সমুদায় জগতের একমাত্র গতি অনাদি অনন্ত দেব নারায়ণ প্রসন্ন হইয়া কহিলেন, তোমাদের যাহা অভিপ্রেত, তাহা আমি অবগত আছি। তদ্বিষয়ে আমি যাহা বলিতেছি, শ্রবণ কর।[৮] শশাদ নামক রাজর্ষির পুত্রের নাম পরঞ্জয়। তিনি এক্ষণে ক্ষত্রিয়ের মধ্যে শ্রেষ্ঠ। আমি স্বীয় অংশদ্বারা তদীয় শরীরে অনুপ্রবিষ্ট হইয়া সমুদায় অসুর বধ করিব। অতএব পরঞ্জয় যাহাতে অসুর বধের নিমিত্ত যুদ্ধারম্ভ করেন, তদ্বিষয়ে তোমরা যত্নবান্ হও।

দেবগণ এই কথা শ্রবণ পূর্ব্বক ভগবান্ বিষ্ণুকে প্রণাম করিয়া রাজা পরঞ্জয়ের নিকট গমন করিলেন,[৯] এবং কহিলেন, অহে ক্ষত্রিয়শ্রেষ্ঠ! আমরা শত্রু সংহারের উদ্‌যোগ করিতেছি, এক্ষণে তোমার নিকট প্রার্থনা করি, তুমি শত্রু বিজয় বিষয়ে আমাদের সাহায্য কর।[১০] আমরা তোমার নিকট অভ্যাগত হইয়াছি, আমা-

তদ্ভবতা অস্মাকমভ্যাগতানাং প্রণয়ভঙ্গো ন কার্য্যঃ। ইত্যুক্তঃ পরঞ্জয়ঃ প্রাহ, সকলত্রৈলোক্যনাথো যোঽয়ং যুষ্মাকমিন্দ্রঃ শতক্রতুঃ, অস্য যদ্যহং স্কন্ধমারূঢ়ো যুষ্মদ-রাতিভিঃ সহ যোৎস্যে, তদাহং ভবতাং সহায়ঃ। ইত্যা-কর্ণ্য সমস্তদেবৈরিন্দ্রেণ চ বাঢ়মিত্যেবমন্বীপ্সিতম্ ॥১১॥

ততশ্চ শতক্রতোর্বৃষভরূপধারিণঃ ককুৎস্থো হর্ষসমন্বিতো ভগবতশ্চরাচরগুরোরচ্যুতস্য তেজসাপ্যায়িতো দেবাসুরসংগ্রামে সমস্তানেব অসুরান্ নিজঘান। যতশ্চ বৃষভককুৎস্থেন রাজ্ঞা নিসূদিতমসুরবলম্, ততশ্চাসৌ ককুৎস্থসংজ্ঞামবাপ ॥ ১২ ॥

দের সহিত প্রণয় ভঙ্গ করা তোমার উচিত কার্য্য হইতেছে না। দেবগণ এই কথা বলিলে পুরঞ্জয় উত্তর করিলেন, যিনি ত্রিলোকের অধীশ্বর, যিনি তোমাদের ইন্দ্র, যিনি শতক্রতু নামে বিখ্যাত, তিনি যদ্যপি আমাকে স্কন্ধে আরোহণ করাইয়া (সংগ্রাম ভূমিতে লইয়া যান) তাহা হইলে আমি আপনাদের শত্রুগণের সহিত যুদ্ধ করিতে এবং আপনাদের সহায় হইতে পারি। সমুদায় দেবগণ ও ইন্দ্র, এই কথা শ্রবণ করিয়া তথাস্তু বলিয়া সম্মত হইলেন।

অনন্তর শতক্রতু বৃষভ রূপ ধারণ করিলেন। পুরঞ্জয় তাঁহার ককুৎস্থ হইয়া প্রহৃষ্ট হৃদয়ে দেবাসুরের সংগ্রাম ভূমিতে অবতীর্ণ হইলেন। তিনি চরাচরগুরু ভগবান্ অচ্যুতের তেজোদ্বারা পরি-বর্দ্ধিততেজা হইয়া সমস্ত অসুর বিনাশ করিলেন। তিনি বৃষ-ভের ককুৎস্থ হইয়া অসুর বল সংহার করাতে ককুৎস্থ নামে বিখ্যাত হইলেন।[১২] ককুৎস্থের পুত্র অনেনাঃ। অনেনা হইতে পৃথু,

ককুৎস্থস্যাপ্যনেনাঃ পুত্ত্রোঽভূৎ। অনেনসঃ পৃথুঃ, পৃথোর্ব্বিশ্বগশ্বঃ, তস্য চার্দ্রোঽভূৎ, আর্দ্রস্য যুবনাশ্বঃ * তস্য শ্রাবস্তঃ, যঃ শ্রাবস্তীং পুরীং নিবেশয়ামাস। শ্রাবস্তস্য বৃহদশ্বস্তস্যাপি কুবলয়াশ্বঃ † যোঽসাবুতঙ্কস্য মহর্ষেরপকারিণং ধুন্ধুনামানমসুরং বৈষ্ণবেন তেজসাপ্যায়িতঃ পুত্ত্রসহস্রৈরেকবিংশতিভিঃ পরিবৃতো জঘান, ধুন্ধুমারসংজ্ঞামবাপ। তস্য চ সমস্তা এব পুত্ত্রা ধুন্ধুমুখনিঃশ্বাসাগ্নিনা বিপ্লুষ্টা বিনেশুঃ॥ ১২॥

দৃঢ়াশ্ব-চন্দ্রাশ্ব-কপিলাশ্বাস্ত্রয়ঃ কেবলমবশেষিতাঃ। দৃঢ়াশ্বাৎ বার্য্যশ্বঃ, ‡ তস্মাৎ নিকুম্ভঃ, নিকুম্ভাৎ সংহতাশ্বঃ,

পৃথু হইতে বিশ্বগশ্ব, বিশ্বগশ্ব হইতে আর্দ্র, আর্দ্র হইতে যুবনাশ্ব, যুবনাশ্ব হইতে শ্রাবস্ত উৎপন্ন হইলেন। এই শ্রাবস্ত, শ্রাবস্তী নাম্নী পুরী সংস্থাপিত করেন। শ্রাবস্তের পুত্র বৃহদশ্ব, বৃহদশ্বের পুত্র কুবলয়াশ্ব। কুবলয়াশ্ব, বিষ্ণুতেজোদ্বারা প্রবৃদ্ধতেজা হইয়া মহর্ষি উতঙ্কের অপকারী ধুন্ধু নামক অসুরকে বিনাশ করিয়াছিলেন। ধুন্ধু বিনাশ কালে তিনি এক বিংশতি সহস্র পুত্রে পরিবৃত হইয়া যুদ্ধযাত্রা করেন। ইনি, ধুন্ধু বিনাশ করিয়া ধুন্ধুমার নামে বিখ্যাত হইলেন। তাঁহার প্রায় সমুদায় পুত্র, ধুন্ধুর ফুৎকারোত্থিত অগ্নিদ্বারা দগ্ধ হইয়া বিনষ্ট হইল পরন্তু কেবল দৃঢ়াশ্ব চন্দ্রাশ্ব ও কপিলাশ্ব, এই তিনটীমাত্র পুত্র অবশিষ্ট রহিল।

দৃঢ়াশ্বের পুত্র বার্য্যশ্ব, বার্য্যশ্বের পুত্র নিকুম্ভ, নিকুম্ভের পুত্র

---

* তস্য চার্দ্রোঽভূৎ, আর্দ্রস্য যুবনাশ্বঃ ইতি পাঠান্তরম্।

† কুবলাশ্বঃ ইতি কেচিৎ পঠন্তি।

‡ দৃঢ়াশ্বৎ হর্য্যশ্বঃ ইতি বা পঠনীয়ম্।

স্তুতশ্চ কৃশাশ্বঃ, তস্মাৎ প্রসেনজিৎ, ততো যুবনাশ্বোঽভবৎ। তস্য চাপুত্রস্যাতিনির্ব্বেদাৎ মুনীনামাশ্রমমণ্ডলে নিবসতঃ কৃপালুভিস্তৈর্ম্মুনিভিরপত্যোৎপাদনায় ইষ্টিঃ কৃতা। তস্যাঞ্চ মধ্যরাত্রে নিবৃত্তায়াং মন্ত্রপূতজলপূর্ণকলসং বেদিমধ্যে নিবেশ্য তে মুনয়ঃ সুষুপুঃ ॥ ১৩ ॥

তেষু চ সুপ্তেষু অতীব তৃট্পরীতঃ স ভূপালস্তমাশ্রমং বিবেশ, সুপ্তাংশ্চ তানৃষীন্ নৈবোত্থাপয়ামাস ॥ ১৪ ॥

তচ্চ কলসজলম্ অপরিমেয়মাহাত্ম্যং মন্ত্রপূতং পপৌ। প্রবুদ্ধাশ্চ ঋষয়ঃ পপ্রচ্ছুঃ, কেনৈতন্মন্ত্রপূতং বারি

সংহতাশ্ব, সংহতাশ্ব হইতে কৃশাশ্ব, কৃশাশ্ব হইতে প্রসেনজিৎ, প্রসেনজিৎ হইতে যুবনাশ্ব উৎপন্ন হইলেন। যুবনাশ্বের পুত্র উৎপন্ন না হওয়াতে তিনি নির্ব্বেদযুক্ত হইয়া মুনিগণের আশ্রমমণ্ডলে বাস করিতে লাগিলেন। একদা মুনিগণ কৃপালুহৃদয় হইয়া তাঁহার সন্তান উৎপাদনের নিমিত্ত পুত্রেষ্টির অনুষ্ঠান করিলেন। অর্দ্ধরাত্রি অতীত হইলে যাগ সমাপ্ত হইল। তখন মুনিগণ মন্ত্রপূত জলপূর্ণ কলস বেদিমধ্যে সংস্থাপন করিয়া শয়ন করিলেন।[১৩]

যখন মুনিগণ নিদ্রিত হইলেন, তখন রাজা যুবনাশ্ব তৃষ্ণার্ত্ত হইয়া আশ্রমমধ্যে প্রবেশ করিলেন এবং দেখিলেন যে, ঋষিগণ সকলেই নিদ্রাভিভূত হইয়াছেন। তখন তিনি ঋষিদিগকে উত্থাপিত না করিয়া সেই মন্ত্রপূত অসীমমাহাত্ম্য-যুক্ত কলসস্থ জল পান করিলেন।[১৪]

অনন্তর (প্রাতঃকালে) যখন ঋষিগণ প্রবুদ্ধ হইলেন, তখন তাঁহারা সকলকে জিজ্ঞাসা করিতে লাগিলেন যে, কোন্ ব্যক্তি এই মন্ত্রপূত জল পান করিল? এই জল পান করিলে রাজা যুবনা-

পীতম্? অত্র হি পীতে রাজ্ঞোঽস্য যুবনাশ্বস্য পত্নী মহাবলপরাক্রমং পুত্রং জনয়িষ্যতি। ইত্যাকর্ণ্য স রাজা, অজানতা ময়া পীতম্ ইত্যাহ ॥ ১৫ ॥

গর্ভশ্চ যুবনাশ্বোদরেঽভবৎ। ক্রমেণ চ বরৃধে। প্রাপ্তসময়শ্চ দক্ষিণং কুক্ষিমবনীপতের্নির্ভিদ্য নিশ্চক্রাম, ন চাসৌ রাজা মমার ॥ ১৬ ॥

জাতো নামৈব কং ধাস্যতীতি তে মুনয়ঃ প্রোচুঃ ॥১৭॥

অথাগম্য দেবরাড়ব্রবীৎ, মাময়ং ধাস্যতীতি। ততো মান্ধাতা নামতোঽভবৎ। বক্ত্রে চাস্য প্রদেশিনী দেবরাজেন ন্যস্তা, তাং পপৌ। তাঞ্চামৃতস্রাবিণীমাস্বাদ্য

শ্বের পত্নী মহাবল পরাক্রান্ত পুত্র প্রসব করিত। ইহা শুনিয়া রাজা কহিলেন, আমি না জানিয়াই ইহা পান করিয়াছি।[১৫] কিছু দিন পরে রাজা যুবনাশ্বের গর্ভ হইল। গর্ভ, দিন দিন বৃদ্ধি প্রাপ্ত হইতে লাগিল। যখন প্রসব সময় উপস্থিত হইল, তখন রাজার দক্ষিণ কুক্ষি ভেদ করিয়া সন্তান নিঃসৃত হইল কিন্তু তাহাতে রাজার মৃত্যু হইল না।[১৬] পুত্র জন্মিবামাত্র ঋষিগণ কহিলেন, এই পুত্র কাহার স্তন বা কি পান করিবেক।[১৭] এই সময় দেবরাজ আসিয়া কহিলেন "অয়ং মাং ধাতা" আমি ইহাঁকে পান করাইব। ইহাতেই ঐ বালক মান্ধাতা নামে বিখ্যাত হইলেন। অনন্তর দেবরাজ, বালকের মুখে স্বীয় তর্জ্জনী অর্পণ করিলেন। বালক তাহা পান করিতে লাগিলেন। পরে মান্ধাতা ঐ অমৃতস্রাবিণী অঙ্গুলি পান করিয়া এক দিবসের মধ্যেই বৃদ্ধিপ্রাপ্ত হইলেন। অনন্তর তিনি রাজচক্রবর্ত্তী হইয়া সপ্তদ্বীপা পৃথিবী ভোগ করিতে লাগিলেন। এ বিষয়ে একটী শ্লোক আছে যে, যে

পীত্বা চাঙ্গৈব ব্যবর্দ্ধত। স তু মান্ধাতা চক্রবর্ত্তী সপ্ত-দ্বীপাং মহীং বুভুজে। ভবতি চাত্র শ্লোকঃ।

যাবৎ সূর্য্য উদেতি স্ম যাবচ্চ প্রতিতিষ্ঠতি।
সর্ব্বং তদ্‌যৌবনাশ্বস্য মান্ধাতুঃ ক্ষেত্রমুচ্যতে ॥ ১৮॥

মান্ধাতা চ শশবিন্দুদুহিতরং বিন্দুমতীমুপযেমে, পুরুকুৎসম্ অম্বরীষং মুচুকুন্দঞ্চ তস্যামপত্যত্রয়মুৎপাদয়ামাস। পঞ্চাশচ্চ দুহিতরস্তস্য নৃপতের্ব্বভূবুঃ।

বহ্বৃচশ্চ সৌভরির্নাম ঋষিরন্তর্জলে দ্বাদশাব্দং কালমুবাস॥ ১৯॥

তত্র চান্তর্জলে সংমদনামাতিবহুপ্রজোঽতিপ্রমাণো মীনাধিপতিরাসীৎ। তস্য পুত্রপৌত্রদৌহিত্রাঃ পার্শ্বতঃ

স্থলে সূর্য্য উদিত হন ও যে স্থলে সূর্য্য অস্ত গমন করেন, তন্মধ্য-বর্ত্তী সমুদায় স্থানই যুবনাশ্ব-তনয় মান্ধাতার অধিকৃত বলিয়া কথিত আছে।[১৮]

এই মান্ধাতা, রাজা শশবিন্দুর কন্যা বিন্দুমতীকে বিবাহ করিলেন। তিনি বিন্দুমতীর গর্ভে পুরুকুৎস, অম্বরীষ ও মুচুকুন্দ, এই তিনটী পুত্র উৎপাদন করিয়াছিলেন। পরে তাঁহার পঞ্চাশটী কন্যা উৎপন্ন হইল।

এই সময় সৌভরি নামে কোন ঋগ্বেদী ঋষি (তপস্যার্থ) দ্বাদশ বৎসর জল মধ্যে বাস করিতেছিলেন।[১৯] (ঋষি যে জলে তপস্যা করিতেছিলেন) সেই জলে সংমদ নামক একটী প্রকাণ্ড মৎস্যরাজ অবস্থান করিত। তাহার অনেক গুলি সন্তানসন্ততি ছিল। ঐ মৎস্যরাজের পুত্র পৌত্র ও দৌহিত্রগণ, তাহার পার্শ্বে পৃষ্ঠে বক্ষঃ-স্থলে পুচ্ছে ও মস্তকের উপর ভ্রমণ করিয়া দিবারাত্র তাহার সহিত

পৃষ্ঠতোঽগ্রতো বক্ষঃপুচ্ছশিরসাঞ্চোপরি ভ্রমন্তস্তৈনৈর্ব সহাহর্নিশমতিনির্বৃতা রেমিরে। স চাপি তৎস্পর্শোপচীয়মানহর্ষপ্রকর্ষো বহুপ্রকারং তস্যর্ষেঃ পশ্যতঃ তৈরাত্মজপৌত্রদৌহিত্রাদিভিঃ সহানুদিবসং বহুপ্রকারং রেমে। অথান্তর্জলাবস্থিতঃ স সৌভরিরেকাগ্রতাসমাধানমপহায়ানুদিনং * তং তস্য মৎস্যস্যাত্মজপৌত্রদৌহিত্রাদিভিঃ সহাতিরমণীয়ং ললিতমবেক্ষ্যাচিন্তয়ৎ ॥ ২০ ॥

অহো! ধন্যোঽয়ম্ ঈদৃশমপি অনভিমতং যোন্যন্তরমবাপ্য এভিরাত্মজপৌত্রাদিভিঃ সহ রমমাণোঽতীবাস্মাকং স্পৃহামুৎপাদয়তি, বয়মপ্যেবং † পুত্রাদিভিঃ

পরম সুখে ক্রীড়া করিত। তাহাদের স্পর্শে মৎস্যরাজেরও সুমহান্ আনন্দ বর্দ্ধিত হইতে থাকিত। সেই মহর্ষি সৌভরির সম্মুখেই মৎস্যরাজ প্রতিদিন পুত্র পৌত্র দৌহিত্রাদির সহিত নানাপ্রকার ক্রীড়া করিত।

অনন্তর জলমধ্যস্থিত সৌভরি, তপস্যায় একাগ্ররূপে চিত্ত সমাহিত রাখিতে সমর্থ হইলেন না। তিনি প্রতিদিন ঐ মৎস্যরাজের, পুত্রপৌত্র দৌহিত্রাদির সহিত অতি মনোহর ক্রীড়া সন্দর্শন করিয়া চিন্তা করিতে লাগিলেন,[২০] এই মৎস্যই ধন্য! এই মৎস্য ঈদৃশ অনভিমত মীন যোনিতে উৎপন্ন হইয়াও এই সকল পুত্র পৌত্রাদির সহিত ক্রীড়া করাতে আমারও লোভ জন্মাইয়া দিতেছে। আমার ইচ্ছা হইতেছে যে, আমিও পুত্র পৌত্রাদির সহিত এইরূপে ক্রীড়া করি। মহর্ষি এইরূপ পর্য্যালোচনা করিয়া

---

* অপান্য সোঽহনুদিবসম্ ইতি পাঠান্তরম্।

† অস্মৎস্পৃহামুৎপাদয়তি, অপি চ বয়মপ্যেবম্ ইতি বা পঠ্যতাম।

সহ রময়িষ্যামঃ *। ইত্যেবমভিসমীক্ষ্য স তস্মাদন্তর্জ-লান্নিষ্ক্রম্য নির্বেষ্টুকামঃ কন্যার্থং মান্ধাতারং রাজা-নমগচ্ছৎ। ২১ ॥

অথাগমনশ্রবণসমনন্তরং চোত্থায় তেন রাজ্ঞা সম্যক্ অর্ঘ্যাদিনা পূজিতঃ কৃতাসনপরিগ্রহঃ সৌভরিরুবাচ।

নির্বেষ্টুকামোঽস্মি নরেন্দ্র! কন্যাং
প্রযচ্ছ মে মা প্রণয়ং বিভাঙ্ক্ষীঃ।
ন হ্যর্থিনঃ কার্য্যবশাভ্যুপেতাঃ
ককুৎস্থগোত্রে বিমুখাঃ প্রয়ান্তি ॥ ২২ ॥
অন্যেঽপি সন্ত্যেব নৃপাঃ পৃথিব্যাং
ক্ষ্মাপাল! যেষাং তনয়াঃ প্রভূতাঃ।

সেই জলমধ্য হইতে উত্থিত হইলেন। পরে তিনি উপভোগ কামনায় কন্যা প্রার্থনার অভিলাষে রাজা মান্ধাতার নিকট গমন করিলেন।[২১]

রাজা যখন শুনিলেন যে, মহর্ষি সৌভরি তাঁহার নিকট আগমন করিয়াছেন, তখন তিনি তৎক্ষণাৎ গাত্রোত্থান করিয়া পাদ্য অর্ঘ্যাদি দ্বারা তাঁহার পূজা করিলেন। পরে সৌভরি আসন পরিগ্রহ করিয়া রাজাকে কহিলেন। নরেন্দ্র! আমি বিষয় ভোগ করিতে অভিলাষী হইয়াছি। আমাকে একটী কন্যা প্রদান করুন। আমার প্রণয় ভঙ্গ করিবেন না। (আমরা অবগত আছি) ককুৎস্থ গোত্রে কোন কার্য্যের নিমিত্ত কোন যাচক উপস্থিত হইলে কখনই বিমুখ হইয়া যায় না।[২২] ভূপাল! এই পৃথিবীতে অন্যান্য বহু-সংখ্য রাজা আছেন। তাঁহাদের প্রভূত সন্তানও আছে পরন্তু আপনা-

* রমিষ্যাম ইতি রময়িষ্যামহে ইতি বা পাঠঃ।

কিন্ত্বর্থিনামর্থিতদানদীক্ষাকৃত-
ব্রতং শ্লাঘ্যমিদং কুলং তে ॥ ২৩ ॥
শতার্দ্ধসঙ্খ্যাস্তব সন্তি কন্যাঃ
তাসাং মমৈকাং নৃপতে! প্রয়চ্ছ।
যৎ প্রার্থনাভঙ্গভয়াদ্বিভেমি
তস্মাদহং রাজবরাতিদুঃখাৎ ॥ ২৪ ॥

পরাশর উবাচ। ইতি ঋষিবচনমাকর্ণ্য স রাজা জরা-জর্জ্জরিতদেহং তম্ ঋষিমালোক্য প্রত্যাখ্যানকাতরস্তস্মাচ্চ ভগবতঃ শাপতো বিভ্যৎ কিঞ্চিদধোমুখশ্চিরং দধ্যৌ ॥

ঋষিরুবাচ।

নরেন্দ্র! কস্মাৎ সমুপৈষি চিন্তাম্ *

দের এই ককুৎস্থ বংশীয়েরাই যাচকদিগের প্রার্থিত বস্তু দানে দীক্ষিত এবং একমাত্র আপনারাই এই শ্লাঘ্য ব্রত ধারণ করিয়া আছেন।[২৩] ভূপতে! আপনকার পঞ্চাশটী কন্যা আছে। আপনি তাহাদের মধ্যে একটী আমাকে দান করুন। রাজশ্রেষ্ঠ! আমার মনে প্রার্থনা ভঙ্গের ভয় হইতেছে। প্রার্থনাভঙ্গ অতীব দুঃখ-জনক (এজন্য আমি একটীর অধিক কন্যা প্রার্থনা করিতে পারি-লাম না।)[২৪]

পরাশর কহিলেন। রাজা, ঋষির এই বাক্য শ্রবণ পূর্ব্বক তাঁহাকে জরাজর্জরিত-কলেবর দেখিয়া (কন্যা সম্প্রদানে অসম্মত হইয়াও) প্রত্যাখ্যান করিলে পাছে সেই ভগবান্ মহর্ষি শাপ প্রদান করেন, এই ভয়ে ভীত হইয়া প্রত্যাখ্যান করিতে না পারিয়া কিঞ্চিৎ অধোবদন হইয়া অনেক ক্ষণ চিন্তা করিতে লাগিলেন।

---

* নরেন্দ্র! কস্মাৎ স্বমুপৈষি চিন্তাম্ ইতি বা পাঠঃ।

অশক্যমুক্তং ন ময়াত্র কিঞ্চিৎ।
যাবশ্যদেয়া তনয়া তয়ৈব
কৃতার্থতা নো যদি কিং ন লব্ধম্ ?॥ ২৫ ॥

পরাশর উবাচ।

অথ তস্য শাপভীতঃ সপ্রশ্রয়মুবাচাসৌ রাজা॥

রাজোবাচ।

ভগবন্! অস্মৎকুলস্থিতিরিয়ং য এব কন্যায়া অভিরুচিতোঽভিজনবান্ বরস্তস্মৈ কন্যা প্রদীয়তে। ভগবদ্যাচ্ঞা চাস্মন্মনোরথানামপ্যগোচরবর্ত্তিনী কথমপ্যেষা সংজাতা, তদেবমবস্থিতে ন বিদ্মঃ কিং কুর্ম্ম ইতি, তন্ময়া চিন্ত্যত * ইত্যভিহিতে তেন ভূভুজা মুনির-

ঋষি কহিলেন। ভূপতে! আপনি কিজন্য চিন্তিত হইতেছেন ? আমি আপনাকে কোন অসাধ্য কর্ম্মে নিয়োগ করি নাই। আপনকার কন্যা অবশ্যই কোন না কোন পাত্রে সম্প্রদান করিতে হইবে। যাহা অবশ্য দান করিতে হইবে, তাহা আমাদিগকে দিয়া যদি চরিতার্থ হন, তাহা হইলে আপনকার কি লাভ না হইল ?[২৫]

পরাশর কহিলেন। অনন্তর রাজা সেই মহর্ষির শাপে ভীত হইয়া বিনয় পূর্ব্বক কহিলেন, (রাজা কহিলেন) ভগবন্! আমাদের বংশের এই নিয়ম আছে যে, কন্যা যে কোন কুলশীলসম্পন্ন বরকে মনোনীত করিবে, তাহাকেই কন্যা সম্প্রদান করিব। আপনি যে কন্যা প্রার্থনা করিবেন, তাহা আমাদের মনোরথেরও অগোচর। পরন্তু যে কোন কারণে আপনি এক্ষণে যাচ্ঞা করিতেছেন। ঈদৃশ অবস্থায় আমি যে কি করিব ? তাহা বিবেচনা করিয়া উঠিতে পারি-

---

* ইত্যেতন্ময়া চিন্ত্যত ইতি ব পঠনীয়ম্।

চিন্তয়ৎ। অহো! অয়মন্যোঽস্মৎপ্রত্যাখ্যানোপায়ঃ। বৃদ্ধোঽয়ম্ অনভিমতঃ স্ত্রীণাং কিমুত কন্যানামিতি। অমুনা সঞ্চিন্ত্যৈবমভিহিতম্॥ ২৬॥

এবমস্তু তথা করিষ্যামীতি সংচিন্ত্য মান্ধাতারম্ উবাচ॥ ২৭॥

যদ্যেবং তদাদিশ্যতামস্মাকং প্রবেশায় কন্যান্তঃ-পুরবর্ষধরঃ *॥ ২৮॥

যদি কন্যৈব কাচিন্মামভিলষতি তদাহং দারপরিগ্রহং † করিষ্যামীতি, অন্যথা চেৎ, তদলমস্মাকং এতেনা-

তেছি না। এই জন্যই আমি চিন্তা করিতেছি। রাজা এই কথা বলিলে মুনি ভাবিতে লাগিলেন যে, দেখিতেছি, এইটি আমাকে প্রকারান্তরে প্রত্যাখ্যান করিবার উপায়! (ইনি বিবেচনা করিয়াছেন) এই ব্যক্তি বৃদ্ধ, ইনি কন্যাদের মনোনীত হওয়া দূরে থাকুক্ স্ত্রীলোক মাত্রেই ইঁহাকে মনোনীত করিবে না। এইরূপ ভাবিয়াই রাজা আমাকে এইরূপ বাক্য বলিয়াছেন। [২৬] তখন সৌভরি চিন্তা করিয়া, এক্ষণে স্বীকার করা যাউক, ইহাতে এইরূপ প্রতীকার করিব, এই প্রকার (মনে মনে উপায় উদ্ভাবন করিয়া) মান্ধাতাকে কহিলেন।[২৭] যদি এইরূপ (আপনকার কুলাচার থাকে) তাহা হইলে আমাকে কন্যান্তঃপুরে প্রবেশ করাইবার নিমিত্ত কন্যান্তঃ-পুরের কঞ্চুকীকে আজ্ঞা করুন।[২৮] যদি আপনকার কোন কন্যা আমাকে মনোনীত করেন, তাহা হইলে আমি দার পরিগ্রহ করিব, যদি মনোনীত না করেন, তাহা হইলে আমারও যৌবন অতিক্রম

* অস্মাকং কন্যান্তঃপুরপ্রবেশায় বর্ষবরঃ ইত্যপি পাঠঃ।
† দারসংগ্রহম্ ইতি পুস্তকান্তরস্য পাঠঃ।

ভীতকালারম্ভেণ, ইত্যুক্ত্বা বিররাম। ততশ্চ মান্ধাত্রা মুনিশাপশঙ্কিতেন কন্যান্তঃপুরবর্ষধরঃ সমাজ্ঞপ্তঃ। কন্যান্তঃপুরং প্রবিশন্নেব ভগবানখিলসিদ্ধগন্ধর্ব্বমনুষ্যেভ্যোঽতিশয়েন কমনীয়ং রূপমকরোৎ। প্রবেশ্য চ তম্ ঋষিমন্তঃপুরবর্ষধরঃ* তাঃ কন্যকাঃ প্রাহ, ভবতীনাং জনয়িতা মহারাজঃ সমাজ্ঞাপয়তি, অয়মস্মান্ ব্রহ্মর্ষিঃ কন্যার্থী সমভ্যাগতঃ, ময়া চাস্য প্রতিজ্ঞাতং, যদ্যস্মৎকন্যকা কাচিদ্ ভগবন্তং বরয়তি, তৎকন্যায়াশ্ছন্দে নাহং পরিপন্থানং করিষ্যামি, ইত্যাকর্ণ্য সর্ব্বা এব

করিয়া বার্দ্ধক্যাবস্থায় এ উদ্যোগের আর আবশ্যকতা নাই। ঋষি এই কথা বলিয়া মৌন অবলম্বন করিলেন।

অনন্তর মান্ধাতা মুনিশাপভয়ে ভীত হইয়া কন্যান্তঃপুরের কঞ্চুকীর প্রতি আদেশ করিলেন। ভগবান্ সৌভরি, কন্যান্তঃপুরে প্রবেশ করিতে করিতে সমুদায় সিদ্ধ গন্ধর্ব্ব এবং মনুষ্য হইতেও সাতিশয় রমণীয় রূপ ধারণ করিলেন। অন্তঃপুরস্থ কঞ্চুকী, সেই ঋষিকে অন্তঃপুরে প্রবেশ করাইয়া রাজকন্যাদিগকে কহিল, আপনাদের পিতা মহারাজ আজ্ঞা করিতেছেন যে, এই ব্রহ্মর্ষি, কন্যা প্রার্থনায় আমার নিকট উপস্থিত হইয়াছেন। আমি ইঁহার নিকট প্রতিজ্ঞা করিয়াছি যে, যদি আমার কোন কন্যা আপনাকে বরণ করে, তাহা হইলে আমি সেই কন্যার স্বাধীন-ভাবের পরিপন্থী হইব না। (অতএব যদ্যপি তোমাদের মধ্যে কাহারো অভিরুচি হয়, এই ঋষিকে পতিত্বে বরণ করিতে পার, তাহাতে আমার আপত্তি নাই।) রাজকন্যারা এই বাক্য শ্রবণ করিয়া সকলেই

* যত্র বর্ষধরশব্দস্তত্রৈব বর্ষবরশব্দঃ পুস্তকান্তরে লভ্যতে।

তাঃ কন্যকাঃ সানুরাগাঃ সমন্মথাঃ করেণব ইবেভযূথ-পতিং তম্ ঋষিমহমহমিকয়া বরয়াম্বভূবুঃ, ঊচুশ্চ ॥ ২৯ ॥

অলং ভগিন্যোঽহমিমং বৃণোমি
বৃতো ময়া, নৈব তবানুরূপঃ।
মমৈব ভর্ত্তা বিধিনৈষ স্থষ্টঃ
সৃষ্টাহমস্যোপশমং প্রয়াহি ॥ ৩০ ॥
বৃতো ময়ায়ং প্রথমং ময়ায়ং
গৃহং বিশন্নেব বিহন্যসে কিম্ ?।
ময়া ময়েতি ক্ষিতিপাত্মজানাং
তদর্থমত্যর্থকলির্বভূব ॥ ৩১ ॥

সানুরাগা ও সকামা হইল। করেণুগণ যেমন যূথপতিকে বেষ্টন করে, তাহার ন্যায় রাজকন্যারা সকলেই, আমি অগ্রে আমি অগ্রে এই কথা বলিয়া সেই ঋষিকে পতিত্বে বরণ করিলেন।[২৯] তাঁহারা পরস্পর কহিতে লাগিলেন, ভগিনীগণ! তোমরা বৃথা কেন (চেষ্টা কর,) আমি ইহাঁকে পতিত্বে বরণ করিতেছি। আমি পূর্ব্বে মনে মনে ইহাঁকে বরণ করিয়াছিলাম। বিশেষতঃ ইনি তোমার অনুরূপ নহেন। বিধাতা ইঁহাকেই আমার ভর্ত্তা-স্বরূপ নির্ম্মাণ করিয়াছেন এবং আমিও ইহার ভার্য্যাস্বরূপ নির্ম্মিতা হইয়াছি। অতএব তোমরা ক্ষান্ত হও।[৩০] (কেহ বলিলেন।) আমিই ইহাঁকে প্রথমতঃ বরণ করিয়াছি। (কেহ কহিলেন) ইনি যখন গৃহে প্রবিষ্ট হন, তখনই আমি ইঁহাকে বরণ করিয়াছিলাম, তোমরা কেন এক্ষণে ব্যাঘাত করিতেছ। এইরূপ রাজকন্যারা সকলেই আমি বরণ করিয়াছি, আমি বরণ করিয়াছি, এই কথা বলাতে তজ্জন্য সাতিশয় বিবাদ হইতে লাগিল।[৩১] এইরূপে

যদা তু সর্ব্বাভিরতীব হার্দ্দাৎ
ধৃতঃ স কন্যাভিরনিন্দ্যকীর্ত্তিঃ।
তদা স কন্যাধিকৃতো নৃপায়
যথাবদাচষ্ট বিনম্রমূর্ত্তিঃ॥ ৩২॥

তদবগমাৎ, কিমেতৎ? কথয় কিং করোমীতি কিং ময়াভিহিতমিত্যাকুলমতিরনিচ্ছন্নপি কথমপি রাজানুমেনে। কৃতানুরূপবিবাহশ্চ মহর্ষিঃ সকলা এব তাঃ কন্যকাঃ স্বমাশ্রমমনয়ৎ। তত্র চাশেষশিল্পিশিল্পপ্রণেতারং বিধাতারমিবান্যং বিশ্বকর্ম্মাণমাহূয় সকলকন্যানামে-

যখন সমুদায় রাজকন্যাই সেই যশোভাজন মহর্ষিকে সাতিশয় প্রীতি সহকারে বরণ করিতে লাগিলেন, তখন কন্যান্তঃপুরে অধিকৃত কঞ্চুকী রাজার নিকট গমন পূর্ব্বক অবনত-মস্তক হইয়া আদ্যোপান্ত সমস্ত বৃত্তান্ত নিবেদন করিল।৩২ রাজা (কঞ্চুকীর প্রমুখাৎ) সমুদায় অবগত হইয়া আকুল চিত্তে (বলিতে লাগিলেন,) এ কি! এক্ষণে আমি কি করি, বল। আমি তখন কিরূপ বলিয়াছিলাম? (রাজা তখন অনন্যোপায় হইয়া) অনিচ্ছা পূর্ব্বক যথাকথঞ্চিৎ (সেই ঋষিকে বরণ করিতে কন্যাগণের প্রতি) অনুমতি প্রদান করিলেন।

এইরূপে মহর্ষির মনোমত বিবাহ হইল। পরে তিনি সেই সমুদায় রাজকন্যাকে লইয়া স্বীয় আশ্রমে উপনীত হইলেন। অনন্তর তিনি সমুদায় শিল্পজীবিদিগের শিল্পবিদ্যার প্রবর্ত্তক দ্বিতীয় বিধাতা স্বরূপ বিশ্বকর্ম্মাকে আহ্বান পূর্ব্বক আদেশ করিলেন যে রাজকন্যাদিগের প্রত্যেকের এক একটি অট্টালিকা নির্ম্মাণ করিয়া দাও। প্রত্যেক অট্টালিকাতে পরম রমণীয় শয্যা, পরম রমণীয় আসন ও পরম রমণীয় পরিচ্ছদ থাকিবে। (অট্টালিকার

কৈকস্যাঃ প্রোৎফুল্লপঙ্কজ-কূজৎকলহংস-কারণ্ডবাদি-বিহঙ্গমাভিরাম-জলাশয়াঃ সোপবনাঃ সাবকাশাঃ সাধু-শয্যাসনপরিচ্ছদাঃ প্রাসাদাঃ ক্রিয়ন্তামিত্যাদিদেশ॥৩৩॥

তচ্চ তথৈবানুষ্ঠিতমশেষশিল্পবিশেষাচার্য্যস্ত্বষ্টা দর্শিতবান্॥ ৩৪॥

ততশ্চ পরমর্ষিণা সৌভরিণাজ্ঞপ্তস্তেষু গৃহেষ্বন-পায়ানন্দনামা মহানিধিরাসাঞ্চক্রে॥ ৩৫॥

ততোঽনবরতভক্ষ্যভোজ্যলেহ্যাদ্যুপভোগৈরাগতানু-গতভৃত্যাদীনহর্নিশমশেষগৃহেষু তাঃ ক্ষিতীশদুহিতরো ভোজয়ামাসুঃ॥ ৩৬॥

একদা তু দুহিতৃস্নেহাকৃষ্টহৃদয়ঃ স মহীপতিরতি-

সন্নিধানে বিশুদ্ধ বায়ু সঞ্চারার্থ) যেন প্রশস্ত স্থান থাকে। প্রত্যেক অট্টালিকার নিকট উপবন থাকিবে। তাহাতে প্রফুল্ল কমলদ্বারা ও সুমধুর ধ্বনিকারী কলহংস কারণ্ডব প্রভৃতি বিহঙ্গম দ্বারা সুশোভিত জলাশয় থাকিবে।[৩৩] অনন্তর অশেষ শিল্প বিশেষা-চার্য্য বিশ্বকর্ম্মা, (সৌভরির আদেশানুসারে) সেইরূপ অনুষ্ঠান করিয়া দেখাইলেন।[৩৪] পরে অনপায়ানন্দ নামে মহানিধি, পর-মর্ষি সৌভরির আজ্ঞানুসারে সেই সমস্ত অট্টালিকায় অবস্থান করিতে লাগিল।[৩৫]

অনন্তর রাজকন্যারা সেই সমুদায় অট্টালিকাতে (অবস্থান পূর্ব্বক) অভ্যাগত অতিথিগণকে এবং অনুগত ভৃত্যগণকে দিবা-রাত্র অনবরত বিবিধ ভক্ষ্য ভোজ্য লেহ্য পেয় প্রভৃতি দ্বারা ভোজন করাইতে লাগিলেন।[৩৬] একদা ভূপাল, কন্যা স্নেহে আকৃষ্টহৃদয়, হইয়া, কন্যারা দুঃখ ভোগ করিতেছে, কি সুখে

দুঃখিতাস্তাঃ সুখিতা বা ইতি বিচিন্ত্য তস্য মহর্ষেরাশ্রমমুপেত্য স্ফুরদংশুমালাং স্ফটিকময়ীং প্রাসাদমালামতিরম্যোপবনজলাশয়াং দদর্শ ॥ ৩৭ ॥

প্রবিশ্য চৈকং প্রাসাদমাত্মজাং পরিষ্বজ্য কৃতাসনপরিগ্রহঃ প্রবৃত্তস্নেহনয়নাম্বুগর্ভনয়নোঽব্রবীৎ ॥ ৩৮ ॥

অপ্যত্র বৎসে! ভবত্যাঃ সুখম্ উত কিঞ্চিদসুখম্? অপি তে মহর্ষিঃ স্নেহবান্ উত সংস্মর্য্যতেঽস্মদ্গৃহবাসস্য?

ইত্যুক্তা তত্তনয়া পিতরমাহ, তাত! অতিশয়রমণীয়ঃ প্রাসাদোঽত্র, অতিমনোজ্ঞমুপবনমতিকলবাক্য-বিহগাভিরুতাঃ প্রোৎফুল্ল-পদ্মাকরজলাশয়াঃ,

আছে, (তাহা জানিবার নিমিত্ত) চিন্তাকুল হইয়া সেই মহর্ষির আশ্রমে উপস্থিত হইলেন এবং দেখিলেন যে, স্ফটিকময়ী প্রাসাদমালা শোভা পাইতেছে। তাহার কিরণমালায় চতুর্দ্দিক্ উজ্জ্বল হইয়াছে। অট্টালিকাসমুদায়ের নিকট রমণীয় উপবন ও রমণীয় জলাশয় শোভা বিস্তার করিতেছে।[৩৭]

তখন ভূপাল, একটী অট্টালিকায় প্রবেশ করিয়া কন্যাকে আলিঙ্গন করিলেন। পরে তিনি আসনে উপবিষ্ট হইলেন। তাঁহার নয়নদ্বয়, সমুদিত স্নেহ-সলিলে পরিপূর্ণ হইল। তিনি কহিলেন,[৩৮] বৎসে! তুমি ত সুখে আছ? না তোমার কোন অসুখ আছে? মহর্ষি ত তোমার প্রতি স্নেহ করেন? পূর্ব্বে যে আমার গৃহে বাস করিতে, তাহা ত তুমি স্মরণ করিয়া থাক? রাজা এইরূপ জিজ্ঞাসা করিলে তদীয় কন্যা তাঁহাকে কহিলেন, পিতঃ! এই পরম রমণীয় প্রাসাদ, এই অতিমনোহর উপবন, এই সকল সুমধুরধ্বনিকারী বিহগগণ-সুশোভিত, প্রফুল্ল কমল বিরাজিত জলাশয়,

মনোঽনুকুলভক্ষ্যভোজ্যানুলেপনবস্ত্রভূষণাদিভোগোপ-ভোগো মৃদুনি শয়নানি, সর্ব্বসম্পৎসমবেতমেতদ্-গার্হস্থ্যং, তথাপি কেন বা জন্মভূমির্ন স্মর্য্যতে? ত্বৎ-প্রসাদাদিদমশেষমতিশোভনম্॥ ৩৯॥

কিন্তু এতৎ মমৈকং দুঃখকারণং যদস্মদ্ভর্ত্তাঽস্মদ্-গেহান্ন নিঃসরতি, মমৈব কেবলমতিপ্রীত্যা সমীপবর্ত্তী নান্যাসাং মদ্ভগিনীনাম্, এবঞ্চ মম সহোদরা দুঃখিতাঃ, ইত্যেবমতিদুঃখকারণম্, ইত্যুক্তস্তয়া দ্বিতীয়ং প্রাসাদম্-উপেত্য স্বতনয়াং পরিষজ্যোপবিষ্টস্তথৈব পৃষ্টবান্।

এই সমুদায় মনোঃঞ্জন ভক্ষ্য ভোজ্য অনুলেপন বসন ভূষণ প্রভৃতি ভোগ্য বস্তু, এই সমুদায় কোমল শয্যা (দেখিতেছেন। পৃথিবীতে যে সমুদায় সুখসামগ্রী ও) সম্পদ্ আছে, এখানে তাহার কিছুরই অভাব নাই। (আমি যদিও এতদূর সুখসাধন ঐশ্বর্য্য লাভ করিয়াছি) তথাপি কোন্ ব্যক্তি জন্মভূমির জন্য উৎ-কণ্ঠিত না হয়। আপনকার অনুগ্রহে আমার এতৎসমুদায়ই যার পর নাই উত্তম হইয়াছে।[৩৯] পরন্তু আমার একটী দুঃখের কারণ এই যে, আমার স্বামী, আমার গৃহ হইতে বহির্গত হন না। তিনি কেবল আমাতেই সাতিশয় স্নেহ ও প্রীতি প্রকাশ করেন। তিনি সর্ব্বদাই আমার নিকটে থাকেন। তিনি আমার আর আর সহো-দরা ভগিনীর নিকট যান না। ইহাতে আমার ভগিনীরা দুঃখিতা আছেন। এই বিষয়টীই কেবল আমার সাতিশয় দুঃখের কারণ হইয়াছে।

রাজা কন্যার নিকট এই বাক্য শ্রবণ করিয়া দ্বিতীয় প্রাসাদে গমন করিলেন। সেখানেও তিনি কন্যাকে আলিঙ্গন পূর্ব্বক উপ-বিষ্ট হইয়া সেইরূপ জিজ্ঞাসা করিলেন। সেই রাজদুহিতাও সেই-

তয়াপি তথৈব, সর্ব্বমেতৎ প্রাসাদাদ্যুপভোগসুখমাখ্যাতং, মমৈব কেবলং পার্শ্ববর্ত্তী নান্যাসামস্মদ্ভগিনীনামিত্যেবমাদি শ্রুত্বা সমস্তপ্রাসাদেষু রাজা প্রবিবেশ, তনয়াং তনয়াং তথৈবাপৃচ্ছৎ তাভিশ্চ তথৈবাভিহিতঃ পরিতোষবিস্ময়নির্ভরবিবশহৃদয়ো ভগবন্তং সৌভরিমেকান্তাবস্থিতমুপেত্য কৃতপূজোঽব্রবীৎ ॥ ৪০ ॥

দৃষ্টস্তে ভগবন্! সুমহানেষ সিদ্ধিপ্রভাবো নৈবংবিধমন্যস্য কস্যচিদস্মাভির্বিভূতিবিলসিতমুপলক্ষিতম্, কিয়দেতদ্ভগবংস্তপসঃ ফলমিত্যভিপূজ্য তম্ ঋষিং তত্রৈব তেন ঋষিবর্য্যেণ সহ কিঞ্চিৎ কালমভিমতোপভোগং বুভুজে স্বপুরঞ্চ জগাম ॥ ৪১ ॥

রূপ সমুদায় অট্টালিকা প্রভৃতি ঐশ্বর্য্য সুখভোগ বর্ণন করিলেন এবং (দুঃখিতান্তঃকরণে কহিলেন, আমার স্বামী) সর্ব্বদা কেবল আমারই সমীপবর্ত্তী থাকেন। তিনি আমার অন্যান্য ভগিনীদিগের নিকট গমন করেন না। রাজা ঈদৃশ সমুদায় বাক্য শ্রবণ করিয়া ক্রমে ক্রমে সমস্ত প্রাসাদে গমন পূর্ব্বক প্রত্যেক কন্যাকে জিজ্ঞাসা করিলেন। কন্যারা সকলেই সেইরূপ কহিলেন।

অনন্তর রাজা সাতিশয় পরিতোষ ও বিস্ময়দ্বারা আক্রান্ত-হৃদয় হইয়া একান্তে অবস্থিত ভগবান্ সৌভরির নিকট উপস্থিত হইলেন এবং (যথা বিধানে) পূজা করিয়া কহিলেন, " ভগবন্! আপনকার অসাধারণ তপঃসিদ্ধি-প্রভাব দর্শন করিলাম। আমরা এই ভূমণ্ডলে অন্য কোন ব্যক্তিরই ঈদৃশ বিভূতি অবলোকন করি নাই। ইহা যে আপনকার কত তপস্যার ফল (বলিতে পারি না।) রাজা এই বাক্য বলিয়া মহর্ষির পূজা করিলেন। অনন্তর কিছু দিন তিনি

কালেন গচ্ছতা তস্য রাজতনয়াসু তাসু পুত্ত্রশতং সার্দ্ধমভবৎ। তদনুদিনানুরূঢ়স্নেহঃ স তত্রাতীব মমতাকৃষ্ট-হৃদয়োঽভবৎ ॥ ৪২ ॥

অপ্যেতেঽস্মৎপুত্ত্রাঃ কলভাষিণঃ পদ্ভ্যাং গচ্ছেয়ুঃ, অপ্যেতে যৌবনিনো ভবেয়ুঃ, অপি কৃতদারানেতান্ পশ্যেয়ম্ অপ্যেতেষাং পুত্ত্রা ভবেয়ুঃ, অথ তৎপুত্ত্রান্ পুত্ত্রসমন্বিতান্ পশ্যেয়ম্, এবমাদিমনোরথমনুদিনকাল-সম্পত্তিবৃত্তিমবেত্যৈতৎ সঞ্চিন্তয়ামাস ॥ ৪৩ ॥ অহো মে মোহস্যাতিবিস্তারঃ!

মনোরথানাং ন সমাপ্তিরস্তি

সেই মহর্ষির সহিত অভিলষিত ভোগ্য বস্তু ভোগ করিয়া স্বীয় রাজধানীতে প্রতিগমন করিলেন।[৪১]

অনন্তর কিছুকাল অতীত হইলে সেই সমুদায় রাজকন্যার গর্ভে মহর্ষির একশত পঞ্চাশটী পুত্ত্র উৎপন্ন হইল। এই সমুদায় পুত্ত্র কলত্রের প্রতি, দিন দিন তাঁহার স্নেহ বদ্ধমূল হইতে লাগিল। তিনি স্ত্রীপুত্ত্রাদির মমতায় অতীব আকৃষ্ট-হৃদয় হইলেন।[৪২] কবে আমার এই পুত্ত্রগুলি মধুর বাক্যে কথা কহিতে শিখিবে, কবে ইহারা পদ দ্বারা গমনাগমন করিতে পারিবে, কবে ইহারা যৌবন-পথে পদার্পণ করিবে, কবে ইহাদের বিবাহ দিয়া পুত্ত্রবধূর মুখ দর্শন করিব, কবে ইহাদের পুত্ত্র হইবে, কবে আমি এই সমুদায় পুত্ত্রকে পুত্ত্রসমন্বিত হইতে দেখিব, এইরূপে প্রতিদিন যাহাতে সুদীর্ঘ কাল পরিবর্ত্তিত হয়, তাদৃশ অভিলাষ করিয়া এই সমুদায় চিন্তা করিতেন।[৪৩]

অহো! মহামোহের কি দুর্নিবার ক্ষমতা! দশ সহস্র বৎসর

বর্ষাযুতেনাপি তথাব্দলক্ষৈঃ।
পূর্ণেষু পূর্ণেষু পুনর্নবানাম্
উৎপত্তয়ঃ সন্তি মনোরথানাম্ ॥ ৪৫ ॥
পন্থাংগতা যৌবনিনশ্চ জাতা
দারৈশ্চ সংযোগমিতাঃ প্রসূতাঃ।
দৃষ্টাঃ সুতাস্তত্তনয়প্রসূতিং
দ্রষ্টুং পুনর্বাঞ্ছতি মেঽন্তরাত্মা ॥ ৪৫ ॥
দ্রক্ষ্যামি তেষামপি চেৎ প্রসূতিং
মনোরথো মে ভবিতা ততোঽন্যঃ।
পূর্ণেঽপি তত্রাপ্যপরস্য জন্ম
নিবার্য্যতে কেন মনোরথস্য ॥ ৪৬ ॥
আমৃত্যুতো নৈব মনোরথানাম্
অন্তোঽস্তি বিজ্ঞাতমিদং ময়া চ।

বা লক্ষ বৎসর অতীত হইলেও মনোরথ পরিসমাপ্ত হয় না। এক একটী মনোরথ পূর্ণ হইবামাত্র আবার নূতন নূতন অন্য মনোরথের উৎপত্তি হইয়া থাকে।[৪৪] আমার পুত্রেরা পদদ্বারা গমনাগমন করিতে শিখিল, তাহারা যৌবনপথে অবতীর্ণ হইল, তাহাদের বিবাহ দিলাম, সন্তান হইল, পৌত্রমুখ দর্শন করিলাম, এক্ষণে আবার আমার অন্তরাত্মা পৌত্রের সন্তানাদি অবলোকন করিবার নিমিত্ত ধাবমান হইতেছে।[৪৫] যদিও এখন আমি পৌত্রের পুত্রাদি দর্শন করি, তাহা হইলে আমার মনোরথ অন্য দিকে ধাবমান হইবে অর্থাৎ তখন আমার এরূপ অন্তঃকরণ হইবে যে, পৌত্রের পৌত্রাদি দর্শন করিলে চরিতার্থ হই। অতএব কিছুতে মনোরথ পরিতৃপ্ত হয় না।[৪৬] আমি এক্ষণে বুঝিতে পারিলাম যে, যে পর্য্যন্ত মৃত্যু না

মনোরথাসক্তিপরস্য চিত্তং
ন জায়তে বৈ পরমাত্মসঙ্গি ॥ ৪৭ ॥
স মে সমাধির্জ্জলবাসমিত্র-
মৎস্যস্য সঙ্গাৎ সহসৈব নষ্টঃ।
পরিগ্রহঃ সঙ্গকৃতো মমায়ং
পরিগ্রহোত্থাশ্চ মহাবিধিৎসাঃ ॥ ৪৮ ॥
দুঃখং যদেবৈকশরীরজন্ম
শতার্দ্ধসঙ্খ্যং তদিদং প্রসূতম্।
পরিগ্রহেণ ক্ষিতিপাত্মজানাং
সুতৈরনেকৈর্ব্বহুলীকৃতং তৎ ॥ ৪৯ ॥
সুতাত্মজৈস্তত্তনয়ৈশ্চ
ভূয়োভূয়শ্চ তেষাং স্বপরিগ্রহেণ।

হয়, সে পর্য্যন্ত মনোরথের নিবৃত্তি নাই। যে ব্যক্তি মনোরথের অধীন ও অনুবর্ত্তী, তাহার মন কখনই পরমাত্মাতে আসক্ত হয় না।[৪৭] আমি যে বৈরাগ্য আশ্রয় করিয়াছিলাম, জলবাসী মদীয় মিত্র সেই মৎস্যের সহবাসেই সেই বৈরাগ্য বিলুপ্ত হইল। সেই মৎস্যের সংসর্গেই আমার এই সংসার পরিগ্রহ হইয়াছে এবং সংসার পরিগ্রহ হইতেই আমার নানাবিধ সাংসারিক কার্য্যের অভিলাষ হইতেছে।[৪৮] একটী শরীর ধারণ করিয়া জন্ম পরিগ্রহ করাই অশেষ দুঃখের কারণ। পরন্তু আমি রাজকন্যাদিগকে বিবাহ করিয়া পঞ্চাশটী শরীর বৃদ্ধি করিলাম। পরে সেই রাজকন্যাদিগের গর্ভে সন্তান উৎপন্ন হওয়াতে সেই দুঃখজনক শরীর বহু গুণে বৃদ্ধি প্রাপ্ত হইল।[৪৯] এক্ষণে পৌত্র প্রপৌত্র প্রভৃতি দ্বারা এবং তাহাদের পরিণীত পত্নী দ্বারা আমার মমতার আকর অতি-

বিস্তারমেষ্যত্যতিদুঃখহেতুঃ
পরিগ্রহো বৈ মমতানিধানম্ ॥ ৫০ ॥
চীর্ণং তপো যত্তু জলাশ্রয়েণ
তস্যর্দ্ধিরেষা তপসোঽন্তরায়ঃ ।
মৎস্যস্য সঙ্গাদভবচ্চ যো মে
সুতাদিরাগো মুষিতোঽস্মি তেন ॥ ৫১ ॥
নিঃসঙ্গতা মুক্তিপদং যতীনাং
সঙ্গাদশেষাঃ প্রভবন্তি দোষাঃ ।
আরূঢ়যোগোঽপি নিপাত্যতেঽধঃ
সঙ্গেন যোগী কিমুতাল্পসিদ্ধিঃ ॥ ৫২ ॥
অহং চরিষ্যামি তথাত্মনোঽর্থে
পরিগ্রহগ্রাহগৃহীতবুদ্ধিঃ ।
যথা হি ভূয়ঃ পরিহীনদোষো

দুঃখের কারণ পরিজনবর্গ ক্রমশঃ সমধিক বিস্তীর্ণ হইতেছে।[৫০] আমি পূর্ব্বে জলগর্ভ আশ্রয় পূর্ব্বক যে তপস্যা করিয়াছিলাম, এই সমুদায় সম্পত্তিই সেই তপস্যার অন্তরায় হইয়াছে। পূর্ব্বে মৎস্যের সংসর্গে আমার যে পুত্রাদি উৎপাদনে ও তৎসহবাসে কাল-যাপনে অনুরাগ জন্মিয়াছিল, আমি তাহাতেই প্রতারিত হই-লাম।[৫১] যতিদিগের পক্ষে নিঃসঙ্গতাই মুক্তির আকর, কারণ অন্যের সংসর্গে অশেষ দোষের উৎপত্তি হয়। যাঁহাদের অল্প-মাত্র সিদ্ধি হইয়াছে, তাঁহাদের কথা দূরে থাকুক, যে সকল যোগী নিয়ত যোগযুক্ত থাকেন, তাঁহারাও সঙ্গদোষে অধঃপতিত হন।[৫২]

একক্ষণে যদিও আমার বুদ্ধি, পরিগ্রহ-রূপ গ্রাহ কর্ত্তৃক গ্রস্ত হইয়াছে, তথাপি আমি আত্মার নিমিত্ত যত্নবান্ হইব এবং পুনর্ব্বার

জনস্য দুঃখৈর্ভবিতা ন দুঃখী ॥ ৫৩ ॥
সর্ব্বস্য ধাতারমচিন্ত্যরূপম্
অণোরণীয়াংসমতিপ্রমাণম্ ।
সিতাসিতঞ্চেশ্বরমীশ্বরাণাম্
আরাধয়িষ্যে তপসৈব বিষ্ণুম্ ॥ ৫৪ ॥
তস্মিন্নশেষৌজসি সর্ব্বরূপি-
ণ্যব্যক্তবিস্পষ্টতনাবনন্তে।
মমাচলং চিত্তমপেতদোষং
সদাস্তু বিষ্ণাবভবায় ভূয়ঃ ॥ ৫৫ ॥
সমস্তভূতাদমলাদনন্তাৎ
সর্ব্বেশ্বরাদন্যদনাদিমধ্যাৎ ।
যস্মান্ন কিঞ্চিৎ তমহং গুরূণাং

যাহাতে পরিজন-দুঃখে দুঃখিত হইতে না হয়, ও আমার সমুদায় দোষ সংশোধন হইয়া যায়, আমি তদ্বিষয়ে চেষ্টা করিব।[৫৩] যিনি সকলের বিধাতা, যিনি অচিন্ত্যরূপ, যিনি অণু হইতেও অণু এবং মহৎ হইতেও মহৎ, যিনি জীবরূপে বদ্ধ ও ঈশ্বর রূপে মুক্ত, যিনি ঈশ্বর হইতেও ঈশ্বর, আমি তপস্যা দ্বারা সেই বিষ্ণুর আরাধনা করিব।[৫৪] আমার মন বিমুক্ত হইবার নিমিত্ত অশেষ দোষ বিবর্জ্জিত হইয়া সেই সর্ব্বশক্তিমান্ সর্ব্বরূপী অব্যক্ত ও ব্যক্তমূর্ত্তি অনন্ত বিষ্ণুতে সর্ব্বদাই স্থির ভাবে অবস্থান করুক।[৫৫] যিনি সমস্ত জীব-স্বরূপ, যিনি নির্ম্মল ও অনন্ত, যিনি সকলের ঈশ্বর, যাঁহার আদি মধ্য (বা অন্ত) নাই, যাঁহা হইতে ভিন্ন অন্য কোন বস্তু নাই,

পরং গুরুং সংশ্রয়মেমি বিষ্ণুম্ ॥ ৫৩ ॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে চতুর্থেংশে
দ্বিতীয়োঽধ্যায়ঃ।

যিনি গুরুদিগেরও পরম গুরু, আমি সেই বিষ্ণুর আশ্রয় গ্রহণ করিলাম।৫৩

বিষ্ণুপুরাণ চতুর্থ অংশ দ্বিতীয় অধ্যায়
সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

চতুর্থোহংশঃ।

তৃতীয়াধ্যায়ঃ।

পরাশর উবাচ।

ইত্যাত্মনমাত্মনৈবাভিধায়াসৌ সৌভরিরপহায় পুত্রগৃহাসনপরিবর্হাদিকমশেষমর্থজাতং সকলভার্য্যাসমবেতো বনং প্রবিবেশ। তত্রাপ্যনুদিনং বৈখানসনিষ্পাদ্যমশেষং ক্রিয়াকলাপং নিষ্পাদ্য ক্ষয়িতসকলপাপঃ পরিপক্কমনোবৃত্তিরাত্মন্যগ্নীনারোপ্য ভিক্ষুরভবৎ॥ ১॥

ভগবতি আসজ্যাখিলং কর্ম্মকলাপমজমবিকারমমরণাদিধর্ম্মমবাপ পরং পরবতামচ্যুতপদম্॥ ২॥

পরাশর কহিলেন। অনন্তর সৌভরি, আপনা আপনি এইরূপ বিবেচনা করিয়া পুত্র গৃহ আসন পরিচ্ছদ প্রভৃতি সমুদায় ঐশ্বর্য্য পরিত্যাগ পূর্ব্বক সমুদায় ভার্য্যার সহিত সমবেত হইয়া বনগমন করিলেন। তিনি সেই বনে অবস্থান পূর্ব্বক বৈখানস মুনিদিগের কর্ত্তব্য সমুদায় ক্রিয়াকলাপ নিষ্পাদন করিয়া স্বীয় সমুদায় পাপক্ষয় করিলেন। পরে তাঁহার মনোবৃত্তি যখন পরিপক্ক ও রাগাদি-শূন্য হইল, তখন তিনি আপনাতে অগ্ন্যাধান করিয়া ভিক্ষু হইলেন।[১] তিনি ভগবান্ বিষ্ণুতে সমুদায় কর্ম্মকলাপ সমর্পণ করিয়া জন্মরহিত বিকাররহিত মরণাদি ধর্ম্মরহিত ইন্দ্রিয়ের অগোচর অচ্যুত পদ প্রাপ্ত হইলেন।[২] মান্ধাতার দুহিতৃ-

ইত্যেতন্মান্ধাতুর্দুহিতৃসম্বন্ধাদ্ব্যাখ্যাতম্ ॥ ৩ ॥

যশ্চৈতৎ সৌভরিচরিতমনুস্মরতি পঠতি শৃণোত্যবধারয়তি, তস্যাষ্টৌ জন্মানাসম্মতিরসদ্ধর্ম্মো বা মনসোঽসন্মার্গাচরণমশেষহেয়েষু বা মমত্বং ন ভবতীতি, অতো মান্ধাতুঃ পুত্রসন্ততিরভিধীয়তে। ৪ ॥

অম্বরীষস্য মান্ধাতুস্তনয়স্য যুবনাশ্বঃ পুত্রোঽভূৎ। তস্মাৎ হরিতঃ যতোঽঙ্গিরসো হারীতাঃ ॥ ৫ ॥

রসাতলে চ মৌনেয়া নাম গন্ধর্বাঃ ষট্কোটিসঙ্খ্যাস্তৈরশেষাণি নাগকুলানি অপহৃতপ্রধানরত্নাধিপত্যান্যক্রিয়ন্ত ॥ ৬ ॥

তৈশ্চ গন্ধর্ব্ববীর্য্যাবধূতৈরুরগেশ্বরৈর্ভগবান্ অশেষ-

সম্বন্ধে এই উপাখ্যান কহিলাম। যিনি এই সৌভরিচরিত স্মরণ করেন, পাঠ করেন, শ্রবণ করেন অথবা অবধারণ করেন, তাঁহার অষ্ট জন্ম, অসম্মান, অসদ্ধর্ম্ম, সমুদায় হেয় বস্তুর প্রতি মমতা বা অন্তঃকরণের অসৎপথে গমন, এ সমুদায় ঘটে না। অতঃপর মান্ধাতার পুত্র সন্ততি বর্ণন করিতেছি।

মান্ধাতার পুত্র অম্বরীষের একটী পুত্র জন্মিয়াছিল। ঐ পুত্রের নাম যুবনাশ্ব। যুবনাশ্বের পুত্র হরিত। এই হরিত হইতে আঙ্গিরস হারীত বংশ বিখ্যাত হইয়াছে।*

মৌনেয় নামক ছয় কোটি গন্ধর্ব্ব, রসাতলে অবস্থান পূর্ব্বক নাগগণের সমস্ত প্রধান রত্ন ও সমুদায় আধিপত্য হরণ করিয়াছিল।* প্রধান প্রধান নাগগণ, গন্ধর্ব্ববলে পরাভূত হইয়া অশেষ দেবগণের ও ঈশ্বর ক্ষীরোদসলিলশায়ী ভগবান্ (বিষ্ণুর নিকট গমন পূর্ব্বক স্তব করিতে লাগিল।) স্তব শ্রবণে তাঁহার নিদ্রা ভঙ্গ

দেবেশস্তবশ্রবণান্মীলিতোদ্ভিন্নপুণ্ডরীকনয়নো জলশ-য়নো নিদ্রাবসানাদ্বিবুদ্ধঃ প্রণিপত্যাভিহিতো ভগবন্! অপ্যস্মাকমেতেভ্যো গন্ধর্ব্বেভ্যো ভয়মুপশমমেষ্যতী-ত্যাহ ভগবাননাদিপুরুষঃ পুরুষোত্তমো যৌবনাশ্বস্য মান্ধাতুঃ পুরুকুৎসনামা পুত্রস্তমহমনুপ্রবিশ্যৈতানশেষ-দুষ্টগন্ধর্ব্বানুপশমং নয়িষ্যামি ॥ ৭ ॥

ইত্যাকর্ণ্য ভগবতে কৃতপ্রণামাঃ পুনর্নাগলোকমা-গতাঃ পন্নগপতয়ো নর্ম্মদাঞ্চ পুরুকুৎসানয়নায় চোদয়া-মাসুঃ ॥ ৮ ॥

সা চৈনং রসাতলে নীতবতী। রসাতলগতশ্চাসৌ ভগবত্তেজসাপ্যায়িতাত্মবীর্য্যঃ সকলগন্ধর্ব্বান্ জঘান, পুনশ্চ স্বভবনমাজগাম। সকলপন্নগপতয়শ্চ নর্ম্মদায়ৈ

হইলে তদীয় পুণ্ডরীক নয়ন উন্মীলিত হইল। নাগগণ প্রণিপাত পূর্ব্বক নিবেদন করিল, ভগবন্! গন্ধর্ব্বগণ হইতে আমাদের যে ভয় উপস্থিত হইয়াছে। কিরূপে তাহার উপশম হইতে পারে? অনাদিপুরুষ ভগবান্ পুরুষোত্তম কহিলেন, যুবনাশ্বের পুত্র মান্ধাতার পুরুকুৎস নামে যে পুত্র আছে, আমি তদীয় শরীরে অনুপ্রবিষ্ট হইয়া সমুদায় গন্ধর্ব্বগণকে বিনাশ করিব। ৭ নাগ-রাজগণ, এই বাক্য শ্রবণ পূর্ব্বক ভগবান্ বিষ্ণুকে প্রণাম করিয়া নাগলোকে প্রত্যাগমন করিল। পরে তাহারা পুরুকুৎসকে (নাগ-লোকে) আনয়ন করিবার নিমিত্ত (ভগিনী) নর্ম্মদাকে নিযুক্ত করিল (ও কহিল ভগিনি!) ৮ তুমি যুবনাশ্বতনয় মান্ধাতার পুরু-কুৎস নামক পুত্রকে অপহরণ পূর্ব্বক আনয়ন কর। নর্ম্মদা পুরুকুৎ-সকে রসাতলে লইয়া গেলেন। পুরুকুৎস রসাতলে গমন করিলে

বরং দদুঃ। যস্তেঽনুস্মরণসমবেতং নামগ্রহণং করিষ্যতি তস্য সর্পবিষভয়ং ন ভবিষ্যতীতি ॥ ৯ ॥

অত্র শ্লোকঃ।

নর্ম্মদায়ৈ নমঃ প্রাতর্ন্নর্ম্মদায়ৈ নমো নিশি।
নমোঽস্তু নর্ম্মদে! তুভ্যং রক্ষ মাং বিষসর্পতঃ ॥
ইত্যুচ্চার্য্যাহর্ন্নিশমন্ধকারপ্রবেশে বা ন সর্পৈর্দশ্যতে ॥১০॥

ন চাপি কৃতানুস্মরণভুজো বিষমপি সুভুক্তমুপঘাতায় ভবিষ্যতি ॥ ১১ ॥

পুরুকুৎসায় চ ভবতঃ সন্ততিবিচ্ছেদো ন ভবিষ্যতীত্যুরগপতয়ো বরং দদুঃ ॥ ১২ ॥

ভগবানের তেজোদ্বারা তাঁহার তেজ পরিবর্দ্ধিত হওয়াতে তিনি সমুদায় গন্ধর্ব্বগণকে বিনাশ করিলেন। [৯] পরে তিনি স্বীয় ভবনে প্রত্যাগমন করেন। নাগরাজেরা তখন ভগিনীকে বর প্রদান করিলেন যে, যে ব্যক্তি তোমার স্মরণ ও নামগ্রহণ করিবে, তাহার সর্পভয় বা বিষভয় থাকিবে না। নর্ম্মদার নাম গ্রহণ ও নাম স্মরণ বিষয়ে একটী শ্লোক আছে যে, "প্রাতঃকালে নর্ম্মদাকে করি নমস্কার। নিশাকালে নমস্কার করি পুনর্ব্বার॥ নর্ম্মদে! প্রণাম করি সর্ব্বদা তোমাকে। বিষ সর্প হতে ত্রাণ কর মা আমাকে।" দিবাভাগে রাত্রিকালে অথবা কোন অন্ধকারময় স্থানে গমন কালে এই শ্লোক উচ্চারণ করিলে সর্প, দংশন করে না। [১০] ভোজনকালে এই মন্ত্র পাঠ করিয়া যদি বিষও ভক্ষণ করে, তথাপি কোন হানি হয় না। [১১] অনন্তর নাগরাজেরা পুরুকুৎসকেও একটী বর দিলেন যে, তোমার কখন বংশলোপ হইবে না। [১২]

পুরুকুৎসো নর্ম্মদায়াং ত্রসদস্যুমজীজনৎ। ত্রসদস্যু-সুতঃ সম্ভূতঃ, ততোঽনরণ্যস্তং রাবণো দিগ্বিজয়ে জঘান। অনরণ্যস্য পৃষদশ্বঃ পৃষদশ্বস্য হর্য্যশ্বঃ পুত্রোঽভবৎ। ততশ্চ সুমনাঃ, তস্যাপি ত্রিধন্বা, ত্রিধন্বনস্ত্র্যয্যারুণঃ ॥১২॥

তস্মাৎ সত্যব্রতঃ। যোঽসৌ ত্রিশঙ্কুসংজ্ঞামবাপ, চণ্ডালতামুপগতশ্চ। দ্বাদশবার্ষিক্যামনাবৃষ্ট্যাং বিশ্বামিত্রকলত্রাপত্যপোষণার্থং চাণ্ডালপ্রতিগ্রহপরিহরণায় চ জাহ্নবীতীরে ন্যগ্রোধে মৃগমাংসমনুদিনং ববন্ধ ॥১৩॥

পরিতুষ্টেন চ বিশ্বামিত্রেণ সশরীরঃ স্বর্গমারোপিতঃ ॥ ১৪ ॥

ত্রিশঙ্কোর্হরিশ্চন্দ্রঃ। তস্মাৎ রোহিতাশ্বঃ। ততশ্চ

পুরুকুৎস হইতে নর্ম্মদার গর্ভে ত্রসদস্যু নামে একটি পুত্র উৎপন্ন হইল। ত্রসদস্যুর পুত্র সম্ভূত, সম্ভূতের পুত্র অনরণ্য। রাবণ দিগ্বিজয়ের সময় তাঁহাকে বিনাশ করিলেন। অনরণ্যের পুত্র পৃষদশ্ব, পৃষদশ্বের পুত্র হর্য্যশ্ব, হর্য্যশ্বের পুত্র সুমনা, সুমনার পুত্র ত্রিধন্বা, ত্রিধন্বার পুত্র ত্রয্যারুণ, [১২]ত্রয্যারুণের পুত্র সত্যব্রত। এই সত্যব্রত ত্রিশঙ্কু নামে বিখ্যাত হন। ইনি চাণ্ডালত্ব প্রাপ্ত হইয়াছিলেন। এক সময় দ্বাদশ বৎসর অনাবৃষ্টি হইলে এই ত্রিশঙ্কু, বিশ্বামিত্রের পুত্র কলত্রাদির ভরণপোষণের নিমিত্ত গঙ্গাতীরস্থিত বটবৃক্ষে প্রতিদিন মাংস বন্ধন করিয়া রাখিয়া আসিতেন, চাণ্ডালের নিকট প্রতিগ্রহ করিবেন না, বিবেচনা করিয়া সাক্ষাৎসম্বন্ধে দান করিতেন না। [১৩] অনন্তর বিশ্বামিত্র পরিতুষ্ট হইয়া তাঁহাকে সশরীরে স্বর্গে তুলিয়া দিয়াছিলেন। [১৪] ত্রিশঙ্কুর পুত্র হরিশ্চন্দ্র,

হরিতঃ, হরিতাচ্চঞ্চুঃ, চঞ্চোর্বিজয়সুদেবৌ। রুরুকো বিজয়াৎ রুরুকস্য চ বৃকস্ততো বাহুঃ। যোঽসৌ হৈহয়তালজঙ্ঘাদিভিরবজিতোঽন্তর্ব্বত্ন্যা মহিষ্যা সহ বনং প্রবিবেশ ॥১৫॥

তস্যাশ্চ সপত্ন্যা গর্ভস্তম্ভনায় গরো দত্তঃ। তেনাস্যা গর্ভঃ স সপ্তবর্ষাণি জঠর এব তস্থৌ। স চ বাহুর্ব্বৃদ্ধভাবাদৌর্ব্বাশ্রমসমীপে মমার ॥ ১৬ ॥

সা তস্য ভার্য্যা চিতাং কৃত্বা তমারোপ্যানুমরণকৃত-নিশ্চয়াভূৎ। অথৈনামতীতানাগতবর্ত্তমানকালবেদী ভগবানৌর্ব্বঃ স্বস্মাদাশ্রমান্নির্যায়াব্রবীৎ, অলমেতে-

হরিশ্চন্দ্র হইতে রোহিতাশ্ব, রোহিতাশ্ব হইতে হরিত, হরিত হইতে চঞ্চু, চঞ্চু হইতে বিজয় ও সুদেব, বিজয় হইতে রুরুক, রুরুক হইতে বৃক, বৃক হইতে বাহু উৎপন্ন হইলেন। এই বাহু হৈহয় তালজঙ্ঘ প্রভৃতি কর্ত্তৃক পরাজিত হইয়া গর্ভিণী মহি-ষীর সহিত বনপ্রবেশ করেন ॥ [১৫] এই রাজমহিষীর গর্ভস্তম্ভনের নিমিত্ত তাঁহার সপত্নী গর (ঔষধ) প্রয়োগ করিয়াছিল। তাহাতে সাত বৎসর পর্য্যন্ত তাঁহার গর্ভ থাকিল, (সন্তান হইল না।) অনন্তর বাহু, বৃদ্ধাবস্থা হেতু ঔর্ব্ব নামক মহর্ষির আশ্রমের সন্নি-ধানে প্রাণ ত্যাগ করিলেন। [১৬]

অনন্তর বাহুর ভার্য্যা চিতা নির্ম্মাণ করিয়া ভর্ত্তাকে চিতায় আরোপণ পূর্ব্বক সহমরণার্থ কৃতনিশ্চয়া হইলেন। তৎকালে বর্ত্তমান ভূত ভবিষ্যৎ কালত্রয় বেত্তা ভগবান্ ঔর্ব্ব, স্বীয় আশ্রম

---

* হরিতি পাঠান্তরম্॥

নাসদ্গ্রহেণ। অখিলভূমণ্ডলপতিরতিবীর্য্যপরাক্রমো-ঽনেকযজ্ঞকৃদরাতিপক্ষক্ষয়কর্ত্তা তবোদরে চক্রবর্ত্তী তিষ্ঠতি। মৈবং মৈবং সাহসাধ্যবসায়িনী ভবতী ভবতু, ইত্যুক্তা চ সা তস্মাদনুমরণনির্ব্বন্ধাৎ বিররাম ॥ ১৭ ॥

তেনৈব ভগবতা স্বাশ্রমমানীয়ত। কতিপয়দিনান্তরে চ সহৈব তেন গরেণাতিতেজস্বী বালকো জজ্ঞে। তস্যৌর্ব্বো জাতকর্ম্মাদিকাঃ ক্রিয়াঃ নিষ্পাদ্য সগর ইতি নাম চকার। কৃতোপনয়নঞ্চৈনমৌর্ব্বো বেদান্ শাস্ত্রান্যশেষাণি অস্ত্রঞ্চাগ্নেয়ং ভার্গবাখ্যমধ্যাপয়ামাস। উৎপন্ন-

হইতে নির্গত হইয়া তাঁহাকে কহিলেন, ঈদৃশ অসদনুষ্ঠান করিও না। যিনি অখণ্ড ভূমণ্ডলের অধিপতি হইবেন, যিনি বহুসংখ্য যাগানুষ্ঠান করিবেন, যিনি অসীম বীর্য্য ও অসীম পরাক্রমশালী হইবেন, যিনি সমুদায় শত্রুপক্ষ ক্ষয় করিবেন, তাদৃশ রাজ-চক্রবর্ত্তী তোমার গর্ভে অবস্থান করিতেছেন। ঈদৃশ সাহস করিও না, ঈদৃশ অধ্যবসায় হইতে বিরতা হও। ভগবান্ ঔর্ব্ব এই কথা বলিলে রাজমহিষী সেই সহমরণ নির্ব্বন্ধ হইতে বিরতা হই-লেন। ১৭

অনন্তর ভগবান্ ঔর্ব্ব, ঐ রাজমহিষীকে স্বীয় আশ্রমে আনয়ন করিলেন। কিছু দিন পরে সেই গরের (বিষৌষধের) সহিত অতি তেজস্বী বালক ভূমিষ্ঠ হইল। ঔর্ব্ব ঐ বালকের জাতকর্ম্ম প্রভৃতি সমুদায় ক্রিয়া সম্পাদন করিয়া সগর এই নাম রাখিলেন। পরে সগরের উপনয়ন হইলে ঔর্ব্ব তাঁহাকে সমুদায় বেদ ও সমুদায় শস্ত্র এবং ভার্গব নামক আগ্নেয়াস্ত্র শিখাইলেন। সগরের যখন বুদ্ধিপরিণত হইল, তখন এক দিবস তিনি মাতাকে জিজ্ঞাসা

বুদ্ধিশ্চ মাতরমপৃচ্ছৎ।* অম্ব! কথমত্র বয়ম্? ক্ব বা তাতঃ? তাতোঽস্মাকং কঃ? ইত্যেবমাদি পৃচ্ছতঃ তস্মাতা সর্ব্বমবোচৎ। ততঃ পিতৃরাজ্যহরণামর্ষিতো হৈহয়তালজঙ্ঘাদিবধায় প্রতিজ্ঞামকরোৎ। প্রায়শশ্চ হৈহয়ান্ জঘান। শক-যবন-কাম্বোজ-পারদ-পহ্লবা† হন্যমানাস্তৎকুলগুরুং বশিষ্ঠং শরণং যযুঃ॥ ১৮॥

অথৈতান্ বশিষ্ঠো জীবন্মৃতকান্ কৃত্বা সগরমাহ, বৎস! বৎস! অলমেভিরতিজীবন্মৃতকৈরনুসৃতৈঃ॥১৯॥

করিলেন, মাতঃ! আমরা কিরূপে এখানে অবস্থান করিতেছি, আমার পিতা কে? তিনি কোথায় আছেন? সগর এইরূপ অনেক কথা জিজ্ঞাসা করিলে তাঁহার মাতা সমুদায় বিবরণ কহিলেন।

অনন্তর সগর অমর্ষান্বিত হইয়া পিতৃরাজ্য প্রত্যাহরণার্থ হৈহয় তালজঙ্ঘ প্রভৃতির বিনাশ বিষয়ে প্রতিজ্ঞারূঢ় হইলেন। তিনি প্রথমতঃ হৈহয়দিগকে উন্মূলিতপ্রায় করিলেন। পরে যখন শক যবন কাম্বোজ পারদ ও পহ্লবগণকে সংহার করিতে প্রবৃত্ত হইলেন, তখন তাহারা তদীয় কুলগুরু বশিষ্ঠের শরণাপন্ন হইল। [১৮] অনন্তর বশিষ্ঠ তাহাদিগকে জীবন্মৃত করিয়া সগরকে কহিলেন, বৎস! ইহারা জীবন্মৃত। ইহাদিগকে পুনর্ব্বার বিনাশ করিবার নিমিত্ত ইহাদের পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইবার আবশ্যকতা নাই।[১৯] তোমার প্রতিজ্ঞা রক্ষার নিমিত্ত আমি

---

* উৎপন্নবুদ্ধিঃ স্বমাতরমপৃচ্ছৎ ইতি কেচিৎ পঠন্তি।

† পল্লবা ইতি বা পাঠান্তরম।

এতে চ ময়ৈব ত্বৎপ্রতিজ্ঞাপরিপালনায় নিজধর্ম্মং দ্বিজসঙ্গপরিত্যাগং কারিতাঃ ॥ ২০ ॥

স তথেতি তদ্গুরুবচনমভিনন্দ্য তেষাং বেশান্যত্বমকারয়ৎ। যবনান্ মুণ্ডিতশিরসঃ, অর্দ্ধমুণ্ডান্ শকান্, প্রলম্বকেশান্ পারদান্, পহ্লবাংশ্চ শ্মশ্রুধরান্, নিঃস্বাধ্যায়বষট্কারান্ এতানন্যাংশ্চ ক্ষত্রিয়াংশ্চকার। তে চ নিজধর্ম্মপরিত্যাগাদ্ব্রাহ্মণৈশ্চ পরিত্যক্তা ম্লেচ্ছতাং যযুঃ। সগরোঽপি স্বমধিষ্ঠানমাগম্য অস্খলিতচক্রঃ সপ্তদ্বীপবতীমিমামুর্ব্বীং প্রশশাস ॥ ২১ ॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে চতুর্থাংশে তৃতীয়োঽধ্যায়ঃ।

ইহাদিগকে স্বীয় ধর্ম্ম ও দ্বিজসংসর্গ পরিত্যাগ করাইলাম, (তাহাতেই ইহারা জীবন্মৃত হইয়াছে।) [২০] সগর তথাস্তু বলিয়া গুরুবাক্য অনুমোদন করিলেন এবং শক যবন প্রভৃতির অন্যবিধ বেশ করিয়া দিলেন। যবনদিগের মস্তক মুণ্ডন করাইলেন, শকদিগকে অর্দ্ধমুণ্ডিত করিয়া দিলেন। এইরূপ পারদগণকে প্রলম্বিত-কেশধারী এবং পহ্লবদিগকে শ্মশ্রুধারী করিলেন। সগর এই সকল ক্ষত্রিয় ও অন্যান্য অনেক ক্ষত্রিগকে বেদাধ্যয়ন রহিত ও যাগাদি ক্রিয়া হীন করেন। ইহারা ধর্ম্ম পরিত্যাগ হেতু ব্রাহ্মণ-কর্ত্তৃক পরিত্যক্ত হইয়া ম্লেচ্ছ হইল। (বিজয়ী) সগরও নিজ রাজধানীতে আগমন পূর্ব্বক সপ্তদ্বীপা পৃথিবী শাসন করিতে লাগিলেন। তাঁহার আজ্ঞা বা সেনাবল কোথাও প্রতিহত হয় নাই। [২১]

বিষ্ণুপুরাণ চতুর্থ অংশ তৃতীয় অধ্যায় সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

চতুর্থোহংশঃ।

চতুর্থাধ্যায়ঃ।

পরাশর উবাচ।

কশ্যপদুহিতা সুমতির্বিদর্ভরাজতনয়া চ কেশিনী দ্বে ভার্য্যে সগরস্যাস্তাম্॥ ১॥

তাভ্যাঞ্চাপত্যার্থমারাধিত ঔর্ব্বঃ পরমেণ সমাধিনা বরমদাৎ॥ ২॥

একা বংশধরমেকং পুত্রম্, অপরা ষষ্টিং পুত্রসহস্রাণি জনয়িষ্যতীতি যস্যা যদভিমতং, তদিচ্ছয়া গৃহ্যতাম্। ইত্যুক্তে কেশিনী, পুত্রমেকং, সুমতিঃ পুত্রসহস্রাণি বব্রে। তথেতি চ ঋষিণাভিহিতে অল্পেরে-

পরাশর কহিলেন। সগরের দুইটী মহিষী ছিলেন। একটী কশ্যপের কন্যা সুমতি, আর একটী বিদর্ভরাজতনয়া কেশিনী। [১] সন্তানের নিমিত্ত এই দুই মহিষী ঔর্ব্বের আরাধনা করিলে ঔর্ব্ব পরম যোগবলে বর প্রদান করিলেন যে, [২] তোমাদের দুই জনের মধ্যে এক জন ষষ্টি সহস্র পুত্র ও এক জন একটীমাত্র বংশধর পত্র প্রসব করিবে। ইহার মধ্যে যিনি যে বর চাও, ইচ্ছা পূর্ব্বক গ্রহণ কর। মহর্ষি এই কথা বলিলে সুমতি ষষ্টি সহস্র পুত্র ও কেশিনী

বাহোভিরেকৈকমসমঞ্জসং নাম বংশধরং পুত্রমসূত কেশিনী। বিনতাতনয়ায়াস্তু সুমত্যাঃ ষষ্টিঃ পুত্রসহস্রাণ্যভবন্। তস্মাদসমঞ্জসোহংশুমান্ নাম কুমারো জজ্ঞে॥ ৩॥

স তু অসমঞ্জা বাল্যাদেবাপবৃত্তঃ। পিতা চাস্যাচিন্তয়ৎ অয়মতীতবাল্যো বুদ্ধিমান্ ভবিষ্যতীতি। অথ তত্রাপি বয়স্যতীতে তচ্চরিতমেবৈনং পিতা তত্যাজ॥ ৪॥

তান্যপি ষষ্টিঃ কুমারসহস্রাণি অসমঞ্জসশ্চরিতমনুচক্রুঃ॥ ৫॥

ততশ্চাসমঞ্জসশ্চরিতানুকারিভিঃ সাগরৈরপধ্বস্তযজ্ঞাদিসন্মার্গে জগতি দেবাঃ সকলবিদ্যাময়মসং-

একটী পুত্র প্রার্থনা করিলেন। অল্প দিন পরে কেশিনী অসমঞ্জা নামে একটী বংশধর পুত্র প্রসব করিলেন। বিনতার কন্যা সুমতিরও ষষ্টি সহস্র পুত্র হইল। অসমঞ্জার একটী সন্তান হইল, তাহার নাম অংশুমান্।[৩]

অসমঞ্জা বাল্যকাল অবধি সাতিশয় দুর্বৃত্ত হইয়াছিলেন। তাঁহার পিতা সগর, বিবেচনা করিতেন যে, বাল্যকাল অতীত হইলেই তাঁহার বুদ্ধির পরিণতি ও জ্ঞান হইবে। অসমঞ্জা যখন বয়ঃপ্রাপ্ত হইলেন, তখনও তাঁহার চরিত্র পূর্ব্ববৎ থাকাতে সগর তাঁহাকে পরিত্যাগ করিলেন।[৪] সগরের অপর ষষ্টি সহস্র পুত্রেরও অসমঞ্জার ন্যায় চরিত্র হইল।[৫] অসমঞ্জার চরিত্রের অনুকারী সগরতনয়গণ, পৃথিবীতে যজ্ঞ প্রভৃতি সমুদায় সৎকর্ম্ম লোপ করিতে প্রবৃত্ত হইলে দেবতারা, সকল বিদ্যাময় দোষস্পর্শ-

স্পৃষ্টমশেষদোষৈর্ভগবতঃ পুরুষোত্তমস্যাংশভূতং কপিলর্ষিং প্রণম্য তদর্থমূচুঃ ॥ ৬ ॥

ভগবন্! এভিঃ সগরতনয়ৈরসমঞ্জসশ্চরিতমনুগম্যতে, কথমেবমেভিরনুসরদ্ভির্জগদ্ভবিষ্যতীত্যার্ত্তজগৎপরিত্রাণায়* চ ভগবতোঽত্র শরীরগ্রহণম্, ইত্যাকর্ণ্য ভগবান্, অল্পৈরেব দিনৈরেতে বিনঙ্ক্ষ্যতি ইত্যুক্তবান্॥ ৭ ॥

তত্রান্তরে চ সগরো হয়মেধমারেভে। তত্র চ তৎপুত্রৈরধিষ্ঠিতমস্যাশ্বং কোঽপ্যপহৃত্য ভুবো বিবরং প্রবিবেশ ॥ ৮ ॥

ততশ্চাশ্বান্বেষণায় তনয়ান্ যুযোজ। ততস্ততনয়া-

পরিশূন্য ভগবান্ পুরুষোত্তমের অংশ মহর্ষি কপিলকে প্রণাম করিয়া নিবেদন করিলেন, ভগবন্! এই সমুদায় সগরতনয় অসমঞ্জের চরিত্রের অনুবর্ত্তী হইয়াছে। এই রাজকুমারেরা ঈদৃশ কুমার্গানুসারী হইলে কিরূপে পৃথিবী রক্ষা হইবে। আর্ত্ত জনের পরিত্রাণের নিমিত্তই এই ভূমণ্ডলে আপনি শরীর পরিগ্রহ করিয়াছেন। ভগবান্ কপিল, এই বাক্য শ্রবণ করিয়া কহিলেন, (দুর্বৃত্ত সগরতনয়েরা) অল্প দিবসের মধ্যেই বিনষ্ট হইবে॥ ৭

কিছু দিন পরে সগর অশ্বমেধ যজ্ঞ আরম্ভ করিলেন। সগরতনয়েরা অশ্ব রক্ষায় নিযুক্ত হইলেন। কোন ব্যক্তি সেই অশ্ব অপহরণ করিয়া পাতালতলে প্রবিষ্ট হইল। ৮ তখন সগর অশ্ব অন্বেষণের নিমিত্ত পুত্রগণকে নিযুক্ত করিলেন। অনন্তর সগরতনয়েরা অশ্বখুর চিহ্নের অনুবর্ত্তী হইয়া নির্বন্ধাতিশয় সহকারে

---

* আর্ত্তজনপরিত্রাণায় ইতি পাঠান্তরম্।

শ্চাশ্বখুরপদবীমনুসরন্তোঽতিনির্ব্বন্ধেন বসুধাতলমেকৈকো যোজনং যোজনমবনেশ্চখান ॥ ৯ ॥

পাতালে চাশ্বং পরিভ্রমন্তমবনীপতিনন্দনাস্তে দদৃশুঃ। নাতিদুরস্থিতঞ্চ ভগবন্তমপঘনে শরৎকালেঽর্কমিব তেজোভিরনবরতমূর্দ্ধমধশ্চাশেষদিশশ্চোদ্ভাসয়মানং কপিলর্ষিমপশ্যন্ ॥ ১০ ॥

ততশ্চোদ্যতায়ুধা দুরাত্মায়মস্মদপকারী যজ্ঞবিঘাতকর্ত্তা হয়হর্ত্তা হন্যতাং হন্যতামিত্যধাবন্। ততশ্চ তেনাপি ভগবতা কিঞ্চিদীষৎপরিবর্ত্তিতলোচনেন বিলোকিতাঃ স্বশরীরসমুত্থেনাগ্নিনা দহ্যমানা বিনেশুঃ ॥ ১১ ॥

প্রত্যেকেই বসুধাতলের এক এক যোজন খনন করিলেন (ও তাঁহারা পাতালে প্রবিষ্ট হইলেন।) ৯ তখন রাজনন্দনেরা দেখিতে পাইলেন যে, পাতালতলে অশ্ব পরিভ্রমণ করিতেছে। তাহার অনতিদূরে দেখেন যে, ভগবান্ মহর্ষি কপিল, শরৎকালীন মেঘসম্পর্কবিরহিত দিবাকরের ন্যায় তেজোরাশি দ্বারা অনবরত ঊর্দ্ধ অধঃ ও সমুদায় দিক্ দ্যোতমান করিতেছেন। ১০ অনন্তর সগরতনয়েরা অস্ত্র শস্ত্র উদ্যত করিয়া, এই দুরাত্মাই আমাদের অপকারী, এই দুরাত্মাই আমাদের যজ্ঞের ব্যাঘাত করিতেছে, এই দুরাত্মা আমাদের অশ্ব অপহরণ করিয়াছে, ইহাকে মারিয়া ফেল, ইহাকে বধ কর, এই বলিয়া ধাবমান হইলেন। তখন ভগবান্ কপিল, লোচনদ্বয় ঈষৎ পরিবর্ত্তিত করিয়া দৃষ্টিপাত করিবামাত্র তদীয় শরীর-সম্ভূত অগ্নিদ্বারা সগরতনয়েরা দগ্ধ ও বিনষ্ট হইল। ১১

সগরোঽপ্যনুগম্যাশ্বানুসারি তৎ পুত্রবলমশেষং পরমর্ষিকপিলতেজসা দগ্ধমংশুমন্তমসমঞ্জসঃ পুত্রমশ্বানয়নায় চোদয়ামাস ॥ ১২ ॥

স তু সগরতনয়খাতমার্গেণ কপিলমুপগম্য ভক্তিনম্রস্তথা তথা চ তুষ্টাব। যথৈনং ভগবানাহ, গচ্ছৈনং পিতামহায়াশ্বং প্রাপয়, বরং বৃণীষ চ। পুত্র! পৌত্রশ্চ তে স্বর্গাদ্গঙ্গামানয়িষ্যতীতি ॥ ১৩ ॥

অথাংশুমানপি ব্রহ্মদণ্ডহতানামস্মৎপিতৃণাং স্বর্গায় স্বর্গাযোগ্যানাং স্বর্গপ্রাপ্তিকরং বরমস্মাকং ভগবান্ প্রযচ্ছতু ইত্যাহ ॥ ১৪ ॥

তঞ্চাহ ভগবান্, উক্তমেবৈতন্ময়া পৌত্রস্তে ত্রি-

অনন্তর সগর যখন জানিতে পারিলেন যে, অশ্বের অনুযায়ী তদীয় সমুদায় পুত্র ও সৈন্যসামন্ত মহর্ষি কপিলের তেজোদ্বারা ভস্মসাৎ হইয়াছে, তখন তিনি অসমঞ্জার পুত্রকে অশ্বানয়নার্থ প্রেরণ করিলেন। [১২] অসমঞ্জার পুত্র অংশুমান্, সগরতনয়গণ-কর্ত্তৃক নিখাত পথ দ্বারা মহর্ষি কপিলের নিকট গমন পূর্ব্বক ভক্তিনম্র হইয়া এরূপ স্তব করিতে লাগিলেন যে, ভগবান্ কপিল, (পরিতুষ্ট হইয়া) তাঁহাকে কহিলেন, এই অশ্ব লইয়া গিয়া তোমার পিতামহকে দাও এবং আমার নিকট বর লও। বৎস! তোমার পৌত্র দেবলোক হইতে গঙ্গা আনয়ন করিবে। [১৩] অনন্তর অংশুমান্ কহিলেন, ভগবন্! আমার পিতৃগণ ব্রহ্মদণ্ডে বিনষ্ট হইয়াছেন, সুতরাং তাঁহারা স্বর্গপ্রাপ্তির অযোগ্য, এক্ষণে তাঁহাদের স্বর্গ লাভের নিমিত্ত আমাকে স্বর্গপ্রাপ্তিজনক বর প্রদান করুন। [১৪] ভগবান্ কপিল কহিলেন, এ বিষয়ে আমি পূর্ব্বেই তোমাকে বলিয়াছি যে, তোমার পৌত্র স্বর্গ হইতে গঙ্গাকে ভূম-

দিব্যাদ্ গঙ্গাং ভুবমানয়িষ্যতীতি। তদম্ভসা সংস্পৃষ্টেষ্বস্থি-ভস্মস্বেতে স্বর্গমারোক্ষ্যন্তি ভগবদ্বিষ্ণুপাদাঙ্গুষ্ঠবিনির্গতজলস্য হি তন্মাহাত্ম্যং, যন্ন কেবলমভিসন্ধিপূর্ব্বকং স্নানাদ্যুপভোগেষূপকারকমনভিসংহিতমপ্যপেত প্রাণস্যাস্থিচর্ম্মস্নায়ুকেশাদ্যুংস্পৃষ্টং শরীরজং যস্তুপতিতং সদ্যঃ শরীরিণং স্বর্গং নয়তীত্যুক্তঃ প্রণম্য চ ভগবতে অশ্বমাদায় পিতামহযজ্ঞমাজগাম॥ ১৫॥

সগরোঽপ্যশ্বমাদায় তং যজ্ঞং সমাপয়ামাস, সাগরং চাত্মজপ্রীত্যা পুত্রত্বে কল্পয়ামাস॥ ১৬॥

তস্যাপ্যংশুমতো দিলীপঃ পুত্রোঽভবৎ। দিলীপ-

গুলে আনয়ন করিবে। এই সকল অস্থিভস্ম সেই গঙ্গাজল কর্ত্তৃক স্পৃষ্ট হইলে সগরতনয়েরা স্বর্গ গমন করিবে। ভগবান্ বিষ্ণুর পাদাঙ্গুষ্ঠ হইতে বিনির্গত সলিলের ঈদৃশ মাহাত্ম্য যে, অভিসন্ধি পূর্ব্বক স্নানাদি করিলেই যে কেবল স্বর্গলাভ হয়, এরূপ নহে, পরন্তু যে ব্যক্তির গঙ্গাজল স্পর্শাদিবিষয়ে কোন অভিসন্ধি নাই, ঈদৃশ মৃত ব্যক্তির অস্থি চর্ম্ম স্নায়ু কেশ প্রভৃতি শরীরের কোন অবয়ব যদীয় গর্ভে পতিত হইলেও শরীর তৎক্ষণাৎ স্বর্গে গমন করে। ভগবান্ কপিল এইরূপ বলিলে অংশুমান্ তাঁহাকে প্রণাম করিয়া অশ্ব গ্রহণ পূর্ব্বক পিতামহের যজ্ঞস্থলে উপস্থিত হইলেন॥[১৫]

অনন্তর সগর অশ্ব গ্রহণ করিয়া সেই অশ্বমেধ যজ্ঞ সমাপন করিলেন। তিনি পুত্রগণের প্রতি প্রীতি প্রদর্শনার্থে (তাঁহাদের কর্ত্তৃক নিখাত) সাগরকে পুত্র কল্পনা করেন।[১৬]

অংশুমানের একটী পুত্র হইল, তাহার নাম দিলীপ। দিলীপের পুত্র ভগীরথ। ইনি স্বর্গ হইতে গঙ্গাকে পৃথিবীতে আন-

স্যাপি ভগীরথঃ। যোঽসৌ গঙ্গাং স্বর্গাদিহানীয় ভাগীরথীসংজ্ঞাং চকার ॥ ১৭ ॥

ভগীরথাৎ শ্রুতঃ, তস্যাপি নাভাগঃ, ততোঽপ্যম্ব-রীষঃ, তস্মাৎ সিন্ধুদ্বীপঃ, তস্যাপ্যযুতাশ্বঃ, তৎপুত্র ঋতুপর্ণো নলসহায়োঽক্ষহৃদয়জ্ঞোঽভূৎ ॥ ১৮ ॥

ঋতুপর্ণপুত্রঃ সর্ব্বকামঃ,তত্তনয়ঃ সুদাসঃ, সুদাসাৎ সৌদাসো মিত্রসহনামা ॥ ১৯ ॥

যোঽসাবটব্যাং মৃগয়াগতো ব্যাঘ্রদ্বয়মপশ্যৎ ॥২০॥

তাভ্যাঞ্চ তদ্বনমপমৃগং কৃতম্ ॥ ২১ ॥

স চৈকং তয়োর্ব্বাণেন জঘান ॥ ২২ ॥

ম্রিয়মাণশ্চাসাবতিভীষণাকৃতিরতিকরালবদনো রা-ক্ষসোঽভবৎ ॥ ২৩ ॥

য়ন করিয়া ভাগীরথী নাম প্রদান করিলেন।[১৭] ভগীরথের পুত্র শ্রুত, শ্রুত হইতে নাভাগ, নাভাগ হইতে অম্বরীষ, অম্বরীষ হইতে সিন্ধুদ্বীপ, সিন্ধুদ্বীপ হইতে অযুতাশ্ব, অযুতাশ্ব হইতে ঋতুপর্ণ উৎপন্ন হইলেন। এই ঋতুপর্ণ নলরাজার সহায় ও অক্ষহৃদয়জ্ঞ ছিলেন।[১৮] ঋতুপর্ণের পুত্র সর্ব্বকাম, সর্ব্বকামের পুত্র সুদাস, সুদাসের পুত্র সৌদাস বা মিত্রসহ।

একদা এই মিত্রসহ, মৃগয়ার্থ বনগমন করিয়া দুইটী ব্যাঘ্র দেখিতে পাইলেন।[২০] এই দুইটী ব্যাঘ্র হইতে সেই বন মৃগশূন্য হইয়াছিল।[২১] মিত্রসহ সেই ব্যাঘ্রদ্বয়ের মধ্যে একটীকে বাণদ্বারা বিদ্ধ করিলেন।[২২] বাণবিদ্ধ মৃগ মরিবার সময় করালবদন ভীষণা-

দ্বিতীয়োঽপি প্রতিক্রিয়াং তে করিষ্যামীত্যুক্ত্বা অন্তর্দ্ধানং জগাম ॥ ২৪ ॥

কালেন গচ্ছতা স সৌদাসো যজ্ঞমযজৎ। পরিনিষ্ঠিতযজ্ঞে চাচার্য্যবশিষ্ঠে নিষ্ক্রান্তে তদ্রক্ষো বশিষ্ঠরূপমাস্থায়, যজ্ঞাবসানে মম সমাংসং ভোজনং দেয়ং তৎ সংস্ক্রিয়তাং ক্ষণাদিহাগমিষ্যামীত্যুক্ত্বা নিষ্ক্রান্তঃ ॥২৫॥

ভূয়শ্চ সূদবেশং কৃত্বা রাজাজ্ঞয়া মানুষমাংসং সংস্কৃত্য রাজ্ঞে ন্যবেদয়ৎ। অসাবপি হিরণ্যপাত্রস্থিতং মাংসমাদায় বশিষ্ঠাগমনপ্রতীক্ষোঽভবৎ ॥ ২৬ ॥

আগতায় চ বশিষ্ঠায় নিবেদিতবান্। স চাচিন্তয়ৎ,

কৃতি রাক্ষস হইল। [২৩] দ্বিতীয় ব্যাঘ্র, আমি তোমাকে প্রতিফল প্রদান করিব, এই কথা বলিয়া অন্তর্হিত হইল। [২৪]

কিছুকাল গত হইলে এক সময় সৌদাস যজ্ঞানুষ্ঠান করিলেন। আচার্য্য বশিষ্ঠ যজ্ঞসমাপনানন্তর যজ্ঞ স্থল হইতে গমন করিলে ঐ রাক্ষস বশিষ্ঠ রূপ ধারণ করিয়া (আগমন পূর্ব্বক) কহিল যে, এক্ষণে যজ্ঞ শেষ হইয়াছে, অদ্য আহারের সময় আমাকে মাংস দিতে হইবে, তুমি মাংস প্রস্তুত কর, আমি ক্ষণকাল পরেই এখানে আগমন করিতেছি। (বশিষ্ঠরূপধারী রাক্ষস) এই কথা বলিয়া চলিয়া গেল। [২৫]

ঐ রাক্ষস পুনর্ব্বার সূদবেশ ধারণ পূর্ব্বক রাজাজ্ঞানুসারে মনুষ্যের মাংস পাক করিয়া রাজার নিকট সমর্পণ করিল। রাজাও হিরণ্ময় পাত্রস্থিত মাংস গ্রহণ করিয়া বশিষ্ঠের আগমনের প্রতীক্ষায় থাকিলেন। [২৬] অনন্তর যখন বশিষ্ঠ আগমন করিলেন, তখন তাঁহাকে সেই মাংস নিবেদন করিলেন। বশিষ্ঠ চিন্তা করিতে

অহো রাজ্ঞোঽস্য দৌঃশীল্যম্! যেনৈতন্মাংসমস্মাকং প্রযচ্ছতি। কিমেতদ্দ্রব্যজাতমিতি ধ্যানপরোঽভূৎ, অপশ্যচ্চ তন্মানুষমাংসম্। ততশ্চ ক্রোধকলুষীকৃতচেতা রাজানং প্রতি শাপমুৎসসর্জ্জ, যস্মাদভোজ্যমস্মদ্বিধানাং তপস্বিনাম্ অবগচ্ছন্নপি ভবান্ মহ্যং দদাতি, তস্মাত্তবৈবাত্র লোলুপা বুদ্ধির্ভবিষ্যতীতি ॥ ২৭ ॥

অনন্তরঞ্চ তেনাপি, ভগবতৈবাভিহিতোঽস্মীত্যুক্তঃ, কিং কিং? ময়ৈবাভিহিতম্? ইতি পুনরপি সমাধৌ তস্থৌ ॥ ২৮ ॥

সমাধিবিজ্ঞানাবগতার্থশ্চাস্যানুগ্রহং চকার, নাত্যন্তমেতৎ, দ্বাদশাব্দং ভবতো ভোজনং ভবিষ্যতীতি ॥২৯॥

লাগিলেন, অহো! রাজার কি দুঃশীলতা যে, আমাকে মাংস প্রদান করিতেছে! পরে তিনি উহা কোন্ জীবের মাংস, (ইহা জানিবার নিমিত্ত) ধ্যানপরায়ণ হইলেন, এবং জানিতে পারিলেন যে তাহা মনুষ্যমাংস। অনন্তর তিনি ক্রোধে কলুষিত-হৃদয় হইয়া রাজাকে শাপ প্রদান করিলেন যে, এই মাংস অস্মদ্বিধ তপস্বিগণের যে অখাদ্য তাহা তুমি জ্ঞাত থাকিয়াও যখন আমাকে প্রদান করিয়াছ, তখন তোমার মনই ইহাতে লোলুপ হইবে, (তুমি রাক্ষস হইবে)।[২৭]

অনন্তর রাজা কহিলেন, ভগবন্! আপনিই ত (মাংস প্রদান করিতে) আজ্ঞা করিয়াছেন। কি? আমিই আজ্ঞা করিয়াছি? এই বলিয়া মুনি পুনর্ব্বার সমাধি অবলম্বন করিলেন।[২৮] মহর্ষি যখন যোগবলে সমুদায় বৃত্তান্ত অবগত হইলেন, তখন তিনি রাজার প্রতি অনুগ্রহ প্রকাশ করিয়া (কহিলেন যে) চিরকাল

অসাবপি তু প্রগৃহ্যোদকাঞ্জলিং মুনিশাপপ্রদানায়োদ্যতো ভগবানস্মদাচার্য্যঃ, নার্হস্যেবং কুলদেবতাভূতমাচার্য্যং শপ্তুমিতি স্বপত্ন্যা মদয়ন্ত্যা প্রসাদিতঃ শস্যাম্বুদরক্ষার্থং তচ্ছাপাম্বু নোর্ব্ব্যাং নাকাশে চিক্ষেপ তেনৈব স্বপাদৌ সিষেচ ॥ ৩০ ॥

তেন ক্রোধশৃতেনাম্ভসা দগ্ধচ্ছায়ৌ তৎপাদৌ কল্মাষতামুপগতৌ ॥ ৩১ ॥

ততশ্চ স কল্মাষপাদসংজ্ঞামবাপ, বশিষ্ঠশাপাচ্চ ষষ্ঠে কালে রাক্ষসভাবমুপেত্যাটব্যাং পর্য্যটন্ অনেকশো মানুষানভক্ষয়ৎ ॥ ৩২ ॥

তোমাকে পিশিতাশন হইয়া থাকিতে হইবে না, কেবল দ্বাদশ বৎসরমাত্র নরমাংসভোজী হইয়া থাকিবে। [২৯] অনন্তর রাজাও সলিলাঞ্জলি গ্রহণ পূর্ব্বক মহর্ষিকে প্রতিশাপ প্রদান করিতে উদ্যত হইলেন। তখন রাজমহিষী মদয়ন্তী অনেক অনুনয় বিনয় পূর্ব্বক কহিলেন যে, এই ভগবান্ মহর্ষি আমাদের গুরু, আচার্য্য ও কুলদেবতাস্বরূপ, ইঁহাকে শাপ প্রদান করা উচিত হইতেছে না। তখন রাজা, সেই শাপ প্রদানার্থ গৃহীত জল শস্য নষ্ট হইবার ভয়ে পৃথিবীতে এবং জল নষ্ট হইবার অশঙ্কায় আকাশে নিক্ষেপ না করিয়া তদ্দ্বারা স্বীয় পদদ্বয় সিক্ত করিলেন। [৩০] সেই ক্রোধাশ্রিত জলদ্বারা তাঁহার পাদদ্বয় কল্মাষ অর্থাৎ কৃষ্ণ ও পাণ্ডুবর্ণ হইল। [৩১] এই অবধি তিনি কল্মাষপাদ নামে বিখ্যাত হইলেন। বশিষ্ঠশাপ হেতু তিনি প্রত্যেক তৃতীয় রজনীতে রাক্ষস ভাব প্রাপ্ত হইয়া অরণ্যে পরিভ্রমণ পূর্ব্বক বহুসঙখ্য মনুষ্য ভক্ষণ করিতেন। [৩২]

একদা তু কঞ্চিন্মুনিমৃতুকালে ভার্য্যয়া সহ সঙ্গতং দদর্শ ॥ ৩৩ ॥

তয়োশ্চ তমতিভীষণং রাক্ষসমবলোক্য ত্রাসাৎ প্রধাবিতয়োর্দম্পত্যোর্ব্রাহ্মণং জগ্রাহ ॥ ৩৪ ॥

ততঃ সা ব্রাহ্মণী বহুশস্তং যাচিতবতী, প্রসীদেক্ষ্বাকুকুলতিলকভূতস্ত্বং মহারাজ-মিত্রসহো ন রাক্ষসঃ। নার্হসি স্ত্রীধর্ম্মসুখাভিজ্ঞো ময্যকৃতার্থায়ামিমং মদ্ভর্ত্তারমত্তুমিত্যেবং বহুপ্রকারং তস্যাং বিলপন্ত্যাং ব্যাঘ্রঃ পশুমিব তং ব্রাহ্মণমভক্ষয়ৎ ॥ ৩৫ ॥

একদা তিনি (রাক্ষস ভাব প্রাপ্ত হইয়া) ভার্য্যার সহিত সঙ্গত কোন মুনিকে দেখিতে পাইলেন। ৩৩ সেই ব্রাহ্মণ ও ব্রাহ্মণী, তাঁহাকে অতিভীষণ রাক্ষসাকার দেখিয়া ভয়ে পলায়ন করিতে লাগিলেন। কল্মাষপাদ, (পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইয়া) ব্রাহ্মণকে গ্রহণ করিলেন।৩৪ অনন্তর ব্রাহ্মণী পুনঃপুন স্বীয় ভর্ত্তাকে যাচ্ঞা করিতে লাগিলেন, (ও কহিলেন) মহারাজ! প্রসন্ন হউন। আপনি ইক্ষ্বাকুলের ভূষণস্বরূপ। আপনি রাক্ষস নহেন, আপনি মহারাজ মিত্রসহ। স্ত্রীসহবাসজনিত সুখ আপনকার অবিদিত নাই। আপনি সকলই জানেন। আমি ভর্ত্তৃসংসর্গে পরিতৃপ্ত হই নাই। ঈদৃশ অবস্থায় আমার ভর্ত্তাকে ভক্ষণ করা আপনকার উচিত হইতেছে না।

ব্রাহ্মণী এইরূপ বলিয়া অনেক বিলাপ করিতে লাগিলেন। রাজা (তাহাতে কর্ণপাতও না করিয়া) ব্যাঘ্র যেমন পশুকে ভক্ষণ করে, তাহার ন্যায় সেই ব্রাহ্মণকে ভক্ষণ করিলেন। ৩৫

ততশ্চাতিকোপসমন্বিতা ব্রাহ্মণী তং রাজানং, যস্মা-দেবং ময্যতৃপ্তায়াং ত্বয়ায়ং মৎপতির্ভক্ষিতঃ, তস্মাৎ ত্বমপ্যন্তমবলোপভোগপ্রবৃত্তো প্রাপ্স্যসি, ইতি শশাপাগ্নিং প্রবিবেশ চ ॥ ৩৬ ॥

ততস্তস্য দ্বাদশাব্দপর্য্যয়ে বিমুক্তশাপস্য স্ত্রীবিষয়াভিলাষিণো মদয়ন্তী স্মারয়ামাস ॥ ৩৭ ॥

ততশ্চ পরমসৌ স্ত্রীসম্ভোগং তত্যাজ। বশিষ্ঠশ্চ অপুত্রিণা রাজ্ঞা পুত্রার্থমভ্যর্থিতো মদয়ন্ত্যাং গর্ভাধানং চকার। যদা চ সপ্ত বর্ষাণ্যসৌ গর্ভো ন জজ্ঞে, ততস্তং

অনন্তর ব্রাহ্মণী, সাতিশয় রোষপরতন্ত্রা হইয়া রাজাকে শাপ প্রদান করিলেন যে, আমি স্বামিসহবাসে পরিতৃপ্তা না হইতেই তুমি যে এরূপে আমার পতিকে ভক্ষণ করিলে, এই কারণে তুমি যখনই স্ত্রীসংভোগে প্রবৃত্ত হইবে, তখনই তুমি কলেবর পরিত্যাগ করিবে। ব্রাহ্মণী এইরূপ শাপ প্রদান করিয়া অগ্নিতে প্রবিষ্টা হইলেন।[৩৬]

অনন্তর দ্বাদশ বৎসর অতীত হইলে রাজা কল্মাষপাদ, শাপ হইতে মুক্ত হইলেন। একদা তিনি স্ত্রীসম্ভোগাভিলাষী হইলে মদয়ন্তী তাঁহাকে (ব্রাহ্মণপত্নীর শাপ) স্মরণ করিয়া দিলেন।[৩৭] রাজা সেই অবধি স্ত্রীসহবাস পরিত্যাগ করিলেন। পরে তাঁহার সন্তান না থাকাতে তিনি পুত্রোৎপাদনার্থ বশিষ্ঠের নিকট প্রার্থনা করিলে বশিষ্ঠ মদয়ন্তীর গর্ভাধান করিলেন। অনন্তর সপ্ত বৎসর অতীত হইল তথাপি সেই গর্ভে সন্তান উৎপন্ন হইল না। তখন সেই রাজমহিষী অশ্ম (প্রস্তর) দ্বারা সেই

গর্ভমশ্মনা সা দেবী জঘান। পুত্রশ্চাজায়ত। তস্য চাশ্মকএব নামাভবৎ। অশ্মকস্য মূলকো নাম পুত্রোঽভবৎ। যোঽসৌ নিঃক্ষত্রেঽস্মিন্ ক্ষ্মাতলে ক্রিয়মাণে স্ত্রীভির্ব্বিবস্ত্রাভিঃ পরিবার্য্য রক্ষিতঃ। ততস্তং নারীকবচমুদাহরন্তি। মূলকাৎ দশরথঃ, তস্মাদিলিবিলঃ, ততশ্চ বিশ্বসহঃ, তস্মাচ্চ খট্টাঙ্গো দিলীপঃ, । যোঽসৌ দেবাসুরাণাং সংগ্রামে দেবতাভিরভ্যর্থিতোঽসুরান জঘান। স্বর্গে চ কৃতপ্রিয়ৈর্দ্দেবৈর্ব্বরার্থং চোদিতঃ প্রাহ, যদ্যবশ্যং বরো গ্রাহ্যস্তন্মমায়ুঃ কথ্যতামিতি। অন-

গর্ভে আঘাত করিলেন। তাহাতে একটী পুত্র উৎপন্ন হইল। এই রাজকুমার অশ্মক নামে বিখ্যাত হইলেন। অশ্মকের একটী পুত্র হইল, তাহার নাম মূলক। (পরশুরাম) যখন পৃথিবী নিঃক্ষত্রিয় করেন, তৎকালে স্ত্রীলোকেরা বিবস্ত্রা হইয়া এই মূলককে পরিবৃত করিয়া রক্ষা করিয়াছিল, এই জন্য ইনি নারীকবচ নামে বিখ্যাত হন।

মূলক হইতে দশরথ, দশরথ হইতে ইলিবিল, ইলিবিল হইতে বিশ্বসহ, বিশ্বসহ হইতে খট্বাঙ্গ উৎপন্ন হইলেন। খট্বাঙ্গের অপর একটী নাম দিলীপ। একদা দেবাসুরের সংগ্রাম উপস্থিত হইলে দিলীপ দেবগণ কর্ত্তৃক প্রার্থিত হইয়া অসুরগণকে বিনাশ করিলেন। তাহাতে দেবগণ প্রীত হইয়া অনুরোধ করিলেন যে, তুমি একটী বর প্রার্থনা কর। দিলীপ কহিলেন, যদি একান্তই আমাকে বর গ্রহণ করিতে হয়, তাহা হইলে আমার কত পরমায়ুঃ আছে, তাহা আপনারা বলিয়া দিউন। দেবগণ কহিলেন, তোমার এক মুহূর্ত্ত পরিমিত পরমায়ুঃ অবশিষ্ট আছে।

ন্তরশ্চৈতৈরুক্তম্, একমুহূর্ত্তপ্রমাণমায়ুঃ। ইত্যুক্তোঽস্খলিতগতিনা বিমানেন লঘিমগুণো মর্ত্ত্যলোকমাগম্যেদমাহ, যথা ন ব্রাহ্মণেভ্যঃ সকাশাদাত্মাপি মে প্রিয়তরো নচাপি স্বধর্ম্মোল্লঙ্ঘনং ময়া কদাচিদপ্যনুষ্ঠিতং, ন চ সকলদেবমানুষপশুবৃক্ষাদিকেঽপ্যচ্যুতব্যতিরেকবতী দৃষ্টির্ম্মমাভূৎ, তথা তমেব দেবং মুনিজনানুস্মৃতং ভগবন্তমস্খলিতগতিঃ প্রাপয়েয়মিত্যশেষদেবগুরৌ ভগবত্যনির্দ্দেশ্যবপুষি সত্তামাত্রাত্মন্যাত্মানং পরমাত্মনি বাসুদেবে যুযোজ, তত্রৈব লয়মবাপ, ॥ ৩৮ ॥

তত্রাপি শ্রূয়তে শ্লোকো গীতঃ সপ্তর্ষিভিঃ পুরা।

দেবগণ এই কথা বলিবামাত্র দিলীপ, ত্বরান্বিত হইয়া অস্খলিতগতি দেবযান দ্বারা তৎক্ষণাৎ মর্ত্ত্যলোকে উপস্থিত হইলেন এবং কহিলেন, সমুদায় ব্রাহ্মণগণ হইতে যেমন আমার আত্মাও প্রিয়তর নহে, আমি যেমন কখন স্বীয় ধর্ম্ম উল্লঙ্ঘন করি নাই, সেইরূপ অচ্যুত ব্যতীত দেব মানুষ পশু বৃক্ষ প্রভৃতি কোন পদার্থেই যেন আমার দৃষ্টি না হয়, আমি যেন মুনিজন কর্ত্তৃক নিরন্তর অনুধ্যাত দেব ভগবান্ বিষ্ণুকেই প্রাপ্ত হই। আমাকে যেন (ক্ষণমাত্রও) তাঁহা হইতে স্খলিত হইতে না হয়। দিলীপ এই কথা বলিয়া অশেষ দেবতার গুরু অনির্দ্দেশ্যস্বরূপ সত্তামাত্রাত্মক পরমাত্মা ভগবান্ বাসুদেবে আত্মাকে সংযুক্ত করিলেন এবং তাঁহাতেই লয় প্রাপ্ত হইলেন।[৩৮]

এ বিষয়ে পূর্ব্বে সপ্তর্ষিগণ কর্ত্তৃক গীত একটী শ্লোক আছে যে,

খট্বাঙ্গেন সমো নান্যঃ কশ্চিদুর্ব্ব্যাং ভবিষ্যতি।
যেন স্বর্গাদিহাগত্য মুহূর্ত্তং প্রাপ্য জীবিতম্।
ত্রয়োঽভিসংহিতা লোকা বুদ্ধ্যা দানেন চৈব হি
॥ ৩৯ ॥

খট্বাঙ্গতো দীর্ঘবাহুঃ পুত্রোঽভবৎ। ততো রঘুঃ, স্তস্মাদপ্যজঃ, অজাৎ দশরথঃ, দশরথস্যাপি শ্রীভগবানব্জনাভো জগৎস্থিত্যর্থমাত্মাংশেন রামলক্ষ্মণভরতশত্রুঘ্নরূপিণা চতুর্দ্ধা পুত্রত্বমযাসীৎ ॥৪০॥

রামোঽপি বালএব বিশ্বামিত্রযজ্ঞরক্ষণায় গচ্ছন্ তাড়কাং জঘান ॥৪২॥

পৃথিবীতে খট্বাঙ্গের সদৃশ আর কোন রাজা হইবে না। তিনি মুহূর্ত্তকাল মাত্র পরমায়ু জানিয়া স্বর্গ হইতে পৃথিবীতে আগমন পূর্ব্বক বুদ্ধি দ্বারা অর্থাৎ সমুদায় পদার্থ ই বাসুদেব, এতদাত্মক জ্ঞান দ্বারা ও দান দ্বারা সমুদায় ত্রিলোক বাসুদেবে সমর্পণ করিয়াছিলেন।[৩৯]

খট্বাঙ্গ হইতে দীর্ঘবাহু নামক পুত্র উৎপন্ন হইল। দীর্ঘবাহুর পুত্র রঘু, রঘুর পুত্র অজ, অজ হইতে দশরথ জন্ম পরিগ্রহ করিলেন। ভগবান্ পদ্মনাভ ভূমণ্ডল রক্ষার নিমিত্ত আপনার অংশ দ্বারা রাম লক্ষ্মণ ভরত শত্রুঘ্ন রূপ চতুর্দ্ধা বিভক্ত হইয়া দশরথের পুত্রত্ব স্বীকার করিলেন।[৪০]

রাম বাল্যকালেই বিশ্বামিত্রের যজ্ঞ রক্ষার্থ গমন করিয়া তাড়কানাম্নী রাক্ষসীকে বিনাশ করিলেন।[৪১] যজ্ঞ স্থলে মারীচ উপস্থিত হইলে তিনি তাহাকে শরাঘাত দ্বারা আহত করিয়া সুদূরে নিঃক্ষেপ করেন। তিনি সুবাহুপ্রভৃতি রাক্ষসদিগকে বিনাশ

যজ্ঞে চ মারীচমিষুপাতাহতং দূরং চিক্ষেপ, সুবাহু-প্রমুখাংশ্চ ক্ষয়মনয়ৎ। সন্দর্শনমাত্রেণ এব অহল্যা-মপাপাং চকার। জনকগৃহে চ মাহেশ্বরং চাপমনা-য়াসেনৈব বভঞ্জ, সীতাঞ্চাযোনিজাং জনকরাজতনয়াং বীর্য্যশুল্কাং লেভে ॥ ৪২ ॥

সকলক্ষত্রক্ষয়কারিণমশেষহৈহয়কুলকেতুভূতঞ্চ পর-শুরামমপাস্তবীর্য্যবলাবলেপং চকার ॥৪৩॥

পিতৃবচনাচ্চাগণিতরাজ্যাভিলাষো ভ্রাতৃভার্য্যাস-মন্বিতো বনং বিবেশ ॥৪৪॥

বিরাধখরদূষণাদীন্ কবন্ধবালিনৌ চ জঘান। বদ্ধা চাম্ভোনিধিম্ অশেষরাক্ষসকুলক্ষয়ং কৃত্বা দশাননাপ-হৃতাং তদ্বধাপহতকলঙ্কামপ্যনলপ্রবেশশুদ্ধামশেষদে-

করিলেন। তাঁহার দৃষ্টিপাতমাত্র অহল্যার পাপ ক্ষয় হইল। তিনি জনকগৃহে উপনীত হইয়া অনায়াসেই শঙ্কর-শরাসন ভঙ্গ করিলেন। তাহাতে তিনি অযোনিসম্ভূতা জনক-রাজনন্দিনীকে বীরত্বরূপ শুল্কদ্বারা লাভ (করিয়া বিবাহ) করিলেন।[৪২] তিনি, সকল ক্ষত্রিয়কুল-ধ্বংসকারী হৈহয়কুল-ধূমকেতু স্বরূপ পরশু-রামের বাহুবলজনিত দর্প চূর্ণ করেন।[৪৩] তিনি পিতৃবাক্য অনু-সারে রাজ্যাভিলাষ পরিত্যাগ পূর্ব্বক ভ্রাতা ও ভার্য্যার সহিত বনপ্রবেশ করিলেন।[৪৪] অনন্তর তিনি বিরাধ খর দূষণ প্রভৃতি রাক্ষসগণকে এবং কবন্ধ ও বালিকে বিনাশ করিয়াছিলেন। পরে তিনি সমুদ্রে বন্ধনপূর্ব্বক সমুদায় রাক্ষসকুল ক্ষয় করিয়া দশা-নন কর্ত্তৃক অপহৃত জানকীকে উদ্ধার করিলেন। দশানন বধদ্বারা জনকতনয়ার খেদ দূর হইল। রাম, তাঁহাকে অগ্নি প্রবেশদ্বারা

বেশসংস্তূয়মানাং সীতাং জনকরাজতনয়ামযোধ্যামানিন্যে ॥ ৪৫ ॥

ভরতোঽপি গন্ধর্ব্ববিষয়সাধনায়োগ্রগন্ধর্ব্বকোটীস্তিস্রো জঘান। শত্রুঘ্নেনাপ্যমিতবলপরাক্রমো মধুপুত্রো লবণো নাম রাক্ষসেশ্বরো নিহতো মথুরা চ নিবেশিতা। ইত্যেবমাদ্যতুলবলপরাক্রমবিক্রমণৈরতিদুষ্টনিবর্হণৈরশেষস্যাস্য জগতো নিষ্পাদিতস্থিতয়ো রামলক্ষ্মণভরতশত্রুঘ্নাঃ পুনর্দ্দিবমারূঢ়াঃ। যেঽপি তেষু ভগবদংশেষ্বনুরাগিণঃ কোশলনগরজনপদাস্তেঽপি তন্মনসস্তৎসলোকতামবাপুঃ ॥ ৪৬ ॥

পরীক্ষা করিয়া গ্রহণ করিলেন। সীতা অগ্নিপ্রবেশদ্বারা পরিশুদ্ধা হইলে দেবগণ তাঁহার স্তব করিতে লাগিলেন। অনন্তর রাম সীতাকে অযোধ্যায় আনয়ন করিলেন।[৪৫]

এ দিকে ভরতও গন্ধর্ব্বরাজ্য শাসনের নিমিত্ত উগ্র তিন কোটি গন্ধর্ব্ব বিনাশ করেন। শত্রুঘ্নও অসীম পরাক্রমশালী মধুপুত্র লবণ নামক রাক্ষসপতিকে সংহার করিয়া মথুরা নামে নগরী সংস্থাপন করিলেন। রাম লক্ষ্মণ ভরত ও শত্রুঘ্ন, এইরূপে অসীম পরাক্রম ও অসামান্য বল দ্বারা (অলোক সামান্য) কার্য্য নির্ব্বাহ করিয়া দুষ্ট দমন দ্বারা সমুদায় জগতের মর্য্যাদা স্থাপন পূর্ব্বক পুনর্ব্বার স্বর্গে আরোহণ করিলেন। কোশলদেশবাসী নগরস্থ বা জনপদস্থিত যে সমুদায় লোক, উক্ত ভগবানের অংশে অনুরাগী ও একাগ্রহৃদয় ছিল, তাহারা সকলেই স্বর্গে গমন করিল।[৪৬]

রামস্য তু কুশলবৌ পুত্রৌ লক্ষ্মণস্যাঙ্গদচন্দ্রকেতূ, তক্ষপুষ্করৌ ভরতস্য, সুবাহুশূরসেনৌ চ শত্রুঘ্নস্য ॥৪৭॥

কুশস্যাতিথিঃ, অতিথেরপি নিষধঃ পুত্রোঽভবৎ। নিষধস্যাপি নলঃ, তস্যাপি নভাঃ, নভসঃ পুণ্ডরীকঃ, তত্তনয়ঃ ক্ষেমধন্বা, তস্য চ দেবানীকঃ। তস্যাপ্যহীনগুঃ, (ততো রূপঃ) ততো রুরুঃ, তস্য চ পারিপাত্রঃ, পারিপাত্রাদ্দলঃ, দলাৎ ছলঃ, তস্যাপ্যুক্থঃ, উক্থাদ্বজ্রনাভঃ, তস্মাৎ শঙ্খনাভঃ, ততো ব্যুত্থিতাশ্বঃ, ততশ্চ বিশ্বসহো যজ্ঞে। হিরণ্যনাভস্ততো মহাযোগীশ্বরজৈমিনিশিষ্যঃ। যতো যাজ্ঞবল্ক্যো যোগমবাপ।

রামের দুইটী পুত্র জন্মিয়াছিল। একটীর নাম কুশ ও একটীর নাম লব। লক্ষ্মণের দুইটী পুত্র হয়, তাহাদের নাম অঙ্গদ ও চন্দ্রকেতু। ভরতের পুত্রদ্বয়ের নাম তক্ষ ও পুষ্কর, শত্রুঘ্নের দুই পুত্রের নাম সুবাহু ও শূরসেন।[৪৭]

কুশের পুত্র অতিথি, অতিথির পুত্র নিষধ, নিষধের পুত্র নল, নলের পুত্র নভা, নভার পুত্র পুণ্ডরীক, পুণ্ডরীকের পুত্র ক্ষেমধন্বা, ক্ষেমধন্বার পুত্র দেবানীক, দেবানীকের পুত্র অহীনগু, অহীগুর পুত্র (রূপ, রূপের পুত্র) রুরু, রুরুর পুত্র পারিপাত্র, পারিপাত্রের পুত্র দল, দলের পুত্র ছল, ছলের পুত্র উক্থ, উক্থের পুত্র বজ্রনাভ, বজ্রনাভের পুত্র শঙ্খনাভ, শঙ্খনাভের পুত্র ব্যুত্থিতাশ্ব, ব্যুত্থিতাশ্বের পুত্র বিশ্বসহ, বিশ্বসহের পুত্র হিরণ্যনাভ। এই হিরণ্যনাভ, মহর্ষি জৈমিনির শিষ্য ও মহাযোগী ছিলেন। যে জৈমিনির নিকট যাজ্ঞবল্ক্যও যোগাভ্যাস করিয়াছিলেন। হিরণ্য-

হিরণ্যনাভস্য পুত্রঃ পুষ্যঃ, তস্মাৎ ধ্রুবসন্ধিঃ, ততঃ সুদর্শনঃ, তস্মাদগ্নিবর্ণঃ,ততশ্চ শীঘ্রঃ, ততোঽপি মরুঃ পুত্রোঽভূৎ। যোঽসৌ যোগমাস্থায়াদ্যাপি কলাপ-গ্রামাশ্রিতস্তিষ্ঠতি। আগামিযুগে সূর্য্যবংশক্ষত্রপ্রব-র্ত্তয়িতা ভবিষ্যতীতি। প্রশুশ্রুতস্তস্যাত্মজঃ, তস্যাপি সুগন্ধিঃ* ততশ্চামর্ষঃ, তস্য মহস্বান্,† ততো বিশ্রুত-বান্, ততো বৃহদ্বলঃ যোঽর্জ্জুনতনয়েনাভিমন্যুনা ভারতযুদ্ধে ক্ষয়মনীয়ত ॥ ৪৮ ॥

নাভের পুত্র পুষ্য, পুষ্যের পুত্র ধ্রুবসন্ধি, ধ্রুবসন্ধির পুত্র সুদর্শন, সুদর্শনের পুত্র অগ্নিবর্ণ, অগ্নিবর্ণের পুত্র শীঘ্র, শীঘ্রের পুত্র মরু। মরু যোগ অবলম্বন করিয়া অদ্যাপি কলাপগ্রামে অবস্থান করিতেছেন। ইনি আগামী যুগে সূর্য্যবংশীয় ক্ষত্রিয়কুলের প্রবর্ত্তক হইবেন। মরুর পুত্র প্রশুশ্রুত, প্রশুশ্রুতের পুত্র সুগন্ধি, (সুগবি) সুগন্ধির পুত্র অমর্ষ, অমর্ষের পুত্র মহস্বান্ (সহস্রাংশু) মহস্বানের পুত্র বিশ্রুতবান্, বিশ্রুতবানের পুত্র বৃহদ্বল। যখন কুরুক্ষেত্রের যুদ্ধ হয়, সেই সময় অর্জ্জুন পুত্র, অভিমন্যু, এই বৃহদ্বলকে বিনাশ করিয়াছিলেন।[৪৮] এই আমি তোমার নিকট প্রধান প্রধান ইক্ষ্বাকুবংশীয় ভূপালগণের সংক্ষিপ্ত বিবরণ

* সুগবিরিতি পাঠান্তরম্।

† তস্য সহস্রাংশুরিতি কেচিৎ পঠন্তি।

এতে হীক্ষ্বাকুভূপালাঃ প্রাধান্যেন ময়োদিতাঃ।
এতেষাঞ্চরিতং শৃণ্বন্ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ৪৯ ॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে চতুর্থেঽংশে
চতুর্থোঽধ্যায়ঃ।

কহিলাম। যিনি এই সমুদায় রাজগণের চরিত শ্রবণ করেন, তিনি সমুদায় পাপ হইতে মুক্ত হন ॥ ৪৯ ॥

বিষ্ণুপুরাণ চতুর্থ অংশ চতুর্থ অধ্যায়
সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

চতুর্থোঽংশঃ।

পঞ্চমাধ্যায়ঃ।

পরাশর উবাচ।

ইক্ষ্বাকুতনয়ো যোঽসৌ নিমির্নাম, স তু সহস্র-সংবৎসরং সত্রমারেভে, বশিষ্ঠঞ্চ হোতারং বরয়ামাস ॥ ১ ॥

তমাহ বশিষ্ঠঃ, অহমিন্দ্রেণ পঞ্চবর্ষশতং যাগার্থং প্রথমন্তরং বৃতঃ, তদনন্তরং প্রতিপাল্যতাম্, আগতস্তবাপি ঋত্বিক্ ভবিষ্যামি, ইত্যুক্তে স পৃথিবীপতিনা ন কিঞ্চিদুক্তঃ ॥২॥

পরাশর কহিলেন। ইক্ষ্বাকুতনয় নিমি, সহস্র বৎসর ব্যাপী মহাযজ্ঞ আরম্ভ করিয়া বশিষ্ঠকে হোতার কর্ম্মে নিযুক্ত করিলেন।[১] পরন্তু বশিষ্ঠ কহিলেন, দেবরাজ ইন্দ্র, পঞ্চশত বর্ষব্যাপী যাগানুষ্ঠানের নিমিত্ত আমাকে পুর্ব্বেই বরণ করিয়াছেন, অতএব কিছুকাল প্রতীক্ষা কর, আমি (ইন্দ্রভবন হইতে) প্রত্যাগত হইয়া তোমার ঋত্বিক্ হইব। বশিষ্ঠ এই কথা বলিলে রাজা কোন উত্তর করিলেন না।[২] বশিষ্ঠ (রাজার মৌন দর্শনে)

বশিষ্ঠোঽপ্যনেন সমন্বীপ্সিতমিত্যমরপতের্যাগমকরোৎ ॥ ৩ ॥

সোঽপি তৎকালমেবান্যৈর্গৌতমাদিভির্যাগমকরোৎ। সমাপ্তে চামরপতের্যাগে ত্বরাবান্ বশিষ্ঠো নিমেঃ কর্ম্ম করিষ্যামীত্যাজগাম, তৎকর্ম্মকর্ত্তৃত্বঞ্চ তত্র গৌতমস্য দৃষ্ট্বা, অথ স্বপতে তস্মৈ রাজ্ঞে মামপ্রত্যাখ্যায়ৈতদনেন গৌতমায় কর্ম্মান্তরমর্পিতং যস্মাৎ, তস্মাদয়ং বিদেহো ভবিষ্যতীতি শাপং দদৌ ॥ ৪ ॥

প্রতিবুদ্ধশ্চাসাববনীপতিরপি প্রাহ, যস্মান্মামসংভাষ্য অজানতএব শয়ানস্য শাপোৎসর্গমসৌ দুষ্টগুরু-

সম্মতি আছে, বিবেচনা করিয়া দেবরাজের যজ্ঞ করিতে আরম্ভ করিলেন।[৩] (বশিষ্ঠ দেবরাজের যজ্ঞে নিযুক্ত হইলে) নিমিও সেই সময় গৌতম প্রভৃতি অন্যান্য মহর্ষিদ্বারা যাগ করাইতে লাগিলেন। যখন দেবরাজের যাগ পরিসমাপ্ত হইল, তখন বশিষ্ঠ নিমির কর্ম্ম করিবেন বলিয়া ত্বরান্বিত হইয়া আগমন করিলেন এবং দেখিলেন যে, গৌতম প্রভৃতি মহর্ষিরা যজ্ঞ কর্ম্ম সম্পাদন ও কর্ত্তৃত্ব করিতেছেন। বশিষ্ঠ তখন রাজাকে নিদ্রাভিভূত দেখিয়া এইরূপ শাপ প্রদান করিলেন যে, এই রাজা যখন আমাকে প্রত্যাখ্যান না করিয়া আমার কথার উত্তর না দিয়া গৌতমকে এই যজ্ঞে প্রবেশ করিতে দিয়াছেন, তখন (সেই অপরাধে) ইনি বিদেহ (দেহ হীন) হইবেন।[৪] অনন্তর রাজা প্রবুদ্ধ ও জ্ঞাত হইয়া কহিলেন, আমি শয়ন করিয়াছিলাম, কিছুই জানি না। ঈদৃশ অবস্থায় বশিষ্ঠ যখন আমাকে না বলিয়া আমার প্রতি শাপ প্রদান করিয়াছেন, সেই দুষ্ট

বিষ্ণুপুরাণটীকা।

চতুর্থোংশঃ।

প্রথমাধ্যায়ঃ।

শ্রীগণেশায় নমঃ। ধর্ম্মোপধর্ম্ময়োঃ পূর্ব্বমুক্তয়োরনুবর্ণ্যতে। মনু-বংশশ্চতুর্থাংশে প্রবর্ত্তকনিবর্ত্তকঃ॥ নেদিষ্টবংশং প্রথমেঽকথয়দ্ যত্র রৈবতঃ। রেবতীং হলিনে প্রাদাৎ স্বসুতাং দ্রুহিণাজ্ঞয়া॥ উক্তানুবাদপূর্ব্বকং মনুবংশং পৃচ্ছতি, ভগবন্নিতি। গুরুণা ত্বয়া আখ্যাতম্॥১॥ বীর উৎসাহবান্, শূরঃ পরাভিভাবী, ব্রহ্মা আদির্মূল-কারণং যস্য সঃ। মানবো বৈবস্বতস্য মনোঃ সংবন্ধী। তত্র প্রথমং বংশস্মরণাদিফলমাহ। ব্রহ্মাদ্যমিতি॥৩॥ ব্রহ্মাণ্ডতো ব্রহ্মা প্রাগ্-ভূব। কিংবিশিষ্টঃ? জগতামাদির্মূলকারণং স্বয়ঞ্চানাদিঃ ভুষ্ট-কারণশূন্যঃ। ভগবদ্বিষ্ণুময়স্য ভগবদ্বিষ্ণোর্মূর্ত্তিঃ। মূর্ত্তিরূপং পরিচ্ছিন্নং স্বরূপম্। হিরণ্যস্য ব্রহ্মাণ্ডস্য গর্ভরূপশ্চেত্যর্থঃ॥৪॥

তত্র তাবৎ "অদিতির্হ্যজনিষ্ট দক্ষস্য দুহিতা তাং দেবা অনু-জায়ন্ত" ইত্যাদি-শ্রুতিসিদ্ধাং বংশানুপূর্ব্বীমাহ, ব্রহ্মণ ইতি। দক্ষস্য অদিতিঃ, কন্যেতি শেষঃ। নাভাগনেদিষ্টেতি, নাভাগস্য পিতা নেদিষ্ট ইত্যর্থঃ। কচিন্নেদিষ্টস্যৈব দিষ্টঃ ইত্যপি সংজ্ঞা॥৫॥ ইষ্টিঞ্চ পুত্রোৎপত্তেঃ পূর্ব্বমেব চকার। যথাহ বায়ুঃ "অকরোৎ পুত্র-কামস্তু মনুরিষ্টিং প্রজাপতিঃ। অনুৎপন্নেষু নবসু পুত্রেষ্বেতেষু সুব্রত!" ইতি॥৬॥ সুদ্যুম্নস্য প্রথমং কন্যাত্বাৎ রাজ্যানর্হত্বং দর্শয়ন্নাহ, তত্র তস্মিন্ কর্ম্মণি মনুপত্ন্যা কন্যার্থং প্রার্থিতস্য হোতুরপচারাৎ কন্যাসঙ্কল্পরূপাদপহতে বিকল্পে জাতে সতি

কন্যাভূৎ। অপকৃতেরিতি পাঠে অপকৃষ্টাৎ হোমাদ্ধেতোরিত্যর্থঃ ॥৭॥ ঈশ্বরকোপাদিতি, মহাদেবঃ কিল ইলাবৃতে পার্ব্বত্যা সহ রমমাণঃ কেনচিন্নিমিত্তেনাশপৎ, যোঽস্মিন্ বনে প্রবেক্ষ্যতি, স যোষিদ্ভবিষ্যতীতি। সুদ্যুম্নস্তং শাপমজানন্ তত্র প্রবিষ্টো যোষিদ্বভূবেতি* ॥ ৮ ॥ তস্যাং স্ত্রিয়াং পুরূরবসমুৎপাদয়ামাসেত্যতঃ সূর্য্যবংশএব চন্দ্রবংশসমুদ্ভবঃ সূচিতঃ ॥ ৯ ॥

তস্মিংশ্চ জাতে পরমর্ষিভির্ভগবান্ যথাবদিষ্টঃ, ব্যবহারত ইষ্ট্যাদিময়ঃ বস্তুতস্ত্বকিঞ্চিন্ময়ঃ ॥ ১০ ॥ স্ত্রীপূর্ব্বকত্বাৎ পূর্ব্বং স্ত্রীত্বাদিত্যর্থঃ ॥ ১২ ॥ পৃষধ্রস্যাপি রাজ্যানর্হত্বং প্রসঙ্গাদাহ, পৃষধ্র ইতি। বশিষ্ঠেন গোরক্ষণে নিযুক্তো রাত্রৌ ব্রজে প্রবিষ্টং ব্যাঘ্রং জিঘাংসুঃ প্রমাদাৎ গাং জঘানেতি গুরুণা শপ্তঃ শূদ্রত্বমবাপেত্যর্থঃ ॥ ১৩॥ অত্র পাঠক্রমো ন বিবক্ষিতঃ, সূচীকটাহন্যায়েনাল্পস্য পূর্ব্বকথনাদিত্যত আহ, করূষাদিতি ॥ ১৪ ॥ নেদিষ্টপুত্রো নাভাগো বৈশ্যতাং গতঃ। “নাভাগো দিষ্টপুত্রোঽন্যঃ কর্ম্মণা বৈশ্যতাং গতঃ” ইতি শুকোক্তেঃ ॥ ১৫ ॥ তস্য চ পুত্রোৎপত্তেরুত্তরকালমেব বৈশ্যত্বপ্রাপ্ত্যা তৎপুত্রস্য ভলন্দনস্য ক্ষত্রিয়ত্বম্ অবিরুদ্ধমেব। অতএব তদন্বয়স্য মরুত্তস্য চক্রবর্ত্তিত্বং সংগচ্ছতে। অবিক্ষেরেব কচিদবিক্ষিদিত্যপি নাম ॥ ১৬ ॥ অমাদ্যৎ সোমপানেনাতিতৃপ্ত্যা হৃষ্টো বভূবেত্যর্থঃ। মরুতো দেবাঃ পরিবেষ্টারঃ অন্নাদিপরিবেশকাঃ ॥ ১৭ ॥ অতিতানং গেয়বিশেষঃ। দিব্যং দিবি ভবং পৃথিব্যাং তদভাবাৎ। গান্ধর্ব্বং গন্ধ-

---

* মহাদেবঃ কিল ইলাবৃতে পার্ব্বত্যা সহ রমমাণঃ (আসীৎ)। তদা তবং দ্রষ্টুম্ আগতান্ মুনীন্ আলক্ষ্য (ভবান্যা) কুপিতয়া সলজ্জমস্থীয়ত। অথ তেষু তয়োরতপ্রসঙ্গং দৃষ্ট্বা সহসা নির্যাতেষু ভবানীমনুনয়ন্ (ভবঃ) কোপাৎ শাপমদাৎ, অতঃপরং যোঽস্মিন্ বনে প্রবেক্ষ্যতি, স যোষিদ্ ভবিষ্যতি ইতি। এবং স্থিতে কদাচিৎ মৃগয়াসক্তঃ সুদ্যুম্নস্তং শাপমজানন্ তত্র প্রবিষ্টো যোষিদ্ বভূব ইতি পাঠান্তরম্ ॥ ৮ ॥

র্ব্বাণাং কর্ম্ম গীতম্। গান্ধারমিতি পাঠে গান্ধারগ্রামবহুলম্॥ ২০॥ ত্রয়ো মার্গাঃ ষড়্জ-মধ্যম-গান্ধারাখ্যাশ্চিত্রদক্ষিণবর্ত্তিকাখ্যা বা তেষাং পরিবর্ত্তৈরাবর্ত্তৈরনেকেষাং যুগানাং পরিবৃত্তির্যথা ভবতি তথা অনেকযুগপরিবৃত্তি তিষ্ঠন্নপি তৎ শৃণ্বন্ মুহূর্ত্তমিব মেনে ইত্যর্থঃ। পরিবর্ত্তীতি পাঠে গান্ধর্ব্ববিশেষণম্॥ ২১॥ অবনতশিরাঃ চিন্তয়ৈবাবনতমুখঃ। অবনতশিরসমিতি পাঠে রৈবতবিশেষণম্॥২২॥ অস্য রৈবতস্য মনোরষ্টাবিংশতিতমং চতুর্যুগং গতপ্রায়ম্॥২৩॥ একাকিনা দেয়মিত্যত্র হেতুমাহ, ভবত ইতি॥ ২৪॥ কন্যায়া বরাভাবাদুৎপন্নসাধ্বসঃ॥ ২৫॥ পূর্ব্বং চিন্তিতেভ্যোঽন্যেভ্যোঽপ্যয়মেব বরঃ শ্রেষ্ঠ ইতি বদন্ বলদেবায় কন্যাং দেহীত্যাহ, ন হ্যাদিমধ্যান্তমিতি দশভিঃ। পূর্ব্ববচ্ছব্দানাং স বিষ্ণুঃ ধরিত্র্যাং স্বাংশেনাবতীর্ণ ইত্যষ্টমেনান্বয়ঃ। আদিমধ্যান্তাজ্ঞানহেতুঃ কারণতয়া সর্ব্বগতস্য স্বরূপং তত্ত্বং পরং স্বভাবম্ অসাধারণং ধর্ম্মসারং বলম্॥২৬॥ যস্য বিভূতেরবতাররূপায়াঃ পরিণামস্য সদ্ভাববিকারস্য কালো ন হেতুঃ। অত্র হেতুঃ অজন্মেতি॥ ২৭॥ যস্যাচ্যুতস্য প্রসাদাদহং ব্রহ্মা প্রজাসৃষ্টিকরো ভূতঃ। ক্রোধাচ্চান্তকারী রুদ্রঃ, মধ্যে চ যস্মাৎ স্থিতিহেতুঃ পুরুষো বিশ্বাখ্যো ভূতঃ॥ ২৮॥

তর্হি কিং পরমপুরুষো ন সৃষ্ট্যাদিকর্ত্তা কিন্তু ভবদাদয়এব ইত্যত আহ, মদ্রূপমিতি। অনন্তবপুঃ শেষমূর্ত্তিঃ॥২৯॥ শক্রাদীত্যাদিশব্দাৎ স্থিতিহেতবো জ্ঞেয়াঃ। পঞ্চমহাভূতরূপেণাপি পালকত্বমাহ, পাকায়েতি সার্দ্ধেন॥ ৩০॥ তর্হি কিং সৃজ্যাদয়স্ততো ভিন্না ইত্যাশঙ্ক্য স্রষ্ট্রাদীননূদ্য সৃজ্যাদিভিঃ সহাভেদেনাহ, যঃ সৃজ্যত ইতি দ্বাভ্যাম্। বিশ্বাত্মনো বিশ্বস্য অন্তকারী সংহ্রিয়তে চ। অস্য স্রষ্ট্রাদিত্রয়স্য সৃজ্যাদিত্রয়স্য চ যঃ পৃথক্ শুদ্ধচিদ্রূপঃ। পৃথগ্ যস্যেতি পাঠে যস্মাৎ পৃথগন্যো নাস্তীত্যর্থঃ॥ ৩২॥ অস্মিন্ জগত্যাশ্রিতঃ এতদ্ব্যাপ্য স্থিতঃ। "তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ" ইতি শ্রুতেঃ॥ ৩৩॥ অল্পৌজসোঽল্পসামর্থ্যান্॥৩৬॥ অন্যরূপাং

কৃষ্ণেন সমুদ্রাৎ দ্বাদশযোজনপরিমিতাং ভূমিং গৃহীত্বা বিশ্বকর্ম্ম-দ্বারা অন্যথানির্ম্মিতত্বাৎ। সীরধ্বজায় হলিনে॥ ৩৭॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণটীকায়াং শ্রীধরস্বামিকৃতায়াং
চতুর্থাংশে প্রথমোঽধ্যায়ঃ।

দ্বিতীয়াধ্যায়ঃ।

ধৃষ্টাদিমনুপুত্রাণাং বংশাংস্তচ্চরিতানি চ। দ্বিতীয়ে তৎপ্রসঙ্গেন সৌভর্য্যাখ্যানমুক্তবান্॥ রৈবতস্য ভ্রাতৃশতমধ্যে কিন্তাবৎ কোঽপি রাজা নাভবদিত্যাশঙ্ক্যাহ, যাবচ্চেতি। পুণ্যজনসংজ্ঞা ইতি বিশেষণং সোপালম্ভং রাক্ষসজাতিবিশেষপরং বা॥১॥ এতে ক্ষত্রপ্রসূতা ইতি। এতে রথীতরস্য প্রবরা গোত্রজাঃ ক্ষত্রপ্রসূতাঃ ক্ষত্রিয়া অপ্রজস্য রথীতরস্য ভার্য্যায়ামঙ্গিরসা জাতত্বাৎ। তথাপি তয়োর্য্যোগাৎ পুনরঙ্গিরসো ব্রাহ্মণাঃ স্মৃতাঃ, অতঃ ক্ষত্রোপেতা দ্বিজাতয়ঃ ইত্যন্বয়ঃ॥ ২॥ ইক্ষ্বাকুনামনিরুক্তিপূর্ব্বকং তস্য বংশমাহ। ক্ষুবতঃ ক্ষুতং কুর্ব্বতঃ মনোর্ঘ্রাণতঃ। পুত্রশতস্যোকাধিকপুত্রশতস্য প্রবরাঃ॥৩॥ বিকুক্ষেরেব শশাদসংজ্ঞাং বক্তুমাহ, স চেতি। উৎপাদ্য ক্রিয়াদিকং বিনা স্বয়ং মৃগান্ হত্বেত্যর্থঃ॥ ৫॥ এবং শশাদোঽয়মিতি গুরুণোক্তঃ শশাদসংজ্ঞামবাপেত্যন্বয়ঃ॥ ৬॥

পরঞ্জয়এব ককুৎস্থসংজ্ঞামবাপেতি বক্তুমিতিহাসমাহ, ইদঞ্চেত্যাদিনা সংজ্ঞামবাপেত্যন্তেন। ইদঞ্চান্যং তস্য নামেতি শেষঃ॥৭॥ সকলং জগদেব পরং শ্রেষ্ঠম্ অয়নমাশ্রয়ো যস্য নারায়ণস্য সর্ব্বান্তর্য্যামিত্বাৎ তদর্থং তন্নিষ্পত্তয়ে॥ ৮॥ অবতীর্য্য প্রবিশ্য কার্য্যঃ অবশ্যং বিধেয়ঃ উদ্যোগো যুদ্ধারম্ভো যেন পরঞ্জয়েন স তথাবিধঃ

কার্য্যঃ সম্পাদ্যঃ ॥ ৯ ॥ সাহায়কং সাহায্যম্ ॥১০॥ বাঢ়ং তথেত্যন্বী-প্সিতম্ অনুমতমিত্যর্থঃ ॥ ১১ ॥ বিপ্লুষ্টা দগ্ধাঃ ॥ ১২ ॥ মধ্যরাত্রে নিবৃত্তায়াং সমাপ্তায়াম্ ॥ ১৩ ॥ সুপ্তাংশ্চ নোত্থাপয়ামাস, শয়ানং ন প্রবোধয়েদিতি নিষেধাচ্চ ॥ ১৪ ॥ অত্রৈতৎকলসস্থে জলে পীতে সতি ॥ ১৫ ॥ মুনীনাং প্রভাবাদেব ন মমার ॥১৬॥ কং ধাস্যতি? পাতব্যস্তনাভাবাৎ ॥ ১৭ ॥ যাবদিতি। সাকল্পে মেরোঃ সর্ব্বতঃ সূর্য্যস্য উদয়াস্তমনোপলক্ষিতং সর্ব্বং মান্ধাতুঃ ক্ষেত্রমধিষ্ঠেয়দেশ উচ্যতে ॥ ১৮ ॥

মান্ধাতুঃ কন্যাবংশং স্বল্পত্বাদত্যাশ্চর্য্যত্বাচ্চ প্রথমং বক্তুং সৌ-ভরিচরিতমুচ্যতে, বহ্বৃচ ইত্যাদিনা। দ্বাদশাব্দরূপং কালং ব্যাপ্য ॥১৯॥ ললিতং ক্রীড়াসুখম্ ॥২০॥ নির্ব্বেষ্টুকাম উদ্বোঢ়ুকামঃ। মা প্র-ণয়ং বিভাংক্ষীঃ প্রণয়ভঙ্গং মাকার্ষীঃ ॥২২॥ অর্থিতদানে যা দীক্ষা সঙ্কল্পঃ তত্র কৃতং ব্রতম্ অর্থিবৈমুখ্যাভাবরূপং যেন কুলেন তৎ ॥ ২৩ ॥ যদ্‌যস্মাৎ প্রার্থনাভঙ্গাদ্‌যদ্ভয়ং শঙ্কা তস্মাদ্ যদতিদুঃখং তস্মাদ্বিভেমি, তস্মাৎ ত্বমেকাং কন্যাং প্রযচ্ছেত্যন্বয়ঃ ॥ ২৪॥ যস্মৈ কস্মৈচিদবশ্যং যা কন্যা দেয়া তয়া যদি নোঽস্মাকং কৃতার্থতা স্যাৎ, তর্হি কিং ন লব্ধং? লাভাভাবঃ কিং স্যাৎ? কিন্ত্বস্মাকং লাভঃ স্যাদেব। যদ্বা তর্হি ত্বয়া কিং ন লব্ধং মন্মনোরথপূরণমেব তব মহান্ লাভ ইত্যর্থঃ। ন লব্ধেতি পাঠে সা কন্যা কিং ন লব্ধা? লব্ধৈবেতি সিদ্ধবন্নির্দ্দেশঃ ॥ ২৫ ॥ প্রত্যাখ্যানোপায়মেব দর্শয়তি, বৃদ্ধোঽয়মিত্যাদি। এতৎ সংচিন্ত্য অমুনা রাজ্ঞা এবমভিহিতম্ ইত্যন্বয়ঃ ॥২৬॥ তত্র প্রতীকারং বিচিন্ত্য স্বগতমাহ, এবমিতি ॥২৭॥ কন্যান্তঃপুরস্য রক্ষকো বর্ষধরঃ ষণ্ডঃ ॥২৮॥ তৎ তদা কন্যায়াশ্ছন্দে ইচ্ছায়াং পরিপন্থানং প্রাতিকূল্যং নাহং করিষ্যামীতি প্রতি-জ্ঞাতম্, ইত্যাকর্ণ্যেতীতি শব্দঃ ইত্যঙ্গীকৃতম্, ইত্যাকর্ণ্যেতি কাকাক্ষিগোলকবদুভয়ত্র যোজ্যঃ। এবমগ্রেঽপি। অহং পূর্ব্বমহং পূর্ব্বমিতি সংরম্ভক্রিয়া অহমহমিকা তয়া ॥ ২৯ ॥

তামেবাহ, অলং ভগিন্য ইতি দ্বাভ্যাম্। স্পষ্টাহমস্য পত্নীতি শেষঃ। উপশমং ব্রজ, এতদর্থং যত্নং মা কুরু ইত্যর্থঃ॥ ৩০॥ বিহন্যসে বিহংসি বিঘাতং কিং কুরুষে। কলিঃ কলহঃ॥ ৩১॥ অতিহার্দ্দাৎ স্নেহাৎ। কন্যানামেবং পত্যর্থং কলহোঽনুচিত ইতি বিনম্রমূর্ত্তিরাচষ্ট॥ ৩২॥ সোপবনাঃ উপবনসহিতাঃ, পরিচ্ছদাঃ ভোগোপকরণানি॥ ৩৩॥ তচ্চ বিশিষ্টপ্রাসাদরূপং কার্য্যং তথৈবানুষ্ঠিতং দর্শিতবান্॥ ৩৪॥ আসাঞ্চক্রে অবস্থিতবান্॥ ৩৫॥ আগতা অতিথয়ঃ অনুগতভৃত্যাদয়শ্চ তান্॥ ৩৬॥ স্ফুরন্ত্যোঽংশুমালা যস্যাস্তাম্॥ ৩৭॥

প্রবৃত্তো যঃ স্নেহস্তেন যানি নয়নাম্বূনি তান্যেব গর্ভে যয়োস্তাদৃশে নয়নে যস্য সঃ। প্রবৃত্তস্নেহাম্বুগর্ভনয়ন ইতি পাঠে প্রবৃত্তস্নেহনাম্বুগর্ভে নয়নে যস্য ইতি বিগ্রহঃ॥ ৩৮॥ প্রোৎফুল্লানি যানি পদ্মানি তদাকরভূতা জলাশয়াশ্চ। ভোগো ভক্ষ্যাদেরুপভোগোঽনুলেপনাদেঃ॥৩৯॥ পরিতোষো দুহিতৃণাং সুখেন, যোগৈশ্বর্য্যেণ চ বিস্ময়ঃ, তয়োর্নির্ভরেণ বিবশং হৃদয়ং যস্য সঃ। কৃতা পূজা যেন সঃ। অব্রবীৎ স্তুতিরূপাঞ্চ পূজামকরোদিত্যর্থঃ॥ ৪০॥ কিয়দেতৎ? ইতোঽপ্যধিকং সংভাব্যত ইত্যর্থঃ॥ ৪১॥

তত্র তেষু পুত্রেষু॥ ৪২॥ মমতাকৃষ্টত্বমেবাহ, অপ্যেত ইতি। অনুদিনং কালস্য সংপত্তিরাধিক্যং তস্যাবৃত্তিরনুবর্ত্তনং যত্র মনোরথে তমবেত্য জ্ঞাত্বা অচিন্তয়ং এতদ্বক্ষ্যমাণম্॥ ৪৩॥ প্রসূতা জাতাপত্যাঃ। তেষাঞ্চ সুতা দৃষ্টাঃ। তস্য পৌত্রবর্গস্য তনয়প্রসূতিম্ অপত্যজন্ম॥ ৪৫॥ মহত্যো বিধিৎসা ইতি কৃত্যেচ্ছাঃ॥ ৪৮॥ একশরীরজন্ম দুঃখং দুঃখহেতুঃ॥ ৪৯॥ এষাম্ ঋদ্ধিস্তস্য তপসোঽন্তরায়ো বিঘ্নঃ। মুষিতো বঞ্চিতঃ॥ ৫১॥ আরূঢ়ো জাতঃ যোগঃ সমাধির্যস্য সঃ॥ ৫২॥

ইদানীং পরিগ্রহগ্রাহগৃহীতবুদ্ধিরপি জনস্য পরিজনস্য দুঃখৈর্দুঃখী যথাহং ন ভবিতা তথা চরিষ্যে॥ ৫৩॥ অতিপ্রমাণং মহ-

তাং মহীয়াংসং প্রমাণং জ্ঞাপকমতিক্রম্য বর্ত্তমানং স্বপ্রকাশত্বা-দিতি বা। সিতম্ বদ্ধং জীবরূপেণ, অসিতঞ্চ তদ্বিপরীতমীশ্বর-রূপেণ ॥ ৫৪ ॥ অশেষেঽসি সর্ব্বশক্তৌ অব্যক্তং প্রধানং বিস্পষ্টং মহদাদি তে তনুরূপাধির্যস্য তস্মিন্ ভূয়োঽভবায় পুনর্জ্জন্মাভা-বায় ॥৫৫॥ যস্মাদন্যৎ কিঞ্চিন্নাস্তি তমাশ্রয়ং শরণমেমি গচ্ছামি ॥ ৫৬॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণটীকায়াং শ্রীধরস্বামিকৃতায়াং
চতুর্থাংশে দ্বিতীয়োঽধ্যায়ঃ সমাপ্তঃ।

তৃতীয়োঽধ্যায়ঃ।

তৃতীয়ে সৌভরেঃ সিদ্ধির্মান্ধাতৃতনয়ান্বয়ঃ। বর্ণ্যতে সগরস্যাপি চরিতং রিপুঘাতিনঃ ॥ পরিপক্বা রাগাদিহীনা মনোবৃত্তির্যস্য সঃ ভিক্ষুর্যতিরভবৎ ॥১॥ ভগবত্যশেষকর্ম্মকলাপমাসজ্য সমর্প্য অচ্যুত-পদমবাপেতি সম্বন্ধঃ। পরবতাং পরম্ “ইন্দ্রিয়েভ্যঃ পরা হ্যর্থা অর্থেভ্যশ্চ পরং মনঃ। মনসস্তু পরা বুদ্ধির্বুদ্ধেরাত্মা মহান্ পরঃ। মহতঃ পরমব্যক্তমব্যক্তাৎ পুরুষঃ পরঃ। পুরুষান্ন পরং কিঞ্চিৎ সা কাষ্ঠা সা পরা গতিঃ ॥” ইত্যুক্ত্যা পরবতামিন্দ্রিয়াদীনাং পর-মাত্মরমিত্যর্থঃ ॥ ২ ॥ রাজবংশপ্রস্তাবে উক্তসৌভরিচরিতস্যা-সঙ্গতিম্ অপাকরোতি, ইত্যেতদিতি ॥ ৩॥ অতঃ অতঃপরম্ ॥ ৪ ॥ অম্বরীষস্য যুবনাশ্বপ্রপিতামহসনামা, যতো হরিতাদ্ধারিতা অঙ্গি-রসো দ্বিজা হরিতগোত্রপ্রবরাঃ। অথ হরিতানামার্ষেয় আঙ্গি-রসাম্বরীষ-যুবনাশ্বশ্চেতি প্রবরপাঠাৎ ॥ ৫ ॥

ইদানীং মান্ধাতৃতনয়স্য পুরুকুৎসস্য বংশং বক্তুং কথাং প্র-স্তৌতি, রসাতল ইত্যাদিনা বরং দদুরিত্যন্তেন। মুনেঃ কশ্যপ-

পত্ন্যাঃ পুত্রাশ্চিত্রসেনাদ্যাঃ। অপহৃতানি প্রধানরত্নানি আধি-পত্যঞ্চ যেষাং তান্যক্রিয়ন্ত ॥ ৬ ॥ তৈর্ভগবান্ স্তুত ইতি শেষঃ। অর্থাৎ তেষাং স্তবশ্রবণেন উন্মীলিতে উদ্ভিন্নে পুণ্ডরীকে ইব নয়নে যস্য। জলশয়নঃ ক্ষীরাব্ধিশায়ী। ঐকপদ্যপাঠে, জলশয়নরূপা যা নিদ্রা তস্যা অবসানাৎ। অবসানে ইতি বা পাঠঃ। বিবুদ্ধঃ সন্। অপি কিং গন্ধর্ব্বেভ্যো যদ্ভয়ং তদুপশমমেষ্যতীতি, প্রণিপত্য তৈরভিহিতো ভগবান্ মান্ধাতুঃ পুরুকুৎসঃ পুত্রস্তমহমনুপ্রবিশ্য গন্ধর্ব্বানুপশমং নয়িষ্যামীত্যাহেত্যন্বয়ঃ। নয়তেরিড়াগম আর্ষঃ। নেষ্যামীতি বা পাঠঃ ॥ ৭ ॥

নর্ম্মদাং স্বভগিনীং পুরুকুৎসস্য ভার্য্যাম্। “নর্ম্মদা ভ্রাতৃভির্দ্দত্তা পুরুকুৎসায় যোরগৈঃ। তয়া রসাতলং নীতো ভুজগেন্দ্রপ্রযুক্তয়া॥” ইতি শুকোক্তেঃ ॥ ৮ ॥ আপ্যায়িত আত্মা দেহো বীর্য্যঞ্চ বলং যস্য সঃ ॥ ৯ ॥ অত্র চ নামগ্রহণপ্রকারে পুনর্নর্ম্মদেত্যাদি অহ্নি নিশি বা উচ্চার্য্যম্ গর্ভগৃহে অন্যত্র বা অন্ধকারে প্রবেশে বাপি সর্পৈর্ন দশ্যতে ॥ ১০ ॥ কৃতানুস্মরণং নর্ম্মদাস্মরণপূর্ব্বকং অন্নাদি ভুঞ্জানস্য ॥ ১১ ॥ পুরুকুৎসস্য সন্ততিং বক্ষ্যন্ তদুপযুক্তং বরদান-মাহ, পুরুকুৎসায়েতি ॥ ১২ ॥

অপ্রোক্ষিতভক্ষণ-গুরুধেনু-বধ-পিত্রাজ্ঞালঙ্ঘন-রূপৈস্ত্রিভিঃ শঙ্কু-ভিরিব হৃদি ব্যথাহেতুভিস্ত্রিশঙ্কুসংজ্ঞামবাপ। তথাচ হরিবংশে “পিতুশ্চাপরিতোষেণ গুরোর্দ্দোগ্ধ্রীবধেন চ। অপ্রোক্ষিতোপযো-গাচ্চ ত্রিবিধস্তে ব্যতিক্রমঃ॥ এবং ত্রীণ্যস্য শঙ্কূনি তানি দৃষ্ট্বা মহাযশাঃ। ত্রিশঙ্কুরিতি হোবাচ ত্রিশঙ্কুস্তেন স স্মৃতঃ॥” ইতি। পরিণীয়মানবিপ্রকন্যাহরণাৎ ক্রুদ্ধেন পিত্রা শপ্তশ্চাণ্ডালতামুপাগ-তশ্চ। বিশ্বামিত্রকলত্রাপত্যপোষণার্থং কলত্রাদিপোষণনিমিত্তং সাক্ষাৎ চাণ্ডালপ্রতিগ্রহপরিহারায় বন্যন্যগ্রোধে বটবৃক্ষে ববন্ধ ॥ ১৩ ॥ তৎ শ্রুত্বা পরিতুষ্টেন স্বর্গমারোপিতস্ত্রিশঙ্কুঃ ॥ ১৪ ॥ অন্তর্ব্বত্ন্যা গর্ভিণ্যাঃ ॥ ১৫ ॥

শ্চকার, তস্মাৎ তস্যাপি দেহঃ পতিতো ভবিষ্যতীতি *
প্রতিশাপং দত্ত্বা দেহমত্যজৎ ॥ ৫ ॥

তস্মাচ্ছাপাচ্চ † মিত্রাবরুণয়োস্তেজসি বশিষ্ঠতেজঃ প্রবিষ্টম্ উর্ব্বশীদর্শনাদুদ্ভূতবীর্য্যপ্রপাতয়োঃ সকাশাৎ বশিষ্ঠো দেহমপরং লেভে ॥ ৬ ॥

নিমেরপি তচ্ছরীরমতিমনোহরং তৈলগন্ধাদিভিরুপস্ক্রিয়মাণং, নৈব ক্লেদাদিকং দোষমবাপ, সদ্যোমৃতমিব তস্থৌ ॥ ৭॥

যজ্ঞসমাপ্তৌ চ ভাগগ্রহণায়াগতান্ দেবান্ ঋত্বিজ ঊচুঃ, যজমানায় বরো দীয়তাম্ ইতি। দেবৈশ্ছন্দিতো নিমিরাহ ॥ ৮ ॥

গুরুরও দেহ পতন হইবে। রাজা এই কথা বলিয়া প্রতিশাপ প্রদান পূর্ব্বক দেহত্যাগ করিলেন।[৫] রাজার এই শাপ হেতু বশিষ্ঠতেজ, মিত্রাবরুণের তেজে অনুপ্রবিষ্ট হইল। পরে, উর্ব্বশী দর্শনে মিত্রাবরুণের রেতঃপাত হইলে তাহাতে বশিষ্ঠ, অপর দেহ ধারণ করিলেন।[৬] নিমির শরীরও (জীবিত দেহের ন্যায়) অতিমনোহর থাকিল। তৈল গন্ধদ্রব্য প্রভৃতিদ্বারা পরিচর্য্যা হওয়াতে ঐ শরীর ক্লেদাদি দোষে দুষিত হইল না, সদ্যোমৃতের ন্যায় থাকিল। ৭

যজ্ঞ সমাপ্তি হইলে যজ্ঞভাগ গ্রহণার্থ দেবগণ যখন যজ্ঞস্থলে উপস্থিত হইলেন, তখন ঋত্বিক্‌গণ কহিলেন, আপনারা যজমানকে বর প্রদান করুন। পরে দেবতারা বরপ্রার্থনার্থ নিমিকে

*তস্যাপি দেহঃ পতিষ্যতীতি ইতি পাঠান্তরম্।
† তচ্ছাপাচ্চ ইতি বা পাঠ্যতাম্।

ভগবন্তোঽখিলসংসারদুঃখসঞ্জাতস্য ছেত্তারো ন হ্যেতাবজ্জগত্যন্যৎ দুঃখমস্তি, যচ্ছরীরাত্মনোর্ব্বিয়োগো ভবতি, তদহমিচ্ছামি সকললোকলোচনেষু বস্তুম্, ন পুনঃ শরীরগ্রহণং কর্ত্তুম্। ইত্যুক্তে দেবৈরসাবশেষভূতানাং নেত্রেষু আসাং কারিতঃ ॥ ৯ ॥

ততো ভূতান্যুন্মেষনিমেষং চক্রুঃ। অপুত্রস্য চ তস্য ভূভুজঃ শরীরমরাজকভীরবস্তে মুনয়োঽরণ্যাং মমন্থুঃ ॥ ১০ ॥

তত্র কুমারো যজ্ঞে। জননাজ্জনকসংজ্ঞাঞ্চাসাববাপ ॥ ১১ ॥

অভূদ্বিদেহোঽস্য পিতেতি বৈদেহো মথনান্মিথির-

অনুমতি করিলে নিমি কহিলেন।[৮] আপনারা সংসারের সমুদায় দুঃখপরম্পরা ধ্বংস করিয়া থাকেন। এই জগতের মধ্যে শরীরের সহিত আত্মার বিয়োগজনিত, দুঃখের সদৃশ অন্য কোন দুঃখ নাই। অতএব আমার ইচ্ছা যে, আমি সকল লোকের লোচনে অবস্থান করি, পুনর্ব্বার শরীর পরিগ্রহ করিতে আমার অভিলাষ নাই। নিমি এইরূপ প্রার্থনা করিলে দেবতারা সকল জীবের নেত্রে তাঁহার বাসস্থান করিয়া দিলেন।[৯] সেই অবধি সমুদায় প্রাণীর চক্ষুতে নিমিষ হইল।

অনন্তর মুনিগণ পৃথিবীর অরাজকতা ভয়ে ভীত হইয়া সেই অপুত্র রাজার শরীর অরণীতে* মন্থন করিলেন। তাহাতে একটী কুমার উৎপন্ন হইল। জনন অর্থাৎ জন্মহেতু ঐ পুত্র জনক এই নাম প্রাপ্ত হইল।[১১] ঐ জনক বিদেহের পুত্র, এই জন্য বৈদেহ

* অরণী—অগ্নি উৎপাদন জন্য যে কাষ্ঠ মথিত করিতে হয়। ১০

ভূৎ। তস্যোদাবসুঃ পুত্রোঽভূৎ। ততো নন্দিবর্দ্ধনঃ,(১) তস্মাৎ সুকেতুঃ, তস্যাপি দেবরাতঃ(২) ততশ্চ বৃহদুক্‌থঃ(৩), তস্য চ মহাবীর্য্যঃ, তস্যাপি সত্যধৃতিঃ(৪), ততশ্চ ধৃষ্টকেতুঃ, ধৃষ্টকেতোর্হর্য্যশ্বঃ, তস্য চ মরুঃ, মরোঃ প্রতিবন্ধকঃ, তস্মাৎ কৃতরথঃ(৫), তস্মাৎ কৃতিঃ (৬), তস্য বিবুধঃ, তস্যাপি মহাধৃতিঃ, তস্য চ কৃতিরাতঃ, ততো মহারোমা, ততঃ সুবর্ণরোমা, তস্যাপি পুত্রো হ্রস্বরোমা, (৭) ততঃ সীরধ্বজোঽভূৎ।

নামে বিখ্যাত হইলেন। মন্থন দ্বারা তাঁহার জন্ম হইয়াছিল, এই জন্য তিনি মিথি নামেও বিশ্রুত হন। রাজা জনকের একটী পুত্র হইল, তাহার নাম উদাবসু। উদাবসুর পুত্র নন্দিবর্দ্ধন, নন্দিবর্দ্ধনের পুত্র সুকেতু, (কেতু) সুকেতুর পুত্র দেবরাত, দেবরাতের পুত্র বৃহদ্রথ, (বৃহদুক্‌থ) বৃহদ্রথের পুত্র মহাবীর্য্য, মহাবীর্য্যের পুত্র সুধৃতি, (সত্যধৃতি) সুধৃতির পুত্র ধৃষ্টকেতু, ধৃষ্টকেতুর পুত্র হর্য্যশ্ব, হর্য্যশ্বের পুত্র মরু, মরুর পুত্র প্রতিবন্ধক, প্রতিবন্ধকের পুত্র কৃতরথ, (কৃতিরথ) কৃতরথের পুত্র কৃতি, (দেবামীঢ়) কৃতির পুত্র বিবুধ, বিবুধের পুত্র মহাধৃতি, মহাধৃতির পুত্র কৃতিরাত, কৃতিরাতের পুত্র মহারোমা, মহারোমার পুত্র সুবর্ণরোমা, সুবর্ণ-

(১) উদাবসোর্নন্দিবর্দ্ধন ইতি বা পঠনীয়ম্।

(২) ততঃ কেতুঃ, তস্মাচ্চ দেবরাতঃ ইতি কেচিৎ পঠন্তি।

(৩) ততশ্চ বৃহদ্রথ ইতি বা পাঠ্যম।

(৪) তস্যাপি সুধৃতিরিতি পাঠান্তরম্।

(৫) তস্মাৎ কৃতিরথঃ ইতি বা পঠনীয়ম্।

(৬) কৃতের্দেবামীঢ় ইত্যপি নাম দৃশ্যতে।

(৭) হ্রস্বরোমা ইতি নামান্তরম্

তস্য পুত্রার্থং যজনভুবং কৃষতঃ সীরে সীতা দুহিতা সমুৎপন্নাসীৎ। সীরধ্বজস্য ভ্রাতা 'সাং'কাশ্যাধিপতিঃ কুশধ্বজনামা। সীরধ্বজস্যাপত্যং ভানুমান্॥ ১২॥

ভানুমতঃ শতদ্যুম্নঃ, তস্য শুচিঃ, তস্মাদূর্জ্জবহো নাম(১) পুত্রো যজ্ঞে। তস্যাপি সত্যধ্বজঃ(২), ততঃ কুনিঃ, (ক্রুণিঃ) কুনেরঞ্জনঃ, তৎপুত্রঃ ঋতুজিৎ (৩),

রোমার পুত্র হ্রস্বরোমা, (ভুস্বরোমা) হ্রস্বরোমার পুত্র স্বীরধ্বজ। এই সীরধ্বজ যখন পুত্র কামনায় যাগ করেন, সেই সময় ভূমি কর্ষণ করিতে করিতে তাঁহার সীরে (লাঙ্গলাগ্রে) সীতা নাম্নী কন্যা উৎপন্না হইয়াছিলেন। সীরধ্বজের ভ্রাতার নাম কুশধ্বজ। ইনি কাশীর অধিপতি ছিলেন। সীরধ্বজের পুত্রের নাম ভানুমান্।[১২] ভানুমানের পুত্র শতদ্যুম্ন, শতদ্যুম্নের পুত্র শুচি, শুচির পুত্র ঊর্জ্জবহ, (ঊর্জ্জবাহু) ঊর্জ্জবহ হইতে সত্যধ্বজ, (ভারদ্বাজ) সত্যধ্বজ হইতে কুনি, (ক্রুণি) কুনি হইতে অঞ্জন, অঞ্জন হইতে ঋতুজিৎ (ক্রতুজিৎ বা কৃতুজিৎ) ঋতুজিৎ

---

(১) তস্মাচ্চোর্জ্জবাহুর্নাম ইতি বা পঠ্যতাম্।

(২) তস্যাপি ভারদ্বাজ ইতি পাঠান্তরম্।

(৩) ক্রতুজিৎ, অথবা কৃতুজিৎ ইতি বিভিন্নঃ পাঠঃ।

সংস্কৃত বিদ্যালয়ের পুস্তক ও আর দুই একখানি পুস্তকে আছে যে, কুশধ্বজ কাশীর অধিপতি ছিলেন। শ্রীযুক্ত রাজা কমলকৃষ্ণ বাহাদুরের পুস্তকে এবং শ্রীযুক্ত বাবু বরদাপ্রসাদ বসাক মহাশয়ের পুস্তকে এরূপ আছে যে, কুশধ্বজ সাঙ্কাশ্যের অধিপতি। পণ্ডিত উইল্‌শন্ সাহেব যুক্তি প্রদর্শন পূর্ব্বক নিরূপণ করিয়াছেন যে, তিনি কাশীর অধীশ্বর ছিলেন। রামায়ণে লিখিত আছে, কুশধ্বজ সাঙ্কাশ্যের রাজা। ভাগবতে আছে যে, সীরধ্বজের পুত্রের নাম কুশধ্বজ। ১২

ততোঽরিষ্টনেমিঃ, তস্মাৎ শ্রুতায়ুঃ*, ততঃ সূর্য্যাশ্বঃ‡, তস্মাৎ সঞ্জয়ঃ, (সংনয়ঃ) ততঃ ক্ষেমারিঃ, তস্মাদনেনাঃ, তস্মান্মীনরথঃ, (মানরথঃ) তস্য সত্যরথঃ, তস্য সাত্যরথিঃ, সাত্যরথেরুপগুঃ, তস্মাৎ শ্রুতঃ, (উপগুপ্তঃ,) তস্মাৎ শাশ্বতঃ, তস্মাৎ সুধন্বা (সুবর্চ্চাঃ) তস্যাপি সুভাসঃ, ততঃ সুশ্রুতঃ, তস্মাজ্জয়ঃ, জয়পুত্রো বিজয়ঃ, তস্য ঋতঃ, ঋতাৎ সুনয়ঃ, ততো বীতহব্যঃ, তস্মাৎ সঞ্জয়ঃ, তস্মাৎ (ক্ষেমাশ্বঃ, তস্মাৎ) ধৃতিঃ, ধৃতের্ব্বহুলাশ্বঃ, তস্য পুত্রঃ কৃতিঃ, কৃতৌ সন্তিষ্ঠতেঽয়ং জনকবংশঃ ॥ ১৩ ॥

হইতে অরিষ্টনেমি, অরিষ্টনেমি হইতে শ্রুতায়ু, (শতায়ু) শ্রুতায়ু হইতে (শ্রুতায়ুধ, শ্রুতায়ুধ হইতে) সুপার্শ্ব, (সূর্য্যাশ্ব) সুপার্শ্ব হইতে সঞ্জয়, (সংনয়) সঞ্জয় হইতে ক্ষেমারি, ক্ষেমারি হইতে অনেনা, অনেনা হইতে মীনরথ, (মানরথ) মীনরথ হইতে সত্যরথ, সত্যরথ হইতে সাত্যরথি, সাত্যরথি হইতে উপগু, উপগু হইতে শ্রুত, (উপগুপ্ত) শ্রুত হইতে শাশ্বত, শাশ্বত হইতে সুধন্বা, (সুবর্চ্চাঃ) সুধন্বা হইতে সুভাস, (শুভাস বা সুভাষ) সুভাস হইতে সুশ্রুত, সুশ্রুত হইতে জয় উৎপন্ন হইয়াছিলেন। জয়ের পুত্র বিজয়, বিজয়ের পুত্র ঋত, ঋতের পুত্র সুনয়, সুনয়ের পুত্র বীতহব্য, বীতহব্যের পুত্র সঞ্জয়, সঞ্জয়ের পুত্র (ক্ষেমাশ্ব, ক্ষেমাশ্বের পুত্র) ধৃতি, ধৃতির পুত্র বহুলাশ্ব, বহুলাশ্বের পুত্র কৃতি। এই কৃতি পর্য্যন্ত জনকবংশের

---

* তস্মাৎ শতায়ুরিতি বা পঠনীয়ম্।

‡ তস্মাৎ শ্রুতায়ুঃ, ততঃ শ্রুতায়ুধঃ, ততঃ সুপার্শ্ব ইতি বা পাঠঃ।

ইত্যেতে মৈথিলাঃ। প্রাচুর্য্যেণ এতেষামাত্মবিদ্যা-শ্রয়িণো ভূপালা ভবিষ্যন্তীতি ॥ ১৪ ॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে চতুর্থেঽংশে
পঞ্চমোঽধ্যায়ঃ।

শেষ হইয়াছে। ইঁহারা মিথিলার রাজা। এই বংশের মধ্যে অধিকাংশ রাজাই আত্মতত্ত্বজ্ঞ।[১৩]

বিষ্ণুপুরাণ চতুর্থ অংশ নিমিবংশবিস্তার নামক
পঞ্চম অধ্যায় সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

চতুর্থোহংশঃ।

ষষ্ঠাধ্যায়ঃ।

মৈত্রেয় উবাচ।

সূর্য্যস্য ভগবন্ বংশঃ কথিতো ভবতা মম।
সোমস্য বংশে ত্বখিলান্ শ্রোতুমিচ্ছামি পার্থিবান্॥১॥
কীর্ত্ত্যতে স্থিরকীর্ত্তীনাং যেষামদ্যাপি সন্ততিঃ।
প্রসাদসুমুখস্তন্মে ব্রহ্মন্নাখ্যাতুমর্হসি॥ ২॥

পরাশর উবাচ।

শ্রূয়তাং মুনিশার্দূল! বংশঃ প্রথিততেজসঃ।
সোমস্যানুক্রমাৎ খ্যাতা যত্রোর্ব্বীপতয়োঽভবন্॥৩

মৈত্রেয় কহিলেন। ভগবন্! আপনি আমার নিকট সমুদায় সূর্য্যবংশ বিবরণ কহিলেন, এক্ষণে চন্দ্রবংশীয় সমুদায় ভূপাল-দিগের বৃত্তান্ত শ্রবণ করিতে অভিলাষ করি।[১] ব্রহ্মন্! এই সমুদায় দৃঢ়কীর্ত্তি ভূপতিগণের বংশীয়েরা অদ্যাপি খ্যাতি প্রতি-পত্তি লাভ করিতেছেন। আপনি প্রসন্নবদন হইয়া তাঁহাদের বিবরণ বর্ণন করুন।[২]

পরাশর কহিলেন। মহর্ষে! চন্দ্রবংশ বিবরণ যথাক্রমে বলি-

অয়ং হি বংশোঽতিবলপরাক্রমদ্যুতিশীল-চেষ্টা-বদ্ভিরতিগুণান্বিতৈর্নহুষ-যযাতি-কার্ত্তবীর্য্যার্জ্জুনাদিভির্ভূপালৈরলঙ্কৃতঃ ॥ ৪ ॥

তমহং কথয়ামি, শ্রূয়তাম্, অখিলজগৎস্রষ্টুর্ভগবন্নারায়ণ-নাভিসরোজিনী-সমুদ্ভবাজযোনের্ব্রহ্মণঃ পুত্রোঽত্রিঃ, অত্রেঃ সোমঃ, তঞ্চ ভগবানজযোনিরশেষৌষধি-দ্বিজ-নক্ষত্রাণামাধিপত্যেঽভ্যষেচয়ৎ ॥ ৫ ॥

স চ রাজসূয়মকরোৎ। তৎপ্রভাবাদত্যুৎকৃষ্টাধিপত্যাধিষ্ঠাতৃত্বাচ্চৈনং মদ আবিবেশ* ॥ ৬ ॥

তেছি, শ্রবণ কর। এই বংশে অসীমতেজঃসম্পন্ন বিখ্যাত ভূপালগণ জন্ম পরিগ্রহ করিয়াছিলেন। [৩]

মহাবল পরাক্রান্ত তেজঃসম্পন্ন সুশীল উদ্যোগ-শালী অশেষ-গুণ-সম্পন্ন নহুষ যযাতি কার্ত্তবীর্য্য অর্জ্জুন প্রভৃতি ভূপালগণ কর্ত্তৃক এই বংশ অলঙ্কৃত হইয়াছে। [৪] আমি এতদ্বংশ বৃত্তান্ত বলিতেছি, শ্রবণ কর।

নিখিল জগতের সৃষ্টিকর্ত্তা ভগবান্ নারায়ণের নাভিসরোজিনী হইতে সমুৎপন্ন পদ্মযোনি ব্রহ্মার পুত্র অত্রি। অত্রি হইতে সোম উৎপন্ন হইয়াছিলেন। ভগবান্ পিতামহ তাঁহাকে সমুদায় ওষধি, সমুদায় দ্বিজ ও সমুদায় নক্ষত্রের অধিপতি করিলেন। [৫] অনন্তর চন্দ্র রাজসূয় যজ্ঞ করেন। সেই রাজসূয় যজ্ঞ প্রভাবে এবং সর্ব্বপ্রধান আধিপত্যে প্রতিষ্ঠিত ছিলেন বলিয়া, তাঁহার অন্তঃকরণ দর্পপূর্ণ হইল। [৬] তিনি অহঙ্কারে মত্ত হইয়া সমুদায়

---

* মদস্ত্বাবিবেশ ইতি পাঠান্তরম্ ।

মদাবলেপাচ্চাসৌ সকলদেবগুরোর্বৃহস্পতেস্তারাং নাম পত্নীং জহার ॥ ৭ ॥

বহুশশ্চ বৃহস্পতিচোদিতেন ভগবতা ব্রহ্মণা চোদ্যমানঃ সকলৈশ্চ দেবর্ষিভির্যাচ্যমানোঽপি ন মুমোচ। তস্য হি বৃহস্পতিদ্বেষাদুশনাঃ পার্ষ্ণিগ্রাহোঽভবৎ ॥ ৮ ॥

অঙ্গিরসশ্চ সকাশোপলব্ধবিদ্যো ভগবান্ রুদ্রো বৃহস্পতেঃ সাহায্যমকরোৎ ॥ ৯ ॥

যতশ্চোশনাঃ, ততো হি জম্ভকুজম্ভাদ্যাঃ সমস্তাএব দৈত্যদানবনিকায়া মহান্তমুদ্যমং চক্রুঃ। বৃহস্পতেরপি সকলদেবসৈন্যসহায়ঃ শক্রোঽভবৎ॥ ১০ ॥

এবঞ্চ তয়োরতীবোগ্রঃ সংগ্রামস্তারকানিমিত্তস্তার-

দেবগণের গুরু বৃহস্পতির ভার্য্যা তারাকে হরণ করিলেন।[৭] অনন্তর বৃহস্পতি কর্ত্তৃক পুনঃপুনঃ প্রার্থিত ভগবান্ ব্রহ্মা, অনুরোধ করিলেন, সমুদায় দেবর্ষিগণ যাচ্ঞা করিলেন, তথাপি সোম, বৃহস্পতির ভার্য্যাকে ছাড়িয়া দিলেন না। শুক্রের সহিত বৃহস্পতির শক্রতা থাকাতে শুক্র, চন্দ্রের সহায় হইলেন।[৮] ভগবান্ রুদ্র, অঙ্গিরার নিকট বিদ্যা শিক্ষা করিয়া বৃহস্পতির সহায্য করিতে লাগিলেন।[৯] শুক্র যে পক্ষে থাকিলেন, সেই পক্ষে জম্ভ কুজম্ভ প্রভৃতি সমুদায় দানবগণ থাকিয়া সংগ্রামার্থ মহান্ উদ্যোগ করিতে লাগিল। এ দিকে সমুদায় দেবসৈন্য সহিত দেবরাজ, বৃহস্পতির সহায় হইলেন।[১০]

এইরূপে বৃহস্পতি-পত্নী তারকার নিমিত্ত উভয় পক্ষের ঘোরতর সংগ্রাম হইতে লাগিল। তারকার নিমিত্ত এই যুদ্ধ

কাময়ো নামাভবৎ। ততশ্চ সমস্তশস্ত্রাণ্যসুরেষু রুদ্র-পুরোগমা দেবা দেবেষু চাশেষদানবা* মুমুচুঃ ॥ ১১ ॥

এবঞ্চ দেবাসুরাহবক্ষোভক্ষুব্ধহৃদয়মশেষমেব জগদ্ ব্রহ্মাণং শরণং জগাম ॥ ১২ ॥

ততশ্চ ভগবানপ্যুশনসং শঙ্করমসুরান্ দেবাংশ্চ নি-বার্য্য বৃহস্পতেস্তারামদাৎ †। তাঞ্চান্তঃপ্রসবামবলোক্য বৃহস্পতিরাহ ॥ ১৩ ॥

নৈষ মম ক্ষেত্রে ভবত্যান্যসুতো ধার্য্যস্তদুৎসৃজৈন-মলমতিধার্ষ্ট্যেনেতি। সা চ তেনৈবমুক্তা পতিব্রতা ‡ ভর্ত্তৃ-বচনাৎ তমীষিকাস্তম্বে গর্ভমুৎসসর্জ্জ। ॥ ১৪ ॥

হওয়াতে ইহা তারকাময় সংগ্রাম নামে বিখ্যাত হইল। অনন্তর রুদ্র প্রভৃতি দেবগণ, অসুরগণের প্রতি, এবং সমুদায় অসুরগণ দেবগণের প্রতি সমুদায় অস্ত্র পরিত্যাগ করিতে লাগিল।[১১] এইরূপে দেবাসুরের ভীষণ সংগ্রাম উপস্থিত হইলে সমুদায় লোক ক্ষুব্ধ হইয়া ব্রহ্মার শরণাপন্ন হইল।[১২] তখন ভগবান্ ব্রহ্মা, শুক্রকে রুদ্রক অসুরগণকে এবং দেবগণকে যুদ্ধ করিতে নিবারণ করিয়া বৃহস্পতির পত্নী তারাকে লইয়া বৃহস্পতির নিকট সমর্পণ করিলেন। বৃহস্পতি, ভার্য্যাকে গর্ভবতী দেখিয়া কহিলেন,[১৩] তুমি আমার ক্ষেত্রে অন্যের বীজ বা অন্যের পুত্র ধারণ করিতে পারিবে না, অতএব তুমি এখনি এই গর্ভ পাতন কর, আর অধিক ধার্ষ্ট্য প্রকাশের আবশ্যক নাই। তারা

* দেবেষ্বশেষদানবা ইতি পুস্তকান্তরস্য পাঠঃ।

† বৃহস্পতয়ে তারামদদৎ ইতি পুস্তকান্তরস্য পাঠঃ।

‡ তেনৈবমুক্তাতিপতিব্রতা ইতি পাঠান্তরম্।

স চোৎসৃষ্টমাত্র এবাতিতেজসা দেবানাং তেজাংস্যাচিক্ষেপ ॥ ১৫ ॥

বৃহস্পতিমিন্দুং চ তস্য কুমারস্যাতিচারুতয়া সাভিলাষৌ দৃষ্ট্বা দেবাঃ সমুৎপন্নসন্দেহাস্তারাং পপ্রচ্ছুঃ, সত্যং কথয়াস্মাকমতিসুভগে! কস্যায়মাত্মজঃ? সোমস্যাথ বৃহস্পতেঃ? ইত্যুক্তাপি সা তারা হ্রিয়া ন কিঞ্চিদুবাচ ॥ ১৬ ॥

বহুশোঽপ্যভিহিতা যদাসৌ দেবেভ্যো নাচচক্ষে,

অতিশয় পতিব্রতা ছিলেন (তিনি পতির অভিপ্রায়ের বিরুদ্ধ কোন কার্য্যই করিতেন না।) সুতরাং তিনি পতির মুখে এই বাক্য শ্রবণ করিয়া তদীয় আজ্ঞানুসারে সেই গর্ভ ঈষিকাস্তম্বে পরিত্যাগ করিলেন।[১৪] গর্ভস্থ বালক, পরিত্যক্ত হইবামাত্র স্বীয় তেজোরাশি দ্বারা দেবগণের তেজ অভিভব করিল।[১৫]

অনন্তর দেবগণ, দেখিলেন যে, বৃহস্পতি ও চন্দ্র, উভয়েই বালকের সৌন্দর্য্য দর্শনে (মুগ্ধ হইয়া গ্রহণ করিতে) লোলুপ হইয়াছেন। তখন সেটী কাহার পুত্র, এ বিষয়ে সন্দিহান হইয়া তারাকে জিজ্ঞাসা করিলেন, সুন্দরি! এই সন্তানটী কাহার? আমাদের নিকট সত্য করিয়া বল। এই পুত্রটী বৃহস্পতির বা সোমের, কাহার? তাহা বল। দেবতারা এই কথা জিজ্ঞাসা করিলে তারা লজ্জা ক্রমে কিছুই বলিলেন না।[১৬] অনন্তর দেবগণ পুনঃপুনঃ জিজ্ঞাসা করিলেও যখন তারা দেবগণের নিকট

ঈষিকাস্তম্ব—বীরণস্তম্ব, তৃণবিশেষের ঝাড়। অমরকোষের টীকাকার বলেন, শরণ পালাইয়া যে আধারে ঢাকা যায়, তাহাকেও ঈষিকা বলা যাইতে পারে। [illegible]

ততঃ স কুমারস্তাং* শপ্তুমুদ্যতঃ, প্রাহ চ, দুষ্টে! অম্ব! কস্মান্মম তাতং নাখ্যাসি? অদ্যৈব তেঽলীক-লজ্জাবত্যাঃ শাস্তিময়মহং করোমি, যথা নৈবমন্যাপ্যতিমন্থরবচনা ভবতীতি †॥ ১৭॥

অথ ভগবান্ পিতামহস্তং কুমারং সংনিবার্য্য স্বয়-মপৃচ্ছৎ তারাম্, কথয় বৎসে! কস্যায়মাত্মজঃ? সোম-স্যাথ বৃহস্পতেঃ? ইত্যুক্তা লজ্জাজড়মাহ, সোমস্যেতি ॥ ১৮॥

ততঃ স্ফুরদুচ্ছ্বসিতামলকপোলকান্তির্ভগবানুড়ুপতি-

কোন কথাই কহিলেন না, তখন বালক জননীকে শাপ প্রদান করিতে উদ্যত হইয়া কহিল, দুষ্টে! মাতঃ! আমার পিতা কে? কিজন্য তুমি প্রকাশ করিতেছ না? আমি অদ্যই তোমার এই অলীক লজ্জার শাস্তি প্রদান করিতেছি, এবং এরূপ করি-তেছি যে, যাহাতে অন্য কোন নারীই ঈদৃশ মন্থরভাষিণী না হয়।[১৭] অনন্তর ভগবান্ পিতামহ, সেই কুমারকে শাপপ্রদান করিতে নিষেধ করিয়া আপনি গিয়া তারাকে জিজ্ঞাসা করিলেন, বৎসে! এইটী সোমের পুত্র? বা বৃহস্পতির পুত্র? কাহার পুত্র? বল। পিতামহ এই কথা জিজ্ঞাসা করিলে তারা, লজ্জায় জড়িত বাক্যে কহিলেন, এইটী সোমের।[১৮]

তারা এই কথা বলিবামাত্র ভগবান্ উড়ুপতি চন্দ্রের কপোল-কান্তি উজ্জ্বল হইল। তাঁহার আহ্লাদের আর পরিসীমা থাকিল

---

*ততশ্চ কুমারস্তাম্ ইতি কেচিৎ পঠন্তি।

† ভবিষ্যতীতি পৃথক পাঠঃ।

স্তমালিঙ্গ্য কুমারং সাধু সাধু বৎস! প্রাজ্ঞোঽসীতি বুধ ইতি নাম চক্রে ॥ ১৯ ॥

স চ, আখ্যাতমেবৈতৎ, যথেলায়ামাত্মজং পুরূরব-সমুৎপাদয়ামাস।

পুরূরবাস্তুতিদানশীলোঽতিযজ্বা অতিতেজস্বী। যং সত্যবাদিনমতিরূপবন্তং মিত্রাবরুণশাপাম্মানুষে লোকে ময়া বস্তব্যম্ ইতি কৃতমতিরুর্ব্বশী দদর্শ ॥ ২০ ॥

দৃষ্টমাত্রে চ যস্মিন্, অপহায় মানমশেষমপাস্য স্বর্গসুখাভিলাষং তন্মনা ভূত্বা তমেবোপতস্থে ॥ ২১ ॥

সোঽপি চ তামতিশয়িত-সকললোকস্ত্রীকান্তি-

না। তিনি তখন বালককে আলিঙ্গন করিয়া কহিলেন, বৎস! সাধু, বৎস! সাধু, তুমি প্রাজ্ঞ, তুমি বুধ। চন্দ্র এই কথা বলিয়া তাঁহার বুধ এই নাম রাখিলেন।[১৯]

এই বুধ হইতে ইলার গর্ভে যে রূপে পুরূরবার জন্ম হইয়াছিল, তাহা পূর্ব্বে বলিয়াছি। পুরূরবা, অতিদানশীল অতিযজ্বা অতিতেজস্বী ও সত্যভাষী ছিলেন। উর্ব্বশী নামে অপ্সরাঃ, মিত্রাবরুণের শাপে মনুষ্যলোকে বাস করিতে হইবে জানিয়া (পৃথিবীতলে আগমন করিয়া) সেই অলোক-সামান্য রূপনিধান পুরূরবাকে দর্শন করিলেন।[২০] উর্ব্বশী রাজাকে দেখিবামাত্র অভিমান ও সমুদায় স্বর্গসুখাভিলাষ পরিত্যাগ পূর্ব্বক তন্মনা হইয়া তাঁহার নিকট উপস্থিত হইলেন।[২১] রাজাও উর্ব্বশীকে সমুদায় রমণীগণের মধ্যে সমধিক কান্তিমতী সৌকুমার্য্যশালিনী

সৌকুমার্য্যলাবণ্যাতিবিলাসহাসাদিগুণামবলোক্য তদায়ত্তচিত্তবৃত্তির্ব্বভূব ॥ ২২ ॥

উভয়মপি তন্মনস্কমনন্যদৃষ্টি পরিত্যক্তসমস্তান্যপ্রয়োজনমভূৎ (১) ॥ ২৩ ॥

রাজা তু প্রাগল্‌ভ্যাৎ তমাহ ॥ ২৪ ॥

সুভ্রু! ত্বামহমভিকামোঽস্মি প্রসীদানুরাগমুদ্বহ (২) ইত্যুক্তা লজ্জাবখণ্ডিতমুর্ব্বশী প্রাহ ॥ ২৫ ॥

ভবত্বেবং, যদি মে সময়পরিপালনং ভবান্ করোতীতি ॥ ২৬ ॥

আখ্যাহি মে সময়মিত্যথ পৃষ্টা পুনরব্রবীৎ ॥২৭॥

লাবণ্যবতী ও বিলাস হাস প্রভৃতি গুণ সম্পন্না দেখিয়া এক কালে অপহৃত-চিত্ত হইয়া পড়িলেন [২২] এই স্ত্রী পুরুষ উভয়েই, তদ্গতহৃদয় ও অনন্যদৃষ্টি হইয়া থাকিলেন, অন্য কোন আবশ্যক কর্ম্মেও তাঁহাদের মনোনিবেশ হইল না। [২৩]

অনন্তর রাজা প্রগল্‌ভতা হেতু কহিলেন, [২৪] সুভ্রু! আমি তোমার প্রতি সাতিশয় অভিলাষী হইয়াছি, প্রসন্ন হও, আমার প্রতি অনুরাগ প্রকাশ কর। রাজা এইরূপ অভিপ্রায় ব্যক্ত করিলে উর্ব্বশী, লজ্জাবশত প্রথমত তাঁহার বাক্য খণ্ডন পূর্ব্বক পরে সম্মতা হইয়া কহিলেন।[২৫] যদি তুমি আমার পণ রক্ষা করিতে পার, তাহা হইলে আমি তোমার সহবাসে থাকিতে সম্মতা আছি।[২৬] রাজা জিজ্ঞাসা করিলেন, তোমার কিরূপ পণ?

(১)—প্রয়োজনমগাসীৎ ইতি কেচিৎ পঠন্তি।

(২) ত্বামহমভিকামোঽস্মি, প্রসীদ, অনুরাগবতি! অনুরাগমুদ্বহ ইতি পুস্তকান্তরেষু পাঠঃ।

শয়নসমীপে মমোরণকদ্বয়ং পুত্রভূতং নাপনেয়ম্ ॥ ২৮ ॥

ভবাংশ্চ ময়া নগ্নো ন দ্রষ্টব্যঃ, ঘৃতমাত্রঞ্চ মমাহারঃ। ইত্যেবমেবেতি ভূপতিরাহ। তয়া চ সহাবনীপতিরলকায়াং চৈত্ররথাদিবনেষু অমলপদ্মখণ্ডেষু অতিরমণীয়েষু মানসাদিসরঃসু অভিরমমাণ এব ষষ্টিবর্ষসহস্রাণি অনুদিনপ্রবর্দ্ধমানপ্রমোদোঽনয়ৎ। উর্ব্বশী চ তদুপভোগাৎ প্রতিদিনপ্রবর্দ্ধমানানুরাগা অমরলোকবাসে-

তাহা বল। উর্ব্বশী পুনর্ব্বার কহিলেন,।[২৭] আমার পুত্রস্বরূপ দুইটী মেষ আমার শয্যার নিকট থাকিবে, কখন স্থানান্তর করিতে পারিবে না।[২৮] (আমার দ্বিতীয় পণ এই যে) আমি কখন আপনাকে উলঙ্গ অবস্থায় দর্শন করিব না। (আমার তৃতীয় পণ এই যে) আমি ঘৃত ভিন্ন আর কোন বস্তু আহার করিব না। (যদি এই নিয়মত্রয়ের অন্যথা হয়, আমি তৎক্ষণাৎ পরিত্যাগ করিয়া যাইব।) রাজা তাহাই হইবে বলিয়া (উর্ব্বশীর নিয়ম পালনে কৃতপ্রতিজ্ঞ হইলেন।)

অনন্তর তিনি উর্ব্বশীর সহিত অলকাতে, চৈত্ররথ প্রভৃতি উদ্যানে, অতিরমণীয় মানস প্রভৃতি সরোবরে পদ্মবনে নিরন্তর ক্রীড়া করাতে দিন দিন তাঁহার আমোদ প্রমোদ বৃদ্ধি হইতে লাগিল। এইরূপে তাঁহার ষষ্ঠি সহস্র বৎসর অতীত হইল। এই সমুদায় উপভোগ হেতু উর্ব্বশীর অনুরাগ দিন দিন পরি-

---

* অমলপদ্মখণ্ডেষু মানসাদিষু সরঃসু অভিরমমাণ একষষ্টিবর্ষাণি ইতি বাসকর্ণাঙ্কিত-পুস্তকস্য পাঠঃ।

ঽপি ন স্পৃহাং চকার। বিনা চোর্ব্বশ্যা সুরলোকোঽপ্সরসাং সিদ্ধগন্ধর্ব্বাণাঞ্চ নাতিরমণীয়োঽভবৎ ॥ ২৯ ॥

ততশ্চোর্ব্বশী-পুরূরবসোঃ সময়বিদ্বিশ্বাবসুর্গন্ধর্ব্বসমবেতো নিশি শয়নাভ্যাসাদেকমুরণকং জহার ॥৩০॥

তস্য চাকাশে নীয়মানস্যোর্ব্বশী শব্দমশৃণোৎ। আহ চ, মমানাথায়াঃ পুত্রঃ কেনাপি অয়মপহ্রিয়তে! কং শরণমুপযামীত্যাকর্ণ্য রাজা, নগ্নং মাং দেবী দ্রক্ষ্যতীতি ন যযৌ। অথান্যমপ্যুরণকমাদায় গন্ধর্ব্বা যযুঃ। তস্যাপ্যপহ্রিয়মাণস্য শব্দমাকর্ণ্য আকাশে পুনরপি,

বর্দ্ধিত হওয়াতে ক্রমশঃ স্বর্গবাসেও তাঁহার স্পৃহা রহিল না। এ দিকে অপ্সরোগণ সিদ্ধগণ ও গন্ধর্ব্বগণ দেখিলেন যে, উর্ব্বশী ব্যতিরেকে স্বর্গের আর শোভা নাই।[২৯] অনন্তর বিশ্বাবসু, উর্ব্বশী ও পুরূরবার পরস্পর নিয়ম পরিজ্ঞাত থাকাতে গন্ধর্ব্বগণের সহিত সমবেত হইয়া রাত্রিকালে উর্ব্বশীর শয্যার নিকট হইতে একটী মেষ হরণ করিলেন।[৩০] যখন গন্ধর্ব্বগণ মেষকে আকাশ পথে লইয়া যাইতেছেন, তখন উর্ব্বশী তাহার শব্দ শুনিতে পাইলেন এবং (আর্ত্তনাদ পূর্ব্বক) কহিলেন, আমি অনাথা, কে আমার পুত্রকে হরণ করিতেছে! এক্ষণে আমি কাহার শরণাপন্ন হইব। রাজা যদিও এই কথা শুনিতে পাইলেন, তথাপি (তিনি উলঙ্গ ছিলেন, বলিয়া) পাছে দেবী আমাকে উলঙ্গ অবস্থায় দেখেন, এই আশঙ্কায় (সহসা) যাইতে পারিলেন না। অনন্তর গন্ধর্ব্বগণ আর একটী মেষ হইয়া গমন করিলেন। যখন দ্বিতীয় মেষটী

অলকা কুবেরপুরী। চৈত্ররথ চিত্ররথ নামক গন্ধর্ব্ব কর্ত্তৃক নির্ম্মিত কুবেরের উপবন।[২৯]

অনাথাস্ম্যহমভর্তৃকা কুপুরুষাশ্রয়েতি আর্ত্তরাবিণী বভূব। রাজাপ্যমর্ষবশাদন্ধকারমেতদিতি খড়্গমাদায় দুষ্ট! দুষ্ট! হতোহসীতি ব্যাহরন্নভ্যধাবৎ। তাবচ্চ গন্ধর্ব্বৈরতীবোজ্জ্বলা বিদ্যুৎ জনিতা। তৎপ্রভয়া চোর্ব্বশী রাজানপগতাম্বরং দৃষ্ট্বা অপবৃত্তসময়া * তৎক্ষণাদেবাপক্রান্তা॥ ৩১॥

পরিত্যজ্য তাবুরণকৌ গন্ধর্ব্বাঃ সুরলোকমুপাগ-

অপহৃত হয়, তখনও আকাশে তাহার শব্দ শুনিতে পাইয়া উর্ব্বশী পুনর্ব্বার অধিকতর আর্ত্তনাদ করিতে আরম্ভ করিলেন ও কহিতে লাগিলেন, আমি অনাথা! আমার ভর্ত্তা নাই, আমি কুপুরুষকে আশ্রয় করিয়া অবস্থান করিতেছি। এই সমুদায় বাক্য রাজার অসহ্য বোধ হইতে লাগিল। তিনি ভাবিলেন, গৃহে ত অন্ধকারময় (উলঙ্গ অবস্থায় যাইলে ত দেবী দেখিতে পাইবেন না।) রাজা মনে মনে এইরূপ পর্য্যালোচনা করিয়া খড়্গ গ্রহণপূর্ব্বক, রে দুষ্ট! এখনি বিনাশ করিতেছি, এই বলিয়া ধাবমান হইলেন। এই অবকাশে গন্ধর্ব্বগণ অতি উজ্জ্বল বিদ্যুৎ প্রকাশ করিলেন। সেই বিদ্যুতের প্রভাদ্বারা উর্ব্বশী রাজাকে উলঙ্গ দেখিয়া পূর্ব্বকৃত নিয়ম ভঙ্গ হওয়াতে তৎক্ষণাৎ সেই স্থান হইতে প্রস্থান করিলেন।[৩১] গন্ধর্ব্বগণও মেষদ্বয় পরিত্যাগ পূর্ব্বক দেবলোকে উপনীত হইলেন। রাজাও সেই মেষদ্বয় গ্রহণপূর্ব্বক প্রহৃষ্ট-হৃদয় হইয়া শয়নাগারে আগমন করিলেন এবং দেখিলেন যে, সেখানে উর্ব্বশী নাই।[৩২]

রাজা উর্ব্বশীকে দেখিতে না পাইয়া সেই উলঙ্গ অবস্থাতেই উন্মত্ত হইয়া নানাস্থানে ভ্রমণ করিতে লাগিলেন। একদা তিনি

* প্রবৃত্তসময়া ইতি কেচিৎ পঠন্তি।

তাঃ। রাজাপি তৌ মেষাবাদায় হৃষ্টমনাঃ স্বশয়নমায়াতো নোর্ব্বশীং দদর্শ ॥ ৩২ ॥

তাঞ্চাপশ্যন্নপগতাম্বর* এবোন্মত্তরূপো বভ্রাম। কুরুক্ষেত্রে চাম্ভোজসরসি অন্যাভিশ্চতসৃভিরপ্সরোভিঃ সমবেতামুর্ব্বশীং দদর্শ। ততশ্চোন্মত্তরূপো রাজা, জায়ে! হ তিষ্ঠ, মনসি! ঘোরে বচসি, ইত্যনেকপ্রকারং সূক্তমবোচৎ ॥ ৩৩ ॥

আহ চোর্ব্বশী, মহারাজ! অলমনেনাবিবেক-

কুরুক্ষেত্রে কমল বিরাজিত সরোবরে অন্য তিনটী অপ্সরার সহিত সমবেতা উর্ব্বশীকে দেখিতে পাইলেন। তখন রাজা উন্মত্ত হইয়া প্রণয়সম্ভাষণ পূর্ব্বক কহিলেন, জায়ে! যাইও না, কঠিনহৃদয়ে! দাঁড়াও, আমার সহিত কথা কও। রাজা এই প্রকার অনেক মধুর বাক্য কহিলেন।[৩৩] উর্ব্বশী কহিলেন, মহারাজ! অবিবেচকের ন্যায় ঈদৃশ চেষ্টা করিবেন না। এক্ষণে আমি গর্ব্ভিণী, আপনি এক বৎসর পরে এখানে আসিবেন, আপনকার একটী পুত্র হইবে, আমিও আপনার সহিত এক রাত্রি যাপন করিব। রাজা, উর্ব্বশীর নিকট এই বাক্য শ্রবণ করিয়া প্রহৃষ্ট হইয়া স্বীয় রাজধানীতে প্রত্যাগমন করিলেন। উর্ব্বশী সেই সমস্ত অপ্সরোগণের নিকট কহিলেন, আমি যাঁহার অনুরাগে আকৃষ্ট-হৃদয়া হইয়া এত কাল যাঁহার সহিত বাস করিয়াছিলাম, ইনিই সেই পুরুষোত্তম।[৩৪] অপ্সরোগণ এই কথা শ্রবণ করিয়া কহিল, আহা! ইঁহার কি চমৎকার রূপ! (ইঁহার

---

* তাঞ্চাপশ্যন্ উপগতাম্বরঃ ইতি প্রামাণিকঃ পাঠঃ।

চেষ্টিতেন, অন্তর্ব্বত্নী অহম্, অব্দান্তে ভবতাত্রাগন্তব্যম্, কুমারস্তে ভবিষ্যতি, একাঞ্চ নিশামহং ত্বয়া সহ বৎস্যামি, ইত্যুক্তঃ প্রহৃষ্টঃ স্বপুরমাজগাম। তাসাঞ্চাপ্সরসামুর্ব্বশী কথয়ামাস, অয়ং স পুরুষোৎকর্ষো, যেনাহমেতাবন্তং কালমনুরাগাকৃষ্টমনসা * সহোষিতা ॥৩৪॥

ইত্যেবম্ উক্তাস্তা অপ্সরস † ঊচুঃ, সাধু সাধু অস্য রূপম্, অনেন সহাস্মাকমপি সর্ব্বকালমভিরন্তুং স্পৃহা ভবেদিতি ॥ ৩৫

অব্দে চ পূর্ণে স রাজা তত্রাজগাম, কুমারঞ্চায়ুষমস্মৈ তদোর্ব্বশী দদৌ, একাঞ্চ নিশাং তেন রাজ্ঞা সহোষিত্বা পঞ্চপুত্রোৎপত্তয়ে গর্ভমবাপ ॥ ৩৬ ॥

রূপ দর্শন করিয়া) আমাদিগেরও ইচ্ছা হয় যে, চিরকাল ইঁহার সহিত প্রীতি করি। ৩৫

অনন্তর এক বৎসর পূর্ণ হইলে রাজা পুনর্ব্বার সেই স্থানে উপস্থিত হইলেন। উর্ব্বশী তাঁহার নিকট আয়ু নামক পুত্র সমর্পণ করিলেন। পরে তিনি রাজার সহিত এক রাত্রি বাস করিয়া, পাঁচ পুত্র প্রসব করণার্থ গর্ভ ধারণ করেন।৩৬ অনন্তর তিনি রাজাকে কহিলেন, মহারাজ! সমুদায় গন্ধর্ব্ব, আমার প্রতি প্রীতি হেতু আপনাকে বর দান করিতে উদ্যত হইয়াছেন,

* অনুরাগাকৃষ্টচেতসা ইতি বা পঠ্যতাম্।

† ইত্যেবমুক্তাস্তামপ্সরস ইতি বা পঠনীয়ম্।

উবাচ চৈনং রাজানম্, অস্মৎপ্রীত্যা মহারাজায় সর্ব্ব এব গন্ধর্ব্বা বরদাঃ সংবৃত্তাঃ, তস্মাৎ ব্রিয়তাং বর ইতি ॥ ৩৭ ॥

আহ রাজা চ, বিজিত-সকলারাতিরবিহতেন্দ্রিয়সামর্থ্যো বন্ধুমানমিতবলকোষঃ, নান্যদস্মাকমুর্ব্বশীসালোক্যাৎ অপ্রাপ্যমস্তি, তদহমনয়া সহোর্ব্বশ্যা কালং নেতুমভিলষামি ॥ ৩৮ ॥

ইত্যুক্তে গন্ধর্ব্বা রাজ্ঞেঽগ্নিস্থালীং দদুঃ॥ ৩৯ ॥

আপনি বর প্রার্থনা করুন।[৩৭] রাজা কহিলেন, আমি সমুদায় শত্রু পরাজয় করিয়াছি, আমার সমুদায় ইন্দ্রিয়ের সামর্থ্য অব্যাহত রহিয়াছে, আমার সমুদায় আত্মীয় স্বজন বন্ধু বান্ধব কুশলে আছেন, আমার অসীম বল ও অসীম ধন রহিয়াছে। এতৎসমুদায়ের মধ্যে আমার কিছুরই অভাব নাই, পরন্তু আমার পক্ষে কেবল উর্ব্বশীর সহবাসই দুর্লভ হইয়াছে, উর্ব্বশী সহবাস ব্যতীত আর কোন বস্তুই আমার দুষ্প্রাপ্য নহে; অতএব আমি কেবল এই উর্ব্বশীর সহিত একত্র কাল যাপন করিতে অভিলাষ করি।[৩৮]

রাজা এই কথা বলিলে গন্ধর্ব্বেরা তাঁহাকে একটা অগ্নিস্থালী প্রদান করিলেন,[৩৯] এবং বলিয়াদিলেন যে, তুমি বেদবিধানানুসারে এই অগ্নি তিন ভাগ করিবে, পরে উর্ব্বশী সলোকতারূপ সংকল্প করিয়া যাগ করিতে প্রবৃত্ত হইবে। এরূপ করিলে তুমি অবশ্যই অভিলষিত ফল প্রাপ্ত হইতে পারিবে।[৪০]

বেদবিধানানুসারে অগ্নিহোত্রে অগ্নি তিন ভাগ করিতে হয়। যথা গার্হপত্য, আহবনীয় ও দক্ষিণাগ্নি। ৩৯

উচুশ্চ, এনমগ্নিম্ আম্নায়ানুসারী ভূত্বা ত্রিধা কৃত্বা উর্ব্বশী-সলোকতা-মনোরথমুদ্দিশ্য সম্যক্ যজেথাঃ, ততোঽবশ্যমভিলষিতমবাপ্স্যসি ॥ ৪০ ॥

ইত্যুক্তস্তামগ্নিস্থালীমাদায়াজগাম্, অন্তরটব্যাম্ অচিন্তয়ৎ, অহো মে অতিমূঢ়তা! যদগ্নিস্থালী ময়ানীতা নোর্ব্বশীতি। অথৈনামটব্যামেবাগ্নিস্থালীং তত্যাজ, স্বপুরঞ্চাজগাম ॥৪১॥

ব্যতীতার্দ্ধরাত্রৌ* বিনিদ্রশ্চাচিন্তয়ৎ, মমোর্ব্বশী-সালোক্যপ্রাপ্ত্যর্থমগ্নিস্থালী গন্ধর্ব্বৈর্দ্দত্তা। সা চ ময়া অটব্যাং পরিত্যক্তা। তদহং তত্র তদাহর-

গন্ধর্ব্বগণ এই কথা বলিলে রাজা, সেই অগ্নিস্থালী গ্রহণ পূর্ব্বক গমন করিতে লাগিলেন। কিয়দ্দূর আসিয়া বনমধ্যে চিন্তা করিতে লাগিলেন যে, অহো! আমার কি মূঢ়তা! আমি এই অগ্নিস্থালীটী আনিলাম, উর্ব্বশীকে আনয়ন করিলাম না! অনন্তর রাজা সেই অরণ্যমধ্যেই সেই অগ্নিস্থালী পরিত্যাগ করিয়া স্বীয় নগরীতে আসিয়া উপনীত হইলেন।[৪১]

অনন্তর অর্দ্ধরাত্রি অতীত হইলে যখন রাজার নিদ্রাভঙ্গ হইল, তখন তিনি চিন্তা করিতে লাগিলেন, আমি যাহাতে উর্ব্বশীর সহিত সহবাস করিতে পারি, তজ্জন্যই গন্ধর্ব্বেরা আমাকে অগ্নিস্থালী প্রদান করিয়াছিলেন। আমি সেই অগ্নিস্থালী অরণ্যমধ্যে পরিত্যাগ করিয়া আসিয়াছি। অতএব আমি এক্ষণে সেই অগ্নিস্থালী আনয়নার্থ সেই স্থানে গমন করি। রাজা এইরূপ

* ব্যতীতার্দ্ধরাত্রসময় ইতি ব্যতীতার্দ্ধরাত্র ইতি বা পৃথক্ পৃথক্ পাঠঃ।

ণায় যাস্যামি, ইত্যুত্থায় তত্রাপ্যুপগতো নাগ্নিস্থালীমপশ্যৎ। শমীগর্ভঞ্চাশ্বত্থমগ্নিস্থালীস্থানে দৃষ্ট্বা অচিন্তয়ৎ, ময়াত্র স্থালী নিক্ষিপ্তা, সা চাশ্বত্থঃ * শমীগর্ভোঽভূৎ। তদেতমেবাহমগ্নিরূপমাদায় স্বপুরমভিগম্য অরণীং কৃত্বা তদুৎপন্নাগ্নেরুপাস্তিং করিষ্যামি ইতি ॥ ৪২ ॥

এবমেব স্বপুরমুপগতোঽরণীং চকার ॥ ৪৩ ॥

পর্য্যালোচনা করিয়া উত্থান পূর্ব্বক সেই অরণ্যমধ্যে গমন করিলেন, কিন্তু সেখানে সেই অগ্নিস্থালী দেখিতে পাইলেন না, পরন্তু যে স্থানে অগ্নিস্থালী ছিল, সেই স্থানে এক খণ্ড শমীগর্ভ অশ্বত্থ কাষ্ঠ দেখিতে পাইয়া চিন্তা করিতে লাগিলেন, আমি এই স্থানে অগ্নিস্থালী নিক্ষেপ করিয়াছিলাম, সেই অগ্নিস্থালীই এই শমীগর্ভ অশ্বত্থ হইয়াছে। অতএব আমি অগ্নিস্বরূপ ইহাকেই গ্রহণ করিয়া রাজধানীতে গমন পূর্ব্বক অরণী করিয়া তদুৎপন্ন অগ্নি দ্বারা যাগ করিব। [৪২]

রাজা এই রূপ বিবেচনা করিয়া স্বভবনে গমন পূর্ব্বক (সেই শমী কাষ্ঠে) অরণী নির্ম্মাণ করিলেন।[৪৩] অরণী নির্ম্মাণের সময় তিনি গায়ত্রী পাঠ করিতে করিতে অঙ্গুলি দ্বারা সেই কাষ্ঠের পরিমাণ করিতে লাগিলেন। গায়ত্রী পাঠ পূর্ব্বক কাষ্ঠের পরিমাণ করাতে গায়ত্রীর যতগুলি অক্ষর, অরণীরও তত অঙ্গুলি পরিমাণ হইল। [৪৪]

* স চাশ্বত্থ ইতি কেচিৎ পঠন্তি।

যে কাষ্ঠ মথন দ্বারা অগ্নি বাহির করা যায়, তাহার নাম অরণী।[৪৩]

তৎপ্রমাণঞ্চাঙ্গুলৈঃ কুর্ব্বন্ গায়ত্রীমপঠৎ। পঠত-শ্চাক্ষরসংখ্যান্যেবাঙ্গুলান্যরণ্যভবৎ ॥ ৪৪ ॥

তত্রাগ্নিং নির্ম্মথ্যাগ্নিত্রয়মাম্নায়ানুসারী ভূত্বা জুহাব, উর্ব্বশীসালোক্যং চেহ ফলমভিসংহিতবান্। তেনৈবাগ্নিবিধিনা বহুবিধান্ যজ্ঞান্ ইষ্ট্বা গন্ধর্ব্বলোকান্ প্রাপ্য উর্ব্বশ্যা সহ বিয়োগং নাবাপ ॥ ৪৫ ॥

একোহগ্নিরাদাবভবৎ, ঐলেন ত্বত্র মন্বন্তরে ত্রেতা প্রবর্ত্তিতা ॥ ৪৬ ॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে চতুর্থেহংশে ষষ্ঠোহধ্যায়ঃ।

অনন্তর তিনি সেই অরণী নির্ম্মথিত করিয়া অগ্নি উৎপাদন পূর্ব্বক বেদবিধানানুসারে তিন ভাগ করিয়া তাহাতে হোম করিতে লাগিলেন এবং উর্ব্বশী সহবাসরূপ ফল কামনা করিলেন। তিনি সেই অগ্নিদ্বারা নানাপ্রকার যজ্ঞ করিয়া গন্ধর্ব্বলোক প্রাপ্ত হইলেন এবং উর্ব্বশীর সহিত তাঁহার আর বিচ্ছেদ ঘটিল না।[৪৫] পূর্ব্বে যজ্ঞে এক অগ্নি ছিল। এই রাজা হইতে এই মন্বন্তরে (গার্হপত্য আহবনীয় ও দক্ষিণাগ্নি, এই তিন অগ্নি প্রবর্ত্তিত হইয়াছে।[৪৬]

বিষ্ণুপুরাণ চতুর্থ অংশ ষষ্ঠ অধ্যায় সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

চতুর্থোঽংশঃ।

সপ্তমাধ্যায়ঃ।

পরাশর উবাচ।

তস্যাপ্যায়ুর্ধীমানমাবসু-বিশ্বাবসু-শতায়ুঃ-শ্রুতায়ুঃ-(অযুতায়ুঃ-) সংজ্ঞাঃ ষড়ভবন্ পুত্রাঃ ॥ ১ ॥

অমাবসোর্ভীমো নাম পুত্রোঽভবৎ। ভীমস্য কাঞ্চনঃ, কাঞ্চনাৎ সুহোত্রঃ, তস্যাপি জহ্নুঃ। যোঽসৌ যজ্ঞবাটমখিলং গঙ্গাম্ভসা প্লাবিতমালোক্য ক্রোধসং-

পরাশর কহিলেন। পুরূরবার ছয়টী পুত্র হইয়াছিল। তাহাদের নাম আয়ুঃ, ধীমান্, অমাবসু, বিশ্বাবসু, শতায়ুঃ ও শ্রুতায়ুঃ (অযুতায়ুঃ)।[১] অমাবসুর একটী পুত্র জন্মিল, তাহার নাম ভীম। ভীমের পুত্র কাঞ্চন, কাঞ্চন হইতে সুহোত্র, সুহোত্র হইতে জহ্নু উৎপন্ন হইলেন। এই জহ্নু, সমুদায় যজ্ঞবেদি গঙ্গাজল দ্বারা প্লাবিত দেখিয়া ক্রোধভরে আরক্ত নয়ন হইলেন

রক্তনয়নো ভগবন্তং যজ্ঞপুরুষমাত্মনি পরমেণ সমাধিনা সমারোপ্যাখিলামেব গঙ্গাম্ অপিবৎ ॥ ২ ॥

অথৈনং দেবর্ষয়ঃ প্রসাদয়ামাসুঃ, দুহিতৃত্বে চাস্য* গঙ্গামনয়ৎ। জহ্নোশ্চ সুজহ্নুর্নাম † পুত্রোঽভবৎ। তস্যাপ্যজকঃ, ততো বলাকাশ্বঃ, তস্মাৎ কুশঃ, কুশস্য কুশাশ্ব-‡কুশনাভামূর্ত্তরয়ামাবসবশ্চত্বারঃ পুত্রা বভূবুঃ ॥৩॥

তেষাং কুশাশ্বঃ শক্রতুল্যো মে পুত্রো ভবেদিতি তপশ্চচার। তঞ্চোগ্রতপসমবলোক্য মা ভবত্বন্যোঽস্ম-তুল্যবীর্য্য ইত্যাত্মনৈবাস্যেন্দ্রঃ পুত্রত্বমগচ্ছৎ ॥ ৪ ॥

এবং তিনি পরম যোগবলে ভগবান্ যজ্ঞপুরুষকে স্বশরীরে আরোপিত করিয়া সমুদায় গঙ্গা নিঃশেষরূপে পান করিলেন।২ অনন্তর দেবর্ষিগণ তাঁহাকে প্রসন্ন করিয়া গঙ্গাকে তাঁহার কন্যা করিয়া দিলেন। জহ্নুর একটী পুত্র হইল, তাহার নাম সুজহ্নু। সুজহ্নুর পুত্র অজক, অজকের পুত্র বলাকাশ্ব, বলাকাশ্ব হইতে কুশ উৎপন্ন হইলেন। কুশের চারি পুত্র। তাহাদের নাম কুশাশ্ব, (কুশাম্ব বা কুশাম্বু) কুশনাভ, (কুশনাস্ত) অমূর্ত্তরয় ও অমাবসু।৩

কুশাশ্ব, এইরূপ সংকল্প করিয়া তপস্যা করিতে লাগিলেন যে, ইন্দ্রসদৃশ তাঁহার একটী পুত্র হয়। অনন্তর ইন্দ্র তাঁহার উগ্র তপস্যা অবলোকন করিয়া, তাঁহার তুল্য বীর্য্যশালী দ্বিতীয় ব্যক্তি না হয়, এই অভিপ্রায়ে স্বয়ংই তাঁহার পুত্র হইয়া জন্ম

---

* দুহিতৃত্বং চাস্য ইতি বা পাঠঃ।

† সুজহ্নুর্নাম ইতি বা পঠনীয়ম্।

‡ কুশাম্বু বা কুশাম্ব ইতি পাঠান্তরম্।

গাধির্নাম স কৌশিকোঽভবৎ*। গাধিশ্চ সত্যবতীং নাম কন্যামজনয়ৎ। তাঞ্চ ভার্গব ঋচীকো বব্রে। গাধিরপ্যতিরোষণায় অতিবৃদ্ধায় চ ব্রাহ্মণায় দাতুমনিচ্ছন্নেকতঃ শ্যামকর্ণানামিন্দুবর্চ্চসামনিলরংহসামশ্বানাং সহস্রং কন্যাশুল্কমযাচত ॥ ৬ ॥

তেনাপি ঋষিণা বরুণসকাশাদুপলভ্য অশ্বতীর্থোৎপন্নং তাদৃশাশ্বসহস্রং দত্তম্ ॥ ৭ ॥

ততঃ তামৃচীকঃ কন্যামুপযেমে। ঋচীকশ্চ তস্যাশ্চরুমপত্যার্থং চকার। তয়া প্রসাদিতশ্চ* ত-

পরিগ্রহ করিলেন। [৫] ঐ পুত্র কৌশিক ও গাধি নামে বিখ্যাত হন। গাধির একটী কন্যা হইল, তাহার নাম সত্যবতী। ভৃগুবংশীয় ঋচীক, এই কন্যার পাণি গ্রহণ করিবার জন্য প্রার্থনা করিলেন। গাধি, সাতিশয় কোপন-স্বভাব বৃদ্ধ ব্রাহ্মণকে কন্যা দান করিতে অনিচ্ছু হইয়া কহিলেন যে, চন্দ্রের ন্যায় বর্ণ, এবং এক দিকের কর্ণ শ্যামবর্ণ, বায়ুর ন্যায় বেগশালী সহস্র অশ্ব শুল্ক স্বরূপ দিলে কন্যা দান করিব। [৬] মহর্ষি ঋচীকও বরুণের নিকট অশ্বতীর্থোৎপন্ন উক্তপ্রকার সহস্র অশ্ব প্রাপ্ত হইয়া রাজাকে প্রদান করিলেন। [৭]

অনন্তর ঋচীক, গাধিকন্যাকে বিবাহ করিলেন। কিছু দিন পরে তিনি স্বীয় সন্তান উৎপাদনের নিমিত্ত চরু প্রস্তুত করিলেন।

* গাধির্নাম কৌশিকঃ পুত্রোঽভবৎ ইতি বা পাঠ্যম্।

† তৎপ্রার্থিতশ্চ ইতি বা পঠনীয়ম্।

ম্মাত্রে ক্ষত্রবরপুত্রোৎপত্তয়ে চরুমপরং সাধয়ামাস* ॥ ৮ ॥

এষ চরুর্ভবত্যা অয়মপরস্তন্মাত্রা সম্যগুপযোজ্য ইত্যুক্ত্বা বনং জগাম ॥ ৯ ॥

উপযোগকালে চ তাং মাতা সত্যবতীমাহ, সর্ব্ব এবাত্মপুত্রমতিগুণং সমভিলষতি, নাত্মজায়াভ্রাতৃগুণেষ্বতীবাদৃতো ভবতীত্যতোঽর্হসি মম ত্বম্ আত্মীয়ঞ্চরুং দাতুং মদীয়ঞ্চরুমাত্মনোপযোক্তুম্॥ ১০ ॥

মৎপুত্রেণ হি সকলভূমণ্ডলপরিপালনং কার্য্যম্॥১১॥

পরে সত্যবতীর প্রার্থনানুসারে সত্যবতী-মাতার একটী ক্ষত্রিয়-শ্রেষ্ঠ পুত্র উৎপাদনের নিমিত্ত অপর একটী চরু প্রস্তুত করেন। [৮] (ঋচীক সত্যবতীকে কহিলেন,) এই চরু তুমি ভোজন করিবে ও এই চরু তোমার মাতা ভোজন করিবেন। তিনি এই কথা বলিয়া বনে গমন করিলেন। [৯]

চরু ভক্ষণের সময় সত্যবতীর মাতা সত্যবতীকে কহিলেন, পুত্রি! সকলেই আপনার সমধিক গুণবান্ পুত্র কামনা করিয়া থাকে। কোন ব্যক্তিই স্বীয় জায়ার ভ্রাতার গুণাধিক্য ততদূর কামনা করে না। (আমার বোধ হয়, তোমার নিমিত্ত যে চরু প্রস্তুত হইয়াছে, তাহা ভক্ষণ করিলেই সমধিক গুণবান্ পুত্র উৎপন্ন হইতে পারে. অতএব) তোমার নিমিত্ত যে চরু প্রস্তুত হইয়াছে, তাহা তুমি আমাকে দাও, এবং আমার জন্য যে চরু হইয়াছে, তাহা তুমি আপনি আহার কর। [১০] (বিবেচনা করিয়া দেখ) আমার পুত্র, সমুদায় অবনীমণ্ডল পালন করিবে। [১১]

* তন্মাতুঃ সাধয়ামাস ইতি কেচিৎ পঠন্তি।

কিয়দ্‌ব্রাহ্মণস্য বলবীর্য্যসম্পাদিত্যুক্তা সা স্বং চরুং মাত্রে দত্তবতী ॥ ১২ ॥

অথ বনাদভ্যাগত্য সত্যবতীম্ ঋষিরপশ্যৎ, আহ চৈনাম্, অতিপাপে! কিমিদমকার্য্যং ভবত্যা কৃতম্! অতিরৌদ্রং তে বপুরালক্ষ্যতে, নূনং ত্বয়া ত্বন্মাতৃসংকৃতশ্চরুপযুক্তো ন যুক্তমেতৎ ॥ ১৩ ॥

ময়া হি তত্র চরৌ সকলৈব শৌর্য্যবীর্য্যবল-সম্পদারোপিতা, ত্বদীয়ে চরাবপ্যখিল-শান্তিজ্ঞানতিতিক্ষাদিকা ব্রাহ্মণগুণসম্পৎ। এতচ্চ বিপরীতং কুর্ব্বত্যাঃ তবাতিরৌদ্রাস্ত্রধারণমারণ-নিষ্ঠঃ ক্ষত্রিয়াচারঃ পুত্রো ভবিষ্যত্যস্যাশ্চোপশমরুচিঃ ব্রাহ্মণাচারঃ ॥ ১৪ ॥

বলবীর্য্য সম্পত্তিতে ব্রাহ্মণের কি প্রয়োজন। সত্যবতীর মাতা এই কথা বলিলে সত্যবতী স্বীয় চরু তাঁহাকে প্রদান (করিয়া তাঁহার চরু স্বয়ং ভোজন) করিলেন। ১২

অনন্তর ঋষি বন হইতে প্রত্যাগত হইয়া সত্যবতীকে নিরীক্ষণ করিয়া কহিলেন, রে পাপীয়সি! তুমি এ কি কুকর্ম্ম করিয়াছ। তোমার শরীর সাতিশয় উগ্র বোধ হইতেছে। তোমার মাতার নিমিত্ত যে চরু প্রস্তুত হইয়াছিল, তুমি তাহা আহার করিয়াছ, সন্দেহ নাই। ইহা তুমি নিতান্ত অন্যায় কার্য্য করিয়াছ। ১৩

আমি তোমার মাতার চরুতে সমুদায় বল সমুদায় শৌর্য্য ও সমুদায় বীর্য্যরূপ সম্পত্তি নিহিত করিয়াছিলাম এবং তোমার চরুতে সমুদায় শান্তি, সমুদায় জ্ঞান ও সমুদায় তিতিক্ষা প্রভৃতি ব্রাহ্মণসম্পৎ আহিত করি। তুমি চরুর বৈপরীত্য করাতে তোমার গর্ভে যে পুত্র উৎপন্ন হইবে, সে সর্ব্বদা

ইত্যাকর্ণ্যৈব সা তস্য পাদৌ জগ্রাহ। প্রণিপত্য চ এনমাহ, ভগবন্! ময়ৈতদজ্ঞানাদনুষ্ঠিতং, প্রসাদং মে কুরু, মৈবংবিধঃ পুত্রো ভবতু, কামমেবংবিধঃ পৌত্রো ভবতু* ইত্যুক্তো মুনিরপ্যাহ, এবমস্তু ইতি ॥ ১৫ ॥

অনন্তরঞ্চ সা জমদগ্নিমজীজনৎ। তন্মাতা চ বিশ্বামিত্রং জনয়ামাস। সত্যবতী চ কৌশিকী নাম নদ্যভবৎ। জমদগ্নিরিক্ষ্বাকুবংশোদ্ভবস্য রেণোঃ তনয়াং রেণুকামুপযেমে। তস্যাঞ্চাশেষক্ষত্রবংশহন্তারং* পরশুরামসংজ্ঞং ভগবতঃ সকললোকগুরোর্নারায়ণস্যাংশং জমদগ্নিরজীজনৎ ॥ ১৬ ॥

অস্ত্রধারী অতীব উগ্র মারণ-পরায়ণ ক্ষত্রিয়াচার হইয়া উঠিবে। তোমার মাতার গর্ভে যে সন্তান জন্ম পরিগ্রহ করিবে, সে শান্তি-পরায়ণ ব্রাহ্মণাচার হইবে।[১৪]

সত্যবতী এই কথা শুনিয়া ঋচীকের পদদ্বয় ধারণ করিলেন এবং প্রণিপাত পূর্ব্বক কহিলেন, ভগবন্! আমি অজ্ঞানতা প্রযুক্ত ঈদৃশ কার্য্যের অনুষ্ঠান করিয়াছি। এক্ষণে প্রসন্ন হউন, আমার যেন ঈদৃশ পুত্র না হয়। বরঞ্চ আমার উক্তপ্রকার পৌত্র হউক। সত্যবতী এই রূপ প্রার্থনা করিলে মহর্ষি কহিলেন, তাহাই হইবে।[১৫]

অনন্তর সত্যবতী, জমদগ্নি নামক পুত্র প্রসব করিলেন। সত্যবতীর মাতার গর্ভে বিশ্বামিত্রের জন্ম হইল। সত্যবতী

---

* এবংবিধঃ পৌত্রো মে ভবতু ইতি পুস্তকান্তরসম্মত পাঠঃ।

† অশেষক্ষত্রহন্তারম্ ইতি বা পাঠঃ।

বিশ্বামিত্রপুত্রস্তু ভার্গব এব শুনঃশেফো নাম দেবৈর্দ্দত্তঃ ততশ্চ দেবরাতনামাভবৎ। ততশ্চান্যে মধুচ্ছন্দ-জয়-কৃতদেব-দেবাষ্টক-কচ্ছপ-হারীতকাখ্যা বিশ্বামিত্রপুত্রা বভূবুঃ ॥ ১৭ ॥

তেষাঞ্চ বহূনি কৌশিকগোত্রাণি ঋষ্যন্তরেষু বৈ বাহ্যানি ভবন্তীতি ॥ ১৮ ॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে চতুর্থেঽংশে সপ্তমোঽধ্যায়ঃ।

কৌশিকী নামে নদী হইলেন। জমদগ্নি, ইক্ষ্বাকুবংশ-সম্ভূত রেণুর কন্যা রেণুকার পাণিগ্রহণ করিলেন। পরে জমদগ্নি হইতে রেণুকার গর্ভে সকল লোকের গুরু ভগবান্ নারায়ণের অংশ অশেষ ক্ষত্রিয়বংশ ধ্বংসকারী পরশুরাম, উৎপন্ন হইলেন। ১৬ ভৃগুবংশীয় শুনঃশেফ, (নরমেধ যজ্ঞে পশুভাব প্রাপ্ত হইয়াছিলেন।) পরে দেবতারা বিশ্বামিত্রকে ঐ পুত্র দান করেন, সুতরাং শুনঃশেফ বিশ্বামিত্রপুত্র হইয়া দেবরাত নামে বিখ্যাত হন। পরে বিশ্বামিত্রের আর কএকটী পুত্র হইল। তাহাদের নাম মধুচ্ছন্দ, জয়, কৃতদেব, দেবাষ্টক, কচ্ছপ ও হারীতক। ১৭ ইঁহাদের সন্তানেরা কৌশিক গোত্র হইয়াও ভিন্ন ভিন্ন হইয়াছেন, কারণ ঋষিভেদে (প্রবর ভেদে) তাঁহারা পরস্পর পৃথক্। ১৮

বিষ্ণুপুরাণ চতুর্থ অংশ নিমিবংশবিস্তার নামক সপ্তম অধ্যায় সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

চতুর্থোঽংশঃ।

অষ্টমোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ ॥

পুরূরবসো জ্যেষ্ঠঃ পুত্রো যস্ত্বায়ুর্নামা, স বাহোর্দুহিতরম্* উপযেমে। তস্যাং স পঞ্চ পুত্রান্ জনয়ামাস।† নহুষ-ক্ষত্রবৃদ্ধ-রম্ভ-রজিসংজ্ঞাঃ, তথৈবানেনাঃ পঞ্চমঃ পুত্রোঽভূৎ। ক্ষত্রবৃদ্ধাৎ সুহোত্রঃ‡ পুত্রোঽভূৎ। কাশ-লেশ-গৃৎসমদাস্তস্য পুত্রাস্ত্রয়োঽভবন্। গৃৎসমদস্য শৌনকশ্চাতুর্ব্বর্ণ্যপ্রবর্ত্তয়িতাভূৎ ॥ ১ ॥

পরাশর কহিলেন। পুরূরবার আয়ু নামে যে জ্যেষ্ঠপুত্র ছিলেন, তিনি বাহুর (রাহুর) কন্যার পাণিগ্রহণ করিয়াছিলেন। পরে তাঁহা হইতে বাহুকন্যার গর্ভে পাঁচটী পুত্র উৎপন্ন হয়। এই পঞ্চ পুত্রের নাম নহুষ, ক্ষত্রবৃদ্ধ, রম্ভ রজি ও অনেনাঃ। ক্ষত্র-বৃদ্ধের একটী পুত্র উৎপন্ন হইল, তাহার নাম সুহোত্র। সুহো-ত্রের তিনটী পুত্র হইল, তাহাদের নাম কাশ, লেশ ও গৃৎসমদ। গৃৎসমদের একটী পুত্র হইল, তাহার নাম শৌনক। ইনি

---

* রাহোর্দুহিতরম্ ইতি বা পাঠঃ ॥

† উৎপাদয়ামাস ইতি পাঠান্তরম্ ॥

‡ সুনহোত্র ইতি পুস্তকান্তরস্য পাঠঃ ॥

কাশস্য কাশিরাজঃ, ততো দীর্ঘতমাঃ পুত্রোঽভবৎ। ধন্বন্তরিস্তু দীর্ঘতমসোঽভূৎ। স হি সংসিদ্ধকার্য্যকরণঃ সকলসম্ভূতিষ্বশেষজ্ঞানবিৎ ॥ ২ ॥

ভগবতা নারায়ণেন চ অতীতসংভূতাবস্মৈ বরো দত্তঃ ॥ ৩ ॥

কাশিরাজগোত্রেঽবতীর্য্য ত্বমষ্টধা সম্যগায়ুর্ব্বেদং করিষ্যসি। যজ্ঞভাক্ ভবিষ্যসি ইতি ॥ ৪ ॥

তস্য চ ধন্বন্তরেঃ পুত্রঃ কেতুমান্। কেতুমতো ভীমরথঃ, তস্যাপি দিবোদাসঃ, ততঃ প্রতর্দ্দনঃ। স চ মদ্র-

চাতুর্ব্বর্ণের প্রবর্ত্তয়িতা হইয়াছিলেন অর্থাৎ শৌনক বংশীয়েরা ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র, এই চারি জাতি হইয়াছে।[১]

কাশের পুত্র কাশিরাজ, কাশিরাজের পুত্র দীর্ঘতমা। দীর্ঘতমা হইতে ধন্বন্তরি উৎপন্ন হইলেন। ধন্বন্তরির কার্য্য (শরীর) ও করণ (ইন্দ্রিয়) উত্তম সিদ্ধ (মর্ত্ত্যধর্ম্ম রহিত) ছিল। তিনি সমুদায় জন্মেই বিবিধ জ্ঞানের আকর ছিলেন।[২] তাঁহার পূর্ব্বজন্মে ভগবান্ নারায়ণ তাঁহাকে বর দিয়াছিলেন যে,[৩] তুমি কাশিরাজ গোত্রে অবতীর্ণ হইয়া আট খণ্ডে বিভক্ত উত্তম আয়ুর্বেদ গ্রন্থ প্রণয়ন করিবে এবং তুমি যজ্ঞভাগভাগী হইবে।[৪]

এই ধন্বন্তরির পুত্র কেতুমান্, কেতুমান্ হইতে ভীমরথ, ভীমরথ হইতে দিবোদাস, দিবোদাস হইতে প্রতর্দ্দন জন্ম

আয়ুর্বেদের অষ্ট অঙ্গ যথা—শল্য, শলাকা, ভূতবিদ্যা, কায়শুদ্ধি, অগদতন্ত্র রসায়ন, বাজীকরণ, কুমারতন্ত্র। ৪

শ্রেণ্যবংশবিনাশাদশেষাঃ শত্রবোঽনেন জিতা ইতি শত্রুজিদভবৎ ॥ ৫ ॥

তেন চ প্রীতিমতাত্মপুত্রো বৎস বৎসেত্যভিহিতঃ, ততো বৎসোঽসাবভবৎ ॥ ৬ ॥

সত্যব্রততয়া ঋতধ্বজসংজ্ঞামবাপ। পুনশ্চ কুবলয়নামানমশ্বং লেভে ; কুবলয়াশ্ব ইত্যস্যাং পৃথিব্যাং প্রথিতঃ ॥ ৭ ॥

তস্য চ বৎসস্য পুত্রোঽলর্কো নামাভবৎ। যস্য অয়মদ্যাপি শ্লোকো গীয়তে।

ষষ্টিং বর্ষসহস্রাণি ষষ্টিং বর্ষশতানি চ।
অলর্কাদপরো নান্যো বুভুজে মেদিনীং পুরা* ॥৮॥

পরিগ্রহ করিলেন। এই প্রতর্দ্দন, ভদ্রশ্রেণ্য বংশ উন্মূলন করেন। এইজন্য ইনি সমুদায় শত্রু জয় করিয়াছিলেন, বলিয়া শত্রুজিৎ নামে বিখ্যাত হন।[৫] তাঁহার পিতা স্নেহ প্রযুক্ত তাঁহাকে বৎস বলিয়া আহ্বান করিতেন, এই কারণে তিনি বৎস নামেও বিশ্রুত হইয়াছিলেন।[৬] তিনি সত্যনিষ্ঠ ছিলেন, বলিয়া ঋতধ্বজ এই নাম প্রাপ্ত হন। তিনি কুবলয় নামে একটী অশ্ব প্রাপ্ত হইয়াছিলেন, তাহাতেই তাঁহার কুবলয়াশ্ব এই নাম পৃথিবীতে প্রচারিত হইল।[৭]

এই বৎস নামক রাজার অলর্ক নামক একটী পুত্র উৎপন্ন হইয়াছিল। যাঁহার বিষয়ে একটী শ্লোক অদ্যাপি পঠিত হইয়াথাকে। যথা—পূর্ব্বকালে অলর্ক ভিন্ন অন্য কোন রাজাই ষট্‌ষষ্টি সহস্র বৎসর এই পৃথিবী ভোগ করিতে পারেন নাই।[৮]

* মেদিনীং যুবা ইত্যন্যবিধঃ পাঠঃ।

তথালর্কস্য সন্নতির্নামাত্মজোঽভবৎ। ততঃ সুনীথঃ,† তস্য সুকেতুঃ, ততো ধর্ম্মকেতুঃ, ততঃ সত্যকেতুঃ, তস্মাৎ বিভুঃ, তত্তনয়ঃ সুবিভুঃ, ততশ্চ সুকুমারঃ, তস্যাপি ধৃষ্টকেতুঃ, ততশ্চ বৈনহোত্রঃ, ততশ্চ ভার্গঃ, ভার্গস্য ভার্গভূমিঃ, অতশ্চাতুর্বর্ণ্যপ্রবৃত্তিঃ, ইত্যেতে কাশ্যপা ভূপতয়ঃ কথিতাঃ। রজেস্তু সন্ততিঃ শ্রূয়তামিতি॥ ৯॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে চতুর্থেঽংশে অষ্টমোঽধ্যায়ঃ।

অলর্কের একটী পুত্র হইল, তাহার নাম সন্নতি। সন্নতির পুত্র সুনীথ, সুনীথের পুত্র সুকেতু, সুকেতুর পুত্র ধর্ম্মকেতু, ধর্ম্মকেতুর পুত্র সত্যকেতু, সত্যকেতুর পুত্র বিভু, বিভুর পুত্র সুবিভু, সুবিভুর পুত্র সুকুমার, সুকুমারের পুত্র ধৃষ্টকেতু, ধৃষ্টকেতুর পুত্র বৈনহোত্র, বৈনহোত্রের পুত্র ভার্গ, ভার্গের পুত্র ভার্গভূমি। এই ভার্গভূমি হইতে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র, এই বর্ণচতুষ্টয় উৎপন্ন হইয়াছে। এই তোমার নিকট কাশ ও তদীয় বংশোৎপন্ন রাজগণের বিবরণ কহিলাম। এক্ষণে রজির বংশাবলী বলিতেছি, শ্রবণ কর। ৯

বিষ্ণুপুরাণ চতুর্থ অংশ অষ্টম অধ্যায় সমাপ্ত।

---

† সুনীত ইতি নামান্তরম্।

বিষ্ণুপুরাণম্।

চতুর্থোঽংশঃ।

নবমাধ্যায়ঃ।

পরাশর উবাচ।

রজেঃ পঞ্চপুত্রশতান্যতুলবীর্য্যসারাণ্যাসন্। দেবাসুর-সংগ্রামারম্ভে পরস্পরবধেপ্সবো দেবাশ্চাসুরাশ্চ ব্রহ্মাণং পপ্রচ্ছুঃ॥ ১॥

ভগবন্! অস্মাকমত্র বিরোধে কতরঃ পক্ষো জেতা ভবিষ্যতীতি। অথাহ ভগবান্, যেষামর্থে রজিরাত্তায়ুধো যোৎস্যতীতি। অথ দৈত্যৈরুপেত্য রজিরাত্ম-

পরাশর কহিলেন, রজির পঞ্চশত পুত্র হইয়াছিল। ইহারা অসীম বলবান্ ও অসীম শৌর্য্যবীর্য্য সম্পন্ন। একদা দেবগণ ও দানবগণের পরস্পর সংগ্রাম উপস্থিত হইল। পরস্পর সংহারাভিলাষী দেবতারা ও অসুরেরা ব্রহ্মাকে জিজ্ঞাসা করিলেন,[১] ভগবন্! আমাদের এই সংগ্রামে কোন্ পক্ষ জয়ী হইবে? ভগবান্ ব্রহ্মা উত্তর করিলেন, রজি যে পক্ষ অবলম্বন করিয়া অস্ত্র ধারণ পূর্ব্বক যুদ্ধ করিবে, (সেই পক্ষই জয় লাভ করিবে।) অনন্তর দৈত্যগণ, রজির নিকট উপস্থিত হইয়া সংগ্রামে সাহায্য

সাহায্যদানায়াভ্যর্থিতঃ প্রাহ, যোৎস্যেঽহং ভবতামর্থে, যদ্যহম্ অমরজয়াদ্ভবতামিন্দ্রো ভবিষ্যামি। ইত্যাকর্ণ্যৈতৎ তৈরভিহিতো ন বয়মন্যথা বদিষ্যামোঽন্যথা করিষ্যামঃ। অস্মাকমিন্দ্রঃ প্রহ্লাদস্তদর্থময়মুদ্যমঃ। ইত্যুক্ত্বা গতেষ্বসুরেষু দেবৈরপ্যসাববনীপতিরেবমেবোক্তঃ। তেনাপি চ তথৈবোক্তে দেবৈরিন্দ্রস্ত্বং ভবিষ্যসীতি সমন্বীপ্সিতম্ ॥ ২ ॥

রজিনাপি দেবসৈন্যসহায়েন অনেকৈর্মহাস্ত্রৈঃ তদশেষমসুরবলং নিসূদিতম্। অবজিতারাতিপক্ষশ্চ ইন্দ্রো রজি-চরণযুগলমাত্মশিরসা নিপীড্যাহ, ভয়ত্রাণ-

পাইবার নিমিত্ত প্রার্থনা করিল। রজি কহিলেন, আমি যদি দেবগণকে পরাজয় করিয়া তোমাদের ইন্দ্রত্ব পদ প্রাপ্ত হই, তাহা হইলে তোমাদের পক্ষ হইয়া যুদ্ধ করিতে পারি। অসুরেরা এই কথা শ্রবণ করিয়া কহিল, আমরা একপ্রকার বলিব, অন্যপ্রকার করিব, এরূপ হইবে না। প্রহ্লাদ আমাদের ইন্দ্র। তাঁহার নিমিত্তই এই যুদ্ধানুষ্ঠান হইতেছে।

অসুরেরা এই কথা বলিয়া চলিয়া গেল। পরে দেবগণ আসিয়া তাঁহার নিকট সেইরূপ কহিলেন। রজিও সেইরূপ উত্তর করিলেন। দেবগণ সম্মত হইয়া কহিলেন যে, তোমাকেই আমরা ইন্দ্রত্ব পদ প্রদান করিব।[২]

অনন্তর রজি, দেবসৈন্যের সহায় হইয়া বিবিধ মহাস্ত্রদ্বারা সমুদায় অসুরবল বিনাশ করিলেন। যখন সমুদায় শত্রুপক্ষ পরাজিত হইল, তখন দেবরাজ ইন্দ্র, রজির চরণযুগল স্বীয়

দানাদস্মৎপিতা ভবান্, অশেষলোকানামুত্তমোত্তমো ভবান্, যস্যাহং পুত্রস্ত্রিলোকেন্দ্রঃ ॥ ৩ ॥

স চাপি রাজা প্রহস্যাহ, এবমেবাস্তু, অনতিক্রমণীয়া হি বৈরিপক্ষাদপ্যনেকবিধচাটুবাক্যগর্ভা প্রণতিঃ, ইত্যুক্ত্বা স্বপুরম্ আজগাম ॥ ৪ ॥

শতক্রতুরপীন্দ্রত্বং চকার। স্বর্যাতে চ রজৌ নারদর্ষিচোদিতা রজিসুতাঃ শতক্রতুমাত্মপিতৃপুত্রমাচারাদ্রাজ্যং যাচিতবন্তঃ ॥ ৫ ॥

অপ্রদানে চাবজিত্যেন্দ্রমতিবলিনঃ স্বয়মিন্দ্রত্বং মস্তকে ধারণ করিয়া কহিলেন, আপনি ভয় হইতে রক্ষা করিয়াছেন, অতএব আপনি আমাদের পিতা। আপনি সমুদায় লোকের শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ, কারণ আমি ত্রিলোকের ইন্দ্র হইয়াও আপনকার পুত্র হইলাম। [৩]

রাজা হাস্য করিয়া কহিলেন, তাহাই হউক। শত্রুপক্ষেরাও যদি নানাপ্রকার চাটুবাক্য প্রয়োগ পূর্ব্বক পদানত হয়, তাহা হইলে তাহাও অতিক্রম করিতে পারা যায় না, (অতএব তোমার প্রার্থনা কিরূপে অগ্রাহ্য করি।) রাজা এই কথা বলিয়া স্বীয় রাজধানীতে প্রত্যাগত হইলেন। [৪] দেবরাজও ইন্দ্রত্ব করিতে লাগিলেন।

কিছু দিন পরে রজি, স্বর্গ গমন করিলেন। রজিপুত্রেরা মহর্ষি নারদ কর্ত্তৃক উত্তেজিত হইয়া স্বীয় পিতার (কৃতক) পুত্র শতক্রতুর নিকট গমন করিয়া আচারানুসারে প্রাপ্য পৈতৃক রাজ্য প্রার্থনা করিলেন। [৫] শতক্রতু যখন ইন্দ্রত্ব পদ পরিত্যাগে

পৈতৃক রাজ্যে আচারানুসারে ঔরস পুত্রই অধিকারী হয়। এই বলিয়া রজিপুত্রেরা ইন্দ্রত্ব পদ প্রার্থনা করেন। ৫

চক্রুঃ। ততশ্চ বহুতিথে কালে ব্যতীতে বৃহস্পতি-মেকান্তে দৃষ্ট্বাপহৃতত্রৈলোক্যযজ্ঞভাগঃ শতক্রতু-রাহ॥ ৬॥

বদরীফলমাত্রমপ্যর্হসি মম আপ্যায়নায় পুরোডাশ-খণ্ডং দাতুম্, ইত্যুক্তো বৃহস্পতিরুচে, যদ্যেবং পূর্ব্বমেব ত্বয়াহং চোদিতঃ স্যাং তন্ময়া ত্বদর্থং কিম্ অকর্ত্তব্য-মিতি॥ ৭॥

স্বল্পৈরেবাহোভিস্ত্বাং নিজং পদং প্রাপয়িষ্যামি, ইত্যভিধায় তেষামনুদিনাভিচারিকং বুদ্ধিমোহায় শক্রস্য চ তেজোবৃদ্ধয়ে জুহাব। তে চাপি তেন বুদ্ধিমোহেনাভিভূয়মানা ব্রহ্মদ্বিষো ধর্ম্মত্যাগিনো বেদ-

সম্মত হইলেন না, তখন সেই মহাবল রজিপুত্রেরা তাঁহাকে পরাজয় করিয়া বলপূর্ব্বক স্বয়ং ইন্দ্রত্ব করিতে লাগিলেন।

এইরূপে বহুকাল অতীত হইল। শতক্রতুর ত্রৈলোক্য-যজ্ঞ-ভাগ অপহৃত হওয়াতে এক দিন তিনি নির্জ্জনে বৃহস্পতিকে কহিলেন, "আমার উপচয়ের জন্য (যজ্ঞের সময়) আপনি আমাকে একটী বদরীফল প্রমাণ ঘৃত প্রদান করুন। ইন্দ্র এই-রূপ প্রার্থনা করিলে বৃহস্পতি কহিলেন, তুমি পূর্ব্বে যদি আমার নিকট এরূপ প্রার্থনা করিতে তাহা হইলে আমি তোমার নিমিত্ত যাহা না করিতে পারিতাম, এরূপ কর্ম্ম কি আছে।" এক্ষণে অল্প দিনের মধ্যেই আমি তোমাকে তোমার পদে প্রতি-ষ্ঠিত করিব। বৃহস্পতি এই কথা বলিয়া রজিপুত্রগণের বুদ্ধি-মোহের নিমিত্ত এবং শতক্রতুর তেজোবৃদ্ধির নিমিত্ত প্রতিদিন অভিচারিক হোম করিতে লাগিলেন। পরে তদ্দ্বারা বুদ্ধিমোহ হও

বাদপরাঙ্মুখা বভূবুঃ। ততশ্চ তানপেতধর্ম্মাচারান্ ইন্দ্রো জঘান। পুরোহিতাপ্যায়িততেজাশ্চ ত্রিদিবমাক্রামৎ। এতদিন্দ্রস্য স্বপদচ্যবনারোহণং শ্রুত্বা পুরুষঃ স্বপদভ্রংশং দৌরাত্ম্যং বা ন চ আপ্নোতি। রম্ভস্ত্বনপত্যোঽভবৎ। ক্ষত্রবৃদ্ধসুতঃ প্রতিক্ষত্রঃ, তৎপুত্রঃ সঞ্জয়ঃ, তস্যাপি জয়ঃ, ততশ্চ বিজয়ঃ, তস্মাচ্চ যজ্ঞকৃৎ, তস্য হর্ষবর্দ্ধনঃ, হর্ষবর্দ্ধনসুতঃ সহদেবঃ, তস্মাদদীনঃ, তস্য জয়সেনঃ, ততশ্চ সংহৃতিঃ,* তৎপুত্রঃ

য়াতে রজিপুত্রেরাও ব্রাহ্মণ বিদ্বেষী ধর্ম্মত্যাগী ও বেদবাক্য-পরাঙ্মুখ হইলেন। এইরূপ রজিপুত্রেরা ধর্ম্মভ্রষ্ট ও আচারভ্রষ্ট হইলে ইন্দ্র তাঁহাদিগকে বিনাশ করিলেন। পুরোহিত কর্ত্তৃক তাঁহার তেজোবৃদ্ধি হওয়াতে তিনি পুনর্ব্বার ত্রিলোকের আধিপত্য প্রাপ্ত হইলেন।

যাঁহারা এই ইন্দ্রের স্বপদভ্রংশ ও স্বপদ প্রাপ্তি বিবরণ শ্রবণ করেন, তাঁহারা লোকে পদভ্রষ্ট হন না, কোন ব্যক্তি তাঁহাদের উপর দৌরাত্ম্যও করিতে পারে না।

রম্ভের সন্তান হয় নাই। ক্ষত্রবৃদ্ধের পুত্র প্রতিক্ষত্র, প্রতিক্ষত্রের পুত্র সঞ্জয়, সঞ্জয়ের পুত্র জয়, জয়ের পুত্র বিজয়, বিজয়ের পুত্র যজ্ঞকৃৎ। যজ্ঞকৃতের পুত্র হর্ষবর্দ্ধন, হর্ষবর্দ্ধনের পুত্র সহদেব, সহদেবের পুত্র অদীন, অদীনের পুত্র জয়সেন, জয়সেনের পুত্র সংহৃতি, (সংকৃতি) সংহৃতির পুত্র

---

* তস্য জয়ৎসেনঃ; ততশ্চ সংকৃতি ইতি পাঠান্তরম্

ক্ষত্রধর্ম্মা, ইত্যেতে ক্ষত্রবৃদ্ধস্য। অতো নহুষবংশং বক্ষ্যামি, ইতি ॥ ৮ ॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে চতুর্থে২ংশে নিমি-
বংশবিস্তারো নাম নবমো২ধ্যায়ঃ।

ক্ষত্রধর্ম্মা। ইঁহারা ক্ষত্রবৃদ্ধের সন্তান। অতঃপর নহুষবংশ বর্ণন করিব। ৮

বিষ্ণুপুরাণ চতুর্থ অংশ নিমিবংশবিস্তার নামক
নবম অধ্যায় সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

চতুর্থোহংশঃ।

দশমাধ্যায়ঃ।

পরাশর উবাচ।

যতি-যযাতি সংযাতি-আযাতি-বিযতি-কৃতিসংজ্ঞা নহুষস্য ষট্ পুত্রা মহাবল-পরাক্রমা বভূবুঃ। যতিস্তু রাজ্যং নৈচ্ছৎ। যযাতিস্তু ভূভৃদভবৎ, উশনসশ্চ দুহিতরং দেবযানীং শর্ম্মিষ্ঠাঞ্চ বার্ষপর্বণীমুপযেমে ॥১॥

অত্রানুবংশশ্লোকো ভবতি।

যদুং চ তুর্ব্বসুঞ্চৈব দেবযানী ব্যজায়ত।
দ্রুহ্যুঞ্চানুঞ্চ পুরুঞ্চ শর্ম্মিষ্ঠা বার্ষপর্বণী ॥ ২ ॥

পরাশর কহিলেন। নহুষের মহাবল পরাক্রান্ত ছয়টী পুত্র হইয়াছিল। এই ছয় পুত্রের নাম——যতি, যযাতি, সংযাতি, আযাতি, বিযতি ও কৃতি। যতি রাজ্য করিতে অভিলাষ করিলেন না। যযাতি রাজা হইলেন। ইনি শুক্রের কন্যা দেবযানীকে এবং বৃষপর্ব্বার কন্যা শর্ম্মিষ্ঠাকে বিবাহ করিলেন। [১]

এস্থলে বংশকীর্ত্তনার্থ একটী শ্লোক আছে যে, দেবযানী, যদু ও তুর্ব্বসু নামে দুইটী পুত্র প্রসব করিলেন। বৃষপর্ব্বতনয়া শর্ম্মিষ্ঠা, দ্রুহ্যু, অণু ও পুরু নামে তিনটী পুত্র প্রসব করেন। [২]

কাব্যশাপাচ্চ অকালেনৈব যযাতির্জরামবাপ ॥ ৩ ॥

প্রসন্নশুক্রবচনাচ্চ জরাং সংক্রাময়িতুং জ্যেষ্ঠং পুত্রং যদুম্ উবাচ, ত্বন্মাতামহশাপাদিয়মকালেনৈব জরা মামুপস্থিতা। তামহং তস্যৈবানুগ্রহাৎ ভবতঃ সঞ্চারয়াম্যেকং বর্ষসহস্রং, ন তৃপ্তোঽস্মি বিষয়েষু, ত্বদ্বয়সা বিষয়ানহং ভোক্তুমিচ্ছামি। নাত্র ভবতা প্রত্যাখ্যানং কর্ত্তব্যম্ ইত্যুক্তঃ স নৈচ্ছৎ তাং জরামাদাতুম্। তঞ্চাপি পিতা শশাপ, ত্বৎপ্রসূতির্ন রাজ্যার্হা ভবিষ্যতীতি ॥ ৫ ॥

অনন্তরঞ্চ দ্রুহ্যুং তুর্বসুম্ অণুঞ্চ পৃথিবীপতির্জরাগ্রহণার্থং স্বযৌবনপ্রদানায় চ চোদয়ামাস। তৈরপ্যে-

শুক্রের শাপানুসারে যযাতি অকালে জরাগ্রস্ত হইলেন।৩ পরে শুক্র প্রসন্ন হইলে তাঁহার বাক্যানুসারে রাজা জরাসংক্রমিত করিবার নিমিত্ত জ্যেষ্ঠপুত্র যদুকে কহিলেন, তোমার মাতামহের শাপে অকালে এই জরা আমাকে আক্রমণ করিয়াছে। এক্ষণে আমি তাঁহার অনুগ্রহে এই জরা তোমার শরীরে সঞ্চারিত করিতে অভিলাষ করিয়াছি। এক সহস্র বৎসর (তোমাকে এই জরা বহন করিতে হইবে।) আমি বিষয় ভোগে পরিতৃপ্ত হই নাই। আমি তোমার যৌবন গ্রহণ করিয়া বিষয় ভোগ করিতে ইচ্ছা করি। তুমি এ বিষয়ে অসম্মত হইও না।

অনন্তর এই কথা শুনিয়া যদু সেই জরা গ্রহণে সম্মত হইলেন না। তখন যযাতি তাঁহাকে শাপ প্রদান করিলেন যে, তোমার বংশে কেহ রাজা হইবে না।৫ পরে যযাতি, দ্রুহ্যু তুর্ব্বসু ও অণুকে জরাগ্রহণ ও স্বীয় যৌবন প্রদানার্থ ক্রমশঃ অনুরোধ করিলেন।

কৈকশ্যেন প্রত্যাখ্যাতস্তাংশ্চ শশাপ। অথ শর্ম্মিষ্ঠা-তনয়মশেষকনীয়াংসং পুরুং তথৈবাহ, স চাতিপ্রবণ-মতিঃ প্রণম্য পিতরং সবহুমানং, মহান্ প্রসাদোঽয়ম-স্মাকম্, ইত্যুদারম্ অভিধায় জরাং প্রতিজগ্রাহ, স্বকীয়ঞ্চ যৌবনং পিত্রে দদৌ। সোঽপি চ নবং যৌবনমাসাদ্য ধর্ম্মাবিরোধেন যথাকামং যথাকালোপপন্নং যথোৎসাহং বিষয়ং চচার, সম্যক্ প্রজাপালনমকরোৎ ॥ ৬ ॥

বিশ্বাচ্যা সহোপভোগং ভুক্ত্বা কামানামন্তমবা-প্স্যামীত্যনুদিনং তন্মনস্কো বভূব ॥ ৭ ॥

অনুদিনঞ্চ উপভোগতশ্চ কামানতীব রম্যান্ মেনে* ॥ ৮ ॥

ইঁহারাও একে একে অসম্মত হইলেন। রাজা ইঁহাদিগকেও শাপ প্রদান করিলেন। অনন্তর তিনি সর্ব্ব কনিষ্ঠ পুরুকে সেইরূপ কহিবামাত্র পুরু, আজ্ঞার অনুবর্ত্তী হইয়া বহুমান পূর্ব্বক প্রণাম করিয়া কহিলেন, যার পর নাই অনুগৃহীত হই-লাম। পুরু উদারভাবে এই কথা বলিয়া জরাগ্রহণ পূর্ব্বক স্বীয় যৌবন পিতাকে প্রদান করিলেন। যযাতিও নূতন যৌবন প্রাপ্ত হইয়া ধর্ম্মের অবিরোধে যথাকালে অভিলাষ অনুসারে উৎসাহ অনুসারে বিষয় ভোগ করিতে প্রবৃত্ত হইলেন ও প্রজা-পালন করিতে লাগিলেন। ৬

বিশ্বাচী নাম্নী অপ্সরার সহিত উপভোগ করিলে বিষয় বাস-নার অবসান হইবে, এই ভাবিয়া রাজা নিরন্তর তদ্গত-হৃদয় হইলেন। ৭ নিরন্তর উপভোগদ্বারা ভোগ্যবস্তু সমুদায় তাঁহার

* কামানতীবাভিরম্যান্ মেনে ইতি পাঠান্তরম্।

ততশ্চৈবমগায়ত।

যযাতিরুবাচ।

ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি।
হবিষা কৃষ্ণবর্ত্মেব ভূয় এবাভিবর্দ্ধতে ॥ ৯ ॥
যৎ পৃথিব্যাং ব্রীহিযবং হিরণ্যং পশবঃ স্ত্রিয়ঃ।
একস্যাপি ন পর্য্যাপ্তং তদিত্যতিতৃষং ত্যজেৎ ॥ ১০ ॥
যদা ন কুরুতে ভাবং সর্ব্বভূতেষু পাপকম্।
সমদৃষ্টেস্তদা পুংসঃ সর্ব্বা এব সুখা দিশঃ ॥ ১১ ॥
যা দুস্ত্যজা দুর্ম্মতিভির্যা ন জীর্য্যতি জীর্য্যতঃ।
তাং তৃষ্ণাং সংত্যজন্ প্রাজ্ঞঃ সুখেনৈবাভিপূর্য্যতে ॥১২॥

অতীব রমণীয় বোধ হইতে লাগিল। (রমণীয়তর বিষয়ভোগ দ্বারা তাঁহার সম্ভোগতৃষ্ণা দিন দিন বৃদ্ধি হইতে আরম্ভ হইল।) [৮] অনন্তর তিনি পশ্চাদুক্ত এই গানটী গাইয়াছিলেন।

যযাতি কহিলেন। ভোগ্য বস্তুর উপভোগ দ্বারা কখনই ভোগতৃষ্ণা নিবৃত্তি হয় না, প্রত্যুত হবির্দ্বারা হুতাশনের ন্যায় ভোগদ্বারা তাহা সমধিক প্রবল ও বর্দ্ধমান হইতে থাকে। [৯] এই পৃথিবীতে ধান্য যব সুবর্ণ পশু কামিনী প্রভৃতি যে সমুদায় ভোগ্য বস্তু আছে, তাহা এক জনের উপভোগ্য নহে। (কোন ব্যক্তিই চিরকাল তাহা ভোগ করিতে পান না।) অতএব সমধিক ভোগতৃষ্ণা পরিত্যাগ করা কর্ত্তব্য। [১০] যখন মনুষ্যের কোন জীবের প্রতি পাপভাব না থাকে, যখন সকলের প্রতি সমদৃষ্টি হয়, তখন সমস্ত দিক্ আনন্দময় ও সুখময় বোধ হইতে থাকে। [১১] মূঢ় ব্যক্তিরা যে তৃষ্ণা কোন মতেই পরিত্যাগ করিতে পারে না, শরীর জীর্ণ হইলেও যাহা জীর্ণ হয় না, তাদৃশ

জীর্য্যন্তি জীর্য্যতঃ কেশা দন্তা জীর্য্যন্তি জীর্য্যতঃ।
ধনাশা জীবিতাশা চ জীর্য্যতোঽপি ন জীর্য্যতি॥ ১৩॥
পূর্ণং বর্ষসহস্রং মে বিষয়াসক্তচেতসঃ।
তথাপ্যনুদিনং তৃষ্ণা মমৈতেষ্বেব জায়তে॥ ১৪॥
তস্মাদেতামহং ত্যক্ত্বা ব্রহ্মণ্যাধায় মানসম্।
নির্দ্বন্দ্বো নির্ম্মমো ভূত্বা চরিষ্যামি মৃগৈঃ সহ॥ ১৫॥

পরাশর উবাচ।

পুরোঃ সকাশাদাদায় জরাং দত্ত্বা চ যৌবনম্।
রাজ্যেঽভিষিচ্য পুরুঞ্চ প্রযযৌ তপসে বনম্॥ ১৬॥
দিশি দক্ষিণপূর্ব্বস্যাং তুর্বসুং প্রত্যথাদিশৎ।

তৃষ্ণা পরিত্যাগ করিয়া পণ্ডিতেরা সুখী হন।[১২] মনুষ্য জীর্ণ হইলে কেশ জীর্ণ (পক্ক) হয়। মনুষ্য জীর্ণ হইলে দন্ত জীর্ণ হয়, পরন্তু মনুষ্য জীর্ণ হইলেও ধনাশা ও জীবনাশা কখনই জীর্ণ হয় না।[১৩] পূর্ণ সহস্র বৎসর হইল, আমার চিত্ত বিষয়াসক্ত হইয়া আছে, তথাপি আমার তৃষ্ণা দিন দিন সেই সমুদায় ভোগ্য বস্তুর প্রতিই ধাবমান হইতেছে।[১৪] অতএব আমি এই সম্ভোগ-লালসা পরিত্যাগপূর্ব্বক একমাত্র ব্রহ্মে মনঃসমাধান করিয়া নির্দ্বন্দ্ব ও নির্ম্মম হইয়া মৃগগণের সহিত (অরণ্যে) বিচরণ করিব।[১৫]

পরাশর কহিলেন। অনন্তর যযাতি, পুরুর নিকট জরা গ্রহণপূর্ব্বক তদীয় যৌবন তাঁহাকে প্রত্যর্পণ করিলেন। পরে তাঁহাকে রাজ্যে অভিষিক্ত করিয়া তপস্যার্থ বন গমনে কৃতসংকল্প হইলেন।[১৬] তিনি দক্ষিণপূর্ব্ব দিকে তুর্ব্বসুকে, পশ্চিম

প্রতীচ্যাং চ তথা দ্রুহ্যুং দক্ষিণাপথতো যদুম্‌ ॥ ১৭ ॥
উদীচ্যাঞ্চ তথৈবাণুং কৃত্বা মণ্ডলিনো নৃপান্‌ ।
সর্ব্বপৃথ্বীপতিং পূরুং সোঽভিষিচ্য বনং যযৌ ॥ ১৮ ॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে চতুর্থেঽংশে নিমিবংশ-
বিস্তারো নাম দশমোঽধ্যায়ঃ ।

দিকে দ্রুহ্যুকে, দক্ষিণাপথে যদুকে, [১৭] উত্তর দিকে অণুকে, মণ্ডলী রাজা (অধীন শাসনকর্ত্তা) করিয়া পূরুকে সমুদায় পৃথিবীর রাজ্যে অভিষেক পূর্ব্বক বন গমন করিলেন।

বিষ্ণুপুরাণ চতুর্থ অংশ নিমিবংশবিস্তার নামক
দশম অধ্যায় সমাপ্ত ।

বিষ্ণুপুরাণম্ ।

চতুর্থোহংশঃ ।

একাদশোঽধ্যায়ঃ ।

পরাশর উবাচ ।

অতঃপরং যযাতেঃ প্রথমপুত্রস্য যদোর্বংশমহং কথয়ামি । যত্রাশেষলোকনিবাসি-মনুষ্য-সিদ্ধ-গন্ধর্ব্ব-যক্ষ-রাক্ষস-গুহ্যক-কিম্পুরুষাপ্সর-উরগ-বিহগ-দৈত্য-দানব-দেবর্ষি-দ্বিজর্ষি মুমুক্ষুভির্ধর্ম্মার্থকামমোক্ষার্থিভিঃ তৎ-ফললাভায় সদাভিষ্টুতাপরিচ্ছেদ্যমাহাত্ম্যেনাংশেন ভগবাননাদিনিধনো বিষ্ণুরবততার ॥ ১ ॥

পরাশর কহিলেন। অতঃপর আমি যযাতির প্রথম পুত্র যদুর বংশ কীর্ত্তন করিতেছি। ধর্ম্ম অর্থ কাম মোক্ষ, এই চতুর্বর্গাভিলাষী সকল লোকনিবাসী মুমুক্ষু মনুষ্যগণ সিদ্ধগণ গন্ধর্ব্বগণ যক্ষগণ রাক্ষসগণ গুহ্যকগণ কিম্পুরুষগণ অপ্সরোগণ উরগগণ বিহগগণ দৈত্যগণ দানবগণ দেবর্ষিগণ ও ব্রহ্মর্ষিগণ, চতুর্বর্গ ফল লাভের নিমিত্ত সর্ব্বদা যাঁহার স্তব করিয়া থাকেন, যাঁহার মাহাত্ম্যের ইয়ত্তা নাই, সেই অনাদি অনন্ত ভগবান্ বিষ্ণু, স্বীয় অংশদ্বারা এই বংশে অবতীর্ণ হইয়াছিলেন। ১

অত্র শ্লোকঃ

যদোর্ব্বংশং নরঃ শ্রুত্বা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে।
যত্রাবতীর্ণং বিষ্ণ্বাখ্যং পরং ব্রহ্ম নিরাকৃতি ॥ ২ ॥

সহস্রজিৎ-ক্রোষ্টু নল রঘু-সংজ্ঞাশ্চত্বারো যদুপুত্রা বভূবুঃ। সহস্রজিৎপুত্রঃ শতজিৎ। তস্য হৈহয়-বেণু-হয়াস্ত্রয়ঃ পুত্রা বভূবুঃ। হৈহয়াৎ ধর্ম্মনেত্রঃ, ততঃ কুন্তিঃ, কুন্তেঃ সাহঞ্জিঃ, তত্তনয়ো মহিষ্মান্, তস্মাৎ ভদ্রশ্রেণ্যঃ, ততো দুর্দমঃ, তস্মাৎ ধনকঃ, ধনকস্য কৃতবীর্য্য-কৃতাগ্নি-কৃতবর্ম্ম-কৃতৌজসশ্চত্বারঃ পুত্রাঃ। কৃতবীর্য্যাদর্জ্জুনঃ সপ্তদ্বীপপতির্ব্বাহুসহস্রী জজ্ঞে। যোঽসৌ ভগবদংশমত্রিকুলপ্রসূতং দত্তাত্রেয়াখ্যমারাধ্য বাহু-

এবিষয়ে একটী শ্লোক আছে যে, বিষ্ণু নামে নিরাকৃতি পরম ব্রহ্ম, যে বংশে অবতীর্ণ হইয়াছিলেন, সেই যদুবংশ শ্রবণ করিলে মনুষ্য, সমুদায় পাপপুঞ্জ হইতে বিনির্মুক্ত হয়। ২

যদুর চারি পুত্র। তাঁহাদের নাম—সহস্রজিৎ, ক্রোষ্টু, নল ও রঘু। সহস্রজিতের পুত্র শতজিৎ। শতজিতের তিনটী পুত্র জন্মে। তাহাদের নাম হৈহয়, বেণু ও হয়। হৈহয় হইতে ধর্ম্মনেত্র, ধর্ম্মনেত্র হইতে কুন্তি, কুন্তি হইতে সাহঞ্জি, সাহঞ্জি হইতে মহিষ্মান্, মহিষ্মান্ হইতে ভদ্রশ্রেণ্য, ভদ্রশ্রেণ্য হইতে দুর্দম, দুর্দম হইতে ধনক, ধনক হইতে কৃতবীর্য্য, কৃতাগ্নি, কৃতবর্ম্মা ও কৃতৌজাঃ, এই চারি পুত্র উৎপন্ন হইলেন। কৃতবীর্য্য হইতে অর্জ্জুন জন্ম গ্রহণ করেন। এই অর্জ্জুন সহস্রবাহু-বিশিষ্ট ও সপ্তদ্বীপের অধিপতি হইয়াছিলেন। ইনি, অত্রিকুল-প্রসূত ভগবানের অংশ দত্তাত্রেয়ের আরাধনা করিয়া এই কএ-

সহস্রম্ অধর্ম্মসেবানিবারণং ধর্ম্মেণ পৃথিবীজয়ং ধর্ম্মত-শ্চানুপালনম্ অরাতিভ্যোঽপরাজয়ম্ অখিলজগৎ-প্রখ্যাত-পুরুষাচ্চ মৃত্যুম্, ইত্যেতান্ বরান্ অভিল-ষিতবান্, লেভে চ। তেনেয়মশেষদ্বীপবতী পৃথ্বী সম্যক্ পরিপালিতা। দশযজ্ঞসহস্রাণ্যসাবযজৎ। তস্য চ শ্লোকোঽদ্যাপি গীয়তে ॥ ৩ ॥

নূনং ন কার্ত্তবীর্য্যস্য গতিং যাস্যন্তি পার্থিবাঃ।
যজ্ঞৈর্দানৈস্তপোভির্বা প্রশ্রয়েণ দমেন চ ॥ ৪ ॥

কটী বর প্রার্থনা করিয়াছিলেন যে, তাঁহার সহস্র বাহু হয়, অধর্ম্মে প্রবৃত্তি না হয়, তিনি ধর্ম্মানুসারে পৃথিবী জয় করিতে পারেন, ধর্ম্মানুসারে পৃথিবী পালন করেন, শত্রুগণের নিকট পরাজিত না হন, সমুদায় লোকে বিখ্যাত পুরুষ হইতে তাঁহার মৃত্যু হয়। অর্জ্জুন, এই সমুদায় বর প্রাপ্ত হইয়া অসঙ্খ্য দ্বীপ সহিত এই পৃথিবী উত্তমরূপে পালন করিতে লাগিলেন। তিনি দশ সহস্র যজ্ঞ করিয়াছিলেন। তদ্বিষয়ে অদ্যাপি একটী শ্লোক পঠিত হইয়া থাকে, যথা।[৩]

যজ্ঞদ্বারা দানদ্বারা তপস্যাদ্বারা বিনয়দ্বারা বা দমদ্বারা কোন রাজাই কার্ত্তবীর্য্য অর্জ্জুনের সমকক্ষ হইতে পারিবে না।[৪]

শাস্ত্রে প্রসিদ্ধি আছে যে, কার্ত্তবীর্য্যের নাম স্মরণ ও কীর্ত্তন করিলে অদ্যাপি প্রনষ্ট দ্রব্য প্রাপ্ত হওয়া যায়। কূর্ম্মপুরাণে আছে যে "অনষ্ট-দ্রব্যতা চৈব তব নামাভিকীর্ত্তনাৎ।" ॥ ৪

হরিবংশে কথিত হইয়াছে যে, রাবণ দিগ্বিজয়ার্থ বহির্গত হইয়া নর্ম্মদা নদীর নিকট শিবির সন্নিবেশ করিয়াছিলেন। ঐ সময় কার্ত্তবীর্য্য অর্জ্জুন, সহস্র বাহুদ্বারা নর্ম্মদার স্রোতোরোধ করিয়া অন্তঃপুর-চারিণী রমণীদিগের সহিত ক্রীড়া করিতেছিলেন। পরন্তু নর্ম্মদার স্রোত অবরুদ্ধ হওয়াতে জল বৃদ্ধি হইয়া রাব-ণের শিবির প্লাবিত করিল। তখন রাবণ অর্জ্জুনকে পরাজয় করিবার জন্য

অনষ্টদ্রব্যতা চ তস্য রাজ্যেঽভবৎ ॥ ৫ ॥

এবং পঞ্চাশীতিসহস্রাণ্যব্দানব্যাহতারোগ্যশ্রীবল-পরাক্রমো রাজ্যমকরোৎ। মাহিষ্মত্যাং দিগ্বিজয়াভ্যা-গতো নর্ম্মদাজলাবগাহনক্রীড়ানিপানমদাকুলেনাযত্নে-নৈব তেনাশেষ-দেব-দৈত্য-গন্ধর্ব্বেশ-জয়োদ্ভূত-মদাব-লেপোঽপি রাবণঃ পশুরিব বদ্ধা স্বনগরৈকান্তে স্থাপিতঃ ॥ ৬ ॥

(কার্ত্তবীর্য্যের এতদূর মাহাত্ম্য ছিল যে) তাঁহার রাজ্যে কখন কোন দ্রব্য হারাইত না।৫ তিনি অব্যাহত আরোগ্য, অব্যাহত লক্ষ্মী, অব্যাহত বল ও অব্যাহত পরাক্রম পাইয়া এই রূপে পঞ্চাশীতি সহস্র বৎসর রাজত্ব করিলেন।

একদা রাবণ, মাহিষ্মতী পুরীতে দিগ্বিজয়ার্থ উপস্থিত হইয়াছিলেন। তিনি সমুদায় দেব দৈত্য ও গন্ধর্ব্বপতিদিগকে পরাজয় করিয়া অহঙ্কারে মত্ত হন। (রাবণের মাহিষ্মতী পুরীতে উপস্থিতি সময়ে) কার্ত্তবীর্য্য, নর্ম্মদা নদীর সলিলে অবগাহন করিয়া ক্রীড়া করিতেছিলেন। তিনি (বাহুদ্বারা নদীর স্রোত অবরোধ করিয়া) নিপান প্রস্তুত করণ পূর্ব্বক ক্রীড়ায় মত্ত ও আকুল ছিলেন। তিনি সে সময় অযত্ন পূর্ব্বক রাবণকে পশুর ন্যায় বন্ধন করিয়া নগরের এক প্রান্তে রাখিলেন। *

তাঁহার নিকট যুদ্ধার্থ উপস্থিত হইলেন। অর্জ্জুন, জলবিহারের সময় যুদ্ধ না করিয়া রাবণকে বাঁধিয়া নগরীর এক প্রান্তে রাখিয়া পুনর্ব্বার বিহারে প্রবৃত্ত হইলেন। ৪

যঃ পঞ্চাশীতিবর্ষসহস্রোপলক্ষণকালাবসানে ভগবন্নারায়ণাংশেন পরশুরামেণ উপসংহৃতঃ। তস্য পুত্রশতং, প্রধানাঃ পঞ্চ পুত্রা বভূবুঃ, শূর-শূরসেন-বৃষণ-মধুধ্বজ-জয়ধ্বজসংজ্ঞাঃ। জয়ধ্বজাৎ তালজঙ্ঘঃ পুত্রোঽভবৎ। তালজঙ্ঘস্য তালজঙ্ঘাখ্যং পুত্রশতমাসীৎ। যেষাং জ্যেষ্ঠো বীতিহোত্রঃ, তথান্যো ভরতঃ, ভরতাৎ বৃষ-সুজাতৌ চ। বৃষস্য পুত্রো মধুরভবৎ। তস্যাপি বৃষ্ণিপ্রমুখং পুত্রশতমাসীৎ। যতো বৃষ্ণিসংজ্ঞামেতদ্গোত্রমবাপ। মধুসংজ্ঞাহেতুশ্চ মধুরভবৎ। যাদবাশ্চ যদুনামোপলক্ষণাৎ ॥ ৭ ॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে চতুর্থেঽংশে একাদশোঽধ্যায়ঃ।

কার্ত্তবীর্য্যের রাজত্বের পঞ্চাশীতি সহস্র বৎসর অতীত হইলে ভগবান্ নারায়ণের অংশ পরশুরাম, তাঁহাকে বিনাশ করিলেন। এই অর্জ্জুনের একশত পুত্র হইয়াছিল। তন্মধ্যে পাঁচটী পুত্র প্রধান। এই পঞ্চ পুত্রের নাম শূর, শূরসেন, বৃষণ, মধুধ্বজ ও জয়ধ্বজ।

জয়ধ্বজ হইতে তালজঙ্ঘ নামে পুত্র উৎপন্ন হইল। তালজঙ্ঘের একশত পুত্র হইয়াছিল, ইহারাও তালজঙ্ঘ নামে বিখ্যাত। এই শত পুত্রের মধ্যে জ্যেষ্ঠের নাম বীতিহোত্র, দ্বিতীয়ের নাম ভরত। ভরত হইতে বৃষ ও সুজাত নামে দুইটী

পুত্র উৎপন্ন হইল। বৃষ হইতে একটী পুত্র জন্মিল, তাহার নাম মধু। এই মধু হইতে বৃষ্ণি প্রভৃতি একশত পুত্র উৎপন্ন হইয়াছিল। এই বৃষ্ণি হইতেই এই গোত্র বৃষ্ণি নাম প্রাপ্ত হইয়াছে। উক্ত মধুই এই বংশের মধু নাম প্রাপ্তির কারণ। ইঁহারা যদুবংশোৎপন্ন বলিয়া যাদব নামে বিখ্যাত হইয়াছেন। ৭

বিষ্ণুপুরাণ চতুর্থ অংশ নিমিবংশবিস্তার নামক
একাদশ অধ্যায় সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

চতুর্থোঽংশঃ।

দ্বাদশাধ্যায়ঃ।

পরাশর উবাচ।

ক্রোষ্টুশ্চ যদুপুত্রস্যাত্মজো বৃজিনীবান্। ততশ্চ স্বাহিঃ, ততো রুষদ্রুঃ, রুষদ্রোশ্চিত্ররথঃ,* তত্তনয়ঃ শশবিন্দুঃ চতুর্দ্দশমহারত্নশ্চক্রবর্ত্তী অভবৎ॥ ১॥

তস্য চ শতসহস্রং পত্নীনামভবৎ। দশলক্ষ-

পরাশর কহিলেন, যদুনন্দন ক্রোষ্টুর একটী পুত্র হইল। ঐ পুত্রের নাম বৃজিনীবান্। বৃজিনীবানের পুত্র স্বাহি, স্বাহির পুত্র রুষদ্রু (রুষদণ্ড) রুষদ্রুর পুত্র চিত্ররথ, চিত্ররথের পুত্র শশবিন্দু। এই শশবিন্দু চতুর্দ্দশ মহারত্ন বিশিষ্ট * চক্রবর্ত্তী ছিলেন।[১] ইঁহার এক লক্ষ পত্নী ও দশলক্ষ পুত্র হইয়াছিল।

সম্রাট্দিগের সর্ব্ব-শ্রেষ্ঠ চতুর্দশ বস্তুর নাম চতুর্দশ রত্ন। যথা—চক্ররত্ন রথরত্ন, মণিরত্ন, খড়্গরত্ন, চর্ম্মরত্ন, কেতুরত্ন, নিধিরত্ন, এই সমস্ত রত্ন জীবন হীন। ভার্য্যারত্ন, পুরোহিতরত্ন, সেনানীরত্ন, রথকাররত্ন, পদাতিরত্ন, অশ্বরত্ন, হস্তিরত্ন, এই সাতটী রত্ন জীবনবিশিষ্ট। এই চতুর্দশ প্রকার বস্তুর মধ্যে যাহা রত্ন অর্থাৎ সর্ব্বোৎকৃষ্ট তাহাই সম্রাটের সম্পত্তি। ১

* ততো রুষদণ্ডঃ, রুষদেণাশ্চিত্ররথ ইতি পাঠান্তরম্।

সঞ্জ্যাশ্চ পুত্রাঃ। তেষাঞ্চ পৃথুযশাঃ, পৃথুকর্ম্মা, পৃথুজয়ঃ, পৃথুদানঃ, পৃথুকীর্ত্তিঃ, পৃথুশ্রবাঃ, ষট্ পুত্রাঃ প্রধানাঃ। পৃথুশ্রবসঃ পুত্রঃ তমঃ, তস্মাদুশনাঃ। যো বাজিমেধানাং শতম্ আজহার। তস্য চ শিতেষুর্নাম পুত্রোঽভূৎ* তস্যাপি রুক্মকবচঃ, ততঃ পরাবৃৎ, পরাবৃতো রুক্মেষু-পৃথুরুক্ম-জ্যামঘ-পালিত-হরিতসংজ্ঞাঃ তস্য পঞ্চাত্মজা বভূবুঃ। অত্রাদ্যাপি জ্যামঘস্য শ্লোকো গীয়তে ॥ ২ ॥

ভার্য্যাবশ্যাস্তু যে কেচিদ্ভবিষ্যন্ত্যথবা মৃতাঃ।
তেষান্তু জ্যামঘঃ শ্রেষ্ঠঃ শৈব্যাপতিরভূৎ নৃপঃ ॥
অপুত্রা তস্য সা পত্নী শৈব্যা নাম তথাপ্যসৌ।
অপত্যকামোঽপি ভয়াৎ নান্যাং ভার্য্যামবিন্দত ॥

এই সমুদায় পুত্রের মধ্যে, পৃথুযশাঃ, পৃথুকর্ম্মা, পৃথুজয়, পৃথুদান, পৃথুকীর্ত্তি ও পৃথুশ্রবা, এই ছয়টী পুত্রই প্রধান ছিলেন।

পৃথুশ্রবার পুত্র তম, তম হইতে উশনা জন্ম পরিগ্রহ করেন। এই উশনা সহস্র অশ্বমেধ যজ্ঞ করিয়াছিলেন। ইঁহার একটী পুত্র হইয়াছিল। তাহার নাম শিতেষু (শিতেয়ু)। শিতেষুর পুত্র রুক্মকবচ, রুক্মকবচের পুত্র পরাবৃৎ। পরাবৃৎ হইতে রুক্মেষু, পৃথুরুক্ম, জ্যামঘ, পালিত ও হরিত, এই পঞ্চ পুত্র উৎপন্ন হইল। ইহার মধ্যে জ্যামঘের বিষয়ে অদ্যাপি একটী শ্লোক পঠিত হইয়া থাকে।[২] এই ভূমণ্ডল মধ্যে যে সকল স্ত্রৈণ পুরুষ জন্মিয়াছে বা জন্ম গ্রহণ করিবে, তন্মধ্যে শৈব্যার স্বামী জ্যামঘ নামক রাজাই শ্রেষ্ঠ। এই রাজা জ্যামঘের

---

* তস্য চ শিতেয়ুর্নাম পুত্রোঽভূৎ ইতি কেচিৎ পঠন্তি।

স ত্বেকদাতিপ্রভূত-গজতুরগ-সংমর্দ্দেনাতিদারুণে মহাহবে যুধ্যমানঃ সকলমেবারাতিচক্রমজয়ৎ। তচ্চারিচক্রমপাস্ত-পুত্রকলত্রবন্ধুবলকোষং স্বমধিষ্ঠানং পরিত্যজ্য দিশঃ প্রবিদ্রুতম্॥ ৩॥

তস্মিন্ চ বিদ্রুতেঽতিত্রাসাল্লোলায়তলোচনযুগলং ত্রাহি তাত! ভ্রাতঃ! ইত্যাকুলবিলাপবিধুরং রাজকন্যারত্নমদ্রাক্ষীৎ॥ ৪॥

তদ্দর্শনাচ্চ তস্যামনুরাগানুগতান্তরাত্মা স ভূপোঽচিন্তয়ৎ॥ ৫॥

সাধ্বিদং মমাপত্যবিরহিতস্য বন্ধ্যাভর্ত্তুঃ সাম্প্রতং

পত্নী শৈব্যার সন্তান হয় নাই। জ্যামঘ পুত্রার্থী হইয়াও ভয়ক্রমে অন্য নারীর পাণিগ্রহণ করিতে পারেন নাই।

এই রাজা এক সময় অতিদারুণ মহাসংগ্রামে প্রভূত গজ তুরগ রথ সংমর্দ্দদ্বারা যুদ্ধ করিতে করিতে সমুদায় বিপক্ষ পক্ষ পরাজয় করিলেন। তাঁহার শত্রুগণ, পুত্র কলত্র বন্ধু ধনাগার সৈন্য সামন্ত ও নিজরাজধানী, সমুদায় পরিত্যাগ পূর্ব্বক দিক্ দিগন্তরে পলায়ন করিল।[৩] বিপক্ষবর্গ পলায়ন করিলে তিনি দেখিলেন যে, (অলোক সামান্য রূপলাবণ্য সম্পন্ন) রত্ন স্বরূপ একটী রাজকন্যা (ভয়বিহ্বলা হইয়া) রোদন করিতেছে ও এই বলিয়া আকুলিত বচনে কাতর স্বরে বিলাপ করিতেছে যে, পিতঃ! রক্ষা কর, ভ্রাতঃ! রক্ষা কর। এই কন্যার আয়ত লোচন যুগল ত্রাস হেতু ইতস্তত নিক্ষিপ্ত হইতেছে।[৪]

রাজা এই কন্যারত্নকে দর্শন করিবামাত্র অনুরাগাকৃষ্ট-হৃদয় হইয়া চিন্তা করিতে লাগিলেন,[৫] আমি বন্ধ্যা রমণীর ভর্ত্তা,

বিধিনাপত্যকারণং কন্যারত্নমুপপাদিতম্। তদেতৎ উদ্বহামি। অথ চৈনাং স্যন্দনমারোপ্য স্বমধিষ্ঠানং নয়ামি ॥ ৬ ॥

তথৈব দেব্যাহমনুজ্ঞাতঃ সমুদ্বক্ষ্যামীতি। অথৈনাং রথমারোপ্য স্বনগরমাগচ্ছৎ ॥ ৭ ॥

বিজয়িনঞ্চ রাজানমশেষপৌরভৃত্য-পরিজনামাত্য-সমবেতা শৈব্যা দ্রষ্টুমধিষ্ঠানদ্বারমাগতা ॥ ৮ ॥

সা চ অবলোক্য রাজ্ঞঃ সব্যপার্শ্ববর্ত্তিনীং কন্যামীষদুদ্ভূতামর্ষস্ফুরদধরপল্লবা রাজানম্ অবোচৎ, অতিচপল-

আমার সন্তান হয় নাই, বিধাতা আমার সন্তানের নিমিত্ত এই উত্তম কন্যারত্ন উপস্থিত করিয়াছেন। আমি ইহাকে বিবাহ করিব। এক্ষণে আমি ইহাকে রথে তুলিয়া নিজ রাজধানীতে লইয়া যাই।[৬] (রাজধানীতে উপনীত হইয়া) দেবীর অনুমতি লইয়া পরে ইহার পাণিগ্রহণ করা যাইবে। রাজা এইরূপ বিবেচনা করিয়া রাজকন্যাকে রথে আরোপণ পূর্ব্বক স্বীয় রাজধানীতে গমন করিলেন।[৭]

রাজা যখন বিজয়ী হইয়া রাজধানীতে প্রবেশ করেন, তখন. শৈব্যা (তাঁহার সম্মান বর্দ্ধনের নিমিত্ত) পৌরগণ ভৃত্যগণ পরিজনগণ ও অমাত্যগণে পরিবৃতা হইয়া সাক্ষাৎ করণাশয়ে নগরদ্বারে উপনীত হইলেন।[৮] শৈব্যা রাজার বাম পার্শ্বে একটী রাজকন্যা দেখিয়া অমর্ষান্বিতা হইলেন। তাঁহার অধরপল্লব অমর্ষভরে ঈষৎ স্ফুরিত হইতে লাগিল। তিনি রাজাকে কহিলেন, এই রথোপরি চঞ্চল-হৃদয়া যে এই একটী কন্যা দেখিতেছি, ইনি কে? রাজা ভয়হেতু (এককালে ইতিকর্ত্তব্যতা-

চিত্তাত্র স্যন্দনে কেয়মারোপিতা ইতি। অসাবপ্যনা-
লোচিতোত্তরবচনোঽতিভয়াৎ তামাহ, স্নুষা মমেয়-
মিতি ॥ ৯ ॥

অথৈনং শৈব্যোবাচ।

নাহং প্রসূতা পুত্রেণ নান্যা পত্ন্যভবৎ তব।
স্নুষাসংবন্ধবাচ্যৈষা* কতমেন সুতেন তে ॥ ১০ ॥

পরাশর উবাচ।

ইত্যাত্মের্ষ্যাকোপ-† কলুষিত-বচনমুষিতবিবেকতয়া
দুরুক্তপরিহারার্থমিদমবনীপতিরাহ ॥ ১১ ॥

যস্তে জনিষ্যত্যাত্মজঃ তস্যেয়মনাগতমেব ভার্য্যা

শূন্য হইয়া) কি উত্তর করা কর্ত্তব্য, তাহা পর্য্যালোচনা না করিয়াই তাঁহাকে কহিলেন, এই কন্যাটী আমার পুত্রবধূ।[৯] অনন্তর শৈব্যা তাঁহাকে কহিলেন, আমি পুত্র প্রসব করি নাই, তুমিও অন্য পত্নী পরিগ্রহ কর নাই। এই কন্যাটীকে পুত্রবধূ বলিতেছ। তোমার কোন্ পুত্রের সম্বন্ধে ইনি পুত্রবধূ হইলেন?[১০]

পরাশর কহিলেন। রাজার প্রতি শৈব্যার কোপ ও ঈর্ষ্যা হওয়াতে রাজার বাক্য কলুষিত ও বিবেচনা অপহৃত হইল। তিনি অসম্ভাবিত বাক্য পরিহারের নিমিত্ত এইরূপ কহিলেন যে,[১১] তোমার গর্ভে যে সন্তান উৎপন্ন হইবে, তাহার নিমিত্তই

---

* স্নুষাসম্বন্ধবাক্ চৈষা ইত্যপি পাঠঃ।

† ইত্যাত্মেষ্টভার্য্যের্ষ্যাকোপ—ইতি কেচিৎ পঠন্তি।

নিরূপিতা, ইত্যাকর্ণ্যোদ্ভূতমৃদুহাসা তথেত্যাহ, প্রবিবেশ চ রাজ্ঞা সহাধিষ্ঠানম্,* ইতি ॥ ১২ ॥

অনন্তরঞ্চাতিশুদ্ধলগ্নহোরাংশকাবয়বোক্ত-কৃতপুত্রজন্মালাপগুণাৎ বয়সঃ পরিণামমুপগতাপি শৈব্যা স্বল্পৈরেবাহোভির্গর্ভমবাপ ॥ ১৩ ॥

কালেন চ পুত্রমজীজনৎ। তস্য চ বিদর্ভ ইতি পিতা নাম চক্রে। স চ তাং স্নুষামুপযেমে ॥ ১৪ ॥

তস্যাঞ্চাসৌ ক্রথকৌশিকসংজ্ঞৌপুত্রাবজনয়ৎ। পুনশ্চ তৃতীয়ং রোমপাদসংজ্ঞং কুমারমজীজনৎ। রোমপাদাদ্বভ্রুঃ, বভ্রোঃ পুত্রো ধৃতিঃ। কৌশিকস্যাপি

অগ্রে এই নববধূ স্থির করিয়া রাখিলাম। শৈব্যা রাজার এই কথা শুনিয়া ঈষৎ হাস্য করিলেন এবং কহিলেন, তাহাই হইবে।[১২] অনন্তর রাজা মহানগরে প্রবেশ করিলেন। অতিবিশুদ্ধ লগ্ন, বিশুদ্ধ হোরা, বিশুদ্ধ অংশক ও বিশুদ্ধ অবয়বে (তাহাই হইবে অর্থাৎ পুত্র উৎপন্ন হইবে, এই কথা) বলাতে শৈব্যা পরিণতবয়স্কা হইয়াও অল্প দিনের মধ্যেই গর্ভ ধারণ করিলেন।[১৩] যথাসময়ে তাঁহার একটী পুত্র উৎপন্ন হইল। রাজা ঐ পুত্রের বিদর্ভ এই নাম রাখিলেন। পরে বিদর্ভ সেই রাজকন্যাকে বিবাহ করেন।[১৪]

পরে বিদর্ভ হইতে ঐ রাজকন্যার গর্ভে দুইটী পুত্র হইল। এই দুই পুত্রের নাম ক্রথ ও কৌশিক। পরে আর একটী সন্তান হইল, তাহার নাম রোমপাদ। রোমপাদের পুত্র বভ্রু, বভ্রুর পুত্র ধৃতি।

* প্রবিবেশ চ রাজা মহাধিষ্ঠানম্ ইতি বা পাঠ্যতাম্।

চেদিঃ* পুত্রোঽভূৎ যস্য সন্ততৌ চৈদ্যা ভূপালাঃ।
ক্রথস্য স্নুষাপুত্রস্য পুত্রঃ কুন্তিরভবৎ॥ ১৫॥

কুন্তের্বৃষ্ণিঃ, বৃষ্ণের্নির্বৃতিঃ, নির্বৃতের্দশার্হঃ, ততশ্চ ব্যোমা, তস্মাদপি জীমূতঃ, তস্যাপি বংশকৃতিঃ‡, ততো ভীমরথঃ, তস্মাৎ নবরথঃ, ততশ্চ দশরথঃ, তস্য শকুনিঃ, তত্তনয়ঃ করম্ভিঃ, করম্ভের্দেবরাতোঽভবৎ। তস্মাৎ দেবক্ষত্রঃ,* তস্য মধুঃ, মধোরনবরথঃ, অনবরথাৎ কুরুবৎসঃ,† ততশ্চানুরথঃ, ততঃ

কৌশিকের একটী পুত্র হইল, তাহার নাম চেদি। চৈদ্য নামে ভূপালগণ, এই বংশে জন্ম পরিগ্রহ করেন। উক্ত জ্যামঘের পুত্রবধূর পুত্র ক্রথ হইতে কুন্তি উৎপন্ন হইলেন।[১৫] কুন্তির পুত্র বৃষ্ণি, বৃষ্ণির পুত্র নির্বৃতি, নির্বৃতির পুত্র দশার্হ, দশার্হের পুত্র ব্যোমা, ব্যোমার পুত্র জীমূত, জীমূতের পুত্র বংশকৃতি, (বিকৃতি) বংশকৃতির পুত্র ভীমরথ, ভীমরথের পুত্র নবরথ, নবরথের পুত্র দশরথ, দশরথের পুত্র শকুনি, শকুনির পুত্র করম্ভি, করম্ভির পুত্র দেবরাত, দেবরাতের পুত্র দেবক্ষত্র, দেবক্ষত্রের পুত্র মধু, মধুর পুত্র অনবরথ, (নবরথ) অনবরথের পুত্র কুরুবৎস, কুরুবৎসের পুত্র অনুরথ, অনুরথের পুত্র পুরু-

---

* বভ্রোঃ পুত্রো ধৃতিঃ, ধৃতেঃ পুত্রঃ কৌশিকঃ, কৌশিকস্যাপি চেদিঃ ইতি প্রামাদিকঃ পাঠঃ।

† ক্রথস্য স্নুষাপুত্রস্য কুন্তিরভবৎ ইতি বহবঃ।

‡ বিকৃতিরিতি নামান্তরম্।

* তস্মাদেবক্ষত্র ইতি, তস্মাদ্দেবক্ষত্র ইতি চ পৃথক্ পাঠঃ।

† মধোর্নবরথঃ, নবরথাৎ কুরুবংশ ইতি ক্বচিৎ পাঠঃ।

পুরুহোত্রো জজ্ঞে। ততশ্চ অংশঃ*, ততশ্চ সত্বতঃ, সত্বতাদেতে সাত্বতাঃ ॥ ১৬ ॥

ইত্যেতাং জ্যামঘসন্ততিং সম্যক্ শ্রদ্ধাসমন্বিতঃ শ্রুত্বা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ১৭ ॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে চতুর্থেঽংশে
দ্বাদশোঽধ্যায়ঃ।

হোত্র, পুরুহোত্রের পুত্র অংশ, অংশ হইতে সত্বত উৎপন্ন হইলেন। এই সত্বত হইতে সাত্বতবংশ বিস্তীর্ণ হইয়াছে। ১৬

উত্তম শ্রদ্ধা সমন্বিত হইয়া এই জ্যামঘ বংশ শ্রবণ করিলে মনুষ্যগণ সমুদায় পাপপুঞ্জ হইতে বিনির্মুক্ত হইতে পারে।

বিষ্ণুপুরাণ চতুর্থ অংশ নিমিবংশবিস্তার নামক
দ্বাদশ অধ্যায় সমাপ্ত।

---

* ততশ্চ অংশুরিতি নামান্তরম্।

বিষ্ণুপুরাণম্।

চতুর্থোঽংশঃ।

ত্রয়োদশাধ্যায়ঃ।

পরাশর উবাচ।

ভজিন-ভজমান-দিব্যান্ধক-দেবাবৃধ মহাভোজ-বৃষ্ণি-সংজ্ঞাঃ সত্বতস্য পুত্রা বভূবুঃ ॥ ১ ॥

ভজমানস্য নিমি-বৃকণ-বৃষ্ণয়ঃ,* তথান্যে তদ্বৈমাত্রাঃ শতাজিৎ-সহস্রাজিৎ-অযুতাজিৎ-সংজ্ঞাঃ ॥ ২ ॥

দেবাবৃধস্যাপি বভ্রুঃ পুত্রোঽভূৎ। তস্য চ অয়ং শ্লোকো গীয়তে ॥ ৩ ॥

পরাশর কহিলেন। সত্বতের অনেকগুলি পুত্র হইয়াছিল। তাহাদের নাম—ভজিন, ভজমান, দিব্য, অন্ধক, দেবাবৃধ, মহাভোজ ও বৃষ্ণি।[১] ভজমানের এক স্ত্রীর গর্ভে নিমি বৃকণ (কৃকণ) ও বৃষ্ণি (বৃষ্ণি) এই তিন পুত্র এবং অন্য স্ত্রীর গর্ভে শতাজিৎ, সহস্রাজিৎ ও অযুতাজিৎ, এই তিন পুত্র উৎপন্ন হইল।[২] দেবাবৃধের একটী পুত্র হইল। ঐ পুত্রের নাম বভ্রু। দেবাবৃধ ও বভ্রুর বিষয়ে এই একটী শ্লোক পঠিত হইয়া থাকে যে,[৩]

* নিমিক্রকণবৃষ্ণয় ইতি কেচিৎ পঠন্তি।

† দেবাবৃধস্যাপি বভ্রুঃ সুতোঽভূৎ। তয়োশ্চেমৌ শ্লোকৌ গীয়েতে ইতি প্রামাণিকপুস্তকস্য পাঠঃ।

যথৈব শৃণুমো দূরাদপশ্যামস্তথান্তিকাৎ ।
বভ্রুঃ শ্রেষ্ঠো মনুষ্যাণাং দেবৈর্দেবাবৃধঃ সমঃ ॥ ৪ ॥
পুরুষাঃ ষট্ চ ষষ্টিশ্চ ষট্ সহস্রাণি চাষ্ট চ ।
যেঽমৃতত্বমনুপ্রাপ্তা বভ্রোর্দেবাবৃধাদপি ॥ ৫ ॥

মহাভোজস্ত্বতিধর্ম্মাত্মা । তস্যান্বয়ে ভোজা মার্ত্তিকাবতা বভূবুঃ ॥ ৬ ॥

বৃষ্ণেঃ সুমিত্রো যুধাজিচ্চ পুত্রোঽভবৎ । ততশ্চানমিত্র-শিনী তথা ॥ ৭ ॥

অনমিত্রান্নিম্নঃ, নিম্নস্য প্রসেন-সত্রাজিতৌ । তস্য চ সত্রাজিতস্য ভগবানাদিত্যঃ সখা অভবৎ ॥ ৮ ॥

একদা তু অম্ভোধেস্তীরসংশ্রয়ঃ সূর্য্যং সত্রাজিত-

——আমরা দূর হইতে যেরূপ শুনিতাম, নিকটে আসিয়াও অবিকল সেইরূপ দেখিলাম। বভ্রু সমুদায় মনুষ্যের মধ্যে শ্রেষ্ঠ এবং দেবাবৃধ দেবতার তুল্য।[৪] ছয় হাজার ছষট্টি, আর আট জন মনুষ্য, বভ্রু ও দেবাবৃধ হইতে অর্থাৎ তাঁহাদের উপদেশানুসারে মুক্তি লাভ করিয়াছে[৫] মহাভোজ না ভোজ অতিধর্ম্মাত্মা ছিলেন। মৃত্তিকাবত নামক প্রদেশবাসী ভোজগণ, এই বংশে উৎপন্ন হইয়াছেন।[৬]

বৃষ্ণির দুইটী পুত্র উৎপন্ন হইল। তাহাদের নাম সুমিত্র ও যুধাজিৎ। সুমিত্রের দুই পুত্র জন্মে, তাহাদের নাম অনমিত্র ও শিনি।[৭] অনমিত্রের পুত্র নিম্ন, নিম্নের পুত্র প্রসেন ও সত্রাজিত। ভগবান্ দিবাকর, এই সত্রাজিতের সখা ছিলেন।[৮] কোন সময় এই সত্রাজিত সাগরতীরে অবস্থান পূর্ব্বক সূর্য্যের

স্তুষ্টাব। তন্মনস্কতয়া চ ভাস্বানভিষ্টূয়মানোঽগ্রতস্তস্য তস্থৌ। অস্পষ্টমূর্ত্তিধরং চৈনমালোক্য সত্রাজিতঃ সূর্য্যমাহ, যথৈব ব্যোম্নি ত্বাং বহ্নিপিণ্ডোপমমহমপশ্যং তথৈবাদ্যাগ্রতো গতমপ্যত্র ন কিঞ্চিদ্ভগবতা প্রসাদীকৃতং বিশেষমুপলক্ষয়ামি॥ ৯॥

ইত্যেবমুক্তে (ভগবতা) সূর্য্যেণ নিজকণ্ঠাদুন্মুচ্য স্যমন্তকনামা মণিরবতার্য্য একান্তে ন্যস্তঃ। ততস্তমাতাম্রোজ্জ্বল-হ্রস্ববপুষম্* ঈষদাপিঙ্গলনয়নমাদিত্যমদ্রাক্ষীৎ। কৃতপ্রণিপাতস্তবাদিকঞ্চ সত্রাজিতমাহ ভগবান্, বরমস্মত্তোঽভিমতং বৃণীষ্বেতি। স চ তদেব মণিরত্ন-

স্তব করিতে লাগিলেন। তিনি একাগ্র-হৃদয় হইয়া স্তুতি পাঠ করাতে দিবাকর তাঁহার সম্মুখে আসিয়া দণ্ডায়মান হইলেন। সত্রাজিত, তাঁহাকে অস্পষ্ট মূর্ত্তিধারী দেখিয়া কহিলেন, আমি আপনাকে আকাশমণ্ডলে যেরূপ অগ্নিপিণ্ডের ন্যায় দেখিয়াছি, এক্ষণে আপনি আমার সমীপবর্ত্তী হইলেও অবিকল সেইরূপই দেখিতেছি। অধুনা এস্থলে আপনকার প্রসন্নতার চিহ্নস্বরূপ কোন বিশেষ প্রত্যক্ষ করিলাম না।৯ সত্রাজিত এই কথা বলিবামাত্র দিবাকর স্বীয় কণ্ঠদেশ হইতে স্যমন্তক নামক মণি উন্মোচনপূর্ব্বক এক পার্শ্বে নামাইয়া রাখিলেন। অনন্তর সত্রাজিত, ঈষৎ তাম্রবর্ণ উজ্জ্বল হ্রস্ব শরীর বিশিষ্ট ঈষৎ পিঙ্গলনয়ন দিবাকরকে দর্শন করিলেন। পরে তিনি প্রণিপাতপূর্ব্বক স্তুতিপাঠাদি করিলে ভগবান্ আদিত্য তাঁহাকে কহিলেন, তোমার যাহা ইচ্ছা হয়, আমার নিকট বর প্রার্থনা কর।

* আতাম্রোজ্জ্বলরূপবপুষম্ ইতি ক্বচিৎ পাঠঃ।

ময়াচত। স চাপি তস্মৈ তৎ দত্ত্বা বিয়তি স্বং ধিষ্ণ্যমারুরোহ ॥ ১০ ॥

সত্রাজিতোঽপ্যমলমণিরত্ন-সনাথ-কণ্ঠতয়া সূর্য্য ইব তেজোভিরশেষ- দিগন্তরাণ্যুদ্ভাসয়ন্ দ্বারকাং বিবেশ ॥ ১১ ॥

দ্বারকাবাসিজনপদস্তু তমায়ান্তমবেক্ষ্য ভগবন্তমনাদিপুরুষং পুরুষোত্তমম্ অবনিভারাবতারণায়াংশেন মানুষরূপধারিণং প্রণিপত্যাহ, ভগবন্! ভগবন্তময়ং নূনং দ্রষ্টুমায়াত্যাদিত্যঃ। ইত্যাকর্ণ্য প্রহস্য চ তানাহ ভগবান্, নায়মাদিত্যঃ, সত্রাজিতোঽয়মাদিত্য-দত্তং স্যমন্তকাখ্যং মহামণিং বিভ্রদত্রোপায়াতি। তদেনং বিশ্রব্ধাঃ পশ্যত, ইত্যুক্তাস্তে যযুঃ ॥ ১২ ॥

সত্রাজিত সেই দিব্য মণিরত্ন প্রার্থনা করিলেন। দিবাকরও তাঁহাকে সেই মণিরত্ন প্রদান করিয়া আকাশে স্বস্থানে আরূঢ় হইলেন।[১০] সত্রাজিতও সেই নির্ম্মল মণিরত্ন কণ্ঠে ধারণ করাতে তেজোদ্বারা সূর্য্যের ন্যায় সমুদায় দিক্ বিদিক্ সমুদ্ভাসিত করিয়া দ্বারকায় প্রবেশ করিলেন।[১১]

দ্বারকাবাসী জনগণ, তাঁহাকে আসিতে দেখিয়া, পৃথিবীর ভার অবতারণের নিমিত্ত অংশদ্বারা মনুষ্যরূপধারী অনাদি পুরুষ ভগবান্ পুরুষোত্তমের নিকট উপস্থিত হইয়া প্রণিপাত পূর্ব্বক কহিল, ভগবন্! আমরা বোধ করি, ভাস্কর আপনাকে দর্শন করিবার নিমিত্ত ঐ আগমন করিতেছেন। ভগবান্ কৃষ্ণ, এই কথা শুনিয়া ঈষৎ হাস্য পূর্ব্বক কহিলেন, ইনি ভাস্কর নহেন। ইনি সত্রাজিত। ইনি ভাস্করদত্ত স্যমন্তক নামে মহামণি

স চ তং স্যমন্তকাখ্যং মহামণিমাত্মনিবেশনে চক্রে ॥ ১৩ ॥

প্রতিদিনঞ্চ তন্মণিরত্নপ্রবরমষ্টৌ * কণকভারান্ স্রবতি ॥ ১৪ ॥

তৎপ্রভাবাচ্চ সকলস্যৈব রাষ্ট্রস্যোপসর্গা অনাবৃষ্টি-ব্যালাগ্নিচৌরদুর্ভিক্ষাদিভয়ং ন ভবতি ॥ ১৫ ॥

অচ্যুতোঽপি তদ্রত্নমুগ্রসেনস্য ভূপতের্যোগ্যমেত-দিতি লিপ্সাঞ্চক্রে, গোত্রভেদভয়াচ্চ শক্তোঽপি ন জহার ॥ ১৬ ॥

ধারণ করিয়া এখানে আগমন করিতেছেন। অতএব তোমরা নিঃশঙ্ক হৃদয়ে ইঁহাকে দর্শন কর। কৃষ্ণের এই কথা শুনিয়া দ্বারকাবাসীরা (স্ব স্ব স্থানে) প্রস্থান করিল।[১২] সত্রাজিতও সেই স্যমন্তক নামে মহামণি স্বগৃহে স্থাপন করিলেন।[১৩] এই প্রধান মণিরত্ন, প্রতিদিন অষ্ট ভার স্বুবর্ণ প্রসব করিত।[১৪] বিশেষতঃ সেই স্যমন্তক মণি প্রভাবে সমুদায় রাজ্যমধ্যে রোগ, অনাবৃষ্টি, সর্পাদিভয়, অগ্নিভয়, চৌরভয় বা দুর্ভিক্ষাদি ভয় কিছুই থাকিল না।[১৫] সেই রত্ন রাজা উগ্রসেনের যোগ্য, এই বিবেচনা করিয়া কৃষ্ণ, তাহা গ্রহণ করিতে অভিলাষী হইলেন কিন্তু জ্ঞাতিবিরোধ ভয়ে সামর্থ্য থাকিতেও বলপূর্ব্বক গ্রহণ করিলেন না।[১৬] সত্রাজিতও বিবেচনা করিলেন যে,

* তন্মণিরত্নমষ্টৌ ইতি পাঠান্তরম্।

পাঁচ কুচে এক মাসা, ষোল মাসায় এক স্বুবর্ণ। কর্ষ বা তোলা, চারি কর্ষে এক পল, একশত পলে এক তুলা, বিংশতি তুলায় এক ভার। স্যমন্তক মণি এই-রূপ অষ্ট ভার স্বুবর্ণ প্রসব করিত। ১৪

সত্রাজিতোঽপ্যচ্যুতো মামেতৎ যাচিষ্যতীত্যবগতরত্নলোভঃ* স্বভ্রাত্রে প্রসেনায় তদ্রত্নং দত্তবান্† ॥১৭॥

তচ্চ শুচিনা ধ্রিয়মানমশেষসুবর্ণস্রাবাদিকং গুণমুৎপাদয়তি, অন্যথা যএব ধারয়তি তমেব হন্তীতি। অসাবপি প্রসেনঃ স্যমন্তকেন কণ্ঠাসক্তেনাশ্বমারুহ্যাটব্যাং মৃগয়ামগচ্ছৎ॥ তত্র চ সিংহাৎ বধমবাপ। সাশ্বঞ্চ তং নিহত্য সিংহোঽপ্যমলমণিরত্নমাস্যাগ্রেণাদায় গন্তুমুদ্যতঃ ঋক্ষাধিপতিনা জাম্ববতা দৃষ্টো ঘাতিতশ্চ। জাম্ববানপ্যমলং তন্মণিরত্নমাদায় স্ববিলং প্রবিবেশ, সুকুমারকসংজ্ঞায় চ বালকায় ক্রীড়নম্ অকরোৎ ॥ ১৮ ॥

কৃষ্ণ আমার নিকট ইহা যাচ্ঞা করিবেন। কারণ তিনি বুঝিতে পারিয়াছিলেন যে, ঐ রত্নের প্রতি কৃষ্ণের লোভ জন্মিয়াছে। (তখন তিনি অগত্যা) স্বীয় ভ্রাতা প্রসেনকে সেই রত্ন দান করিলেন।[১৭] শুচি হইয়া সেই রত্ন ধারণ করিলে তাহা সুবর্ণ স্রাব ও রাজ্যের কুশলাদি সম্পাদন করে, তাহার অন্যথা হইলে যে ব্যক্তি ধারণ করে, তাহারই বিনাশের কারণ হয়। (এই কারণে প্রসেন বিনষ্ট হইলেন।)

একদা প্রসেন, সেই স্যমন্তক মণি কণ্ঠে ধারণ করিয়া অশ্বে আরোহণ পূর্ব্বক মৃগয়ার্থ অরণ্যে প্রবেশ করিলেন। সেখানে একটী সিংহ তাঁহার প্রাণ সংহার করিল। সিংহ, অশ্বের সহিত প্রসেনকে নিহত করিয়া মুখাগ্রদ্বারা সেই অমল মণিরত্ন গ্রহণপূর্ব্বক গমন করিতেছে, এমত সময়, ঋক্ষরাজ জাম্ববান্

* যাচয়িষ্যতীত্যবগতরত্নলোভ ইতি পাঠান্তরম্।

† তদ্রত্নমদদৎ ইতি চ পৃথক্ পাঠঃ।

অনাগচ্ছতি চ তস্মিন্ প্রসেনে, কৃষ্ণো মণিরত্নমভিলষিতবান্, ন চ প্রাপ্তবান্, নূনমেতদস্য কর্ম্ম, নান্যেন প্রসেনো হন্যত ইত্যখিল এব যদুলোকঃ * পরস্পরং কর্ণাকর্ণ্যকথয়ৎ ॥ ১৯ ॥

বিদিতলোকাপবাদবৃত্তান্তশ্চ ভগবান্ যদুসৈন্য-পরিবারঃ প্রসেনাশ্বপদবীমনুসসার, দদর্শ চাশ্বসমেতং প্রসেনং নিহতং সিংহেন। অখিলজনপদমধ্যে সিংহপদদর্শনকৃতপরিশুদ্ধিঃ সিংহপদমনুসসার ॥ ২০ ॥

তাহাকে অবলোকন করিয়া বিনাশ করিল এবং সেই সুনির্ম্মল মণিরত্ন গ্রহণপূর্ব্বক গর্ত্তে প্রবিষ্ট হইল। জাম্ববানের সুকুমারক নামে একটী (সুকুমার) কুমার ছিল। জাম্ববান্ ঐ মণিরত্ন সেই বালকের ক্রীড়নক করিয়া দিল। [১৮]

(মৃগয়ার্থ অরণ্যে প্রবিষ্ট) প্রসেন যখন প্রত্যাগত হইলেন না, তখন সমুদায় যদুবংশীয় লোক পরস্পর এইরূপ কাণাকাণি করিতে লাগিল যে, কৃষ্ণ এই মণিরত্নের অভিলাষী ছিলেন, পান নাই, ইহাতে নিশ্চয় বোধ হইতেছে যে, ইহা তাঁহারই কর্ম্ম। অন্য লোক প্রসেনকে বিনাশ করিয়াছে, এমত বোধ হয় না। [১৯] ভগবান্ কৃষ্ণ, যখন লোকাপবাদের বৃত্তান্ত অবগত হইলেন, তখন তিনি, যদুসৈন্যে পরিবৃত হইয়া (খুরচিহ্নানুসারে) প্রসেনের অশ্বের পথ অনুসরণ করিতে লাগিলেন। পরে দেখিতে পাইলেন যে, অশ্বসমেত প্রসেন সিংহ কর্ত্তৃক নিহত হইয়া পতিত রহিয়াছেন। তিনি সমুদায় লোকমধ্যে সিংহের পদচিহ্ন দেখাইয়া

* নূনমেতদস্য কর্ম্মেত্যখিলযদুলোক ইতি বঙ্গাক্ষরাঙ্কিত পুস্তকস্য পাঠঃ।

ক্রীড়নক—ক্রীড়াদ্রব্য, খেলানা। ১৮

ঋক্ষবিনিহতঞ্চ সিংহমপ্যল্পে ভূমিভাগে দৃষ্ট্বা ততশ্চ তদ্রত্নগৌরবাদৃক্ষস্যাপি পদান্যনুযযৌ* । গিরিতটে চ সকলমেব যদুসৈন্যমবস্থাপ্য তৎপদানুসারী ঋক্ষবিলং প্রবিবেশ । অর্দ্ধপ্রবিষ্টশ্চ ধাত্র্যাঃ সুকুমারকমুল্লাপয়ন্ত্যা বাণীং শুশ্রাব ॥ ২১ ॥

সিংহঃ প্রসেনমবধীৎ সিংহো জাম্ববতা হতঃ ।
সুকুমারক ! মা রোদীস্তব হ্যেষ স্যমন্তকঃ ॥ ২২ ॥

ইত্যাকর্ণ্য লব্ধ-স্যমন্তকোদন্তোঽন্তঃপ্রবিষ্টঃ † কুমার-

স্বীয় কলঙ্ক অপনয়ন করিলেন। পরে তিনি (সিংহের পদচিহ্ন ধরিয়া) সিংহগমনের পথ অনুসরণ করিতে লাগিলেন। [২০] কিয়দ্দূর গমন করিয়া দেখেন যে, সিংহ, ঋক্ষকর্ত্তৃক নিহত ও পতিত রহিয়াছে। পরে সেই স্যমন্তক মণি দুর্লভরত্ন বলিয়া তিনি সেই ঋক্ষের পদচিহ্নানুসারে পুনর্বার গমন করিতে লাগিলেন। পরে তিনি পর্ব্বত তটে সমুদায় যদুসৈন্য স্থাপন পূর্ব্বক ঋক্ষের পদচিহ্নের অনুবর্ত্তী হইয়া ঋক্ষের গর্ত্তমধ্যে প্রবিষ্ট হইলেন। তিনি গর্ত্তমধ্যে অর্দ্ধপ্রবিষ্ট হইয়াছেন, এমত সময়, শুনিতে পাইলেন যে, ধাত্রী সুকুমারক নামে কুমারকে সান্ত্বনা করিতেছে ও বলিতেছে যে, [২১] "প্রসেনকে বিনাশ করিল পশুরাজ। পশুরাজে সংহার করিল ঋক্ষরাজ ॥ করো না সুকুমারক ! করো না রোদন। এই স্যমন্তক মণি তোমারই রতন ॥" [২২]

কৃষ্ণ এই বাক্য শ্রবণ করিয়া স্যমন্তকের সংবাদ অবগত হইলেন এবং তিনি সেই বিবরমধ্যে প্রবিষ্ট হইয়া দেখিতে

* পদান্যপগমৌ ইতি কেচিৎ পঠন্তি।

† লব্ধস্যমন্তকোঽন্তঃ প্রবিষ্ট ইতি পাঠো ন সমীচীনঃ

ক্রীড়নকীকৃতঞ্চ ধাত্রীহস্তে তেজোভির্জ্জাজ্বল্যমানং স্যমন্তকং দদর্শ ॥ ২৩ ॥

তঞ্চ স্যমন্তকাভিলাষচক্ষুষমপূর্ব্বং পুরুষমাগতমবেক্ষ্য ধাত্রী ত্রাহি ত্রাহীতি ব্যাজহার ॥ ২৪ ॥

তদার্ত্তনাদশ্রবণানন্তরঞ্চামর্ষপূর্ণহৃদয়ঃ স জাম্ববান্ আজগাম, তয়োশ্চ পরস্পরং যুধ্যতোর্দ্বয়োর্যুদ্ধমেকবিংশতিদিনান্যভবৎ। তে চ যদুসৈনিকাস্তত্র সপ্তাষ্টদিনানি তন্নিষ্ক্রান্তিমুদীক্ষ্যমাণাস্তস্থুঃ। অনিষ্ক্রমমাণে চ মধুরিপৌ অসাববশ্যমত্র বিলেঽত্যন্তনাশমাপ্তো ভবিষ্যত্যন্যথা তস্য কথমেতাবন্তি দিনানি শত্রুজয়ে ব্যাক্ষেপো

পাইলেন যে, সেই স্যমন্তক মণি কুমারের ক্রীড়নের নিমিত্ত ধাত্রীহস্তে (বিন্যস্ত রহিয়াছে) এবং তাহা চতুর্দ্দিকে দীপ্তি বিস্তার করিতেছে।[২৩] ধাত্রী, সেই অদৃষ্টপূর্ব্ব-পুরুষকে সমাগত, ও স্যমন্তক মণির প্রতি সাভিলাষ-দৃষ্টি দেখিয়া রক্ষা কর রক্ষা কর, বলিয়া চীৎকার করিতে লাগিল।[২৪] জাম্ববান্, ধাত্রীর সেই আর্ত্তনাদ শ্রবণ করিবামাত্র অমর্ষপূর্ণহৃদয় হইয়া সেই স্থানে আগমন করিল।

অনন্তর কৃষ্ণ ও জাম্ববানের পরস্পর দ্বন্দ্ব যুদ্ধ আরম্ভ হইল। উভয়ের এই দ্বন্দ্বযুদ্ধ একবিংশতি দিবস অতীত হইয়া গেল। এ দিকে যদুসৈন্যেরা (গর্ত্ত হইতে) কৃষ্ণের নিষ্ক্রমণ প্রতীক্ষায় ৭।৮ দিন সেই স্থানে অবস্থান করিল। যখন মধুসূদন সাত আট দিনের মধ্যেও নিষ্ক্রান্ত হইলেন না, তখন যাদবসৈন্যগণ বিবেচনা করিল যে, কৃষ্ণ নিশ্চয়ই এই গর্ত্তে জীবন হারাইয়াছেন। তিনি জীবিত থাকিলে শত্রুজয় করিতে তাঁহার এত

ভবতীতি কৃতাধ্যবসায়া দ্বারকামাগতা* হতঃ কৃষ্ণ ইতি কথয়ামাসুঃ ॥ ২৫ ॥

তদ্বান্ধবাশ্চ তৎকালোচিতমখিলমুপরতক্রিয়াকলাপং চক্রুঃ ॥ ২৬ ॥

তত্র চাস্য যুধ্যমানস্যাতিশ্রদ্ধাদত্তবিশিষ্টপাত্রোপযুক্তান্নতোয়াদিনা কৃষ্ণস্য বলপ্রাণপুষ্টিরভূৎ ॥২৭॥

ইরতস্যানুদিনমতিগুরুপুরুষভিদ্যমানস্যাতিনিষ্ঠুরপ্রহারপীড়িতাখিলাবয়বস্য † নিরাহারতয়া বলহানিঃ। নির্জিতশ্চ ভগবতা জাম্ববান্ প্রণিপত্যাহ, অসুরসুরযক্ষগন্ধর্ব্বরাক্ষসাদিভিরপ্যখিলৈর্ভগবান্ ন জেতুং শক্যঃ,

দিন অতীত হইবে কেন? সেনাগণ এইরূপ কৃতনিশ্চয় হইয়া দ্বারকায় প্রত্যাগত হইল এবং কহিল যে, কৃষ্ণ জীবন বিসর্জ্জন করিয়াছেন।[২৫] কৃষ্ণের বান্ধবগণ সকলেই তৎকালোচিত প্রেতকৃত্যাদি সমুদায় ক্রিয়াকলাপ সম্পাদন করিল।[২৬] বিশিষ্ট উপযুক্ত পাত্রে অতিশ্রদ্ধাপূর্ব্বক অন্ন জল প্রভৃতি প্রদান করাতে যুদ্ধে ব্যাপৃত কৃষ্ণের বল ও প্রাণের পুষ্টি হইতে লাগিল।[২৭] জাম্ববান্ অতিবলবান্ পুরুষকর্ত্তৃক অনুক্ষণ প্রহৃত হইতেছিল, সুতরাং কৃষ্ণের অতিশয় নির্দয় প্রহারে তাহার সমুদায় অবয়ব প্রপীড়িত হওয়াতে এবং আহার করিতে না পাওয়াতে হীনবল হইয়া পড়িল। ভগবান্ কৃষ্ণ তাহাকে পরাজয় করিলেন।

অনন্তর জাম্ববান্ (পরাজিত হইয়া) প্রণিপাত পূর্ব্বক কহিল, সমুদায় দেব দানব যক্ষ গন্ধর্ব্ব রাক্ষস প্রভৃতি (প্রবল প্রাণীরা

---

* দ্বারকামাগত্য ইতি বা পাঠঃ।

† প্রহারপাতপরিপীড়িতাখিলাবয়বস্য ইতি বা পঠনীয়ম্।

কিমুতাবনিগোচরৈরল্পবীর্য্যৈর্নরাবয়বভূতৈশ্চ * তির্য্যগ্‌যোন্যনুস্মৃতিভিঃ কিং পুনরস্মদ্বিধৈরবশ্যং ভগবতোঽস্মৎস্বামিনো নারায়ণস্য সকলজগৎপরায়ণস্যাংশেন ভগবতা ভবিতব্যমিত্যুক্তঃ ॥ ২৮ ॥

তস্মৈ ভগবানখিলমবনিভারাবতারমাচচক্ষে ॥২৯॥

প্রীত্যাঞ্জিতকরতলস্পর্শনেন † চৈনমপগতযুদ্ধখেদং চকার ॥ ৩০ ॥

স চ প্রণিপত্যৈনং পুনরপি প্রসাদ্য জাম্ববতীং নাম কন্যাং গৃহাগমনার্ঘ্যভূতাং গ্রাহয়ামাস ॥ ৩১ ॥

কেহই) আপনাকে পরাজয় করিতে পারে না। ঈদৃশ স্থলে পৃথিবীস্থ অল্প বল মনুষ্যাকৃতি তির্য্যক্‌যোনির অনুকারী আমরা যে আপনাকে পরাজয় করিতে পারিব, তাহা নিতান্ত অসম্ভব। আমার বোধ হয়, যিনি আমার প্রভু, যিনি সমুদায় জগতের এক মাত্র গতি, আপনি সেই ভগবান্‌ নারায়ণের অংশ অবশ্যই হইবেন। ঋক্ষরাজ এই কথা বলিলে [২৮] ভগবান্‌ কৃষ্ণ তাহার নিকট, পৃথিবী ভারাক্রান্ত হওয়াতে তিনি যে অংশদ্বারা অবতীর্ণ হইয়াছেন, তৎসমুদায় আদ্যোপান্ত কহিলেন। [২৯] তখন জাম্ববান্‌ প্রীতিপূর্ণ করতল স্পর্শদ্বারা কৃষ্ণের সংগ্রামজনিত ক্লেশ দূর করিল। [৩০]

পরে জাম্ববান্‌ প্রণিপাত পূর্ব্বক কৃষ্ণকে পুনর্ব্বার প্রসন্ন করিয়া গৃহাগমনের অর্ঘ্যস্বরূপ জাম্ববতী নামে কন্যা প্রদান করিল। [৩১]

* নরৈর্নরাবয়বভূতৈশ্চ ইতি বা পাঠঃ।

† প্রীত্যাঞ্জিতকরতলস্পর্শেন ইতি বা পঠ্যতাম।

*স্যমন্তকমণিমপ্যসৌ প্রণিপত্য তস্মৈ প্রদদৌ। অচ্যুতোঽপ্যতিপ্রণতাৎ তস্মাদগ্রাহ্যমপি তন্মণিরত্নমাত্ম-শোধনায় জগ্রাহ॥ ৩২॥

সহ জাম্ববত্যা দ্বারকামাজগাম। ভগবদাগমনোদ্ভূত-হর্ষোৎকর্ষস্য দ্বারকাবাসিজনস্য কৃষ্ণাবলোকনানুক্ষণ-মেবাতিপরিণতবয়সোঽপি* নবযৌবনমিবাভবৎ। আ-নকদুন্দুভিঞ্চ দিষ্ট্যা দিষ্ট্যেতি চ সকলযাদবাঃ স্ত্রিয়শ্চ সভাজয়ামাসুঃ॥ ৩৩॥

ভগবানপি যথানুভূতমশেষযাদবসমাজে যথাবদা-চচক্ষে; স্যমন্তকঞ্চ সত্রাজিতায় দত্ত্বা মিথ্যাভিশস্তি-বিশুদ্ধিমবাপ, জাম্ববতীঞ্চান্তঃপুরে নিবেশয়ামাস।

অনন্তর পুনর্বার প্রণাম করিয়া স্যমন্তক নামক মণি সমর্পণ করিল। তাদৃশ প্রণত ব্যক্তির নিকট সেই মণিরত্ন গ্রহণ করা অনুচিত বোধ হইলেও কৃষ্ণ, কেবল আত্মকলঙ্কাপনোদনের নিমিত্তই তাহা গ্রহণ করিলেন। [৩২] পরে তিনি জাম্ববতীর সহিত একত্র হইয়া দ্বারকায় প্রত্যাগত হইলেন। ভগবান্ কৃষ্ণের আগমনে দ্বারকাবাসী জনগণের এতদূর হর্ষোদ্রেক হইল যে, কৃষ্ণ দর্শন কালে অতিবৃদ্ধ ব্যক্তিও নূতন যুবার ন্যায় বল ধারণ করিল। সমুদায় যাদবগণ ও স্ত্রীগণ বসুদেবের নিকট উপস্থিত হইয়া আনন্দ প্রকাশ করিতে লাগিল। [৩৩] ভগবান্ কৃষ্ণও যাহা যাহা ঘটিয়াছিল, তৎসমুদায় আনুপূর্ব্বিক যাদবসমাজে বর্ণন করি-লেন। তিনি সত্রাজিতকে স্যমন্তক মণি প্রদান করিয়া মিথ্যা

* কৃষ্ণাবলোকনাৎ তৎক্ষণমেবাতিপরিণতবয়সোঽপি ইতি কেচিৎ পঠন্তি

গরো বিষম্। বৃদ্ধভাবাজ্জরায়া হেতোঃ ॥১৬॥ চক্রবর্ত্তীতি আশংসায়াং সিদ্ধবন্নির্দ্দেশঃ। সাহসেঽবিচারিতকর্ম্মণি। অধ্যবসায়িনী নিশ্চয়বতী ॥১৭॥ তৎকুলগুরুং সগরকুলগুরুম্ ॥ ১৮ ॥ অনুস্থতৈরনুগতৈঃ। অনুমৃতৈরিতি পাঠে, অনু পশ্চাৎ দেহত্যাগলক্ষণমরণবদ্ভিরলং ত্বয়া পুনর্হতৈরলমিত্যর্থঃ ॥ ১৯ ॥ জীবন্মৃতত্বং বিব্রণোতি, এতে চেতি। "যঃ স্বধর্ম্মাৎ পরিভ্রষ্টো বিপ্রৈশ্চৈব বহিষ্কৃতঃ। স জীবন্নেব লোকেঽস্মিন্ মৃত ইত্যভিধীয়তে ॥" ইতিস্মৃতেঃ ॥ ২০ ॥ অস্খলিতম্ অপ্রতিহতং চক্রং সৈন্যমাজ্ঞা বা যস্য সঃ ॥ ২১ ॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণটীকায়াং শ্রীধরস্বামিকৃতায়াং
চতুর্থেঽংশে তৃতীয়োঽধ্যায়ঃ সমাপ্তঃ।

চতুর্থোঽধ্যায়ঃ।

কপিলঃ সাগরান্ ষষ্টি-সহস্রাণি যথাদহৎ। সৌদাসরক্ষোভাবশ্চ তথা তুর্য্যেঽনুবর্ণ্যতে ॥ কশ্যপদুহিতেতি। কশ্যপস্য মরীচিপুত্রস্য বিনতাতনয়ায়া ইত্যগ্রে বক্ষ্যমাণত্বাৎ ॥ ১॥ সমাধিনা চিত্তৈকাগ্র্যেণ ॥ ২ ॥ অপবৃত্তো দুর্বৃত্তঃ, অতীতবাল্যো গতবালত্বঃ। তত্র বাল্যে অতীতেঽপি তদেব দুষ্টং চরিতং যস্য তম্ ॥ ৪ ॥ অনুচক্রুঃ অনুস্থতাঃ ॥ ৫ ॥ অপধ্বস্তা নিরাকৃতাঃ যজ্ঞাদয়ঃ সম্মার্গাঃ যস্মিন্ তথাভূতে জগতি সতি। তদর্থং যজ্ঞাদিলোপরূপমর্থম্ ॥৬॥ ভগবন্নিত্যাদিনা আর্ত্তস্বরূপকথনম্ ॥ ৭ ॥

অধিষ্ঠিতং সংরক্ষিতম্ ॥৮॥ ততোঽনন্তরং তত্তনয়াঃ সগরতনয়াঃ। অতিনির্ব্বন্ধেন খুরচিহ্নানুসারেণ বসুধাতলং বিবিশুরিতি পূর্ব্বোক্তস্যাস্য বিশতের্ব্বচনবিপরিণামেনান্বয়ঃ। তেষাঞ্চৈকৈকো যোজনং

যোজনমেকৈকং যোজনং চখান গর্ত্তঞ্চকার ইত্যর্থঃ। চখ্নুরিতি পাঠে তত্তনয়া ভুবস্তলং চখ্নুরিত্যেকং বাক্যম্। তত্রেয়ন্তামাহ। একৈকঃ অর্থাৎ তেষামেব যোজনং যোজনং চখানেত্যন্যদ্বাক্যম্॥৯॥ অপঘনে অপগতমেঘে॥১০॥ ঈষৎ পরিবর্ত্তিতং তির্য্যক্কৃতং যদেকং লোচনং তেন কিঞ্চিৎ বিলোকিতাঃ সন্তো বিনেশুঃ॥১১॥ কপিলেন নিমিত্তেন যৎ স্বদেহজং তেজস্তেন দগ্ধম্॥১২॥ হে পুত্র! তব পৌত্রো গঙ্গামানয়িষ্যতীতি ইড়াগমশ্ছান্দসঃ। ভুবমিতি তত্রার্থাদুক্তম্॥১৩॥ ব্রহ্মদণ্ডঃ অচিরাৎ বিনঙ্ক্ষ্যতীতি কপিলোক্তো ব্রহ্মশাপো ব্রাহ্মণবধোদ্যমো বা, তদ্বলেন হতানাং পিতৃণাং পিতৃব্যাণাং স্বর্গায় স্বর্গভোগায় তৎপ্রাপ্তিহেতুং বরং স্বর্গং বব্রে॥১৪॥

অভিসন্ধিপূর্ব্বকং স্নানাদ্যুপভোগেষূপকারকং স্বর্গপ্রাপকমিতি যৎ তৎ কেবলং মাহাত্ম্যমিতি ন, কিন্তু অপেতপ্রাণস্য মৃতস্যাস্থ্যাদি যত্রোৎসৃষ্টং ক্ষিপ্তং সংস্পৃষ্টং বা অনভিসংহিতমপি শরীরিণং স্বর্গং নয়তীতি যৎ তদপি মাহাত্ম্যমিত্যুক্ত ইত্যন্বয়ঃ। যস্য গঙ্গাজলস্য সম্বন্ধি ভূপতিতমস্থ্যাদি ইতি বা॥১৫॥ সাগরং সগরসুতৈঃ খননাৎ বর্দ্ধিতম্ অতএবাত্মজপ্রীত্যা পুত্রত্বে কল্পয়ামাস স্থাপয়ামাস, তস্মিন্ পুত্রবুদ্ধিং কৃতবান্ ইত্যর্থঃ॥১৬॥ ভাগীরথী সংজ্ঞা যস্যাস্তাম্॥১৭॥ নলস্য সহায়ঃ সখা অক্ষহৃদয়জ্ঞঃ দ্যূতাদৌ গণনানিপুণঃ॥১৮॥

মিত্রং বশিষ্ঠং প্রতিশপ্তুং সমর্থোঽপি সহতে স্ম, তেন মিত্রসহ নামা॥১৯॥ তস্যৈব কল্মাষপাদসংজ্ঞাং বক্তুং কথাং প্রস্তৌতি, যোঽসাবিতি॥২০॥ অপমৃগং নির্ম্মৃগম্॥২১॥ তয়োর্ব্যাঘ্রয়োঃ॥২২॥ অতিকরালং দন্তুরং বদনং যস্য সঃ॥২৩॥ প্রতিক্রিয়াং বৈরনির্য্যাতনম্॥২৪॥ পরিনিষ্ঠিতঃ সমাপিতো যজ্ঞো যেন তস্মিন্ নিষ্ক্রান্তে সতি॥২৫॥ অসাবপি রাজাপি॥২৬॥

অত্র নরমাংসে লোলুপা সস্পৃহা বুদ্ধিঃ, রাক্ষসো ভবিষ্যসী-

ত্যর্থঃ। বুদ্ধিপদং বিনা লোলুপেতি পাঠে সস্পৃহতেত্যর্থঃ ॥ ২৭ ॥ তেন রাজ্ঞা মাংসভোজনার্থং ভগবতৈবাভিহিতোঽস্মীত্যুক্তঃ। নৈয়েবাভিহিতমিতি, কিঞ্চ কিমিতি সম্ভ্রমাৎ সমাধৌ তস্থৌ ॥ ২৮ ॥ সমাধিজ্ঞানেনাবগতার্থঃ, রাক্ষসকৃতমেবৈতৎ নাস্যাপরাধ ইতি জ্ঞাতার্থঃ, এতস্মাংসভোজনং দ্বাদশাব্দং ভবতু ইতি নাত্যন্তং ন যাবজ্জীবমিত্যর্থঃ ॥ ২৯ ॥ ভগবানস্মদ্গুরুরিত্যাদি—সোপপত্তিবচনেন মদয়ন্ত্যা প্রসাদিতঃ তচ্ছাপাম্বু বশিষ্ঠশাপার্থং যজ্জং শস্যরক্ষার্থং নোর্ব্ব্যাম্ অম্বুদরক্ষার্থং নাকাশে চ চিক্ষেপ কিন্তু তেন অম্বুনা স্বপাদৌ সিষেচ ॥ ৩০ ॥ ক্রোধশৃতেন ক্রোধাগ্নিতপ্তেন দগ্ধা ছায়া কান্তিঃ যয়োঃ। কল্মাষতাং কৃষ্ণপাণ্ডুতাম্ ॥ ৩১ ॥

রাক্ষসভাবমুপেত্য অতএব ষষ্ঠে ষষ্ঠে কালে তৃতীয়দিনান্তে ॥৩২॥ ইদানীং তস্যৈব রাজ্ঞ ঔরসপুত্রাভাবং বক্তুং কথাং প্রস্তৌতি, একদেত্যাদিনা স্ত্রীসম্ভোগং তত্যাজেত্যন্তেন ॥ ৩৩ ॥ দম্পত্যোঃ প্রধাবিতয়োঃ পলায়িতয়োর্মধ্যে ব্রাহ্মণং জগ্রাহ ॥ ৩৪ ॥ স্ত্রীধর্ম্মো-মৈথুনং তৎসুখাভিজ্ঞঃ ॥ ৩৫ ॥ অন্তং মৃত্যুম্ ॥ ৩৬ ॥ দ্বাদশাব্দ-পর্য্যয়ে তং ব্রাহ্মণ্যাঃ শাপং পত্নী স্মারয়ামাস ॥ ৩৭ ॥

অস্খলিতগতিনা দেববিমানেন লঘিমগুণোঽতিশীঘ্রগতিঃ সন্ মর্ত্ত্যলোকমুপেত্য ব্রাহ্মণপ্রিয়ত্বাদিনা ধর্ম্মেণ ভগবৎপ্রাপ্তিং প্রার্থয়ন্ সমাধৌ যততে স্মেত্যাহ, যথেত্যাদিনা বাসুদেবাখ্যে যুযোজেত্যন্তেন। প্রাপয়েয়ং প্রাপ্নুয়াম্ ॥ ৩৮ ॥ মুহূর্ত্তং জীবিতং প্রাপ্য জ্ঞাত্বা বুদ্ধ্যা বাসুদেবঃ সর্ব্বমিতি জ্ঞানেন। যদ্বা দানং সমর্পণং খণ্ডনমিতি বা প্রবিলাপনমিতি যাবৎ তেনাভিসংহিতা বিষয়ীকৃতাস্ত্রয়ো লোকা বিষ্ণৌ প্রবিলাপিতা ইত্যর্থঃ ॥ ৩৯ ॥ অযাসীৎ প্রাপ্তঃ ॥ ৪০ ॥ তাড়কাদ্যুপাখ্যানঞ্চ রামায়ণপ্রসিদ্ধম্ ॥ ৪১ ॥ বীর্য্যং পরাক্রম এব শুল্কং মূল্যং যস্যাস্তাং সীতাং লেভে ॥ ৪২ ॥ কেতুভূতং বিনাশকং, বীর্য্যং প্রভাবঃ, বলং শক্তিঃ। অপাস্তো বীর্য্যবলনিমিত্তোঽবলেপো মদো যস্য তম্ ॥ ৪৩ ॥ অগণিতো

রাজ্যাভিলাষোঽভিলষ্যমাণং রাজ্যং যেন। ভ্রাতৃভার্য্যাভ্যাং লক্ষ্মণ-সীতাভ্যাং সমন্বিতঃ ॥ ৪৪ ॥ অপহতকলঙ্কামপি অপগতখেদাম্। রামচরিতসহভাবেন লক্ষ্মণচরিতমপ্যুক্তমেবেতি পৃথক্ নোক্তম ॥ ৪৫ ॥ অতুলবলপরাক্রমৈর্যানি বিক্রমণানি চরিতানি তৈঃ ॥ ৪৬ ॥ প্রস্নুশ্রুতঃ তস্য মরোঃ ॥ ৪৭ ॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণটীকায়াং শ্রীধরস্বামি-কৃতায়াং চতুর্থেঽংশে চতুর্থোঽধ্যায়ঃ।

পঞ্চমোঽধ্যায়ঃ।

বশিষ্ঠস্য নিমেঃ শাপাদ্দেহপাতঃ পরস্পরম্। রাজ্ঞস্তস্যৈব বংশোঽপি পঞ্চমে তু প্রপঞ্চ্যতে ॥ নিমিরেব বিদেহ ইতি সংজ্ঞাং বক্তুং কথাং প্রস্তৌতি, ইক্ষ্বাকুতনয়ো যোঽসাবিত্যাদিনা নিমেযং চক্রুরিত্যন্তেন ॥ ১ ॥ তদনন্তরমাগতঃ তবাপি ঋত্বিক্ ভবিষ্যামি। তাবৎ প্রতিপাল্যতাং প্রতীক্ষ্যতামিতি বশিষ্ঠেনোক্তে নিমিনা চ বশিষ্ঠভয়াৎ ধর্ম্মবিলম্বানৌচিত্যাচ্চ বশিষ্ঠঃ কিমপি নোক্তঃ ॥ ২ ॥ মৌনং সম্মতিলক্ষণমিতি যুক্ত্যৈব সমন্বীপ্সিতমনুমতমিতি মত্বা। তত্র গত্বা যাগমকরোৎ ॥ ৩ ॥ মামপ্রত্যাখ্যায়েতি পূর্ব্বং মদুক্তমে প্রত্যুত্তরমদত্ত্বৈব। যদ্বা ইন্দ্রযাগাৎ মামনিবার্য্যৈব এতৎ কর্ম্মান্তরং নিমের্ম্মদনুষ্ঠিতপূর্ব্বং পূর্ব্বকর্ম্মবৎ এতৎ কর্ম্মান্তরং মদনুষ্ঠেয়ং গৌতমায় সমর্পিতম্ কর্ম্মণি অন্তরমল্পস্যাবকাশো দত্ত ইতি বার্থঃ। শীঘ্রদেহপাতভয়াদিদং কর্ম্ম আরব্ধমিত্যতো বিদেহ এব ভবতু ইতি শাপং দদৌ ॥ ৪ ॥ মাম্ অসংভাষ্যেতি মাং বিনৈব গৌতমদ্বারা কিমিতি কর্ম্ম কৃতমিতি মাং প্রত্যনুক্ত্বৈত্যর্থঃ ॥ ৫ ॥ তেজসি বীর্য্যে তেজো লিঙ্গশরীরঞ্চেত ইতি পাঠে স এবার্থঃ। পশ্চাদুদ্ভূতো বীর্য্যপ্রপাতো বীর্য্যচ্যুতির্যযোস্তাদৃশয়োঃ ॥ ৬ ॥

মৃতস্য দেহধারণং যজ্ঞসমাপ্তিং বংশপ্রবৃত্তিং চোদ্দিশ্যেতি বক্তুং দেহধারণপ্রকারমাহ, নিমেরিতি॥ ৭ ॥ ছন্দিতঃ বরার্থমিচ্ছাং কারিতঃ॥ ৮॥ আসাম্ অবস্থিতিং কারিতঃ॥ ৯॥ তৎপুত্রস্য সংজ্ঞাত্রয়ং তদ্বংশপ্রবৃত্তিং চ বক্তুমাহ, অপুত্রস্যেতি॥১০॥ জননাৎ মৃতদেহজননাৎ॥ ১১॥ সন্তিষ্ঠতে সমাপ্তিং যাতীত্যর্থঃ॥ ১৩॥ আত্মবিদ্যাশ্রয়িণ আত্মবিদঃ॥ ১৪॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণটীকায়াং শ্রীধরস্বামিকৃতায়াং
চতুর্থেঽংশে পঞ্চমাধ্যায়ঃ।

ষষ্ঠোঽধ্যায়ঃ।

সূর্য্যবংশপ্রসঙ্গেন সোমবংশস্তদন্বয়ে। ঐলোঽপি বর্ণ্যতে ষষ্ঠে ত্রেতাগ্নির্যেন নির্ম্মিতঃ॥ ১॥ অতিশয়িতং বলং সামর্থ্যং, পরাক্রমঃ শৌর্য্যং, দ্যুতিঃ কান্তিঃ, শীলমাচারঃ, চেষ্টা, দানভোগাদিলীলা। অতিবলাদিভির্যুক্তৈঃ, গুণা গাম্ভীর্য্যাদয়ঃ, অতিগুণান্বিতৈঃ চ অলঙ্কৃতঃ॥ ৪॥ ভগবন্নারায়ণস্য নাভিসরোজিনী নাভিহ্রদঃ তত্র জাতং যদব্জং তদেব যোনিঃ কারণং যস্য তস্য জগৎস্রষ্টুর্ব্রহ্মণঃ পুত্র ইত্যন্বয়ঃ। সোমস্য তারায়াং বুধঃ পুত্র ইতি সোপাখ্যানমাহ, তঞ্চ ভগবানিত্যাদিনা লজ্জাজড়মাহ সোমস্যেত্যন্তেন॥ ৫॥ তৎপ্রভাবাদত্যুৎকৃষ্টানামোষধ্যাদীনামাধিপত্যং সর্ব্বাধিষ্ঠাতৃত্বাচ্চ এনং সোমং মদ আবিবেশ॥ ৬॥ মদ এবাবলেপো দোষস্তস্মাৎ॥৭॥ পার্ষ্ণিগ্রাহঃ সহায়ঃ॥ ৮॥ সকাশাৎ সমীপত উপলব্ধা বিদ্যা যেন সঃ॥ ৯॥ যতো যত্র। বৃহস্পতেরপি সকলদেবসৈন্যং সহায়ো যস্য স শক্রোঽভবৎ সহায় ইতি শেষঃ। তারকাময় ইতি নামনির্বচনং তারকানিমিত্ত ইতি॥ ১১॥

দেবাসুরাহবক্ষোভেণ ক্ষুব্ধং সোদ্বেগং হৃদয়ং যস্য তজ্জগৎ ॥১২॥ অন্তঃপ্রসবাং গর্ভিণীম্ ॥ ১৩ ॥ পতিব্রতা পত্যুঃ ছন্দানুসারিণী, সোমেন বলাদাহিতং গর্ভমুৎসসর্জ্জ। ইষীকাস্তম্বে মুঞ্জগুচ্ছে ॥ ১৪ ॥ আচিক্ষেপ অভিভূতবান্ ॥ ১৫ ॥ মাতা ভস্ত্রা পিতুঃ পুত্র ইত্যাদি-বচনাৎ পিতুরেব পুত্রঃ মাতৈব পুত্রজনকং বেত্তি চেত্যতোঽস্য কঃ পিতেতি তারামেব পপ্রচ্ছুরিতি ॥ ১৬ ॥ মন্থরবচনা অতিবিলম্বিত-বাক্ ॥ ১৭ ॥ আত্মজ ঔরসঃ ॥ ১৮ ॥ স্ফুরন্তী উচ্ছ্বসিতয়োর্বি-কসিতয়োরমলয়োঃ কপোলয়োর্গণ্ডয়োঃ কান্তির্যস্য সঃ ॥ ১৯ ॥ বুধ ইলায়াং যথা পুরূরবসং জনয়ামাস তথা প্রাগেবোক্তম্. স পুরূরবা উর্ব্বশ্যাং ষট্ পুত্রান্ জনয়ামাস ইতি বক্তুং কথামাহ। পুরূরবাস্ত্বিত্যাদিনা যাবৎ সমাপ্তি, অতিরূপং স্বং ধনং যস্যাস্তি তম্ উর্ব্বশী দদর্শ ইত্যন্বয়ঃ ॥ ২০ ॥ মানং গর্ব্বমপহায় উপতস্থে অভ-জৎ ॥২১॥ কান্তিঃ শোভা, সৌকুমার্য্যং মার্দবং, লাবণ্যমঙ্গসুন্দরত্বং, বিলাসঃ অঙ্গচেষ্টাসু তাৎকালিকো বিশেষঃ, অতিশয়িতাঃ স্বস্মিন্ন-ধিকীকৃতাঃ সকললোকস্ত্রীণাং কান্ত্যাদয়ো গুণা যয়া তাম্ ॥ ২২ ॥ এবমুভয়ং তৎ মিথুনরূপং তন্মনস্কম্ অন্যোন্যাসক্তচিত্তমভূৎ। তদেবাহ, নাস্ত্যন্যস্মিন্ দৃষ্টির্যস্য, পরিত্যক্তং সমস্তমন্যৎ প্রয়োজনং যেন তৎ ॥২৩॥ প্রাগল্‌ভ্যাদসংকোচাৎ ॥ ২৪ ॥ লজ্জয়া অবখণ্ডিতং ব্যক্তাব্যক্তং শিথিলং বা যথা স্যাদেবং প্রাহ। লজ্জাখণ্ডিতমিতি পাঠে তু স্পষ্টোঽর্থঃ ॥ ২৫ ॥ শাপাবসানে যদি গন্ধর্ব্বা মাং নেতু-মিচ্ছন্তি তদা সময়ভঙ্গাপরাধমারোপ্য গমিষ্যামীতি সময়ং করোতি, ভবত্বেবমিতি ॥ ২৬ ॥ পুরূরবসা, আখ্যাহি সময়মিতি পৃষ্টা উক্তা সতী সময়মব্রবীৎ ॥ ২৭ ॥ উরণকো মেষঃ ॥ ২৮ ॥ গন্ধর্ব্বৈঃ সময়ভঙ্গেন উর্ব্বশ্যা নির্গমং দর্শয়ন্নাহ, বিনা চোর্ব্বশ্যেত্যাদিনা তৎক্ষণাদেবা-পক্রান্তেত্যন্তেন ॥ ২৯ ॥ শয়নাভ্যাসাচ্ছয়ননিকটাৎ ॥ ৩০ ॥ গমনে হেতুঃ, অপবৃত্তোঽপগতঃ সময়ঃ স্থিতিহেতুর্যস্যাঃ সা ॥ ৩১ ॥

পুনরুর্ব্বশীসঙ্গমাদায়ুঃপ্রভৃতিপুত্রোৎপত্তিং তল্লোকপ্রাপ্ত্যপা-

য়াগ্নিঞ্চ বক্তু মাহ, কুরুক্ষেত্র ইত্যাদিনা যাবদধ্যায়সমাপ্তি। অম্ভোজ-সূক্তে সরসিরুহে। জায়ে! তিষ্ঠ, মনসি বিষয়ে ঘোরে! নির্দ্দয়ে! বচসি বাঙ্মিশ্রণার্থং তিষ্ঠ। যদ্বা বচসি তিষ্ঠ, মদ্বচনং কুর্ব্বিত্যর্থঃ। ইত্যাদ্যনেকপ্রকারং সূক্তমিতিপদং বেদস্থসূক্তত্বসূচনার্থম্। অসূক্তমিতি পাঠে উন্মত্তপ্রলপিতমিত্যর্থঃ। এতেন "হয়ে জায়ে মনসি তিষ্ঠ ঘোরে বচসি মিশ্রাণবাবহৈ তু" ইত্যাদ্যষ্টাদশর্চে তয়োঃ সংবাদাত্মকে ঋগ্বেদোক্তসূক্তে পুরূরবসো বাক্যানি সূচিতানি ॥ ৩৩ ॥ আহ চোর্ব্বশীত্যনেনোর্ব্বশ্যাঃ "প্রতিবচনানি "পুরূরবো মা মৃথা মাপ্রবসো মা ত্বা বৃকাসো অশিবা বাস উক্ষন্। ন বৈ স্ত্রৈণানি সখ্যানি সন্তি শালাবৃকাণাং হৃদয়ান্যেততা" ইত্যাদীনি সূচিতানি। অন্তর্ব্বত্নী গর্ভিণ্যহমিদানীং মৎসম্ভোগাসম্ভবাদ-ব্দান্তে ত্বয়া আগন্তব্যমিত্যাদ্যুক্তেন সাম্না প্রহৃষ্টঃ সন্ স্বপুর-মাজগাম। পুরুষোৎকর্ষ উৎকৃষ্টঃ পুরুষ ইত্যর্থঃ ॥ ৩৪ ॥ সর্ব্ব-কালমিতি স্পৃহা সফলা ভবেদিত্যর্থঃ। আস্যেতি পাঠে আস্যা স্থিতিঃ। মনুষ্যলোকে তথাসম্ভবাৎ স্বর্গএবায়মানীয়তামিতি ভাবঃ ॥ ৩৫ ॥ আয়ুষং আয়ুর্নামানম্. একামেকৈকাং নিশাম্। এবং বারংবারং পঞ্চপুত্রোৎপত্তয়ে গর্ভমবাপ। কেচিত্তু চতস্ৃভিরপ্স-রোভিঃ স্ববিভূতিভিঃ সহ স্বয়ঞ্চ পুত্রোৎপত্তয়ে গর্ভমবাপেতি ব্যাচ-ক্ষতে। ৩৬ ॥ অস্মৎপ্রীত্যা তুভ্যং সর্ব্বে বরদা ইত্যন্বয়ঃ ॥ ৩৭ ॥ নান্যদস্মাকমিত্যাদি রাজা চাহেত্যন্বয়ঃ। অন্যদপ্রাপ্যং নাস্তীত্যত্র হেতুঃ। বিজিতেত্যাদি ইত্যুক্তে ইত্যত্রেতি শব্দঃ পূর্ব্বাপরয়োঃ সম্বধ্যতে ॥ ৩৮ ॥ উর্ব্বশীলোকপ্রাপ্তিশ্চ অগ্নিহোত্রসাধ্যেত্যগ্নি-স্থালীং দদুঃ ॥৩৯॥ আম্নায়ানুসারী বেদবিধৌ দত্তচিত্তঃ গার্হপত্যাহব-নীয়দক্ষিণাগ্নিরূপেণাগ্নিং ত্রিধা কৃত্বা মনোরথমুদ্দিশ্য কৃত্বা ॥ ৪০ ॥ শমীগর্ভাশ্বত্থমথনাদুত্থিত এবাগ্নিরগ্নিহোত্রোপযুক্ত ইতি দর্শয়ন্নাহ, অন্তরটব্যামিতি। যদ্যপ্যগ্নিং ত্রিধা কৃত্বা উর্ব্বশীলোকমুদ্দিশ্য যজেথা ইত্যেবং গন্ধর্ব্বৈরুক্তং ন ত্বিয়মুর্ব্বশীতি তথাপি মোহবশাৎ পুরু-

রবা উর্দ্ধশীয়মিত্যবগত্য ইদানীমচিন্তয়দিত্যর্থঃ ॥ ৪১ ॥ শমীগর্ভং শম্যা গর্ভে স্থিতমিত্যর্থঃ ॥ ৪২ ॥ এবমেব যথা চিন্তিতমেব স্বপুর-মুপগতোঽরণীং চকার ॥৪৩॥ গায়ত্র্যক্ষরসঙ্খ্যান্যঙ্গুলানি ব্যাপ্যারণির-ভবদিতি গায়ত্রীং পঠতা তদক্ষরসংখ্যাকাঙ্গুলপ্রমাণা অরণিঃ কাম্যেতি ভাবঃ ॥ ৪৪ ॥ ইহ হোমে অভিসংহিতবান্ কামিতবান্। অগ্নিবিধিনাঽগ্ন্যুৎপাদনেন ॥ ৪৫ ॥ ত্রেতা অগ্নিত্রয়ম্ ॥ ৪৬ ॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণটীকায়াং শ্রীধরস্বামিকৃতায়াং
চতুর্থেঽংশে ষষ্ঠোঽধ্যায়ঃ।

সপ্তমোঽধ্যায়ঃ।

আদাবমাবসোবংশঃ সপ্তমেঽল্পতয়োচ্যতে। তত্র জহ্ন্বাদি-রাজর্ষির্দৌহিত্রাদ্ভার্গবো হরিঃ। তস্য পুরূরবসঃ ষট্ পুত্রা অভবন্ ॥১॥ অথৈনং জহ্নুং দেবর্ষয়ঃ প্রসাদয়ামাসুঃ, ততস্তাং মুমোচ। ততো দুহিতৃত্বে অনয়ৎ ইত্যধ্যাহারেণ যোজনীয়ম্। অমূর্ত্ত-রয়ামাবসব ইত্যত্র সন্ধিরার্ষঃ ॥ ৩ ॥ আত্মনা স্বয়মেবেন্দ্রঃ পুত্রত্বমগচ্ছৎ ॥ ৪ ॥ তদেবাহ, গাধিরিতি। কন্যায়াঃ শুল্কং মূল্যম্ ॥ ৬ ॥ তেনাপি ঋচীকেন অশ্বতীর্থং কান্যকুব্জে গঙ্গা-প্রদেশবিশেষঃ, তত্রোৎপন্নং জাতম্, তেন পথোদ্গতমিতি বা উপলভ্য প্রাপ্য ॥ ৭ ॥ তৎপ্রসাদিতঃ সত্যবত্যা প্রসাদিতঃ তন্মাত্রে সত্যবত্যা মাত্রে দাতুং ক্ষত্রবরপুত্রোৎপত্তয়ে তদর্থম্ ॥ ৮ ॥ এষ ভবত্যা অয়মপরস্তন্মাত্রোপযোজ্যো ভক্ষণীয় ইত্যুক্ত্বা কুশা-দ্যর্থং বনং যযৌ ॥ ৯ ॥ আত্মনো জায়ায়া ভ্রাতৃগুণেষু সর্ব্বো নাতীবাদৃতো ভবতি। মম মহৎ হি যস্মাৎ ॥ ১০ ॥ কিয়ৎপ্রয়ো-জনমিতি শেষঃ। ইত্যুক্তা সতী স্বং চরুং মাত্রে দত্তবতী, স্বয়ঞ্চ

সত্রাজিতোঽপি ময়াস্যাভূতমলিনমারোপিতমিতি জাত-সংত্রাসঃ স্বসুতাং সত্যভামাং ভগবতে ভার্য্যাং দদৌ ॥ ৩৪ ॥

তাঞ্চাক্রূর-কৃতবর্ম্ম-শতধন্ব-প্রমুখা যাদবাঃ পূর্ব্বং বরয়ামাসুঃ। ততস্তৎপ্রদানাদবজ্ঞাতমাত্মানং মন্যমানাঃ সত্রাজিতে বৈরানুবন্ধং চক্রুঃ। অক্রূর-কৃতবর্ম্ম-প্রমুখাশ্চ শতধন্বানমূচুঃ, অয়মতিদুরাত্মা সত্রাজিতো যোঽস্মাভির্ভবতা চাভ্যর্থিতোঽপ্যাত্মজামস্মান্ ভবন্তং চাবিগণয্য কৃষ্ণায় দত্তবান্। তদলমনেন জীবতা। ঘাতয়িত্বৈনং

কলঙ্ক হইতে মুক্ত হইলেন এবং জাম্ববতীকে অন্তঃপুরে রাখিয়াদিলেন।

সত্রাজিত, ভগবান্ কৃষ্ণের উপর অভূতপূর্ব্ব কলঙ্ক আরোপিত করিয়াছিলেন বলিয়া সাতিশয় ভীত হইয়া তাঁহাকে সত্যভামা নাম্নী কন্যা সম্প্রদান করিলেন।[৩৪] অক্রূর, কৃতবর্ম্মা, শতধন্বা প্রভৃতি যাদবগণ পূর্ব্বে এই সত্যভামাকে বিবাহ করিবার নিমিত্ত প্রার্থনা করিয়াছিলেন। অধুনা ঐ কন্যা কৃষ্ণকে সম্প্রদান করাতে তাঁহারা আপনাদিগকে অপমানিত বোধ করিয়া সত্রাজিতের প্রতি বৈরানুষ্ঠানে প্রবৃত্ত হইলেন। অক্রূর কৃতবর্ম্মা প্রভৃতি যাদবগণ শতধন্বাকে কহিলেন, এই সত্রাজিত যার পর নাই দুরাত্মা। তুমি ও আমরা ইহার নিকট কন্যা প্রার্থনা করিয়াছিলাম কিন্তু এই দুরাত্মা তোমাকে ও আমাদিগকে অবজ্ঞা করিয়া কৃষ্ণকে কন্যা দান করিল। অতএব এ ব্যক্তিকে জীবিত রাখিবার প্রয়োজন নাই। তুমি কি নিমিত্ত ইহাকে

তন্মহারত্নং ত্বয়া কিং ন গৃহ্যতে? বয়মপ্যভ্যুপপৎস্যামঃ, যদ্যচ্যুতস্তবাপি* বৈরানুবন্ধং করিষ্যতীতি ॥৩৫॥

এবমুক্তস্তথেত্যসাবপ্যাহ। জতুগৃহদগ্ধানাঞ্চ পাণ্ডুনন্দনানাং বিদিতপরমার্থোঽপি ভগবান্, দুর্য্যোধনপ্রযত্নশৈথিল্যার্থং কুল্যকরণায়† বারণাবতং গতঃ ॥৩৬

গতে চ তস্মিন্ সুপ্তমেব সত্রাজিতং শতধন্বা জঘান, মণিরত্নঞ্চাদদে। পিতৃবধামর্ষপূর্ণা চ সত্যভামা শীঘ্রং স্যন্দনমারূঢ়া বারণাবতং গত্বা, ভগবতেঽহং প্রতিপাদিতেতি অক্ষান্তিমতা শতধন্বনা অস্মৎপিতা ব্যাপা-

বিনাশ করিয়া সেই মহারত্ন গ্রহণ করিতেছ না? যদি কৃষ্ণও তোমার সহিত শত্রুতা করেন, তথাপি আমরা তোমার সাহায্য করিব।৩৫ শতধন্বা এই বাক্য শ্রবণ করিয়া তাহাতে সম্মতি প্রদান করিলেন।

ভগবান্ কৃষ্ণ, যদিও এই পরামর্শ অবগত হইয়াছিলেন তথাপি, পাণ্ডবগণ জতুগৃহে দগ্ধ হইয়াছেন (এই বার্ত্তা প্রচারিত হওয়াতে) দুর্যোধন আর তাহাদের (অন্বেষণ বিষয়ে) যত্ন না করে, এই অভিপ্রায়ে কুলোচিত কার্য্য (প্রেতকৃত্য) করিবার জন্য বারণাবতে যাত্রা করিলেন।৩৬ কৃষ্ণ বারণাবতে গমন করিলে শতধন্বা প্রসুপ্ত সত্রাজিতকে বিনাশ করিয়া সেই মণিরত্ন গ্রহণ করিলেন। সত্যভামা, পিতৃবধ হেতু অমর্ষান্বিতা হইয়া তৎক্ষণাৎ রথে আরোহণ পূর্ব্বক বারণাবতে উপস্থিত হইয়া কৃষ্ণকে কহিলেন যে, পিতা আমাকে আপনকার হস্তে সমর্পণ করি-

* যদ্যচ্যুতস্তবোপরি ইত্যপি পাঠঃ।
† দুর্য্যোধনপ্রযত্নশৈথিল্যানুকুল্যকরণায় ইতি কেচিৎ পঠন্তি।

দিতঃ, তচ্চ স্যমন্তকমণিরত্নমপহৃতম্। তদিয়মস্যাবহাসনা*। তদালোচ্য যদত্র যুক্তং, তৎ ক্রিয়তামিতি কৃষ্ণমাহ॥ ৩৭॥

তয়া চৈবমুক্তঃ পরিতুষ্টান্তঃকরণোঽপি কৃষ্ণঃ সত্যভামামমর্ষতাম্রলোচনঃ প্রাহ. সত্যে! মমৈষাবহাসনা! নাহমেতাং তস্য দুরাত্মনঃ সহিষ্যে। ন হ্যনুল্লঙ্ঘ্য বরপাদপং তৎকৃতনীড়াশ্রয়িণো বিহঙ্গা বধ্যন্তে॥ ৩৯॥

তদলমত্যর্থমমুনাস্মৎপুরতঃ শোকপ্রেরিতবাক্যপরিকরেণ, ইত্যুক্ত্বা দ্বারকামভ্যেত্য বলদেবমেকান্তে

স্নাছেন, বলিয়া শতধন্বা সহ্য করিতে না পারিয়া আমার পিতাকে বিনাশ করিয়াছে এবং তাঁহার সেই স্যমন্তক নামক মণিরত্নও অপহরণ করিয়া লইয়াছে। এক্ষণে শতধন্বা হইতে এই তাঁহার পরাভব হইল, ইহা বিবেচনা করিয়া এ বিষয়ে যাহা কর্ত্তব্য তাহা কর। ৩৭

কৃষ্ণ এই কথা শুনিয়া যদিও মনে মনে পরিতুষ্ট হইয়াছিলেন তথাপি (কৃত্রিম) অমর্ষভরে লোচনদ্বয় তাম্রবর্ণ করিয়া সত্যভামাকে কহিলেন, সত্যে! (ইহা তোমার পিতার পরাভব কি?) ইহা ত আমারই পরাভব হইতেছে। আমি কখনই সেই দুরাত্মার কৃত এই পরাভব সহ্য করিব না। তরুবরকে লঙ্ঘন না করিয়া তদাশ্রিত নীড়স্থিত পক্ষীকে কখনই বিনাশ করিতে পারা যায় না। ৩৯ অতএব আমার নিকট তোমার নিতান্ত শোকসূচক বাক্য বিস্তার করিবার আবশ্যক নাই। বাসুদেব,

* অবভাষণা ইতি কুচিৎ পাঠঃ।

বাসুদেবঃ প্রাহ, মৃগয়াগতং প্রসেনমটব্যাং মৃগপতি-র্জঘান। সত্রাজিতোঽপ্যধুনা শতধন্বনা নিধনং প্রাপিতঃ। তদুভয়বিনাশাৎ তন্মণিরত্নমাবাভ্যাং সামান্যং ভবিষ্যতি ॥ ৪০ ॥

তদুত্তিষ্ঠ, আরুহ্যতাং রথঃ, শতধনুর্নিধনায়োদ্যমং কুরু, ইত্যভিহিতস্তথেতি সমন্বীপ্সিতবান্*। কৃতোদ্যোগৌ চ তাবুভাবুপলভ্য শতধন্বা কৃতবর্ম্মাণমুপেত্য পার্ষ্ণিপূরণ-কর্ম্মনিমিত্তমতোদয়ৎ†। আহ চৈনং কৃতবর্ম্মা, নাহং বলভদ্রবাসুদেবাভ্যাং সহ বিরোধায়ালম্, ইত্যুক্তশ্চা-

সত্যভামাকে এই কথা বলিয়া দ্বারকায় আগমন পূর্ব্বক বিজন প্রদেশে বলদেবকে কহিলেন, প্রসেন যখনমৃগয়ার্থ অটবীতে গমন করিয়াছিল, তখন সিংহ তাহাকে সংহার করে। এক্ষণে সত্রাজিতও শতধন্বা হইতে বিলয় প্রাপ্ত হইলেন। এই দুই জনের পরলোক প্রাপ্তি হেতু অধুনা সেই মণিরত্ন আমাদের দুই জনেরই হইবে।[৪০] অতএব উত্থিত হও, রথে আরোহণ কর, শতধন্বাকে বিনাশ করিবার নিমিত্ত উদ্যোগী হও।

বলদেব কৃষ্ণের এই কথা শ্রবণ করিয়া তথাস্তু বলিয়া স্বীকার করিলেন। বলদেব ও কৃষ্ণ সংগ্রামার্থ উদ্যুক্ত হইলে শতধন্বা তাহা অবগত হইয়া কৃতবর্ম্মার নিকট উপস্থিত হই-লেন এবং যুদ্ধে সাহায্য করিবার নিমিত্ত অনুরোধ করিলেন। কৃতবর্ম্মা তাঁহাকে কহিলেন, আমি, বলদেব ও কৃষ্ণ উভয়ের সহিত বিবাদ করিতে সমর্থ হইব না। কৃতবর্ম্মা এই কথা বলিলে

* সমভিপ্রেতবান্ ইতি বহু সম্মতঃ পাঠঃ।
† অচোদয়ৎ ইতি পাঠান্তরম।

ক্রূরমচোদয়ৎ। আহ চাসাবপি, ন হি কশ্চিৎ ভগবতা পাদপ্রহারপরিকম্পিতজগত্ত্রয়েণ অসুরবরবনিতা-বৈধব্যকারিণা প্রবলরিপুচক্রাপ্রতিহতচক্রেণ চক্রিণা, মদমুদিতনয়নাবলোকিতারিবলবিশাতনেন* অতিগুরুবৈরিবারণাকর্ষণাবিষ্কৃতমহিমোরুসীরেণ সীরিণা চ সহ সকলজগদ্বন্দ্যানামমরবরাণামপি যোদ্ধুং সমর্থঃ, কিমুতাহম্। তদন্যতঃ শরণমভিলষ্যতাম্॥ ৪১॥

ইত্যুক্তঃ শতধনুরাহ, যদ্যস্মৎপরিত্রাণাসমর্থং ভবানাত্মানমবগচ্ছতি, তদয়মস্মন্মণিঃ সংগৃহ্য রক্ষ্যতাম্।

শতধন্বা অক্রূরকেও সেইরূপ কহিলেন। অক্রূর উত্তর করিলেন, যিনি পাদবিক্ষেপদ্বারা ত্রিভুবন কম্পিত করিয়াছিলেন, যিনি প্রধান প্রধান অসুরগণের বনিতাদিগের বৈধব্য বিধান করিয়াছেন, যাঁহার চক্র প্রবল রিপুচক্রেও প্রতিহত হয় না, তাদৃশ চক্রী ভগবান্ কৃষ্ণের সহিত এবং যিনি মদ-(নেসা-) দ্বারা মুদিত নয়নে কটাক্ষ নিক্ষেপ মাত্রেই শত্রুসৈন্য সংহার করেন, অতিপ্রবল শত্রুগণরূপ হস্তিসমূহ আকর্ষণদ্বারা যাহার মহিমা প্রচারিত হইয়াছে, তাদৃশ মহাহলই যাঁহার যুদ্ধাস্ত্র, ঈদৃশ হলধরের সহিত সমুদায় জগতের পূজনীয় প্রধান প্রধান দেবগণের মধ্যেও কেহ সংগ্রাম করিতে সমর্থ হন না, আমার কথা কি বলিব? অতএব তুমি অন্য কাহারো শরণাপন্ন হইতে চেষ্টা কর। [৪১]

শতধন্বা এই কথা শ্রবণ করিয়া কহিলেন, যদি তুমি এরূপ বোধ কর যে, আমাকে রক্ষা করিতে সমর্থ হইবে না, তাহা

* মদমুদিতনয়নাবলোকিতারিবলবিশাতনেন ইতি কোচিৎ পঠন্তি

ইত্যুক্তঃ* সোঽপ্যাহ, যদ্যন্তায়ামপ্যবস্থায়াং ন কস্মৈচিদ্ভবান্ কথয়িষ্যতি, তদহমেনং গ্রহীষ্যামি। তথেত্যুক্তে অক্রূরস্তন্মণিরত্নং জগ্রাহ ॥ ৪২ ॥

শতধন্নুরপ্যতুলবেগাং শতযোজনবাহিনীং বড়বামারুহ্যাপক্রান্তঃ। শৈব্য-সুগ্রীব-মেঘপুষ্প-বলাহকাশ্ব-চতুষ্টয়যুক্তরথাবস্থিতৌ বলদেববাসুদেবৌ তমনুপ্রয়াতৌ ॥ ৪৩ ॥

সা চ বড়বা শতযোজনপ্রমাণং মার্গমতীত্য † পুনরপি

হইলে তুমি এই মণিরত্ন গ্রহণ করিয়া রক্ষা কর। শতধন্বার এই কথা শুনিয়া অক্রূর কহিলেন, যদি তোমার চরম অবস্থা উপস্থিত হয়, তথাপি যদি তুমি কাহারো নিকট প্রকাশ না কর, তাহা হইলে আমি এই মণিরত্ন গ্রহণ করিতে পারি। শতধন্বা তথাস্তু বলিয়া স্বীকার করিলে অক্রূর সেই মণিরত্ন গ্রহণ করিলেন। [৪২]

অনন্তর শতধন্বা, (এক দিবসের মধ্যে) শতযোজন-গামিনী অসীম-বেগশালিনী ঘোটকীতে আরোহণপূর্ব্বক পলায়নার্থ নিষ্ক্রান্ত হইলেন। এ দিকে বলদেব ও বাসুদেব উভয়ে, শৈব্য, সুগ্রীব, মেঘপুষ্প ও বলাহক নামে অশ্ব চতুষ্টয় যুক্ত রথে আরোহণ করিয়া শতধন্বার পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইলেন। [৪৩] শতধন্বার অশ্ব, শত যোজন প্রমাণ পথ অতিক্রম করিয়া পুনর্ব্বার চালিত হওয়াতে মিথিলাস্থিত আরণ্যেকদেশে প্রাণত্যাগ করিল। শতধন্বাও সেই বড়বাকে পরিত্যাগ করিয়া পদদ্বারাই

* তদয়মস্মন্মণিং সংগৃহ্য রক্ষতামেবমুক্ত ইত্যপি পাঠঃ।

† যোজনশতপ্রমাণং মার্গমতীতা ইতি পাঠান্তরম্।

বাহ্যমানা মিথিলাবনোদ্দেশে প্রাণানুৎসসর্জ্জ। শতধনু-রপি তাং পরিত্যজ্য পদাতিরেবাদ্রবৎ ॥ ৪৪ ॥

কৃষ্ণোঽপি বলভদ্রমাহ, তাবদত্রৈব স্যন্দনে ভবতা স্থেয়ম্। অহমেনমধমাচারং পদাতিরেব পদাতিমনু-গম্য * যাবদ্ ঘাতয়ামি। অত্র হি ভূভাগে দৃষ্টদোষা হয়া নৈতেঽশ্বা ভবতেমং ভূমিভাগমুল্লঙ্ঘ্য নেয়াঃ ॥ ৪৫॥

তথেত্যুক্ত্বা বলভদ্রো রথ এব তস্থৌ। কৃষ্ণোঽপি দ্বিক্রোশমাত্রং ভূমিভাগমনুসৃত্য দূরস্থস্যৈব চক্রং ক্ষিপ্ত্বা শতধনুষঃ শিরশ্চিচ্ছেদ। তচ্ছরীরাম্বরাদিষু চ বহুপ্রকারমন্বিষ্যন্নপি স্যমন্তকং মণিং নাবাপ যদা, তদো-পগম্য বলভদ্রমাহ, বৃথৈবাস্মাভির্ঘাতিতঃ শতধনুর্ন প্রাপ্ত-

ধাবমান হইলেন।[৪৪] তখন কৃষ্ণ বলরামকে কহিলেন, তুমি এই স্থানেই এই রথে অবস্থান কর। আমি পদচারী হইয়া ঐ পদাতি অধমাচার শতধন্বার পশ্চাৎ গমন পূর্ব্বক উহাকে সংহার করিয়া আসি। অশ্বগণ এই ভূমিভাগে অনিষ্টঘটনা দর্শন করিয়াছে সুতরাং এই ভূমিভাগ অতিক্রম করিয়া ইহাদিগকে লইয়া যাওয়া তোমার উচিত নহে।[৪৫] বলদেব তথাস্তু বলিয়া রথোপরি অবস্থান করিতে লাগিলেন। কৃষ্ণ, ক্রোশদ্বয়মাত্র পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইয়া দূর হইতেই চক্র নিক্ষেপ পূর্ব্বক শতধন্বার মস্তকচ্ছেদন করিলেন। পরে তিনি তাঁহার শরীর ও বস্ত্রাদিতে তন্ন তন্ন করিয়া অন্বেষণ করিলেন, কিন্তু স্যমন্তক মণি প্রাপ্ত হইলেন না। পরে তিনি প্রতিনিবৃত্ত হইয়া বলদেবকে কহিলেন, আমরা শতধন্বাকে বৃথা বিনাশ

---

* অধমাচারং পদাতিমমনুগম্য ইতি বা পাঠঃ।

মখিলজগৎসারভূতং তন্মণিরত্নম্*। ইত্যাকর্ণ্য উদ্ভূত-কোপো বলদেবো বাসুদেবমাহ, ধিক্ ত্বাং যস্ত্বমর্থ-লিপ্সুঃ! এতচ্চ তে ভ্রাতৃত্বান্মর্ষয়ে†, তদয়ং পন্থাঃ, স্বেচ্ছয়া গম্যতাম্, ন মে দ্বারকয়া, ন ত্বয়া, ন বন্ধুভিঃ কার্য্যম্। অলমেভির্ম্মমাগ্রতোঽলীকশপথৈঃ। ইত্যা-ক্ষিপ্য তং তথা প্রসাদ্যমানোঽপি‡ ন তস্থৌ, বিদেহ-পুরীং প্রবিবেশ॥ ৪৬॥

জনকশ্চার্ঘ্যপূর্ব্বকমেবৈনং গৃহং প্রবেশয়ামাস। স

করিলাম। ইহার নিকট নিখিল জগতের সার সেই মণিরত্ন প্রাপ্ত হইলাম না।

বলদেব এই কথা শ্রবণ পূর্ব্বক কোপাবিষ্ট হইয়া কৃষ্ণকে কহিলেন, তুমি এরূপ অর্থ-লোভী! তোমাকে ধিক্! তুমি ভাই বলিয়া আমি তোমার এ বিষয় ক্ষমা করিলাম। এই পথ রহিয়াছে, স্বেচ্ছানুসারে চলিয়া যাও। আমার দ্বারকায় প্রয়োজন নাই, তোমার মত ভ্রাতায় প্রয়োজন নাই, আমার বন্ধুবান্ধবেও আব-শ্যক নাই। আর আমার নিকট তোমার মিথ্যা শপথ করিবার প্রয়োজন কি? বলদেব, এই কথা বলিয়া কৃষ্ণকে তিরস্কার করিয়া (প্রস্থান করিলেন।) কৃষ্ণ অনেক অনুনয় বিনয় করিতে লাগিলেন, তথাপি বলদেব দাঁড়াইলেন না। পরে তিনি বিদেহ নগরীতে প্রবেশ করিলেন।[৪৬] রাজা জনক অর্ঘ্য প্রদান পূর্ব্বক তাঁহাকে স্বভবনে প্রবেশ করাইলেন। তিনি সেই জনক গৃহে

---

* তন্মহারত্নং স্যমন্তকাখ্যম্ ইতি বা পাঠ্যম্।

† ভ্রাতৃত্বাদহং মর্ষয়ে ইতি পাঠান্তরম্।

‡ কথঞ্চিৎ প্রসাদ্যমানোঽপি ইত্যপি পাঠঃ।

তত্রৈব চ তস্থৌ। বাসুদেবোঽপি দ্বারকামাজগাম। যাবচ্চ জনকরাজগৃহে বলভদ্রোঽবতস্থে, তাবৎ ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনস্তৎসকাশাদ্গদাশিক্ষামশিক্ষত *॥ ৪৭ ॥

বর্ষত্রয়ান্তে চ বভ্রুগ্রসেনপ্রভৃতিভির্যাদবৈর্ন তদ্রত্নং কৃষ্ণেনাপহৃতমিতি কৃতাবগতিভির্ব্বিদেহপুরীং গত্বা বলদেবঃ সংপ্রত্যায্য দ্বারকামানীতঃ ॥ ৪৮ ॥

অক্রূরোঽপ্যুত্তমমণিসমুদ্ভূতসুবর্ণধ্যানপরস্ততো যজ্ঞানীজে †॥ ৪৯ ॥

সবনগতৌ হি ক্ষত্রিয়বৈশ্যৌ নিঘ্নন্ ব্রহ্মহা ভবতীত্যতো দীক্ষাকবচং প্রবিষ্ট এব তস্থৌ দ্বিষষ্টিবর্ষাণি ॥৫০

অবস্থান করিতে লাগিলেন। এদিকে বাসুদেব দ্বারকায় প্রত্যাগমন করিলেন। যে সময়, বলদেব জনকরাজগৃহে অবস্থান করেন, সেই সময় ধৃতরাষ্ট্রতনয় দুর্য্যোধন তাঁহার নিকট গদাযুদ্ধ শিক্ষা করিতে লাগিল। ৪৭

এইরূপে তিন বৎসর অতীত হইল। পরে বভ্রু উগ্রসেন প্রভৃতি যাদবগণ, বিদেহ নগরে গমন পূর্ব্বক বলদেবের এইরূপ বিশ্বাস জন্মাইয়া দিলেন যে, সেই রত্ন কৃষ্ণ অপহরণ করেন নাই। পরে তাঁহারা বলদেবকে দ্বারকায় আনয়ন করিলেন। ৪৮

এদিকে অক্রূরও মণিসমুদ্ভূত সুবর্ণ রাশিদ্বারা কি করিবেন, বিবেচনা করিয়া নিরন্তর যজ্ঞানুষ্ঠান করিতে আরম্ভ করিলেন। ৪৯ যজ্ঞে দীক্ষিত ক্ষত্রিয় ও বৈশ্যকে বিনাশ করিলে ব্রহ্মহত্যা পাতক হয়, এই বিবেচনা করিয়া অক্রূর, দ্বিষষ্টি বৎসর পর্য্যন্ত

* আশঙ্কঃ ইতি বহবঃ পঠন্তি।

† ধ্যানপরঃ সততং যজ্ঞানীজে ইতি বা পাঠ্যতাম্।

এবং তন্মণিরত্নপ্রভাবাৎ তত্রোপসর্গদুর্ভিক্ষমরকাদিকং নাভূৎ *॥ ৫১ ॥

অথাক্রূরপক্ষীয়ৈর্ভোজৈঃ শত্রুঘ্নে সাত্বতস্য প্রপৌত্রে ব্যাপাদিতে ভোজৈঃ সহাক্রূরো দ্বারকামপহায় অপক্রান্তঃ ॥ ৫২ ॥

তদপক্রান্তিদিনাদারভ্য তত্রোপসর্গব্যালানাবৃষ্টিমরকাদ্যুপদ্রবা বভূবুঃ। অথ যাদববলভদ্রোগ্রসেনসমবেতোঽমন্ত্রয়দ্ভগবানুরগারিকেতনঃ, কিয়দিদমেকদৈব †প্রচুরোপদ্রবাগমনমেতদালোচ্যতাম্ ॥ ৫৩ ॥

নিরন্তর দীক্ষারূপ কবচে সমাবৃত হইয়া থাকিলেন।[৫০] সেই মণির প্রভাবে দ্বারকামধ্যে দুর্ভিক্ষ অকাল মৃত্যু প্রভৃতি কোন উপসর্গ ঘটিল না।[৫১]

অনন্তর একদা অক্রূরপক্ষীয় ভোজগণ সাত্বতের প্রপৌত্র শত্রুঘ্নকে বিনাশ করিল। অক্রূর (ভয়ক্রমে) ভোজগণের সহিত দ্বারকা পরিত্যাগ করিয়া পলায়ন করিলেন।[৫২] তিনি যে দিবস (দ্বারকা পরিত্যাগ করিয়া দেশান্তরে) গমন করেন, সেই দিন অবধি দ্বারকায় অকালমৃত্যু অনাবৃষ্টি ভুজঙ্গম প্রভৃতি হিংস্র জন্তুগণের দৌরাত্ম্য প্রভৃতি উপদ্রব ঘটিতে আরম্ভ হইল। অনন্তর ভগবান্ কৃষ্ণ, বলদেব উগ্রসেন ও সমুদায় যাদবগণের সহিত সমবেত হইয়া মন্ত্রণা করিতে আরম্ভ করিলেন যে, কিজন্য এককালে এত অধিক দৈব উপদ্রব উপস্থিত হইল, তাহা নিরূপণ করা যাউক্।[৫৩]

* দুর্ভিক্ষমরকানাবৃষ্ট্যাদিকং নাভূৎ ইতি পাঠান্তরম্ ।
† কিং যদিদমেকদৈব ইতি চ পাশ্চাত্যাঃ পঠন্তি ।

ইত্যুক্তে অন্ধকনামা যদুবৃদ্ধঃ প্রাহ, অস্যাক্রূরস্য পিতা শ্বফল্কো নাম যত্র যত্রাভূৎ, তত্র তত্র দুর্ভিক্ষ-মরকানাবৃষ্ট্যাদিকং চ নাভূৎ॥ ৫৪॥

কাশিরাজস্য বিষয়েঽত্যন্তানাবৃষ্ট্যাং * শ্বফল্কোঽনীয়ত। ততস্তৎক্ষণাদেব দেবো ববর্ষ। কাশিরাজস্য পত্ন্যাশ্চ গর্ভে কন্যা পূর্ব্বমাসীৎ॥ ৫৫॥

সাপি পূর্ণেঽপি প্রসূতিকালে নৈব নিশ্চক্রাম। এবঞ্চ তস্য গর্ভস্য দ্বাদশ বর্ষাণ্যনিষ্ক্রামতো যযুঃ। কাশিরাজস্তু তামাত্মজাং গর্ভস্থামাহ, পুত্রি! কস্মান্ন জায়সে? নিষ্ক্রম্যতাম্, আস্যং তে দ্রষ্টুমিচ্ছামি।

এই কথা শুনিয়া অন্ধক নামক যদুবৃদ্ধ কহিলেন, অক্রূরের পিতা শ্বফল্ক, যেখানে যেখানে অবস্থান করিতেন, সেখানে দুর্ভিক্ষ মরক অনাবৃষ্টি প্রভৃতি উপদ্রব উপস্থিত হইত না। ৫৪ একদা কাশিরাজের রাজ্যমধ্যে সাতিশয় অনাবৃষ্টি উপস্থিত হইলে শফল্ক সেই স্থানে নীত হইলেন। তিনি কাশিরাজের অধিকার মধ্যে প্রবেশ করিবামাত্র দেবরাজ বর্ষণ করিতে আরম্ভ করিলেন। ইতিপূর্ব্বে কাশিরাজের পত্নীর গর্ভে একটী কন্যা জন্মিয়াছিল। ৫৫ যখন প্রসব কাল অতীত হইল, তখনও কন্যা গর্ভ হইতে নিষ্ক্রান্ত হইল না। এইরূপে দ্বাদশ বৎসর গত হইল, তথাপি কন্যা প্রসূত হইল না।

অনন্তর কাশিরাজ, সেই গর্ভস্থিত কন্যাকে কহিলেন, পুত্রি! কিজন্য প্রসূত হইতেছ না? আমি তোমার মুখ দেখিতে

---

* বিষয়েঽনাবৃষ্ট্যাং ইতি কোচিৎ পাঠান্ন।

স্বকাঞ্চ মাতরং কিমিতি * চিরং ক্লেশয়সি ? ইত্যুক্তা সা গর্ভস্থৈব ব্যাজহার, তাত! যদ্যেকৈকাং গান্দিনে দিনে ব্রাহ্মণেভ্যঃ প্রযচ্ছসি, † তদাহমন্যৈস্ত্রিভির্ব্বর্ষৈরস্মাদ্গর্ভাৎ তাবদবশ্যং নিষ্ক্রমিষ্যামীতি। এতচ্চ তদ্বচনমাকর্ণ্য রাজা ব্রাহ্মণায় দিনে দিনে গাং প্রাদাৎ। সাপি তাবতা কালেন জাতা। ততস্তস্যাঃ পিতা গান্দিনীতি নাম চকার। তাঞ্চ গান্দিনীং কন্যাং শ্বফল্কায়োপকারিণে ‡ গৃহাগতায়ার্ঘ্যভূতাং প্রাদাৎ। সা চ গান্দিনী প্রতিদিনং যাবজ্জীবং ব্রাহ্মণায় গাং দত্ত-

ইচ্ছা করি, বহির্গতা হও। তুমি কিজন্য তোমার জননীকে এত দিন ক্লেশ দিতেছ? কাশিরাজ এই কথা বলিলে গর্ভস্থ কন্যা কহিল, পিতঃ! যদি আপনি প্রতিদিন ব্রাহ্মণদিগকে এক একটী গোদান করিতে পারেন, তাহা হইলে আমি আর তিন বৎসর পরে এই গর্ভ হইতে নিঃসৃতা হইব।

রাজা এই কথা শুনিয়া ব্রাহ্মণদিগকে প্রতিদিন এক একটী গো দান করিতে আরম্ভ করিলেন। তিন বৎসর অতীত হইলে কন্যা প্রসূতা হইল। কাশিরাজ, তাহার 'গান্দিনী' এই নাম রাখিলেন। ইহার পর পরমোপকারী শ্বফল্ক তাঁহার গৃহে গমন করিলে তিনি তাঁহাকে সেই গান্দিনী নাম্নী কন্যা অর্ঘ্যস্বরূপ প্রদান করিলেন। এই গান্দিনীও যাবজ্জীবন প্রতিদিন ব্রাহ্মণকে

---

* এতাঞ্চ মাতরং কিমত্র ইতি বা পাঠঃ।

† ব্রাহ্মণেভ্যোঽদদাসি ইতি বা পঠনীয়ম্।

‡ শ্বফল্কায় প্রিয়োপকারিণে ইতি পুস্তকান্তরস্য পাঠঃ।

বতী। তস্যাময়মক্রূরঃ শ্বফল্‌কাৎ জজ্ঞে। তস্যৈবং গুণমিথুনাদুৎপত্তিঃ* ॥ ৫৬ ॥

তৎ কথমস্মিন্নপক্রান্তেঽত্র মরকদুর্ভিক্ষাদ্যুপদ্রবা ন ভবিষ্যন্তি। তদয়মানীয়তামিতি, অলমত্রাতিগুণবত্যপরাধান্বেষণেন ইতি ॥ ৫৭ ॥

যদুবৃদ্ধস্যান্ধকস্য এতদ্বচনমাকর্ণ্য কেশবোগ্রসেন-বলভদ্রপুরোগমৈর্যদুভিঃ কৃতাপরাধতিতিক্ষাভবমভয়ং দত্ত্বা শ্বাফল্‌কিঃ স্বপুরমানীতঃ। তত্র চাগতএব † তৎস্থ-স্যমন্তক-মণেরনুভাবাদনাবৃষ্টি-মরক--দুর্ভিক্ষ-ব্যালাদ্যুপদ্রবঃ শশাম। কৃষ্ণশ্চ চিন্তয়ামাস, স্বল্পমেতৎ

এক একটী গো দান করিয়াছেন। সেই গান্দিনীর গর্ভে শ্বফল্কের ঔরসে অক্রূরের জন্ম হইয়াছে, সুতরাং তাদৃশ (অলোকসামান্য) গুণ সম্পন্ন দম্পতি হইতেই অক্রূরের উৎপত্তি। ৫৬ সেই অক্রূর দ্বারকা পরিত্যাগ করিয়া গিয়াছেন। ঈদৃশ অবস্থায় মরক দুর্ভিক্ষপ্রভৃতি উপস্থিত না হইবে কেন? আমার মতে অক্রূরকে আনয়ন কর। তাঁহার অসাধারণ গুণ আছে। (দুর্ভিক্ষাদির) কারণান্তর অনুসন্ধানে আবশ্যক নাই। ৫৭

কৃষ্ণ বলদেব উগ্রসেন প্রভৃতি যাদবগণ, যদুবৃদ্ধ অন্ধকের এই বাক্য শ্রবণ করিয়া শ্বফল্কতনয় অক্রূরের পূর্ব্বকৃত অপরাধ ক্ষমা করিয়া অভয় প্রদান পূর্ব্বক তাঁহাকে দ্বারকায় আনয়ন করিলেন। অক্রূর দ্বারকায় আগমন করিবামাত্র তন্নিকটস্থিত স্যমন্তক মণির প্রভাবে অনাবৃষ্টি মরক দুর্ভিক্ষ ও ব্যালাদির উপদ্রব প্রভৃতি সমুদায় উপসর্গ নিবৃত্তি হইল, তখন কৃষ্ণ চিন্তা

* তদস্যৈবংগুণমিথুনাদুৎপত্তিঃ ইতি বা পাঠঃ।

† তত্র চাগতমাত্রএব ইতি পুস্তকান্তরস্য পাঠঃ।

কারণং, যদয়ং গান্দিন্যাং শ্বফল্কেনাক্রূরো জনিতঃ; সুমহাংশ্চায়মনাবৃষ্টিদুর্ভিক্ষমরকাদ্যুপশমনকারী প্রভাবঃ* ॥ ৫৮ ॥

তন্নূনমস্য সকাশে স মহামণিঃ স্যমন্তকাখ্যস্তিষ্ঠতি। তস্য হ্যেবংবিধাঃ প্রভাবাঃ শ্রূয়ন্তে। অয়মপি যজ্ঞাদনন্তরম্ অন্যৎ ক্রত্বন্তরং, তস্মাৎ যজ্ঞান্তরং যজতীতি। অল্পোপাদানঞ্চাস্য। অসংশয়মত্রাসৌ বরমণিস্তিষ্ঠতীতি, কৃতাধ্যবসায়োঽন্যৎ প্রয়োজনমুদ্দিশ্য সকলযাদবসমাজমাত্মগেহে এবাচীকরৎ। তত্র চোপবিষ্টেষ্বখিলেষু যাদবেষু পূর্ব্বপ্রয়োজনমুপন্যস্য পর্য্যবসিতে চ

করিতে লাগিলেন, অক্রূর শ্বফল্ক হইতে গান্দিনীর গর্ভে জন্মিয়াছেন, ইহা সামান্য কারণ এবং এই অনাবৃষ্টি দুর্ভিক্ষ মরক প্রভৃতির উপশমনকারী প্রভাব অতীব গুরুতর। ৫৮ আমি বোধ করি, ইহার নিকট সেই স্যমন্তক নামে মহামণি আছে। শুনিয়াছি, স্যমন্তক মণিরই ঈদৃশ প্রভাব। এই অক্রূর এক যজ্ঞের পর অন্য যজ্ঞ, অন্য যজ্ঞের পর অপর একটী যজ্ঞ, এইরূপে নিরন্তর যজ্ঞানুষ্ঠান করিয়া আসিতেছে। ইহার সম্পত্তিও তাদৃশ অধিক নহে। ইহাতে বোধ হয়, ইহার নিকট অবশ্যই সেই মণিরত্ন আছে, এবিষয়ে কিছুমাত্র সংশয় নাই।

কৃষ্ণ এইরূপ কৃতনিশ্চয় হইয়া কোন একটী প্রয়োজন উপলক্ষে আত্মভবনে সমুদায় যাদবগণকে একত্র সমবেত করিলেন। সমুদায় যাদবগণ সেই স্থানে উপবিষ্ট হইলে যে উপলক্ষে সকলকে আহ্বান করা হইয়াছিল, তাহা শেষ হইল। পরে

* অনাবৃষ্টিমারকাদিবিনাশনী প্রভাবঃ ইতি বহবঃ পাঠাঃ।

তস্মিন্ প্রসঙ্গাগতপরিহাসকথামক্রূরেণ সহ কৃত্বা জনার্দ্দনস্তমক্রূরমাহ ॥ ৫৯ ॥

দানপতে! জানীম এব বয়ং যথা শতধন্বনা* অখিলজগৎসারভূতং স্যমন্তকরত্নং ভবতঃ সকাশে সমর্পিতম্। তদেতদ্রাষ্ট্রোপকারকং ভবতঃ সকাশে তিষ্ঠতীতি তিষ্ঠতু, সর্ব্বএব বয়ং তৎপ্রভাবফলভুজঃ; কিন্ত্বেষ বলভদ্রোঽস্মানাশঙ্কিতবান্। তদস্মৎপ্রীতয়ে দর্শয়, ইত্যভিহিতঃ সরত্নঃ সোঽচিন্তয়ৎ। কিমত্রানুষ্ঠেয়ম্? অন্যথা চেৎ ব্রবীম্যহং, তৎ কেবলাম্বরতিরোধানমন্বিষ্যন্তো রত্নমেতে দ্রক্ষ্যন্তীতি, অতোঽন্বেষণং ন ক্ষেমমিতি † সংচিন্ত্য তমখিলজগৎকারণভূতং নারায়ণ-

কৃষ্ণ, প্রসঙ্গ ক্রমে অক্রূরের সহিত নানাপ্রকার পরিহাস কথা কহিয়া তাঁহাকে কহিলেন, “ দানপতে! শতধনু যে সেই নিখিল জগতের সার স্বরূপ স্যমন্তক মণি তোমার নিকট সমর্পণ করিয়াছিল, তাহা আমরা জ্ঞাত আছি। সেই মণি রাজ্যের উপকারী। তাহা তোমার নিকটেই আছে, থাকুক্। আমরা সকলেই তৎপ্রভাব-জনিত ফল ভোগ করিতেছি, কিন্তু এই বলদেব আমার প্রতি সন্দেহ করিয়াছিলেন। অতএব আমার সন্তোষের নিমিত্ত তুমি সেই মণি একবার দেখাও।

কৃষ্ণ যখন এই কথা কহিলেন, তখন সেই রত্ন অক্রূরের নিকটেই ছিল। তিনি চিন্তা করিতে লাগিলেন, এক্ষণে কি করি? যদি মিথ্যা কথা কহি, তাহা হইলে এক্ষণে সেই মণি কেবল বস্ত্রাবৃত আছে, ইহারা বস্ত্র অন্বেষণ করিলেই দেখিতে

* শতধন্বনা তদিদম্ ইতি ক্বচিৎ পাঠঃ।

† দ্রক্ষ্যন্তীতি রক্ষণং ন ক্ষেমমিতি ইতি বা পাঠ্যম্।

মাহাক্রূরঃ; ভগবন্! মমৈতৎ স্যমন্তকমণিরত্নং শতধনুষা সমর্পিতম্ ॥ ৬০ ॥

অপগতে চ তস্মিন্ অদ্য শ্বঃ পরশ্বো বা ভগবান্ মাং যাচিষ্যতীতি কৃতমতিরতিকৃচ্ছ্রেণৈতাবন্তং কালমধারয়ম্ * অস্য চ ধারণক্লেশেনাহমশেষোপভোগেষসঙ্গিমানসো ন বেদ্মি স্বসুখকলামপি॥ ৬১ ॥

এতাবন্মাত্রমশেষরাষ্ট্রোপকারি ধারয়িতুং ন শক্নোতীতি মাং ভগবান্ মংস্যত ইত্যাত্মনা ন চোদিতম্॥৬২

তদিদং স্যমন্তকরত্নং গৃহ্যতাম্, ইচ্ছয়া যস্যাভিমতং তস্য সমর্প্যতাম্। ততঃ সোঽধরবস্ত্রনিগোপিতাতিলঘুকনকসমুদ্গকং প্রকটীকৃতবান্ ॥ ৬৩ ॥

পাইবে। পরন্তু (বস্ত্র বা গৃহ) অন্বেষণ আমার মঙ্গল জনক নহে। অক্রূর এইরূপ পর্য্যালোচনা করিয়া অখিল জগতের কারণ স্বরূপ নারায়ণকে কহিলেন, ভগবন্! শতধনু আমার নিকট এই স্যমন্তক মণি সমর্পণ করিয়াছিল। ৬০ যখন শতধনুর মৃত্যু হইল তখন, আপনি অদ্য কল্য বা পরশ্ব এক সময় চাহিবেন, এই মনে করিয়া অতিকষ্টে এত কাল রক্ষা করিয়াছি। এই মণি ধারণে এতদূর ক্লেশ যে, আমি সমুদায় ভোগেই অনাসক্ত-চিত্ত (ও এককালে বঞ্চিত) হইয়া আছি সুতরাং আমার আত্মসুখের লেশমাত্রও নাই। ৬১ পাছে আপনি মনে করেন যে, অক্রূর সমুদায় রাজ্যের উপকারী এই মণি ধারণ করিতেও পারিল না, এই আশঙ্কায় আমি স্বয়ং সমর্পণ করি নাই। ৬২ এই সেই স্যমন্তক মণি, গ্রহণ করুন। এক্ষণে স্বেচ্ছা-

* যাচিষ্যতীতি এতাবন্তং কালমতিকৃচ্ছ্রেণ ধারয়ামি ইতি বা পঠ্যতাম্।

ততশ্চ নিষ্ক্রাম্য স্যমন্তকমণিং তত্র যদুসমাজে মুমোচ। মুক্তমাত্রে চ তেনাতিকান্ত্যা তদখিলমাস্থানমুদ্দ্যোতিতম্॥ ৬৪॥

অথাহাক্রূরঃ, স এষ মণির্যঃ শতধন্বনাস্মাকং সমর্পিতঃ, যস্যায়ং, স এনং গৃহ্ণাত্বিতি। তম্মণিরত্নমালোক্য সর্ব্বযাদবানাং সাধু সাধ্বিতি বিস্মিতমনসাং * বাচোঽশ্রূয়ন্ত। তমালোক্য মমায়মচ্যুতেনৈব সামান্যঃ সমন্বীপ্সিতঃ † ইতি বলভদ্রঃ সস্পৃহোঽভবৎ॥ ৬৫॥

নুসারে যাঁহাকে অভিরুচি হয়, তাঁহার নিকট সমর্পণ করুন। অক্রূর এই কথা বলিয়া পরিধেয় বসনে লুক্কায়িত অতিলঘু সুবর্ণময় কৌটা বাহির করিলেন।[৬৩] অনন্তর সেই কৌটার মধ্য হইতে স্যমন্তক মণি বহিষ্কৃত করিয়া সেই যাদব সমাজে বিস্তীর্ণ করিয়া রাখিলেন। সেই রত্নমালা বিস্তীর্ণ করিবামাত্র স্বাতিশয় কান্তিদ্বারা সেই সমুদায় সভামণ্ডপ উজ্জ্বল হইল।[৬৪]

অনন্তর অক্রূর কহিলেন, এই সেই স্যমন্তক মণি। শতধনু ইহা আমার নিকট সমর্পণ করিয়াছিল। ইহা যাঁহার বস্তু তিনি এক্ষণে গ্রহণ করুন। যাদবগণ তাহা দেখিয়া বিস্ময়াবিষ্ট হইলেন। চতুর্দিক্ হইতে কেবল সাধু সাধু এই বাক্য শ্রুত হইতে লাগিল। বলদেব সেই মণিরত্ন দেখিয়া স্পৃহান্বিত হইলেন (ও ভাবিতে লাগিলেন,) পূর্ব্বে কৃষ্ণ অঙ্গীকার করিয়াছিলেন যে, এই মণি আমাদের উভয়ের সাধারণ সম্পত্তি

* অতিবিস্মিতবচসাম্ ইতি কৈশ্চিৎ পঠ্যতে।
† সমধিকৃত ইতি বহুষু পুস্তকেষু দৃশ্যতে।

মমৈবেদং পিতৃধনমিত্যতীব চ সত্যভামাপি স্পৃহয়াঞ্চকার। বল-সত্যাননাবলোকনাৎ কৃষ্ণোহপ্যাত্মানং চক্রান্তরাবস্থিতমিব মেনে॥ ৬৬॥

সকলযাদবসমক্ষঞ্চাক্রূরমাহ, এতদ্ধি মণিরত্নমাত্মশোধনায়ৈষাং যদূনাং দর্শিতম্। এতচ্চ মম বলভদ্রস্য চ সামান্যং, পিতৃধনঞ্চৈতৎ সত্যভামায়া নান্যস্য ॥৬৭॥

এতচ্চ সর্ব্বকালং শুচিনা ব্রহ্মচর্য্যগুণবতা* ধ্রিয়মানমশেষরাষ্ট্রস্যোপকারকম্, অশুচিনা ধ্রিয়মাণমাধারমেব হন্তি॥ ৬৮ ॥

অতোঽহমস্য ষোড়শস্ত্রীসহস্রপরিগ্রহাদসমর্থো ধারণে ॥ ৬৯ ॥

হইবে। ৬৫ সত্যভামা ভাবিলেন যে, ইহা আমার পিতৃধন, সুতরাং তিনি মণির প্রতি সাতিশয় স্পৃহাবতী হইলেন। কৃষ্ণ. বলদেবের ও সত্যভামার মুখ দেখিয়া আপনাকে চক্রান্তরে পতিতের ন্যায় বিবেচনা করিতে লাগিলেন। ৬৬

অনন্তর কৃষ্ণ, সমুদায় যাদবগণের সমক্ষেই অক্রূরকে কহিলেন, আমি আত্মকলঙ্ক ক্ষালনের নিমিত্তই এই মণিরত্ন সমস্ত যাদবগণের সমক্ষে দেখাইতে কহিলাম। (আমি অঙ্গীকার করিয়াছিলাম) ইহা আমার ও বলদেবের সাধারণ সম্পত্তি (হইবে।) পরন্তু ইহা সত্যভামার পৈতৃক ধন। অন্য ব্যক্তির ইহাতে অধিকার নাই। ৬৭ নিরন্তর শুচি হইয়া ব্রহ্মচর্য্য অবলম্বন পূর্ব্বক এই মণিরত্ন ধারণ করিলে সমুদায় রাজ্যের মঙ্গল হয়। অশুচি হইয়া ধারণ করিলে যে ধারণ করে তাহাকেই বিনষ্ট করিয়া থাকে। ৬৮ ঈদৃশ অবস্থায় আমি ইহা ধারণ করিতে সমর্থ

* শুচিনা ব্রহ্মচর্য্যেণ চ ইত্যপি কেচিৎ পঠন্তি।

কথঞ্চৈতৎ সত্যভামা স্বীকরোতু। আর্য্যেণ বলভদ্রে-ণাপি মদিরাপানাদ্যশেষোপভোগপরিত্যাগঃ কথং কার্য্যঃ। তদয়ং* যদুলোকোঽয়ং বলভদ্রোঽহং সত্যা চ ত্বাং দানপতে! প্রার্থয়ামঃ, এতদ্ভবানেব ধারয়িতুং সমর্থঃ। ত্বৎস্থঞ্চাস্য রাষ্ট্রস্যোপকারকং, তদ্ভবানশেষ-রাষ্ট্রোপকারনিমিত্তমেতৎ পূর্ব্ববৎ ধারয়তু! ত্বয়ান্যথা ন বক্তব্যমিত্যুক্তে দানপতিঃ তথেত্যুক্ত্বা জগ্রাহ। তন্মহামণিরত্নং ততঃ প্রভৃতি চাক্রূরঃ প্রকটেনৈবাতীব তেজসা জাজ্বল্যমানেনাত্মকণ্ঠাসক্তেনাদিত্য ইবাংশু-মালী চচার ॥ ৭০ ॥

হইব না, কারণ আমার ষোড়শ সহস্র পত্নী আছে। ৬৯ সত্য-ভামাও (ব্রহ্মচর্য্য অবলম্বন পূর্ব্বক) ইহা ধারণ করিতে কিরূপে সম্মতা হইবেন। আর্য্য বলদেবও কি (ইহা ধারণ করিবার উদ্দেশে) সুরাপান প্রভৃতি সমুদায় উপভোগ পরিত্যাগ করিতে পারিবেন? অতএব অন্য চেষ্টায় আবশ্যকতা নাই। দানপতে! এই যাদবগণ, এই বলভদ্র, এই সত্যভামা, এই আমি, আমরা সকলে তোমাকে অনুরোধ করিতেছি, রাজ্যের মঙ্গলের নিমিত্ত এই রত্নমালা তুমিই পূর্ব্ববৎ ধারণ কর। তুমিই ইহা ধারণ করিতে সমর্থ। ইহা তোমার নিকট থাকিলে সমুদায় রাজ্যের কুশল হইবে। তুমি এবিষয় অস্বীকার করিও না।

কৃষ্ণ এই কথা বলিলে অক্রূর তথাস্তু বলিয়া সেই মহারত্ন গ্রহণ করিলেন। সেই দিন অবধি অক্রূর, সাতিশয় তেজঃ-পুঞ্জদ্বারা জাজ্বল্যমান সেই মণিরত্ন প্রকাশ্যরূপে কণ্ঠে ধারণ করিয়া দিবাকরের ন্যায় কিরণজাল বিস্তার পূর্ব্বক বিচরণ করিতেন। ৭০

* তদলম্ ইতি বা পাঠঃ।

ইত্যেতাং ভগবতো মিথ্যাভিশস্তিক্ষালনাং যঃ স্মরতি, ন তস্য কদাচিদল্পাপি মিথ্যাভিশস্তির্ভবতি, অব্যাহতেন্দ্রিয়শ্চাখিলপাপমোক্ষমবাপ্নোতি ॥ ৭১ ॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে চতুর্থেঽংশে ত্রয়োদশোঽধ্যায়ঃ ।

যে ব্যক্তি, ভগবান্ কৃষ্ণের এই মিথ্যা কলঙ্ক ক্ষালন বিবরণ স্মরণ করে, তাহার উপর কখন কিছুমাত্রও মিথ্যা কলঙ্ক আরোপিত হয় না। তাহার ইন্দ্রিয় সমুদায় অব্যাহত থাকে। পরিশেষে সে ব্যক্তি নিখিল পাপপুঞ্জ হইতে মুক্ত হয়। ৭১

বিষ্ণুপুরাণ, চতুর্থ অংশ ত্রয়োদশ অধ্যায় সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

চতুর্থোংশঃ।

চতুর্দ্দশাধ্যায়ঃ।

পরাশর উবাচ।

অনমিত্রস্যানুজঃ* শিনির্নামাভবৎ। তস্যাপি সত্যকঃ, সত্যকাৎ সাত্যকিঃ, যুযুধাননামা, ততোপ্যসঙ্গঃ† তৎপুত্রশ্চ তূণিঃ,‡ তূণের্যুগন্ধর ইতি শৈনেয়াঃ ॥ ১ ॥

অনমিত্রস্যৈবান্বয়ে পৃশ্নিঃ,* তস্মাচ্চ শ্বফল্কঃ। তৎপ্রভাবঃ কথিত এব। শ্বফল্কস্য কনীয়াংশ্চিত্রকো নামা-

পরাশর কহিলেন। অনমিত্রের অনুজের (পুত্রের) নাম শিনি। শিনির পুত্র সত্যক, সত্যকের পুত্র সাত্যকি, সাত্যকির একটী নাম যুযুধান। যুযুধান হইতে অসঙ্গ, (অংশগ) অসঙ্গ হইতে তূণি (ক্রূণি) তূণি হইতে যুগন্ধর উৎপন্ন হইলেন। ইঁহারা শিনির বংশীয়। ১

অনমিত্রের আর একটী পুত্র হইয়াছিল। তাহার নাম পৃশ্নি। পৃশ্নির পুত্রের নাম শ্বফল্ক। শ্বফল্কের প্রভাব পূর্ব্বেই বর্ণন

* অনমিত্রস্যাত্মজঃ ইতি পাঠান্তরম্।
† ততোপ্যংশগ ইতি বা পাঠ্যতাম্।
‡ তৎপুত্রশ্চ ক্রূ[illegible] ইতি, ক্রূণিঃ ইতি বা পঠনীয়ম্।
* [illegible] পৃশ্নিঃ ইতি কেচিৎ পঠন্তি।

ভবৎ ভ্রাতা। শ্বফল্কাদক্রূরো গান্দিন্যাম্ অভবৎ। তথোপমদ্গু--মৃদর-বিশারি-মেজয়--গিরিক্ষত্রোপক্ষত্র-শত্রুঘ্ন--বিমর্দ্দন- ধর্ম্মধৃক্-দৃষ্টশর্ম্ম--গন্ধমোজাবাহ-প্রতিবাহাখ্যাঃ* পুত্রাঃ, সুতারাখ্যা চ কন্যা। দেববান্ উপদেবশ্চ অক্রূরপুত্রৌ। পৃথু-বিপৃথু-প্রমুখাঃ চিত্রকস্য পুত্রা বহবোঽভবন্॥ ২॥

কুকুর-ভজমান-শুচিকম্বল-বর্হিষাখ্যাঃ তথা অন্ধকস্য চত্বারঃ পুত্রাঃ॥ ৩॥

কুকুরাৎ ধৃষ্টঃ,† তস্মাচ্চ কপোতরোমা, ততশ্চ বিলোমা, তস্মাদপি তুম্বুরুসখা ভবসংজ্ঞকশ্চন্দনোদক-

করিয়াছি। শ্বফল্কের কনিষ্ঠ ভ্রাতার নাম চিত্রক। শ্বফল্ক হইতে গান্দিনীর গর্ভে অক্রূরের জন্ম হয়। এতদ্ব্যতীত উপমদ্গু, মৃদর, (মদগু) বিশারি, মেজয়, গিরিক্ষত্র, উপক্ষত্র, শত্রুঘ্ন, বিমর্দ্দন, (অরিমর্দ্দন) ধর্ম্মধৃক্, দৃষ্টশর্ম্মা, গন্ধমোজ, অবাহ ও প্রতিবাহ নামে অনেকগুলি পুত্র জন্মিয়াছিল। ইঁহার একটী কন্যা হইয়াছিল, তাহার নাম সুতারা। অক্রূরের দুইটী পুত্র জন্মে, তাহাদের নাম দেববান্ ও উপদেব। চিত্রকের অনেকগুলি পুত্র হইয়াছিল। তাহাদের নাম পৃথু, বিপৃথু প্রভৃতি।[২]

(সাত্বততনয়) অন্ধকের চারিটী পুত্র উৎপন্ন হয়। তাহাদের নাম—কুকুর, ভজমান, শুচিকম্বল ও বর্হিষ।[৩] কুকুরের পুত্র ধৃষ্ট, (রিষ্ট বা বৃষ্টি) ধৃষ্টের পুত্র কপোতরোমা, কপোত-

* মৃদর ইত্যত্র মদ্গুরিতি, বিমর্দ্দন ইত্যত্র অরিমর্দ্দন ইতি, দৃষ্টশর্ম্ম ইত্যত্র ধৃষ্টশর্ম্ম ইতি নানান্তরং পুস্তকান্তরে লভ্যতে।

† রিষ্ট ইতি, বৃষ্টিরিতি চ ধৃষ্টস্য নামান্তরং পুস্তকান্তরে দৃশ্যতে।

দুন্দুভিঃ। ততশ্চাভিজিৎ, ততঃ পুনর্ব্বসুঃ, তস্যাপ্যাহুকঃ পুত্রঃ, আহুকী কন্যাভূৎ ॥ ৪ ॥

আহুকস্য দেবকোগ্রসেনৌ দ্বৌ পুত্রৌ। দেববানুপদেবশ্চ সুদেবো দেবরক্ষিতো দেবকস্যাপি চত্বারঃ পুত্রাঃ। তেষাঞ্চ বৃকদেবা উপদেবা দেবরক্ষিতা শ্রীদেবা শান্তিদেবা সহদেবা দেবকী চ সপ্ত ভগিন্যঃ। তাশ্চ সর্ব্বা এব বসুদেব উপযেমে। উগ্রসেনস্যাপি কংস-ন্যগ্রোধ-সুনাম-কঙ্ক-শঙ্কু-স্বভূমি-রাষ্ট্রপাল-যুদ্ধমুষ্টি-তুষ্টিমৎ-সংজ্ঞাঃ পুত্রাঃ; কংসা-কংসবতী-সুতনু-রাষ্ট্রপালী-কঙ্কী চোগ্রসেনতনুজাঃ ॥ ৫ ॥

তোমার পুত্র বিলোমা, বিলোমা হইতে তুম্বুরুর সখা ভব উৎপন্ন হইলেন। "চন্দনোদক দুন্দুভি" এই উপাধিদ্বারা ইনি বিখ্যাত ছিলেন। ভবের পুত্র অভিজিৎ, অভিজিতের পুত্র পুনর্বসু, পুনর্বসু হইতে আহুক নামে পুত্র ও আহুকী নামে কন্যা উৎপন্ন হইয়াছিল।[৪]

আহুকের দুইটী পুত্র হয়। তাহাদের নাম দেবক ও উগ্রসেন। দেবকের চারি পুত্র। তাহাদের নাম দেববান্, উপদেব, সুদেব ও দেবরক্ষিত। এতদ্ব্যতীত দেবকের সাতটী কন্যা হইয়াছিল। এই কন্যাদিগের নাম—বৃকদেবা, উপদেবা, দেবরক্ষিতা, শ্রীদেবা, শান্তিদেবা, সহদেবা ও দেবকী। বসুদেব এই সাত ভগিনীকেই বিবাহ করেন। উগ্রসেনের অনেকগুলি পুত্র হইয়াছিল। তাহাদের নাম—কংস, ন্যগ্রোধ, সুনাম, কঙ্ক, শঙ্কু, স্বভূমি, রাষ্ট্রপাল, যুদ্ধমুষ্টি ও তুষ্টিমান্। উগ্রসেনের কন্যাদিগের নাম কংসা, কংসবতী, সুতনু, রাষ্ট্রপালী ও কঙ্কী।[৫]

ভজমানাচ্চ বিদূরথঃ পুত্রোঽভবৎ। বিদূরথাৎ শূরঃ, শূরাৎ শমী, শমিনঃ প্রতিক্ষত্রঃ, তস্মাৎ স্বয়ম্ভোজঃ, ততশ্চ হৃদিকঃ ॥ ৬ ॥

ততশ্চ কৃতবর্ম্মা, তস্মাৎ শতধনুর্দেবমীঢ়ুষাদ্যা বভূবুঃ ॥৭

দেবমীঢ়ুষস্য শূরঃ, শূরস্যাপি মারিষা নাম পত্ন্যভবৎ ॥ ৮ ॥

তস্যাঞ্চাসৌ দশ পুত্রানজনয়ৎ বসুদেবপূর্ব্বান্। বসুদেবস্য জাতমাত্রস্যৈব এতদ্গৃহে ভগবদংশাবতারমব্যাহতদৃষ্ট্যা পশ্যদ্ভির্দ্দেবৈঃ দিব্যা আনকা দুন্দুভয়শ্চ বাদিতাঃ ॥ ৯ ॥

ততস্তদৈবানকদুন্দুভিসংজ্ঞামবাপ। তস্যাপি দেব ভাগ-দেবশ্রবোঽনাধৃষ্টি * করুন্ধক-বৎসবালক-সৃঞ্জয়-

ভজমানের পুত্র বিদূরথ, বিদূরথ হইতে শূর, শূর হইতে শমী, শমী হইতে প্রতিক্ষত্র, প্রতিক্ষত্র হইতে স্বয়ম্ভোজ, স্বয়ম্ভোজ হইতে হৃদিক,[৬] হৃদিক হইতে কৃতবর্ম্মা, কৃতবর্ম্মা হইতে শতধনু, দেবমীঢ়ুষ প্রভৃতি পুত্র উৎপন্ন হইল।[৭]

দেবমীঢ়ুষের পুত্রের নাম শূর। শূরের পত্নীর নাম মারিষা।[৮] দেবমীঢ়ুষ হইতে মারিষার গর্ভে দশটী পুত্র উৎপন্ন হইল। তাহাদের নাম বসুদেব প্রভৃতি। বসুদেব জন্ম পরিগ্রহ করিবামাত্র, দেবতারা দিব্য দৃষ্টিতে দেখিলেন যে, তাঁহার গৃহে ভগবান্ বিষ্ণু অংশ দ্বারা অবতীর্ণ হইবেন, সুতরাং তাঁহারা দিব্য আনক (পটহ) ও দুন্দুভি (ভেরী) বাজাইতে লাগিলেন।[৯] এই কারণে বসুদেব আনকদুন্দুভি নাম প্রাপ্ত হইয়াছেন।

বসুদেবের অপর নয় ভ্রাতার নাম দেবভাগ, দেবশ্রবাঃ, অনা-

* অনাধৃষ্টিবিত্যত্র ধৃষ্টক ইতি পৃথক্ পাঠঃ।

শ্যাম-শমীক-গণ্ডূষ-সংজ্ঞা নব ভ্রাতরো বভূবুঃ, পৃথা শ্রুতদেবা শ্রুতকীর্ত্তিঃ শ্রুতশ্রবা রাজাধিদেবী চ বসুদেবাদীনাং পঞ্চ ভগিন্যোঽভবন্। শূরস্য চ কুন্তিভোজনামা সখাভবৎ।* তস্মৈ চাপুত্রায় পৃথামাত্মজাং বিধিনা শূরোঽদদৎ। তাঞ্চ পাণ্ডুরুবাহ। তস্যাঞ্চ ধর্ম্মানিল-শক্রৈ-র্যুধিষ্ঠির-ভীমার্জ্জুনাখ্যাস্ত্রয়ঃ পুত্রাঃ সমুৎপাদিতাঃ। পূর্ব্বমনূঢ়ায়াশ্চ ভগবতা ভাস্বতা কর্ণাখ্যঃ কানীনঃ পুত্রোঽজন্যত ॥ ১০ ॥

তস্যাশ্চ সপত্নী মাদ্রী নামাভবৎ। তস্যাঞ্চ নাসত্যদস্রাভ্যাং নকুল-সহদেবৌ পাণ্ডোঃ পুত্রৌ জনিতৌ।

সৃষ্টি, করুন্ধক, বৎসবালক, সৃঞ্জয়, শ্যাম, শমীক, ও গণ্ডূষ। ইঁহাদের পাঁচটী ভগিনী ছিল। ঐ ভগিনীগণের নাম—পৃথা, শ্রুতদেবা, শ্রুতকীর্ত্তি, শ্রুতশ্রবা ও রাজাধিদেবী।

শূরের কুন্তিভোজ নামে এক সখা ছিলেন। কুন্তিভোজের পুত্র হয় নাই। শূর, এই অপুত্র কুন্তিভোজকে (দত্তক-) বিধানানুসারে পৃথানাম্নী কন্যা প্রদান করিলেন। পাণ্ডু এই পৃথাকে বিবাহ করেন।

ধর্ম্ম, বায়ু ও ইন্দ্র হইতে এই পৃথার গর্ভে যুধিষ্ঠির ভীম ও অর্জ্জুন নামক তিনটী কুমার উৎপন্ন হয়। ইহার পূর্ব্বে অনূঢ়াবস্থায় ভগবান্ দিবাকর হইতে কর্ণ নামে একটী কানীন পুত্র উৎপন্ন হইয়াছিল।১০ পৃথার সপত্নীর নাম মাদ্রী। অশ্বিনীকুমারযুগল, এই মাদ্রীর গর্ভে নকুল ও সহদেব নামে পাণ্ডুর অপর দুইটী পুত্র উৎপাদন করেন।

---

* শূরস্য চ কুন্তির্নাম সখা, ইতি পুস্তকান্তরস্য পাঠঃ।

শ্রুতদেবান্তু বৃদ্ধশর্ম্মা নাম কারূষ* উপযেমে। তস্যাং দন্তবক্রো নামা† মহাসুরো জজ্ঞে। শ্রুতকীর্ত্তিমপি কৈকেয়রাজ উপযেমে। তস্যাং সন্তর্দ্দনাদয়ঃ পঞ্চ কৈকেয়াঃ পুত্রা বভূবুঃ। রাজাধিদেব্যামাবন্ত্যৌ বিন্দানুবিন্দৌ জজ্ঞাতে ॥ ১০ ॥

শ্রুতশ্রবসমপি চেদিরাজো দমঘোষনামা উপযেমে। তস্যাং শিশুপালম্ উৎপাদয়ামাস। স হি পূর্ব্বমপ্যনাচারবিক্রমসম্পন্নো‡ দৈত্যাদি-পুরুষো হিরণ্যকশিপুরভূৎ ॥ ১১ ॥

যশ্চ ভগবতা সকললোকগুরুণা ঘাতিতঃ পুন-

বৃদ্ধশর্ম্মা নামক কারূষ (পৃথার ভগিনী) শ্রুতদেবাকে বিবাহ করেন। এই শ্রুতদেবার গর্ভে দন্তবক্র নামে মহাসুর জন্ম পরিগ্রহ করিয়াছিল। কৈকেয়রাজ শ্রুতকীর্ত্তির পাণিগ্রহণ করিয়াছিলেন। এই শ্রুতকীর্ত্তির গর্ভে সন্তর্দ্দন প্রভৃতি পঞ্চ কৈকেয় উৎপন্ন হইয়াছিল। রাজাধিদেবীর গর্ভে অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ জন্ম পরিগ্রহ করেন।

চেদিরাজ দমঘোষ, শ্রুতশ্রবাকে বিবাহ করিয়াছিলেন। এই দমঘোষ হইতে শ্রুতশ্রবার গর্ভে শিশুপালের জন্ম হয়। এই শিশুপাল পূর্ব্বজন্মে অনাচারী বিক্রমসম্পন্ন হিরণ্যকশিপু নামক দৈত্যাদিগের আদিপুরুষ ছিল।[১১] সকল, লোকগুরু ভগবান্ বিষ্ণু তাহার জীবন বিনাশ করিয়াছিলেন। এই হিরণ্যকশিপু

* কারূষঃ করূষদেশীয়ো রাজা। কারুষ ইতি বা পঠ্যতাম্।
† দন্তবক্ত্রো নাম ইতি পাঠান্তরম্। মহাভারতেঽপ্যেবং পাঠাশ্চৈবং দৃশ্যতে।
‡ স হি পূর্ব্বমুদারবিক্রমসম্পন্ন ইতি কেচিৎ পঠন্তি।

রূপাক্ষতবীর্য্যশৌর্য্যসম্পৎপরাক্রমগুণঃ সমাক্রান্তসকল-ত্রৈলোক্যেশ্বর প্রতাপো দশাননোঽভবৎ ॥ ১২ ॥

বহুকালোপভুক্ত--ভগবৎসকাশাদেবাপ্ত--শরীর-পাতোদ্ভব-পুণ্যফলোঽথ * ভগবতৈব রাঘবরূপিণা সোঽপি নিধনমুপনীতঃ চেদিরাজ-দমঘোষ-পুত্রঃ শিশুপালনামাভবৎ ॥ ১৩ ॥

শিশুপালত্বে চ ভগবতো ভূভারাবতারণায়াব-তীর্ণাংশস্য পুণ্ডরীকনয়নাখ্যস্য উপরি দ্বেষানুবন্ধমতি-তরাং চকার। ভগবতা চ নিধনমুপনীতঃ, তত্রৈব পর-মাত্মভূতে মনসস্তদেকাগ্রতয়া † তত্রৈব সাযুজ্য-মবাপ ॥১৪॥

পুনর্ব্বার রাবণ হইয়া জন্ম পরিগ্রহ করিল। তাহার শৌর্য্য বীর্য্য পরাক্রম প্রভৃতি সমুদায় সম্পত্তি অখণ্ডনীয় হইল। এই রাবণ, ত্রিলোকনাথ দেবরাজের সমুদায় প্রতাপ অধিকার করিল।[১২] পুনঃপুনঃ ভগবান্ হইতে তাহার শরীর পাত হওয়াতে তজ্জনিত পুণ্য-ফলে পুনর্ব্বার সেই রাবণ রামরূপী ভগবান্ কর্ত্তৃকই নিহত হইল। অনন্তর রাবণ পরজন্মে চেদিরাজ দমঘোষের পুত্ররূপে জন্ম পরিগ্রহ করিয়া শিশুপাল এই নাম ধারণ করিল।[১৩] এই শিশুপালও ভূভার হরণের নিমিত্ত অবতীর্ণ ভগবান্ পুণ্ডরী-কাক্ষের অংশ কৃষ্ণের প্রতি সাতিশয় বিদ্বেষভাব প্রকাশ করিতে লাগিল। ভগবান্‌ও তাহাকে বিনষ্ট করিলেন। সেই পরমাত্ম-স্বরূপ কৃষ্ণে তাহার মনের একাগ্রতা থাকাতে সে তাঁহাতে লীন ও

* ভুক্তভোগ-ভগবৎ-সকাশাবাপ্ত-শরীরপাতোদ্ভব-পুণ্যফলোপভোগান্তে ইতি [illegible] পাঠঃ।

† মনস একাগ্রতয়া ইতি বা পাঠঃ

ভগবান্ হি প্রসন্নো যথাভিলষিতং দদাতি, অপ্রসন্নোঽপি নিঘ্নন্ দিব্যমনুপমং স্থানং প্রযচ্ছতি ॥ ১৫ ॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে চতুর্থেঽংশে চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

মুক্ত হইল।[১৪] (ইহার কারণ এই যে) ভগবান্ যদি প্রসন্ন হন, তাহা হইলে অভিলষিত বস্তু প্রদান করিয়া থাকেন, যদি অপ্রসন্ন হইয়া বিনাশ করেন, তাহা হইলেও সেই বিদ্বেষীকে দিব্য অনুপম লোকে প্রেরণ করেন।[১৫]

বিষ্ণুপুরাণ, চতুর্থাংশ, চতুর্দ্দশ অধ্যায় সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

চতুর্থোঽংশঃ।

পঞ্চদশাধ্যায়ঃ।

মৈত্রেয় উবাচ।

হিরণ্যকশিপুত্বে চ রাবণত্বে চ বিষ্ণুনা।
অবাপ নিহতো ভোগান্ অপ্রাপ্যানমরৈরপি॥
ন লয়ং তত্র তেনৈব নিহতঃ স কথং পুনঃ।
সম্প্রাপ্তঃ শিশুপালত্বে সাযুজ্যং শাশ্বতে হরৌ॥
এতদিচ্ছাম্যহং শ্রোতুং সর্ব্বধর্ম্মভৃতাং বর।
কৌতূহলপরেণৈতৎ পৃষ্টো মে বক্তুমর্হসি॥ ১॥

মৈত্রেয় কহিলেন। হিরণ্যকশিপু ও রাবণ, বিষ্ণু কর্ত্তৃক নিহত হইয়া (পর জন্মে) বিবিধ ঐশ্বর্য্য ও বিবিধ ভোগ্য বস্তু লাভ করিয়াছিল। তাহারা বিষ্ণু কর্ত্তৃক নিহত হইয়াও কিজন্য তাঁহাতে লয় প্রাপ্ত হইল না? এবং তাহারা যখন শিশুপাল হইয়াছিল, তখন সেই শাশ্বত হরিতে লীন হইল, ইহার কারণ কি? ধার্ম্মিকশ্রেষ্ঠ! আমি এ বিষয় শ্রবণ করিতে বাসনা করি। আমি কৌতুহলাক্রান্ত হইয়া জিজ্ঞাসা করিতেছি; আপনি আমার নিকট বলুন।১

পরাশর উবাচ।

দৈত্যেশ্বরস্য তু বধায়াখিললোকোৎপত্তি-স্থিতি-বিনাশ-কারিণা পূর্ব্বতনুং গৃহ্নতা* নৃসিংহরূপমাবিষ্কৃতম্। তত্র হিরণ্যকশিপোর্ব্বিষ্ণুরয়মিত্যেবং ন মনস্যভূৎ॥২

নিরতিশয়-পুণ্যজাত-সম্ভূতমেতৎ সত্ত্বমিতি রজোদ্রেকপ্রেরিতৈকাগ্রমতিস্তস্তদ্ভাবনাযোগাৎ ততোঽবাপ্ত-বধহৈতুকীং নিরতিশয়ামেবাখিল-ত্রৈলোক্যাধিক্য-ধারিণীং দশাননত্বে ভোগসংপদমবাপ॥ ৩॥

নাতস্তস্মিন্ অনাদিনিধনে পরব্রহ্মভূতে ভগবত্যনালম্বনীকৃতে মনসস্তত্র লয়ম্†॥ ৪॥

পরাশর কহিলেন। নিখিল লোকের সৃষ্টি-স্থিতি-প্রলয়-কারী (ভগবান্ বিষ্ণু) যখন দৈত্যেশ্বর হিরণ্যকশিপুর বিনাশের নিমিত্ত অভূতপূর্ব্ব মূর্ত্তি অবলম্বন করেন, তখন তিনি নৃসিংহরূপ ধারণ করিয়াছিলেন। সেই নৃসিংহের প্রতি হিরণ্যকশিপুর এরূপ বোধ জন্মে নাই যে, ইনি বিষ্ণু।[২] সে মনে করিয়াছিল, এই অপূর্ব্ব প্রাণী, সাতিশয় পুণ্যপুঞ্জে সমুৎপন্ন হইয়াছে। তাহার অন্তঃকরণ রজোগুণ দ্বারা এইরূপ একাগ্র হওয়াতে সে সেই (পুণ্যপুঞ্জময়) নৃসিংহ মূর্ত্তি ভাবনা করিতে করিতে তাঁহা হইতে বিনাশ প্রাপ্ত হইল। হিরণ্যকশিপু, এই কারণেই (পর জন্মে) দশানন নামক রাক্ষসরূপে জন্ম পরিগ্রহ করিয়াও ত্রৈলোক্যের একাধিপত্য এবং নিরতিশয় ভোগসম্পত্তি লাভ করিল।[৩] মৃত্যুকালে তাহার অন্তঃকরণ, অনাদি অনন্ত ভগবান্ পরম ব্রহ্মকে

---

* পূর্ব্বতনুগ্রহণং কুর্ব্বতা ইতি বা পাঠান্তরম্।

† মনসস্তদা লয়ম্ ইতি বা পাঠঃ।

দশাননত্বেঽপ্যনঙ্গপরাধীনয়া জানকী-সমাসক্তচেতসো দাসরথিরূপধারিণঃ তদ্রূপদর্শনমেবাসীৎ, নায়মচ্যুত ইত্যাসক্তির্ব্বিপদ্যতোঽন্তঃকরণস্য* মানুষবুদ্ধিরেব কেবলমভূৎ ॥ ৫ ॥

পুনরচ্যুত-বিনিপাতমাত্রফলমখিল-ভূমণ্ডল--শ্লাঘ্য-চেদিরাজকুলজন্মাব্যাহতং চৈশ্বর্য্যং শিশুপালত্বে চ অবাপ ॥ ৬ ॥

তত্র ত্বখিলান্যেব ভগবন্নামকারণান্যভবন্। ততশ্চ তৎকারণকৃতানাং তেষামশেষাণামেবাচ্যুতনাম্নামনবর-

অবলম্বন বা চিন্তা করে নাই, এই কারণে তাঁহাতে সে লয় প্রাপ্ত হইতে পারে নাই।[৫]

হিরণ্যকশিপু যখন দশানন রূপে জন্ম পরিগ্রহ করিল, তখন তাহার হৃদয় জনকতনয়ার প্রতি আসক্ত ও অনঙ্গ-পরতন্ত্র ছিল। তখন রামরূপধারী ভগবান্‌কে দর্শন করিয়া তাহার অন্তঃকরণে কেবল মনুষ্যবুদ্ধিই জন্মিয়াছিল। যখন তাহার মৃত্যু হয়, তখন তাহার এরূপ দৃঢ় সংস্কার ছিল যে, ইনি অচ্যুত নহেন, ইনি মনুষ্য।[৫] যখন রাবণ ভগবান্ অচ্যুতের হস্তে বিনিহত হইল, তখন সে সেই একমাত্র অচ্যুত হস্তে মৃত্যু-জনিত পুণ্যবলে নিখিল ভূমণ্ডল মধ্যে শ্লাঘ্য চেদিরাজকুলে জন্ম ও অব্যাহত ঐশ্বর্য্য লাভ করিয়া শিশুপাল* নামে বিখ্যাত হইল।[৬] এই জন্মে ভগবানের নাম উচ্চারণ করিবার তাহার অনেকগুলি কারণ ঘটিয়াছিল। অনেক জন্মে কৃষ্ণের প্রতি বিদ্বেষ ভাব থাকাতে ঐ শিশুপাল সম্বর্দ্ধন কালে যখন ঐ ভগবানের নিন্দা করিতে লাগিল, তখন

* বিপদ্যতোঽপ্যন্তঃকরণস্য ইতি বা পাঠঃ।

তমনেকজন্ম-সংবর্দ্ধিত-বিদ্বেষানুবন্ধি-চিত্তো বিনিন্দন্ সন্তর্জ্জনাদিষু উচ্চারণমকরোৎ ॥ ৭ ॥

তচ্চ রূপমুৎফুল্ল-পদ্মদলামলাক্ষমত্যুজ্জ্বল-পীতবস্ত্রধার্য্যমলকিরীট-কেয়ূর-কটকোপশোভিতমুদারপীবর-চতুর্ব্বাহু শঙ্খ-চক্র-গদাসি-ধরম্ অতিপ্রৌঢ়-বৈরানুভাবাৎ* অটন-ভোজন-স্নানাসন-শয়নাদিষ্ববস্থান্তরেষু নৈবাপযযাবস্যাত্মচেতসঃ ॥ ৮ ॥

ততস্তমেবাক্রোশেষূচ্চারয়ন্ তমেব হৃদয়ে ধারয়ন্নাত্মবধায় ভগবদস্ত-চক্রাংশুমালোজ্জ্বলমক্ষয়তেজঃস্বরূপং পরমব্রহ্মস্বরূপমপগতরাগদ্বেষাদিদোষং† ভগবন্তমদ্রাক্ষীৎ ॥ ৯ ॥

অনবরত তত্তৎকারণে তাঁহার সমুদায় নাম উচ্চারণ করিয়াছিল।[৭] অতীব প্রগাঢ় বৈরানুবন্ধ হেতু গমন ভোজন স্নান উপবেশন শয়ন প্রভৃতি সমুদায় অবস্থাতেই অনন্যচিত্ত শিশুপালের চিত্ত হইতে সেই প্রফুল্ল অমল-কমলদল-সদৃশ-লোচনযুগল-সুশোভিত অত্যুজ্জ্বল পীতবসনধারী সুবিমল কিরীট-কেয়ূর-কটক প্রভৃতি ভূষণে বিভূষিত উদার পীবর বাহুচতুষ্টয় দ্বারা শঙ্খ চক্র গদা খড়্গধারী কৃষ্ণমূর্ত্তি ক্ষণমাত্রও অন্তর্হিত হয় নাই।[৮] শিশুপাল যখন আক্রোশ পূর্ব্বক পুনঃপুন কৃষ্ণ নাম উচ্চারণ করিতে লাগিল ও তজ্জন্য যখন কৃষ্ণমূর্ত্তি তাহার হৃদয়ে জাগরূক থাকিল, সেই সময় ভগবান্ কৃষ্ণ তাহার বিনাশের নিমিত্ত চক্র নিক্ষেপ করিলেন। পরে শিশুপাল, সেই চক্রের কিরণাবলী দ্বারা সমুজ্জ্বল অক্ষয় তেজঃস্বরূপ পরম-

* অতিপ্ররূঢ়-বৈরানুভাবাৎ ইত্যপি পাঠঃ।
† অপগতরাগদ্বেষাদিদোষ ইতি বহুষু পুস্তকেষু দৃশ্যতে।

তাবচ্চ ভগবচ্চক্রেণাশু ব্যাপাদিতঃ। তেন তৎ-স্মরণ-দগ্ধাখিলাঘসঞ্চয়ো ভগবতৈবান্তমুপনীতঃ তস্মিন্নেব লয়মুপযযৌ। এতৎ তবাখিলং ময়াভিহিতম্। ভগবানিহ কীর্ত্তিতঃ* সংস্মৃতশ্চ দ্বেষানুবন্ধেনাপ্যখিল-সুরাসুরাদি-দুর্লভং ফলং প্রযচ্ছতি, কিমুত সম্যক্ ভক্তি-মতাম্ ॥১০॥

বসুদেবস্যানকদুন্দুভেঃ পৌরবী-রোহিণী-মদিরা-ভদ্রা-দেবকী-প্রমুখা-বহ্ব্যঃ পত্ন্যোঽভবন্ ॥ ১১ ॥

ব্রহ্মস্বরূপ রাগদ্বেষাদি দোষ পরিশূন্য ভগবান্‌কে দেখিতে পাইল।[৯] এই সময়েই শিশুপাল ভগবানের চক্র দ্বারা দেহ পরিত্যাগ করিল। যে ক্ষণে ভগবান্ কৃষ্ণের স্মরণ দ্বারা তাহার সমুদায় পাপপুঞ্জ ক্ষয় হইল, সেই ক্ষণেই ভগবান্ তাহার মস্তক চ্ছেদন করেন। এই কারণেই শিশুপাল পরম ব্রহ্ম কৃষ্ণে লয়প্রাপ্ত হইয়াছে।

এই তোমার নিকট সমুদায় কহিলাম। যদি কোন ব্যক্তি বিদ্বেষ পূর্ব্বক ভগবান্ বিষ্ণুকে স্মরণ করে বা তাঁহার নাম কীর্ত্তন করে, তাহা হইলেও তিনি তাহাকে সমুদায় সুরাসুরের দুর্লভ মোক্ষরূপ ফল প্রদান করিয়া থাকেন। কোন ব্যক্তি উত্তম ভক্তি-যুক্ত হইয়া তাঁহার নাম কীর্ত্তন ও তাঁহাকে স্মরণ করিলে যে মুক্তি লাভ করে, এ কথা বলা বাহুল্য মাত্র।[১০]

আনকদুন্দুভি বসুদেবের অনেকগুলি পত্নী ছিলেন। তাঁহাদের নাম——পৌরবী অর্থাৎ পুরুবংশসম্ভূতা রোহিণী, মদিরা, ভদ্রা,

---

* অয়ং হি ভগবান কীর্ত্তিত ইতি বা পাঠাম্।

বলভদ্র-শারণ-শঠ-দুর্ম্মদাদীন্ পুত্রান্ রোহিণ্যামানকদুন্দুভিরুৎপাদয়ামাস। বলভদ্রোঽপি রেবত্যাং নিশঠোল্মুকৌ পুত্রাবজনয়ৎ। মার্ষ্টি-মার্ষ্টিমচ্ছিশি-শিশু-সত্যধৃতি-প্রমুখাঃ * শারণস্যাত্মজাঃ। ভদ্রাশ্ব-ভদ্রবাহু-দুর্দ্দম-ভূতাদ্যা রোহিণ্যাঃ কুলজাঃ ॥ ১২ ॥

নন্দোপনন্দকৃতকাদ্যা মদিরায়াস্তনয়াঃ। ভদ্রায়াশ্চোপনিধি-গদাদ্যাঃ। বৈশাল্যা চ কৌশিকমেকমজনয়দানকদুন্দভিঃ। দেবক্যামপি কীর্ত্তিমৎ-সুষেণোদাপি-ভদ্রসেন-ঋজুদাস-ভদ্রদেহাখ্যাঃ † ষট্ পুত্রা জজ্ঞিরে ॥ ১৩ ॥

দেবকী প্রভৃতি।[১১] আনকদুন্দুভি হইতে, রোহিণীর গর্ভে বলভদ্র, শারণ, শঠ, দুর্ম্মদ প্রভৃতি পুত্র উৎপন্ন হইল। বলভদ্র হইতে রেবতীর গর্ভে দুই পুত্র জন্ম পরিগ্রহ করিয়াছিল। তাহাদের নাম—নিশঠ ও উল্মুক। শারণের অনেকগুলি পুত্র হইয়াছিল; তাহাদের নাম—মার্ষ্টি, মার্ষ্টিমান্, শিশী, শিশু ও সত্যধৃতি। ভদ্রাশ্ব, ভদ্রবাহু, দুর্দ্দম (দুর্গম) ও ভূত প্রভৃতি ইঁহারা রোহিণীর বংশে উৎপন্ন।[১২] মদিরার পুত্রগণের নাম—নন্দ উপনন্দ কৃতক প্রভৃতি। ভদ্রার পুত্রগণের নাম—উপনিধি গদ প্রভৃতি। বসুদেবের বৈশাল্যা নাম্নী পত্নী, একটীমাত্র পুত্র প্রসব করিয়াছিলেন। আনকদুন্দুভি হইতে দেবকীর গর্ভে প্রথম ছয়টী

প্রভৃতি শব্দ থাকাতে পিণ্ডার ও কোষীনর, এই দুই জন লক্ষিত হইতেছেন। রোহিণীর বংশে উৎপন্ন অর্থাৎ রোহিণীর গর্ভজাত। হরিবংশে কথিত আছে, রোহিণীর দশটী পুত্র। তাঁহাদের নাম——বলভদ্র, শারণ, শঠ, দুর্ম্মদ, ভদ্রাশ্ব, ভদ্রবাহু, দুর্দ্দম, ভূত, পিণ্ডার ও কোষীনর।[১২]

* মার্ষ্টি ইত্যত্র মর্ষি ইতি, শিশি ইত্যত্র দিশি ইতি কৈশ্চিৎ পঠ্যতে

† ভদ্রদেহ ইত্যত্র ভদ্রদেব ইতি বা পঠ্যতাম্।

তাংশ্চ সর্ব্বানেব কংসো ঘাতিতবান্। অনন্তরঞ্চ সপ্তমং গর্ভমর্দ্ধরাত্রে ভগবৎপ্রহিতা যোগনিদ্রা রোহিণ্যা জঠরমপকৃষ্য নীতবতী ॥ ১৪ ॥

কর্ষণাচ্চাসাবপি সঙ্কর্ষণাখ্যামবাপ ॥ ১৫ ॥

ততঃ সকলজগন্মহাতরুমূলভূতো ভূতাতীত-ভবিষ্যাদি-সকলসুরাসুর-মুনি-মনুজ-মনসামপ্য-* গোচরোহব্জভবপ্রমুখৈরনলপ্রমুখৈশ্চ প্রণম্যাবনিভারাবতারণায় প্রসাদিতো ভগবাননাদিমধ্যো দেবকীগর্ভে সমবততার বাসুদেবঃ ॥ ১৬ ॥

পুত্র উৎপন্ন হইয়াছিল। তাহাদের নাম——কীর্ত্তিমান্, সুষেণ, উদাপি, ভদ্রসেন, ঋজুদাস ও ভদ্রদেহ।[১৩] কংস এই ছয়টী পুত্রকেই বিনাশ করিয়াছিল। অনন্তর একদা অর্দ্ধরাত্র সময়ে ভগবৎ-প্রেরিতা যোগনিদ্রা দেবকীর সপ্তম গর্ভ আকর্ষণ করিয়া রোহিণীর জঠরে স্থাপন করিলেন।[১৪] এই সঙ্কর্ষণ অর্থাৎ আকর্ষণ হেতু বলভদ্র সঙ্কর্ষণ নাম প্রাপ্ত হইয়াছেন।[১৫]

অনন্তর যিনি নিখিল ব্রহ্মাণ্ড রূপ মহাবৃক্ষের মূলস্বরূপ, দেব অসুর মুনি মনুষ্য প্রভৃতি অতীত বর্ত্তমান ভবিষ্য সমুদায় জীবগণেরও যিনি মনের অগোচর, যাঁহার আদি মধ্য অন্ত কিছুই বিনির্ণয় হয় না, সেই ভগবান্ বিষ্ণুর নিকট ব্রহ্মা অগ্নি প্রভৃতি দেবগণ উপস্থিত হইয়া প্রণিপাত পূর্ব্বক প্রসন্ন করিয়া ভূভার অবতারণের নিমিত্ত (প্রার্থনা করিলে) তিনি দেবকী গর্ভে অব-

কংস যখন দেবকীগর্ভসম্ভূত পুত্রগণকে বিনাশ করে, তখন তাহাদের নামকরণ হয় নাই, সুতরাং ইহারা পূর্ব্ব জন্মের নামেতেই বিখ্যাত। ১৩

*মুনিজনমনসাপি ইতি পাঠো ন প্রামাণিকঃ।

তৎপ্রসাদবিবর্দ্ধিতমানাভিমানা চ যোগনিদ্রা নন্দ-গোপপত্ন্যা যশোদায়া গর্ভমধিষ্ঠিতবতী ॥ ১৭ ॥

* সুপ্রসন্নাদিত্যচন্দ্রাদিগ্রহমব্যালাদিভয়ং স্বস্থ-মানসমখিলমেবৈতৎ জগদপাস্তাধর্ম্মমভবৎ তস্মিংশ্চ পুণ্ডরীকনয়নে জায়মানে ॥ ১৮ ॥

জাতেন চ তেনাখিলমেবৈতৎ সন্মার্গবর্ত্তি জগদ-ক্রিয়ত। ভগবতোঽপ্যত্র মর্ত্ত্যলোকেঽবতীর্ণস্য ষোড়শ-সহস্রাণ্যেকোত্তরশতাধিকানি স্ত্রীণামভবন্। তাসাঞ্চ রুক্মিণী-সত্যভামা-জাম্ববতী-জালহাসিনী-প্রমুখা অষ্টৌ পত্ন্যঃ প্রধানাঃ। তাসু চাষ্টাযুতানি লক্ষঞ্চ পুত্রাণাং ভগবানখিলমূর্ত্তিরনাদিমানজনয়ৎ ॥ ১৯ ॥

তীর্ণ হইলেন।[১৬] অনন্তর ভগবানের প্রসাদে যোগনিদ্রার সম্মান ও মহিমা বর্দ্ধিত হইলে ঐ যোগনিদ্রা নন্দগোপপত্নী যশোদার গর্ভে অধিষ্ঠান করিলেন।[১৭]

পরে ভগবান্ পুণ্ডরীকনয়ন, যখন জন্ম পরিগ্রহ করেন, তৎ-কালে চন্দ্র সূর্য্য প্রভৃতি সমুদায় গ্রহগণ সুপ্রসন্ন হইল, হিংস্র জন্তুর ভয় থাকিল না, সমুদায় জগতের অধর্ম্ম নিরাকৃত হইল; সকলেই সুস্থ-হৃদয় হইলেন।[১৮] অনন্তর ভগবান্ জন্ম পরিগ্রহ করিয়া সমুদায় লোককেই সন্মার্গবর্ত্তী করিয়াছিলেন। এই মর্ত্ত্য লোকে ভগবান্ অবতীর্ণ হইয়া ষোড়শ সহস্র এক শত একটী দার পরি-গ্রহ করেন। এই সকল পত্নীর মধ্যে রুক্মিণী, সত্যভামা, জাম্ব-বতী, জালহাসিনী প্রভৃতি আটটী রমণীই প্রধান। অখিলমূর্ত্তি

* সুপ্রসন্নেত্যস্য পূর্ব্বং তদারভ্য ইত্যধিকঃ পাঠঃ।

তেষাঞ্চ প্রদ্যুম্ন-চারুদেষ্ণ-* সাম্বাদয়স্ত্রয়োদশ প্রধানাঃ। প্রদ্যুম্নো হি রুক্মিণস্তনয়াং ককুদ্বতীং নামোপযেমে। তস্যামস্যানিরুদ্ধো জজ্ঞে। অনিরুদ্ধোঽপি রুক্মিণ এব পৌত্রীং সুভদ্রাং নামোপযেমে। তস্যামস্য বজ্রোঽভবৎ। বজ্রস্য প্রতিবাহুঃ, তস্যাপি সুচারুঃ। এবমনেকশতসাহস্রপুরুষসঙ্খ্যস্য † যদুকুলস্য পুরুষসংখ্যা বর্ষশতৈরপি জ্ঞাতুং ন শক্যতে। যতো হি শ্লোকাবত্র চরিতার্থৌ ॥ ২০ ॥

তিস্রঃ কোট্যঃ সহস্রাণামষ্টাশীতিশতানি চ।

ভগবান্ অনাদি কৃষ্ণ, এই সকল পত্নীতে এক লক্ষ অশীতি সহস্র পুত্র উৎপাদন করিয়াছিলেন।[১৯] এই সমস্ত পুত্রগণের মধ্যে প্রদ্যুম্ন, চারুদেষ্ণ, সাম্ব প্রভৃতি ত্রয়োদশ পুত্রই প্রধান।

প্রদ্যুম্ন, রাজা রুক্মীর কন্যা ককুদ্বতীকে বিবাহ করিলেন। পরে ঐ ককুদ্বতীর গর্ভে প্রদ্যুম্ন হইতে অনিরুদ্ধ জন্ম পরিগ্রহ করেন। অনিরুদ্ধও রুক্মীর পৌত্রী সুভদ্রাকে বিবাহ করিয়াছিলেন। অনিরুদ্ধ হইতে সুভদ্রার গর্ভে বজ্রনামক পুত্র উৎপন্ন হইল। বজ্রের পুত্র প্রতিবাহু, প্রতিবাহুর পুত্র সুচারু। যদুকুলে এইরূপ অনেক শত সহস্র পুত্র উৎপন্ন হইয়াছিল। ইঁহাদের সংখ্যা ও নাম শত বৎসরেও পরিজ্ঞাত হইতে পারা যায় না। এ স্থলে দুইটীমাত্র শ্লোক পাঠ করিলেই অভিপ্রায় সিদ্ধ হইবে।[২০] যথা—

যদুবংশীয় কুমারগণের অস্ত্রশিক্ষার নিমিত্ত যে সকল গৃহাচার্য্য

* চারুদেষ্ম ইতি পাঠান্তরম্।

† পুরুষসঙ্খ্যস্য ইতি প্রামাণিকঃ পাঠঃ

কুমারাণাং গৃহাচার্য্যাশ্চাপযোগ্যাসু যে রতাঃ(১)॥২১
সঙ্খ্যানং যাদবানাং কঃ করিষ্যতি মহাত্মনাম্।
যত্রাযুতানামযুতং লক্ষেণাস্তে শতাধিকম্(১)॥ ২২॥
দেবাসুরহতা যে তু দৈতেয়াঃ সুমহাবলাঃ।
তে চোৎপন্না মনুষ্যেষু জনোপদ্রবকারিণঃ॥ ২৩॥
তেষামুৎসাদনার্থায় ভুবি দেবো যদোঃ কুলে।
অবতীর্ণঃ কুলশতং যত্রৈকাভ্যধিকং দ্বিজ॥২৪॥
বিষ্ণুস্তেষাং প্রমাণে চ প্রভুত্বে চ ব্যবস্থিতঃ।
নিদেশস্থায়িনস্তস্য বভূবুঃ সর্ব্বযাদবাঃ॥ ২৫॥

গৃহে নিযুক্ত ছিলেন. তাঁহাদেরই সঙ্খ্যা তিন কোটি অষ্টাশীতি লক্ষ। ঈদৃশ স্থলে কোন্ ব্যক্তি মহাত্মা যদুবংশীয়দিগের সংখ্যা করিতে সমর্থ হইবে।[২১] এই বংশে এক পদ্ম দশ কোটি এক শত পুরুষই বর্ত্তমান ছিল। মহাবল পরাক্রান্ত যে সকল দৈত্য দেবাসুর সংগ্রামে বিনষ্ট হইয়াছিল, তাহারা মনুষ্য-লোকে উৎপন্ন হইয়া সকলের প্রতি অত্যাচার করিতে আরম্ভ করে।[২২] দেব বিষ্ণু ঐ মনুষ্যরূপী দৈত্যদিগকে উৎসন্ন করিবার নিমিত্ত পৃথিবীতে যদুকুলে অবতীর্ণ হইলেন। এই যদু-বংশ একাধিক শত অংশে বিভক্ত হইয়াছিল।[২৩] যদুবংশীয় সমুদায় ব্যক্তিই বিষ্ণুকে মান্য করিত এবং বিষ্ণুই ঐ বংশের সকলের প্রভু। যাদবগণ সকলেই কৃষ্ণের আজ্ঞানুবর্ত্তী হইয়া থাকিত।[২৪]

যে ব্যক্তি এই বৃষ্ণিবংশীয় বীরগণের উৎপত্তির বিবরণ সর্ব্বদা

* চাপযোগ্যাস্ত্র পারগা ইতি কচিৎ পাঠঃ।
† লক্ষণাস্তে সদাহুক ইতি কেচিৎ পঠন্তি।

প্রসূতিং বৃষ্ণিবীরাণাং যঃ শৃণোতি নরঃ সদা।
স সর্ব্বপাতকৈর্মুক্তো বিষ্ণুলোকং প্রপদ্যতে ॥২৬॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে চতুর্থেঽংশে
পঞ্চদশোঽধ্যায়ঃ।

শ্রবণ করিবেন, তিনি সমুদায় পাপ হইতে নির্মুক্ত হইয়া বিষ্ণুলোক প্রাপ্ত হইবেন।[২৫]

বিষ্ণুপুরাণ, চতুর্থ অংশ, পঞ্চদশ অধ্যায়
সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

চতুর্থোহংশঃ।

ষোড়শোহধ্যায়ঃ।

পরাশর উবাচ।

ইত্যেষ সমাসতস্তে কথিতঃ; তুর্ব্বসোর্ব্বংশমব-ধারয় ॥ ১ ॥

তুর্ব্বসোর্ব্বহ্নিরাত্মজঃ, বহ্নের্গোভানুঃ, ততশ্চ ত্রৈশাম্বঃ, তস্মাচ্চ করন্ধমঃ, তস্মাদপি মরুত্তঃ, * সোহ-নপত্যোহভবৎ। ততশ্চ পৌরবং দুষ্মন্তং পুত্রমকল্পয়ৎ।

পরাশর কহিলেন। এই তোমার নিকট সংক্ষেপে (যদুবংশ) কীর্ত্তন করিলাম। এক্ষণে তুর্ব্বস্থুর বংশ বর্ণন করিতেছি, শ্রবণ কর।[১]

তুর্ব্বস্থুর পুত্র বহ্নি, বহ্নির পুত্র গোভানু, গোভানুর পুত্র ত্রৈশাম্ব, (ত্রৈশানু) ত্রৈশাম্বের পুত্র করন্ধম, করন্ধমের পুত্র মরুত্ত। মরুত্তের সন্তান না হওয়াতে তিনি দুষ্মন্ত নামক পুরু-

* মরুত্ত নিঃসন্তান হওয়াতে দুষ্মন্তকে দত্তক পুত্র গ্রহণ করিয়াছিলেন। এই শ্লোক দ্বারা অনুমিত হইতেছে, যযাতি তুর্ব্বসুকে রাজ্যানর্হ স্বরূপ শাপ দিয়া এইরূপ শাপও দিয়াছিলেন যে, তোমার বংশ থাকিবে না। ২

এবং যযাতিশাপাৎ তদ্বংশঃ পৌরবং বংশমাশ্রিত-
বান্ ॥ ২ ॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে চতুর্থেঽংশে
ষোড়শোঽধ্যায়ঃ।

বংশীয় রাজকুমারকে পুত্র কল্পনা করিলেন। যযাতির শাপ হেতু তুর্ব্বসুর বংশ এইরূপে পুরুবংশ আশ্রয় করিয়াছে।[২]

বিষ্ণুপুরাণ, চতুর্থ অংশ, ষোড়শ অধ্যায়
সমাপ্ত।

বিষ্ণুপুরাণম্।

চতুর্থোঽংশঃ।

সপ্তদশোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

দ্রুহ্যোস্তু তনয়ো বভ্রুঃ ॥ ১ ॥

ততঃ সেতুঃ, সেতুপুত্র আরদ্বান্ নাম,* তদাত্মজো গান্ধারঃ, ততো ধর্ম্মঃ, ধর্ম্মাৎ ধৃতঃ, ধৃতাৎ দুর্গমঃ, ততঃ প্রচেতাঃ, প্রচেতসঃ পুত্রশতম্ অধর্ম্মবহুলানাং ম্লেচ্ছানামুদীচ্যাদীনামাধিপত্যমকরোৎ ॥ ২ ॥

ইতি শ্রীবিষ্ণুপুরাণে চতুর্থেঽংশে
সপ্তদশোঽধ্যায়ঃ।

পরাশর কহিলেন। দ্রুহ্যের পুত্র বভ্রু।[১] বভ্রুর পুত্র সেতু, সেতুর পুত্র আরদ্বান্ (আনদ্ধ বা আরব্ধান্) আরদ্বানের পুত্র গান্ধার, গান্ধারের পুত্র ধর্ম্ম, ধর্ম্ম হইতে ধৃত, ধৃত হইতে দুর্গম, দুর্গম হইতে প্রচেতাঃ উৎপন্ন হইলেন। প্রচেতার এক শত পুত্র হইয়াছিল। ইহারা সকলেই উদীচ্য প্রভৃতি দেশে অধর্ম্ম-নিরত ম্লেচ্ছ জাতির উপর রাজত্ব করিতে লাগিল।[২] *

বিষ্ণুপুরাণ, চতুর্থাংশ, সপ্তদশ অধ্যায় সমাপ্ত।

---

* আনদ্ধ ইতি আরব্ধান্ ইতিচ আরদ্বান্ ইত্যস্য নামান্তরং পুস্তকান্তরে লভ্যতে।

যযাতির শাপ অনুসারে প্রচেতার পুত্রেরা ম্লেচ্ছ দেশে রাজত্ব করিয়া ম্লেচ্ছ-সংসর্গে ম্লেচ্ছ হইয়াছিল।২

বিষ্ণুপুরাণম্।

চতুর্থোঽংশঃ।

অষ্টাদশোঽধ্যায়ঃ।

পরাশর উবাচ।

যযাতেশ্চতুর্থস্য পুত্রস্য অনোঃ সভানর-চাক্ষুষ-পরমেক্ষু-সংজ্ঞাস্ত্রয়ঃ পুত্রা বভূবুঃ*। সভানরপুত্রঃ কালানরঃ, কালানরাৎ সৃঞ্জয়ঃ, সৃঞ্জয়াৎ পুরঞ্জয়ঃ, তস্মাৎ জনমেজয়ঃ, ততো মহামণিঃ,† তস্মাৎ চ মহামনাঃ, তস্মাদপ্যুশীনর-তিতিক্ষূ দ্বৌ পুত্রৌ উৎপন্নৌ।

পরাশর কহিলেন। যযাতির চতুর্থ পুত্র অনুর তিনটী পুত্র হইয়াছিল। তাহাদের নাম——সভানর, চাক্ষুষ, (চক্ষু) ও পরমেক্ষু। সভানরের পুত্র কালানর, কালানর হইতে সৃঞ্জয়, সৃঞ্জয় হইতে পুরঞ্জয়, পুরঞ্জয় হইতে জনমেজয়, জনমেজয় হইতে মহামণি, (মেহশাল) মহামণি হইতে মহামনাঃ উৎপন্ন হইলেন। মহামনার দুইটী পুত্র জন্মিয়াছিল। তাহাদের নাম

---

* চাক্ষুষেত্যত্র চক্ষুরিতি পাঠান্তরম্।

† মহামণিবিত্যত্র মেহশাল ইতি বা পাঠঃ।

উশীনরস্যাপি শিবি-নৃগ-নর-কৃমি-খর্ব্বাখ্যাঃ* পঞ্চ পুত্রা বভূবুঃ। বৃষদর্ভ-সুবীর-কৈকেয়-মদ্রকাশ্চত্বারঃ শিবি-পুত্রাঃ† তিতিক্ষোরুষদ্রথঃ পুত্রোঽভূৎ। ততো হেমঃ, হেমাৎ সুতপাঃ, তস্মাদ্বলিঃ, যস্য ক্ষেত্রে দীর্ঘতমসা অঙ্গ-বঙ্গ-কলিঙ্গ-সুহ্ম-পুণ্ড্রাখ্যং বালেয়ং ক্ষত্রমজন্যত॥ ১॥

উশীনর ও তিতিক্ষু। উশীনর হইতে পাঁচটী পুত্র উৎপন্ন হয়। তাহাদের নাম—শিবি, নৃগ, নর, (বল) কৃমি ও খর্ব্ব (দারু বা দরু বা দার্ব্ব বা দর্ব্ব)। শিবির চারিটী পুত্র হইয়াছিল। তাহাদের নাম—বৃষদর্ভ, সুবীর, (শরীর) কৈকেয় ও মদ্রক।

তিতিক্ষুর একটী পুত্র উৎপন্ন হইল। তাহার নাম—উষদ্রথ (রুষদ্রথ)। উষদ্রথের পুত্র হেম, হেমের পুত্র সুতপাঃ, সুতপা হইতে বলি উৎপন্ন হইলেন। এই বলির ক্ষেত্রে দীর্ঘতমা, পাঁচটী ক্ষত্রিয়কুমার উৎপাদন করিলেন। এই ক্ষত্রিয়বালকেরা (বলির ক্ষেত্রে উৎপন্ন বলিয়া) সকলেই বালেয় নামে বিখ্যাত হইলেন।* ইঁহাদের নাম——অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, সুহ্ম ও পুণ্ড্র।[১]

---

* নরং ইত্যত্র বল ইতি, খর্ব্ব ইত্যত্র দারু, দরু, দার্ব্ব, দর্ব্ব ইতি চ পুস্তকান্তরেষু নামান্তরম্।

† সুবীর ইত্যত্র শরীর ইতি পাঠান্তরম্।

১। বলির ক্ষেত্রে অর্থাৎ তৎপত্নীর গর্ভে। ক্ষেত্র শব্দ প্রয়োগ করিবার তাৎপর্য্য এই যে, যদিও পরকীয় বীজে সন্তান হইল তথাপি ক্ষেত্র বলির অধিকৃত বলিয়া সন্তান বলিরই অধিকৃত হইল সুতরাং তাহারা বালেয় নামে বিখ্যাত হয়। পূর্ব্বকালে সন্তান না হইলে কোন বিশিষ্ট ব্রাহ্মণকে কিঞ্চিৎ ধন দিয়া তদ্দ্বারা সন্তান উৎপাদন করাইয়া লইবার রীতি প্রচলিত ছিল। অর্থ দান করাতে বীজ ক্রয় করা সিদ্ধ হইত।

তন্নামসন্ততিসংজ্ঞাশ্চ পঞ্চ বিষয়া বভূবুঃ ॥২॥

অঙ্গসুতঃ পারঃ,* ততো দিবিরথঃ,† তস্মাৎ ধর্ম্মরথঃ, ততঃ চিত্ররথঃ। রোমপাদসংজ্ঞো যস্য পুত্রো দশরথো জজ্ঞে। যস্মৈ অজপুত্রো দশরথঃ শান্তাং নাম কন্যামনপত্যায় দুহিতৃত্বে যুযোজ ॥৩॥

রোমপাদাচ্চ তুরঙ্গঃ, তস্মাচ্চ পৃথুলাক্ষঃ, ততশ্চম্পঃ। যশ্চম্পাং নিবেশয়ামাস ॥ ৪ ॥

অঙ্গের বংশীয়েরা অঙ্গ নামে, বঙ্গের বংশীয়েরা বঙ্গ নামে, কলিঙ্গের বংশীয়েরা কলিঙ্গ নামে, সুহ্মের বংশীয়েরা সুহ্ম নামে এবং পুণ্ড্রের বংশীয়েরা পুণ্ড্র নামে বিশ্রুত হইল। পরে ইঁহাদের নামানুসারে ইঁহাদের অধিকৃত পাঁচটী দেশ ঐ অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, সুহ্ম ও পুণ্ড্র নামে বিখ্যাত হইয়াছে।[২]

অঙ্গের পুত্র পার, (পালন) পার হইতে দিবিরথ, (দিব্যরথ) দিবিরথ হইতে ধর্ম্মরথ, ধর্ম্মরথ হইতে চিত্ররথ, চিত্ররথ হইতে রোমপাদ উৎপন্ন হইলেন। রোমপাদের আর একটী নাম দশরথ। দশরথের পুত্র উৎপন্ন হয় নাই। অজ রাজার তনয় দশরথ এই দশরথকে অপুত্র দেখিয়া শান্তা নাম্নী স্বীয় তনয়াকে তাঁহার পুত্রিকা করিয়া দিলেন।[৪]

---

* পার ইত্যত্র পালন ইতি বা পঠনীয়ম্।

† দিব্যরথ ইতি নামান্তরম্।

এইরূপে পাণ্ডু ধৃতরাষ্ট্র প্রভৃতির উৎপত্তি হইয়াছে। তৎকালের লোকে ইহা ধর্ম্ম বলিয়াই মান্য করিত। এমন কি নিঃসন্তান ব্যক্তি সন্তানার্থ ব্রাহ্মণকে নিযুক্ত না করিলে পাপস্পর্শ হইত। পরশুরাম যখন সমুদায় ক্ষত্রিয় সংহার করিয়াছিলেন, তখন ক্ষত্রিয়পত্নীরা ব্রাহ্মণ সংসর্গে সন্তান প্রসব করাতে পুনর্ব্বার ক্ষত্রিয়দিগের আবির্ভাব হইল।[৮]

